Barcode - 4990010204941
Title - Bengal Legislative Assembly Proceedings (1994) vol.105
Subject - SOCIAL SCIENCES
Author - N. A.
Language - bengali
Pages - 640
Publication Year - 1994
Creator - Fast DLI Downloader
https://github.com/cancerian0684/dli-downloader
Barcode EAN.UCC-13
4990010204941

Vol. 105

# Assembly Proceedings

OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

Hundred and Fifth Session

(September 1994)

(The 15th, 16th, 19th, 20th, 21st, 22nd, 23rd, & 24th September 1994)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in West Bengal Legislative Assembly

Price Rs. 123/-

Vol. 105

# Assembly Proceedings

OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

## Hundred and Fifth Session

(September 1994)

WEST BENGAL LEGISLATURE LIBRARY
Acc No. 8371
Dated 9.11.2000
Call No. 328 BL/V-105 (94)
Price/Page Rs. 123/-

(The 15th, 16th, 19th, 20th, 21st, 22nd, 23rd, & 24th, September 1994)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in West Bengal Legislative Assembly

# GOVERNMENT OF WEST BENGAL

## Governor
## PROF. SAIYID NURUL HASAN

## MEMBERS OF THE COUNCIL OF MINISTERS WITH THEIR PORTFOLIOS

1. **Shri Jyoti Basu,** Chief Minister and Minister-in-charge of Home Department (excluding Jails Branch and matters relating to Minority Affairs and Haj), Department of Hill Affairs, Department of Commerce and Industries and Civil Defence Branch of Home Department.

2. **Shri Benoy Krishna Chowdhury,** Minister-in-charge of Department of Land and Land Reforms and Department of Development and Planning (excluding Sundarban Affairs Branch and Jhargram Affairs Branch).

3. **Shri Buddhadeb Bhattacharjee,** Minister-in-charge of Department of Information and Cultural Affairs.

4. **Shri Kanti Biswas,** Minister-in-charge of Primary and Secondary Education Branches (Excluding an audio visual educations) and integrated education for disabled childred in the Department of education.

5. **Shri Shyamal Chakraborty,** Minister-in-charge of Transport Department.

6. **Dr. Asim Kumar Dasgupta,** Minister-in-charge of Finance Department and Department of Excise, Department of Urban Development

7. **Shri Prasanta Kumar Sur,** Minister-in-chage of Department of Health and Family Welfare and Department of Refugee Relief and Rehabilitation.

8. **Shri Santi Ghatak,** Minister-in-charge of Department of Labour

9. **Shri Prabir Sengupta,** Minister-in-charge of Department of Cottage and Small Scale Industries.

10. **Shri Subhas Chakraborti,** Minister-in-charge of Department of Sports and Youth Services and Department of Tourism

11. **Shri Mahboob Zahedi,** Minister-in-charge of Department of Animal Resources Development, matters relating to Wakf in the Judicial

Department, and matters relating to Minority Affairs and Haj in the Home Department.

12. **Dr. Suriya Kanta Mishra,** Minister-in-charge of Department of Panchayats and Department of Rural Development.

13. **Shri Goutam Deb,** Minister-in-charge of Department of Housing and Department of Public Health Enginerinhg. New Secretariat Buildings, K.S. Roy Road, Calcutta-700001.

14. **Dr. Sankar Kumar Sen,** Minister-in-charge of Department of Power and Non-Conventional Energy Sources and Department of Science and Technology New Secretariat Buildings, K.S. Roy Road, Calcutta-700001.

15. **Shri Achintya Kirshna Ray,** Minister-in-charge of Department of Environment and Department of Forests

16. **Shri Satya Sadhan Chakraborty,** Minister-in-charge of Department of Education [excluding Primary and Secondary Education Branches, Madrasah Education, Non-formal Education, Adult Education, Audio-Visual Education and Education of the Handicapped, Social Welfare Homes all matters relating to District Social Education Officers and Extension Officers (Social Education) Library Services and Book Fairs not relating to Higher Education.]

17. **Shri Patit Paban Pathak,** Minister-in-charge of Department of Industrial Reconstruction and Department of Public Undertakings (Encluding matters connected with West Bengal Agro Industries Corporation Limited). Assembly House, Calcutta-700001

18. **Shri Dinesh Chandra Dakua,** Minister-in-charge of Department of Scheduled Castes and Tribes Welfare

19. **Shri Abdul Quiyom Molla,** Minister-in-charge of Law Department and Judicial Department (excluding matters relating to Wakf.)

20. **Shri Abdur Razzak Molla,** Minister-in-charge of Sundarban Affairs Branch of Department of Development and Planning and Department of Food Processing Industries

21. **Shri Nihar Basu,** Minister-in-charge of Department of Agriculture (excluding Minor Irrigation Small Irrigation, and Command Area Development, and Agricultural Marketing Branch).

22. **Shri Kalimuddin Shams,** Minister-in-charge of Agricultural Marketing Branch of Department of Agriculture.

23. **Shri Saral Deb,** Minister-in-charge of Department of Co-operation.

24. **Smt. Chhaya Ghosh,** Minister-in-charge of Relief Branch of Department of Relief and Welfare.

25. **Shri Narendranath Dey,** Minister of State for Department of Food and Supplies (Excluding Food Processing Industries) Food Supplies Department. 11A, Mirza Galib Street, Calcutta-16.

26. **Shri Debabrata Bandopadhyay,** Minister-in-charge of Department of Irrigation & Waterways.

27. **Shri Matish Ray,** Minister-in-charge of Public Works Department.

28. **Shri Biswanath Choudhury,** Minister-in-charge of Social Welfare Branch of Department of Relief and Welfare and Jails Branch of Home Department.

29 **Dr. Omar Ali,** Minister-in-charge, Minor Irrigation, Small Irrigation and Command Area Development in the Department of Agriculture and matters connected with West Bengal Agro Industries Corporation Limited in the Department of Public Undertakings.

30. **Shri Kiranmay Nanda,** Minister-in-charge of Department of Fisheries.

31. **Shri Probodh Chandra Sinha,** Minister-in-charge of Department of Parliamentary Affairs. Assembly House, Calcutta-700001.

**Ministers of State**

32. **Shri Banamali Roy,** Minister-in-charge of State for Department of Environment and Department of Forests under Minister-in-charge of Department of Environment and Department of Forests.

33. **Smt. Chhaya Bera,** Minister of State for Family Welfare Branch of Department of Health and Family Welfare.

34. **Shri Maheswar Murmu,** Minister of State in Charge Jhargram Affairs Branch of Department of Development and Planning, Assembly House, Calcutta-700001

35. **Shri Bidyut Ganguly,** Minister-of-State for Department of Commerce and Industries under the Chief Minister and Minister-in-

charge of Department of Commerce and Industries.

36. **Shri Ashoke Bhattacharyya,** Minister-of-State incharge of Department of Municipal Affairs and Department of Hill Affairs.

37. **Shri Subodh Chaudhuri,** Minister-of-State for Department of Transport Development.

38. **Shri Anisur Rahaman,** Minister-of-State for Primary and Secondary Education Branch of Department of Education including Madrasah Education.

39. **Shri Bansa Gopal Choudhury,** Minister-of-State in Charge of Department of Technical Education and Training.

40. **Shri Khagendranath Sinha,** Minister-of-State for Department of Housing and Department of Public Health Engineering. New Secretariat Buildings, K.S. Roy Road, Calcutta-700001

41. **Shri Tapan Ray,** Minister-of-State in charge of Library Services in the Department of Mass Education Extension

42. **Shri Upen Kisku,** Minister-of-State for Department of Cottage and Small Scale Industries.

43. **Smt. Anju Kar,** Minister-of-State in charge of Adult Education, Non-formal Education, Audio Visual Education, Social Welfare Homes, Education of the Handicapped (excluding Integrated Education for Disabled Children and Library Services) and Social Education not connected with Higher Education in the Department of Mass Education Extension and all matters relating District Social Education Officers and Extension Officers (Social Education) in the Department of Education.

44. **Shri Ganesh Chandra Mondal,** Minister-of-State for Department of Irrigation & Waterways under the Minister-in-Charge of Department of Irrigation and Waterways. Assembly House, Calcutta-700001.

45. **Shri Madan Bauri,** Minister-of-State for Home (Civil Defence) Department.

46. **Shri Dawa Lama,** Minister-in-charge for Department of Animal Resources Development.

47. **Smt. Bilasi Bala Sahis,** Minister-in-charge of State for Scheduled Casts and Tribes Welfare Department.

WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY
PRINCIPAL OFFICERS & OFFICIALS

**Speaker : Shri Hashim Abdul Halim**

**Deputy Speaker : Shri Anil Mukherjee**

**SECRETARIAT**

Secretary : Shri S. R. Chattopadhyay.

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

1. Abul Haque, Shri (54-Jangipur—Murshidabad)
2. Abdul Mannan, Shri (181-Champdani—Hooghly)
3. Abdul Quiyom Molla, Shri (119 - Diamond Harbour - South 24 - Parganas)
4. Abdur Razzak Molla, Shri (106 - Canning East - South 24 Parganas)
5. Abdus Salam Munshi, Shri (72-Kaliganj—Nadia)
6. Abedin, Dr. Zainal, (34-Itahar—North Dinajpur)
7. Abu Ayes Mondal, Shri (278-Monteswar—Burdwan)
8. Abu Hena, Shri (55-Lalgola—Murshidabad)
9. Abul Basar, Shri (115-Maheshtala—South 24-Parganas)
10. Abul Hasnat Khan, Shri (50-Farakka—Murshidabad)
11. Acharya, Shri Prabhat (46-English Bazar—Malda)
12. Acherjee, Shri Manik Lal (257-Kulti—Burdwan)
13. Adak, Kashi Nath (111-Bishnupur West—South 24-Parganas)
14. Adak, Shri Nitai Charan (174-Kalyanpur—Howrah)
15. Adhikary, Shri Nityananda (17-Maynaguri (SC)—Jalpaiguri)
16. Adhikary, Shri Paresh Chandra (1-Mekliganj (SC)—Cooch Behar)
17. Adhikary, Dr. Tarun (129-Naihati—North 24-Parganas)
18. Anisur Rahaman, Shri (60-Domkal—Murshidabad)
19. Bagdi, Shri Bijoy [287-Rajnagar (SC)—Birbhum]
20. Bagdi, Shri Lakhan [263-Ukhra (S.C.)—Burdwan]
21. Bagdi, Shri Natabar [241-Raghunathpur (SC)—Purulia]
22. Bal, Shri Sakti (206-Nandigram—Midnapore)
23. Bandyopadhyay, Shri Debabrata (67-Barwan—Murshidabad)
24. Bandyopadhyay, Shri Sudip (145-Bowbazar—Calcutta)
25. Banerjee, Shri Ambica (163-Howrah Central—Howrah)
26. Banerjee, Shri Prabir (86-Gaighata—North 24-Parganas)
27. Baora, Shri Samar (281-Mangalkot—Burdwan)
28. Bapuli, Shri Satya Ranjan (123-Mathurapur—South 24-Parganas)
29. Barman, Shri Debendra Nath, (9-Tufanganj (SC)—Cooch Behar)
30. Barman, Shri Jogesh Chandra (13-Falakata (SC)—Jalpaiguri)
31. Basu, Shri Bimal Kanti (4-Cooch Behar North—Cooch Behar)
32. Basu, Dr. Hoimi (149-Rashbehari Avenue—Calcutta)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

33. Basu, Shri Jyoti (117 - Satgachia - South 24-Parganas)
34. Basu, Shri Subhas (81-Ranaghat West—Nadia)
35. Bauri, Shri Angad [249-Gangajalghati (SC)—Bankura]
36. Bauri, Shri Haradhan [256-Sonamukhi (SC)—Bankura]
37. Bauri, Shri Madan [247-Indpur (SC)—Bankura]
38. Bera, Shri Bishnu (192-Pursurah—Hooghly)
39. Bera, Shrimati Chhaya (199-Nandanpur—Midnapore)
40. Bhakat, Shri Buddhadev (231-Jhargram—Midnapore)
41. Bhattacharjee, Shri Buddhadeb (108-Jadavpur—South 24-Parganas)
42. Bhattacharya, Shri Asok (25-Siliguri—Darjeeling)
43. Bhattarai, Shri Tulsi (24-Karseang—Darjeeling)
44. Bhowmik, Shri Manik (203-Moyna—Midnapore)
45. Bhunia, Dr. Manas Ranjan (216-Sabong—Midnapore)
46. Biswas, Shri Binoy Krishna [80-Ranaghat East (S.C.)—Nadia]
47. Biswas, Shri Chittaranjan (69-Karimpur—Nadia)
48. Biswas, Shri Kaliprasad (184-Haripal—Hooghly)
49. Biswas, Shri Kanti (98-Sandeshkhali (S.C.) 24-Parganas)
50. Biswas, Shri Kamalakshmi [84-Bagdaha (SC)—North 24-Parganas]
51. Biswas, Shri Sushil [74-Krishnaganj (SC)—Nadia]
52. Bose, Shri Nihar (131-Jagatdal - North 24-Parganas)
53. Bose, Shri Shyama Prasad [271-Burdwan (South)—Burdwan]
54. Chakraborti, Shrimati Kumkum (112-Behala East—South 24-Parganas)
55. Chakraborti, Shri Subhas (139-Belgachia East—Calcutta)
56. Chakrabortty, Shri Umapati (196-Chandrakona—Midnapore)
57. Chakraborty, Shri Deb Narayan (189-Pandua—Hooghly)
58. Chakraborty, Shri Satyasadhan (82-Chakdaha—Nadia)
59. Chakraborty, Shri Shyamal (159-Manicktola—Calcutta)
60. Chakraborty, Shrimati Tania (135-Panihati—North 24-Parganas)
61. Chanda, Dr Dipak (140-Cossipur—Calcutta)
62. Chatterjee, Shri Anil (146-Chowringhee—Calcutta)
63. Chatterjee, Shri Anjan (280-Katwa—Burdwan)
64. Chatterjee, Shri Dhirendranath (273-Raina—Burdwan)
65. Chatterjee, Shrimati Sandhya (182-Chandernagore—Hooghly)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

66. Chatterjee, Shri Santasri (179-Uttarpara—Hooghly)
67. Chatterjee, Shrimati Santi (185-Tarakeswar—Hooghly)
68. Chatterjee, Shri Tarun (265-Durgapur-II—Burdwan)
69. Chattopadhyay, Shrimati Nirupama (173-Bagnan—Howrah)
70. Chattopadhyay, Shri Sobhandeb (104-Baruipur—South 24-Parganas)
71. Chowdhury, Shri Subodh (47-Manickchak—Malda)
72. Choudhury, Shri Bansa Gopal (261-Ramganj—Burdwan)
73. Chowdhury, Shri Biswanath (38 - Balurghat - South Dinajpur)
74. Chowdhury Md. Abdul Karim, Shri (28-Islampur—North Dinajpur)
75. Chowdhury, Shri Benoy Krishna (270 - Burdwan North - Burdwan)
76. Chowdhury, Shri Bikash (262 - Jamuria - Burdwan)
77. Chowdhury, Shri Jyoti (180 - Serampur - Hooghly)
78. Chowdhury, Shri Sibendra Narayan (8 - Natabari - Cooch Behar)
79. Chowdhury, Shri Subhendu [45 - Malda (S C) - Malda]
80. Dakua, Shri Dinesh Chandra [3 -Mathabhanga (S.C) - Cooch Behar]
81. Dal, Shrimati Nanda Rani [219-Keshpur (SC)—Midnapore]
82. Dalui, Shri Sibaprasad [272-Khandaghosh (S.C)—Burdwan]
83. Das, Shri Ananda Gopal [283-Nanoor (S.C.)—Birbhum]
84. Das, Shri Atul Chandra (230-Gopiballavpur—Midnapore)
85. Das, Shri Benode (194-Arambagh—Hooghly)
86. Das, Shri Bidyut Kumar (183-Singur—Hooghly)
87. Das, Shri Debesh [154-Taltola (SC)—Calcutta]
88. Das, Jagadish Chandra (128 - Bijpur - North 24 Parganas)
89. Das, Shri Nirmal (12-Alipurduar - Jalpaiguri)
90. Das, Shri Paresh Nath [54-Sagardighi (S.C.)—Murshidabad]
91. Das Shri Sailaja Kumar (211-Contai South—Midnapore)
92. Das, Shri Sanjib Kumar (172-Shyampur—Howrah)
93. Das, Shri Soumindra Chandra (5-Cooch Behar West—Cooch Behar)
94. Das, Shri S. R (258-Barabani—Burdwan)
95. Das, Shri Sukumar (204-Mahishadal—Midnapore)
96. Das, Shri Trilochan [292-Hansan(SC)—Birbhum]
97. Dasgupta, Shrimati Arati (118-Falta—South 24-Parganas)
98. Dasgupta, Dr. Asim Kumar (134-Khardah—North 24-Parganas)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

99. Das Mohapatra, Shri Kamakhyanandan (215-Pataspur—Midnapore)
100. De, Shri Partha (251-Bankura—Bankura)
101. Deb, Shri Gautam (96-Hasnabad—North 24-Parganas)
102. Deb, Shri Rabin (152 - Ballygunge - Calcutta)
103. Deb, Shri Saral (90-Barasat—North 24-Parganas)
104. Dey, Shri Ajoy (78-Santipur—Nadia)
105. Dey, Shri Lakshmi Kanta (157-Vidyasagar—Calcutta)
106. Dey, Shri Narendra Nath (186-Chinsurah—Hooghly)
107. Debsarma, Shri Ramani Kanta [32-Kaliaganj (SC)—North Dinajpur]
108. Dhar, Shri Padmanidhi (166-Domjur—Howrah)
109. Duley, Shri Krishnaprasad [221-Garhbeta West (SC)—Midnapore]
110. Dutta, Dr Gouri Pada (254-Kotulpur—Bankura)
111. Fazle Azim Molla, Shri (114-Garden Reach—South 24-Parganas)
112. Ganguli, Shri Santi Ranjan (141-Shyampukur—Calcutta)
113. Ganguly, Shri Bidyut (130-Bhatpara—North 24-Parganas)
114. Gayen, Shri Nripen [99-Hingalganj (SC)—North 24-Parganas]
115. Ghatak, Shri Santi (136-Kamarhati—North 24-Parganas)
116. Ghosh, Shri Biren (277-Nadanghat—Burdwan)
117. Ghosh, Shrimati Chhaya (58-Murshidabad—Murshidabad)
118. Ghosh, Shri Kamakhya (223-Midnapore—Midnapore)
119. Ghosh, Shri Malin Kumar (178-Chanditala—Hooghly)
120. Ghosh, Shrimati Minati (35-Gangarampur—South Dinajpur)
121. Ghosh, Shri Rabindra (171-Uluberia South—Howrah)
122. Ghosh, Shri Sunil Kumar (76-Krishnagar West—Nadia)
123. Ghosh, Shri Susanta (220-Garhbeta East—Midnapore)
124. Goala, Shri Rajdeo (160-Belgachia West—Calcutta)
125. Goswami, Shri Kshiti (151-Dhakuria—Calcutta)
126. Goswami, Shri Subhas (248-Chhatna-Bankura)
127. Guha, Shri Kamal Kanti (7-Dinhata—Cooch Behar)
128. Gyan Singh Sohanpal, Shri (224-Kharagpur Town—Midnapore)
129. Haji, Sajjad Hussain, Shri (30-Karandighi—North Dinajpur)
130. Hajra, Shri Sachindra Nath [193-Khanakul (SC)—Hooghly)
131. Haldar, Shri Krishnadhan [124-Kulpi (SC)—South 24-Parganas)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

132. Halder, Shri Krishna Chandra [266-Kanksa (SC)—Burdwan)
133. Hansda, Shri Naren [232-Binpur (ST)—Midnapore)
134. Hart, Shrimati Gillian Rosemary (295-Nominated)
135. Hashim Abdul Halim, Shri (89-Amdanga—North 24-Parganas)
136. Hazra, Shri Haran [169-Sankrail (SC)—Howrah)
137. Hazra, Shri Samar [274-Jamialpur (SC)—Burdwan)
138. Hazra, Shri Sundar (222-Salboni—Midnapore)
139. Hembram, Shrimati Arati [246-Ranibandh (ST)—Bankura)
140. Hore, Shri Tapan (284-Bolpur—Birbhum)
141. Id. Mohammed, Shri (68-Bharatpur—Murshidabad)
142. Idrish Mondal, Shri (269-Galsi—Burdwan)
143. Jamadar, Shri Badal (107-Bhangar—South 24-Parganas)
144. Jana, Shri Hari Pada (217-Pingla—Midnapore)
145. Jana, Shri Manindra Nath (177-Jangipara—Hooghly)
146. Joardar, Shri Dinesh (49-Kaliachak—Malda)
147. Kalimuddin Shams, Shri (147-Kabitirtha—Calcutta)
148. Kar, Shrimati Anju (276-Kalna—Burdwan)
149. Kar, Shri Nani (88-Ashokenagar—North 24-Parganas)
150. Khabir Uddin Ahmed, Shri Shaikh (71-Nakashipara—Nadia)
151. Khaitan, Shri Rajesh (144-Bara Bazar—Calcutta)
152. Kisku, Shri Lakhi Ram [233-Banduan (ST)—Purulia
153. Kisku, Shri Upen [245-Raipur (ST)—Bankura)
154. Koley, Shri Barindra Nath (175-Amta—Howrah)
155. Konar, Shrimati Maharani (275-Memari—Burdwan)
156. Kujur, Shri Sushil (14-Madarihat (ST)—Jalpaiguri)
157. Lahiri, Shri Jatu (165-Shibpur—Howrah)
158. Lama, Shri Dawa (23 - Darjeeling—Darjeeling)
159. Let, Shri Dhiren [290-Mayureswar (SC)—Birbhum)
160. M. Ansaruddin, Shri (167-Jagatballavpur—Howrah)
161. Mahamuddin, Shri (27-Chopra—North Dinajpur)
162. Mahammad Ramjan Ali, Shri (29-Goalpokhar—North Dinajpur)
163. Mahata, Shri Bindeswar (238-Joypur—Purulia)
164. Mahata, Shri Kamala Kanta (234-Manbazar—Purulia)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

165. Mahata, Shri Satya Ranjan (237-Jhalda—Purulia)
166. Mahboob Zahedi, Shri (268-Bhatar—Burdwan)
167. Maitra, Shri Birendra Kumar (42-Harischandrapur—Malda)
168. Maity, Shri Hrishikesh (126-Kakdwip—South 24-Parganas)
169. Maity, Shri Mukul Bikash (210-Contai North—Midnapore)
170. Majhi, Shri Bhandu [235-Balarampur (ST)—Purulia
171. Majhi, Shri Nandadulal [255-Indas (SC)—Bankura)
172. Majhi, Shri Raicharan [282-Ketugram (SC)—Burdwan)
173. Majhi, Shri Surendranath [242-Kashipur (ST)—Purulia)
174. Majhi, Shri Pannalal (176-Udaynarayanpur—Howrah)
175. Malakar, Shri Nani Gopal (83-Haringhata—Nadia)
176. Malick, Shri Shiba Prasad [195-Goghat (SC)—Hooghly
177. Malik, Shri Sreedhar [267-Ausgram (SC)—Burdwan)
178 Mamtaz Begum, Shrimati (43-Ratua—Malda)
179. Mandal, Shri Manik Chandra (285-Labhpur—Birbhum)
180. Mandal, Shri Prabhanjan (127-Sagar—South 24-Parganas)
181. Mandal, Shri Rabindra Nath [91-Rajarhat (SC)—North 24-Parganas]
182. Manna, Shri Janmenjay (125-Patharpratima—South 24-Parganas)
183. Mazumdar, Shri Dilip (264-Durgapur I—Burdwan)
184. Md. Nezamuddin, Shri (153-Entally—Calcutta)
185. Md. Yakub, Shri (92-Deganga—North 24-Parganas)
186 Mehta, Shri Nishi Kanta (236-Arsha—Purulia)
187. Minj, Shri Prakash [26-Phansidewa (ST)—Darjeeling
188. Mir Quasem Mondal, Shri (73-Chapra—Nadia)
189. Mishra, Dr. Surjya Kanta (227-Narayangarh—Midnapore)
190. Mistry, Shri Bimal [105-Canning West (SC)—South 24-Parganas)
191. Mitra, Shri Biswanath (77-Nabadwip—Nadia)
192. Mitra, Shrimati Jayasri (250-Barjora—Bankura)
193. Mitra, Shrimati Sabitri (44-Araidanga—Malda)
194. Mitra, Shri Somendra Nath (156-Sealdah—Calcutta)
195. Muktan, Shri Nima Tshering (22-Kalimpong—Darjeeling)
196. Mondal, Shri Bhadreswar [109-Sonarpur (SC)—South 24-Parganas]
197. Mondal, Shri Bhakti Bhusan (286-Dubrajpur—Birbhum)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

198. Mondal, Shri Biswanath [66-Khargram (SC)—Murshidabad]
199. Mondal, Shri Ganesh Chandra [100-Gosaba (SC)—South 24-Parganas]
200. Mondal, Shri Kshiti Ranjan [97-Haroa (SC)—North 24-Parganas]
201. Mondal, Shri Raj Kumar [170-Uluberia North (SC)—Howrah]
202. Mondal, Shri Sailen (168-Panchla—Howrah)
203. Mondal, Shri Sasanka Sekhar (291-Rampurhat—Birbhum)
204. Mostafa Bin Quasem, Shri (93-Swarupnagar—North 24-Parganas)
205. Motahar Hossain, Dr. (294-Murarai—Birbhum)
206. Mozammel Haque, Shri (62-Hariharpara—Murshidabad)
207. Mudi, Shri Anil (202-Tamluk—Midnapore)
208. Mukherjee, Shri Anil (252-Onda—Bankura)
209. Mukherjee, Shri Dipak (116-Budge Budge—South 24-Parganas)
210. Mukherjee, Shrimati Mamata (239-Purulia—Purulia)
211. Mukherjee, Shri Manabendra (155-Beliaghata—Calcutta)
212. Mukherjee, Shri Narayan (95-Basirhat—North 24-Parganas)
213. Mukherjee, Shri Nirmal (113-Behala West—South 24-Parganas)
214. Mukherjee, Shri Sibdas (75-Krishnagar East—Nadia)
215. Mukherjee, Shri Subrata (142-Jorabagan—Calcutta)
216. Mumtaz Hassan, Shri (259-Hirapur—Burdwan)
217. Munda, shri Chaitan [16-Nagrakata (ST)—Jalpaiguri]
218. Murmu, Shri Debnath [40-Gazole (ST)—Malda]
219. Murmu, Shri Maheswar [226-Keshiary (ST)—Midnapore]
220. Murmu, Shri Sarkar [39-Habibpur (ST)—Malda]
221. Nanda, Shri Brahmamoy [207-Narghat—Midnapore]
222. Nanda, Shri Kiranmoy (214-Mugberia—Midnapore)
223. Nasiruddin Khan, Shri (61-Noada—Murshidabad)
224. Naskar, Shri Subhas [101-Basanti (SC)—South 24-Parganas]
225. Naskar, Shri Sundar [110-Bishnupur East (SC)—South 24-Parganas]
226. Nath, Shri Madan Mohan (132-Noapara—North 24-Parganas)
227. Nath, Shri Manoranjan (279-Purbasthali—Burdwan)
228. Nazmul Haque, Shri (225-Kharagpur Rural—Midnapore)
229. Nazmul Hoque, Shri (41-Kharba—Malda)
230. Neogy, Shri Brajo Gopal (190-Polba—Hooghly)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

231. Nurul Islam Chowdhury, Shri (64-Beldanga—Murshidabad)
232. Omar, Ali, Dr. (200-Panskura West—Midnapore)
233. Oraon, Shri Jagannath [18-Mal (ST)—Jalpaiguri]
234. Paik, Shri Sunirmal [209-Khajuri (SC)—Midnapore]
235. Pakhira, Shri Ratanchandra [197-Ghatal (SC)—Midnapore]
236. Pande, Shri Sadhan (158-Burtola—Calcutta)
237. Pathak, Shri Patit Paban (161-Bally—Howrah)
238. Patra, Shri Amiya (244-Taldangra—Bankura)
239. Patra, Shri Ranjit (228-Dantan—Midnapore)
240. Paul, Smt Maya Rani (63-Berhampur-Murshidabad)
241. Phodikar, Shri Prabhas Chandra (198-Daspur—Midnapore)
242. Poddar, Shri Deoki Nandan (143-Jorasanko—Calcutta)
243. Pradhan, Shri Prasanta (208-Bhagwanpur—Midnapore)
244. Pramanik, Shri Abinash [188-Balagarh (SC)—Hooghly]
245. Pramanik, Shri Sudhir [2-Sitalkuchi (SC)—Cooch Behar]
246. Purkait, Shri Prabodh [102-Kultali (SC)— South 24-Parganas]
247. Putatunda (Devi), Shrimati Anuradha (120-Magrahat West—South 24 Parganas)
248. Quazi Abdul Gaffar, Shri (94-Baduria - North 24-Parganas)
249. Raha, Shri Sudhan (19-Kranti—Jalpaiguri)
250. Ray, Shri Achintya Krishna (253-Vishnupur Bankura)
251. Ray, Shri Jatindranath [21-Rajganj (SC) Jalpaiguri]
252. Ray, Shri Manish (137-Baranagar-North 24 Parganas)
253. Roy, Shri Sattick Kumar (293-Nalhati—Birbhum)
254. Ray, Shri Subhash (122-Mandirbazar (SC)—South 24 Parganas)
255. Ray, Shri Tapan (288-Suri—Birbhum)
256. Roy, Shri Banamali (15-Dhupguri (SC)—Jalpaiguri)
257. Roy, Shri Dwijendra Nath (37-Kumarganj—South Dinajpur)
258. Roy, Shri Mrinal Kanti (212-Ramnagar—Midnapore)
259. Roy, Shri Narmada Chandra (33-Kushmandi (SC) -South Dinajpur)
260. Roy, Shri Saugata (148-Alipore—Calcutta)
261. Roychowdhury, Shri Goutam (260-Asansol—Burdwan)
262. Rubi Noor, Shrimati (48-Sujapur—Malda)

**Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd***

263. Saha, Shri Kripa Sindhu (191-Dhaniakhali (SC)—Hooghly)
264. Sahis, Shrimati Bilasi (240-Para (SC)—Purulia)
265. Sanyal, Shri Kamalendu (70-Palashipara—Nadia
266. Sarkar, Shri Deba Prasad (103-Joynagar—South 24-Parganas)
267. Sarkar, Shri Nayan (79-Hanskhali (SC)—Nadia)
268. Sarkar, Shri Sisir (201-Panskura East—Midnapore)
269. Sarkar, Shri Sisir Kumar (57-Nabagram—Murshidabad)
270. Sen, Dr. Anupam (20-Jalpaiguri—Jalpaiguri)
271. Sen, Shri Dhiren (289-Mahammad Bazar—Birbhum)
272. Sen, Dr. Sankar Kumar (138-Dum Dum—North 24-Parganas)
273. Sengupta, Shri Dipak (6-Sitai—Cooch Behar)
274. Sen Gupta (Bose), Shrimati Kamal (87-Habra—North 24-Parganas)
275. Sen Gupta, Shri Prabir (187-Bansberia—Hooghly)
276. Seth, Shri Bhpendranath (85-Bongaon—North 24-Parganas)
277. Seth, Shri Lakshman Chandra (205-Sutahata (SC)—Midnapore)
278. Shaw, Dr. Pravin Kumar (133-Titagarh—North 24-Parganas)
279. Shish Mohammad, Shri (52-Suti—Murshidabad)
280. Sinha, Shri Atish Chandra (65-Kandi—Murshidabad)
281. Sinha, Shri Khagendra Nath (31-Raiganj (SC)—North Dinajpur)
282. Sinha, Dr. Nirmal (121-Magrahat East (SC)—South 24-Parganas)
283. Sinha, Shri Prabodh Chandra (213-Egra—Midnapore)
284. Singh, Shri Lagan Deo (162-Howrah North—Howrah)
285. Sk. Jahangir Karim, Shri (218-Debra—Midnapore)
286. Soren, Shri Khara (36-Tapan (ST)—South Dinajpur)
287. Soren, Shri Subhas Chandra (229-Nayagram (ST)—Midnapore)
288. Sur, Shri Prasanta Kumar (150-Tollygunge—Calcutta)
289. Syed Nawab Jani Meerza, Shri (56-Bhagabangola—Murshidabad)
290. Talukdar, Shri Pralay (164-Howrah South—Howrah)
291. Tirkey, Shri Manohar (11-Kalchini (ST)—Jalpaiguri)
292. Toppo, Shri Salib (10-Kumargram (ST)—Jalpaiguri)
293. Touab Ali, Shri (51-Aurangabad—Murshidabad)
294. Unus Sarkar, Shri (59-Jalangi—Murshidabad)
295. Vacant (243 - Hura - Purulia)

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Thursday, the 15th September, 1994 at 11.00 a.m.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 19 Ministers, 13 Ministers of State and 198 Members.

[11-00 — 11-10 a.m.]

### OBITUARY REFERENCE

**Mr. Speaker :** Hon'ble Members, I rise to perform a melancholy duty to refer to the sad demise of some Ex-Members of this Legislature and other renowned personalities, who passed away after the last Session of the Assembly.

**Smt. Abha Maity**, former State and Central Minister and a freedom fighter, passed away following a heart attack on the 3rd July, 1994 at Kuala Lumpur in Malayasia. She was 69.

She was born on 23rd April, 1925 at Kalagachia village of Midnapore district. Her father Shri Nikunjabehari Maity, an eminent freedom fighter, was a Minister in the Government, formed by Dr. P.C. Ghosh in West Bengal immediately after the independence of the country. Smt. Maity was a brilliant student and she did her graduation from the Bethun College., Calcutta. She joined the active politics while she was studying M.A. and LL.B. in the Calcutta University and participated in the Quit India Movement. She had been the Secretary of the Women's Sub-Committee of West Bengal Pradesh Congress Committee from 1948 to 1958. She had been a member of the West Bengal Pradesh Congress Committee for a fairly long time. She held the position of General Secretary of the Congress party during the period from 1960 to 1962. She was also a member of the Congress Working Committee from 1960 to 1962. She was first elected a member of the West Bengal Legislative Assembly in 1952 and again successively in 1962, 1967 and 1969. She had also been the Minister for Refugee Relief and Social Welfare and Home (Elections and Constitution) from 1962 to 1969. She had a stint as a member of Rajya Sabha from 1960 to 1962. In 1977 she joined the Janata Dal and was inducted in the coalition government at the centre headed by Shri Morarji Deshai as a Minister of State for Industry. She had been the editor of the periodical styled 'Satyagraha' as well as the President of the International Feder-

ation of Business and Professional Women in India. She died as a spinster

At her death the country has lost a progressive women with patriotic zeal and mass following.

**Shri Jagadish Chandra Sinha**, a former member of the West Bengal Legislative Assembly and a veteran leader of the Congress(I) breathed his last on the 2nd July, 1994. He was 74.

Born at Belgachia, Calcutta he was educated at Shambazar A.V. School and Presidency College (Calcutta). He took part in Civil Disobedience Movement while a school student in 1930 and later in 1944 he joined Indian National Congress. He was a member of the Executive Committee of the Murshidabad district Congress and a member of the West Bengal Pradesh Congress Committee from 1963 to 1967. In 1977 he left his party and joined the newly formed Janata Party He however, came back to his parent party in 1980. He was closely associated with a good number of social and Political organisations as well as some Academic Institutions.

He was elected to the West Bengal Legislative Assembly from Kandi Constitutency in Murshidabad as a Congress(I) candidate in 1962 and again in 1969 as an Independent Candidate

His death has created a void in the Sphere of Social and Political activities.

**Shri Haraprasad Chatterjee**, Ex-Member of the West Bengal Legislative Assembly, breathed his last on the 26th July, 1994. He was 73.

He was born in Khulna district of the undivided Bengal. Having graduated from the Daulatpur College of Khulna, he came to Calcutta and passed the L.L.B. examination. He joined the legal profession and set up a good practice in no time. He became a member of the Communist Party of India in 1943. After the partition of Bengal he was entrusted with the responsibility to keep secret contact with the banned Communist Party of East Pakistan during 1949-50. He was elected a Councillor of the Calcutta Corporation in 1965 and 1969. He was also the leader of the United Front Councillors in the Calcutta Corporation in 1969. Shri Chatterjee was elected a Member of the West Bengal Legislative Assembly from the Jorabagan Assembly Constituency in 1967 as a C.P.I.(M) candidate. Since seventies, he had been the secretary of the People's Relief Committee and continued to be so till his death. He had been the President of the Posta Sramik Sangha and established himself as a potential leader of the workers of that area. He was one

of founder members of the West Bengal Democratic Lawyers' Association and took keen interest in its affairs all along and had been its acting Vice-President at the time of death. He was associated with many social welfare organisations of the State.

At his death the State has lost a pioneer of the Communist movement in the State and an ardent social worker.

**Mr. Surendranath,** Governor of Punjab and Himachal Pradesh was killed along with nine members of his family in an air-crush near Rowanda village in Nandi district of Himachal Pradesh on the 9th July, 1994. He was 68.

Born in 1926, Shri Surendra joined the Indian Police Service in 1950. Jammu and Kashmir Pradesh was under his administrative control during the Indo-Pak war in 1965 and 1971. He was awarded the 'Sword of Honour' for his proficiency in various positions he held during his service career. He was the Governor of Punjab and Chandigarh in 1991. He was also made the Governor of Himachal Pradesh since 1993.

At his demise the country has lost a gallant administrator with courage and determination.

**North Korean President Kim Il Sung** who ruled this Communist State ever since it came into existence in 1948 died of a heart attack on 8th July, 1994. He was 82.

Born in April, 1912 in a village near Piong Yeong in a peasant family, he was educated at Hua Tien and Kirin During his stay at Kirin he came in contact with the different groups of Korean Communists functioning there. He derived inspiration from them to study Marxism and Leninism. He eventually got associated with the Revolutionary Movement against Japanese Imperialism. He organised the Communist Youth League at Kirin.. In 1929. He was imprisoned for taking the leading role in a strike In 1931, during Japanese aggression in Manchuria, guerillas under Kim's command confronted the enemy and contained them. Since 1936 he embarked on the task of organising the labour, peasant, students, intellectuals and the trading community against the Japanese Imperialistic Force. In 1937, Korean National Liberation Union was formed under his leadership at Kapsan. In August, 1945, following Japanese defect in the Second World War Kim lost no time to consolidate the Communist forces in Korea and formed the Korean Communist Party. When the Democratic People's Republic of Korea was established in 1948 Kim became its Prime Minister. In 1972 Korea

adopted the new Constitution whereupon he was made the President of the country. During 1950-53 Korea made a history by taking a gallant stand under his leadership against the American Aggressors. During the closing years of his life his sole concern was the reunification of the two estranged segments of Korea. But for the undue imperialistic interference, his dream could have turned a reality during his life-time. Till his death he remained the unrivalled and most reverred leader of the Nation.

At his demise the Communist World has lost a very potential and dynamic leader.

**Shri Tushar Kanti Ghosh,** the editor of the Jugantar and the Amrita Bazar Patrika and doyen of Journalism breathed his last on the 29th August, 1994 at a Nursing Home in Calcutta after prolonged illness. He was 96.

Born on the 21st September, 1898 at Bagbazar in Calcutta he was educated at Calcutta in Hindu School, Bangabasi College and Vidyasagar College. He stepped into the world of journalism when he was only twenty-two years old and later in 1928 he took over as the editor of Amrita Bazar Patrika and carried the mantle till his death On the foundation laid by his father he built up the Patrika group Comprising the Amrita Bazar, the Jugantar and the weekly Amrita, apart from the daily Northern India Patrika published from Kanpur and the Hindi daily, Amrit Prabha. He was the editor of all those publications During the British regime, as the editor of the Amrita Bazar, he all along took a gallant stand lending unequivocal support to the freedom struggle of the country despite the threat held out by the colonial Authority. He held many prominent positions in his professional sphere like Chairman of the Indian and Eastern Newspaper Society. Indian Newspaper Editors' Society, the Aud't Bureau of Circulation, P.T.I., U.N.I. etc. He was associated with the International Press Institute as Vice-Chairman and Executive Committee member. The National award 'Padma Bhusan' was conferred on him in recognition of his valorous contributions to different spheres of national life.

As a person Shri Ghosh was modest and amiable. He was innately a Bengalee in attire, speech and temperament. He was a true patron of Bengali literature and used to find pleasure in reading juvenile literature. He was an author too. His works 'Bichitra Kahini' and 'Aro Bichitra Kahini' are remarkable for his easy lively style. His easy intimacy at once with the highest dignitaries like the Viceroys of India and national leaders of the stature of Gandhi, Nehru and Sardar Patel

on the one hand and the common people, on the other, added an extra distinction to his personality. He was also a good singer.

A devoted Baisnab as he was, his progressive attitude was never blurred by sectarian outlook At his demise, the country has lost not only a collosal personality of the world of journalism but also living link between the past and the present.

**Shri Nishith Ranjan Roy**, a distinguished historian, author as well as educationist breathed his last at his residence in Calcutta on the 7th September, 1994 following a heart attack. He was 83.

Born on 1st January, 1911 at Iswarganj of Mymensingh district in undivided Bengal, now in Bangladesh, Shri Roy completed his school education there. He was subsequently educated at Calcutta in Scottish Church College, Vidyasagar College and St. Pauls College. He won silver medal in the M.A. examination from Calcutta University with history. He started his career as a Professor of Anandamohan College of Mymensingh in 1935. Afterwards he taught history at St. Pauls College and Calcutta University. Since 1964 he had been the Secretary of the Calcutta Historical Society. During the period from 1971 to 1981 he was the curator and Secretary of the Victoria Memorial Hall. In 1978 he became the Director of the Institute of Historical Studies and held that post till death.

Shri Roy dedicated his whole life to the research on History and a remarkable part of his published works relate to the origin and development of the city of Calcutta Some of his notable treatises are 'City of Job Charnock', Calcutta - A Profile of a City' 'Calcutta - Its Street Sides Story', 'Kalkata - Iteehasher Upadan', 'Prasanga Kolkata' and 'The Bengal Nawabs'. As a recognition of his distincitve contributions to the research on history, he was conferred 'Rabindra Puraskar' in 1988 and 'Motilal Ghosh Sahitya Puraskar' in 1989. Besides, he received 'Padmasree' in 1992. He was the Secretary of the Calcutta University's History of Bengal Publication Committee and was the Joint Editor of the 'Aithihasik' and Vice-Chairman and Chief Advisor of the Calcutta Tercentenary Committee.

[11-10 — 11-20 a.m.]

He was the founder of the 'Society for Preservation' and endeavoured untiringly to mobilise public opinion to ensure preservation of Buildings, Documents etc. of historical importance.

The country has lost a great scholar and an eminent historian at the demise of Shri Roy.

**Shri Sukumar Mitra**, a veteran Communist Leader, freedom fighter and eminent Journalist breathed his last at a Nursing Home in Calcutta on the 15th August, 1994. He was 84.

Shri Mitra was born at Jessore, now in Bangladesh, in 1910. He was one of the founder members of the Communist Party in Jessore. He was the news editor of 'Swadhinata', the print media of the undivided Communist Party for a pretty long time. Later, worked for many other dailies like Ananda Bazar, Jugantar, Basumati at different times. He was also associated with the Soviet Desh and got the 'Soviet Land' award in 1983.

The State lost a veteran Political Organiser as well as a renowned Journalist at the demise of Shri Mitra.

Now, I would request the Hon'ble Members to rise in their seats for two minutes as a mark of respect to the deceased.

(At this stage the Hon'ble Members rose in their seats for two minutes as a mark of respect to the deceaseds)

(After two minutes)

Thank you ladies and gentlemen.

Secretary will send the message of condolence to the members of bereaved families of the deceaseds.

## Adjournment

The House was then adjourned at 11.12 a.m. till 11 a.m. on Friday, 16th September, 1994, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Friday, the 16th September 1994 at 11.00 a.m.

**P R E S E N T**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 15 Ministers, 6 Ministers of State and 165 Members.

[11-00 — 11-35 a.m.(including adjournment)]

**মিঃ স্পিকার ঃ** স্টারড কোয়েশ্চেন নং ১- শ্রী আব্দুল মান্নান বলুন।

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, অনুমোদিত প্রশ্ন নং ২২।

**মিঃ স্পিকার ঃ** মতীশবাবু উত্তর দিন।

(এই সময়ে দেখা যায় মতীশ রায় অনুপস্থিত)

...কংগ্রেস আই দলের একাধিক সদস্য একযোগে উঠে দাঁড়িয়ে বলতে থাকেন মন্ত্রী নেই, মন্ত্রীকে ডাকুন। এটা কি হচ্ছে। .....তুমুল হট্টগোল শুরু হয়।

**মিঃ স্পিকার ঃ** আপনারা বসুন। প্রবোধবাবু, মন্ত্রীর অনুপস্থিত সম্পর্কে আপনাকে কি কিছু বলেছেন?

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** স্যার, আমার কাছে কোনও খবর নেই।

**মিঃ স্পিকার ঃ** তাহলে আমি আধ ঘন্টা হাউস অ্যাডজর্নড করছি। আবার আমরা মিলিত হব আধ ঘন্টা পরে।

(The House was Adjourned till 11-35 a.m.)

(After recess)

[11-35 — 11-45 a.m.]

### PRESENTATION OF REPORT

### 68th Report of the Business Advisory Committee

**Mr. Speaker :** I now present the 68th Report of the Business Advisory Committee, as follows :-

16.9.94 - (i) Laying of Ordinance, Rules, Reports etc.

(ii) The West Bengal Building (Regulation of Promotion of Construction and Transfer by Promotions) (Amendment) Bill, 1994 (Introduction, Consideration and Passing) ... 2 hours

(iii) Government Resolution on Anti-Tobacco Consumption ...2 hours.

I now request the Parliamentary Affairs Minister to move the motion for acceptance of the House.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to move that the 68th Report of the Business Advisory Committee, as presented, in the House, be agreed to.

The motion was then put and agreed to.

**শ্রী মতীশ রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যখন আজকে হাউসের থেকে বের হন সেই সময়ে আপনার দরজার সামনে আপনার সঙ্গে আমার সাক্ষাৎ হয়েছে। যাইহোক, অনিবার্য কারণ বশতঃ এক থেকে দেড় মিনিট আমার লেট হয়েছে। আমি সেজন্য দুঃখিত। আমার বন্ধুরা যে প্রশ্ন আমার জন্য রেখেছেন, আমি তার সবগুলির উত্তর দেব। আমি জানিনা আমাদের বন্ধু মান্নান সাহেব কেন এত উত্তেজিত হলেন। আমি এখানে বলছি, আমাদের বিরোধী দলের বন্ধুদের যে উৎকণ্ঠা ছিল, সেই উৎকণ্ঠা বোধ হয় আমার জবাব পাবার পরে আর থাকবেনা। কারণ ইন্দিরা গান্ধীর মূর্তি নিয়ে যে সংশয় আমাদের বিরোধী দলের ছিল সেটা আজকে চূড়াণ্ড পর্যায়ে তৈরি করার জন্য আমরা প্রস্তুতি নিয়েছি।

**মিঃ স্পিকার :** এটা আমি বারে বারে মন্ত্রী সভাকে স্মরণ করিয়ে দিতে চাই, অতীতে করেছি এবং আবার করছি অল পার্টি মিটিং যখন হয় সেখানে পারলামেন্টারি মিনিস্টার ছিলেন, চিফ হুইপ ছিলেন, সেখানে আমি বলেছি এটা একসারসাইজ করতে যে মন্ত্রীদের উপস্থিতিটা ঠিক সময় মতো গ্যারেনটেড করতে হবে। আজকে মন্ত্রীর অনুপস্থিতিতে গোড়ায় গলদ হয়ে গেল। অনুপস্থিতিটা যে কোনও কারণেই হোক না কেন, সে কারণ জাসটিফায়েড হতে পারে, নানা কারণ থাকতে পারে, সেই ব্যাপারে আমি যাচ্ছি না। আমি স্মরণ করিয়ে দিতে চাই, যে দিন যে মন্ত্রীর কোয়েশ্চেন থাকবে, সেইদিন মন্ত্রী অন্তত আধ ঘন্টা আগে এখানে চলে আসতে পারেন। কারণ এখানে আসার কোনও অসুবিধা নেই, এখানে তাদের চেম্বার আছে। এখানে এসে কোয়েশ্চেন রিভিউ করতে পারেন, নানা ব্যাপার থাকে সেইগুলি করতে পারেন। অর্থাৎ এখানে ঠিক সময়ে অ্যাটেনডেন্সটা গ্যারেনটেড করতে হবে। ঠিক সময়ে এখানে আসবেন না, এটা ঠিক নয়। এই হাউসকে সম্মান দিতে হবে, ডিগনিটি দিতে হবে।

## Starred Questions
## (to which oral answers were given)

### কলকাতা শহরে প্রয়াতা প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর মূর্তি প্রতিষ্ঠা

*১। (অনুমোদিত প্রশ্ন নং *২২) **শ্রী আব্দুস সালাম মুন্সী ও শ্রী আব্দুল মান্নান :** বিধানসভার ১৩.৪.৯৪ তারিখের প্রশ্ন নং ২৮১ (অনুমোদিত প্রশ্ন নং ১১৫৮)-এর উত্তরের পরিপ্রেক্ষিতে পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

. কলকাতা শহরে প্রয়াতা প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর মর্মর মূর্তিটি বসানোর কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে?

**শ্রী মতীশ রায় :** মুর্তিটি নির্মাণের চূড়ান্ত পর্যায়ের কাজ চলছে।

**শ্রী আব্দুল মান্নান :** স্যার প্রথমে আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। স্যার, আপনি যদি এই ব্যাপারে ব্যবস্থা না নিতেন তাহলে আজকে এই অধিবেশনের প্রথম দিনে এইরকম একটা গুরুত্বপূর্ণ প্রশ্নের উত্তর আমরা পেতাম না। এরজন্য আপনার কাছে আমি কৃতজ্ঞ এবং আমার দলও কৃতজ্ঞ। আপনি সঠিক ব্যবস্থা নিয়েছেন যার ফলে আমরা এই উত্তরটা পেতে পারছি। এর আগে এই মন্ত্রীর সম্বন্ধে অনেক ঘটনা ঘটেছে। আমি এবার যেটা বলতে চাই সেটা হল মন্ত্রী মহাশয় প্রথমে এসে আমার উপর এসপারশান করে বললেন, মান্নান কেন উত্তেজিত হলেন আমি জানি না। স্যার, এই ব্যাপারে শুধু আমি উত্তেজিত হয়েছি তা নয়, হাউসের প্রতিটি সদস্য উত্তেজিত হয়েছেন। যারজন্য আপনি ব্যবস্থা নিতে বাধ্য হয়েছেন। আমি আশা করেছিলাম মন্ত্রী মহাশয় প্রথমে এসে ক্ষমা প্রার্থনা করবেন। তা না করে উনি প্রথমে এসে উদ্ধত্তের সঙ্গে আমার সম্পর্কে এই কথা বললেন। উনি যদি এই কথাটা প্রত্যাহার না করেন তাহলে আমরা আজকে ওনার প্রশ্ন বয়কট করতে বাধ্য থাকব, ওনার কোনও প্রশ্নের উপর আমরা প্রশ্ন করবো না। স্যার, আমি যদি উত্তেজিত হয়ে থাকি তাহলে আমি ক্ষমা চেয়ে নেব। কিন্তু ওনাকে এই ব্যাপারে ক্ষমা চাইতে হবে। স্যার, যে প্রশ্ন আপনার দপ্তর অ্যাডমিট করেছে, আপনি অ্যাডমিট করেছেন সেই প্রশ্নে উত্তর দিতে মন্ত্রী মহাশয় বাধ্য। উনি যদি এই প্রশ্নের উত্তর না দেন তাহলে সেটা ওনার অপরাধ, আমাদের উত্তেজিত হওয়াটা অপরাধ হয়। উনি প্রথমেই এসে বললেন যে, মান্নান কেন এত উত্তেজিত হলেন বুঝতে পারছি না। ক্ষমা চাওয়ার জায়গায় উনি এসে ঔদ্ধত্তের সঙ্গে এই কথা বললেন আগে আমি এই ব্যাপারে আপনার প্রোটেকশন চাইছি। আপনি মন্ত্রী মহাশয়ের কথাটা এক্সপাঞ্জ করুন।

**মিঃ স্পিকার :** মন্ত্রী মহাশয় আগেই ক্ষমা চেয়েছেন। উনি বলেছেন সামান্য দেরি হলেও আমি দুঃখিত। সুতরাং এই ব্যাপারে আর বাড়িয়ে কোনও লাভ নেই।

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় মন্ত্রী মহাশয় আমাদের প্রশ্নে উত্তরে বলেছেন যে চূড়ান্ত পর্যায়ে আছে। এটা কি ধরনের উত্তর হল আমি বুঝতে পারছি না। আপনার অধিকার আছে যেরকম খুশি উত্তর দিতে পারেন। স্পেসিফিক্যালি বলুন চূড়ান্ত পর্যায়টা কি, কোন অবস্থায় আছে। আর বলুন কে এই মুর্তিটা করছে রমেশ পাল না অন্য কেউ কোথায় এটা বসানো হবে।

**শ্রী মতীশ রায় :** মাননীয় সদস্যকে জানাচ্ছি চূড়ান্ত পর্যায়ের অর্থ হচ্ছে মুর্তিটি ব্রোঞ্জের ঢালায়ের কাজ শুরু হয়েছে। ঢালায়ের কাজ যে মুহূর্তে শেষ হবে সেটা বসানোর উদ্যোগ নেওয়া হবে। এই হাউস থেকে ঘোষণা করা হয়েছিল সরকারের তরফ থেকে যে ইন্দিরা গান্ধীর মূর্তি আগে যেটা রেড রোড ছিল, এখন যার নাম হয়েছে ইন্দিরা গান্ধী সরণী সেই রাস্তার উপর একটা আইল্যান্ডে এই মুর্তিটি বসানো হবে। এই হাউসের কাছে আমি বলছি এই ইন্দিরা গান্ধীর মুর্তিটি পশ্চিমবাংলার মধ্যে অন্যান্য মূর্তির চেয়ে সর্ব বৃহৎ উচ্চতার মূর্তি হচ্ছে। সেই মুর্তিটি আমরা বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে করছি। মূর্তি ঢালাইয়ের কাজ শেষ হলে সেই সময়ের দু'মাসের মধ্যে মূর্তি বসানোর কাজটি আমরা সম্পূর্ণ করব।

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় মন্ত্রী মহোদয় বললেন যে চূড়ান্ত পর্যায়ে এসে পৌঁছেছে।

আমি মাননীয় মন্ত্রী মহোদয়কে একটি স্পেসিফিক কোয়েশ্চেন করতে চাইছি যে, আপনি গত ৭ই মার্চ, ১৯৯৪, ডি.ও. নং ৭৭৯ সি.এস., আপনি রাজ্য সরকারের পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্টের মন্ত্রী হিসাবে শ্রীমতী সোনিয়া গান্ধীর প্রাইভেট সেক্রেটারিকে একটি চিঠি লিখেছিলেন। আপনি চিঠি লিখে তাকে একজন এক্সপার্ট পাঠাবার জন্য অনুরোধ জানিয়েছিলেন মূর্তির ব্যাপারে তার ওপিনিয়ন জানতে চেয়েছিলেন। আপনি যে চিঠি লিখেছিলেন তার কপি আমার কাছে আছে। মন্ত্রী মহোদয় সাধারণত কোনও মন্ত্রীকে চিঠি লেখেন, কোনও ব্যক্তির প্রাইভেট সেক্রেটারিকে চিঠি লেখেন না। রাজ্য সরকারের মন্ত্রী হিসাবে কোনও একজন ব্যক্তির প্রাইভেট সেক্রেটারিকে একজন এক্সপার্ট পাঠাবার জন্য আপনি যে চিঠি লিখেছিলেন, সেই এক্সপার্ট তিনি পাঠিয়েছিলেন কিনা; এবং তিনি মূর্তিটি দেখে অ্যাপ্রুভ করেছেন কিনা?

**শ্রী মতীশ রায় :** সোনিয়া গান্ধীর পক্ষ থেকে যিনি এসেছিলেন তিনি বিশ্বভারতীর কলা ভবনের অধ্যক্ষকে দায়িত্ব দিয়েছিলেন। তিনি মূর্তিটি পরিদর্শন করে যদি কোনও আদলের পরিবর্তন করার ব্যাপার থাকে তা জানাতে পারেন বলে আমরা বলেছিলাম। আমরা সেই অনুসারেই মূর্তিটির কাজ শেষ করবো। তিনি সেটি দেখে গেছেন। তিনি বলেছেন যে মূর্তির আদল ঠিক আছে, শুধু মুখের একটি দিক পরিবর্তনের কথা বলেছিলেন। আমরা কলকাতা গভর্নমেন্ট আর্ট কলেজের যিনি উপাধ্যক্ষ তার সঙ্গে আলোচনা করে সেই সংশোধন করেছি। সেইজন্যই মূর্তিটির ঢালাইয়ের কাজ এখনও চলছে।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল :** সোনিয়া গান্ধীর এক্সপার্ট যিনি এসেছিলেন তিনি কি রমেশ পালের সমগোত্রীয় শিল্পী, না আর্ট সম্পর্কে তার বিশেষ জ্ঞান আছে?

**শ্রী মতীশ রায় :** সোনিয়া গান্ধীর প্রতিনিধি যিনি এসেছিলেন তিনি বলেছিলেন যে এ সম্পর্কে তার অভিজ্ঞতা নেই। তিনি বলেছিলেন যে এই ব্যাপারে সাহায্য করার জন্য বিশ্বভারতীর কলা ভবনের অধ্যক্ষকে বলবেন। আমরা সেই অনুরোধ রেখে কাজটি করছি।

**শ্রী সৌগত রায় :** মাননীয় মন্ত্রী মূর্তিটি যাতে সঠিক হয় তারজন্য অনেক ব্যবস্থা নিয়েছেন! এমন কি সোনিয়া গান্ধীর প্রাইভেট সেক্রেটারি জর্জকে চিঠি লিখে এই মূর্তির ব্যাপারে তার কতটা আগ্রহ তা দেখিয়েছেন। স্যার, আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি (ক) এই যে সোনিয়া গান্ধীর কাছ থেকে প্রতিনিধি এসেছিলেন এবং পরীক্ষা নিরীক্ষা করেছেন, এরজন্য রাজ্য সরকারের কোনও খরচ হয়েছে কিনা, এবং (খ) মূর্তিটি শেষ করতে কত খরচ হবে?

[11-45 — 11-55 a.m.]

**শ্রী মতীশ রায় :** সোনিয়া গান্ধীর প্রতিনিধি যিনি এসেছিলেন, আমাকে বিরোধী দলের নেতা একটি চিঠি দিয়ে বলেছিলেন যে তাকে রাজ্য সরকারের পক্ষ থেকে কতকগুলো সুযোগ সুবিধা দিতে হবে। আমাদের প্রশাসনিক চিন্তাধারায় যে ব্যবস্থা করা যায় তারজন্য আমরা তার ব্যাপারে চেষ্টা করেছি। তবে মূর্তিটি দেখে তিনি কোনও মন্তব্য করেন নি। তিনি বলেছেন যে এই ব্যাপারে তার কোনও অভিজ্ঞতা নেই। বিশ্বভারতীর কলা ভবনের অধ্যক্ষকে এরজন্য তিনি বলবেন বলে জানিয়েছিলেন। ইন্দিরা গান্ধীর মূর্তিটির জন্য যে ব্যয় এখনও পর্যন্ত ঠিক রেখেছি তার চাইতে ব্যয় বেশি হতে পারে। এখনও পর্যন্ত সাড়ে চার লক্ষ টাকা ব্যয় ধার্য

আছে। যিনি মুর্তিটি তৈরি করছেন তিনি আমাদের কাছে আবেদন করেছেন যে তাকে আরও কিছু টাকা দিতে হবে। যদি প্রয়োজন হয় তাহলে আমরা তাকে টাকা দেব। সেই মুর্তি কলকাতার বুকেই প্রতিষ্ঠা করা হবে এবং এই ব্যাপারে বামপন্থী সরকারের কোনও সংকীর্ণতার মনোভাব নেই। আমরা ইন্দিরা গান্ধীর ন্যায় অন্যান্য যে সব জাতীয় নেতা ছিলেন তাদেরও মুর্তি এখানে প্রতিষ্ঠা করেছি বেশি লাগলে এই হাউসে পরবর্তী সময়ে জানিয়ে দেব।

**শ্রী আবু আয়েস মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, মুর্তিটি পশ্চিমবঙ্গে যতগুলো মুর্তি আছে তার থেকে সবচেয়ে বেশি উচ্চতা বিশিষ্ট হবে এবং এখানে মর্মর মুর্তি লেখা আছে কিন্তু মাননীয় মন্ত্রী বললেন যে ব্রোঞ্জ, মুর্তি হবে, সেক্ষেত্রে আমার প্রশ্ন যে, মুর্তিটির উচ্চতা কত এবং ব্রোঞ্জের মুর্তি হবে কিনা সেটা জানান।

**শ্রী মতীশ রায় ঃ** আমি ইতিমধ্যেই বলেছি ব্রোঞ্জের মুর্তি হবে এবং মুর্তিটির উচ্চতা হবে ১৪ ফুট।

**শ্রী সাধন পান্ডে ঃ** মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি যে, এখানে অর্থাৎ কলকাতাতে ইন্দিরা গান্ধীর মুর্তি স্থাপন করা হবে এবং আরও কয়েকদিনের মধ্যে আশা করি মুর্তিটি তৈরিও হয়ে যাবে। মাননীয় মন্ত্রী বললেন যে, যেখানে বসবে সেই জায়গা চিহ্নিত হয়েছে কিন্তু আপনি বোধহয় কনস্ট্রাকশনের ব্যাপারে এখনো সিদ্ধান্ত নেন নি। সেইক্ষেত্রে কোনও একজন আর্কিটেক্টকে দিয়ে জায়গাটার বেস ঠিক করুন এবং বেস্ তৈরি করুন এবং আগামী ১৯শে নভেম্বর শ্রীমতী ইন্দিরা গান্ধীর জন্মদিন, সেইদিন ভারতের প্রধানমন্ত্রীকে ডাকুন, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী থেকে দলমত নির্বিশেষে সবাই থেকে এই অনুষ্ঠানের মাধ্যমে মুর্তিটি উদ্বোধন যদি করতে পারেন তাহলে নিশ্চয় আমরা বাধিত থাকব।

**শ্রী মতীশ রায় ঃ** মাননীয় সদস্যকে এই ব্যাপারে একটাই উত্তর দিচ্ছি যে যথা সময়ে সেই ব্যবস্থা আমরা গ্রহণ করব এবং সেই ব্যাপারে কোনও সন্দেহ নেই। ইন্দিরা গান্ধী সম্বন্ধে আমি আগেও সেটা বলেছি এখনো বলছি যে এই মুর্তি স্থাপনের ব্যাপারে আমাদের কোনও সংকীর্ণতা নেই। আমি ইন্দিরা গান্ধীর রাজনীতির সঙ্গে একমত ছিলাম না। তিনি জরুরি অবস্থা চালু করেছিলেন এবং আমরা তার শিকারও হয়েছিলাম সেটাও জানি। কিন্তু তাসত্বেও তাকে অন্য দিক থেকে বিচার করে, জাতীয় মর্যাদা দেওয়া উচিত সেকথা চিন্তা করেই মুর্তি তৈরি করার সিদ্ধান্ত নিয়েছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি যে, এই যে মুর্তি গড়বার কথা হল এতে সোনিয়া গান্ধীর প্রতিনিধিকে এখানে কী ভিত্তিতে ডাকা হয়েছিল এবং নেতাজী সুভাষচন্দ্র বসুর প্রতিকৃতি পার্লামেন্টে যে বসার কথা ছিল তার কী ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী মতীশ রায় ঃ** মাননীয় সদস্য শ্রী বীরেন মৈত্র যে প্রশ্ন করেছেন তার উত্তর আমি আগেও দিয়েছি, আবার বলছি যে শ্রমতী ইন্দিরা গান্ধীর মুর্তি স্থাপনের ব্যাপারে এই হাউসে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল যে, বিরোধী দলের যিনি নেতা থাকবেন তিনিই মুর্তিটা ঠিক করে দেবেন। সেই সময়ে শ্রী সিদ্ধার্থ রায় কংগ্রেসের নেতা এবং বিরোধী দলের নেতা হিসাবে ছিলেন। তিনিই তখন এই মুর্তির চূড়ান্ত ঠিক করে যান। তারপরে সিদ্ধার্থ বাবু কংগ্রেস দল

এবং বিরোধী দল ত্যাগ করে চলে যান এবং জয়নাল আবেদিন সাহেবকে বসতে ৪ মাস সময় লেগে যায়। এই দীর্ঘ ৪ মাস কংগ্রেস দলের কোনও নেতা ছিলেন না। তারপরে জয়নাল আবেদিন সাহেব বিরোধী দলের নেতা হলে তাকে, আমি চিঠি দিয়ে মূর্তির ভিত্তি কী পর্যায়ে হবে সেই সম্পর্কে জানতে চাই এবং তাদের তরফ থেকে কোনও প্রতিনিধি পাঠাবেন কিনা জানতে চাই। তখন জয়নাল সাহেব আমাকে জানালেন যে ইন্দিরা গান্ধীর মূর্তির ব্যাপারে তার কোনও অভিজ্ঞতা নেই। মূর্তির সম্বন্ধে তিনি কিছু অভিমত দিতে পারবেন না। তাই তিনি নিজে জানিয়েছিলেন এক্ষেত্রে সোনিয়া গান্ধীর কাছে তিনি চিঠি লিখবেন, তিনি যেন একজন উপযুক্ত প্রতিনিধি পাঠান। আমাকে অনুরোধ করেছিলেন, সেই প্রতিনিধি এলে তাকে যেন কলকাতায় মূর্তিটি দেখানো হয়, আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে এটা দেখানোর ব্যবস্থা করে দিয়েছিলাম। জয়নাল সাহেব তার পক্ষ থেকে জানিয়ে দিয়েছিলেন কয়েক মাস পরে, আমি ব্যক্তিগতভাবে মতামত দিতে পারব না, যেটা সিদ্ধার্থ শঙ্কর রায় এবং তার সহযোগিরা দিয়ে গিয়েছিলেন, ততকালীন ডেপুটি লিডার সত্য বাপুলি মহাশয় ছিলেন এবং সৌগত রায় মহাশয়ও ছিলেন, তার যুগ্মভাবে মূর্তির আদল ঠিক করে দেন। জয়নাল সাহেব যখন পরিষদীয় নেতা হন তখন আমাদের দায়িত্ব অনুযায়ী তাকে জানানো হয়, এই স্তরে মূর্তি তৈরি হয়েছে, আপনি দেখে যান, আমাদেরকে মতামত দিন। তিনি জানিয়েছিলেন আমি মতামত দিতে পারবো না, এই ব্যাপারে আমার অভিজ্ঞতা নেই। তার কথা মতো সোনিয়া গান্ধীর সাহায্য চাওয়া হয়েছিল, সোনিয়া গান্ধীর প্রতিনিধি এসেছিলেন, আমরা তাকে মতামত দেবার জন্য অনুরোধ করেছিলাম, তিনি যা বলে গিয়েছিলেন সেই ভিত্তিতেই এখন কাজ চলছে, মূর্তি তৈরির কাজ এখন চূড়ান্ত পর্যায়ে, এইটুকু আমি আপনাদেরকে জানালাম।

### অসংগঠিত শ্রমিকদের 'ন্যূনতম মজুরি'

*২। (অনুমোদিত প্রশ্ন নং *৮৪) **শ্রী তপন হোড় :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) অসংগঠিত শ্রমিকদের 'ন্যূনতম মজুরি' নিশ্চিত করার জন্য রাজ্য সরকারের কোনও পরিকল্পনা আছে কি না; এবং

(খ) থাকলে, এ পর্যন্ত কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক :**

(ক) হ্যাঁ

(খ) ন্যূনতম মজুরি আইন ১৯৪৮ এর তালিকাভুক্ত ১৫টি কাজের (এমপ্লয়মেন্ট) সঙ্গে এ পর্যন্ত সরকার ৪৯টি কাজ যুক্ত করেছেন। এর মধ্যে ৩৮টি কাজের ন্যূনতম মজুরি নির্ধারণ করা হয়েছে বা পুনঃ নির্ধারণ করা হয়েছে। বাকি ১৮টির ক্ষেত্রে মজুরি নির্ধারণের কাজ চলছে। ২টি কাজ ন্যূনতম মজুরি আইনের তালিকাভুক্ত করার পরিকল্পনা আছে।

এই সকল কাজে মহার্ঘ আইন বলবৎ করার জন্য ৪৪ জন সহ-শ্রম-কমিশনার,

১৬ জন পরিদর্শক, নিযুক্ত করা হয়েছে। এ ছাড়া বর্তমানে ৩০১ জন পরিদর্শক ন্যূনতম কৃষি মজুরি পরিদর্শক হিসাবে কাজ করেন। কৃষি শ্রমিকদের ন্যূনতম মজুরি বলবৎ করার জন্য ব্লক ডেভেলপমেন্ট অফিসারদেরও ক্ষমতা দেওয়া হয়েছে।

**শ্রী তপন হোড় ঃ** আপনি বললেন ৩৮টি কাজের ন্যূনতম মজুরি নির্ধারণ করা হয়েছে, বাকি ১৮টি কাজের মজুরি নির্ধারণের কাজ চলছে। আপনি এই ১৮টির সম্বন্ধে বলবেন আর ২টি কাজের ন্যূনতম মজুরি নির্দ্ধারণের কাজ হবে এটা কোন কাজ?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** ১৯টির মজুরি নির্ধারণের কাজের ক্ষেত্রে কোর্টে মামলা চলছে, স্টে অর্ডার আছে। আর ২টির ব্যাপারে বলি একটা হচ্ছে ফাউন্টেন বা বল পয়েন্ট পেন আর একটা হচ্ছে সিল্ক ইন্ডাস্ট্রি। এই ২টির কাজের নূন্যতম মজুরি ঠিক করার একটা প্রসেস শুরু হয়েছে।

**শ্রী তপন হোড় ঃ** আপনি এখানে মামলার কথা বলছেন, আপনি জানেন সারা পশ্চিমবাংলায় সিনেমা হল বন্ধ আছে, এই সিনেমা হল-এর কর্মচারিদের ইনক্রিজ ডি.এ. বা অ্যাডিশনাল ডি.এ. আজ পর্যন্ত নির্ধারণ করা যায়নি। আমরা দেখছি দীর্ঘ ২০।২৫ বছর ধরে মামলাগুলি পড়ে আছে। আপনি এই মামলাগুলির সম্পর্কে রাজ্য সরকারের পক্ষ থেকে কিভাবে উদ্যোগ গ্রহণ করছেন কেন এতদিন ধরে মামলাগুলি পড়ে আছে, আপনি যদি এই বিষয়ে জানান তাহলে ভাল হয়।

[11-55 — 12-05 p.m.]

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** সিনেমা কর্মচারিদের যে সংগঠন এবং সিনেমা মালিকদের যে সংগঠন তাদের মধ্যে আলোচনা এবং আমাদের সঙ্গে আলোচনা করে সিনেমা কর্মচারিদের ওয়েজ রিভিসন হয়। ১৯৯১-৯২ সালে এটা শুরু হয়েছিল এবং তারপর আর ওয়েজ রিভিসন হয়নি। তারপর অ্যাড-হক বেসিসে ইনক্রিমেন্ট করাতে তারা রাজি হয়েছিল। তবে পে স্কেলের ব্যাপারে কোনও নিষ্পত্তি হয়নি। সিনেমা কর্মচারিরা একদিনের ধর্মঘট করে। সিনেমা মালিক সংগঠন পাল্টা লক-আউট করে এবং সেই ব্যাপারে আলোচনা চলছে। দুইদিন আগে আমি কাগজে বলেছিলাম, আমার আশা ছিল গতকাল সেই আলোচনার নিষ্পত্তি হবে, কিন্তু দুর্ভাগ্য হচ্ছে মালিকপক্ষের কেউ সেই আলোচনায় আসেননি এবং আমাকেও জানাননি কী ব্যাপার। আবার তাদের সঙ্গে সংযোগের চেষ্টা হচ্ছে। আর মামলা হচ্ছে বিভিন্ন কোর্টে, শতাধিক মামলা। আমরা সমস্ত মামলাগুলিকে এনালগার করার চেষ্টা করছি। অ্যাডভোকেট জেনারেলের সঙ্গে এই ব্যাপারে কথা বলেছি। এছাড়াও মিনিমাম ওয়েজের আওতায় যারা আছে তাদেরকে আমরা এই কথা বলেছি আপনারা বসে একটা ফয়সালা করার চেষ্টা করুন, আমরা সাহায্য করব এবং সেইভাবেই হোসিয়ারি শিল্প, প্রিন্টিং শিল্পে ইন্ডাস্ট্রিওয়াইজ একটা সেটেলমেন্ট হয়েছিল এবং পরে যখন দেখা গেল ইন্ডাস্ট্রিওয়াইজ গন্ডগোল হচ্ছে তখন কিছু একত্রিত হয়েছে। আবার কিছু কিছু সেকশনাল ওয়াইজ সেটেলমেন্ট হয়েছে। তবে সবকটাকে একটা কোর্টের আওতার বাইরে এনে কোনও সেটেলমেন্ট করা যায় কিনা সেই চেষ্টা হচ্ছে।

**শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, কতগুলো অসংগঠিত শিল্পের ক্ষেত্রে প্রক্রিয়া চলছে। ইতিমধ্যে কতগুলো অসংগঠিত ক্ষেত্রের ন্যূনতম মজুরি বাঁধাও আছে। ব্লকস্তরে

একজন করে মিনিমাম ওয়েজ ইন্সপেক্টার আছে, কিন্তু কোনও সুপারভিসন হচ্ছে না। মিনিমাম ওয়েজ তারা দিচ্ছে না। সেটা সুপারভিসন করার ব্যাপারে আপনারা কোনও ভাবনা-চিন্তা করছেন কি?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক :** সুপারভিসনের কাজটা যাতে ভালো করে হয় তারজন্য আরও কোনও সিনিয়ার অফিসারের আওতায় এটাকে আনা যায় কিনা সেটা দেখছি। এটা করতে গেলে কিছু সিনিয়ার অফিসারের পোস্ট দরকার আছে। কিন্তু ব্যাপারটাতে সাবজেক্ট টু ফিনান্স অ্যাকসেপটেন্স লাগবে। যদি মাননীয় সদস্যদের কারোর এই রকম কোনও উদাহরণ থেকে থাকে, সে এগ্রিকালচারাল ওয়েজ ইন্সপেক্টারই হোক, ওয়েজ ইন্সপেক্টারই হোক, তাদের কাজে গাফিলতি হচ্ছে তাহলে দয়া করে আমাকে জানাবেন, আমি দেখব কি করতে পারি।

**ডাঃ মানস ভুঁইয়া :** জওহর রোজগার যোজনা এবং এমপ্লয়মেন্ট অ্যাসিওরেন্স স্কীম ছাড়া অসংগঠিত গ্রামীণ শ্রমিক এবং কৃষি শ্রমিকদের ক্ষেত্রে জেলাওয়ারি এবং ব্লকওয়ারি ন্যূনতম মজুরি নির্ধারণের ক্ষেত্রে প্রচন্ড রকম ডিসপ্যারিটি আছে। অসংগঠিত দিনমজুরদের একটা স্কেলের মধ্যে আনতে পেরেছেন এটা ঠিক কথা নয়। শ্রম দপ্তর থেকে ব্লকে ব্লকে লেবার ইন্সপেক্টার নিয়োগ করা হয়েছে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি কৃষি শ্রমিকরা, কৃষি মজুররা ঠিকমত মজুরি পাচ্ছে না। আপনি কি সীমারেখা টেনে দেওয়ার নির্দেশ দিয়েছেন?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক :** স্যার, জওহর রোজগার যোজনাটা আমাদের নয়, আর কৃষিতে যে এমপ্লয়মেন্ট অ্যাসিওরেন্স স্কীম দুটোর কোনওটাই আমাদের নয়, যা আগে বললেন। দ্বিতীয়ত হচ্ছে এই মিনিমাম ওয়েজেস এগ্রিকালচারাল লেবার থেকে শুরু করে সব ফিক্সড আছে; আবার যদি বলেন আমি পড়ে দিতে পারি। দরকার হলে লেবার ইন ওয়েস্ট বেঙ্গল আপনি দেখে নেবেন। সেখানে বিস্তারিত বলা আছে। অ্যানসারড কোয়েশ্চেন হলে আমি লে ডাউন করে দিতে পারতাম সব কিছু, যে যে মামলা আছে। তারপর সেটা বলেছি অনেক জায়গায়, কৃষি শ্রমিক আছে এবং বিড়ি শ্রমিক আছে তারা প্রয়োজনে মিনিমাম ওয়েজেস নেয় বা নিতে বাধ্য হয় এবং সেইগুলো বেশির ভাগ ক্ষেত্রেই হচ্ছে। তারা এমন একটা পরিস্থিতিতে আছে যে মালিকদের সঙ্গে এগ্রিমেন্ট বা চুক্তি করতে বাধ্য হয় এবং সেখানে আমাদের পক্ষে ডাইরেক্টলি এবং ইন ডাইরেক্টলি কিছু করার নেই। তাদের যতটা বেশি সাহায্য করার চেষ্টা করি, যাতে ঐরকম কম পয়সায় চুক্তি না করে। আমি আবার বলছি, আমি আমার অফিসারদের বলেছি যদি আপনাদের দিক থেকে কোনও খবর থাকে সেটা কাইন্ডলি আমাদের জানাবেন, আমি সেটা দেখব।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি শেষের প্রশ্নের উত্তরে অত্যন্ত সঙ্গত কারণেই কৃষি-মজুরদের নুন্যতম মজুরির উপর বিশেষ জোর দিয়েছেন এবং বিশেষ করে উল্লেখ করেছেন। আমার জিজ্ঞাস্য এই কৃষি মজুরদের নুন্যতম মজুরি রাজ্য সরকার সর্বশেষ কোন বছরে নির্ধারণ করেছেন, জানাবেন কি?

[12-05 — 1-00 p.m.(including adjournment)]

**শ্রী শান্তিরঞ্জন ঘটক :** আমি স্যার তাহলে অন্য একটা কথা বলি, যা ওনার জানা উচিত। 'ন্যাশনাল কমিশন অন রুর্যাল লেবার' তারা কৃষি মজুরদের মজুরি নির্ধারণ করেছে

২০ টাকা প্রতিদিন। আমাদের এখানে বেশি আছে এবং আমাদের প্রসিডিওর যেটা সেই প্রসিডিওরটা হচ্ছে আমাদের ডিয়ারনেস এর সঙ্গে লিঙ্কড আছে। ভারিএবেল ডি.এ-এরসঙ্গে মিনিমাম ওয়েজেস আমরা এক টাকায় নিয়ে এসেছি। কয়েকটা ইন্ডাস্ট্রিতে কম ছিল এবং এর উপর কোর্টের স্টে অর্ডার আছে। তাই আমাদের নানা ভাবে যেতে হচ্ছে, যাতে আইনের কোনও বাধা না আসে এবং সেইভাবে কনজিউমার প্রাইস ইনডেক্স যে ভাবে বাড়ে, প্রতি ছয় মাস অন্তর সেটা রিভাইসড হয় এবং আগে রিভিসন যেটা হয়েছে তার টাইম টেবিল বা কারিকুলাম তারমধ্যে অনেক পার্থক্য আছে। কোনটা এপ্রিল মাসে হচ্ছে, কোনটা অক্টোবর মাসে হচ্ছে, কোনটা ফেব্রুয়ারিতে, আমরা যেটা করেছি ফার্স্ট জানুয়ারিতে। তারপর ছয় মাস অন্তর রিভিসন হয়। এটা সব জায়গায় হয় এবং এতে মিনিমাম ওয়েজেস-এর আয়ভুক্ত যে শ্রমিকরা তারা লাভবান হবে। এইভাবে আমরা করেছি। এবং ন্যূনতম মজুরি আইন-এ কতকগুলি ব্যবস্থা আছে। যদি আইন না মানে মামলা করা যায়। আমরা মামলা করেছি, শাস্তি হয়েছে। স্যার, আপনি যদি আমাকে সময় দেন তাহলে আমি পড়ে দিতে পারি কতগুলি কি মামলা হয়েছে। তা ছাড়া আরও যেটা বলতে চাই সেটা হচ্ছে ধরুন, ১৯৭৬ সালে বিড়ি শ্রমিকদের ডেলি মজুরি ছিল ১০.৭৫ টাকা, এবারে আইন এসে গিয়েছে এবং হয়েছে ৪৫.১৬ টাকা দৈনিক মজুরি। কিন্তু নিশ্চয় এটা সব জায়গায় হয়না। কলকাতা এবং আশে পাশে এটা দেখা যায়। যেখানে শ্রমিকদের সংগঠন আছে, শ্রমিক কর্মচারিরা ঐক্যবদ্ধ, সেখানে এই মিনিমাম ওয়েজেস আদায় করা সম্ভব হচ্ছে। এই প্রসঙ্গে মাননীয় সদস্যকে জানাতে চাই, যে যেমন সুপ্রিম কোর্ট মেটারনিটি ইত্যাদি অ্যালাউন্স যেসব দিয়েছেন, অর্ডার করেছেন সেগুলি আটকাচ্ছে আইডেনটিটি কার্ড নিয়ে। এসব নানান ব্যাপার আছে। নানান রকমের জটিলতা আছে। কেন্দ্রীয় সরকারকে আমি বলেছিলাম অনেকবার—লেবার মিনিস্টারকে যে দয়া করে এটা নাইনথ শিডিউলে ফেলে দিন তাহলে কোনও মামলা ইত্যাদি করতে পারবে না কোনও পক্ষ। তিনি কথা দিয়েছিলেন যে বিচার বিবেচনা করবেন কিন্তু এখনও তার কাছ থেকে কোনও পজিটিভ রিপ্লাই পাই নি। এই হচ্ছে একমাত্র পথ নাইনথ শিডিউলে ফেলে দেওয়া।

## বাংলাদেশে 'নীল কেরোসিন' তেল পাচার

*৩। (অনুমোদিত প্রশ্ন নং *৭৬) **ডাঃ মোতাহার হোসেন ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্যি যে, প্রতিদিন প্রচুর পরিমাণে নীল কেরোসিন তেল বাংলাদেশে পাচার হয়ে যাচ্ছে;

(খ) সত্যি হলে,

(১) কোন কোন জেলা থেকে কত পরিমাণ কেরোসিন তেল প্রতিদিন পাচার হচ্ছে; এবং

(২) পাচার বন্ধ করার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন/করবেন?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ**

(ক) না।

(খ) (১) এই প্রশ্ন ওঠে না।

(২) যদিও প্রতিদিন প্রচুর পরিমাণে নীল কেরোসিন তেল বাংলাদেশে পাচারের সংবাদ সত্য নয়, তথাপি সম্ভাব্য পাচার রোধের জন্য সীমান্তবর্তী জেলা

এনফোর্সমেন্ট পুলিশ সর্বদা সতর্ক দৃষ্টি রাখে। জেলা এনফোর্সমেন্ট পুলিশ সন্দেহজনক জায়গায় হানা দিয়ে এই বৎসর জুলাই মাস পর্যন্ত বাংলাদেশের সংলগ্ন বিভিন্ন সীমান্তবর্তী কেরোসিন তেল আটক করেছে। এই ব্যাপারে কড়া নজরে রাখার জন্য সীমান্তবর্তী জেলাগুলির পুলিশ সুপারিনটেন্ডেদের নির্দেশ দেওয়া হয়েছে।

**ডাঃ মোতাহার হোসেন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যে উত্তর দিলেন তা স্ব-বিরোধী প্রথম প্রশ্নের উত্তরে তিনি বলছেন, না প্রশ্ন ওঠে না আবার পরেই বলছেন যে ৯ হাজার ৫০৩ লিটার সেটা নাকি ধরা হয়েছে। কাজেই প্রশ্নের উত্তরটা স্ব-বিরোধী হয়ে যাচ্ছে। তারপর আমি জানতে চেয়েছিলাম যে কোন কোন জেলা থেকে ধরা হয়েছে, সে প্রশ্নের উত্তরও এখানে নেই। তাহলে প্রকৃত বিষয়টা কি? পাচার হচ্ছে কিনা? তা না হলে কোথা থেকে এটা ধরা হল? এটার সোর্স কি? আপনার উত্তরটা স্ব-বিরোধী। এখানে পরিষ্কারভাবে আপনি বলুন যে হ্যাঁ, কি না? পাচার হচ্ছে, কি হচ্ছে না? কোন কোন জেলা থেকে হচ্ছে সেটাও আমার প্রশ্নে ছিল, তার জবাব দিন।

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** মাননীয় সদস্য প্রশ্ন করেছিলেন, "ইহা কি সত্য যে প্রতিদিন প্রচুর পরিমাণে নীল কেরোসিন তেল বাংলাদেশে, পাচার হয়ে যাচ্ছে? 'এটার উত্তরে আমি বলেছি, না। কারণ এই পাচারটা তো লিগালাইজড নয় কাজেই তার তথ্য সরকারের কাছে থাকে না। প্রতিদিন পাচার হয়ে যাচ্ছে ঘটনাও তা নয়। দ্বিতীয়ত পাচার হওয়ার আশঙ্কা থাকে বলে আমরা বর্ডার ডিস্ট্রিক্টগুলির পুলিশকে অ্যালার্ট করেছি এবং এই যে ৯ হাজার ৫০৩ লিটার তেল আটক করা হয়েছে এটা বর্ডার ডিস্ট্রিক্ট-এ হয়েছে।

## Starred Questions
## (to which written answers were laid on the Table)

### বেসরকারি উদ্যোগে রাস্তা নির্মাণ

*৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৭) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বেসরকারি উদ্যোগে রাজ্যে কোনও রাস্তা নির্মাণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে কি না; এবং

(খ) নেওয়া হলে, কোথায় কোথায় এই রাস্তা নির্মাণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**মুরারই বাইপাস রাস্তা নির্মাণ**

*৫। (অনুমোদিত প্রশ্ন নং *৮১) **ডাঃ মোতাহার হোসেন : পূর্ত (সড়ক) বিভাগের** ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বীরভূম জেলার মুরারই বাইপাস রাস্তাটির নির্মাণকাজ বর্তমানে কোন পর্যায়ে আছে?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

পরিকল্পনাটি প্রাথমিক স্তরে বিবেচনাধীন আছে। সংশ্লিষ্ট জিলা পরিকল্পনা সমিতির আনুষ্ঠানিক অনুমোদনের পর অন্যান্য প্রশাসনিক বিষয়গুলির বিভাগীয় স্তরে নিষ্পত্তি হলে রাস্তার কাজ শুরু করা যেতে পারে।

**এক্সপ্রেস হাইওয়ে**

*৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৯) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ : পূর্ত (সড়ক) বিভাগের** ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে এ পর্যন্ত কতগুলি এক্সপ্রেস হাইওয়ে নির্মাণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে?

পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

পূর্ত (সড়ক) বিভাগের অধীনে এরূপ দুটি সড়ক নির্মাণ প্রকল্প গৃহীত হয়েছে।

**Mr. Speaker :** Under Rule 199 of the Rules of Procedure and Conduct of Business of the West Bengal Legislative Assembly, I have received a notice of Motion of **Non-Confidence signed by** Dr. Zainal Abedin, Leader of the Opposition and Shri Gyan Singh Sohanpal. The notice is in order. It reads as follows .

"This Assembly expresses its want of confidence in the council of Ministers."

Now, under rule 199(2) of the Rules of Procedure and Conduct of Business, I would request those members who are in favour of leave being granted, to rise in their places.

....(at this stage Congress(I) Members stood in their seats)....

I find that the required number of members are standing. So I declare that the Leave is granted and that the motion will be taken up on the 22nd September, and four hours time will be allotted.

....(at this stage the House was adjourned till 1 p.m.)...

[1-00 — 1-10 p.m.]

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today I have received one notice of Adjournment Motion from Shri Sudip Bandyopadhyay which deals with alleged deterioration of Law and order situation in the State.

The subject matter of the Motion does not call for adjournment of the business of the House. The member may call the attention of the Minister concerned through Calling Attention, Question, Mention etc.

I, therefore, withhold my consent to the Motion.

The Member may, however, read out the text of the motion as amendment.

**শ্রী সুদীপ বন্দোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—

পশ্চিমবঙ্গের আইন শৃঙ্খলা ভেঙে পড়েছে। বিভিন্ন জেলায় পুলিশি নিষ্ক্রিয়তা ও শাসকদলের প্ররোচনায় যত্র-তত্র মারাত্মক সংঘর্ষে এলাকার মানুষ নিরাপত্তার অভাব বোধ করছেন। মেদিনীপুর এবং মুর্শিদাবাদের অবস্থা সর্বাধিক শোচনীয়। কলকাতা শহরের বিভিন্ন প্রান্তে সাট্টা, জুয়া, অশ্লীল চলচ্চিত্রের প্রদর্শনী, কুৎসিত ও জঘন্য পত্র-পত্রিকা গোপনে বিক্রয়, এসব কিছুই চলছে। এইসব পরিবেশ থেকে রাজ্যকে মুক্ত করতে রাজ্য সরকারকে দায়িত্বশীল ও কর্তব্যপরায়ণ হতে অনুরোধ জানাচ্ছি।

## CALLING ATTENTION

**Mr. Speaker :** I have received 15 notices of Calling Attention on the following subjects :-

i) Reported murder of 30 persons during last 40 days in Murshidabad district— Dr. Manas Bhunia.

ii) Reported murder of a major ruling party worker at Santoshpur Govt. Colony at Maheshtola, South 24-Parganas on 14-9-94 - Shri Dipak Mukherjee and Shri Abul Basar.

iii) Reported break out of fire in Brindaban Basak Street area at North Calcutta on 15-9-94— Shri Deba Prasad Sarkar.

iv) Reported arrest of a Cong. Councillor in the late night of 15-9-94— Shri Saugata Roy.

v) Reported out break of an unknown fever in Calcutta— Shri Abdul Mannan.

vi) Reported statement of the Minister-in-charge of the concerned deptt. regarding immediate payment of Pension to retired teachers of Schools—Shri Sukumar Das.

vii) Reported murder of two persons at Deotolla Sukanta Sangha Library under Gazol P.S. of Malda district on 13th & 14th August, '94—Shri Sudip Bandyopadhyay.

viii) Alleged death of one person and serious injury of two persons at Jorabagan area by bursting of a Kerosene tanker—Shri Ambica Banerjee.

ix) Reported draught in North Bengal—Shri Nirmal Das & Shri Sanjib Kr. Das.

x) Reported killing of elephants in the different forests of Duars by the poachers—Shri Monohar Tirkey.

xi) Reported arrest of a doctor and a nurse by the Police over death of a new born baby at Bolepur Sub-divisional Hospital - Shri Tapan Hore.

xii) Alleged murder of Haraprosad Goswami and Gopeswar Paul at Mangalkote on 4-9-94—Shri Anjan Chatterjee.

xiii) Non-filling up of the vacancies in the Primary Schools in Nadia and consequential situation—Shri Kamalendu Sanyal.

xiv) Reported looting and arson of houses of some workers of the Major Rulling party on 5-9-94 and 10-9-94 at Jagannathchar village under Sabang P.S.—Shri Prasanta Pradhan.

xv) Alleged dacoity of cattles at Harishnagar under Krishnagang P.S. in Nadia—Shri Sushil Biswas.

I have selected the notice of Shri Ambica Banerjee on the subject of Alleged death of one person and serious injury of two persons at Jorabagan area by bursting of a Kerosene tanker.

The Minister-in-charge may please make a statement to-day if possible or give a date.

**Shri Probodh Chandra Sinha :** The statement will be made on the 22nd instant.

## LAYING OF ORDINANCE, RULES & REPORTS

### The West Bengal Additional Tax and Onee-Time Tax on Motor Vehicles (Amendment) Ordinance 1994

**Shri Prabodh Chandra Sinha :** With your permission I beg to lay the West Bengal Additional Tax and One-Time Tax on Motor Vehicles

(Amendment) Ordinance, 1994 (West Bengal Ordinance No.V of 1994) under Article 213(2) (a) of the Constitution of India.

**The Amendments of the Howrah Municipal Corporation Builidng Rules, 1991**

**Shri Prabodh Chandra Sinha :** With your permission I beg to lay the Amendments of the Howrah Municipal Corporation Building Rules, 1991 published under Notification No.483/C-5/H/3R-5/93 dated the 15th July, 1994.

**Annual Statment of Accounts and Audit Report thereon of the West Bengal Power Development Corporation Limited for the Year 1992-93**

**Shri Prabodh Chandra Sinha :** Sir, with your permission I beg to lay the Annual Statement of Accounts and Audit Report thereon of the West Bengal Power Development Corporation Limited for the year 1992-93.

**Tenth Annual Report along with the Audit Report of the West Bengal Film Development Corporation Limited for the year 1989-90**

**Shri Buddhadeb Bhattacharjee :** Sir, I beg to lay the Annual Report along with the Audit Report of the Basumati Corporation Limited for the year 1987-88.

**Annual Report along with the Audit Report of the Basumati Corporation Limited for the year 1987-88.**

**Shri Buddhadeb Bhattacharjee :** Sir, I beg to lay the Annual Report along with the Audit Report of the Basumati Corporation Limited for the year 1987-88.

**Annual Reports of the West Bengal Agro-Textile Corporation Limited for the years 1987-88, 1988-89, 1989-90, 1990-91, 1991-92 and 1992-93**

**Shri Prabodh Chandra Sinha :** Sir, with your permission I beg to lay the Annual Reports of the West Bengal Agro-Textile Corporation Limited for the years 1987-88, 1988-89, 1989-90, 1990-91, 1991-92 and 1992-93.

**POINT OF INFORMATION**

[1-10 — 1-20 p.m.] *

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** স্যার, গতকাল, ১৫.৯.৯৪ তারিখে 'আজকাল' কাগজে একটা

ডিস্টর্টেড নিউজ বেরিয়েছে। আমি মনেকরি সেটার প্রতিবাদ করার প্রয়োজন আছে এবং আমি প্রতিবাদ করছি। আমার একটা ফ্ল্যাটের বিষয়ে সংবাদটি বেরিয়েছে। ঘটনাটা আমি বলি — ১৯৮৪ সালে শ্রীমতী বেলা বাপুলি, আমার মিসেস, যতীন চক্রবর্তীর কাছে একটা দরখাস্ত করেছিলেন। দরখাস্ত করার পর ২.৩.৮৪ তারিখে তিনি ডেপুটি সেক্রেটারির কাছ থেকে একটা চিঠি পান। তাতে বলা হয়েছিল, 'I am directed by the Minister-in-charge of the Housing Department to inform that the application in the prescribed form may please be submitted to the Housing Department in the manner as laid down and the advertisement issued to that effect in the Statesman, Ananda Bazar and Basumati. সে অনুযায়ী অ্যাকোর্ডিংলি শ্রীমতী বেলা বাপুলি একটা দরখাস্ত করেন। আমি আপনার কাছে সব অরিজিন্যালগুলো দিয়ে দিচ্ছি, ডুপ্লিকেট আমার কাছে আছে, আপনি অনুগ্রহ করে দেখে নিন। উনি দরখাস্ত করেন এবং তার তারিখ হচ্ছে ২৮.৩.৮৪। ঐ তারিখ শ্রীমতী বেলা বাপুলি দরখাস্ত করেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২৮.৩.৮৪ তারিখের ঐ পিটিশনটির কপি আমি আপনাকে দিয়েছি, আপনি অ্যাকনোলেজমেন্ট লেটারটা দেখবেন। ২০.৩.৮৪ তারিখে ডিপার্টমেন্ট থেকে একটা চিঠি দিয়ে তারা যা বলে দেন তারই পরিপ্রেক্ষিতে যেহেতু তিনি হাউস-ওয়াইফ তার কোনও ইনকাম নেই, পার্চেস করতে গেলে ইনকামের দরকার সেহেতু যতীন চক্রবর্তী মহাশয় আমাকে বলেছিলেন, 'আপনার নামটাও যোগ করে দিন, আপনি এম.এল.এ., আপনার রোজগার আছে, টাকা দিতে পারবেন।' এইটা হচ্ছে ১৯৮৪ সালের ঘটনা এবং আমি তখন ১১ বছর ধরে এম.এল.এ- '৭২ সাল থেকে আমি এম.এল.এ। আমি ঐ সময়ে এম.এল.এ. হোস্টেলে থাকতাম। ঐ সময়ে একদিন যতীন চক্রবর্তী এম.এল.কে হোস্টেলে আমার ঘরে গিয়েছিলেন, আমি তখন চা খাচ্ছিলাম। উনি আমাকে বলেছিলেন, 'তুমি এখানে থাক নাকি?' আমি ওকে বলেছিলাম, হ্যাঁ, ১১ বছর এখানে আছি, আমার কলকাতায় কোনও বাসস্থান নেই। আমার মিসেসকে বললেন দরখাস্ত করে দেবেন তো? বাট দ্যাট ওয়াজ নট ইন প্রপার ফর্ম। উনি বললেন, প্রপার ফর্মে দিতে। সেইভাবে জমা হল এবং টাকা জমা দিলাম। একদিন যতীন চক্রবর্তী ধন্যবাদ দিলেন এবং সকাল ৮টার সময় আমাদের ডেকে নিয়ে গেলেন। তখনও বাড়ির প্লাস্টারিং হয়নি। উনি আমাকে বললেন, কোন বাড়িটা পছন্দ বেছে নিন। আমি তখন বললাম, এটা হলে ভাল হয়। উনি ২ রুম ফ্ল্যাট দিলেন, কিন্তু দ্যাট ইজ ইন-অ্যাডিকোয়েট। আমার মিসেস টাকা জমা দিয়ে কিনে নিলেন। এটা ছিল ১৯৮৪ সাল। আজ থেকে ১০ বছর আগের ঘটনা। আমি আপনাকে বলি, আমি আপনার কাছ থেকে অনুগ্রহ চাইনি এবং আপনার কাছে লিখিওনি। অরিজিনাল কাগজ আমি আপনাকে দিয়েছি, আপনি দেখে নিন। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, একটা কাগজে আমার সম্পর্কে লিখেছে এবং আপনি আমার শুভাকাঙ্ক্ষী হিসাবে বক্রক্তি করে ক্ষতি করেছেন। আপনি চালাক লোক। আপনি দেখলেন, সত্যবাপুলির গায়ে কাদা লাগেনি, অতএব একটু কাদা লাগিয়ে দিই। ভালই করেছেন, আপনি কাস্টোডিয়ান। ইন্দিরা গান্ধীকে তার দেহ রক্ষী সামনা-সামনি গুলি করেছিল। আর আপনি চালাক লোক, আপনি এখানে বসে বসে বিধানসভার সদস্যদের নামে কলঙ্ক ছুঁড়ছেন, যদিও এটা করা ঠিক নয়। আপনি বলেছেন, জয়নাল সাহেব, মোতাহার সাহেবদের জন্য করেছেন। তারা কি সুযোগ নিয়েছে আমি জানি না। কিন্তু আমার ছেলের বিয়েতে আপনার কাছ থেকে কোনও সাহায্য

নিইনি। মতীশ রায়ের কাছ থেকে আমি সাহায্য নিয়েছিলাম। আপনি সাহায্য করেননি, অন্য কাউকে করতে পারেন, কিন্তু আমি আপনাকে কোনও উপকার করতে বলিনি। আপনি অনুগ্রহ করে নিমন্ত্রণ রক্ষা করতে গেছেন তারজন্য আমার পরিবারবর্গ কৃতজ্ঞ। কিন্তু পারিবারিক একটা অনুষ্ঠানে আপনি বলেছেন উপকার করেছি। কিন্তু আমি আপনার কাছ থেকে উপকার নিইনি। আমি টাকা জমা দিয়েছি পি.ডব্লু.ডি ডিপার্টমেন্টকে এবং তারজন্য মতীশ রায়কে ধন্যবাদ। তিনি উপরের ৪টি ঘর করে দিয়েছিলেন। কিন্তু পারিবারিক অনুষ্ঠান নিয়ে আপনি সংবাদপত্রে যা বলেছেন তা কেন বলেছেন আমি বুঝতে পারছি না। একথা মুখ্যমন্ত্রীও বলেননি, সি.পি.এম. পার্টির অন্য কোনও সদস্য বলেননি। আপনি বলেছেন। আপনি স্পিকার, ইউ আর আওয়ার প্রোটেক্টর, গণতন্ত্রের মন্দিরে পূজারি হয়ে বসে আছেন। কোথায় আমাদের রক্ষা করবেন, কিন্তু তা না করে আপনি গায়ে কলঙ্ক লেপন করছেন। কাগজে যা বেরিয়েছে এবং আপনি যে ভাষাগুলি ব্যবহার করেছেন তাতে আমি আপনাকে বলছি, আপনি দেখাতে পারবেন যে আমার ছেলের বিয়েতে আপনি উপকার করেছেন? যদি দেখাতে পারেন তাহলে আমি পদত্যাগ করে চলে যাবো। আর যদি না দেখাতে পারেন আপনি স্পিকারের পদ থেকে পদত্যাগ করে চলে যাবেন কিনা তা আমি জানি না, তবে কাল থেকে ৩ জন জজসাহেব আমাকে টেলিফোন করছেন। তারা আমার ছেলের বিয়েতে এসেছিলেন। তারা বলছেন, আপনি স্পিকারের কাছ থেকে কি সুযোগ নিয়েছিলেন? আমরা তো আপনার ছেলের বিয়েতে নিমন্ত্রণ খেয়ে এলাম। আপনি যদি দেখাতে পারেন এই উপকার করেছি তাহলে আমি পদত্যাগ করে চলে যাব আর যদি না দেখাতে পারেন তাহলে বাধ্য হয়ে আমাকে ভাবতে হবে। আপনার বিরুদ্ধে তো প্রিভিলেজ হবে না এবং তা করতেও পারব না। আপনি বলেছেন কিনা জানি না, যদি না বলে থাকেন খুবই ভাল। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, আমাদের সমস্ত পরিবারবর্গ, আত্মীয়বর্গ এই নিয়ে বারে-বারে টেলিফোন করছেন। "আজকাল কাগজে যা বেরিয়েছে তাতে অনেক কথা আপনি বলেছেন। সংবাদপত্র ঝগড়া-ঝাটি টাইপের করিয়ে দেবার মতন লিখেছে। আপনি কি কনটেক্সটে বলেছেন তা আমি জানি না। এটা যদি হয়ে থাকে তাহলে খুবই দুঃখ জনক ব্যাপার, না হওয়াই বাঞ্ছনীয়। আপনি সমস্ত মেম্বারদের কাছে নিউট্রাল থাকবেন, কিন্তু আপনার বলার ভঙ্গীতে কাগজে যেটা বেরিয়েছে আপনি উপকার করতে চেয়েছেন কিন্তু সবচেয়ে বেশি ক্ষতি করেছেন। এই ক্ষতি করার ফলে আমি আপনার বিরুদ্ধে কিছু বলছি না, কাগজে যদি বেরিয়ে থাকে সেটা অত্যন্ত দুর্ভাগ্যজনক, এটা মাননীয় স্পিকারের চেয়ার থেকে হওয়া উচিত নয়।

## RULING FROM CHAIR

**Mr. Speaker :** The matter which Shri Satya Ranjan Bapuli has raised, and the question, arose from an interview report of AAJKAL taken from me; it is arising from a dispute within the Congress Party basically. They came to me to know and they said that an enquiry committee was set up to ascertain as to what facilities had been obtained by the Congress MLAs from the ruling party or from the government in the nature of allotment of land or flat or any other facilities and who they were. I told them straightway that I did not think that

any MLA either of the ruling party or of the opposition or of any group in the opposition if he had taken any flat or allotment of land or any other similar facility it was any favour. Because if a certain political party is in government the members of the opposition have a right to approach the government for allotment of land or flat or any other assistance they may require because they are the MLAs. It is my unequivocal stand. I have not said that it is a favour. The question does not arise here. The question arose as to whether Mr. Bapuli had got any flat or not I said, 'Yes, he has got a flat'. What was the nature of the flat, I do not know. You enquire it from Mr. Bapuli. Then the next question arises here and this is very clear. I told them that the MLAs are political workers they are spending their time, sacrificing their family relationship, sacrificing their work in the political cause. So it is not possible for them always to save money or to acquire property at the market rate. The Government has to assist the political workers even the old political workers and if they get something from the government that is not the favour because no political compromise is sought for. I repeat that I said—many MLAs of all parties came to me and I treated all MLAs equally and I don't pick and choose if any MLA makes application to me for flat or land or for the medical seats from the Chief Minister's quote I have recommended unequivocally each and everyone of them. No MLA can say that he came to me and his case has not been recommended. But what the government does about it that is a different matter. I on my part have recommended it unequivocally, equally treating each and every MLA.

I have not differentiated not even in a single case. Now the question arises here that I do not think after I have recommended anything or have done any favour to any MLA, no MLA should feel obliged to me because I have recommended. Because I am the Speaker. They will have to come to me for their problems if they have problems. And if I recommend or do not recommend, that is not a part of a favour and when recommended, it is part of the office I hold that has to be very clearly understood if they understand the parliamentary system. These are all petty things. The manner it is raised, the manner it is debated, the vague term it is too small for us to understand this thing, Sitting in the Chair of the Speaker, it is my job if any MLA approaches me to recommend his problem or look into or to see his case. Whenever done, I have done it with equality and I am proud to have done it. There is nothing wrong in that. I hope it is taken in that perspective, Nothing more, nothing less. So, no debate on this.

[1-20 — 1-30 p.m.]

(NOISE)

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার কাছ থেকে কি ফেভার নিয়েছি সেটা বলুন! ... (গোলমাল) ...

**(এই সময় কতিপয় কংগ্রেস বিধায়ককে উঠে দাঁড়িয়ে মিঃ স্পিকারের উদ্দেশ্যে কিছু বলতে দেখা যায়)।**

**মিঃ স্পিকার ঃ** হোয়াট আই সেড আই হ্যাভ সেড। আই উইল নট গো ইন্টু এনি ডিবেট অন দ্যাট। আপনারা বসুন। মিঃ ডি.পি. সরকার, আপনি বলুন।

**(এই সময় শ্রী সত্যরঞ্জন বাপুলি, শ্রী সৌগত রায় সহ কতিপয় কংগ্রেস বিধায়ককে ওয়াক আউট করতে দেখা যায়)**

## MENTION CASES

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় এখানে উল্লেখ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সারা পশ্চিমবঙ্গে বিদ্যুৎ সঙ্কটের কারণে একটা ভয়াবহ পরিস্থিতি, বিশেষ করে গ্রামাঞ্চলে বিদ্যুৎ সঙ্কটের ফলে একটা মারাত্মক অবস্থা সৃষ্টি হয়েছে। শুধু লো ভোল্টেজ নয়, লোডশেডিং এবং সাম্প্রতিক ঘটে যাওয়া প্রাকৃতিক দুর্যোগের কারণে বিভিন্ন জায়গায় বিদ্যুৎ-ব্যবস্থায় একটা নৈরাজ্যের পরিস্থিতি সৃষ্টি হয়েছে এবং তারফলে বিভিন্ন জায়গায় জনসাধারণ বিক্ষোভে ফেটে পড়ছেন এবং বিভিন্ন স্থানে বিদ্যুৎ অফিসগুলি ভাংচুর হচ্ছে। সরকার বলছেন যে, বিদ্যুৎ নাকি রাজ্যে উদ্বৃত্ত হচ্ছে, অথচ বাস্তবে রাজ্যে বিদ্যুতের এইরকম একটা পরিস্থিতি! এই অবস্থায় সরকার আবার বিদ্যুতের দাম বাড়াবার সিদ্ধান্ত নিয়েছেন কৃষিসহ সর্বক্ষেত্রে। একদিকে কোটি কোটি টাকার বিদ্যুৎ চুরি হচ্ছে, কিন্তু এই অপচয় বন্ধ করতে পারছেন না, অন্যদিকে বিদ্যুতের দাম বাড়িয়ে জনগণের উপর বাড়তি চাপ সৃষ্টি করছেন। পশ্চিমবঙ্গের এইরকম ভয়াবহ বিদ্যুৎ সঙ্কট নিরসনের জন্য সরকার কি ব্যবস্থা নিচ্ছেন সেটা জানাবার জন্য মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর বিবৃতি দাবি করছি।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উলুবেড়িয়া থানার অন্তর্গত বীরশিবপুর বোয়ালিয়া রাস্তাটির বর্তমানে ভয়াবহ অবস্থা। কয়েকদিন আগে ঐ রাস্তায় একটি বাস অ্যাকসিডেন্ট হয়ে তিনজন মারা গেছেন এবং ছয়জন আহত হয়ে উলুবেড়িয়া হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। রাস্তাটির বর্তমানে এমন অবস্থা যে, যে কোনও সময় ঐ রাস্তায় আবার বাস অ্যাকসিডেন্ট হতে পারে। হাজার হাজার যাত্রি বীরশিবপুর, বোয়ালিয়া থেকে ঐ রাস্তা হয়ে উলুবেড়িয়া স্টেশনে আসেন, কারণ তাদের আসার আর কোনও রাস্তা নেই। তাই ঐ রাস্তাটি সংস্কার করবার জন্য আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে টি.এন. সেসন কলকাতায় এসেছেন। মুখ্যমন্ত্রী ১৪ই সেপ্টেম্বর প্রধান মন্ত্রীর বাস ভবনে গিয়ে তার কাছে অনুরোধ

করেছেন যে সেসনের কাজকর্ম-এর বিরুদ্ধে এবং তার ক্ষমতাকে খর্ব করার জন্য অর্ডিন্যান্স জারি করা হোক এবং এটা বলেছেন, রাজ্য সরকার যে মামলা করেছেন টি.এন. সেসনের বিরুদ্ধে কেন্দ্রীয় সরকার যেন তাতে সামিল হন। এই অনুরোধ তিনি প্রধান মন্ত্রীর কাছে করেছেন। কিন্তু আমরা মনে করি যে, 'নো আইডেন্টিটি কার্ড, নো ভোট' এই মতকে কংগ্রেস দল দৃঢ়ভাবে বিশ্বাস করে এবং দেশের মানুষও এই মতকে মেনে নিয়েছে। সি.পি.এম এবং রাজ্যের মুখ্যমন্ত্রী কেন এই ব্যাপারে ভীত সেটা আমাদের কাছে পরিষ্কার। তারা যেনতেন প্রকারেন আইডেন্টিটি কার্ড দেবার যে পরিস্থিতি সেই পরিস্থিতিকে নষ্ট করে দেবার ভয়ঙ্কর উদ্যোগ পশ্চিমবাংলায় নেবার চেষ্টা করেছেন। আমরা এই মনোভাবের তীব্র নিন্দা করছি। রাজ্য সরকার জেনে রাখুন, টি.এন. সেসন নো আইডেন্টিটি কার্ড, নো ভোট, এই সিদ্ধান্ত ঘোষণা করেছেন, সেই সিদ্ধান্তের পিছনে আমাদের পরিপূর্ণ সমর্থন আছে। আজকে সচিত্র পরিচয়-পত্র দিয়ে যদি ভোট হয় তাহলে সি.পি.এম আর ক্ষমতায় থাকবেন, এটা আপনারা জেনে রাখুন। অগণতান্ত্রিকভাবে আপনারা সরকারে আছেন তার অবসান হবে। আমরা সে জন্য আইডেন্টিটি কার্ড যাতে চালু করা হয় তারজন্য আবেদন জানাচ্ছি।

[1-30 — 1-40 p.m.]

**শ্রী রবীন মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটু আগে সুদীপ বন্দ্যোপাধ্যায় একটা অ্যাডজর্নমেন্ট মোশনের উল্লেখ করেছিলেন যে পশ্চিমবঙ্গে আইন-শৃঙ্খলা ভেঙে পড়েছে। আমরা এই প্রসঙ্গে অনেকদিন থেকে বলে আসছি যে পশ্চিমবঙ্গের সুস্থ্য আইন-শৃঙ্খলাকে ভেঙে ফেলবার জন্য সমস্তরকম চক্রান্ত কংগ্রেস আই-এর পক্ষ থেকে করা হচ্ছে। আমরা একথা রাজ্য বিধানসভায় অনেকদিন থেকে বলে আসছি। এই রাজ্যের আইন-শৃঙ্খলা কিরকম সেটা যদি সারা ভারতবর্ষের সঙ্গে তুলনা করে দেখেন তাহলে দেখা যাবে যে এই রাজ্যের আইন-শৃঙ্খলা অন্যান্য রাজ্য থেকে অনেক উন্নত। এই যে কংগ্রেস দল, যে দল পরিপূর্ণ ভাবে সমাজ বিরোধিদের আখড়ায় পরিণত হয়েছে, সেই দলের লোকেরা এখানে স্বাধীনভাবে কাজকর্ম করে যেতে পারছে। আমরা কয়েকদিন আগে গভীর উদ্বেগের সঙ্গে পত্র-পত্রিকায় লক্ষ করেছি যে রাজ্যের বিভিন্ন প্রান্তে বহরমপুরে কংগ্রেস সাপোর্টেড যে সমস্ত আর্মস গার্ড আছে, তারা সেখানকার জন-জীবন বিপর্যস্ত করে তুলেছেন এবং কয়েকজনকে খুন করা হয়েছে। মহেশতলায় রবি মজুমদারকে খুন করা হয়েছে। কালনায় কংগ্রেস এবং বি.জে.পি. মিলিতভাবে সেখানে খুন করেছে এবং কমিশনার অ্যারেস্ট হয়েছে। এছাড়া কয়েকদিন আগে পারিবারিক আদালত যেটা রাজ্য সরকার সুপ্রিম কোর্টের নিয়ম মাফিক এখানে চালু করেছেন, সেখানেও তাদের ভাংচুর এবং নিগ্রহ করা হয়েছে। সেখানে কংগ্রেস দলের নেতা অশোক দেব এবং দিব্যেন্দু বিশ্বাস, তারা সেখানে গ্রেপ্তার হয়েছে। সমস্ত রাজ্যে যেখানে খুন-খারাপি হচ্ছে, সব কংগ্রেস দলের পক্ষ থেকে করা হচ্ছে। পশ্চিমবাংলায় এরা সম্মেলনের নামে অশান্তি সৃষ্টি করার চেষ্টা করছে। কয়েকদিন আগে মমতা ব্যানার্জির নেতৃত্বে মহারাষ্ট্র নিবাস হলে সারা রাজ্যের মস্তান এবং সমাজবিরোধীদের নিয়ে তারা সম্মেলন করেছেন। আজকে বিভিন্ন ভাবে বিভিন্ন জায়গায় তারা সমাজ বিরোধীদের উস্কানি দিচ্ছেন।

**(এই সময়ে স্পিকার অন্য বক্তাকে ডাকায় মাইক অফ হয়ে যায়)**

**শ্রী শিবদাস মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য রবীনবাবু এখানে মমতা

ব্যানার্জির নাম করে বক্তব্য রাখলেন। তিনি একজন লোকসভার সদস্যা, তিনি এখানে উপস্থিত নেই। উনি তার নাম করে এখানে বক্তব্য রেখেছেন। কাজেই আমি আপনার কাছে অনুরোধ করব যে আপনি এটা প্রসিডিংস থেকে বাদ দিয়ে দেবেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের জেলা হাসপাতালটি কৃষ্ণনগরের শক্তিনগরে অবস্থিত। এই হাসপাতালে দুর্নীতি, অরাজকতা পরিপূর্ণ ভাবে চলছে। এই সদর হাসপাতালে কুকুর, বেড়াল, শুয়োর রুগীদের সঙ্গে সহবস্থান করছে। সেখানে নামে একটা ব্লাড ব্যাঙ্ক আছে কিন্তু কোনও রক্ত পাওয়া যায়না। রুগীদের চিকিৎসার জন্য যে এক্স-রে মেশিনটি আছে সেটা।. অকেজো হয়ে পড়ে আছে। জীবনদায়ী কোনও ঔষধ পাওয়া যায়না, কোনও ভ্যাকান্সি নেই। ধুবুলিয়া দেশবন্ধু হাই স্কুলের সপ্তম শ্রেণীর ছাত্র সনাতন ঘোষকে সাপে কামড়ায় এবং তাকে কৃষ্ণনগর সদর হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে তার সাপে কামড়ানোর কোনও চিকিৎসা হয়নি সাপে কামড়ানোর ভ্যাকসিন ছিল না বলে। ফলে সেই ছাত্রটি মারা যায়। সেইজন্য সেই স্কুলের ছাত্ররা এবং তার আশেপাশে সমস্ত স্কুলের ছাত্ররা এক দিনের বন্ধ পালিত করে। নদীয়া জেলার সদর হাসপাতালে সাড়ে চারশো বেড আছে, সেই হাসপাতালে একটা ছাত্র মারা গেল বিনা চিকিৎসায়। তার কোনও প্রতিকার নেই। তাই আমি কুকুরে কামড়ানো, সাপে কামড়ানোর সুষ্ঠু চিকিৎসার জন্য নদীয়া জেলার সদর হাসপাতালে যাতে ভ্যাকসিন পৌঁছে দেওয়া হয় তারজন্য আবেদন জানাচ্ছি। এই সনাতন ঘোষ মা-বাবার একমাত্র সন্তান, সেই সন্তানকে তাদের কাছে ফিরিয়ে দেবার ক্ষমতা স্বাস্থ্যমন্ত্রীর নেই। যাতে এই ঘটনা আর না ঘটে তারজন্য অবিলম্বে সেখানে ভ্যাকসিন পৌঁছে দেবার ব্যবস্থা তিনি যেন করেন। বামফ্রন্ট সরকারের স্বাস্থ্য বিভাগের অপদার্থতার জন্য এই ঘটনা ঘটল। এর কোনও প্রতিকার হচ্ছে না।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হল কলকাতা কর্পোরেশন সহ আরও ৭৪টি মিউনিসিপ্যালিটির নির্বাচন আগামী ৬ মাসের মধ্যে হবে। এখন নূতন যে নগরপালিকা আইন তৈরি হয়েছে সেই আইনে মহিলাদের এবং শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবদের সংরক্ষণের ব্যবস্থা হয়েছে। ওয়ার্ড ডিলিমিটেশনের ব্যবস্থা রাখা হয়েছে। ৫টি ক্যাটাগরিতে মিউনিসিপ্যালিটি ভাগ করা হয়েছে, কোন ক্যাটাগরিতে কি সিট হবে বলে দেওয়া হয়েছে। এই অবস্থা আমরা লক্ষ করছি গোপনে একমাত্র মার্কসবাদি কমিউনিস্ট পার্টি নিজেদের মধ্যে আলোচনা করে পৌরসভাগুলির ওয়ার্ড ডিলিমিটেশন শুরু করে দিয়েছে এবং রিজারভেশনটা এগিয়ে নিয়ে যাচ্ছে। পশ্চিমবাংলার অন্যান্য রাজনৈতিক দল এমন কি আমরা, বিরোধী দল এই ব্যাপারে সম্পূর্ণ অন্ধকারে রয়েছি। কিভাবে ওয়ার্ড ডিলিমিটেশন হচ্ছে, কি ভাবে রিজারভেশন হচ্ছে এই ব্যাপারে অপোজিশনকে অন্ধকারে রাখা হচ্ছে, কিভাবে হচ্ছে এটা আমরা বুঝতে পারছি না। ডি.এম. একটা সারকুলার দিয়ে দিয়ে দিয়েছেন, মিউনিসিপ্যালিটি তার ভিত্তিতে কাজ এগিয়ে নিয়ে যাচ্ছে। এই ব্যাপারে বিরোধী দলের একটা ভূমিকা থাকে। ওয়ার্ড ডিলিমিটেশনের ব্যাপারে বিরোধী দলের একটা মতামত নেওয়া হয়। স্টেট ইলেকশন কমিশনার যিনি আছেন তরুন দত্ত তিনি তো সরকারের ধামাধরা, শাসক দলের পৃষ্ঠপোষক, তাদের কাছে জানিয়েও

কোনও ফল হচ্ছে না। তার অফিস কোথা সেটাও জানা যাচ্ছে না। নির্বাচন কিভাবে হচ্ছে না হচ্ছে, ওয়ার্ড ডিলিমিটেশন কি ভাবে হচ্ছে না হচ্ছে এই ব্যাপারে সকলকে অবগত করার জন্য একটা সর্বদলীয় বৈঠক ডাকার জন্য আমি মাননীয় পৌরমন্ত্রীকে অনুরোধ করছি। সর্বদলীয় বৈঠক ডেকে রাজ্য স্তরে, জেলা স্তরে ঠিক হোক কিভাবে ওয়ার্ড ডিলিমিটেশন হবে সেটা ঠিক করা হোক। একতরফা ভাবে সিদ্ধান্ত নিয়ে দলীয় উদ্দেশ্য নিয়ে সিদ্ধান্ত করে নির্বাচনকে প্রহসনে পরিবর্তন করবেন না। মানুষের গণতান্ত্রিক অধিকারকে বিলোপ করবেন না। দয়া করে জেলা স্তরে, রাজ্য স্তরে সর্বদলীয় বৈঠক ডেকে, মিউনিসিপ্যালিটিগুলিতে সর্বদলিয় বৈঠক ডেকে ঠিক করুন কিভাবে ওয়ার্ড ডিলিমিটেশন হবে, রিজারভেশনের ব্যবস্থা কিভাবে করা হবে। তা না হলে নির্বাচন গ্রহণে পরিণত হবে। পঞ্চায়েত ইলেকশনে আমরা দেখেছি শাসক দলের স্বার্থ চরিতার্থ করার জন্য বিরোধী দলকে অন্ধকারে রেখে রিজারভেশন করেছেন, ডিলিমিটেশন করেছেন। এবারেও তার পুনরাবৃত্তি করার ষড়যন্ত্র করবেন না। আমি আপনার মাধ্যমে পৌরমন্ত্রীর কাছে অনুরোধ করছি এই ষড়যন্ত্র বন্ধ করুন এই চক্রান্ত বন্ধ করুন। গণতান্ত্রিক উপায়ে সর্বদলীয় বৈঠক ডেকে নির্বাচনের ব্যবস্থা করুন।

**শ্রী অবিনাশ প্রামানিক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কেন্দ্র হুগলি জেলার বলাগড়ে ৬টি গ্রাম পঞ্চায়েত ভাগীরথী নদীর পাশে অবস্থিত। গুপ্তিপাড়া এক নম্বর এবং দুই নম্বর, শ্রীপুর, চরকৃষ্ণ বাটি, জিরাট এবং সিরাজপুর এই গ্রামপঞ্চায়েতগুলি পাশে অবস্থিত। নদীর পাশে যে সমস্ত গ্রামগুলি রয়েছে তারমধ্যে অনেকগুলি গ্রাম নিশ্চিহ্ন হয়ে যাওয়ার অবস্থা দেখা দিয়েছে। বহু মানুষ নদী ভাঙনের ফলে গৃহহারা হয়েছেন এবং তারা রাস্তার বিভিন্ন জায়গায় বসবাস করছেন। কয়েক বছর ধরে এই নদী ভাঙন চলছে। বারবার করে এই নদী ভাঙন বন্ধ করার জন্য বলা সত্ত্বেও এই ভাঙন বন্ধ হয়নি। গুপ্তিপাড়ায় নদীর ফোর্সটা পরিবর্তন হয়ে যাচ্ছে। গুপ্তিপাড়া একটি ঐতিহাসিক জায়গা, নদী ভাঙনের ফলে আজকে সেটি নিশ্চিহ্ন হয়ে যাবার অবস্থায় এসে দাড়িয়েছে। সেচ মন্ত্রীকে বারে বারে বলা হয়েছে, কেন্দ্রীয় সরকারকেও বলা হয়েছে অথচ এখনও পর্যন্ত সেই নদী ভাঙন বন্ধ করবার কোনও ব্যবস্থা হয়নি। আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে অবিলম্বে এই ভাঙন বন্ধ না করলে কয়েকটি গ্রাম নিশ্চিহ্ন হয়ে যাবে। গুপ্তিপাড়ায় যে সমস্ত উদ্বাস্তু বসবাস করছিলেন, এই নদী ভাঙনের ফলে তারা আবার নতুন করে উদ্বাস্তু হয়ে গেছেন। তাদের এখন পুনর্বাসনের ব্যবস্থা হয়নি। সেজন্য আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে ঐ নদী ভাঙন বন্ধ করার এবং যারা উদ্বাস্তু হয়েছেন তাদের পুনর্বাসনের ব্যবস্থা করুন।

**শ্রী প্রবীর ব্যানার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এখন বর্ষা চলছে। রাস্তাঘাটের অবস্থা অত্যন্ত খারাপ। আমার বিধানসভা কেন্দ্র সম্বন্ধে বহুবার বলেছি এবং এর আগে লিখিতভাবে বলেছিলাম। আমার ওখানে একটি রাস্তা আছে ১৬ কি.মি. দীর্ঘ। এই রাস্তার সঙ্গে সীমান্তের মানুষের যোগাযোগ। সেখানে আগে তিনটি রুটের বাস চলতো, এখন দুটি রুটের বাস বন্ধ হয়ে গেছে। রাস্তায় কোমর সমান গর্ত হয়েছে। বারবার করে বলার পর আমাকে একজিকিউটিভ ইঞ্জিনিয়ারের সঙ্গে দেখা করতে বলেছিলেন মাননীয় মন্ত্রী মহাশয়। আমি তারসঙ্গে দেখা করে জানতে পারলাম যে ১৬ কি.মি.

রাস্তার জন্য গভর্নমেন্ট স্যাংশন করেছেন মাত্র ২৫০০০ টাকা। রাস্তাটিতে এখনও পর্যন্ত ব্যাট সোলিং হয়নি এবং রাস্তাটির অবস্থা অত্যন্ত খারাপ হয়ে পড়েছে। সীমান্ত অঞ্চলের এই রাস্তাটির যখন এই অবস্থা এবং ওখানে এখন ভোটার লিস্টের কাজ চলছে, ওখানে কোনও সমস্যা দেখা দিলে ওখানকার মানুষরা কলকাতায় পর্যন্ত আসতে পারছেন না। প্রায়ই বহু দুর্ঘটনা ঘটছে এবং বহু ক্ষতি ইতিমধ্যে হয়েছে। সীমান্ত অঞ্চলের মানুষের কাছে এই রাস্তাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। রাজ্য সরকার সিদ্ধান্ত নিয়েছিলেন যে সীমান্ত অঞ্চলে সড়ক ব্যবস্থার উন্নতি করা হবে। কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে ৬ কোটি টাকা এইজন্য এসেছে। সব রাস্তাগুলিই বর্ডারের সঙ্গে কানেকটেড। রাজ্য সরকারের যদি টাকা না থাকে, তাহলে ডি.এম:কে বলে কেন্দ্রীয় সরকার যে ৬ কোটি টাকা পাঠিয়েছে তা থেকে শুটিয়া বাজার টু বেড়ি গোপালপুর ঘাট, এই রাস্তাটি অবিলম্বে মেরামতির ব্যবস্থা করা হোক।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দীর্ঘকাল ধরে সংস্কার এবং মেরামতির অভাবে এবং সাথে সাথে বর্ধমান জেলার পূর্ত দপ্তরের একজিকিউটিভ ইঞ্জিনিয়ারের অবহেলার জন্য উক্ত জেলার গুরুত্বপূর্ণ রাস্তা মেমারি থেকে মন্তেশ্বরি রোডের অবস্থা অত্যন্ত করুণ হয়ে দাঁড়িয়েছে। রাস্তাটির উপরে ছোটবড় গর্ত সৃষ্টি হয়েছে। বর্তমানে বর্ষার জল জমে অবস্থা আরও ভয়াবহ আকার ধারণ করেছে এবং যানবাহন চলাচলের সম্পূর্ণ অনুপযুক্ত হয়ে পড়েছে। জনস্বার্থে ঝুঁকি নিয়ে বাসগুলো চলাচল করছে। প্রায়ই ছোটখাট দুর্ঘটনা ঘটছে। অবিলম্বে জরুরি ভিত্তিতে মেরামতের ব্যবস্থা না হলে যোগাযোগ ব্যবস্থাটা সম্পূর্ণ বিপর্যস্ত হয়ে পড়বে। তাই অবিলম্বে এই বিষয়ে পূর্ত মন্ত্রীর কাছে ব্যবস্থা গ্রহণের জন্য আমি আবেদন জানাচ্ছি।

**শ্রী সুকুমার দাস ঃ** মাননীয় স্পিকার মহাশয়, সংসদীয় গণতন্ত্র একটা বৃহত্তর গণতান্ত্রিক মঞ্চ হিসাবে আমরা জানি। কিন্তু আপনিই বলুন এই বিধানসভার সদস্য যা বলেন পশ্চিমবঙ্গের ভারপ্রাপ্ত মন্ত্রীরা সেই সমস্যার সুরাহা করার চেষ্টা করেন কি? আমি এই পূর্ত দপ্তর ব্যাপারে বলতে চাই। এই পূর্ত দপ্তরের ব্যাপারে শাসক দল থেকে শুরু করে বিরোধী দলের কয়েকজন এই দপ্তর নিয়ে কথা বলেছেন। আজকে শাসকদলেরাও একমত হবেন যে পশ্চিমবঙ্গের সর্বত্র রাস্তা ঘাটের ভাংচুর অবস্থা, কোথাও স্ট্যান্ডার্ড রাস্তা নেই। স্টেট হাইওয়ের ঠিক একই অবস্থা। শাসকদলের তরফ থেকে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে দরবার করেছি। আমরা একজিকিউটিভ ইঞ্জিনিয়ার, সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ার, চিফ ইঞ্জিনিয়ারের কাছে এবং কখনো কখনো মন্ত্রীর সঙ্গেও দেখা করেছি। কিন্তু সব জায়গাতেই একই অবস্থা যে টাকার অভাব। এরফলে আজকে পশ্চিমবঙ্গ ডুবছে এবং বামফ্রন্ট সরকার যতদিন ক্ষমতায় থাকবে ততদিন পশ্চিমবঙ্গে এই অবস্থা চলবে। আজকে টেকনোক্রাট এবং বুরোক্র্যাটদের মধ্যে একটা লড়াই চলছে। এরফলে পশ্চিমবঙ্গের বেহাল অবস্থা। আপনি হচ্ছেন এখানকার কাস্টোডিয়ান, আপনি যতই স্টান্ডার্ড উচু করবার চেষ্টা করুন না কেন এখানে বিধানসভা এই বৃহত্তম মঞ্চে ট্রেনিং প্রোগ্রাম ইজ গোয়িং অন, বাট হোয়েন দি মেম্বার অফ দি হাউস সেজ সামথিং, দ্যাট ইজ নট বিইং টেকিং ইন্টু কনসিডারেশন বাই দি ডিপার্টমেন্ট কনসার্ন্ড। আমি মেদিনীপুর জেলা সম্বন্ধে বলছি, ওখানে কোলাঘাট একটি গুরুত্বপূর্ণ শহর এবং হলদিয়াতে শিল্পকেন্দ্র গড়ে উঠছে, অথচ এখানকার রাস্তার যে অবস্থা তাতে ভয়াবহ রূপ ধারণ করেছে। তাছাড়া দিঘা-খড়গপুর রাস্তার

ভয়াবহ অবস্থা, চলাফেরা করা যায় না। এমন কি নতুন নতুন যেসব রাস্তা হয়েছে সেগুলোর পীচ পর্যন্ত নেই। আজকে পূর্ত দপ্তর যেহেতু আর এস পির হাতে সেই কারণে কি সিপিএম শাসকদলে আছে বলে টাকা মঞ্জুর করতে চাইছেন না? সেই কারণে আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্ত মন্ত্রীর কাছে আবেদন করছি যে, রাস্তাঘাটের অবস্থা অবিলম্বে উন্নত করা হোক।

**শ্রী দীপক মুখার্জি ঃ** মাননীয় স্পিকার মহাশয় আমি আপনার মাধ্যমে মাননীয় বিচার বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে বিচার ব্যবস্থা যেখানে গণতান্ত্রিক ব্যবস্থার অন্যতম অঙ্গ সেখানে তারই আজকে ভয়ঙ্কর অবস্থা। সেখানে কিছু আইনজীবী, যারা কংগ্রেস গোষ্ঠী সেই আইনজীবীদের একজন অশোক দেব, তার নেতৃত্বে পারিবারিক আদালত যেটা করা হয়েছে তার উপরে আক্রমণ করা হয়। এই আদালত মুখ্যমন্ত্রী সংগঠিত করেছিলেন। সেখানে বিচারপতির উপরে আক্রমণের ফলে তিনি রক্তাক্ত অবস্থায় মন্ত্রীর কাছে হাজির হন। সবচেয়ে আশ্চর্যের ব্যাপার যে, ওই দোষী ব্যক্তি কি আটক হয়ে ওইদিন রাত্রেই পি.আর বন্ডে রিলিজ হয়ে গেলেন! পুলিশের একাংশ এদেরকে মদত দিচ্ছে বলে আমি মনেকরি। আমি এই কারণে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এইভাবে আইনজীবীদের যারা কোর্টের ভেতরে মারধোর করল এবং ভাংচুর করল তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়। এরা বিধানসভাতেও ভাংচুর করেছে, এখন কোর্টের উপরে আক্রমণ চালালো। গোটা পশ্চিমবঙ্গের বিচার বিভাগের এরা অমর্যাদা করছে। সুতরাং আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করছি যে, আইনজীবী হলেই তিনি আইনের উর্ধ্বে থাকতে পারেন না, সুতরাং যথাযথ ব্যবস্থা এরজন্য গ্রহণ করতে হবে। যারা সমাজবিরোধী কাজ করে তারাও যেমন অপরাধী এরাও সেই পর্যায়ে পড়ে। সুতরাং অবিলম্বে এদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হোক।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আমরা তো শুনছি এরা খুব বিচার ব্যবস্থার পক্ষে, কিন্তু ওরা ভুলে গিয়েছেন বিমান বসু কি বলেছিলেন বিচারকদের সম্পর্কে, তাদের লোকেরাই বিচারকদের আবার সমর্থন করছেন। মিঃ স্পিকার স্যার, আজকে আমি আনন্দের সঙ্গে ঘোষণা করছি, আমাদের মুখ্য নির্বাচন কমিশনার টি.এন. সেশান তিনি কলকাতায় আসছেন এবং আমরা হাউসের সদস্য হিসাবে টি.এন. সেশানকে স্বাগত জানাচ্ছি। ভারতবর্ষে ভোটে জালিয়াতি রুখতে তিনি যে ব্যবস্থা নিচ্ছেন, মাসল পাওয়ার কমাবার ব্যাপারে, টাকার খেলা রুখতে তিনি যে ব্যবস্থা নিচ্ছেন তার জন্য তাকে সর্বাঙ্গীনভাবে আমি সমর্থন করি। টি.এন. সেশান তিনি নিজে বলেছেন ৯৫ সালের ১লা জানুয়ারির পর থেকে পরিচয় পত্র ছাড়া ভোট হবে না। ভোটের জন্য যে পরিচয় পত্র চালু হবে এটাকে আমরা সমর্থন করি। পরিচয় পত্র চালু করার ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকারের যে টালবাহানা এবং বাধা দেবার চেষ্টা একে আমরা তীব্র নিন্দা করি। পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী বিভিন্ন সময় মুখ্য নির্বাচনী কমিশনার সম্পর্কে যেসব মন্তব্য করছেন তারও তীব্র নিন্দা করি। পশ্চিমবঙ্গ সরকার আজকে তারা চেষ্টা করছেন কোন আইনের ফাঁক ফোঁকর দিয়ে সামনের বিধানসভা নির্বাচনটিকে যাতে আইডেন্টিটি কার্ড ছাড়া করা যায় অর্থাৎ আইডেন্টিটি কার্ড চালু করাটা বন্ধ করা যায়। আমরা চাই সামনের নির্বাচনটা জালিয়াতি মুক্ত নির্বাচন হোক। এই ব্যাপারে টি.এন.সেশান যে পদক্ষেপ নিয়েছেন এটা একটা বড় পদক্ষেপ হবে। তাই এই হাউস থেকে এই প্রস্তাবকে সম্পূর্ণ করা উচিত এবং এই সরকারের পক্ষ থেকে যে বাধা দেবার চেষ্টা তার তীব্র নিন্দা করা উচিত।

**শ্রী ননী কর ঃ** মিঃ স্পিকার স্যার, আমি একটি গুরুতর বিষয় সম্পর্কে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিষয়টি হচ্ছে ঃ হাবড়ার শ্রী চৈতন্য কলেজ, এই কলেজে ডিগ্রি ক্লাসে ভর্তি শুরু হয়েছিল, ২২শে আগস্ট থেকে। সেখানকার কলেজ ইউনিয়নের নেতৃত্বে, সেখানে প্রচন্ড গোলমাল হয় ২২ তারিখে। ভর্তি স্থগিত হয় ৩০।৮।৯৪ তারিখে, সেখানে আবার ভর্তি শুরু হলে সেখানকার ইউনিয়নের চাপে যারা ভর্তি হল, তাদের মধ্যে দেখা গেল ১১ জনের মার্কশিট জাল, এরা ডিগ্রি ক্লাসে ভর্তি হয়েছে, এই ১১টি মার্কশিট যখন অফিসে ধরা পড়ল জাল, তখন প্রিন্সিপাল মহাশয় বললেন, অধ্যাপকদের কাছে, এই ছাত্রদের একটু ডেকে ধমক দেওয়া দরকার, অধ্যাপকরা রাজি হলেন না। তার ৫ দিন পর থানায় ডায়রি হল, তাতেও শেষ হল না, ৭ তারিখে দেখা গেল আলমারি থেকে সেইগুলি উধাও হয়ে গেছে। সেক্ষেত্রে প্রিন্সিপাল ডায়রি করে বলেছেন, তিনি জানেন না কারা সেইগুলি নিয়েছে। সেই কলেজের যিনি প্রিন্সিপাল তিনি সৌগতবাবুদের দলের লোক, এই কলেজের ইউনিয়ন হচ্ছে ছাত্র পরিষদ। একটা কলেজের ডিগ্রি ক্লাসে, অনার্স ক্লাসে ১১ জন ছাত্র জাল মার্কশিটে ভর্তি হয়েছে তারপরে সেখানে ২টি ডায়রি হয়েছে, এখন এই ব্যাপারে স্বরাষ্ট্র দপ্তর থেকে ব্যবস্থা নেওয়া দরকার; নাহলে পড়াশুনা বলে কিছু থাকবে না। ছাত্র পরিষদ-এর ইউনিয়ন থাকতে পারে, কিন্তু এই ব্যাপারে অবিলম্বে ব্যবস্থা নেওয়া দরকার। এই ব্যাপারে পুলিশে ২টি ডায়রি হয়েছে, সেইজন্য বলব স্বরাষ্ট্র দপ্তর থেকে এই ব্যাপারটি যেন দেখা হয় এবং যারা দোষী তাদেরকে যেন গ্রেপ্তার করা হয়।

[1-50 — 2-00 p.m.]

**শ্রী কমল কান্তি গুহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকার এবং সমস্ত বিধানসভার মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। ৬ই জুন এই বিধানসভায় ভূমি রাজস্বমন্ত্রী দৃষ্টি আকর্ষণ করেছিলেন যে অসেচ এলাকায় ১৮ বিঘা পর্যন্ত কৃষকদের জমির খাজনা লাগবে না, সেচ এলাকায় ১২ বিঘা পর্যন্ত জমির খাজনা লাগবে না। আমরা দেখছি, আজকে ব্যাঙ্ক লোন নিতে গেলে যারা লোন নিতে চাচ্ছে তাদেরকে বলা হচ্ছে খাজনার রশিদ নিয়ে এসো, সেটেলমেন্টের পড়চা নিতে গেলে বলা হচ্ছে খাজনার রশিদ নিয়ে এসো, এমন কি সাব রেজিস্ট্রি অফিসে কেনাবেচা করতে গেলে বলা হচ্ছে, খাজনার রশিদ নিয়ে এসো। নাহলে হবে না। এইভাবে ওরা কৃষকদের উপর অবিচার করছে, খাজনার জুলুম করা হচ্ছে, এরফলে আজকে কৃষকদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়েছে। এই ব্যাপারে আমি পূর্বে ভূমি রাজস্ব মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম কিন্তু কোনও কাজ হয়নি। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্য, মন্ত্রী এবং রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলছি, অচিরে এই সমস্ত নিয়মকানুনগুলি বদলে ১৮ বিঘা পর্যন্ত জমির কৃষকরা যাতে রেহায় পায় তার ব্যবস্থা করা উচিত।

**শ্রী সমর বাউরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ৪ঠা সেপ্টেম্বর সন্ধায় আমাদের পার্টির দুইজন নেতৃ স্থানিয় কর্মি পার্টির কর্মসূচি সেরে বাড়ি ফেরার পথে বি.জে.পি.-র ঘাতক বাহিনীর হাতে খুন হয়ে গেল। ৫ই সেপ্টেম্বর থেকে ১৪ই সেপ্টেম্বর পর্যন্ত বর্ধমান জেলায় ছাত্র-শিক্ষক-মহিলা, কৃষক, যুব সম্প্রদায়ের কয়েক লক্ষ মানুষ বিক্ষোভ দেখিয়েছেন। গত ১৪ তারিখে সমগ্র বর্ধমান জেলায় ছাত্ররা-শিক্ষকরা ধর্মঘট পালন করেছে এবং গত ১৪ তারিখে

সমগ্র পশ্চিমবাংলায় এই ঘটনার প্রতিবাদে ধিক্কার দিবস হিসাবে ঐ দিনটিকে এস.এফ.আই পালন করেছে। আমি এই কথা বলতে চাই ১৯৭৮ সালে বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার পর পশ্চিমবাংলায় আমাদের পার্টির ১৩০০ শহীদ মৃত্যু বরণ করেছে। শহীদের রক্তের পথ বেয়ে আমাদের রাজ্যের মধ্যে শান্তিশৃঙ্খলা রক্ষা করতে হবে। আমি এই কথা বলতে চাই, পুলিশের এক অংশ যদি নিষ্ক্রিয় হয়ে থাকে, তবে তাদের হাতে নির্দিষ্ট তথ্য তুলে দেওয়ার পরেও ১৭ বছর ধরে যে চেষ্টা আমরা করছি মানুষকে সংযত রাখার সেই কাজটা অত্যন্ত কঠিন হবে। আমরা তথ্যানুসন্ধান করে জেনেছি হত্যাকান্ডের ব্যাপারে সাইকেলে করে কে খবর পৌঁছে দিয়েছিল, কার বাড়িতে স্নান করে তারা রক্ত ধুয়েছিল, সেই সমস্ত তথ্য আমরা পেয়েছি। সেই তথ্য আমরা জেলা প্রশাসনের হাতে তুলে দিয়েছি। কিন্তু যেখানে আমরা প্রতিদিন সভার আয়োজন করেছিলাম সেখানে কিন্তু আমরা এই তথ্য তুলে দিইনি। শান্তিশৃঙ্খলা রক্ষার জন্য আমরা তাদের বলেছি এবং এই ক্ষেত্রে সমস্তরকম প্রচেষ্টা নিতে হবে। গত কয়েকদিন ধরে আমাদের রাজ্যে যেভাবে আমাদের বামপন্থী কর্মীদের উপর আক্রমণ হচ্ছে তা থেকে আমাদের সন্দেহ হচ্ছে বি.জে.পি. এবং কংগ্রেস মিলে একটা রাজনৈতিক চক্রান্ত শুরু করেছে। এই অপরাধিদের গ্রেপ্তারের জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি।

**শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনি জানেন স্যার, বঁনগা মহকুমার সাত থেকে আট লক্ষ মানুষের বসতি। বঁনগা হচ্ছে একটি মহকুমা সদর। আমি সেই হাসপাতালের পরিবেশ দেখার জন্য আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করতে চাই, আপনি একবার দয়া করে বনগাঁয় আসুন। সেখানে মেডিসিনের ডাক্তারের অভাবে রোগী ভর্তি হলে পরে বলছে রেফার টু ক্যালকাটা। অ্যাম্বুলেন্স নেই। স্বাস্থ্যমন্ত্রী কোনও কথায় কর্ণপাত করেন না। পাঠিয়েছেন দু'জন ডাক্তার। দুজন শিশু ডাক্তার আছেন। দু'জন শিশু ডাক্তার পাঠিয়ে ঐ এলাকার সমস্ত মানুষকে শিশু এবং নাবালক বলেছেন। সেই চিকিৎসকদের সেখানে পাঠিয়েছেন। সেখানে যা অবস্থা হাসপাতাল নেই, আসন নেই, ঔষুধ নেই, কোনও রোগী নেই। এস.ডি.এম. সেখানে নার্সিং হোম খুলে ব্যবসা করছেন। আমি আপনার মাধ্যমে দাবি করছি দু'জন মেডিসিন ডাক্তার অবিলম্বে সেখানে পাঠান, সেখানকার মানুষ বিপদগ্রস্ত। এই অনুরোধ করে স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রবীন দেব** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের উল্লেখ করতে চাই। দেশজুড়ে আজ আন্দোলন চলছে কেন্দ্রের জনবিরোধী নীতির বিরুদ্ধে এবং ব্যাপক সাড়া পাওয়া যাচ্ছে গোটা দেশ জুড়ে এবং আমাদের রাজ্যেও সংকল্প গ্রহণ করা হয়েছে। ১৫ই আগস্ট স্বাধীনতা দিবসে বিভিন্ন সরকারি দপ্তরগুলোতে এবং সংগঠিত ভাবে মানুষ এই আন্দোলনে সাড়া দিয়েছে। আমরা লক্ষ করেছি যারা কংগ্রেসি, যাদের জন্য, যাদের অনুসৃত নীতির ফলে এই সমস্যা তৈরি হয়েছে তারা দিশেহারা হয়ে এই রাজ্যে বিশৃঙ্খলা সৃষ্টির চক্রান্তে লিপ্ত হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি ইতিমধ্যে শুনেছেন যে, বিভিন্ন প্রতিষ্ঠানে তারা হামলা করেছে। শিক্ষা প্রতিষ্ঠানে মেধার ভিত্তিতে ভর্তি, বামফ্রন্ট সরকারের ১৭ বছরের একটা বড় সাফল্য। যখন বামপন্থী ছাত্র সংগঠনগুলো, শিক্ষক

সংগঠনগুলো এই ক্ষেত্রে একটা উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে তখন কংগ্রেসিরা সেখানে মেধার ভিত্তিতে ভর্তির বিরুদ্ধে শিক্ষা প্রতিষ্ঠানে হামলা করেছে। কৃষ্ণনগরের কথা শুনেছেন, বগুলার কথা শুনলেন। এই কয়েক দিন আগে তারা আর.জি.কর, আয়ুর্বেদ কলেজ এমন কি আর.এ.কে ডেন্টাল কলেজে গিয়ে ছাত্র পরিষদ তাদের এক নেতার ছেলের নামে সেখানে হামলা চালিয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কংগ্রেসিরা আজকে দিশেহারা। একটু আগে একজন সদস্য বললেন, তারা নিজেরাই আজকে বিভক্ত, কয়েক ভাগে বিভক্ত তাদের জানা নেই। সংসদীয় গণতন্ত্রের একটা গুরুত্বপূর্ণ বিষয় শৃঙ্খলা। শৃঙ্খলা কি? কিন্তু একটু আগে দেখলাম কয়েকজন কংগ্রেস সদস্য বেরিয়ে গেলেন আরও কয়েকজন এখানে বসে ছিলেন। এই শৃঙ্খলা ভঙ্গ যেমন আমাদের এখানে হচ্ছে তেমনি আবার বাইরে বিভিন্ন প্রতিষ্ঠানে এই ধরনের হামলা চলছে। যার ফলে অনেক বামপন্থী কর্মিকে প্রাণ দিতে হয়েছে। এরপর একটা দুঃখজনক ঘটনা গত দোসরা সেপ্টেম্বর আমরা দেখেছি তাদের নিজেদের অর্ন্তদলীয় কোন্দলে বা লিগনেজে ইঁট, সুরকি কে সরবরাহ করবে তার পরিণতিতে গৌতম রাহা বলে এক মস্তান সেখানে গিয়ে হামলা চালাল, বিভূতি বোস বলে একজন প্রবীণ ব্যক্তি, তার উপর হামলা চালালো এবং তাকে ধরে পুলিশের হাতে জমা দেওয়া হল গড়িয়া থানায়। কিন্তু দেখলাম একটা অংশের ষড়যন্ত্রে সে রাতারাতি সেখান থেকে ছাড়া পেয়ে গেল। এই হল কংগ্রেস। তাই আমি আপনার মাধ্যমে এই রাজ্যের মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে দাবি করছি যারা এই রাজ্যে বিশৃঙ্খলা সৃষ্টির জন্য এই চক্রান্ত করেছে এবং পাশাপাশি মানুষের মন, দৃষ্টি অন্যদিকে ঘুরিয়ে দিতে চাইছে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা অবলম্বন করুন।

[2-00 — 2-10 p.m.]

**শ্রী শৈলজাকুমার দাস** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিদ্যুৎ দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই বিধান সভায় দাড়িয়ে মাননীয় বিদ্যুৎমন্ত্রী আমাদের কাছে অঙ্গীকার করেছিলেন যে, রাজ্যের কোথাও এক ঘন্টার বেশি সময় ধরে লোড-শেডিং হবে না। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনে অবাক হবেন, আমাদের কাঁথি সহ সমস্ত মেদিনীপুর জেলায় প্রতিদিন ঘন্টার পর ঘন্টা লোডশেডিং চলছে। সেখানে সন্ধ্যার পর কোনও আলো থাকছে না। শুধু মন্ত্রী মহাশয় মহানগরী কলকাতার দিকে অঙ্গুলী দেখিয়ে বলেন উৎপাদন বেড়েছে, এই মহানগরীর কোথাও লোডশেডিং হয় না, মহানগরীর কোথাও আলোর অভাব হয় না। অথচ মফঃস্বল শহরগুলোর অবস্থা অত্যন্ত খারাপ। সামনে পুজো আসছে, তাই আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, শুধু এই পশ্চিমবাংলা নয়, ভারতবর্ষের সর্ব বৃহত্তম জেলা এই মেদিনীপুর, সেখানে সর্বত্র ব্যাপকভাবে লোডশেডিং চলছে। বৈদ্যুতিক আলো থেকে ব্যাপকভাবে বঞ্চিত হচ্ছে মেদিনীপুর জেলার মানুষরা। স্যার, আমি এ ব্যাপারে আপনার হস্তক্ষেপ দাবি করছি। স্যার, বিদ্যুতের অভাবে মেদিনীপুরের ছোট ছোট কলকারখানা থেকে আরম্ভ করে দোকানপাট সমস্ত জায়গায় একটা অচলাবস্থার সৃষ্টি হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় বিধানসভায় দাড়িয়ে যে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে কোথাও এক ঘন্টার বেশি লোডশেডিং হবে না আমি সেই প্রতিশ্রুতির কথা স্মরণ করিয়ে দিয়ে দাবি করছি অবিলম্বে সারা মেদিনীপুর জেলাতে যাতে স্বাভাবিক বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা চালু হয় তার ব্যবস্থা করা হোক।

**ডঃ নির্মল সিনহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এলাকার পরিবহন সমস্যার প্রতি আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন, আমার কনস্টিটিউয়েন্সি কলকাতার খুব কাছেই, জাস্ট কলকাতার বা সি.এম.ডি.এ. এলাকার ঠিক পরেই দক্ষিণ দিকে। সেখানকার জনগণকে বিভিন্ন প্রয়োজনে — পড়াশুনা থেকে আরম্ভ করে অফিস, আদালত এবং এমন কি দাহ্য কার্য করতেও কলকাতায় আসতে হয়। খুব স্বাভাবিক কারণেই তাই কলকাতার সঙ্গে আমার এলাকার যোগাযোগ ব্যবস্থা খুব সহজ ও সাবলিল এবং সুষ্ঠু হওয়া প্রয়োজন। কিন্তু স্যার, আমার এলাকায় খুব দুঃখের বিষয় তিনটি রাস্তাই পূর্ব-পশ্চিমে, উত্তর-দক্ষিণে নয়। তারমধ্যে দুটি রাস্তা দিয়ে প্রাইভেট বাস চলে। একটি দিয়ে মাত্র দু কিঃ মিঃ এবং আর একটি দিয়ে মোটামুটি চলে। কিন্তু স্যার, এই বাস চলাচলের ব্যবস্থা আজ খুবই দুরবস্থার মধ্যে চলেছে। এই ব্যবস্থা বিপর্যস্ত। এ ব্যাপারে ডি.এমের সঙ্গে মিটিং হয়েছে, আর.টি.এ-এর সঙ্গে মিটিং হয়েছে কিন্তু বাস মালিকরা তাদের কথা শুনছেন না। এরফলে পরিবহন ব্যবস্থা বিপর্যস্ত। সরকারি বাস এখানে যদি না চালানো হয় তাহলে জনগণ পরিবহন ব্যবস্থার বিপর্যয়ের জন্য অত্যন্ত দুর্ভোগে ভুগবেন। একটি রাস্তায় যেখানে বাসের যোগাযোগ নেই সেখানে বাসের ব্যবস্থা করার জন্য এবং সামগ্রিকভাবে এলাকায় বাসের মাধ্যমে সুষ্ঠু যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

ডাঃ মানস ভুঁইয়া ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি মর্মান্তিক ঘটনার বিবরণ দিয়ে তার প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর এবং বিধানসভার মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত ১০ ও ১১ই সেপ্টেম্বর পর পর দুদিন আমার বিধানসভা এলাকা সবং-এর পূর্ব প্রান্তে কেলেঘাই নদীর পাড়ে একটি ছোট্ট গ্রাম জগন্নাথচক যেখানে দরিদ্র তপশিলি মৎস্যজীবী মানুষদের বাস সেখানে কেলেঘাই নদীর পাড় দিয়ে হঠাৎ করে প্রায় ১৫টি যন্ত্র চালিত দেশি নৌকা করে সশস্ত্র কিছু দুষ্কৃতকারী এসে গ্রামটিকে ঘিরে ফেলে। সবং থানাতে খবর দেওয়া হল। পুলিশ যখন পৌঁছালো তখন পুলিশের গাড়িকে আটকে দেওয়া হল এবং নৌকা সরিয়ে দেওয়া হল যাতে পুলিশ ওপারে পৌঁছাতে না পারে। এইভাবে পুলিশের সামনেই সারা গ্রামটিকে আগুন ধরিয়ে দেওয়া হল। ১৬টি বাড়ি ভাংচুর করা হল এবং তা করে লুঠপাট করা হল। সেইসব বাড়ি থেকে শিশুখাদ্য থেকে আরম্ভ করে বাসনকোসন সবকিছু লুঠ করা হল। ৬টি বাড়িতে আগুন ধরিয়ে দেওয়া হল। ১২টি বোরো ধানের খড়ের গাদাতে আগুন দেওয়া হল। পরনের কাপড় বলতে পুরুষদের পরনে লুঙ্গি ছাড়া আর কিছু নেই। ৪ দিন ধরে কোনও সরকারি অফিসার সেখানে যান নি। ভগবানপুরের পুলিশ এসে মানুষকে সামান্য রক্ষা করার চেষ্টা করেছিলেন। সবং থানার পুলিশ যে জীপে করে এসেছিল তার চালককে জলে চুবিয়ে রাস্তায় তারা আছড়েছে। এই দুষ্কৃতিকারীরা হচ্ছে লাল পতাকা বাহি মার্কসবাদি কমিউনিস্ট পার্টির গুন্ডা বাহিনী, অজিত বিজলি, গুন্ডা, ডাকাত সর্দার, দেবেন লায়া তাদের নেতৃত্বে জগন্নাথ চকের তপশিলি অধ্যুষিত কৃষিজীবীদের গ্রামটিকে আক্রমণ করেছে। আপনি শুনলে অবাক হয়ে যাবে, ওখানে একটা ক্লাবকেও পুড়িয়ে দেওয়া হয়েছে, ঐ ক্লাবে আর্লি চাইল্ড এডুকেশন সেন্টার ঐ ক্লাবের সদস্যরা চালায়। দু বছর থেকে ছয় বছর পর্যন্ত প্রি প্রাইমারি এজ গ্রুপের বাচ্চাদের পড়ানো হয়। সেই ফ্রি আর্লি চাইল্ড এডুকেশন সেন্টার যেটা

ঐ ক্লাবে চলে, সেটাকে পর্যন্ত ঐ গুন্ডা বাহিনী, ডাকাত বাহিনী পুড়িয়ে দিয়েছে। আমি এখানে একদিন বাদে গেছি এবং ছবি তুলে নিয়ে এসেছি, আমি আপনার কাছে জমা দেবো। আমরা কোন রাজত্বে বাস করছি? আজকে পুলিশ প্রশাসনে ডি.আই.জি. ডি.জি., আই.জি. এবং পুলিশের সংখ্যা বাড়ছে, অথচ এইসব নারকীয় ঘটনা ঘটছে। আপনারা সভ্য নাগরিক জীবনের কথা বলছেন, গণতন্ত্রের কথা বলছেন, তপশিলি জাতি উপজাতিদের উন্নয়নের কথা বলছেন, অথচ আমার বিধানসভা কেন্দ্রে পুলিশের উপস্থিতিতে ঘরে আগুন ধরিয়ে দেওয়া হয়েছে, বাড়ি পুড়িয়ে দেওয়া হয়েছে, যথেচ্ছ ভাবে লুঠতরাজ চালানো হয়েছে, বাসন কোশন, ধান — ১২ শত মন ধান লুঠ করে নিয়ে চলে গেছে, ধানের গোলা পুড়িয়ে দেওয়া হয়েছে। কিন্তু আজ পর্যন্ত কোনও আসামীকে গ্রেপ্তার করা হয়নি। তাহলে কি পুলিশি ব্যবস্থা এই রাজ্যে চলছে? কিসের বিচার ব্যবস্থা যেখানে সাধারণ নাগরিকদের ন্যূনতম সুরক্ষা ব্যবস্থা থাকছে না। সেইজন্য আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে দাবি করছি, ঐ সমস্ত লুঠের মাল উদ্ধারের ব্যবস্থা করা হোক, যারা ক্ষতিগ্রস্ত তাদের ত্রাণ এবং পুনর্বাসনের ব্যবস্থা করা হোক এবং এলাকায় যাতে শান্তি ফিরে আসে তারজন্য ব্যবস্থা করা হোক, সর্বোপরি দোষী ডাকাত সর্দার, গুন্ডা বাহিনীর লোকেদের শাস্তির ব্যবস্থা করা হোক। আমি এই ছবিগুলো দিচ্ছি, যাতে প্রশাসনকে এই সম্পর্কে নির্দেশ দিতে পারেন।

**শ্রী খবিরুদ্দিন আহমেদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নাকাশিপাড়া কেন্দ্রের বেথুয়া ডহরিতে ৩৪নং জাতীয় সড়কে জল নিকাশির কোনও ব্যবস্থা নেই। যারজন্য বর্ষার জল জমে থাকে। সেই জল দোকান পাট, এমন কি লোকের ঘরে পর্যন্ত ঢুকে পড়ে। এই জল জমার জন্য ব্যবসায়িদের খুব অসুবিধা হয়। এই জল নিকাশি ব্যবস্থা সংস্কার করার দাবি জানাচ্ছি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের কাছে। আমার বিধানসভা কেন্দ্রের প্রতিটি রাস্তাই খুব খারাপ অবস্থায় রয়েছে, বাস চলাচল করতে পারেনা, এইসব রাস্তা সংস্কারের দাবি আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর কাছে রাখছি।

**শ্রী মানিকলাল আচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বরাকর থেকে দুর্গাপুর পর্যন্ত রাস্তার অবস্থা অত্যন্ত শোচনীয়। সেই রাস্তায় এমন জল জমে থাকে যে মাছ চাষ করা যায়। এই সম্পর্কে আমি পূর্তমন্ত্রীর কাছে বার বার আবেদন করেছি, চিঠি লিখেছি কোনও উত্তর পাওয়া যায়নি। ইঞ্জিনিয়ারদের সঙ্গে কথা বলেও কোনও কাজ হয়নি। এই প্রতিবাদে রাস্তা অবরোধ পর্যন্ত হয়েছে। রাস্তা খারাপের জন্য বাস চলাচল করতে পারছে না, যে কোনও সময়ে বড় বড় দুর্ঘটনা ঘটতে পারে। কাজেই পূর্তমন্ত্রীর কাছে দাবি করছি যাতে আমার বিধানসভা কেন্দ্রের রাস্তাগুলি মেরামত করা হয়।

[2-10 — 2-20 p.m.]

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় স্পিকার স্যার? আপনার মাধ্যমে আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে সারা পশ্চিমবাংলায়, বিশেষ করে কয়েকটি জেলাতে যেভাবে খুনোখুনি চলছে এবং রাজ্যের যে শান্তি সেই শান্তি যেভাবে বিঘ্নিত

হচ্ছে, তাতে আজকে একথা খুব পরিষ্কার যে রাজ্যের শান্তিকামি মানুষ আশঙ্কিত। আজকে একথা খুব পরিষ্কার যে এই যে খুনোখুনির ব্যাপারটা যে জায়গায় দাঁড়িয়ে গেছে তাতে আমরা ও আমরা যারা রাজনৈতিক কর্মি তারা ১৯৭২-৭৭ সালে যে ঘটনা ঘটেছিল বামপন্থী রাজনৈতিক কর্মিদের উপর যে আক্রমণ এসেছিল তা আজকে পুনরায় ফিরিয়ে আনার ষড়যন্ত্র দেখছি। খুবই দুর্ভাগ্যজনক ভাবে আমরা দেখতে পাচ্ছি যে ৭২-৭৭ সালকে ফিরিয়ে আনবার জন্য একটি চক্রান্ত চলছে। সে চক্রান্ত আজকে খুব গভিরে চলে গেছে। আজকে ঐ বহরমপুরের ঘঠনা কোনও বিচ্ছিন্ন ভাবে নয়। বাটার ঘটনা বিচ্ছিন্নভাবে নয়, মহেশতলার ঘটনাও বিচ্ছিন্নভাবে ঘটেনি। আমার কাছে খবর আছে যে বেছে বেছে নেতৃস্থানীয় কর্মিদের আক্রমণ করবার পরিকল্পনা নেওয়া হয়েছে। গোটা দেশের আজকে যে আইন শৃঙ্খলা, শান্তি শৃঙ্খলা তাকে ভেঙে আজকে কি করে এখানে ৩৫৬ করা যায়, কি করে সরকারকে ব্যতিব্যস্ত করা যায় তার চক্রান্ত কংগ্রেস দল করছে, আজকে এটাকে বিশেষভাবে চিহ্নিত করা দরকার আছে। সেজন্য আজকে সমাজ বিরোধিদের, ঘৃণ্য দুষ্কৃতকারিদের দৃষ্টান্ত মূলক শাস্তি দিতে হবে। খুব দুর্ভাগ্যজনক ভাবে একথা বলতে হবে যে রাজ্য পুলিশের একাংশ সেই কাজ এখনো করছেনা, তারাও আজকে কংগ্রেসিদের সঙ্গে হাতে হাত মিলিয়েছে। আজকে আমরা খুব পরিতাপের সঙ্গে এটা লক্ষ করছি এবং বলতে বাধ্য হচ্ছি যে সরকারে থেকেই আজকে আমরা খুব ষড়যন্ত্রের শিকার হচ্ছি এবং সাধারণ মানুষের উপর রাজনৈতিক কর্মিদের উপর যেখানে আক্রমণ নেমে আসছে সেখানে দাঁড়িয়ে আমি খুব জোরের সঙ্গে বলতে চাই যে দৃষ্টান্তমূলক শাস্তি হোক। যেকোনও দলই হোক তার দৃষ্টান্তমূলক শাস্তি, কঠোর শাস্তি দরকার এবং যে পুলিশ আজকে তার সঙ্গে যুক্ত থাকছেন তাকেও চিহ্নিত করা দরকার এবং তাদের শাস্তির আমি দাবি করছি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে।

**শ্রী সাত্বিককুমার রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, বীরভূম জেলার রামপুর হাট সাব ডিভিসনে এবারে বৃষ্টি খুব কম হয়েছে। অধিকাংশ জায়গা ক্যানেলের জল পায়না। রামপুর হাট, নলহাটি মুরা রাই, এই তিনটি এলাকায় বৃষ্টি অনেক পরে আসায় চাষে দেরি হয়েছে। বর্তমানে ঐ এলাকায় ধানগুলি শুকিয়ে যাচ্ছে। অথচ ময়ুরাক্ষি ক্যানেলে জল আছে প্রচুর, ব্রাহ্মণী ক্যানেলেও জল আছে প্রচুর। কিন্তু সরকারি অফিসারদের গাফিলতির জন্য ধানগুলি মরতে বসেছে। তাই আপনার মাধ্যমে সেচ ও জলপথ মন্ত্রীকে অনুরোধ করব তিনি সত্যই যাতে ক্যানেলে জল ছেড়ে ঐ এলাকার যাতে ধানগুলিকে বাঁচানো যায় তার প্রয়োজনীয় ব্যবস্থা নিন। এই কথা আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে বলতে চাইছি।

**শ্রী হৃষিকেশ মাইতি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মৎস্য দপ্তরের মাননীয় মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্টেট ফিশারির ডেভেলপমেন্ট কর্পোরেশনের প্রায় ৭০০ কর্মচারী আছেন। তাদের মধ্যে বোধ হয় ২৫০ জন কর্মচারী গত এপ্রিল মাস পর্যন্ত মাইনে পেয়েছেন এবং ২/৩ দিন আগে কেউ কেউ গত জুলাই মাস পর্যন্ত মাইনে পেয়েছেন। অর্থাৎ তারা নিয়মিত মাইনে পাচ্ছেন না। আজ পর্যন্ত কেউ আপ টু ডেট মাইনে পান নি। এ বিষয়ে অনেক আবেদন-নিবেদন করা হয়েছে, বার বার বলা হয়েছে যে, বামফ্রন্ট সরকারের আমলে অন্ততঃ এ জিনিস চলে না — কর্মচারিরা কাজ করবেন, মাইনে পাবেননা। এ জিনিস ইতিপূর্বে কখনো হয়নি। এবিষয়ে কর্মচারিরা বার

বার মন্ত্রী মহাশয়ের কাছে ডেপুটেশন দিয়েছেন, কিন্তু কোনও ফল হয়নি। আমি আবার বিষয়টির প্রতি মাননীয় মন্ত্রী মহাশয়ের আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, এই কর্পোরেশনের কয়েকটা লাভজনক প্রোজেক্ট আছে দিঘা, আলমপুর, ফ্রেজারগঞ্জ, নলতলি, কুলতলীতে। এই লাভজনক প্রোজেক্টগুলোকে লীজ দেওয়ার জন্য খবরের কাগজে বিজ্ঞাপন দেওয়া হয়েছে। অথচ এবিষয়ে স্বীকৃত ইউনিয়নের সঙ্গে কোনও কথা বলা হয়নি। শুধু তাই নয়, ওখানে একাট বোর্ড আছে, সেই বোর্ডে এখন পর্যন্ত কোনও সিদ্ধান্ত হয়নি লীজ সম্পর্কে। অথচ অত্যন্ত আশ্চর্যের বিষয় এবং ক্ষোভের বিষয় সংবাদপত্রে লীজ দেওয়ার জন্য বিজ্ঞাপন দেওয়া হয়ে গেল! স্যার, এই প্রোজেক্টগুলো সঠিকভাবে পরিচালনা করার জন্য কোনও টাকা পয়সা দেওয়া হচ্ছে না, অথচ ওয়ার্ল্ড ব্যাঙ্কের কোটি কোটি টাকা ফিশ সীড কর্পোরেশনকে দেওয়া হচ্ছে, সেখানে কালচার হচ্ছে। এস.এফ.ডি.সি.-কে কালচারের জন্য কোনও টাকা পয়সা দেওয়া হচ্ছে না। এ অবস্থায় আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি, তিনি প্রোজেক্টগুলো লিজ দেওয়া বন্ধ করুন এবং স্টেট ফিশারিস ডেভেলপমেন্ট কর্পোরেশনের কর্মচারিদের নিয়মিত বেতন দেওয়ার ব্যবস্থা করুন।

**Shri Md. Abdul Karim Choudhury :** Mr. Speaker Sir, I would like to draw the kind notice of the Hon'ble Chief Minister through you to a serious matter of public importance. The matter is that all the districts of North Bengal are passing through an acute and unprecedent-ed drought situation for which the cultivation has been badly affected. Transplantation of paddy could not be done even 20% and cultivation failed totally this time. The jute standing jute - remained dried without washing for want of water. So, Sir, the entire North Bengal is passing without food. Distressed village women and children have come out for begging food, and, Sir, there is drinking water crisis, food crisis and employment crisis. I say, Sir, the Government has not yet sent any relief measure to save the people from unprecedented drought or start-ed food for work scheme etc. Therefore, I would like to let you know that the Chief Minister should interfere into this matter so that the people of North Bengal can be saved and that good relief work for saving and survival of their lives can be arranged. This much I have to say. Thank you.

**শ্রী সুশীল বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইতিমধ্যেই বিধানসভার বেশিরভাগ সদস্য বিভিন্ন রাস্তার দুরবস্থার কথা বলেছেন। আমিও আমার বিধানসভা কেন্দ্রের মধ্যের একটা রাস্তার কথা এখানে উল্লেখ করতে চাই। কৃষ্ণনগর থেকে গেদে ভায়া মাঝদিয়া রাস্তাটি সীমান্তবর্তী রাস্তা দীর্ঘদিন ধরে খারাপ হয়ে পড়ে আছে। বার বার মন্ত্রীকে বলেও কোনও সুরাহা হয়নি, তিনি কোনও ব্যবস্থা নেন নি। সি.এস.টি.সি.-র একটা বাস ওখান দিয়ে চলাচল করত, গত তিন মাস ধরে রাস্তা খারাপ থাকার জন্য সেটা বন্ধ হয়ে আছে। বর্তমানে ঐ রাস্তা দিয়ে যে প্রাইভেট বাসগুলো চলাচল করে তারা নোটিশ দিয়েছে রাস্তা মেরামত নাহলে বাস বন্ধ করে দেবে। সীমান্তবর্তী রাস্তাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ রাস্তা, রাস্তাটি খারাপ থাকার জন্য

যদি প্রাইভেট বাস চলাচল বন্ধ হয়ে যায় তাহলে ঐ এলাকায় যানবাহন চলাচলের আর কোনও ব্যবস্থাই থাকবেনা। সুতরাং আমি আবার আপনার মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, বিষয়টির গুরুত্ব উপলব্ধি করে অবিলম্বে রাস্তাটি মেরামত এবং চওড়ায় সম্প্রসারিত করার ব্যবস্থা গ্রহণ করুন। বিষয়টির প্রতি মাননীয় পূর্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-20 — 2-30 p.m.]

**শ্রী পরেশচন্দ্র অধিকারি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় ভূমি ও ভূমি রাজস্ব দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সীমান্ত এলাকায় যে সীমান্ত সড়ক নির্মাণের কাজ চলছে সেই সীমান্ত সড়ক নির্মাণের জন্য যে সমস্ত জমি অধিগ্রহণ করা হয়েছে দীর্ঘ প্রতিক্ষার পর সেই সমস্ত জমির মালিকদের কমপেনসেশন দেওয়া আরম্ভ হয়েছে। কিন্তু দেখা যাচ্ছে, কমপেনসেশনের যে মূল্য ধরে দেওয়া হচ্ছে তা সরকারি নির্ধারিত মূল্যের থেকে কম। যেমন, আমি আমার এলাকা কোচবিহার জেলার মেখলিগঞ্জ মহকুমার কথা জানি, সেখানে সাব-রেজিস্ট্রি অফিস থেকে সর্বনিম্ন জমির মূল্য নির্ধারণ করা আছে ২১ হাজার টাকা একর। কিন্তু দেখা যাচ্ছে, সরকার থেকে যে জমি অধিগ্রহণ করা হয়েছে সেখানে গড়পড়তা মূল্য দেওয়া হয়েছে অর্থাৎ একর প্রতি ৬ থেকে ১১ হাজার টাকার মধ্যে। এখন এই নিয়ে সীমান্ত এলাকার জমির মালিকদের মধ্যে তীব্র ক্ষোভ এবং অসন্তোয প্রকাশ পেয়েছে এবং যে কোনও সময়ে এই অসন্তোষ তীব্র আকার ধারণ করতে পারে জমির ন্যায্য মূল্য থেকে বঞ্চিত হওয়ার কারণে। একেই উত্তরবঙ্গে ব্যাপক খরা, তারপর দীর্ঘ প্রতিক্ষার পর যে টাকা তারা পাচ্ছে তাও ন্যায্য মূল্য থেকে কম। এই ব্যাপারে অবিলম্বে ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সত্যরঞ্জন মাহাতো :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের পুরুলিয়ার সদর হাসপাতাল আমাদের প্রাণ। আমি প্রাইমারি হেলথ সেন্টারের কথা বাদ দিচ্ছি। সদর হাসপাতালে একটা অব্যবস্থা চলেছে। স্বর্গীয় মাননীয় স্বাস্থ্যমন্ত্রী ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় যে ঘর তৈরি করেছিলেন সেই ঘরের নিচের তলায় অর্থাৎ গ্রাউন্ড ফ্লোর ব্যবহার হচ্ছে, কিন্তু উপরের ফ্লোর তেমনি অবস্থায় পড়ে আছে, অব্যবহৃত অবস্থায় পড়ে আছে। আমি কয়েকদিন আগে হাসপাতালে নিজে দেখে এসেছি, অনেকগুলি বেডের বিছানা মাঝখানে ফুটো হয়ে আছে, বিছানাপত্র নেই, গদি নেই এইরকম অবস্থা চলছে। এমন কি প্রসূতিদের যখন অপারেশন থিয়েটারে নিয়ে যাওয়া হচ্ছে তখন অপারেশনের সময় তাদের পোষাক পরিচ্ছদ দেওয়া হয়না। পুরুষদেরও যখন নিয়ে যাওয়া হয় তখন তাদেরও পোষাক-পরিচ্ছদ দেওয়া হয় না। যে যার নিজের নিজের বাড়ি থেকে পোষাক পড়ে বা কাপড় পড়ে আসে এবং তাদের পোষাক পরেই অপারেশনের সময় নিয়ে যাওয়া হয়। অপরদিকে অপারেশনের আগে যে ক্যাথিটার ডাক্তারদের লাগানোর কথা, সেখানে জি.ডি.এ ক্যাথিটার লাগান। এই অবস্থা চলছে। চিকিৎসা তো দূরের কথা তারা উপযুক্ত সুযোগ পাচ্ছে না। সেইজন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি, নতুন ঘর যে তৈরি হয়েছে পুরুলিয়া জেলার গরিব মানুষ আশা করেছিল তা ব্যবহার করা হবে সেই ঘর যেন ব্যবহার করা হয়, থাকার ব্যবস্থা যাতে হয় এবং রোগীরা উপযুক্ত চিকিৎসার সুযোগ

পায়, কারণ দীর্ঘদিন ধরে রোগীরা মেঝেতে পড়ে থাকে, এক-একটা বিছানায় দুইজন করে রোগী শুয়ে থাকে রোগীরা যাতে প্রয়োজনমত জিনিসপত্র পায় তারজন্য অনতিবিলম্বে সুব্যবস্থা গ্রহণের জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকার দুটি নৃশংস বর্বরোচিত হত্যাকান্ডের ঘটনার কথা ইতিমধ্যে মাননীয় বিধায়ক শ্রী সমর বাওড়া মহাশয় উল্লেখ করেছেন। আমি যেটা বলতে চাইছি, ঐ দুজন শুধু রাজনৈতিক নেতাই নন, ঐ এলাকার অত্যন্ত শ্রদ্ধেয় শিক্ষক ছিলেন। দুজন পঞ্চায়েত সমিতির প্রাক্তন সভাপতি, একজন এই সময়ের মধ্যে জেলা পরিষদের সভাপতি ও বর্ধমান সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের সম্পাদক ছিলেন। আমি যেটা বলতে চাইছি, সেটা হল ঐ নিগমের বুকে এই ঘটনা এক বছর ধরে চলছে। গত ফেব্রুয়ারি মাসে সেখানে বি.জে.পি. নামধারী যেসব সমাজবিরোধীরা আগে কংগ্রেস ছিল, তারা ঐ এলাকার গরিব মানুষদের উপর হামলা চালায়, তাদের ঘর বাড়িতে আগুন জ্বালিয়ে দেয়, দেশের দুটি বৃহৎ সংবাদপত্র 'আনন্দবাজার এবং বর্তমান' সেই সময়ে ঘটনার ৭ দিন পরে ওখানে গিয়েছিলেন এবং গোটা দায়টা মার্কসবাদি কমিউনিস্ট পার্টির ঘাড়ে চাপিয়ে দিয়ে বৃষ্টির মধ্যে কিভাবে আগুন জ্বলছে তা দেখিয়ে ছিলেন। দুর্ভাগ্যের বিষয় ঐ দুটি নৃশংস হত্যাকান্ডের পরবর্তী সময়ে সংবাদ পত্রে ঐ এলাকার পঞ্চায়েত সভাপতি একজনের বয়স ৬৫ এবং একজনের বয়স ৫৩, অত্যন্ত শ্রদ্ধেয় লোক কোনও জায়গায় এই ঘটনার উল্লেখ নেই। অথচ সেই সময়ে ঐ দুটি পত্রিকা লাগাতার সংবাদের মাধ্যমে বিভিন্ন ভাবে লিখে ঐ এলাকার মানুষদের পার্টির বিরুদ্ধে যাতে উত্তেজিত করা যায় তার চেষ্টা করেছিলেন। একদিকে আনন্দবাজার এবং বর্তমান এইভাবে কমিউনিস্ট বিদ্বেষ ছড়িয়েছিলেন, আমি তার তীব্র ধিক্কার জানাচ্ছি। পাশাপাশি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দপ্তরে এখন পর্যন্ত অভিযোগ পত্রে যাদের নাম উল্লেখিত আছে, এলাকার মানুষ ধরে তাদের পুলিশের হাতে দিয়েছে দুজনকে বাকিরা এখন ধরা পড়ে নি, বর্ধমান জেলার মানুষ সেই ক্ষোভে গত ১৪ তারিখে প্রায় ৫০ হাজার মানুষ জমায়েত হয়ে মহকুমা প্রশাসনের কাছে দাবি জানিয়েছেন এই যে দুটি মূল্যবান জীবনকে হত্যা করা হয়েছে সেই ঘটনার পুঙ্খানুপুঙ্খ তদন্ত হোক। অত্যন্ত সুপরিকল্পিত ভাবে এই হত্যাকান্ডকে সংঘটিত করা হয়েছে, হত্যাকারীরা রাজনৈতিক দলের মদত পুষ্ট হয়ে এই কান্ড করেছে। এই নৃশংস হত্যাকান্ড থেকে একটা কথাই প্রমানিত হয় যে কমিউনিস্ট বিদ্বেষের জন্য এই দুটি প্রবীণ কমিউনিস্ট নেতাকে হত্যা করা হয়েছে, আমি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীকে অনুরোধ করব যে অবিলম্বে বর্ধমান জেলা প্রশাসন এবং প্রয়োজনে রাজ্য প্রশাসনে এর তদন্ত করা হোক। এর পিছনে চক্রান্ত এবং ষড়যন্ত্র আছে, সেই ষড়যন্ত্রকে উদ্ঘাটিত করা হোক। হত্যাকারীদের ব্যবস্থা করা হোক। আরও ষড়যন্ত্র হচ্ছে, সে খবর আমাদের পার্টির কাছে আছে, সেই সংবাদ জেলা প্রশসনের কাছে জানানো হয়েছে, এবং মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে ঐ এলাকায় সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা হোক। যদি এর বিরুদ্ধে ব্যবস্থা না নেওয়া যায় তাহলে আগামী দিনে ৫০ হাজার মানুষ মহকুমায় সেই বিক্ষোভ প্রদর্শন করতে পারে এবং বিষয়টি অন্য আকার নিতে পারে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[2-30 — 2-40 p.m.]

**শ্রী কমলেন্দু সান্যাল ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্রের প্রত্যন্ত গ্রাম ধাওয়া পাড়ায় গত বৈশাখী পূর্ণিমায় জামালপুরের খুনকে কেন্দ্র করে পরবর্তীকালে ঐ এলাকাতে যে তান্ডবের সৃষ্টি হয়েছে। আমরা লক্ষ্য করছি একটি বিশেষ রাজনৈতিক দলের পতাকা বহনকারী তারা গুন্ডার ভূমিকা নেন, মাঠে ফসল কাটতে দেবেন না, অস্ত্র পাতি নিয়ে গ্রামের ভিতর দিয়ে চলা ফেরা করেন, একজনকে গুলি করে মারতে গিয়েছিলেন, তার 'মা' তাকে রক্ষা করেন এবং রক্ষা করতে গিয়ে মা আহত হন। আমরা দেখলাম, পরবর্তীকালে জনরোষ যখন ফেটে পড়ছে সেই সময় উপরতলা থেকে আন-লাইসেন্সড বন্দুক দিয়ে গুলি চালিয়ে, আমি জানি তিনি সেই রাজনৈতিক দলের রাজ্যস্তরে নেতা, তিনজনকে আহত করেছেন। তাদের মধ্যে একজন কলকাতায় মৃত্যুর সঙ্গে লড়ছে, একজন শক্তিনগর হাসপাতালে এবং আর একজন তেহট্ট হাসপাতালে রয়েছে। যে দলের কথা বলছি সেই দল হচ্ছে এস.ইউ.সি.আই.। যন্ত্রণা এবং লজ্জার বিষয় হল, ওরা নিজেদের বামপন্থী বলে পরিচয় দেন, অথচ এলাকার পরিপ্রেক্ষিতে ওখানে কৃষক আন্দোলন গড়ে তোলার সুযোগ রয়েছে, কিন্তু সেটা ব্যাহত করে তারা আমাদের উপর আক্রমণ চালাচ্ছেন।

**শ্রী শচীন হাজরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ এবং সমস্যাসঙ্কুল বিষয়ে আমি মাননীয় সেচমন্ত্রী এবং কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র খানাকুল। আপনি জানেন, ঐ এলাকা বন্যা প্লাবিত এলাকা। ঐ এলাকার ২৪টি গ্রাম পঞ্চায়েতের বেশিরভাগ বর্ষাকালে ডুবে থাকে, আবার গরমের দিনে ডি.ভি.সি. থেকেও জল পায় না। ঐ অঞ্চলে বর্ষাকালের বন্যার জন্য এবং গ্রীষ্মকালে জলের অভাবে চাষ হতে পারেনি এবং তারজন্য এলাকার কৃষকরা অত্যন্ত উদ্বিগ্ন। গত গ্রীষ্ম মরশুমে এলাকার কৃষকরা তাদের ফসল উৎপাদনের জন্য আইন-শৃঙ্খলা যাতে নষ্ট হয় তারজন্য ব্যবস্থা অবলম্বন করেছিলেন। আমি আপনার মাধ্যমে দাবি করছি, এলাকার মুন্ডেশ্বরি এবং রূপনারায়ণ নদের জোয়ারের জলকে যাতে উপযুক্তভাবে কৃষি কাজে লাগানো হয় তারজন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছি।

**শ্রী ব্রজগোপাল নিয়োগী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি কেন্দ্রের সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে, ক্যালকাটা টেলিফোন ডাইরেক্টরি প্রকাশনার নিয়ম আছে, কিন্তু দীর্ঘদিন তার প্রকাশ বন্ধ হয়ে রয়েছে। এদিকে টেলিফোনের চার্জ বেড়েই যাচ্ছে। কর্তৃপক্ষ ডাইরেক্টরি প্রকাশ করবেন বলছেন, কিন্তু প্রকাশ করছেন না। টেলিফোন যা রয়েছে তাও বেশিরভাগ সময় খারাপ হয়ে থাকছে। শক্তি বল মহাশয় বলছিলেন যে, তার টেলিফোন দীর্ঘদিন ধরে খারাপ হয়ে পড়ে রয়েছে, কিন্তু বলা সত্ত্বেও সেটা সারাচ্ছে না। এই ডাইরেক্টরি প্রকাশের ব্যাপারে আমি হাউসের দৃষ্টি আকর্ষণ করছি এবং মুখ্যমন্ত্রীর মাধ্যমে কেন্দ্রের সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি, ডাইরেক্টরি প্রকাশ করা হোক।

**শ্রী কামাখ্যানন্দন দাস মহাপাত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি

মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার মহকুমা কাঁথিতে রাজপুর এগরা পটাশপুর, পরিষদীয় মন্ত্রীর এলাকা, ওখানে একটি রাস্তা রয়েছে, কিন্তু রাস্তাটির অবস্থা দেখলে লজ্জা হবে এবং কয়েকদিন পরে বাচ্চাদের বইয়ে লিখতে হবে একদা এটা যাতায়াতের রাস্তা ছিল। ইতিমধ্যে রাস্তাটি নরকে পরিণত হয়েছে। কিছু জায়গা চাষের উপযুক্ত হয়েছে। রাস্তাটি সারাবার কথা বললেই পূর্তমন্ত্রী বলেন যে, রাস্তাটি জেলা পরিষদ করবে। আজকে দুই এর ঝগড়ার ফলে রাস্তাটি চরম অবস্থায় পৌঁছেছে। ডিপার্টমেন্টে অর্থ সঙ্কট রয়েছে, কিন্তু বামফ্রন্ট সরকারের দীর্ঘ আঠারো-উনিশ বছরের অভিজ্ঞতায় বলছি, তারজন্য ওটা হচ্ছে না এটা কোনও এক্সকিউজ নয়। যে রাস্তা দিয়ে লক্ষ লক্ষ মানুষ যাতায়াত করেন, তাদের যাতায়াতের একমাত্র পথ যেটা, তারজন্য অর্থ বরাদ্দ করতে হবে। এক্ষেত্রে কোনও অজুহাত খাটে না। পূর্তমন্ত্রী বলেছিলেন আমার মেনশন আছে, আপনি থাকবেন। তার শত কর্মব্যস্ততার মধ্যেও ঐ রাস্তাটি করবেন এই দাবি জানাচ্ছি।

**শ্রীমতী মিনতী ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরি বিষয়ের প্রতি মাননীয় বিদ্যুৎমন্ত্রী ক্ষুদ্র সেচ এবং সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন সমগ্র উত্তর বাংলার সঙ্গে আমাদের জেলা দিনাজপুরে ভয়াবহ খরা চলছে। আমাদের জেলা একটা শিল্পবিহীন জেলা। আমাদের জেলা প্রায় বিদ্যুৎ বিহীন জেলা। এখানে কৃষকরা 'আল্লা মেঘ দে, পানি দে' বলে আকাশের দিকে তাকিয়ে থাকে। আপনি জানেন যে গত বছর আমাদের জেলায় চাষযোগ্য জমির পরিমাণ ছিল ১ লক্ষ ৫৯ হাজার ৯৭০ হেক্টর। সেখানে এবারে ৪৩ হাজার ৪৮৮ হেক্টর জমিতে চাষ হয়েছে। ১৯৯৩ সালে বৃষ্টিপাতের পরিমাণ ছিল জানুয়ারি থেকে আগস্ট পর্যন্ত ২৭৩.১ মিলি মিটার। ১৯৯৪ সালে সেখানে আগস্ট পর্যন্ত ১.৩৯ মিলি মিটার বৃষ্টি হয়েছে। এই ভয়ঙ্কর খরা পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে আমাদের কৃষকরা হাহাকার করছে। আমাদের জেলা অত্যন্ত ছোট্ট জেলা। এখানে শিল্প নেই, কলকারখানা নেই, আর.এল.আই নেই। আমাদের জেলার মানুষ মূলতঃ কৃষির উপরে নির্ভরশীল। এই অবস্থায় তারা আশঙ্কার মধ্যে বাস করছে। এবারে বৃষ্টি না হবার জন্য জলের লেয়ার নিচে নেমে যাচ্ছে। এর ফলে জলের সঙ্কট যে শুধু মানুষের ক্ষেত্রেই বাড়বে তা নয়, গবাদি পশুর ক্ষেত্রেও এই সঙ্কট বাড়বে এবং পুকুরে মাছ চাষ হবেনা, খাল, বিল নালা সব শুকিয়ে যাচ্ছে। এইরকম অবস্থায় আমি বিদ্যুৎ মন্ত্রীর কাছে আবেদন করছি যে আমাদের জেলায় যে ডিপ টিউবওয়েল আছে মিডিয়াম ডিপ টিউবওয়েল আছে, আর.এল.আই যেগুলি আছে, যেগুলি অধিকাংশ বিশ্বব্যাঙ্কের টাকায় রাজ্য সরকারের অনুমোদনে তৈরি হয়েছিল, সেগুলিতে বিদ্যুৎ দেবার ব্যবস্থা করে জেলাকে খরার হাত থেকে বাঁচাবেন। আমাদের জেলার অবস্থা সম্পর্কে আপনাকে আমি একটা হিসাব দিচ্ছি। আমাদের জেলায় আর.এল.আই সেন্টার ছিল ২৫১টি, তারমধ্যে চলছে ২১৮টি। ডিপ ডিউবওয়েল ছিল ৬২টি, তার মধ্যে চলছে ৫২টি। হেভি টিউবওয়েল ছিল ৫৯টি, তারমধ্যে চলছে ৩১টি। মিডিয়াম টিউবওয়েল ছিল ৯টি, তারমধ্যে চলছে ৩টি। স্যালো টিউবওয়েল ছিল স্টেটের ৯৭টি, তারমধ্যে চলছে ৫৭টি। স্যালো টিউবওয়েল ওয়ার্ল্ড ব্যাঙ্কের ২৫৪টি, তারমধ্যে চলছে ১৫৮টি। এই পরিস্থিতির মধ্যে আমাদের জেলার-মানুষ দাঁড়িয়ে আছে। কাজেই সেখানে বিদ্যুৎ মন্ত্রীকে যেতে হবে এবং বিদ্যুতের ব্যবস্থা করতে হবে। এই প্রসঙ্গে একথা বলতে চাই যে এই ভয়াবহ খরা পরিস্থিতির

মধ্যে দাড়িয়ে রাজ্যের ত্রাণ দপ্তর পঞ্চায়েতের মাধ্যমে খরা পরিস্থিতি মোকাবিলা করার জন্য যথেষ্ট চেষ্টা করে চলেছেন। আমাদের জেলায় মোট ১ লক্ষ ৩১ হাজার ১৬২ জন ক্ষেতমজুর রয়েছে। জওহর রোজগার যোজনার মাধ্যমে তাদের কাজের সংস্থান করা হয়েছে। ত্রাণ দপ্তর থেকে তাদের সস্তায় রেশান দেবার ব্যবস্থা করা হয়েছে। সামগ্রিক ভাবে যুদ্ধকালীন জরুরি ব্যবস্থাকে সামনে রেখে রাজ্য সরকার নেই খরা পরিস্থিতির মোকাবিলা করার চেষ্টা করছেন। কিন্তু দীর্ঘস্থায়ী ভাবে এই সমস্যা সমাধানের জন্য ব্যবস্থা নেওয়া দরকার। বিদ্যুৎ বিভাগ, ক্ষুদ্র সেচ এবং সেচ বিভাগ এই তিনটি বিভাগ মিলে আমাদের এই শিল্পবিহীন জেলার জন্য একটা মাস্টার প্লান তৈরি করে আগামীদিনে আমাদের এই জেলাকে কৃষি নির্ভরশীল জেলায় পরিণত করবেন। এই আবেদন করে আমার বক্তব্য শেষ করছি।

[2-40 — 2-50 p.m.]

**শ্রী ইউনুস সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রী এবং এই সভার দৃষ্টি আকর্ষণ করছি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। এই ভয়ঙ্কর বিপদের বিষয় নিয়ে আমি এই সভায় বারবার বলেছি। সেটা হচ্ছে, মুর্শিদাবাদ জেলার জলঙ্গী কেন্দ্রের দুটি জায়গায় ভাঙ্গন চলছে। জলঙ্গী নদীর ভাঙনের ফলে নলবোনা এবং বামনবোনার ভাঙন দেখা দিয়েছে। আগে জমির চর ভাঙতো, এখন ঘর-বাড়ি ভাঙ্গতে আরম্ভ করেছে। এবারে মিটিং করতে গিয়েছিলেন যে স্কুলে সেই স্কুল বিপদের সামনে এসে দাঁড়িয়েছে। স্কুল, থানা ভাঙনের আওতায় পড়েছে। এখানকার বাজার যেটা বহু কষ্টে তৈরি হয়েছিল সেই বাজার নষ্ট হবে। পি.ডব্লু.ডি-র রাস্তা, বি.এস.এফ ক্যাম্প ভাঙনের মুখে পড়েছে এবং সেইগুলি নদী গর্ভে চলে যাওয়ার অবস্থা এসে পড়েছে। গত ১৪ তারিখ থেকে ৫ হাজার লোক এখানে অবস্থান করছে। মুর্শিদাবাদের জেলা পরিষদের সভাধিপতি এবং অতিরিক্ত জেলা শাসক সেখানে গিয়েছিলেন এবং তাদের আশ্বস্ত করে এসেছেন ব্যবস্থা নেবেন।

**শ্রী মনোহর তিরকি ঃ** উত্তরবাংলার মানুষরা যে উদ্বেগের কথা এখানে বলেছেন সেই উদ্বেগের কথা আমি বলছি। উত্তরবাংলার মানুষ প্রাকৃতিক দুর্যোগের মধ্যে পড়েছে। গত বছর অতি বৃষ্টির ফলে সেখানে বন্যা হয়েছিল এবং বন্যায় প্রচুর পরিমাণে ক্ষতি হয়েছিল। সেই কথা ভুলতে না ভুলতে এই বছর অনাবৃষ্টির ফলে ভীষণ খরার কবলে পড়েছে। এই বছর ভয়ঙ্কর খরায় কোনও চাষ-আবাদ হয়নি। বিশেষ করে উত্তরবঙ্গের চা-বাগান এলাকায় চায়ের উৎপাদন কমে গিয়েছে, সেখানে পানীয় জলের ভীষণ সঙ্কট দেখা দিয়েছে। বিশেষ করে পাহাড়ী অঞ্চলে জলের লেয়ার অনেক নিচে নেমে গেছে। সেখানে জলের অভাবের জন্য নানা রকমের রোগ দেখা দিয়েছে। সেখানে প্রচন্ড কাজের অভাব দেখা দিয়েছে, ফলে লোকেদের মধ্যে একটা ক্ষোভের সৃষ্টি হয়েছে। গত বছর ন্যাচারাল ক্যালামিটির জন্য কেন্দ্রীয় সরকার টাকা দেয় নি, এই বছর খরার জন্য কিছু দেওয়ার পরিকল্পনা করেন নি। আমি অনুরোধ করছি এই ক্ষোভের মধ্যে যাতে না পড়তে হয় তারজন্য সরকার আগে থেকে প্রস্তুতি নিক। এই এলাকার মানুষ বেশির ভাগ তফশিলি জাতি এবং উপজাতি সম্প্রদায়ের মানুষ অর্থনৈতিক দিক থেকে পেছিয়ে পড়া মানুষ তাদের ক্ষোভের কথা চিন্তা করে প্রতিকারের উদ্যোগ নিন কিভাবে এটাকে মোকাবেলা করা যায়। একযোগে সমস্ত দপ্তর, ত্রাণ দপ্তর থেকে আরম্ভ করে, পানীয় জল সরবরাহ দপ্তর এবং অন্যান্য দপ্তর একটা পরিকল্পনা করে একটা ব্যবস্থা গ্রহণ

করা হোক। সঙ্গে সঙ্গে আমি অনুরোধ করবো অল্প মূল্যে যে ৪ সপ্তাহ চাল সরবরাহ করবার যে ব্যবস্থা নেওয়া হয়েছে সেটা ৩ মাস করা হোক। আরও একটা ব্যবস্থা করা হোক যাতে সাধারণ লোকেরা কাজ পায়। শ্রমিকরা যাতে কাজকর্ম পায় এবং তাদের কিছু আর্থিক সাহায্য করা হয় তার ব্যবস্থা করা হোক। সাথে সাথে বিভিন্ন চাষ আবাদের জন্য মিনিকিট সরবরাহের ব্যবস্থা করা হোক। চা-বাগানের শ্রমিকদের রিলিফের ব্যবস্থা করা হোক। ত্রাণমন্ত্রী মহাশয় ঐ ব্যবস্থাগুলি করে সাধারণ মানুষের প্রতি নজর দেওয়ার ব্যবস্থা করুন।

**শ্রী শিশির সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় ক্ষুদ্র সেচ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিশ্ব ব্যাঙ্কের টাকায় আমাদের নবগ্রামে যে যে ডিপ টিউবওয়েল এবং মিনি ডিপ টিউবওয়েল তৈরি করা হয়েছে স্বল্প বৃষ্টির ফলে যেখানে একান্ত প্রয়োজনীয়, এই ডিপ টিউবওয়েল এবং মিনি ডিপ টিউবওয়েল চালু রাখা, সেখানে যে সমস্ত পাইপ, পাম্প কনট্রোলার এবং সমস্ত স্পেয়ার পার্টস দিয়ে এইগুলি নির্মাণ করা হয়েছে সেইগুলি অত্যন্ত নিম্ন মানের হওয়ার ফলে কোথাও লিকেজ হচ্ছে কোথাও নানারকম অসুবিধা দেখা দিচ্ছে, ফলে সেইগুলি চলছে না। এই সমস্ত ডিপ টিউবওয়েল এবং মিনি ডিপ টিউবওয়েলগুলির জন্ম মুহূর্তেই মৃত্যু ঘটছে। এইগুলি একজন করেছে, আর একজন মেনটেনেন্স করছে। সেইজন্য একজন আর একজনের ঘাড়ে দোষ চাপাচ্ছে। আমি ক্ষুদ্র সেচ দপ্তরের মন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি, অবিলম্বে তিনি যেন ব্যবস্থা গ্রহণ করেন যাতে কৃষকরা উপযুক্ত চাষের জল পেতে পারে। এটা খরার বছর, ত্রাণ দপ্তরের সাহায্য নিয়ে ক্ষুদ্র সেচ দপ্তরের প্রকল্পগুলি চালু রাখার ব্যবস্থা করার জন্য দাবি জানাচ্ছি।

**শ্রী পরেশনাথ দাস ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে গোটা ভারতবর্ষের মধ্যে একমাত্র পশ্চিমবাংলায় সুস্থ এবং শান্তিপূর্ণ পরিবেশ বজায় আছে। এখানে এই যে শান্তি শৃঙ্খলা ও আইন-শৃঙ্খলা বজায় আছে, এটাকে ধ্বংস করার জন্য কংগ্রেস(ই) সমাজবিরোধীদের দিয়ে প্রতিনিয়ত চক্রান্ত করে যাচ্ছে, প্রত্যেক জেলায় এই সন্ত্রাস সংগঠিত করে যাচ্ছে যাতে বামফ্রন্ট সরকারকে বেকায়দায় ফেলা যায়। মুর্শিদাবাদ জেলায় গত ১১।৯।৯৪ তারিখে বহরমপুরে সিপিএম পার্টির নেত্রী স্থানীয় এক কর্মীকে খুন করা হয়েছে। এই ঘটনার দু'দিন আগে খোকন ঘোষ নামে একজন কুখ্যাত সমাজবিরোধী দলীয় কোন্দলে খুন হয়ে যায়। ঐ ১১।৯।৯৪ তারিখে আমার বিধানসভা কেন্দ্রের সাগরদীঘি গোপালপুর গ্রামে দু'জন ব্যক্তিকে খুন করা হয়েছে। ওখানে প্রায় ২০।২৫টি বাড়িঘর লুটপাট করে সবকিছু নিয়ে চলে গেছে। ৪০।৫০টি গরু, বাছুর ও মহিষ লুটপাট করে নিয়ে চলে যায়। আমরা দেখছি অনুরূপ ভাবে আমাদের ...

**(এই সময়ে মাননীয় স্পিকার মহাশয় মাননীয় সদস্য সুভাষ নস্করকে বলতে ডাকেন। তারফলে এই সময়ে মাইক অফ হয়ে যায়।)**

**শ্রী সুভাষ নস্কর ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, কুকুরে কামড়ালে জলাতঙ্ক হয়। কারও যদি জলাতঙ্ক রোগ দেখা দেয় তাহলে সে বাঁচে না। আমার এলাকায় ৩৫৬ জন ব্যক্তিকে কুকুরে কামড়েছে। এ পর্যন্ত মাত্র ৩৫।৪০ জন ঔষুধ পেয়েছে। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহোদয়ের কাছে আমার নিবেদন, এই মানুষগুলো বাঁচবে কোথা থেকে, কোনও উপায় নেই। কেউই

ঔষুধ মেলাতে পারছে না। এইসব কুকুরে কামড়ানো মানুষকে ওখান থেকে রেফার করে কলকাতার স্টেট হাসপাতালে পাঠাচ্ছে। কিন্তু তারা ফিরে যাচ্ছে। ওখান থেকে তাদের পক্ষে আসা সম্ভবও নয়। বেসরকারি ভাবে কুকুরে কামড়ানো ঔষুধ যদি কিনতে হয় তাহলে ৬০০-১২০০ টাকা লাগে। এত টাকা জোগাড় করে ঐ ঔষুধ সংগ্রহ করা তাদের পক্ষে সম্ভব নয়, তারা তা সংগ্রহ করতেও পারে না। সুতরাং আমরা দেখতে পাচ্ছি যে কুকুরে কামড়ানোর ঘটনাটা আরও ভয়ঙ্কর মারাত্মক হয়ে দাঁড়িয়েছে। কুকুরগুলো বাঘের মতো করে এমনভাবে কামড়াচ্ছে যে যেখান থেকে কামড়ে মাংস তুলে নিচ্ছে সেখানে আবার নতুন করে প্লাস্টিক সার্জারী করার দরকার হয়ে পড়ছে। কুকুরের কামড়ানো যদি বন্ধ না করা যায় তাহলে ঐ কুকুরগুলোকে অন্ততপক্ষে মারার ব্যবস্থা করা হোক। মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আপনার মাধ্যমে আমার এটাই নিবেদন।

[2-50 — 3-00 p.m.]

**শ্রী নির্মল দাস ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। কারণ সম্প্রতি দেখা যাচ্ছে যে যারা সংসদীয় গণতন্ত্রকে রক্ষার জন্য চিৎকার চেঁচামেচি করেন তারা সংসদীয় ব্যবস্থার অন্যদিক, আইন ব্যবস্থাকে ধ্বংস করার জন্য চেষ্টা করছেন। ব্যাঙ্কশাল কোর্টের সাম্প্রতিক ঘটনা তার প্রমাণ। যে সমস্ত মানুষ অবহেলিত এবং আর্থিক দিক দিয়ে দুর্বল, তাদের পারিবারিক ঝগড়ার নিরসনকল্পে যে ব্যবস্থা কেন্দ্রীয়ভাবে নেওয়া হয়েছে ব্যাঙ্কশাল কোর্টে, সেখানে মাননীয় বিচারপতি মিস্টার গাঙ্গুলিকে যেভাবে অপদস্থ করা হয়েছে, ব্যক্তিগত ভাবে নিগৃহীত করা হয়েছে, এটা একটা ভয়ঙ্কর ব্যাপার। আমরা দেখেছি মহিলা কমিশনের সভাপতি, গীতা সেন একটি কথা বলেছেন, হয়ত তা অনেকের দৃষ্টিতে আসেনি। তিনি বলেছেন যে এটি একটি অদ্ভুত ঘটনা। বহু পরিবার আছে যারা পয়সা খরচ করে মামলা করতে পারেন না। তাদের জন্য এই যে আইনগত সাহায্য দেওয়া হচ্ছে এতে উকিলবাবুদের গাত্রদাহ হচ্ছে। তাদের এতে গাত্রদাহ হচ্ছে কেন, না আমরা দেখেছি যে হাইকোর্টে বা বিভিন্ন কোর্টে যখন বিচার হয় তখন লোক দেখানো সওয়াল করেন। অনেক সময়ে দেখা যায় যে ডেট পেরিয়ে গেছে বা মামলা শেষ তবুও তারা ডেট দিয়ে যাচ্ছেন। এইভাবে তারা সবাইকে স্কুইজ করে যাচ্ছেন। এর আগে আমরা জানি, কোনও কোনও পত্র পত্রিকায়, নানা মিডিয়াতে এ নিয়ে লেখালেখি হয়েছে। প্রকৃতপক্ষে বিচারের উপরে মানুষের আস্থা খুবই দুর্বল জায়গায় চলে গেছে। সেইজন্য আমি আবেদন করব রাজ্য সরকার যেন প্রয়োজনীয় ব্যবস্থা নেয়। এখানে পুলিশের ভূমিকা অত্যন্ত নক্কারজনক ছিল। এলাহাবাদ হাইকোর্টের ব্যাপারে কংগ্রেসের পক্ষ থেকে খুব চিৎকার করা হচ্ছিল কিন্তু তাদের বন্ধু, মস্তান, গুন্ডারা এইসব কাজ করল এই ব্যাপারে তো একটি কথা তাদের সদস্য বললেন না। সুতরাং আমার দাবি হচ্ছে অবিলম্বে বিচার বিভাগীয় ব্যবস্থা নেওয়া হোক।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে মালদহ জেলার অত্যন্ত করুণ চিত্র আপনার সামনে তুলে ধরতে চাই। মাননীয় মুখ্যমন্ত্রী এবং সমস্ত মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। মালদহ জেলায় ৩টি অর্থকরী ফসল আছে যথা আম, পাট এবং ধান। এবার আম একেবারেই হয়নি। অনাবৃষ্টিতে মোট ১০টি ব্লক অনাবৃষ্টিতে ভুগেছে, আর ৬টি ব্লক বন্যায় এবং ৫টি ব্লকে কোনও চাষ হয়নি। মাত্র ১৯ পারসেন্ট চাষ হয়েছে ৫টি

ব্লকে এবং ৯০ পারসেন্ট চাষি তাদের নিজের জমিজমা বিক্রি করে চাষ করেছে। তারা খুবই পরিশ্রমি। দুঃখের বিষয় যে, গত ৩ মাস ধরে ইলেকট্রিকে লো ভোল্টেজের ফলে কোনও মটর চালানো যায়নি। ডিজেলে চাষ করতে হয়েছে। অথচ মালদহ জেলার উপর দিয়ে চুখা ইলেকট্রিক দক্ষিণবঙ্গ আলো দিচ্ছে। আর আমাদের মালদার লোকেদের বিহার থেকে ইলেকট্রিক নিতে হয়। মেদিনীপুরে বন্যা হলে মন্ত্রী ছোটেন, ইঞ্জিনিয়ার ছোটে, অথচ এতবড় খরা প্রায় ১০০ বর্গমাইল ধরে, সেখানে একজিকিউটিভ ইঞ্জিনিয়ার যায়নি। ওখানে কোনও ইলেকট্রিকের লোক নেই। সেই কারণে আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীকে আবেদন করব যাতে অবিলম্বে চুখা থেকে আমাদের বিদ্যুৎ দেওয়া হয়, তা না হলে ধান বাঁচানো যাবে না।

**শ্রী মহঃ নিজামুদ্দিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে হাউসে উত্থাপন করতে চাই। আমাদের পশ্চিমবঙ্গে প্রায় সাড়ে ৭০০টি সিনেমা হল আছে, এরসঙ্গে যুক্ত আছে শ্রমিক কর্মচারি, শিল্পী এবং টেকনিসিয়ানরা। অর্থাৎ ১০ হাজার মানুষ জড়িত এই শিল্পে অথচ এর শ্রমিক কর্মচারিদের কোনও গ্রেড, পে বলে কিছু নেই। এরা ১৯৮৮ সাল থেকে সংগ্রাম করে আসছে। ১৯৯২ সালের ২৬শে জুন একটা চুক্তি হয়, সেই চুক্তির মধ্যে দিয়ে তাদের ৩টে গ্রেডে অ্যাড হক টাকা বাড়ানো হবে বলে বলা হয়েছিল এবং ৩০শে সেপ্টেম্বরের মধ্যে পে স্কেল চালু করার জন্য কমপ্লিট করতে মালিকদের বলা হয়েছিল। কিন্তু মালিকপক্ষ ২৭ মাস ধরেও এই কাজ করেন নি। ১৯শে আগস্ট আমাদের ইউনিয়নের পক্ষ থেকে নোটিশ দিই যে, একটা প্রতীক ধর্মঘট করব। এই ঘোষণা করার পরে আমাদের তরফ থেকে লেবার ডিপার্টমেন্টকে বহুবার ডাকা হয়েছে। কিন্তু তারা আসেনি। অবশেষে ২ রা সেপ্টেম্বর এসেছিলেন। লেবার সেক্রেটারি সেখানে এসে বলেছিলেন যে আমরা নীতিগতভাবে এই পে স্কেল মেনে নিচ্ছি। কিন্তু ওখানে কোনও স্বাক্ষর করব না, পরে জানাব। তাই বাধ্য হয়ে আমরা ফোর্থ সেপ্টেম্বর একদিনের প্রতীক ধর্মঘট করি, সেদিন একটা দুঃখজনক ঘটনা ঘটে যায়। প্রিয়া সিনেমা হলের কাছে সেটা ঘটে। আমাদের যারা সিনেমা হলের কর্মচারি তারা মাইক লাগিয়ে স্ট্রিট কর্ণারে মিটিং করছিলেন, তারা সেখানে বলছিলেন আমাদেরকে পে-স্কেল দেওয়া হচ্ছে না, সেইজন্য আমরা একদিনের প্রতীক ধর্মঘট করছি। আজকে আপনারা সিনেমায় যাবেন না। তখন মালিক পক্ষ থেকে লোহার রড দিয়ে হামলা করা হয় এবং ৮ জন ওয়ার্কারকে তারা আঘাত করে। লেক পি.এস.-এ তাদের নামে এফ.আই.আর. করা হয়েছে, হাসপাতালে তাদেরকে ভর্তি করা হয়েছে। এই ঘটনার পর ৫ তারিখ থেকে তারিখে বে-আইনিভাবে লক আউট করে দেন। বহু চেষ্টার পর বিশেষ করে আমাদের শ্রমমন্ত্রী চেষ্টা করার পর ১৪ই সেপ্টেম্বর, পরশুদিন একটা বৈঠক হয়েছিল, উনি সেখানে ছিলেন, আমরাও ছিলাম, মালিক পক্ষ ছিলেন, আলোচনা হয়, তারা কথা দেন। আগামীকাল আমাদের ৩টের সময় মিটিং হবে, সেই মিটিং-এর পর ৫টার সময় আমরা আসব। এখানে একটা বিষয় উল্লেখ করা দরকার, মালিক পক্ষ তারা ইতিমধ্যে অনেক সুযোগ সুবিধা পেয়েছেন, তাদের ইচ্ছা মতন সেকেন্ড ক্লাসকে ফার্স্ট ক্লাস করতে পারেন, থার্ড ক্লাসকে সেকেন্ড ক্লাস করতে পারেন। দামও বাড়াতে পারেন। '৯২ সালে টেন পারসেন্ট সারচার্জ বাড়িয়ে-দেওয়া হল, আমাদের শ্রমমন্ত্রী জানিয়েছিলেন আপনারা এই চুক্তি করে নিন, আমাদের ভারপ্রাপ্ত মন্ত্রী যিনি আই অ্যান্ড সি তে আছেন তার সঙ্গে কথা বলুন। আপনাদের যা বক্তব্য আপনারা সেখানে এসে বলবেন, আপনাদের বক্তব্য শোনা হবে। তারা সেই কথা

*দেওয়ার পর গতকাল ১৫ তারিখে তাদের আসবার কথা ছিল, মন্ত্রীর সময় ছিল না, রাজারহাটের মিটিং সেরে তিনিও সেখানে এসেছিলেন, কিন্তু তারা আসেননি।* আমরা ইউনিয়নের পক্ষ থেকে তার প্রতিবাদ জানাচ্ছি। আমি যেটা বলতে চাই সরকার এই সম্পর্কে হস্তক্ষেপ করুন এবং যত তাড়াতাড়ি সম্ভব পে স্কেল এর সমস্যা মিটিয়ে দিন এবং লক আউট যেন তুলে দেওয়া হয় তার ব্যবস্থা করেন। এই কয়েকটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[3-00 — 3-10 p.m.]

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** মিঃ স্পিকার স্যার, সকাল বেলায় মিনিমাম ওয়েজেসের উপর আলোচনার সময় সিনেমা হলের কর্মচারিদের আলোচনার প্রসঙ্গও উঠেছিল। প্রথম কথা হচ্ছে, সিনেমা হলের কর্মচারিদের দাবি-দাওয়া নিয়ে একটা ইন্টেরিম সেটেলমেন্ট আগে হয়েছিল। তাতে অ্যাডহক ভিত্তিতে কয়েকটি গ্রুপে ভাগ করে মাইনে বাড়ানো হয়েছিল। ঘটনা যেটা ঘটেছে সেটা হচ্ছে, কথা ছিল যে ওরা পে স্কেল এটা দেবেন। নিজেরা যদি এটা আলোচনা করে আগে মিটিয়ে নিতে পারেন তাহলে ভাল, নাহলে আমাদের শ্রম দপ্তরের সঙ্গে আলোচনা করবেন। সেখানে ফিক্স আপ হবে। সেই আলোচনায় শ্রম দপ্তরের পক্ষ থেকে আমাদের এর আগে যিনি লেবার সেক্রেটারি ছিলেন তিনি দুই পক্ষের কাছে একটা ড্রাফ্ট দিয়েছিলেন - ইউনিয়নের কাছে এবং মালিক পক্ষের কাছে। যদিও এই ব্যাপারে আমাকে সেদিন মালিক পক্ষ বলেছেন তারা সেটা খুঁজে পাননি। যাইহোক সেটা হয়নি। যারফলে শ্রমিকদের মধ্যে বিক্ষোভ বাড়ে, এবং ফোর্থ সেপ্টেম্বর ওরা প্রতীক ধর্মঘট করে। আগে নোটিশও ছিল। মালিক পক্ষ সেটাকে কাউন্টার করেন লক আউট করে। ইতিমধ্যে কিছু অপ্রীতিকর. ঘটনা ঘটেছে সেটা না ঘটলেই ভাল হোত। এই লক আউট করার পর আবার আমরা তাদেরকে ডাকি। এবং এটা ঠিক যে মালিক পক্ষ সেই লক আউটের পর যে বিবৃতি দেন পরদিন ওরা একটা চিঠি আমাকে দিয়েছিলেন, বুদ্ধদেব বাবুকেও দিয়েছিলেন, ওরা নিরাপত্তার গ্যারান্টি চান, আমি বলেছিলাম নিরাপত্তার পুরো গ্যারান্টি পাবেন। পুলিশের অ্যারেঞ্জমেন্ট থাকবে ইত্যাদি। পরে দেখলাম তা নয়, আরও অনেক কনসেশান ওরা চাইছে। মারামারি হয়েছে এবং মারামারিতে দুপক্ষই মার খেয়েছে এই হল পুলিশ রিপোর্ট। এখন ওরা আরও কনসেশান চান। তাহলেই ওরা লকআউট তুলবে। আমি ওদের পরশুদিন মিটিংয়ে ডেকেছিলাম এবং ওরা মিটিংয়েও এসেছিলেন। আমি ওদের কাছে কিছু সহজ ফর্মুলা দিই। আমি বলেছিলাম স্ট্রাইক নিয়ে যে ঘটনা ঘটেছে তা দুপক্ষই ভুলে যান। আমি ওদের বলেছিলাম ঝগড়া বাড়িয়ে লাভ নেই। ইউনিয়নও বলেছিলেন ভুলে যাবেন এবং মালিক পক্ষও বলেছিলেন ভুলে যাবেন এবং আমি বলেছিলাম ভবিষ্যতে যাতে এইরকম ঘটনা না হয় সেটা দেখবেন। এতে দুপক্ষই রাজি হয়েছিল। স্ট্রাইকের আগের দিন অর্থাৎ দুই তারিখে একটা মিটিংয়ে হয়েছিল এবং লেবার কমিশনের পক্ষ থেকে একটা পে স্কেল দেওয়া হয়েছিল। সেই পে স্কেল ইউনিয়ন মানতে রাজি ছিল এবং মালিক পক্ষও মোটামুটি রাজি হয়েছিল। কিন্তু পরবর্তীকালে যে কোনও কারণেই হোক তাদের প্রতিনিধি সেটা সই করেননি। এতে ছিল কবে থেকে ইমপ্লিমেন্ট করা হবে ইত্যাদি বিষয় এবং পুরোনো ঘটনার জন্য দুঃখ প্রকাশ করা। কিন্তু মালিক পক্ষ আরও অন্যান্য কিছু সুবিধা চাইছে। ১৯৯১ সালে যখন ওদের ডিমান্ড নিয়ে আলোচনা হয় তখন বুদ্ধদেব বাবু ওদের কিছু সুযোগ-সুবিধা দিয়েছিলেন এবং তখন আমিও সেখানে

ছিলাম। আমি ওদেরকে বলেছিলাম লক আউটটা লিফট করে নিন অন্য ব্যাপারে আমি কথা বলব এবং বুদ্ধদেববাবুও সেই সম্বন্ধে কথা বলবেন বলেছেন। ওরা বলেছিলেন আমাদের সাধারণ যে সমস্ত সদস্য আছে তাদের সঙ্গে আমাদের মিটিং করতে হবে। আমরা পরের দিন সই করব। পাঁচটার সময় ওদের ফাইনাল বসার কথা ছিল। কিন্তু আমি সকালবেলায় শুনলাম সেদিন তারা আসেননি। আমি রাজারহাটে একটা কাজে গিয়েছিলাম সেখানে ফিরে আসার পর শুনলাম যে তারা তখনও আসেননি। ওরা যে আসবেন না, এইরকম কোনও খবর ওরা আমাদের দেননি। আমি আশা করছি ওরা আসবে। ওরা আবার সেদিন বুদ্ধদেব বাবুর সঙ্গে দেখা করতে গিয়েছিলেন, প্রায় ঘন্টা খানেক ওখানে ওরা ছিলেন আশ্বাস পাওয়ার জন্য। আমরা ধরেই নিয়েছিলাম, যে সই হয়ে যাবে, কিন্তু সেই সই হয়নি। শ্রম দপ্তরের পক্ষ থেকে আমরা যোগাযোগ করার চেষ্টা করছি, আমরা আশা করি মালিকপক্ষ দায়িত্বজ্ঞানের পরিচয় দেবেন। সামনে পুজো আসছে, সিনেমা হল বন্ধ থাকলে শ্রমিক-কর্মচারিদের যেমন কষ্ট, তেমনি পুজোর সময় সাধারণ মানুষ সিনেমা দেখেন, তারাও দেখতে পাবেন না। আমরা যে প্রতিশ্রুতি দিয়েছি সেগুলো তারা বিবেচনা করবেন এই হচ্ছে আমার বক্তব্য।

## LEGISLATION

### The West Bengal Building (Regulation of Promotion of Construction and Transfer by Promoters) (Amendment) Bill, 1994

**Shri Goutam Deb :** Sir, I beg to introduce the West Bengal Building (Regulation of Promotion of Construction and Transfer by Promoters) (Amendment) Bill, 1994.

(Secretary then read the Title of the Bill)

**Shri Goutam Deb :** Sir, I beg to move that the West Bengal Building (Regulation of Promotion of Construction and Transfer by Promoters) (Amendment) Bill, 1994, be taken into consideration.

এই বিলটা এখানে পাস হয়ে গেল আইন হল, সই হল। দিল্লিতে যাবে রাষ্ট্রপতির সই হবে। এই সকল নিয়ম আছে। সেই বিল ডিপার্টমেন্টে যাবে। আরবান ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট দেখবেন, ল-ডিপার্টমেন্ট দেখবেন, হোম ডিপার্টমেন্ট দেখবেন, তারপর রাষ্ট্রপতি দেখবেন। আমি বসেছিলাম তখন তারা এটা লিখে পাঠিয়েছিলেন। এমনি সব ঠিক আছে কিন্তু এই তিনটি পয়েন্ট যুক্ত করতে হবে। সেই সমস্ত দেখে আমরা দিল্লিতে আপনাদের বলেছিলাম, স্টাডি করে প্রয়োজন হলে আমরা সেটা ইনকর্পোরেট করে নেব। তারপর রাষ্ট্রপতি সই করে দিলেন, সেটা চালু হল, কিন্তু কার্যকরি করা যাচ্ছে না। আমি তো বলেই দিয়েছি করব। প্রধানত ওরা যে মডেল আইন করেছিলেন তাতে যে তিনটে জিনিস ওরা যুক্ত করতে বলেছিলেন তা আমরা যুক্ত করেছি এবং বলে রেখেছি, এখন সময় চলে যাচ্ছে বলে অনেকে পরামর্শ দিয়েছিলেন, এই পাস হওয়ার পর যাতে দেরি না হয়। এই যে বিধানসভায় পাশ করছি, এটা ইন অ্যাডভান্স ওদের কাছে দিয়ে দিয়েছিলাম দিল্লিতে। এটা আমরা বিধানসভায় পাস করতে যাচ্ছি, দেখে বলুন পরে আবার যেন কিছু বলবেন না, এটা হোম মিনিস্ট্রিতে পাঠিয়ে দিচ্ছি।

তিনটে পয়েন্টের একটা হচ্ছে কোর্টে যাওয়া যাবে না। নো সিভিল কোর্ট। অ্যাপিল ২২৬-এ যা পারেন করুন। দুই, শাস্তির ক্ষেত্রে আমরা ৫০ হাজার বলেছিলাম সেখানে ওরা ১০ হাজার করেছে। বাকি যেটা বলেছে সেটা হচ্ছে, লোকটা কত ফাঁকি দিয়েছে? আড়াই লক্ষ, তিন লক্ষ টাকা ফাঁকি দিয়েছে, তাহলে ৫০ হাজার হবে কেন? সবটাই হবে। যতটা ফাঁকি দিয়েছে ততটাই হবে। সেটা আমরা যা করেছি ভালোই করেছি। তিন নম্বর হচ্ছে রেভিশন, স্টেট গভর্নমেন্ট সুয়ো মোটো করতে পারেন তেমনি পাবলিকও করতে পারে, সেটা আমরা অ্যাকসেপ্ট করব। স্টেট গভর্নমেন্ট মনে করছে সে নিজেই সেটা করতে পারবে।

[3-10 — 3-20 p.m.]

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** স্যার, এই যে বিল এসেছে 'ওয়েস্ট বেঙ্গল বিল্ডিং (রেগুলেশন অফ প্রমোশন অফ কনসট্রাকশন অ্যান্ড ট্রান্সফার বাই প্রমোটার) (অ্যামেন্ডমেন্ট বিল) ১৯৯৪। এই বিলটার বিষয়বস্তু এখানে আলোচনা হবে। কিন্তু তার আগেই সব বেরিয়ে গেছে এবং আমরা বিল পেয়েছি। ২৪ ঘন্টা আগে গতকাল সংবাদপত্রে বেরিয়েছে। আমি জানিনা এটা কি করে সম্ভব। আমি জানিনা যে বিলটা আনছে, প্রেস করছে তার বিস্তারিত বিষয়বস্তু আমি সংবাদপত্রে আগে পড়েছি, কিভাবে বিল আসছে ইত্যাদি ইত্যাদি। সুতরাং আমাদের মনে হয় এই বিষয়টা ঠিক হয়নি। বিশেষ করে বিল আনার ব্যাপারে আরও গোপনীয়তা মেনটেন করতে হবে এবং অ্যাসেম্বলিতে আসার আগে সংবাদপত্রে প্রকাশিত হওয়া আপনাদের দপ্তরের পক্ষে ঠিক কাজ হয়নি। এই ব্যাপারে আপনার দপ্তরকে সচেতন থাকতে বলা উচিত। যদি বিধান সভার মধ্যে থেকে লিকেজ হয়ে থাকে সেটাও উচিত নয়। এক্ষেত্রে আমাদের আপত্তি আছে, কেন এটা আগে সংবাদপত্রে প্রকাশ হয়ে গেল। দ্বিতীয়ত, এই বিলটি নিয়ে সিলেক্ট কমিটিতে আমরা ১৪টা মিটিং করেছিলাম। আমি নিজে সেই সিলেক্ট কমিটিতে ছিলাম। সেই ১৪টা মিটিং-এ অনেক ভাবনা চিন্তা করে আপনি খুব ডেমোক্রাটিক্যালি ওপিনিয়ান নিয়েছিলেন এবং সেখানে ক্লজ বাই ক্লজ আলোচনা করে আমরা ডিসকাশন করেছিলাম। অর্থাৎ প্রোমোটারদের দৌরাত্ম নিয়ন্ত্রণের ক্ষেত্রে নিশ্চিত কিছু পদক্ষেপ নেওয়ার ব্যাপারে আমরা সিদ্ধান্ত নিয়ে ভেবেছিলাম যে ১৯৯৩ সালেই এটা ইমপ্লিমেনটেড হবে কিন্তু দেখলাম তা হল না। ১৫.৩.৯৩ তারিখে এটা অ্যাসেম্বলিতে ডিসকাসান করা হল এবং তারপর রাষ্ট্রপতি মহাশয়ের সম্মতির জন্য পাঠানো হল। ৪.৩.৯৪ তারিখে সেটা ফিরে এলো এবং ফিরে এলো কিছুটা শর্তসাপেক্ষে। আমার প্রশ্ন ১৫.৩.৯৩ তারিখে এটা অ্যাসেম্বলিতে পাশ করার পর কতদিন আপনার সময় লেগেছিল মাননীয় রাষ্ট্রপতির সম্মতির জন্য পাঠাতে? তারপর ৪.৩.৯৪ তারিখে যখন ফিরে এলো তখন ফুল সুইং--এ অ্যাসেম্বলির সেশান চলছে। মার্চ মাসে মাননীয় রাষ্ট্রপতির কাছ থেকে শর্তসাপেক্ষে ফিরে আসার পর এ বছর জুন পর্যন্ত বিধানসভা চলেছে। তা যখন চলেছে তাহলে এটা তখন আনেন নি কেন? প্রোমোটারদের দৌরাত্ম নিয়ন্ত্রণে অনেক উদ্যোগ নেওয়ার জন্য যে বিল আমরা ১৫.৩.৯৩ তারিখে পেশ করলাম এবং রাষ্ট্রপতির কাছ থেকে যেটা ৪.৩.৯৪ তারিখে ফিরে এলো তারপরে একটা পুরো বাজেট সেশান চলেছে এবং সেখানে কারণে, অকারণে কম গুরুত্বপূর্ণ বিষয় অনেক গুরুত্ব দিয়ে এখানে আমরা আলোচনা করলেও আপনি এ ব্যাপারটা যথাযথ গুরুত্ব দিয়ে তৎপরতার সঙ্গে বিধানসভায় আনতে পারলেন না। এটা আপনার পক্ষে নেগলিজেন্স অব

রেসপনসিবিলিটি, আপনি এ ক্ষেত্রে দায়িত্ব পালন করতে পারেন নি। ইতিমধ্যে অসাধু প্রোমোটাররা এই রাজ্যের অনেক ক্ষতি করে দিয়েছে। স্যার, এখন হাউসিং-টা কি? আজকে হাউসিং-টা হচ্ছে গ্রোন আপ ইন্ডাস্ট্রি। এটাকে আজকে আর ছোট করে দেখা যায়না। ইট ইজ বিকামিং গ্রোয়িং ইন্ডাস্ট্রি। যেখানে অন্য ইন্ডাস্ট্রির ক্ষেত্রে এখানে ডোল-ড্রাম সিচুয়েশন হচ্ছে সেখানে এই হাউসিং-এর মতন একটা বড় বিষয় নিয়ে আমাদের অনেক গুরুত্বের সঙ্গে অনুধাবন করতে হবে। আমরা যতই তৎপরতার সঙ্গে এই বিষয়টা অনুধাবন করতে যাচ্ছি ততই আমরা দেখছি এক শ্রেণীর আনস্ক্রুপুলাস, ডিস অনেষ্ট প্রোমোটার তারা গোটা বিষয়টাকে বানচাল করে দিতে চাইছে। প্রোমোটার মানেই তারা সকলে অসাধু, দুর্নীতি পরায়ণ এটা ভাবার কোনও কারণ নেই। প্রোমোটারদের দুটি স্ট্রেট ক্লাসিফিকেশন করা যায়। যারা সৎ প্রোমোটার, যারা প্ল্যান স্যাংসন করানোর জন্য আইন মেনে চলেন, প্ল্যান জমা দেন, তার আবেদনপত্রের সঙ্গে যে টাকা জমা দেওয়া দরকার তা দেন কিন্তু প্ল্যান স্যাংশান করার ব্যাপারে সেখানে অনেক গড়িমসি করা হয়, অনেক গাফিলতি করা হয় এবং সেখানে করাপশন পর্বত প্রমাণ। সঠিকভাবে প্ল্যান স্যাংশান করিয়ে কোনও প্রোমোটার যদি ভালোভাবে ব্যবসা করতে চান সেখানেও দেখা যায় তাকে অনেক প্যারাফারনেলিয়া পেরিয়ে আসতে হয়, অনেক বাধা পেরিয়ে পৌঁছাতে হয়। আর এক দল হচ্ছে টোটালি আনস্ক্রুপুলা, ডিসঅনেস্ট প্রোমোটার্স। গত ১৭ বছর ধরে এরাই কলকাতা এবং পশ্চিমবাংলায় বড় বড় শহরগুলিতে যেভাবে ব্যবসা চালিয়ে চলেছে তাতে তারা মানুষের কাছে সেইভাবে চিহ্নিত হয়ে গিয়েছে এবং তারা একটি বিশেষ শ্রেণী হিসাবে মানুষের কাছে পরিচিত হয়ে আছে। তাদের হাত থেকে এখানকার মানুষকে মুক্তি দিতে যে তৎপরতার সঙ্গে পদক্ষেপ গ্রহণ করা উচিত ছিল দীর্ঘ ১৭ বছর ধরে তা লক্ষ করা যায় নি। যদিও সব ক্ষেত্রে আপনার করণীয় কিছু নেই কিন্তু তবুও আরবান ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট, কর্পোরেশন এবং হাউসিং-এর মধ্যে যদি একটা কো-অর্ডিনেশন না থাকে, সমন্বয়ে না থাকে, তাহলে এই অসাধু প্রমোটারদের দৌরাত্ম বন্ধ করতে কোনও পজিটিভ সিদ্ধান্ত নিয়ে কাজ করতে হবে তা নাহলে কোনও পজিটিভ সিদ্ধান্ত নিয়ে কাজ করতে হবে তা নাহলে কোনও কাজ করা সম্ভব হবে না। যে কারণে বিল করেকটেড ওয়েতে আনা হয়েছে। এটা সিলেক্ট কমিটিতে এসেছিল, সেখানে বিস্তারিত ভাবে আলোচনা হয়েছিল এবং আমরা কতকগুলো প্রস্তাব পেশ করেছিলাম। তার কিছুটা গৃহীত হয়েছে, কিছুটা গৃহীত হয়নি। আপনি নিজে বলেছেন রাষ্ট্রপতি বলেছেন আর্বান ডেভেলপমেন্টের যে বিলটা হয়েছে সেই মডেলে, তারসঙ্গে একটা সমতা রেখে একটা কোহেসিভ বিল তৈরি করতে, তাতে খুব পরিষ্কার ভাবে বলা আছে যে জেল জরিমানার কথা আছে এবং ৫০ হাজার টাকা যেটা জরিমানা দেবার কথা সেটা মডেল আইনে ১০ হাজার টাকা করতে হবে এবং বলেছেন যে ট্রাইব্যুনালে বিচার করতে হবে, এটা এমনি আদালতে হবে না এবং প্রমোটারদের বিরুদ্ধে ব্যবস্থা নেবার জন্য যে সংশোধনী সেটা নোটিশ দিয়ে করার কথা হয়েছে ৬০ দিনে। অর্থাৎ পরিবর্তন যে খুব বেশি এসেছে তা নয়। আমার যেটা বক্তব্য, আমাদের মূল বিলটাতে যেটা ছিল, তাতে লক্ষ করতে হবে, আমাদের কোনও পদক্ষেপ নিতে হবে, যেহেতু আমাদের হাউজিং সমস্যা দিনের পর দিন বেড়ে যাচ্ছে, আমরা যেন এমন কোনও সিদ্ধান্ত না নিই যাতে বিষয়টাতে কোনও অবস্ট্রাকশন সৃষ্টি হয়। কারণ যারা এই ইন্ডাস্ট্রিতে ইনভলভ হতে চাইছে, ১৭ বছরে যেহেতু এই সরকার এদিকে কোনও নজর

দেননি, আজকে হঠাৎ পাকড়াও করা ভয়ঙ্কর ভাবে শুরু হয়েছে, তাতে ওরা যদি পিছিয়ে আসে, এটা ভাল সিম্পটম হবেনা। কারণ আপনি নিজে বলেছেন ৫০ হাজার বাড়ি তৈরি করে আপনি বিলি বন্টন করবেন, কিন্তু আমরা জানি সরকারি ভাবে একা পশ্চিমবাংলার বাসস্থান সমস্যার সমাধান করা সম্ভব নয়। এই রাজ্যে আপনিই বলেছেন যে ২০ লক্ষ ইউনিট শেল্টারের প্রয়োজন সারা পশ্চিমবাংলার মানুষের জন্য। আপনি যে কাজ শুরু করেছেন সেটা শহরাঞ্চল এবং কলকাতার জন্য। বর্তমানে আপনি সরকারি উদ্যোগে ৫০ হাজার করবেন, কিন্তু তার পাশাপাশি বেসরকারি প্রমোটারের মাধ্যমে এই কাজ আমাদের রাজ্যে চলবে। সে কলকাতায় হোক বা যে কোনও শহরাঞ্চলে হোক বা গ্রামাঞ্চলেই হোক। কিন্তু আমাদের সব সময় মনে হয়েছে যে প্রমোটারদের সঙ্গে সব সময়েই একটা আনহোলি নেক্সাস অর্থাৎ অশুভ আঁতাত প্রথম থেকে চলে আসছে। আমি এই বিধানসভায় দাঁড়িয়ে ৮৭ সালে বলেছিলাম নিউ মার্কেটের কাহিনী যে কিভাবে অসাধু প্রমোটারদের কাছে কত সহজ শর্তে বিক্রি করা হয়েছে। নির্মল মুখার্জিও নিজে ইন্ডিয়া টু-ডেতে একটা প্রেস মিটে বলেছিলেন যে কলকাতা শহরে ১০ হাজার বেআইনী বাড়ি তৈরি হয়েছে ৮৪ সাল থেকে ৮৯ সাল এর মধ্যে ইল্লিগ্যাল বাড়ি তৈরি করার স্বর্গ রাজ্য তৈরি হয়েছে এই কলকাতা শহর। প্রমোটাররা সি.পি.এম. এর ক্যাডার বা তাদের দলের সঙ্গে যোগাযোগ রক্ষা করে এইসব কাজ করে গেছে। আজকে যারা এই কাজে ইনভলভ, এই ধরনের কাজ করে, তাদের স্বভাবতই শাসক দলের প্রটেকশন নিয়ে এই কাজ করতে হয়।

[3-20 — 3-30 p.m.]

সুতরাং শাসকদল এর শেল্টার এবং প্রোটেকশন এর ক্ষেত্রে আপনার সরকারের সঙ্গে এবং দলের সঙ্গে সে ক্ষেত্রে একটি কো অর্ডিনেশনের একটি সমন্বয়ে মেনটেন না করেন তাহলে আপনি এখানে আইন প্রণয়ন করবেন কি করে। কিন্তু বাইরে গিয়ে দেখা যাবে সেই আইনের রিফ্লেকশন প্রপারলি হচ্ছে না। পাশাপাশি আরও একটা দেখতে হবে যে কাজের পদ্ধতি যেন একটা ব্যুরোক্র্যাটিক ফাস বা আমলা তান্ত্রিক ফাসের মধ্যে গোটা ব্যাপারটা যেন না পড়ে। আপনি হয়তো জানেন তরুণ মন্ত্রীকে সন্তুষ্ট করতে গিয়ে অফিসাররা এমন একটা দৌরাত্ম শুরু করলেন যে তাতে হয়তো এই বিলের মূল উদ্দেশ্য ব্যাহত হতে পারে। আজকে সেই জন্য আমার নিজের বক্তব্য হচ্ছে যে নতুন বিল আমরা আগেও বলেছি একে আমাদের সমর্থন করতে কোনও আপত্তি নেই। কারণ অসৎ প্রোমোটারদের প্রতিরোধ করতে বিলম্ব হলেও ১৭ বছর পরে আপনারা দায়িত্ব সম্পর্কে সচেতন হয়েছেন, আপনাদের এই উদ্যোগকে আমরা প্রশংসা করতে পারি। কিন্তু এই বিলম্বের জন্য কখনোই ক্ষমা করা যায়না যে ভয়ানক সর্বনাশ এ রাজ্যে হয়ে গেছে, আনস্ক্রুপুলাস এবং ডিসঅনেস্ট প্রোমোটারদের মাধ্যমে। এই সরকারকে সম্পূর্ণ ভাবে দায়িত্ব বহন করতে হবে। আমরা আগে যখন এই বিল নিয়ে আলোচনা করেছিলাম তখন দু একটা বিষয়ে আমাদের অ্যামেন্ডমেন্ট মিনিটস অব ডিসেন্টে বলেছিলাম কিন্তু সেগুলি নিয়ে কোনও আলোচনা হয়নি। কোনও জায়গায় যতবার প্রোমোটার গৃহ নির্মাণ করতে যাবে তাকে প্রত্যেক ক্ষেত্রেই একটা করে রেজিস্ট্রেশন করতে হবে। আমরা তখন মিনিটস অব ডিসেন্টে বলেছিলাম যে We had suggested an amendment for self-regulation of promoters instead of case to case for which new

house to be constructed. In the amendment we suggested that there should be one time registration of promoters together with a Code of conduct for one promoter in violation of the code of conduct could be punishable. This should have sorted out in the bill and made it less cumbersome. এই কথাটা আমরা বলেছিলাম। কিন্তু সেই সময় আপনারা এই বিষয় নিয়ে সেই সময় কোনও সঠিক সিদ্ধান্তে আসেন নি। আমি গতবার আরও একটি কথা বলেছিলাম সেটা নিয়ে ভুল বোঝাবুঝি হয়েছিল, যে সাধারণ মানুষ যখন বাড়ির জন্য প্রোমোটারদের কাছে আসেন তখন প্রোমোটাররা বলে যে এই বাড়িটা কিনতে গেলে দেড়লক্ষ টাকা দিতে হবে। কিন্তু আমরা জানি যে দেড় লক্ষ টাকা দিয়ে যদি সেই বাড়িটা সাদা কাগজে কিনতে হয় তাহলে তার রেজিস্ট্রেশন করতে হয় আরও ৬০।৭০ হাজার টাকা দিয়ে। স্বাভাবিক দেড় লক্ষ ট্যকা দিয়ে সাধারণ মানুষ সাদা কাগজে রেজিস্ট্রেশন করতে চাইবে না। কারণ ট্যাক্সের ধাক্কা আছে। সেই কারণে সাধারণ মানুষ তখন প্রোমোটারদের বলে যে সে ৭৫ হাজার টাকা লেখাপড়া করে দেবে আর অর্ধেক টাকা অন্যভাবে দেবে। অর্থাৎ সে প্রোমোটারদের কাছে দেড় লক্ষ টাকা দিল কিন্তু প্রোমোটার লিখে দিল ৭৫ হাজার টাকায় সে বাড়িটা দেবে। কিন্তু তারপর দেখা গেল যে সে বাড়ি দিচ্ছেনা। স্যার আপনার বিলে আছে যদি সে দেয় টাকা নিয়ে নিয়ে যদি সেই নির্দিষ্ট সময়ের মধ্যে বাড়ি না দেয় তার জরিমানা এবং পানিশমেন্টের ব্যবস্থা কি? এটাতে কি নিরাপত্তা আছে? প্রমোটার বলে যে ৭৫ হাজার টাকা আমি তোমাকে দিচ্ছি তোমাকে বাড়ি আমি দিতে পারব না। অর্থাৎ মানুষকে যতই আইনের ফাঁদে বাঁধবার চেষ্টা করুন না কেন মাস অ্যাওকেনিং না করলে প্রত্যেকের সচেতনতাকে ডেভেলপ না করলে শুধু বিল দিয়ে কিছু হবে বলে আমার মনে হয়না। সে কারণেই আমরা গত বিলকে সমর্থন করেছিলাম। সেখানে নিশ্চয়ই কতগুলো ভাল কথা ছিল। যেমন, নির্মাণ কাজের সময় নিচু মানের সরঞ্জাম ব্যবহার করা হলে, সেখানে প্রমোটারের রেজিস্ট্রেশন বাতিলের সুযোগ থাকবে। কেন্দ্রীয় সরকারের পক্ষে এ ব্যাপারে কোনওরকম হস্তক্ষেপ করা হয়নি। তারপর বলা হয়েছিল, নির্মাণ কার্য সরেজমিনে খতিয়ে দেখার জন্য আগে থেকে না জানিয়ে যে কোনও সময় সাইটে যাবার সরকারি কর্তৃপক্ষের অধিকার থাকবে। তারপরে বলা হয়েছিল, বাড়ি নির্মাণে, ফ্ল্যাট হস্তান্তরে ইচ্ছাকৃত দেরি হলে অগ্রিম বাবদ ক্রেতার জমা দেওয়া টাকার ওপর প্রমোটার ক্ষতিপূরণ হিসাবে বার্ষিক ১২ শতাংশ হারে সুদ দিতে বাধ্য থাকবে। এই সমস্ত কথা বিলে ছিল। সেই বিল এখানে বিস্তারিতভাবে আলোচিত হয়েছিল। আলোচনার সময় আমরা বার বার বলেছিলাম অসাধু প্রমোটারদের প্রতিরোধ কল্পে যদি কোনও সঠিক উদ্যোগ নেওয়া হয় তাহলে সে উদ্যোগে আমাদের সমর্থন নিশ্চয়ই থাকবে। সেই পটভূমিতে দাড়িয়ে আজকেও আমাদের দলের পক্ষ থেকে আপনাকে এ কথা বলতে চাই যে, বেটার লেট দ্যান নেভার, দেরিতে হলেও একটা উদ্যোগ শুরু হয়েছে। অতএব এই বিলের বিরোধিতার কোনও প্রশ্নই নেই। সিলেক্ট কমিটিতে দীর্ঘ সময় ধরে এই বিল নিয়ে আলোচনা হয়েছিল মিনিটস অব ডিসেন্টের মধ্যে দিয়ে, আলোচনার ভিত্তিতে এই বিল এসেছে। আমরা কতগুলো অ্যামেন্ডমেন্ট দিয়েছিলাম। কয়েকটা গৃহীত হয়েছিল। ৫০ হাজারের জায়গায় ১০ হাজার টাকা জরিমানার ব্যাপারটা কেন্দ্রীয় সরকারের করার কারণ আছে। ওরা পশ্চিমবঙ্গের প্রমোটারদের দৌরাত্ম্য সম্পর্কে অবহিত নন। ভারতবর্ষের অন্যান্য রাজ্যে বা দিল্লিতে প্রমোটরদের দৌরাত্ম্য এখানকার মতো এত মারাত্মক, এত ভয়ঙ্কর নয়। এখানকার আনস্ক্রুপুলাস প্রমোটরদের

সম্পর্কে, ডিস-অনেস্ট প্রমোটারদের সম্পর্কে দিল্লির সরকারের সঠিক ধারণা নেই। সেজন্যই তারা মনে করেছেন 'প্রমোটারদের শাস্তি হিসাবে ১০ হাজার টাকা জরিমানা ধার্য করলাম, বিরাট কিছু করলাম, অনেক করলাম।' কিন্তু আমরা জানি কলকাতা শহরের বুকে অসাধু প্রমোটাররা কি ভয়ঙ্কর অবস্থার সৃষ্টি করেছে। এবিষয়ে আমি সিপিএম-এর বিরুদ্ধে বার বার অভিযোগ করি। কারণ সিপিএম-এর হেড কোয়াটার আলিমুদ্দিন স্ট্রীট আমার কন্সটিটিউয়েন্সির মধ্যে। গোটা আলিমুদ্দিন স্ট্রিট রাস্তাটির ওপর ৫০০ বে-আইনি বাড়ি আছে ফাইভ হান্ড্রেড ইল্লিগ্যাল কন্সট্রাকশন অন আলিমুদ্দিন স্ট্রিট। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি আমার সঙ্গে যাবেন পুরো আলিমুদ্দিন স্ট্রিটের ডগা থেকে শেষ পর্যন্ত আপনাকে আমি গুনে দেখিয়ে দেব — আমি নিজে গুনেছি — ৪৯৬ টা ইল্লিগ্যাল কন্সট্রাকশন রয়েছে এবং বহাল তবিয়তেই রয়েছে। কারণ ঐ বাড়ির মালিকরা বা প্রমোটাররা প্রত্যেকেই আপনাদের পার্টির সঙ্গে যুক্ত। সেজন্যই আমি বার বার বলছি একটা অশুভ আঁতাত অসাধু প্রমোটরদের সঙ্গে পুলিশের একটা অংশের, বুরোক্রাসির একটা অংশের এবং আপনাদের পার্টি ক্যাডারদের একটা অংশের গড়ে উঠেছে। টোটাল ব্যাপারটা এই আঁতাতের মধ্যে দিয়ে ডাইলুট হচ্ছে। প্রমোটরদের মধ্যে যদি একটা ভীতির সঞ্চার না করতে পারেন তাহলে এই বিল এনে জনসভায় বক্তৃতা করে আপনি হাততালি কুড়াতে পারবেন এবং ভাবতে পারবেন ভয়ঙ্কর কিছু করে ফেলেছেন, কিন্তু বাস্তব ক্ষেত্রে কিছুই করতে পারবেন না। কিছু অন্তত করতে গেলে প্রথমেই আপনাকে ঐ অশুভ আঁতাত ভাঙতে হবে। তারপর এই ডিলে প্রসেসের জন্যও অনেক ক্ষতি হয়ে যাচ্ছে। ১৯৯৩ সালে যে বিল এখানে এসেছিল সেই বিল নিয়ে আজকে '৯৪ সালের সেপ্টেম্বর মাসে আবার আমাদের আলোচনা করতে হচ্ছে। আজকে এই বিল এখান থেকে পাস হয়ে যাবার পর আবার একে রাষ্ট্রপতির অনুমোদনের জন্য পাঠাতে হবে কিনা, সেখান থেকে আবার ফিরে আমাদের এখানে আসবে কিনা আমি জানি না! এটা জানতে আমি আগ্রহি। আমরা আজেক এখানে যা করে দেব সেটাই চূড়ান্ত কিনা, এটা আমি জানতে চাই। কারণ আবার রাষ্ট্রপতির কাছে পাঠাবেন, আবার কিছু ক্লারিফিকেশনের ভিত্তিতে '৯৫ সালে আমাদের এই সভায় আবার এই বিল আমাদের আলোচনা করতে হবে কিনা আমি জানি না! আশা করব এটা আপনি আমাদের বলবেন। কারণ আর বিলম্ব করা উচিত হবে না। অসাধু প্রমোটাররা এই ডিলে প্রশেসের ইতিমধ্যেই অনেক সুযোগ নিয়ে নিয়েছে। আমি চাই অবিলম্বে অসাধু প্রমোটরদের বিরুদ্ধে আপনার দপ্তরের মাধ্যমে কঠোরতম ব্যবস্থা গ্রহণ করা হোক। এবিষয়ে আপনি যে ব্যবস্থা গ্রহণ করবেন সে ব্যবস্থার প্রতিই আমাদের সমর্থন থাকবে। আপনাকে অনুরোধ, আর বিলম্ব করবেন না—বিলম্বে অনেক কিছু ঘটে যেতে পারে, কোনও বড় হাত দিল্লি পর্যন্ত পৌঁছে যেতে পারে, সেখানে গিয়ে ম্যানিপুলেট করে আসতে পারে।

[3-30 — 3-40 p.m.]

সর্বত্র করাপশন এবং এই করাপশনের এফেক্ট শুধু এখানে হবে তা নয়, আমি মনেকরি, নিশ্চয়ই বড় হাতের ছোঁয়া দিল্লি পর্যন্ত গিয়ে পৌঁছাতে পারে এবং যখনই আপনি উদ্যোগ নিতে যাবেন তখনই প্রচেষ্টা চলবে পুরো উদ্যোগটাকে বানচাল করে দেবার জন্য। একটা কনসিসটেন্ট এফোর্ট, সেই শক্তি বানচাল করতে চাইবে এবং সেই শক্তি কম নয়, সেই শক্তি ভয়ঙ্কর। তা নাহলে আপনি দেখেন না— কলকাতা শহরে প্রদীপ কুন্দলিয়ার মতন

একজন লোককে শায়েস্তা করতে আপনার গভর্নমেন্ট হিমশিম খেয়ে যাচ্ছে। আমি বারবার এই বিধানসভায় দাঁড়িয়ে বলেছি, আপনারা এই লোকটির ক্ষেত্রে কী পদক্ষেপ গ্রহণ করেছেন বলুন? একজন ডিস-অনেস্ট, আনস্ক্রুপুলাস প্রোমোটার যার বাড়ি চাপা পড়ে ১২ জন মানুষের প্রাণ চলে গেল তার বিরুদ্ধে রাজ্য সরকার যেসব চার্জশিট দিলেন, তার বিরুদ্ধে কতখানি ব্যবস্থা নিতে পারলেন তার পজিটিভ রিপ্লাই এই বিধানসভায় সরকারপক্ষ থেকে জানতে পারছি না। আপনি একটা প্রিসিডেন্ট তৈরি করুন? প্রদীপ কুন্দলিয়ার মতন লোককে ৭ বছর কিংবা ১০ বছর জেলে পাঠাতে পারলে আরও ১০ জন আন-স্ক্রুপুলাস প্রমোটার তা দেখে আতঙ্কিত হবে। আজকে এই অসাধু প্রোমোটার এখন চলচিত্র শিল্পের সঙ্গে যুক্ত হয়ে, প্রযোজক হয়ে মিছিল করে ঘুরে বেড়াচ্ছে। দেখতে সুপুরুষ বলে জামার বোতাম খুলে মিছিল করে বিধানসভা অভিযান করছে, পদযাত্রা করছে, গাড়ি আটকাচ্ছে। এইভাবে সরকারকে বৃদ্ধাংগুষ্ঠ দেখাচ্ছে। একদিন বুদ্ধদেববাবু এই বিধানসভায় দাঁড়িয়ে বলেছিলেন, ঐ লোকটির ফাঁসি হলে আমি জগতে সব চাইতে সুখী মানুষ হব। আমি আপনাকে বলি, ওর ফাঁসি আপনাদের দিতে হবে না। ঐ লোকটিই আপনাদের দলকে ফাঁসিতে লোটকে দেবে। তাই আজকে দেখতে পাচ্ছেন না—পুলিশ কমিশনারের ঘরে ফ্লিমের সুটিং হচ্ছে আর এই আনস্ক্রুপুলাস প্রোমোটার তার ঘর ব্যবহার করছে। সুতরাং এই সরকার অসাধু প্রোমোটারদের দালালে পরিণত হয়েছে। সি.পি.এম পার্টির হেড-কোয়ার্টার যেখানে অবস্থিত সেখানকার কাহিনীর কথা তো শুনলেন। একটা প্রিসিডেন্ট তৈরি করতে পারেন না? একটা অসাধু প্রোমোটারকে পানিশমেন্ট দিতে পারেন না গত ১৭ বছর ধরে? অবশ্য আপনারা প্রোমোটারদের সঙ্গে লড়বেন সেটা আমি বিশ্বাস করি না, কিন্তু আপনাকে আমি বিশ্বাস করি, কারণ আপনার বয়স অল্প, কিছু কাজ করার জন্য উদ্যোগ নিয়ে নেমেছেন। হয়তো একটা উদ্যোগ শুরু হবে। এর আগে বড় বড় মন্ত্রী, ডিফ্যাকটো স্বরাষ্ট্রমন্ত্রী, যিনি আরবান ডেভেলপমেন্টের কাজে নেমেছিলেন, তারসঙ্গে প্রোমোটারদের গন্ডগোল হওয়ায় তারা বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে আপনার দলকে তথা আপনার আগেকার মন্ত্রীকে বে-কায়দায় ফেলে দিয়েছেন, তিনি কিছুই করতে পারেননি। সেই কারণে বলতে চাই, এইসব অসাধু প্রোমোটাররা যাদের দৌরাত্মে পশ্চিমবাংলাকে সর্বনাশের পথে ঠেলে দিচ্ছে সেই সমস্ত আন-স্ক্রুপুলাস, ডিস-অনেস্ট প্রোমোটাররা আজকে যেভাবে আপনার দলের সঙ্গে আনহোলিনেক্স তৈরি করেছে, তার বিরুদ্ধে লড়াই করতে নিশ্চয়ই আমাদের সমর্থন থাকবে, নিশ্চয়ই আমরা কিছুদিন অপেক্ষা করে দেখব যে এই বিলের পটভূমিকায় কী পদক্ষেপ নিচ্ছেন। এই বিল সম্পর্কে ভবিষ্যতের দিকে লক্ষ রাখব, এর ইমপ্লিমেনটেশন কিভাবে হচ্ছে তার দিকে লক্ষ রাখব।

[3-40 — 3-50 p.m.]

**শ্রী নির্মল মুখার্জি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, মাননীয় আবাসন মন্ত্রী আজকে যে বিল অ্যামেন্ডমেন্ট আকারে পেশ করেছেন সে বিষয়ে আমার একটু মিশ্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে, যাকে বলা যায় অম্ল মধুর। আপনি জানেন, ১৯৯২ সালের জুন মাসে সিলেক্ট কমিটি হয়ে বিলটি হাউসে পুনরায় এসে গৃহীত হয় এবং মাননীয় রাষ্ট্রপতির সম্মতির জন্য পাঠানো হয়। মাননীয় রাষ্ট্রপতি মার্চ ১৯৯৪ এর ৪ তারিখে এটা শর্ত সাপেক্ষে সম্মতি দেন। এবং সেই শর্ত পালন করার জন্য মাননীয় মন্ত্রীকে আজকে এই বিলটি এখানে উত্থাপন করতে

হয়েছে। তাহলে দেখা যাচ্ছে যে একটা রাজ্য সরকারের একটা ভাল কাজ করার সদিচ্ছা যদি থাকেও তাহলেও কতটা বিলম্বিত হতে পারে এটাই হচ্ছে তার একটা দৃষ্টান্ত। বা নমুনাও বলা যেতে পারে। এখন কার্যকর করতে হবে, ইতিমধ্যে এই ৩টি বছরের মধ্যে বা আড়াইটি বছরের মধ্যে তো প্রোমোটারদের কারবার বন্ধ নেই, চলছে, এবং মন্ত্রী মহাশয়ের যে সদিচ্ছা ছিল কোনও প্রোমোটার এর মধ্যে অসাধু মনোভাব নিয়ে যদি কাজ করে জনস্বার্থে তাদের হাতগুলোকে চেপে ধরার দরকার আছে, কিন্তু এই সময়ের মধ্যে তাদের সেই অসাধু কার্যকলাপকে দমন করার তার পক্ষে সম্ভব হল না এই প্রক্রিয়ার মধ্যে দিয়ে চলার কারণে। তবে একটা বিষয় আছে যে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে শর্ত সাপেক্ষে যে শর্তগুলি আরোপ করা হয়েছে সেই শর্তের মধ্যে আছে যে সরকারি গৃহ এবং আন্ডারটেকিং সংস্থাগুলির গৃহগুলি এই আইনের আওতার বাইরে রাখতে হবে। খুব ভাল কথা, তার কারণ হচ্ছে আমরা জানি কেন্দ্রীয় সরকারই হোক, রাজ্য সরকারই হোক বা কোনও আন্ডারটেকিং সংস্থাই হোক তারা সরকারি নিয়ম মেনে বাড়ি, ঘর দোর তৈরি করবেন এটা মনে করে এই বিশ্বাসকে সামনে রেখে এই আইনের আওতার বাইরে তাদের রাখা হয়েছে। পরে সেখানে যেটা হয়েছে যে কোনও কোর্ট অফ ল'তে কোনও প্রোমোটার গিয়ে তার অসাধু কার্যকলাপকে প্রতিরোধের একটা অন্তরায় সৃষ্টি করবে, একটা সময় নেবে সেই সুযোগটা তাদের থাকছে না। তাদের জেল, জরিমানা ইত্যাদি হবে সেগুলি বহাল আছে। আমার মনে হচ্ছে মাননীয় সুদীপ বাবু গত ১৯৯৩ সালের জুন মাসে এই বিলটি যখন হাউসে পেশ করা হয়েছিল তার বক্তব্যে তিনি রেখেছিলেন এইরকম কঠোরতম শাস্তির বিধান বিলটির মধ্যে থাকলে ঠিক হবে না, তিনি বলেছিলেন প্রোমোটারদের কাছ থেকে সেল্ফ ডিকলারেশন নিতে হবে, সে সারা জীবন ধরে যে বাড়ি করবে একটা ডিকলারেশন থাকলেই চলবে। প্রোমোটার একটা বাড়ি করার পরে আবার বাড়ি যদি করে, এখানে আমরা যেটা বলতে চাই আইনটা বড় কথা নয়, আইন প্রয়োগ করার ক্ষেত্রে সরকার বা দপ্তরের সদিচ্ছা। আমরা জানি জমিদারী প্রথা উচ্ছেদের আইন হয়েছিল, আপনারাই তা করেছিলেন, এবং জমির ঊর্ধ্ব সীমা নির্ধারণ করে দেওয়া হয়েছিল, কিন্তু আইনটা হয়েছিল মানুষকে ধোঁকা দেবার জন্য এবং বোকা বানাবার জন্য। কিন্তু তার প্রয়োগ হয়নি, আইনটা করলেন, আইনটা বড় কথা নয়, বড় কথা আইনটা তৈরি করে তার প্রয়োগ পদ্ধতিটা ঠিক করতে হবে। সদিচ্ছা থাকা চাই। আইনকে প্রয়োগ করতে হবে, সেজন্য আমি মাননীয় মন্ত্রীর কাছে যেটা বলতে চাই, সেটা হচ্ছে আইনটা কার্যকর হবার আগে ব্যাপক প্রচার করতে হবে, সংবাদ পত্র বা বিভিন্ন মাধ্যমের মাধ্যমে। সরকারি কাজকর্মের মধ্যে দিয়ে ব্যাপক প্রচার করতে হবে, এই আইনটা তৈরি হয়েছে তারমধ্যে দিয়ে একটা গণচেতনা গড়ে উঠবে। যদি কোনও মানুষ প্রোমোটার হিসাবে কাজ করতে গিয়ে অসাধু উপায় অবলম্বন করে সেজন্য এই গণচেতনা দরকার। একদিকে আইন, আর অন্যদিকে গণচেতনা তারমধ্যে দিয়ে অসাধু প্রোমোটার শুধু মুনাফা অর্জনের জন্য বে-আইনি কার্যকলাপ প্রয়োগ করে তার সেই সমস্ত কার্যকলাপকে যাতে প্রতিহত করা যায়। তার পরের বিষয় হল, এই আইনটা প্রয়োগ করতে হলে আবাসন দপ্তরের সঙ্গে অন্যান্য সংস্থা ক্যালকাটা কর্পোরেশন, হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন এবং অন্যান্য কনসার্ন, যেমন সি.আই.টি. সি.এম.ডি.এ. সবাইকে নিয়ে সমন্বয়ের একটা প্রচেষ্টা চালাতে হবে। আবাসন দপ্তর থেকে যে আইন হল তারসঙ্গে মিউনিসিপ্যালিটিগুলির যে বিল্ডিং আইন রয়েছে সেগুলোর

ক্ষেত্রেও সামঞ্জস্যপূর্ণ প্রয়োগ করতে হবে। এটা করলে মাননীয় মন্ত্রীর সদিচ্ছা বাস্তবে রূপায়িত করা যাবে। তবে কোনও প্রমোটার কাজ করতে এলেই বাধাপ্রাপ্ত হবেন এইরকম অপপ্রচারের সুযোগ যাতে না থাকে সেটা দেখতে হবে, কারণ এই আইনের দ্বারা সেটা হবে তা নয়। বর্তমান সারা ভারতবর্ষে বিল্ডিং প্রমোশনের বিষয়টা ক্রমশ ব্যবসায়িদের কাছে আকর্ষণীয় এবং লোভনীয় হচ্ছে। তারা ব্যবসা করতে চান মুনাফা শিকার করতে। মুনাফা তারা আইনমাফিক করুন, কিন্তু আইনকে ফাঁকি দিয়ে মুনাফা অর্জনের প্রচেষ্টা যদি হয় সেক্ষেত্রে তাদের ধরা হবে। আজকে পশ্চিমবঙ্গে এইরকম একটা পরিস্থিতি সৃষ্টি হয়েছে। আমরা সকলে জানি, বামফ্রন্ট সরকারের ১৭ বছরের প্রচেষ্টার মধ্যে দিয়ে কৃষিতে সাফল্যজনক বিকাশ ঘটেছে এবং তারফলে শিল্পের বিকাশ ঘটবার সম্ভাবনাও সৃষ্টি হয়েছে। রাজ্যে কৃষি এবং শিল্পের বিকাশ ঘটবার সঙ্গে সঙ্গে গৃহ নির্মাণের প্রবণতাও সৃষ্টি হয় এবং সেটা ব্যক্তিগত উদ্যোগে হতে পারে, বেসরকারি উদ্যোগে হতে পারে বা সরকারি উদ্যোগেও হতে পারে। আমাদের রাজ্যে এই বেসরকারি উদ্যোগ ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। এটা ঘটুক আমরাও চাই, কারণ আমরা জানি কেবলমাত্র রাজ্য সরকারের হাউসিং দপ্তর, সি.আই.টি. বা সি.এম.ডি.এর মাধ্যমে পশ্চিমবাংলার গৃহ সমস্যার সমাধান করা যাবে না। আমি মাননীয় সদস্য সুদীপ বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে একমত এবিষয়ে যে, তার পাশাপাশি ব্যক্তিগত উদ্যোগের প্রয়োজন আছে। সেই ব্যক্তিগত উদ্যোগ বাড়ছে এবং সেই প্রবণতা বৃদ্ধির সঙ্গে সঙ্গে অসাধু কার্যকলাপ বৃদ্ধির যে সুযোগ এবং আশঙ্কা থেকে যাচ্ছে সেই আশঙ্কা, সেই অপরাধকে দমন করবার জন্য এই আইন প্রণয়নের প্রয়োজন হয়ে পড়েছিল, কিন্তু কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে যে শর্তগুলি আরোপ করা হয়েছিল তাতে যে সময় পার হয়ে গেছে তারফলে এই আইন রাজ্য সরকার এই আইন যত আগে থেকে প্রয়োগ করতে পারতেন সেটা করা যায়নি। তারফলে ইতিমধ্যে হয়তো অসাধু প্রমোটাররা কিছুটা সুবিধা করে নিয়ে থাকবেন। মাননীয় সদস্য সুদীপবাবু এখানে আমার নাম একবার উল্লেখ করেছেন। আমি তাকে বলতে চাই, আমি যখন ক্যালকাটা কর্পোরেশনের বিল্ডিং বিভাগের দায়িত্বে ছিলাম তখন কখনই এইরকম বিবৃতি দিইনি যে ১০,০০০ বাড়ি বেআইনি। এরকম ঘটনা ক্যালকাটা কর্পোরেশন এলাকায় এখনও ঘটেনি। কলকাতায় দুই লক্ষের মতো বাড়ি রয়েছে। তারমধ্যে মধ্যবিত্ত বা নিম্নবিত্তরা একটা চিলেকোঠা করলেও যেমন সেটা বেআইনি, আবার একজন প্রমোটার, সে যদি আপনাদের কৃপাধন্য হয়ে প্ল্যান স্যাংশন না করিয়ে পাঁচতলা বাড়ি করেন সেটাও বেআইনি। কলকাতার এই কয়েক লক্ষ বাড়ির মধ্যে ছোট বড় মিলিয়ে ৫,০০০ বাড়ি অন্যায়ভাবে নির্মিত হয়েছে।

[3-50 — 4-00 p.m.]

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় আবাসন মন্ত্রী মহাশয় যে বিল এখানে উত্থাপন করেছেন, আমি তাকে আন্তরিক ভাবে সমর্থন করছি। তিনি তার প্রারম্ভিক ভাষণে বলেছেন যে কি কারণে এই বিল আনতে হচ্ছে। অনেকদিন এই কথাটা চলে আসছে যে পশ্চিমবঙ্গ আগে পথ দেখায়। উনি সেই পথ দেখিয়েছেন ভারতবর্ষকে। এই আইন পাস করার পরে গভঃ অব ইন্ডিয়া এটাকে একটা মডেল আইন হিসাবে পেশ করতে গেছেন। এসব কথা বলা হয়েছে যে সিভিল কোর্টে যেতে পারবেন না, পানিশমেন্টটা এক্সজেটেড হবে এবং সুয়োমটো কেস করা যাবে, এগুলিতে কিছু বলার নেই, এটা অ্যাকসেপ্ট করছি।

আমি মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাব এই কাজ করার জন্য। পরবর্তীকালে কাজ করতে গিয়ে যদি কোনও ভুল-ত্রুটি ধরা পড়ে তাহলে সেটা আস্তে আস্তে সংশোধন করা যাবে। তবে এক কথায় এটা ভাল হয়েছে। তবে আমি যেটা বলতে চাচ্ছি সেটা হচ্ছে এটা দেরি হয়ে যাচ্ছে এবং এরফলে প্রমোটাররা অনেক সুযোগ নিয়ে নিচ্ছে। এটাতে আবার রাষ্ট্রপতির সম্মতি নিতে হবে, রুলস তৈরি হবে, তারপরে সেই রুল কার্যকর হবে। আমি মন্ত্রী মহাশয়কে একটা বিষয়ে বিবেচনা করার জন্য অনুরোধ করব। আপনার কোনও ইনফ্রাস্ট্রাকচার নেই এটাকে কার্যকর ক. র মতো। প্রথমত আপনি খালি কলকাতার কথা, হাওড়ার কথা ভেবেছেন। এর বাইরেও অন্যান্য জায়গায় যেমন গ্রামে বা ছোট ছোট শহরও আছে, এখানেও প্রোমোটাররা এসে গেছে। কাজেই এই সম্পর্কে দ্রুত ব্যবস্থা নেওয়া দরকার। আবার দেখা যাচ্ছে যে ছোট ছোট শহরে প্রোমোটার ছাড়া এগুলি অনেকেই পারছেন না। সেজন্য আপনার কাছে অনুরোধ করছি যে, আপনি আগে ইনফ্রাস্ট্রাকচার কি হবে সেটা ঠিক করুন, এই বিষয়ে চিন্তা-ভাবনা করুন। আপনি শিলিগুড়ির কথা, কলকাতার কথা, হাওড়ার কথা ভেবেছেন। কিন্তু ছোট ছোট শহরেও প্রোমোটাররা এসে গেছে। এখানে প্রোমোটার ছাড়া বাড়ি করা সম্ভব হচ্ছে না। কাজেই এই বিষয়টা আপনাকে ভাবতে বলবো। আমরা আরও দেখছি যে রুলস তৈরি করতে আপনার ডিপার্টমেন্টের বহু সময় লেগে যায়। কাজেই সেটা যাতে তাড়াতাড়ি করা হয় সেই দিকে আপনার দৃষ্টি দেবার জন্য অনুরোধ জানাচ্ছি। আর একটা কথা হচ্ছে, এই আইন করে সব প্রোমোটারকে একভাবে ধরা হবে। কিন্তু বহু বেকার ছেলে আছে যারা এই কাজে এগিয়ে এসেছে, তারা যাতে ভয় না পায় সেদিকেও আপনার দৃষ্টি দেবার জন্য অনুরোধ জানাব। আজকে কলকাতা শহর এবং অন্যান্য জায়গায় হাউসিং সমস্যা আছে। এই সমস্যা আমাদের সমাধান করতে হবে।

মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব কলকাতা শহরে বহু পুরানো বাড়ি বিক্রি হয়ে যাচ্ছে এবং বিক্রি হচ্ছে না এইরকম অনেক বেওয়ারিশ বাড়ি পড়ে রয়েছে। কিছু কিছু জায়গাও বেওয়ারিশ হয়ে পড়ে রয়েছে। হরিশ মারকেট শুনছি বিক্রি হয়ে যাবে। সেখানে বড় বড় হাউসিং করার সুযোগ আছে। কলকাতা শহরের বৌবাজার এলাকায় বহু জমি পড়ে রয়েছে বেওয়ারিশ ভাবে। আইন করে এই জমিগুলি দখল করা যায় কিনা সেটা আপনি একটু দেখুন। দরকার হয় ব্যাঙ্কের সাহায্য নিয়ে সরকার বড় বড় বাড়ি তৈরি করুক। আমি মনেকরি এটা করতে পারলে কিছুটা গৃহ সমস্যার সমাধান হবে। গ্রামাঞ্চলেও এই সমস্যা দেখা দিয়েছে। এত জিনিসপত্রের দাম বাড়ছে তাতে ব্যক্তিগত মালিকানায় বাড়ি তৈরি করা সম্ভব হচ্ছে না। কিভাবে এই সমস্যার সমাধান করা যায় সেই ব্যাপারে দেখার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব। মন্ত্রী মহাশয় কেবল শহরের কথা ভাবছেন। আমি তাকে অনুরোধ করব আপনি গ্রামাঞ্চলের কথা একটু ভাবুন। আশাকরি মাননীয় মন্ত্রী মহাশয় গ্রামাঞ্চল এবং ছোট শহরগুলির কথা ভাববেন। এই কথা বলে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আবাসন মন্ত্রী যে বিল এনেছেন, বেটার লেট দ্যান নেভার, এই অর্থে বিলকে সমর্থন করছি। কিন্তু জিজ্ঞাস্য যে এরজন্য ১৭ বছর সময় লাগলো কেন? কারণ পশ্চিমবাংলায় যখন শাসক দলের পৃষ্ঠপোষকতা অতীতের

সমস্ত রেকর্ডকে ভঙ্গ করে এই রাজ্যে প্রোমোটার রাজ কায়েম হয়েছে এই অভিযোগ যখন জন-মানসে প্রবল, এইরকম একটা অবস্থায় রাজ্য সরকারের পক্ষ থেকে এই বিল শেষ পর্যন্ত আনা হল। যদিও এটা আলোচিত হয়েছে যে, যে বিল আনা হয়েছে সেটা আরও আগে কার্যকর করা যেত, সেখানে খানিকটা শিথিলতা দেখা দিয়েছে। আমি এর পুনরোক্তি করতে চাইছি না। আমার বক্তব্য হচ্ছে শুধু আইন প্রণয়ন করলেই হবে না, সেই আইনকে যথাযথ প্রয়োগ করার যে প্রশ্ন উঠেছে সেটাই বড় জিনিস। এটা সিম্পিল, একটা আই ওয়াশ। অভিযোগ উঠেছে জনসাধারণের মধ্যে যে শাসক দলের পৃষ্ঠপোষকতায় এই রাজ্যে হাজার হাজার বেআইনি বাড়ি উঠছে, তার পরিপ্রেক্ষিতে এটা করা হয়েছে। ইস্টার্ন বাইপাসে, ইস্টার্ন বাইপাস সংলগ্ন এলাকায়, বৈষ্ণবঘাটা, পাটুলি, যাদবপুর এইরকম বিভিন্ন এলাকায় সরকারি জমিতে বেপরোয়া ভাবে লাইন দিয়ে প্রোমোটাররা এই সমস্ত বেআইনি বাড়ি তৈরি করছে সরকারের আইন এবং প্রশাসনকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে। একটা ভিসিয়াস সারকেল তৈরি হয়েছে। একটা আনহোলি নেকসাস তৈরি হয়েছে প্রশাসনের একটা অংশের সঙ্গে প্রোমোটারদের। তারসঙ্গে শাসক দলের একটা পৃষ্ঠপোষকতা রয়েছে। সমস্ত কিছু মিলে প্রোমোটাররা আজকে কার্য এই রাজ্যের হর্তাকর্তাবিধাতা। ১৭ বছর ধরে তারা আজকে সমস্ত কিছু কনট্রোল করছে। সেটা পাবলিকলি জনমানসের কাছে শাসক দলের ভাবমুর্তি অত্যন্ত কালিমালিপ্ত। সেখানে মন্ত্রী মহাশয়ের এই সদিচ্ছাকে স্বাগত জানাচ্ছি। কিন্তু প্রশ্ন হচ্ছে যে এটাকে কতখানি কার্যকর রূপ দেওয়া হচ্ছে, ল এনফোর্সিং অথরিটি এটা প্রয়োগের ক্ষেত্রে কতখানি নিরপেক্ষ ভাবে কাজগুলি করবে সেটা বিচার্য বিষয়। ইন ফিউচারে দেখা যাবে really effective instrument to control and supress the dishonest promoters or it will be an eye wash. আজকে পাবলিকের যে বিক্ষোভ, রিসেন্টমেন্ট, প্রমোটারদের যেভাবে পৃষ্ঠপোষকতা করা হচ্ছে তাকে স্তিমিত করার যে পরীক্ষা তা এখন সরকারকে দিতে হবে। আগামীদিনে এরই উপরে নির্ভর করছে এই আইনের সার্থকতা। এখানে কো-অর্ডিনেশনের প্রশ্ন আছে, এটা দেখতে হবে। শুধু আবাসন দপ্তর নয়, অন্যান্য যে দপ্তর, মিউনিসিপ্যাল, নগর উন্নয়ন দপ্তর, সি-আই-টি। এইরকম সমস্ত দপ্তরগুলোর সঙ্গে কো-অর্ডিনেশন হওয়া দরকার। এই জিনিসটা হওয়া দরকার। এছাড়া আমার আর বিশেষ কিছু বলার নেই। তবে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি শুধু এই কথা বলতে চাই যে, আশঙ্কাটা এই জায়গায় যে কতটা সফল হওয়া যাবে? কারণ এই বিল পাশ হওয়ার আগে, এটি হাউসে আসার আগে আমরা দেখেছিলাম যে কাগজে যথেষ্ট প্রচার হয়েছে মন্ত্রীরা আইন কঠোরভাবে প্রয়োগ করবেন, প্রমোটারদের বিরুদ্ধে আইনানুগ কঠোর ব্যবস্থা নেবেন। এগুলো কার্যকর হলে পশ্চিমবাংলার জনগণ খুশি হবেন। কারণ পশ্চিমবাংলায় অগনিত ছোট, নিম্নমধ্যবিত্ত সাধারণ মানুষ এরফলে মাথা গোঁজার ঠাঁই পাবে। তারা প্রোমোটারদের দ্বারা যেভাবে শিকার হচ্ছে, প্রোমোটাররা যেভাবে মাথাচাড়া দিয়ে উঠেছে, তার যদি প্রতিবিধান হয়, তাহলে পশ্চিমবাংলার জনগণ নিশ্চয়ই আশীর্বাদ দেবে। শাসকদলের পৃষ্ঠপোষকতার যেভাবে প্রমোটাররা তাদের কার্যকলাপ চালাচ্ছে, তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা দরকার। এদের উভয়ের সম্পর্কের ক্ষেত্রে বাস্তবিক পক্ষে বিচ্ছেদ ঘটবে কিনা এবং এই আইনকে কঠোরভাবে প্রয়োগ করার জন্য এগিয়ে আসবেন কিনা তা বিশেষ ভাবে উল্লেখযোগ্য। তারই উপরে নির্ভর করছে এই আইনের বা বিলের কার্যকারিতা। এইটুকু বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-00 — 4-10 p.m.]

**শ্রী সৌগত রায় :** স্যার, গৃহ নির্মাণ দপ্তরের মাননীয় মন্ত্রী এখানে এই যে বিলটি এনেছেন, এই বিলকে আগে আমাদের দলের পক্ষ থেকে সুদীপ বন্দ্যোপাধ্যায় সমর্থন করেছেন। বিলটি যখন মাননীয় মন্ত্রী হাউসে উত্থাপন করেন তখন কি উদ্দেশ্যে এই বিল আনা হয়েছে এবং কেন অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে তা বলেছেন। দু'বছর আগে এই বিলটি যখন এই হাউসে আনা হয়েছে, এটি এত গুরুত্বপূর্ণ বিল ছিল যে এটিকে একবারে পাস না করে সিলেক্ট কমিটিতে পাঠানো হয়েছিল। আমি নিজেও সিলেক্ট কমিটিতে সদস্য ছিলাম। অন্যান্য রাজ্যে কতদূর কি হয়েছে তা আমরা দেখেছিলাম। সমস্ত কিছু দেখে এই অনুসারে সিলেক্ট কমিটি একটা সুপারিশ করেছে। ১৯৯২ সালে বিলটি সেই অনুসারে পাস হয়ে যায় এবং রাষ্ট্রপতির সম্মতির জন্য পাঠানো হয়েছিল। বিলটির চূড়ান্ত অনুমোদন রাষ্ট্রপতির কাছ থেকে গত মার্চ, '৯৪ সালে সরকারের কাছে এসেছে। তারমধ্যে হাউসিং অ্যান্ড আর্বান ডেভেলপমেন্ট মিনিস্ট্রি তারা কিছু সুপারিশ করেছেন। সেই সুপারিশ অনুযায়ি মন্ত্রী কিছু পরিবর্তন আনছেন এবং সেই পরিবর্তনের জন্যই এই বিলটি আনা হয়েছে। এই কারণে তথ্য সকলেরই জানা এবং মন্ত্রী মহাশয় আজকে এই হাউসে এটা জানিয়েছেন। তিনি জানিয়েছেন যে পরিবর্তনগুলো হয়েছে এবং সেগুলো কি কি। প্রথমত আগে প্রোমোটারদের ব্যাপারে কমপ্লেন করতে হত। এখন সেখানে রাজ্য সরকার নিজে থেকে সুয়োমেটো যদি আগে থেকে জানতে পারেন যে প্রোমোটাররা অন্যায় করছে, সেখানে ব্যবস্থা গ্রহণ করতে পারবেন। বার অব জুরিসডিকশন অব কোর্ট' এই আইনে সিভিল কোর্টে প্রোমোটারদের বিরুদ্ধে কোনও মামলা ওঠানো চলবে না এবং যদি শাস্তি দেওয়া হয় কোনও প্রোমোটারকে এইজন্য যে সে আইন ভঙ্গ করেছে, সেই শাস্তির কথা আগে ছিল যে কি কি শাস্তি দেওয়া যাবে। সেটা আগে ছিল সেকশন ১৩তে যে তাকে জেল দেওয়া হতে পারে। এবং Shall, on conviction, be punished with imprisonment for term not being less then three months, which may extend to three years. ৩ বছর পর্যন্ত জেলও হতে পারে এবং ফাইনও ৫ হাজার টাকা, এই দুটোই হতে পারে। আর যদি কোনও প্রোমোটর ক্রিমিন্যাল ব্রিচ অফ ট্রাস্ট করে তাকে ৬ মাস থেকে শুরু করে ৪ বছর অবধি সাজা দেওয়া হতে পারে। পরে এটা মাইনর অ্যামেন্ডমেন্ট করে ফাইনের পরিমাণটা কমিয়ে আনা হয়েছে। সেখানে জেল এই সেনটেন্স থাকলে ফাইনের পরিমাণ কমিয়ে ১০ হাজার টাকায় নিয়ে আসা হয়েছে। তাছাড়া ১০ হাজার টাকা যখন ফাইন অর দি অ্যামাউন্ট ইন রেসপেক্ট অফ হুইচ দি অফেন্স হ্যাজ বিন কমিটেড অর্থাৎ তার মানে যদি ৫ বছর প্রোমোটর হেরফের করতে পারে তাহলে সেক্ষেত্রে ফাইন চাপানো যেতে পারে। আজকে যারা প্রোমোটরদের হাতে ঠকে যাচ্ছে তাদের সমস্যার সম্পর্কে আপনি, আমি সবাই অবগত আছি। আজকে এই প্রোমোটরদের হাতে মধ্যবিত্ত শ্রেণী ঠকছে। তাছাড়া কলকাতার উপকণ্ঠে, হাওড়া শিল্পাঞ্চলের মানুষেরা আজকে থাকার জন্য, বাসস্থানের জন্য হন্যে হয়ে ঘুরে বেড়াচ্ছে। আজকে মাথা গোঁজার জন্যে নিয়ে জমি কিনে বাড়ি করতে পারা সম্ভব নয়। লবণ হ্রদে যারা একমাত্র সুবিধাভোগি লোক বাস করেন তারাই নিজের বাড়ি করার সুযোগ পেয়ে থাকেন। এই প্রোমোটরদের হাতে সাধারণ মধ্যবিত্ত শ্রেণী ঠকছে এবং আমরা যারা রাজনীতি করি তারা প্রতি মুহূর্তে এইসব সমস্যার সমাধান করছি। কলকাতার আশেপাশে ফ্ল্যাট করতে গিয়ে এমন সব প্রোমোটরদের খপ্পরে

পড়ছে যে তারা সমস্ত অর্থ ব্যয় করে দিচ্ছে। আগে যাদের কাছে নিজে বাড়ি করা সহজ ছিল এখন সেটা স্বপ্নের ব্যাপার হয়ে উঠেছে, ফলে প্রোমোটরদের হাতে ছেড়ে দিচ্ছে। যাদের কোনও আর্থিক সঙ্গতি নেই, তারা ভাবছেন এই ধরনের ওয়ান টাইম ফ্ল্যাট করে কিছু টাকা উপার্জন করে নেবে এবং তারা টাকা জমা নিয়ে ফ্ল্যাট দেওয়ার সময়ে সাধারণ মানুষকে হেনস্তা করছে। সাধারণ মধ্যবিত্তরা এই ফ্ল্যাট পাওয়ার সময়ে প্রোমোটরদের চেস করতে করতে তাদের জুতোর সোল পর্যন্ত খুলে যাচ্ছে। যদিও বা ফ্ল্যাট প্রোমোটররা হ্যান্ডওভার করছেন, তাও অসম্পূর্ণ অবস্থাতে যেমন কোথাও প্ল্যামবিংয়ের কাজ কমপ্লিট হয়নি, কোথাও ইলেকট্রিকের আবার কোথাও প্লাসটারিংয়ের কাজও কমপ্লিট হয় নি। অর্দ্ধেক শেষ করে ফ্ল্যাটগুলো দিয়ে দিচ্ছে। এইসব প্রোমোটরদের পেছনে মস্তান থাকছে, পাড়াতেও মস্তান থাকছে ফলে সাধারণ গৃহস্থ মানুষেরা সবদিক থেকে মার খাচ্ছে। আমরা রাজনীতি করি এবং এইসব সমস্যার সম্মুখীন হতে হয়। আমরা জনপ্রতিনিধি হিসাবে এবং সামাজিক চাপেও এইসব সমস্যার সমাধান করবার চেষ্টা করছি। আজকে বামফ্রন্ট সরকার ১৫ বছর পরে এই আইন এনেছেন এবং গৌতম দেব মন্ত্রী হবার পরে এতদিন পরে এই আইন এনেছেন, এতে যথেষ্ট উপকার হবে। এতদিন ধরে বহুলোক প্রতিহত হয়েছে, বহুলোক ঠকেছে। আমারই এলাকাতে লেক গার্ডেন্সে বহু নতুন নতুন বাড়ি হচ্ছে, তাতে বহুলোক প্রতিহতও হচ্ছে, আবার কেউ কেউ বাড়ি ঠিকমতো পাচ্ছেন। এই আইনটা হবার পরে মানুষ এর দ্বারা প্রোমোটরদের হাত থেকে রিলিফ পাবে, আগে কোনও রিলিফের ব্যবস্থা ছিল না। সুতরাং এই আইনটা কঠোরভাবে রূপায়িত করতে হবে এবং কঠোরভাবে এর প্রয়োগ করা হোক। এই প্রসঙ্গে একটি কথা বলে রাখি যে, গৌতম বাবু মাঝে মাঝে বলে থাকেন যে আজকে যে হাউসিং রিকোয়ারমেন্ট তাতে সরকারের পক্ষে ৮ম এবং ৯ম পরিকল্পনায় ১০ পারসেন্টও মেটানো সম্ভব নয়। সুতরাং শহরাঞ্চলের মানুষের যে ক্ষুধা অনেকদিন ধরে তা এই প্রোমোটরদের মাধ্যমেই মেটাতে হবে। আমার অভিজ্ঞতায় আমি জানি যে, প্রথম যখন জয়নাল সাহেব মন্ত্রী ছিলেন কো-অপারেটিভের তখনই কলকাতায় মাল্টি স্টোরেড বিল্ডিং শুরু হয়েছিল। তখনই কো-অপারেটিভের মাধ্যমে ফ্ল্যাটে শুরু হয়েছিল এবং 'সোনালি' নামে আলিপুর অমল দত্ত, যিনি একজন সিপিএমের এম.পি. তারা প্রোমোটর হিসাবে ফ্ল্যাট করেছিলেন, সেইসময়ে অনেক সিপিএম নেতা প্রোমোটর হিসাবে বাড়ি করতেন। তখন কিছু ভালো লোক এগিয়ে এসেছিল কো-অপারেটিভ ফ্ল্যাট করার জন্য। কিন্তু কো-অপারেটিভ মুভমেন্ট হাউসিং এর ক্ষেত্রে যে মোমেন্টাম সেটা নষ্ট হয়ে গেছে। আমার বিধানসভা কেন্দ্র চেতলায় সেখানে সোনালি কো-অপারেটিভ আছে, সেখানে কোনও গোলমাল হয়না। আগে যে সমস্ত কো-অপারেটিভ তৈরি হয়েছিল সেইগুলি ডিপেনডেবিল লোকেরা উদ্যোগ নিয়ে চালাতেন, সেই সময় যে ধরনের উদ্যোগ ছিল, পরবর্তীকালে আমরা দেখেছি কো-অপারেটিভ বাড়িগুলি নিয়ে বেশিরভাগ জায়গায় ঝগড়া, লিটিগেশন ফ্ল্যাট ওনারদের মধ্যে ঝামেলা তারফলে কো-অপারেটিভগুলি বন্ধ হয়ে যাচ্ছে। লিটিগেশনের জন্য ফ্ল্যাট তৈরি ২।৩ বছর বন্ধ হয়ে গেছে। আমার এলাকায় লাল কমল বলে যে কো-অপারেটিভটা আছে, সেখানে সি.পি.এম. এর নেতারা থাকেন, তাই সেখানে কোনও ঝামেলাই হয়না, আবার যেমন অমল দত্ত, অশোক মিত্র, বিপ্লব দাশগুপ্ত এনারা ফ্ল্যাট করেছিলেন কো-অপারেটিভ করে, সেই জায়গায় ঝামেলা হয়না, এইরকম সোনালি কো-অপারেটিভ আছে, এই সমস্ত জায়গায় কোনও গন্ডগোল হয়না। কিন্তু মধ্যবিত্তদের যে কো-

অপারেটিভ, সেখানে ভীষণ গন্ডগোল হচ্ছে, তারফলে লোকে প্রোমোটারদের উপর নির্ভর হয়ে যাচ্ছে। কো-অপারেটিভ হলে ইন্ডিভিজুয়ালি ফ্ল্যাট ওনারদের একটা দায়িত্ব থাকে, তাদেরকে নিজেদের কিছু কাজ করতে হয়, এক্ষেত্রে প্রমোটার হলে সুবিধা হচ্ছে আপনি যদি টাকা দিতে পারেন প্রোমোটার যদি ভাল হয় তাহলে আপনি বিনা খাটুনিতে ফ্ল্যাট পেয়ে যাবেন। আমাদের এই কো-অপারেটিভ মুভমেন্ট ফেল করার ফলে আমাদের এই সমস্ত প্রোমোটরদের উপর নির্ভর করতে হচ্ছে। এখানে প্রোমোটরদের ব্যাপারে যে কথা নির্মল বাবু বলছিলেন উনি জানেন এম.আই.সি. বিল্ডিং উনি ছিলেন, উনি এটার ব্যাপারে ভাল জানেন। আমি শুনছিলাম আমার এলাকায় নাকি সোনার খনি আছে, সেই সোনাতো অন্য লোকে নিয়ে যাচ্ছে, আমাদের মতো ছোটখাটো লোককে তারা ধরবে কেন, তাদের সঙ্গে উপর তলার লোকের যোগাযোগ আছে। শ্রীরাম নিকেতনে ৩ হাজার টাকা স্কোয়ার ফিট, কলকাতার লেক মার্কেট অঞ্চলে ৯০০ থেকে হাজার টাকা স্কোয়ার ফিট, বালিগঞ্জের মতো পস এরিয়ায় ২ হাজার টাকা স্কোয়ার ফিট, আলিপুরে আড়াই হাজার টাকা স্কোয়ার ফিট, কোথাও ৩ হাজার টাকা স্কোয়ার ফিট নিচ্ছে, ১ হাজার স্কোয়ার ফিটের যদি ফ্ল্যাট হয় তাহলে ৩০ লক্ষ টাকা দিতে হবে। এই লেবেলে যারা প্রমোটার তারা অনেক উপর তলার সঙ্গে যোগাযোগ রাখেন, যেমন বিলানি, আলমল, খেতানি এরা আছে। এদের খুব শক্ত জায়গায় খুঁটি বাঁধা আছে। বুদ্ধদেব বাবুর মতো লোক, নিজে তিনি বলেছিলেন এই হাউসে দাঁড়িয়ে আমি পার্ক প্লাজা ভেঙে ফেলব, বর্দ্ধন মার্কেট ভেঙে দেব। সেই বর্দ্ধন মার্কেট ভাঙতে পারেননি, সিম্পিল ইনজাংশন করে আটকে দিয়েছিল, সেই বর্দ্ধন মার্কেট, পার্ক প্লাজা গর্বিতভাবে দাঁড়িয়ে আছে। বুদ্ধদেব বাবু নিজে চেয়ার ছেড়ে দিয়েছিলেন, তিনি আইন ভাল জানেন, তিনি বেন্ড করতে পারেননি, মনে রাখবেন এই সমস্ত প্রোমোটাররা দে হ্যাভ কমন কোড অফ এথিক্স, তারা ইচ্ছামতো করতে পারেন, দে হ্যাভ রেপুটেশান টু মেইনটেইন। আজকাল আমাদের বাঙালি ছেলেরা প্রোমোটার হচ্ছে, কোনও অভিজ্ঞতা নেই তাদের, ৪।৫ জন বন্ধু মিলে ঠিক করছি আমরা প্রমোট করে ফ্ল্যাট তৈরি করব। তারা যখন টাকা পাচ্ছে জমিটা বুক করার পর, তারা সেই টাকায় প্রথমে একটা অফিস করে নিচ্ছে, আমাদের বাঙালির এই ব্যাপারে একটা শখ আছে, ফলে তারা ইনিসিয়ালি টাকা খরচ করে ফেলছেন। সেই টাকা ভেঙে বোনের বিয়ে দিচ্ছে, তারপরে দেখা যাচ্ছে তাদের টাকা ফুরিয়ে যাচ্ছে। ফলে যারা সেই টাকা দিচ্ছে তখন তারা পাগলের মতো দৌড়াদৌড়ি করছে। গৌতম বাবু এখানে যেটা বলেছেন, হোয়েন দি অ্যাকচুয়াল কন্সট্রাকশন কামস সেই ফ্ল্যাট তৈরি করার পারমিশন পাওয়ার পর হি শুড গেট রেজিস্ট্রেশন ফ্রম সাম অথরিটি, তার প্ল্যান, তার সোর্স অফ ফিনান্স, এইসব না জানালে কাউকে কন্সট্রাকশন তৈরি করতে দেওয়া উচিত নয়। এই ব্যাপারে গৌতম বাবু আমাদেরকে সতর্ক করছেন সেইজন্য তিনি এই বিলটা আনছেন, আমি দেখেছি গৌতম বাবু আমাদেরকে সতর্ক করছেন, সেইজন্য তিনি এই বিলটা আনছেন, আমি দেখেছি চেতলায় ৩।৪টি লোকের জমি প্রোমোটাররা নিয়েছে বাড়ি তৈরি করবার জন্য।

[4-10 — 4-20 p.m.]

এটা সোনার খনির লোকের দরকার না। বর্ধমান রোডে এখন ৩২০০ টাকা স্কোয়ার ফিট। এই নতুন প্রোমোটারদের নিয়ে হাইকোর্টে অনেক কেস চলছে। এই আন-এক্সপিরিয়েন্সড

প্রোমোটারদের নিয়ে সিরিয়াস প্রবলেম হচ্ছে। আর দ্বিতীয়ত সি.এম.সি-র স্টিফ বিল্ডিং রুলস যেটা আছে তাতে ৩০ ফিট রাস্তা হলে এফ.এ.আর টু থেকে ছেড়ে বাড়ি করতে পারবেন। তারফলে এখন ওয়ান প্লাস ফোর রেস্ট্রিকশন করে দিয়েছেন, তারফলে ফ্লোর এরিয়া রেশন হয়ে গেছে এবং তারফলে ভীষণভাবে ফ্লোর এরিয়া তারা ফাঁকি দিচ্ছে। এই যে ইল্লিগলিটি কন্সট্রাকশন এই বিলটার সাথে এটার কোনও লিঙ্কেজ করা যায় কিনা এটা দেখবেন। দুটোই কন্সট্রাকশন অ্যাকটিভিটির মধ্যে পড়ে, এই দুটোর মধ্যে যদি লিঙ্কেজ করা যায় তাহলে ভালো হয়। স্যাংশন প্ল্যান জমা দিতে হবে, কিন্তু স্যাংশন প্ল্যান জমা দেওয়ার পরে সেটাকে ভায়োলেট করা হচ্ছে কিনা এটা দেখার দায়িত্ব কর্পোরেশনের। আপনাদের আইনে সব পারপাস ফুলফিল করছে কিনা সেটা দেখতে হবে। আপনি যাদের রিলিফ দেবার জন্য আইন করছেন, তাদের আবার বিপদে ফেলছেন, কর্পোরেশন বাড়ি বন্ধ করার আদেশ দিয়ে। কর্পোরেশন বলছে যে তারা আইন ভঙ্গ করেছে সেইজন্য কাজ বন্ধ থাকবে। আরেকটা জিনিস গৌতমবাবু আপনি শেষে একটা ক্লজ করেছেন, সেখানে আপনি ইচ্ছা করলে ইনফিনিট পাওয়ার হাতে রাখতে পারেন। আপনি টোটাল এক্সজেম্পশর্ন দিয়ে দিতে পারেন। সেখানে আপনি বলছেন Notwithstanding anything contained elsewhere in the Act, State Government, may if it is of the opinion that the operation of any of the provisions of this Act causes undue hardship or circumstances exist which render it expedient to do so, exempt by a general or special order any clause or persons or areas from all or any of the provisions of the Act subject to such terms and conditions. তার মানে কি আপনি ইচ্ছে করলেই টোটালটাই তুলে দিতে পারেন। আপনি জয়েন্ট সেক্টর করছেন পিয়ারলেসের সঙ্গে, আপনি জয়েন্ট সেক্টর করছেন গুজরাট অম্বুজার সঙ্গে, নাউটিয়ার সঙ্গে, তাদের সঙ্গে আপনি জয়েন্ট ভেঞ্চারে হাউসিং করছেন। তারা সব বড় বড় ফ্ল্যাট তৈরি করবে। তাহলে সেখানে কি আপনার আইন প্রযোজ্য হবে। আগে রাজ্য সরকার নিজে কন্সট্রাকশন করত, আর এখন আপনি জয়েন্ট সেক্টরে কাজ করবেন। যাদের সঙ্গে আপনি জয়েন্ট সেক্টরে কন্সট্রাকশন করছেন তাদের শুধু স্টেট গভর্নমেন্ট জমি দেবে, আর টাকা দেবে প্রোমোটাররা। তাদের ক্ষেত্রে কি আপনি এক্সজেম্পট করবেন? আমরা চাইনা তাদের ক্ষেত্রে এগজাম্পট হোক। ইউ হ্যাভ টু বি ক্লিয়ারড। They must also be within the law. কেন ডিসক্রিমিনেশনের প্রশ্ন আসবে, নেপোটিজিমের প্রশ্ন আসবে, পার্সিয়ালিটির প্রশ্ন আসবে। তাহলে আপনার এটা করা উচিত নয়। প্রথমে আমরা বলেছিলাম এমন কিছু করবেন না, যাতে জেনারেল কন্সট্রাকশন অ্যাক্টিভিটির উপর বাধা এসে যায়। আমি আপনাদের বলেছিলাম অ্যাট দি সেম টাইম, এতে লোক বঞ্চিত হচ্ছে। প্রোমোটারদেরও মাঝে মাঝে রেসট্রিকশন করার দরকার আছে। আজকে আপনাকে বলতে হবে, আজকে আপনি যে হাউজিং বুম আনার চেষ্টা করছেন সেই জায়গায় আপনার জয়েন্ট সেক্টর হাউজিং সম্বন্ধে ধারণা কি? তাদের আপনি এই আইনটার মধ্যে নিয়ে আসছেন কি না? এই আইনটা পাস হলে কত তাড়াতাড়ি আপনি আইনটাকে এনফোর্স করতে পারবেন? Because two years have already been lost. তাই আপনি যদি আরও দেরি করেন তাহলে দে উইল বি পুট টু ইনকনভেনিয়েন্স। এখন আপনি কত তাড়াতাড়ি এটাকে ইমপ্লিমেন্ট করবেন সেটা আমি জানতে চাই। আমি আগেই বলেছি এই

আইনের প্রতি আমাদের পূর্ণ সমর্থন আছে এবং যে অ্যামেন্ডমেন্ট আপনারা এনেছেন তাতেও আমাদের আপত্তির কিছু নেই। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মল দাস ঃ** (মাননীয় সদস্য এই সময় অনুপস্থিত ছিলেন)।

[4-20 — 4-30 p.m.]

**শ্রী গৌতম দেব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মূল বিলটা যখন এখানে পেশ করা হয়েছিল। তখন সেটা বোঝা গিয়েছিল এবং আমরা সকলেই সেটা বুঝেছিলাম। এটা একটা আনন্দের বিষয় যে, সকলে এই বিলটাকে সমর্থন করলেন, ভোটা-ভুটির দিকে এই বিলটা যায় নি। আজকে এই যে দু'একটা অ্যামেন্ডমেন্ট আনতে হল সেটা কেন আনতে হল সেটা সবাই বুঝতে পারছেন এবং আলোচনা থেকে বোঝা যাচ্ছে এই জিনিসটা অবিলম্বে পাস হয়ে কার্যকর করা শুরু হোক, সেটা হাউসের সর্বসম্মত মত হিসাবে বেরিয়ে এসেছে সাবজেক্ট কমিটিতে এবং সিলেক্ট কমিটিতে মূল বিলের আলোচনাতে দেখেছি এবং আজকেও যেটুকু হল তা এই আইন কার্যকর করার ক্ষেত্রে সবচেয়ে বড় শক্তি এবং এটা ধরে নেওয়া যেতে পারে যে ভাবেই করুক না কেন, পশ্চিমবাংলার সাধারণ মানুষের প্রতিনিধি হিসাবে এই যে ক্লজ বাই ক্লজ আইনে যা লেখা আছে, যদি দেখা যায় কোথাও কোনও ভুল আছে তবে দুদিন বাদে তারা কারেকশন করে দিতে পারেন। পুলিশ যাবে কি যাবে না, ধরবে কি ধরবে না এটা বড় কথা। এই যে শক্তিটা হল এটা নিয়ে আমরা এগোতে পারব। এটা আমি আসার আগে আলোচনা করেছিলাম। সাধারণভাবে যা বুঝি তাতে আইনটা পাস করে কার্যকর করার কি সেই সময় আছে? অর্থাৎ কোন সময় কার্যকর করা যেতে পারে, কোন সময় সই-সাবুদ করা যেতে পারে, তা নিয়ে সকলের যা বক্তব্য তা আমাদের শক্তি যোগাবে। এখানে দেরি করে যে কথা বলা হয়েছিল সেটা বলা ঠিক হবে না। আর সাবজেক্ট কমিটির মিটিং-এ দেখেছি ৯৪টি মিটিং আমরা করেছি একটা নির্দিষ্ট সময় ও নির্ঘন্টের মধ্যে শেষও করেছি এবং আলোচনা করে সেটা চূড়ান্ত করেছি এবং এখানে বিধান সভায় পাস করে আমরা ১৯৯৩ সালের জুন মাসে রাষ্ট্রপতির কাছে তা পাঠিয়েছিলাম এবং সমস্ত কিছু দেখে শুনে রাষ্ট্রপতির সই হয়ে এসেছিল ১৯৯৪ সালের মার্চ মাসে। অর্থাৎ ৯ মাস সময় নিয়েছিল। আমি দেখাতে পারি এই ৯ মাসের মধ্যে ১০টা ফ্যাক্স করেছি দিল্লিতে যে রেসিডেন্ট কমিশনার আছেন টেলিফোনে তার সঙ্গে কথা বলেছি; এমন কি মাননীয় মন্ত্রী শিলাকলের সঙ্গেও কথা বলেছি এবং আরবান ডেভেলপমেন্ট (হোম) দপ্তরের মন্ত্রীর সাথেও কথা বলেছি। এই সমস্ত করার পর ৯ মাস বাদে যে সইটা আসল সেটা আসল শর্ত সপক্ষে। যে, দুটো জিনিস কারেকশন করতে হবে। ৮.৩.৯৪ এতে রাষ্ট্রপতি সই করেছেন আর এক মাস পরে ২৮.৪.৯৪ তারিখে দিল্লি সেটা পাঠিয়েছি। বিধানসভায় যখনই আমরা বিল তৈরি করে পাঠাই না কেন পাস হবার পর দেখা যায় রাষ্ট্রপতি ৯।১০ মাস সময় নিয়ে নেন। যে জিনিসটা পেশ করতে যাচ্ছি সেটা অ্যাডভান্স তার কাছ থেকে ড্রাফ্ট করে নিয়ে। তারজন্য এক মাসের মধ্যে গোটা প্রসেসটা হয়ে যায়। ৮.৩.৯৪ তারিখে সই হবার পর সেটা ২৮.৪.৯৪ পর্যন্ত দিল্লিতে পড়ে ছিল। এই নিয়ে দিল্লির হোম মিনিস্ট্রি যে উত্তর দিয়েছেন তা আমি পড়ে শোনাচ্ছি। ''with reference to your letter no. 142-HIV/1R-2/93, dated 28.4.94 on the subject noted above, I am directed to say that the Government of India

have no objection to the introduction of the West Bengal (Regulation of Promotion of Construction and Transfer by Promoters) (Amendment) Bill, 1994. in the State Legislature.'' বলে হোম ডিপার্টমেন্ট থেকে জানাচ্ছে যে এই যে ড্রাফ্ট আজকে পেশ করেছি এতে ওদের কোনও আপত্তি নেই। অর্থাৎ ওদের আরবান ডেভেলপমেন্ট, ওদের 'ল', ওদের হোম পর্যন্ত জিনিসটা করে নেওয়া হল বুঝলাম। আমি আসার আগে বুঝে এলাম যে আজকে এটা পাস করা মানে জাস্ট ফরমালিটিস, মাননীয় রাষ্ট্রপতি পর্যন্ত গোটা ব্যাপারটা করতে ১৫/২০ দিন লাগবে আদারওয়াইজ এই পাস করার পরও আরও ৯/১০ মাস সময় লাগত। সেদিক থেকে এই টাইমের ব্যাপারটাতে খুব একটা অপরাধ করেছি কিনা সেটা বোঝার ব্যাপার আছে। আমরা এই টাইম শিডিউল্ড ঠিকমতোই মেনটেন করেছি। আর কথাটা আমি আগেও বলেছি এবং আবার বলছি যে একটা ত্রাস সৃষ্টি করার জন্য এই আইন আনা হচ্ছে না। অর্থাৎ সারা রাজ্যে এই বলে একটা ত্রাস সৃষ্টি করলাম যে প্রোমোটার আর থাকবে না, অমুক থাকবে না, প্রাইভেট বিজনেস বলে কিছু থাকবে না—ব্যাপারটা তা নয়। আমি এ সম্পর্কে মূল আলোচনার দিনই বলেছিলাম যে পারলে সমাজতন্ত্রে যা সম্ভব নয় সেটা ভারতবর্ষের পশ্চিমবঙ্গে সেই জিনিসটা আমরা করে ফেলব—এ আমরা স্বপ্নও দেখছি না। কথাটা হচ্ছে, ঐ কুন্দলিয়ার ক্ষেত্রে যে জিনিসটা হল, কলিন্স লেনে যে জিনিসটা হল বা আরও অন্য জায়গায় যে সমস্ত জিনিসটা হচ্ছে সেটাকে রেগুলেট করতে হবে। আপনি ভালোভাবে বিজনেস করছেন করবেন কিন্তু এইভাবে যাতে কেউ ঠকাতে না পারে সেটা দেখতে হবে। এক্ষেত্রে কনজিউমারদের গার্ড দিতে হবে। এইভাবে যাতে ঠকাতে না পারে সেটা দেখতে হবে এবং কোয়ালিটি যাতে মেনটেন করে সেটা দেখতে হবে। এ ক্ষেত্রে একটা রেজিস্ট্রেশন থাকবে। কথাটা হচ্ছে, আপনি যদি নিজের বাড়ি নিজে করেন তাহলে ঠিক আছে কিন্তু আদারওয়াইজ বিক্রির জন্য যদি বাড়ি করেন, অফিস করেন, দোকান করেন তাহলে আপনাকে রেজিস্ট্রেশন করতে হবে, কোম্পানি যেভাবে রেজিস্টার্ড হয় সেইভাবে। রেজিস্ট্রেশন ছাড়া আপনি এটা করতে পারবেন না। এই রেজিস্ট্রেশন করতে গেলে আপনাকে ৮/১০ টা ডকুমেন্ট সাবমিট করতে হবে, আপনার ভায়াবিলিটি বোঝাতে হবে, তারপর ইউ গো অন, আপনি ব্যবসা করুন, কে আপনাকে আটকাচ্ছে? মোদ্দা কথা হচ্ছে, যে ডকুমেন্টসগুলি বা মেটিরিয়ালসগুলি আমরা চাইছি সেগুলি দেওয়া মানেই হচ্ছে কনজিউমারদের আলটিমেটলি সেফগার্ড দেওয়া। জমির ব্যাপার, টাকা পয়সার ব্যাপার, এল.আই.সি করতে হবে—এইরকম সমস্ত কিছু আছে। এটা আমরা একাধিকবার বলেছি যে রাজ্য সরকার নিজে বাড়িঘর করে সমস্ত জিনিসটা করে ফেলতে পারবেন না, সেটা সম্ভবও নয়, আমরা আশাও করছি না কিন্তু এ ব্যাপারে দিল্লির সঙ্গে আমাদের একটা পার্থক্য আছে। ওরা ন্যাশনাল হাউসিং পলিসিতে বলেছেন যে রাজ্য সরকার জমিটমি ডেভেলপ করবেন কিন্তু বাড়ি নিজে করবেন না, বাড়ি সব একে ওকে দিয়ে দেবেন, তারা করবেন। আমরা এটাতে পুরো একমত নয়। আমরা বারবার বলেছি যেমন আমরা মনে করছি না সব বাড়ি আমরাই করব কিন্তু একটা চেক থাকা দরকার। রাজ্য সরকারে যতক্ষণ আমরা আছি ততক্ষণ আমরা দেখছি কি করে এ ক্ষেত্রে প্রডাকশান বাড়ানো যায়। আমাদের হাউসিং ডিপার্টমেন্ট, হাউসিং বোর্ড, এই যে জয়েন্ট সেক্টারের কথা বললেন, এখানে ৫১ পারসেন্ট শেয়ার হচ্ছে রাজ্য সরকারের। সেখানে বোর্ডের চেয়ারম্যান হচ্ছেন রাজ্য সরকারের। মেজরিটি

শেয়ার রাজ্য সরকারের। এই হচ্ছে জয়েন্ট সেক্টার। তা এ ক্ষেত্রে গুজরাট অম্বুজাই হোক, পিয়ারলেস হোক বা যেই হোক। সেখানে মেজরিটি শেয়ার নিয়ে সেই জয়েন্ট সেক্টার আমরা করছি। তারপর একথা আমি আগেও বলেছি, আবারও বলছি, এই যে জয়েন্ট সেক্টারে বিজনেসম্যান যারা আসছেন তাদের স্পষ্টই বলা হয়েছে যে দেখুন, আপনাদের কথা হচ্ছে প্রফিট আর গভর্নমেন্টের এক পয়সাও প্রফিট লাগবে না। কিন্তু কি গভর্নমেন্টের কথা হচ্ছে সোশ্যাল কমিটমেন্ট, এ ক্ষেত্রে মানুষকে বেনিফিট দিতে হবে। এটা ভেরি ডিফিকাল্ট যে আপনাদের প্রফিট আর গভর্নমেন্টের সোশ্যাল কমিটমেন্ট এই দুটোকে সহবাস করানো। ইভিন দেন এই একটা জটিল কমপোজিশনেই করতে হবে। গভর্নমেন্টের এখানে ইন্টারেষ্ট হচ্ছে আপনারা যদি এক হাজার বাড়ি করেন তাহলে তার ৫/৬শো করতে হবে এল.আই.জি, এম.আই.জিদের জন্য। কোথাও যদি একসেপশন হয় আলাদা কথা। দু নং কথা হচ্ছে সাধারণভাবে এল.আই.জি-তে লাভ নেওয়া চলবে না। পারলে উপরের লাভ এখানে ঢোকাতে হবে। এম.আই.জি.তে নো প্রফিট, নো লস, এখানে লাভ ঢোকানো যাবে না। এইচ.আই.জি.তে আপনি লাভ করুন, এন.আর.আই-তে আপনি লাভ করুন। তবে বাড়ি যা বানাবেন সেখানে মোর দ্যাট ফিফটি পারসেন্ট এল.আই.জি, এম.আই.জিদের জন্য করতে হবে। আবার বলছি, এল.আই.জিতে নো প্রফিট, অন্য লাভের একটা অংশ এখানে ঢোকাতে হবে। এম.আই.জি.তে নো প্রফিট, নো লস। তারপর এইচ.আই.জি'র কাছ থেকে যদি আপনি দু বছরে টাকা নেন, সেখানে এল.আই.জি-কেও লঙ্গার ইন্সটলমেন্টের ফেসিলিটিস দিতে হবে। আর এল.আই.জি. এম.আইজি.কে বাড়ি বিলি বন্টনের ব্যাপারে সরকারের যে ঘোষিত নীতি ঐ লটারি দিস দ্যাট সেসব করতে হবে। তবে তারা তো এখানে চ্যারিটি করতে আসে নি সেটা আমরা জানি। এই সমস্ত মিলে আজকে এই বছরের মধ্যে যে কাজ আমরা শুরু করেছি—হাউসিং বোর্ড, জয়েন্ট সেক্টার কোম্পানি সব মিলিয়ে তাতে বাকি ৬ মাসে কারণ এই বাড়িঘর সবই বর্ষার পরই বেশি শুরু হবে প্রায় ৯ হাজার ফ্ল্যাটের কাজ আমাদের হাতে থাকবে নাইন থাউজেন্ড ফ্ল্যাট, তার কাজ চলছে যার ৩/৩।। হাজার ফ্ল্যাট আমরা এই বছর শেষ হবার আগেই মানুষের হাতে দিয়ে দেব। এটা খুব ছোট ব্যাপার নয়। আর গভর্নমেন্টের হাতে জিনিসটা থাকলে মার্কেটের উপর তার একটা প্রভাব থাকে। গভর্নমেন্ট দু লক্ষ টাকায় বাড়ি দিচ্ছেন। আপনি তো সেলের উপর বেশি কিছু করতে পারবেন না, এই আইনে লেখা নেই। আপনি ১০/১২ লক্ষ টাকায় বাড়ি বিক্রি করছেন কিন্তু পাশাপাশি গভর্নমেন্ট ৪/৫ লক্ষ টাকাতে যদি রাখেন তাহলে মার্কেটের উপর তার একটা প্রভাব পড়বে। সেইজন্য সেটা আমরা রেখেছি। সেইজন্য সেটাকে আমরা রেখেছি এবং যেটা আগেও সুদীপ বাবু বলেছেন, আমি আগের মূল বিলের উপর বিধানসভার কপি দেখলাম, নির্মল বাবুও বলেছেন, উনি কর্পোরেশনের বিল্ডিং-এর অনেকদিন ছিলেন। এটা ঠিক আমরা বুঝতে পারছি বিশেষ করে ডিউটি তো আছেই ক্যালকাটা মিউনিসিপ্যাল কর্পোরেশন, হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন, এদের সঙ্গে ক্লোজ লিয়াজো মেনটেন না করলে পরে এই আইন কার্যকর করা মুশকিল হবে। সেটা আমরা কিছুদিনের মধ্যে বসবো। আবার পুলিশের সঙ্গেও বসতে হবে। খোঁজ খবর আগে থেকে নিয়ে কি ভাবে আইন কার্যকর করা যায়। যারজন্য গতকাল আনতে পাঠিয়েছিলাম ক্যালকাটা মিউনিসিপ্যাল কর্পোরেশনে যে গত এক বছরে কলকাতাতে বিল্ডিং এরজন্য কত লোক অ্যাপ্লাই করেছে, লাস্ট বছরের সংখ্যাটা পেলে একটু বুঝতে সুবিধা হয়। আর হাওড়াতে কত

লোক অ্যাপ্লাই করেছে। যাইহোক সেটা ওরা পাঠিয়ে দিয়েছে। ধরুন কলকাতাতে গত বছরে বলছে ৫ হাজার ৮৪৪টা বাড়ির জন্য অ্যাপ্লিকেশন জমা পড়েছে, দশ তলা হোক, কুড়ি তলা হোক, ছোট হোক, মোট ৫ হাজার ৮৪৪টা। কতকগুলো ওরা সেকশন করেছে, কি করেছে তারমধ্যে আছে। এবং হাওড়াতে ১৩০০ অ্যাপ্লিকেশন জমা পড়েছে এক বছরে। ফলে এরমধ্যে একটা অংশ নিজের বাড়ি নিজে করছে, তারজন্য প্রোমোটার ফর্ম ফিল আপ করতে হবে, প্রোমোটার হতে হবে না। কিন্তু বাকি যারা বিক্রি করার জন্য বাড়ি করছে, সেইগুলো আমাদের খোঁজ রাখতে হবে। সেটা কর্পোরেশনের সঙ্গে যদি আমাদের ক্লোজ লিয়াজো না থাকে, আমরা খবর পেতে পারব না। সেইজন্য এই সমস্ত কিছু নিয়েই আমরা নট টু কার্ভ দি অ্যাকটিভিটিজ অব দি প্রমোটার্স, কোনও প্রমোটিং হবে না তারজন্যও নয়, কিন্তু একটা নিয়ম নীতির মধ্যে জিনিসটা করতে হবে। আর এটাও আপনারা জানেন যে এই মডেল আইন, মডেল আইন বলা হচ্ছে, আমরা আপনাদের এই পশ্চিমবাংলা বিধানসভায় এই আইন প্লেস করার অনেক পরে দিল্লি মডেল আইন তৈরি করেছে। মডেল যখন আমাদের কাছে পাঠাচ্ছে, তার অনেক আগেই আমাদের তৈরি হয়ে গেছে। সেইসব দেখেশুনে উনারা করেছে, সেটা করুক, বাইরে করতে পারলে ভাল। আপনারাও সিলেক্ট কমিটিতে ছিলেন, আমি বম্বেতে খবর দিয়েছিলাম, সব রাজ্যে খবর দিয়েছিলাম, কোথাও এই আইন কেউ কিছু করেনি। তার জন্য দেরি বলুন, যাই বলুন, আমরা এই আইনটা করছি সকলের আগে এবং আপনারাও সমর্থন করছেন। এখন আমাদের এই আইনটাকে কার্যকর করতে হবে। এখন আমরা প্রথমেই সারা পশ্চিমবাংলায় কি করতে পারব না পারব, কিন্তু বিশেষ করে এই যে সমস্ত জায়গা কলকাতাতে, এই আইনটা প্রয়োগ করতে হবে। সল্টলেকে পরে আমাদের দেখেশুনে করতে হবে, কোথায় আমরা কার্যকর করব। আর সাধারণ মানুষের ইন্টারেস্টটা যেটা গভর্নমেন্টের, আমরা এই হাউজিং এর ব্যাপারে বারে বারে বলছি, আমরা আলোচনা করছি ভাড়ার বাড়ি যেটা তুলে দেওয়া হয়েছিল, সেটা অন্য বিষয় সেই ভাড়ার বাড়িটা আর একটু চেঞ্জ করা যায় কিনা। এতত সত্ত্বেও আমরা কয়েক হাজার বিঘা জমি, তারও আমি সংখ্যা তত্ত্ব এখানে দিয়েছিলাম। বিগত কয়েক বছর কয়েক হাজার বিঘা জমি আমরা ধরেছি। আমাদের এটাও কথা যে গভর্নমেন্ট শুধু বাড়ি করলেই হবে না, আমরা ডেভেলপ ল্যান্ড তৈরি করে যেটা সৌগত বাবু বললেন যাতে পাঁচজন, সাতজন কর্মচারী, মাস্টার মহাশয়, যাইহোক কো-অপারেটিভ করুন, এই নিন জমি, তারা নিজেরা বাড়ি করে নেবেন। এটাও হাউজিং ডিপার্টমেন্টকে করতে হবে। তারজন্য আমাদের জায়গা লাগবে, কয়েক হাজার জমি আমরা ধরেছি, কিছু কোর্ট কেস হয়েছে, কিছু আমরা মেটাচ্ছি এবং এটাও আমরা পলিসি গত ভাবে ঠিক করেছি যে আমরা কিছু জায়গায় জমি দেবো শুধু। তবে প্রায়রিটি আমরা কো-অপারেটিভ করলে দেবো। ফলে এই সমস্ত নিয়ে এই হাউজিং এর বিষয়ে যে অ্যাকটিভিটিটা সেটা নিচ্ছি। গ্রামের দিকে আপনারা জানেন সেখানে আমরা হাউজিং বোর্ডের একটা অন্য কারণে পলিসি মিটিং করেছিলাম, হাডকোর সঙ্গে, দিল্লির ওরা এসেছিলেন। আমাদের এই বছর যে ওয়ার্ক শিডিউল্ড ২০ কোটি টাকা কি ২২ কোটি টাকা, আমরা হাডকো থেকে নেব এবং সেটা ঠিকমতো দিতে পারবে কিনা। আমরা দেখলাম সমস্ত কিছু আলোচনা করে যে মোটামুটি ২১/২২ কোটি টাকা শুধু হাডকোর লোন আমরা যা নেব বলেছিলাম, তা নিতে পারবো এবং তারসঙ্গে ৩০/৪০ কোটি টাকা নিজেদেরও খরচ করতে হবে। তার একটা বড়

অংশ ঐ গ্রামের গরিবদের যে বাড়ি, ফার্স্ট ফেজ, সেকেন্ড ফেজ, সেটা দেওয়া শুরু হয়ে গেছে, বাকিটা এই বছরের মধ্যে দিতে পারব। ফলে গ্রামেতে সেই কাজ শুরু করেছি। সেইজন্য আমি আর না বাড়িয়ে এটাই বলছি যে দেরি সেইভাবে হয়নি। আমরা দেরিটাকে কমানোর জন্য অ্যাডভান্স দিল্লি থেকে সব করিয়ে এনেছি। আশা করি আপনারা এটাকে সকলে সমর্থন করবেন। আমরা রাষ্ট্রপতির সই অতি দ্রুত পাওয়া যাবে আশা করি। এখন অত্যন্ত জটিল বিষয়, আমি আবার বলছি, আমাদের এই যে হাউজিং ডিপার্টমেন্ট, এই ডিপার্টমেন্টটা বড় ডিপার্টমেন্ট নয়, ছোট ডিপার্টমেন্ট। ৬/৭ কোটি টাকার প্ল্যান বাজেট ছিল। এখন বাড়তে বাড়তে ২০/২২ কোটি টাকা হয়েছে। ঘটনা চক্রে আমি পি.এইচ.ই.তে আছি। পি.এইচ.ই. একটা বড় ডিপার্টমেন্ট, হাউজিং একটা ছোট ডিপার্টমেন্ট। কলকাতার উপর ওখানে কিছু আছে। ফলে এতবড় একটা আইন পরিচালনা করা, যারজন্য আমাদের ক্যালকাটা কর্পোরেশনকে লাগবে, এইচ.আই.টি.কে লাগবে, সি.আই.টি.কে লাগবে, ডি.এম.দের লাগবে। কিন্তু অবশ্যই হাউজিং ডিপার্টমেন্টকে এটা মনিটার করতে হবে। ইতিমধ্যে আপনারা জেনে খুশি হবেন যে আমরা একজন নতুন জয়েন্ট সেক্রেটারি, একজন ডেপুটি সেক্রেটারি, দুজন অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি পেয়েছি, যখন গভর্নমেন্টের অনেক রেস্ট্রিকশন আছে, এইরকম চার পাঁচ জন উচ্চ পদস্থ অফিসার নতুন করে আমরা হাউজিং ডিপার্টমেন্টে নিয়ে এসেছি। ইতিমধ্যে তারা জয়েন করেছে।

[4-30 — 4-40 p.m.]

ইতিমধ্যে তারা জয়েন করেছে, বিশেষ করে এই আইনটা কার্যকর কিভাবে কি করা যেতে পারে। সেখানে প্রথম দিকে অভিজ্ঞতার অভাবের জন্য অসুবিধা হতে পারে, সেক্ষেত্রে প্রত্যেককে সাহায্য ও সহযোগিতা করতে হবে। আর এই বিধানসভায় আছেন আড়াইশো থেকে তিনশো সদস্য, আর বসে আছেন মাত্র চল্লিশ পয়তাল্লিশ জন। যদি দেশের লোককে আইনটা পুরো না জানিয়ে দেওয়া হয় তাহলে কিছুতে হতে পারে না। আমরা রেডিও, টিভি, খবরের কাগজ, বিজ্ঞাপন বোর্ড, পঞ্চায়েত সর্বত্র আলোচনা করছি যে এই হচ্ছে আইন। দেশের লোক জেনে যাক যাতে তারাই খবর দিতে পারে। সমস্ত মানুষকে এই আইনটা কি তা জানিয়ে দিতে হবে। কোথাও কিছু হলে আপনারা বলবেন। আপনাদের সকলের সহযোগিতা নিয়ে আমি আশা করছি এই বছরই আইনটা চালু করতে পারব। খবরের কাগজে বললে আগে থেকে প্রোমোটাররা জেনে যাবে। যদি এটা ডিক্টেটোরিয়াল ফর্ম অফ গভর্নমেন্ট যদি হয় তা হলে গোপনে করতে পারতেন। কিন্তু তাতো নয়। অ্যাসেম্বলিতে আপনাদের সঙ্গে আলোচনা করছি, সাংবাদিকরা এখানে বসে আছেন। কিন্তু এইসব আলোচনা কাগজে লিখতে পারবেনা। তার কোনও ব্যবস্থা নেই। দিল্লিতে বার বার কাগজ পাঠাচ্ছি যাতে কি করে এটা গোপন রাখা যায়। এটাতো যাকে বলে টোটাল ট্রান্সপারেন্সি। আমরা মানুষজনকে কনফিডেন্সে নিয়ে গিয়ে সরকার পক্ষে আছি। আমাদের যাই আপনারা বলুন আমরাই আইনটা এনেছি, আর আপনারা তা সমর্থন করেছেন। ফলে এই মিলিত শক্তি নিয়েই এই আইন আমরা কার্যকর করব। এই কথা বলে এটাকে আপনারা সমর্থন করবেন এই অনুরোধ রেখে এই বক্তব্য এখানেই শেষ করছি।

The motion of Shri Gautam Deb that the West Bengal Building

(Regulation of Promotion of Construction and Transfer by Promoters) (Amendment) *Bill, 1994*, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 to 6 and Preamble**

The question that clauses 1 to 6 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Gautam Deb :** Sir, I beg to move that the West Bengal Building (Regulation of Promotion of Construction and Transfer by Promoters) (Amendment) Bill, 1994, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**PRESENTATION OF REPORT**

**69th Report of the Business Advisory Committee**

**Mr. Speaker :** I beg to present the 69th Report of the Business Advisory Committee. The Committee met in my chamber yesterday and recommended the following programme of business for 19th to 22nd of September, 1994.

| | | | |
|---|---|---|---|
| 19.9.94, Monday | : | (i) | The West Bengal Prohibition of Unlawful Possession of Property of Electrical Undertakings Bill, 1994. (Introduction, Consideration and Passing) .. 2 hours |
| | | (ii) | The Indian Electricity (West Bengal Amendment) Bill, 1994 (Introduction, Consideration and Passing) .. 1 hour |
| | | (iii) | Electricity (Supply) (West Bengal Amendment) Bill, 1994 (Introduction, Consideration and Passing) .. 1 hour |
| 20.9.94, Tuesday | : | (i) | The West Bengal Additional Tax and One-time Tax on Motor Vehicles (Amendment) Bill, 1994 (Introduction, Consideration and Passing) .. 1 hour |
| | | (ii) | The West Bengal Central Valuation Board (Second Amendment) Bill, 1994 (Introduction, Consideration and Passing) .. 1 hour |
| | | (iii) | The West Bengal Municipal (Second |

| | | | |
|---|---|---|---|
| | | | Amendment) Bill, 1994 (Introduction, Consideration and Passing) .. 1 hour |
| | | (iv) | The West Bengal Municipal Elections (Amendment) Bill, 1994 (Introduction, Consideration and Passing) .. 1 hour |
| 21.9.94, | Wednesday : | (i) | The West Bengal Government Premises (Tenancy Regulation) (Amendment) Bill, 1994 (Introduction, Consideration and Passing) .. 1 hour |
| | | (ii) | The West Bengal State Election Commission (Amendment) Bill, 1994 (Introduction, Consideration and Passing) .. 1 hour |
| 22.9.94, | Thursday : | | No-Confidence Motion against Council of Ministers. .. 4 hour |

Now Minister-in-charge of Parliamentary Affairs may please move the motion for acceptance of the House.

**Shri Probodh Chandra Sinha :** Sir, I beg to move that the 69th Report of the Business Advisory Committee as presented in the House be accepted.

The motion was then put and agreed to.

## GOVERNMENT RESOLUTION

**Smt. Chhaya Bera :** Sir, I beg to move that—

Whereas it has been established that consumption of tobacco is a major health hazard which causes various types of cancers, cardiovascular and respiratory diseases and other similar ailments :

And whereas out of the estimated three million tobacco-related deaths in the world today, about 0.8 million deaths take place in India;

And whereas this major health problem can be prevented if consumption of tobacco-related products are reduced;

And whereas there is at present no comprehensive and uniform legislation throughout India discouraging the use of tobacco and tobacco products, in any form, providing for complete ban on all forms of advertisements in respect of tobacco-related products, banning of tobacco smoking in public places, printing of statutory warnings in the form of slogans on all packages of tobacco and tobacco products, ban on the

sale of tobacco or tobacco products within specified distances from educational, medical and other institutions and for all matters connected therewith or ancillary and incidental thereto;

And whereas it is necessary to enact a comprehensive law providing for all matters referred to in the above paragraph;

And whereas the subject-matter of such a law, except cigarette which is relatable to Entry 33, List-III-Concurrent of the Seventh Schedule to the Constitution of India, is relatable to Entries 6 and 26 of the List-II—State List of the Seventh Schedule to the Constitution of India and Parliament has no power to make laws for the States with respect to the aforesaid matters except as provided in articles 249 and 250 of the Constitution of India;

And whereas it appears to this Legislative Assembly to be desirable that the aforesaid matters should be regulated in the State of West Bengal by law;

Now, therefore, in exercise of the powers conferred by clause (1) of article 252 of the Constitution of India, this House hereby resolves that a comprehensive and uniform legislation to discourage the use of tobacco and tobacco products, in any form, providing for complete ban on all forms of advertisements in respect of tobacco-related products, banning of tobacco smoking in public places, printing of statutory warnings in the form of slogans on all packages of tobacco and tobacco products, ban on the sale of tobacco or tobacco products within specified distances from educational, medical and other institutions, and all matters connected therewith or ancillary and incidental thereto should be regulated in the State of West Bengal by Parliament by law.

[4-40 — 4-50 p.m.]

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয়া স্বাস্থ্যমন্ত্রী মহোদয়া যে রিজলিউশন এখানে উত্থাপন করলেন নীতিগত দিক দিয়ে এর আমরা কোনও বিরোধিতা করছি না। আজকে আমি শুধু এরসঙ্গে একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই যে, এই রেফারেন্সটা থাকলে ভাল হত, — সরকার পক্ষের কাছ থেকে আমরা এই উদারতা আশা করি — আফটার দি জেনারেল ইলেকশন ইন ১৯৫২ ডাঃ বি.সি. রায় ট্রামে, বাসে, সিনেমা হলে স্মোকিং বন্ধ করেছিলেন। সুতরাং এটা আপনাদের কোনও আইসোলেটেড চিন্তা ধারা নয় এবং এটা আপনারা স্বীকার করলে ভাল করতেন। তারই এক্সটেশন ওয়ার্ক হিসাবে আপনারা যেটা প্রস্তাব করেছেন সেটাকে আমি আগেই বলেছি, নীতিগত দিক দিয়ে আমাদের কোনও আপত্তি নেই। শুধু একটা কথার আপনাদের আজকে উত্তর দিতে হবে— আপনারা ১৭ বছর ধরে একটা রেজিমে একটা রাজ্যে ক্ষমতায় আছেন হোয়াই রিয়েলাইজেশন অফ দি নুইসেন্স ভ্যালু অব স্মোকিং ইজ সো লেট? এর উত্তর আপনাদের দিতে হবে। ১৭ বছর লাগল কেন

এটা আপনাদের অনুভব করতে? আমি আপনাদের জিজ্ঞাসা করি আর কোনও রাজ্য আছে কি— সুকর্ণর পর সুহার্তো ছাড়া — আপনাদের মতো আর কেউ এত লম্বা একটা রেজিম পেয়েছে? যেভাবেই হোক, জোর করে, পুলিশ দিয়ে, সমাজবিরোধী দিয়ে আপনারা ক্ষমতায় এসেছেন এবং এখনো আছেন, কিন্তু এটা রিয়েলাইজেশনে আপনাদের এত দেরি হল কেন? সেকেন্ড, দিস ইজ নট. দি অনলি কস অব পলিউশন হিয়ার। এর চেয়েও মেজর পলিউশন সোর্স আদার দ্যান স্মোকিং আছে — ভেইকেলার এমিশন, ইন্ডাস্ট্রিয়াল এমিশন। গাড়িগুলো থেকে যে এমিশন হচ্ছে, ইন্ডাস্ট্রি থেকে যে এমিশন হচ্ছে, এগুলো থেকে যে পলিউশন হচ্ছে সেগুলো সম্বন্ধে কনকারেন্টলি আপনি কি চিন্তা করেছেন তা আমাদের বলবেন। কারণ আমরা সুপ্রিম কোর্টের রায় দেখছি, হাই কোর্টের রায় দেখছি এগুলো বন্ধ করার জন্য। ইভেন হাওড়া স্টেশন ওয়াজ আস্কড টু বি ক্লোজড — যেখানে নুইসেন্স, পলিউশন এত মেজর সেখানে আপনি কী ব্যবস্থা নিলেন? মাননীয় মন্ত্রী মহোদয়া, একটা অঙ্ক কি আপনি নিতে পারবেন কনজয়েন্টলি উইথ ইয়োর কাউন্টার পার্ট অব এনভাইরনমেন্ট মিনিস্টার — কে এখন পরিবেশ মন্ত্রী আমি জানি না — তাহলে আমরা আশান্বিত হব। কারণ যাই হোক, আপনি উল্লেখ করবেন বলে মনে করেছেন। আপনি জানেন, এর একটা কাউন্টার লবি আছে। ইট ইজ অ্যান ইন্ডাস্ট্রি। টোব্যাকো ইজ অ্যান ইন্ডাস্ট্রি। সিগারেট ফর্মে ইন্ডাস্ট্রি, টোব্যাকো সিগারেট ফর্মে ইন্ডাস্ট্রি Bidi is the largest industry possibly other than weaving in India. এগ্রিকালচার (উইভিং) আর বিড়ি বানানো, বিড়ি ম্যানুফাকচার, বিড়ি শ্রমিক থার্ড লারজেস্ট কটেজ ইন্ডাস্ট্রি। এটাকে কিভাবে How do you propose to cope with the nuisance created by this industry also. খালি সিগারেট দিয়েই হয়না। সারা বিশ্ব একটা আন্দোলন করছে Smoking should be curtailed, prohibited. তাও সম্ভব হচ্ছে না। But we are not indulging this vice. নিজেদের দুর্বলতা আছে, তথাপি আমি সুবিধা দাবি করছি না। আমি তুলে ধরছি, টেলিগ্রাফ, ২৪-১-৯৪ তারিখে একটা পাবলিকেশন বেরিয়েছে, country move by tobaco units তাতে একটা জিনিস জানা দরকার টোব্যাকো কনজামশন কি পর্যায়ে এখানে আছে কমপারিজন টু দি ওয়ার্ল্ড। আমরা জানি, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এখানে আছেন, উনি হাভানা এবং কিউবাতে গেছেন, আজকে largest consumption tobaco percapita adult consumption in tobaco. কিউবাতে ৪.৫ কেজি পার অ্যাডল্ট ক্যাপিটা। আর সেই তুলনায় আমাদের দেশে পার অ্যাডল্ট .৫ কেজি। নট অল টোটাল পপুলেশন অ্যাডল্ট পপুলেশন বেলজিয়ামে ২.৯ কেজি, সুইজারল্যান্ড-২.৯ কেজি, নেদারল্যান্ড-৩ কেজি, ইরাক-৩ কেজি, মায়ামি, বার্মা ৩ কেজি, হাঙ্গেরি-৩.৩ কেজি, সিঙ্গাপুর-৩.৩ কেজি পার অ্যাডল্ট ক্যাপিটা। পোলান্ড-৩.৫ কেজি, কোরিয়া-৪.৭ কেজি বুলগেরিয়াতে ৪.১ কেজি। মন্ত্রী মহাশয় বোধ হয় দেখেছেন সুইজারল্যান্ড ছাড়া টেনডেন্সি সোসালিস্ট কানট্রিতে বেশি। অর্থাৎ টোবাকো কনজামশন বেশি। এটা বেশি রেসট্রিক্ট করুন, এতে পার্টি দুর্বল হবে কিনা ভাববেন। এ ব্যাপারে চীফ মিনিস্টারের সঙ্গে পরামর্শ করে নিলে ভাল হয়। আমি তুলনা দেখে বলছি। তারপর দুটি মত আছে, একটা জিনিস ক্যানসার আর অন্য রেসপিরেটরি ডিজিজেস দেখা যাচ্ছে, যেখানে টোবাকো কনজামশন কম সেখানে লং-ক্যানসার ইনসিডিসেন্স লারজার। ডাঃ থ্রনটন said that there are many areas with low cigerette use, but high lung cancer incidence. শুধু একটা ক্ষেত্রেই দোষ

দিলে হবে না। এইসব সাবসটানসিয়েট করতে হবে। একটু বিবেচনা করে দেখবেন, কারণ আমি আগেই বলেছি এটা ছাড়াও আরও ইরিটান্ট ড্রাগস সমাজে আছে। এগুলি প্রোপরশনেটলি বাড়ছে। যেমন, হেরোইন, চরস প্রভৃতি ড্রাগের জন্য গোটা পৃথিবী ধ্বংস হয়ে যাচ্ছে। সমাজ ধ্বংস হয়ে যাচ্ছে। এইসব ড্রাগের ক্ষেত্রে ব্যবস্থা যদি না নেন তাহলে হাস্যস্পদ হবে। It is insignificant, in respect of injury to health compare to other alcohol and drugs. এই নিয়ে একটা আন্দোলন হচ্ছে এই দেশে। এটা খুব ভাল, শুভ। শুধু আপনাদের নয়, সারা পৃথিবীর চেহারা আন-অরগ্যানাইজড ক্ষেত্রে মজুরি বৃদ্ধি পাচ্ছে, অনেক জায়গায় হয়েছে। মজুরি যেটা বৃদ্ধি হচ্ছে সেটা ফুড কনজামশনে যাচ্ছে না, ক্লথ কনজামশনে যাচ্ছে না, হাউসিং হুইচ - হুইচ ইজ এ বেসিক রাইট সেটাতেও যাচ্ছে না, সেটা হচ্ছে লিকার অ্যান্ড ভাইসেস। এটা আপনারা দেখেছেন, লেবার যারা, তারা লেখাপড়া জানেনা, কিন্তু লেবাররাও এখন অনেকটা সিস্টেমে এসে গেছে — আমার জিজ্ঞাস্য এখানে আপনাদের মনিটারিং অ্যাডভাইসের ব্যবস্থাটা কি? মাননীয় বুদ্ধদেব বাবু এতবড় একটা আলোচনার সময় চলে গেলেন। আজকে এরসঙ্গে একটা প্রচারের ব্যবস্থা করুন। শুধু 'দিস ইজ ইনজুরিয়াস' এই কথাটা সিগারেটের প্যাকেটে লিখে রাখলে হবে না। প্রচার কোথায়? স্কুল থেকে প্রচার কোথায়? সীনেমা, টি.ভি. যা প্রচারের মাধ্যমে আছে, সেইসব প্রচারের থ্রাস্ট কোথায়? কত ব্যয় করেছেন? কি কি মেশিনারি সেট আপ করেছেন সেটা বলতে হবে। আর ২৫২ ধারায় আইন করতে বলছেন সেন্ট্রাল আইন হলে আইনকে এনফোর্স করার ব্যাপারে সুপারভিশন, মনিটারিং করবে কে? মাননীয় স্পিকার মহাশয় বলেছেন বারান্দায় সিগারেট খেতে দেবেন না, ধরবেটা কে? বাসে বসে বিড়ি খেতে খেতে যাওয়া মাননীয় ডাঃ রায় নিষেধ করেছিলেন, যা আইনে নিষেধ আছে, পেনাল্টি বোধহয় ২০ টাকা, এটা কি এনফোর্স হচ্ছে? আজকে সেটা ভাববার সময় এসেছে। তারপর একটা বড় কথা, মাননীয় প্রাইম মিনিস্টার সম্প্রতি অন্ধ্রপ্রদেশে একটা বক্তৃতায় বলেছেন টোব্যাকো গ্রোয়ার্সদের কাছে যে আমাদের ৫ পারসেন্ট অফ দি এগ্রিকালচারাল ইনকাম কামস ফ্রম টোব্যাকো। ইউ.কে.তেও এ জিনিস হচ্ছে, কিন্তু তারা অলটারনেটিভ প্রোডাকশনের কথাও ভাবছেন। আমাদের জায়গা, দিনহাটা, মাননীয় কমল গুহর কেন্দ্র ঐ জায়গাগুলিতে তামাকের চাষ হয়, সেটা বন্ধ করবেন কিন্তু হোয়াট উইল বি দি অলটারনেটিভ ক্রপ? যারা ক্রপ গ্রোয়ার্স তারা কোথায় যাবে? এগুলি আপনাদের আইসোলেটেড কথা নয় কি? এটা যুগান্তরের একটা খবর, ২৪/১/৯৪ তারিখে সিগারেট সংস্থা পালটা প্রচারে নেমেছেন, এখানে আমাদের একটা নন-অফিসিয়াল অর্গানাইজেশন আছে এখানে টি ওয়ান-ওয়ান টোব্যাকো ইন্সটিটিউট অফ ইন্ডিয়া, এটা নন-অফিসিয়াল অর্গানাইজেশন যারা গবেষণায় লিপ্ত আছে, সিগারেট একটা অ্যাফলুয়েন্ট ইন্ডাস্ট্রি, এটাকে কারা কাউন্টার করবে সেই মনিটারিং সেট আপ করতে হবে। আমরা যখন স্কুলে তখন ডিলাক্স বলে একটা সিগারেট বেরিয়েছিল, তাতে না'কি ক্যানসার হয় বলে বাজারে রটে গেল, ডিলাক্স বিক্রি কমে গেল, পাশাপাশি আর একটা ব্র্যান্ড সিগারেট বিক্রি বেড়ে গেল। এদের মধ্যে কমপিটিশন, প্রতিযোগিতা আছে, ট্রেড কমপিটিশন, সেটা নিয়ন্ত্রণে আনতে হবে। পোল্যান্ডের একটা বই সেটা সোস্যালিস্ট দেশ, আপনি নিশ্চয়ই জানবেন ওখানে ওপিনিয়া বলে একটা সংস্থা আছে, তারা সব পরীক্ষা করে মত দিয়েছেন যে দিস ইজ দিস, ইন্ডিয়ান স্ট্যানডার্ড ইন্সটিটিউট আছে, সেটা একেবারে আগমার্কা। আপনাদের এখানে তরফ থেকে একটা উদ্যোগ নেওয়া উচিত

ছিল, উইথ রিগার্ড টু ইনজুরি ফর ফুড, ইনজুরি ফর কনজামসশন অফ সার্টেন আর্টিকেলস। এটা এ পর্যন্ত আপনারা গ্রো করতে পারেন নি। আপনি একটু দেখবেন বলে মনে করছি কারণ শুধু সিগারেটের প্যাকেটে 'ইনজুরিয়াস টু হেলথ' লিখলে হবে না। ওরা পাল্টা প্রচার করবে, এই পাল্টা প্রচার না করলে মানুষকে বিভ্রান্তির দিকে নিয়ে যাবে। দে আর ভেরি অ্যাফলুয়েন্ট এটার জন্য আপনাকে অনুরোধ করব। যারা বলছে 'তামাক শিল্প মহলের মোদ্দা কথা, সিগারেটের সঙ্গে ক্যানসার, হৃদরোগ, শ্বাসরোগের প্রত্যক্ষ সম্পর্কের কোনও সুনির্দিষ্ট প্রমাণ' নেই।' এখানে আপনারা যারা বসে আছেন, জানেন বিশেষ করে K.S. Reddy, Professor of Cardiology said, "there is incidential evidence to show that tobaco is a major cause for Lung cancer, heart disease and chronic bronchytis". এজন্য আমি চাইছিলাম যদি কো-অর্ডিনেট করতেন বাই কেমিস্ট্রি যারা রিসার্চ করছেন কোনও জিনিস রিসার্চ ছাড়া হয়না and output of research imput. আপনাকে অনুরোধ করছি। তারপর আর একটা কথা আছে, যে, আমাদের এখানে যা অ্যাটিচিউড যারা ভারতবর্ষের আইন চাইছেন, শুধু পশ্চিমবঙ্গে নয়, ২৫২(১) ধারায়।

[4-50 — 5-00 p.m.]

তাহলে অন্য রাজ্যের সঙ্গে পরামর্শ হয়েছে কি? এক্ষেত্রে কো-অর্ডিনেশন ইজ নেসেসারি, কারণ ওদের কি সিদ্ধান্ত সেটা জানা দরকার। আইন হলে সেটা তো শুধু ওয়েস্ট বেঙ্গলে প্রয়োগ হবে তা নয় এবং আইনটা প্রণয়ন করবার ক্ষমতাও পার্লামেন্টের। তাই অন্য রাজ্য এ-ব্যাপারে কি অ্যাটিচুড নিয়েছেন, কি তাদের সুপারিশ সে ব্যাপারে কনসালটেশন হয়েছে কিনা সেটা জানতে চাই। এক্ষেত্রে তিনটি ব্যাপার রয়েছে এমপ্লয়মেন্ট, ট্রেড এবং ম্যানুফ্যাকচারিং। এখানে এমপ্লয়মেন্ট যদি কার্ভ না হয় তাহলে কনজামশন কার্ভ হবে না। আবার প্রডাকশন যদি সমান থাকে তাহলে কনজামশন থাকবে। কাজেই প্রডাকশনটা আপনাদের নিয়ন্ত্রণ করতে হবে। আবার প্রডাকশন যদি নিয়ন্ত্রণ করতে চান তাহলে ওদের অলটারনেটিভ এমপ্লয়মেন্ট কি হবে সেটা ভাবতে হবে। এসব না ভাবলে আইন আপনারা প্রয়োগ করতে পারবেন না। আওয়ারস ইজ এ লেজিসলেশন। আমাদের পক্ষ থেকে ইট ইজ এ রিকোয়েস্ট টু দি সেন্টার টু ব্রিং পার্লামেন্ট, টু ব্রিং অ্যাবাউট লেজিসলেশন। কিন্তু তার আগে আপনাদের এসব ভাবতে হবে। এসব ভেবেছেন কিনা বলুন।

সর্বোপরি আপনাদের প্রস্তাবকে আমরা সমর্থন করি, বিরোধিতা নয়, কিন্তু যেটা সামগ্রিকভাবে আনানো উচিত ছিল সেই ইঙ্গিতগুলি এখানে নেই, অন্য রাজ্যে প্রতিক্রিয়া কি হবে সেটা বলা নেই, এখানে মেশিনারি কি হবে সেটা বলা নেই, আইনটা কে এনফোর্স করবেন বলা নেই। এতে অলটারনেটিভ এমপ্লয়মেন্টের কোনও কথাও বলেননি গ্রোয়ারসদের ক্ষেত্রে। এসব ভাবতে হবে। আজকে গ্যাটের যতই বিরোধিতা করুন না কেন, প্রধানমন্ত্রী কিন্তু আপনাদের এ-সম্পর্কে বলে রেখেছেন সেটা আপনারা জানেন। কুচবিহার জেলার দিনহাটা অঞ্চলে কিছু কিছু টোব্যাকো গ্রো করে। কাজেই সেখানে অলটারনেটিভ ক্রপ কাল্টিভেশনের দিকে যেতে হবে। আমাদের লেজিসলেশন আনবার ব্যাপারে আপত্তি নেই, বরং দেরিই করেছেন, কিন্তু ভবিষ্যত চিন্তা করেননি। গ্রোয়াসে, এমপ্লয়মেন্ট বা এনফোর্সমেন্ট এজেন্সির কথা ভাবেননি। ইরিটেন্ট প্রোডাক্ট—ড্রাগ রয়েছে এবং তারমধ্যে ডেসপারেট ড্রাগ রয়েছে, সে

*কথা বলেননি। রেজলিউশন যে আকারে এনেছেন* তাতে আমাদের আপত্তি নেই, কোনও অ্যামেন্ডমেন্টও দিচ্ছি না; শুধু জানতে চাইছি, যদি আর্টিকেল ২৫২(১)য়ে এটা আসে তাহলে অন্য রাজ্যগুলি কি সেটা নেবে, সেটা বলুন। এরপর কিন্তু আপনাদের অ্যামেন্ডমেন্ট করবার ক্ষমতা থাকবে না। সেন্ট্রাল গভর্নমেন্ট আর্টিকেল ২৫২তে লেজিসলেশন আনলে তারপর আপনাদের আর অ্যামেন্ডমেন্টের ক্ষমতা থাকবে না। তাই বলছি, ব্রিং অ্যাবাউট একজাক্ট ফর্ম অফ লেজিসলেশন। সেখানে ড্রাফট সাবমিট করেছেন কিনা এটা যদি আমাদের জানান ভাল হয়। এই রেজলিউশনে আপত্তি করছি না, তবে স্পিকার মহাশয়কে বলছি, হঠাৎ করে কিছু করবেন না, বিকজ উই আর অ্যাডিকটেড টু দি ভাইস। এক্ষেত্রে ধীরে ধীরে এগোতে হবে। বিদেশে মহিলারা আজকাল সিগারেট বেশি পান করছেন। আমাদের গ্রামাঞ্চলের মহিলারাও এসবে বেশ অভ্যস্ত। গ্রামাঞ্চলের মেয়েরা বাচ্চা কোলে নিয়ে ধূমপান করতে করতে ঘুরবেন এটা মানা যায় না। এইসব প্রশ্ন আপনার কাছে রেখে রেজলিউশনকে বিরোধিতা না করবার কথা আবার বলছি।

[5-00 — 5-10 p.m.]

**শ্রী সমর বাওরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে কনসাম্পশান অব টোব্যাকো, একে রেগুলেট করার দিকে লক্ষ্য রেখে সরকারি যে প্রস্তাব এখানে উত্থাপিত করা হয়েছে, তাকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাই। প্রথমেই আমি বিরোধী দলের নেতাকে ধন্যবাদ জানাচ্ছি। কারণ তিনি নীতিগত ভাবে এই প্রস্তাবকে সমর্থন করেছেন। তিনি আপনার কাছে আবেদন রেখেছেন যে এই প্রস্তাব গ্রহণ করার পরে উনি যেন সঙ্গে সঙ্গে কড়াকড়ি না করে ধীরে ধীরে এটা প্রয়োগের দিকে যান। ওনার যে আবেদন সেটা এই প্রস্তাবের প্রস্তুতির মধ্যে দিয়ে একরকম মেনে নেওয়া হয়েছে। এই প্রস্তাবের মধ্যে কোনও জায়গায় বলা হয়নি যে ইমিডিয়েট ব্যান অন স্মোকিং অর এনি টাইপ অব কনসাম্পশন অব টোব্যাকো করা হবে। যে ৬টি উদ্দেশ্যকে সামনে রেখে এই সরকারি প্রস্তাব উত্থাপন করা হয়েছে, সেই ৬টি উদ্দেশ্যর মধ্যে বলা হয়েছে যে তামাক বা তামাকজাত দ্রব্য সেবনের উপরে তাদের নিরুৎসাহিত করা, এই মুহূর্তে তাকে বন্ধ করা নয়। কিন্তু এই সমস্ত বিষয়গুলির উপরে যে ভাবে বিজ্ঞাপন চলে, আমরা বিভিন্ন সময়ে বিভিন্ন জায়গায় বিজ্ঞাপনে দেখি যে কোনও একটা ব্রান্ড সিগারেটের কথা উল্লেখ করে বলা হচ্ছে যে জবাব নেই। আবার বিভিন্ন সময়ে বিজ্ঞাপনে দেখি, এমন কি খেলাধুলার জগতেও দেখি, যেমন রুথমাস ট্রফি, বা উইলস ট্রফি বা চার্মিনার ট্রফি বা অন্যান্য ট্রফিতে খেলাধুলার মধ্যে যুব সমাজকে খেলার ময়দানে আহ্বান করার চেয়েও বিজ্ঞাপন দিয়ে বলা হচ্ছে, মেড ফর ইচ আদার। আমি জানিনা যে এই মেড ফর ইচ আদার মানে কি। ইউ পিলি, ইউ আর মেড ফর ডেথ এটা ম্যান অ্যান্ড ডেথ কিনা এই ধরনের বিভিন্ন বিজ্ঞাপন দিয়ে যুব সমাজকে তামাকজাত দ্রব্যের প্রতি আকর্ষণ করা হচ্ছে। অবশ্য সেই সঙ্গে আরও বিভিন্নরকম মাদকজাত দ্রব্যে আকর্ষণ করার ব্যাপার আছে। বিরোধী দলের নেতা বলেছেন যে আরও অত্যন্ত ক্ষতিগ্রস্ত যে সমস্ত ড্রাগ আছে সেটা নিয়ে কোনও বিজ্ঞাপন হয়না, এই কারবারগুলি গোপনে চলে। সেগুলির উপরে কঠোর নিয়ন্ত্রণ থাকা দরকার। তামাকজাত দ্রব্য শুধু বিড়ির আকারে নয়, শুধু সিগারেটের আকারে নয়, বিভিন্ন তামাকজাত দ্রব্য আছে, সেগুলির প্রতি মানুষের মনকে নিয়ে যাবার জন্য নানারকম

প্রচার করা হয়। অতএব সে ক্ষেত্রে এই যে প্রস্তাব রাখা হয়েছে, এরমধ্যে সেই বিষয়ের প্রতিও লক্ষ্য রাখা হয়েছে অর্থাৎ কমপ্লিট ব্যান অন অল ফর্মস অব অ্যাডভার্টাইজমেন্ট। আরও বলা হয়েছে যে প্রকাশ্য স্থানে ধুমপান করবেন না। অর্থাৎ এই মুহূর্তে কোনওভাবে ধুমপান নয়, বিষয়টা সেটা নয়। এই বিষয়ে আমি পরে আসছি। আইন সঙ্গত কতকগুলি বিধি নিষেধ আছে। সিগারেটের ক্ষেত্রে দেওয়া আছে, ইট ইজ অলরেডি দেয়ার যে সিগারেটের প্যাকেটের গায়ে লেখা আছে সিগারেট স্মোকিং ইজ ইনজুরিয়াস টু হেলথ। যদিও এই প্রসঙ্গে আমি বলে রাখি ইট ইজ আয়রনি। আমি এই প্রস্তাব সমর্থন করে বলতে উঠেছি, আমি নিজে ব্যক্তিগত ভাবে গত ৩৪ বছর ধরে একজন চেন স্মোকার। আমি এটা বলতে পারব না কোন সময় কোন অন্ধকারময় বেড়া জালের মধ্যে দিয়ে এই স্মোকিং জগতে এলাম। এই ৩৪ বছর ধরে নিজে কি অবস্থার সম্মুখীন হয়েছি, কত অসুবিধা ফেস করতে হয়েছে, নানাভাবে দোদুল্যমান সিদ্ধান্ত আমাকে নিতে হয়েছে, আবার এক অন্য সিদ্ধান্তে গিয়ে হাজির হতে হয়েছে। দেখলাম যারা সিগারেট খায় না তাদের তো ক্যানসার হচ্ছে। তখন তার পরের দিন থেকে অন্য সিদ্ধান্ত নিলাম, পরের দিন বেড়ে গেছে সিগারেট খাওয়ার মাত্রা। এখানে সরকারের তরফ থেকে যে প্রস্তাব আনা হয়েছে সেটা টু রেগুলেট স্মোকিং, টু রেগুলেট কনজামশন অফ টোব্যাকো। এই প্রস্তাব আমি সমর্থন করতে উঠেছি। এখানে বলা হয়েছে যে স্কুল, কলেজ, মেডিক্যাল এই সমস্ত জায়গায় তার ধারে পাশে যাতে এই সমস্ত জিনিস বিক্রি না হয়। এটা ভাল প্রস্তাব। আমি ব্যক্তিগত জীবন দিয়ে মনেকরি এটা ঠিক। কলেজের গেটের কাছে এইগুলি বিক্রি হয়। কলেজে এসেছে ১৬-১৭ বছরের ছেলে, সে তখন কৈশোর শেষ করে যৌবনে পা দিয়েছে, অভিভাবকদের গন্ডি থেকে একটু বেরিয়ে এসেছে। এই বয়সটা এমনই যে তখন নিজের প্রাপ্তবয়স্ক হিসাবে স্বীকৃতি আদায় করার জন্য ভুল ধারণার বশবর্তী হয়ে মনে করে ধুমপানের মধ্যে দিয়েই তার পারসোনালিটির বিকাশ হবে। এই ধুম্রজাল ধারণার বশবর্তী হয়ে এই ধুমপান এবং তামাক সেবনের লক্ষ্যে ছুটে যায়। সেই ধুম্রজালের মধ্যে ঢুকে ৩৪ বছর ধরে সেই বেড়া জালে ঘুরপাক খাচ্ছি। আজকে লক্ষ্য করছি আমার ৩ বছরের ছোট নাতনি আমার সিগারেট খাওয়া দেখে একটা ছোট কাঠি মুখে ঢুকিয়ে ঘুরে বেড়াচ্ছে। তখন আমাকে ভাবতে হচ্ছে শুধু ওই বিজ্ঞাপন নয়, আমি আর ধুমপান করব কিনা, আমি নিজে যে বিজ্ঞাপন দিচ্ছি সেটা আগে বন্ধ করতে হবে। আমার লেখার টেবিলে বসে ধুমপান করছি, শুধু নিজের জন্য নয়, এই বিজ্ঞাপন বন্ধ করবো কিন্তু সেটা ভাবতে হচ্ছে। সুতরাং আইনের কতকগুলি জটিল কারণ আছে। আমরা এই বিধানসভা থেকে এই ব্যাপারে প্রস্তাব আকারে নিচ্ছি যাতে পশ্চিমবাংলায় এটা রেগুলেট করা যায়। এই কনজামশন অফ টোব্যাকো যাতে রেগুলেট করতে পারি তারজন্য এই প্রস্তাবকে আমাদের নিয়ে যেতে হবে পার্লামেন্টে যাতে একটা আইন কিছু করা যায়।

**(এই সময় লাল বাতি জ্বলে ওঠে)**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাকে একটু সময় দেবেন। মেডিক্যালি কি ভাবে ক্ষতি হয় না হয় সেই বিষয়ে যাবার সময় নেই। বিভিন্ন পত্র-পত্রিকার মধ্যে দিয়ে সকলেই জানেন যে সিগারেট খাওয়ার মধ্যে দিয়ে গলার ক্ষতি হয়। এই ধুমপানের মধ্যে দিয়ে, তামাক সেবনের মধ্যে দিয়ে লাং-এ কিভাবে ক্ষতি হয় সেটা সকলেই জানেন। তরুণ অধিকারী ডাক্তার মানুষ,

বিরোধী দলের নেতা জয়নাল সাহেব ডাক্তার মানুষ ওনারা জানেন হার্টে কি ভাবে ক্ষতি হয় এবং অন্যান্য ধরনের অসুখ কি ভাবে ধরুন আপনার হাতে আঙ্গুল গুলোর গোড়ায় ব্যাথা। আপনি ভাবছেন অন্য কোন অসুক। কিন্তু তা নয়। অতিরিক্ত সিগারেট পানের ফলে আপনার আঙ্গুলে পচন শুরু হয়েছে। তা ছাড়া হার্টের নানারকম অসুখ হয়। চিউইং অফ টোব্যাকো, তারমধ্যে দিয়ে বিভিন্ন ধরনের ডিজিস আসতে পারে। এতো গেল ডিরেক্ট স্মোকারদের ক্ষেত্রে প্যাসিভ স্মোকারদের ক্ষেত্রে বিভিন্ন ধরনের অসুক আসতে পারে। তাই আমি সরকারের এই যে প্রস্তাব, আমি এই প্রস্তাবের সমর্থনে বক্তব্য রাখতে গিয়ে অ্যাজ এ জেশ্চার অব অ্যাকটিভ সাপোর্ট টু দিস রেজোলিউশন আই গিভ আপ স্মোকিং ফ্রম দিস ডে।

[5-10 — 5-20 p.m.]

**ডাঃ তরুণ অধিকারী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে সরকার পক্ষ থেকে মাননীয় মন্ত্রী ছায়াদেবী যে প্রস্তাব এখানে পেশ করেছেন, আমি সততার সঙ্গে এই প্রস্তাবকে সমর্থন করে দু'একটি কথা বলছি। আমি বলতে এসে বলছি যে আমরা সততা নিয়ে সমর্থন করছি। কিন্তু সরকার পক্ষের যারা এই প্রস্তাব পেশ করেছেন তাদের কতটা সততা আছে সেটা কিন্তু ভাববার ব্যাপার। কেননা, আজকে এই প্রস্তাব গ্রহণ করলে বিরাট একটা রেভেনিউ লসের ব্যাপার চলে আসছে। আমি আশা করেছিলাম যে এই প্রস্তাব যখন পেশ করা হবে তখন অর্থমন্ত্রী অসীমবাবু তার মতামত রেখে কি ভাবে এর মোকাবিলা করবেন তা আমাদের বলবেন। তাকে আমরা পেলাম না। যাইহোক, আমি যে কথা বলতে চাইছি, আমার আগের বক্তা বলছিলেন যে উনি ৩৪ বছর ধরে স্মোকিং করে চলেছেন। আমি নিজে ব্যক্তিগত ভাবে চেইন স্মোকার ছিলাম। কিন্তু তাহলেও আমি আজকে ছ'মাস হল স্মোকিং ছেড়ে দিয়েছি। তাই স্মোক করার সময়ে এবং ছাড়ার পরে কি হয় তা একজন চিকিৎসক হিসাবে আপনাদের সামনে তুলে ধরছি। স্মোকিংয়ের ফলে শুধুমাত্র ছায়াদেবী যে কথা বলেছেন, লাংসের প্রবলেম নয়, হার্টেরও প্রবলেম হয়। আমি কয়েকটি টেকনিক্যাল কথা আপনাদের সামনে তুলে ধরছি। স্মোকিংয়ের ফলে ক্রনিক ব্রংকাইটিস হয় এবং এটা থেকে এমফাইসেমা এবং লাংসের ক্যান্সার ডেভেলপ করে। তারফলে সুস্থ মানুষও অকেজো হয়ে যায়। টোব্যাকোর মধ্যে নিকোটিন থাকে। এই নিকোটিন প্রথমে স্টিমুলেন্টের কাজ করে। তারফলে প্রথমে মনে হয় যে শরীর একটা কিছু পেল। কিন্তু তার পরবর্তীকালে ডিপ্রেশান আসে এবং তা থেকে মাইকোফিয়া তৈরি হয়। এটা হার্টকে অ্যাফেক্ট করে এবং কার্ডিয়াক অ্যাটাক হতে পারে। কার্ডিয়াক ইনফেকশন থেকে করোনারি থ্রম্বোসিস হতে পারে। কার্ডিয়াক ইস্যুমিয়া ডেভেলপ করতে পারে। পরবর্তীকালে বার্জার ডিজিজ হয়ে হাতে পায়ে পচন ঘটতে পারে। টিউবারকিউলিসিস আজকে দেশ থেকে উঠে গেছে। সিগারেট স্মোকিংয়ের ফলে ক্যান্সার, চোখে এমফায়োসিমা ডেভেলপ করতে পারে। মহিলাদের ক্ষেত্রে যদি কেউ স্মোকিং করেন এবং তিনি যদি প্রেগন্যান্ট থাকেন, তাহলে তার বাচ্চার ক্ষতি হতে পারে। সর্বক্ষেত্রে সময় এসেছে স্মোকিংকে আমরা সম্পূর্ণ ভাবে বন্ধ করবো কিনা এবং কিভাবে তা করব, এই বিষয়ে ভেবে দেখার সময় এসেছে। আমরা পর্যায়ক্রমে এগিয়ে আসতে পারি, যে কথা একটু আগে আমাদের লিডার বলছিলেন। স্বর্গতঃ বিধানচন্দ্র রায় ১৯৫২-৫৩ সালে আইন করে ট্রামে বাসে স্মোকিং বন্ধ করার চেষ্টা করেছিলেন। মাননীয়া ছায়াদেবীর হয়ত স্মরণ আছে যে ইন্ডিয়ান মেডিক্যাল

অ্যাশোসিয়েশন স্মোকিংয়ের বিরুদ্ধে কেন্দ্রীয় সরকারের তরফ থেকে একটা পদক্ষেপ নেওয়ার জন্য বলেছিলেন। তারফলে সিগারেটের প্যাকেটে যে 'স্মোকিং ইজ ইনজুরিয়াস টু হেলথ' এটা লেখা থাকে। সেই ১৯৭১-৭২ সালে আই.এম.এ'র জন্য কেন্দ্রীয় সরকার এটা প্রয়োগ করেছেন। সেটা কি ভাবে প্রয়োগ হচ্ছে তা আমরা টি.ভি. খুললেই দেখতে পাচ্ছি। সিগারেট কোম্পানিগুলো বিভিন্ন খেলা স্পনসর করছে—ক্রিকেট, ফুটবল ইত্যাদি খেলা স্পনসর করছে। সেখানে আমরা বিভিন্ন সিগারেটের নাম দেখতে পাচ্ছি। আমি কোনও নাম করছি না, কিন্তু বিভিন্ন সিগারেটের নাম আমরা সেখানে দেখতে পাচ্ছি। এরফলে স্মোকিং বন্ধ হওয়া দূরে থাকুক, উল্টে স্মোকিংয়ের জায়গায় চলে যাচ্ছে। এই জায়গাটাতে আমাদের ভাবতে হবে। আপনাদের ফিনান্স মিনিস্টার বলতে পারেন যে এরফলে যে রেভেনিউ চলে যাবে তার কি হবে? যারা কাজ করতে পারছে না তাদের জন্য শ্রম ক্রমশ কমে যাচ্ছে এবং এইভাবে ৩৬৫ দিনের শ্রম দিবসের জায়গায় ৩০০ দিনে দাঁড়াচ্ছে। এই লোকগুলো যারা ধুমপানের জন্য ১০০ দিন কাজ করতে পারছে না তাদের জন্য ১০০ দিনের শ্রম দিবস নষ্ট হয়ে যাচ্ছে। সেখানে চিকিৎসার জন্য সরকারের যে ব্যয় হচ্ছে সেই ব্যয় এবং শ্রম দিবস যদি যোগ করা হয় তাহলে দেখা যাবে যে বিরাট রেভিনিউ কমও হচ্ছে। সমস্ত জিনিসটা বিচার করে বিশ্লেষণ করে দেখতে হবে। এটি নিয়ে বিশেষ চিন্তা ভাবনা করতে হবে। এই প্রসঙ্গে একটি কথা আমার মনে পড়ছে বহু সাল আগের ছবি অনিল বাবু নিশ্চয়ই জানেন, কিছুদিন আগে দুরদর্শনেও দেখানো হয়েছে 'ইয়েস মিনিস্টার' বলে ছবিটি। এই ছবিটাতে হেলথ মিনিস্টার প্রাইম মিনিস্টারকে দিয়ে বলাচ্ছেন যে স্মোকিং করা চলবে না। আর ওদিকে ফিনান্স মিনিস্টার কিছুতেই এই প্রস্তাব মানতে রাজি নন, তাকে কোনওভাবেই এগ্রি করানো যাচ্ছে না। তার বক্তব্য কোনওমতেই ধুমপান বন্ধ করা চলবে না, তাহলে রেভিনিউ সব চলে যাবে। সেখানে হেলথ মিনিস্টার বোঝাচ্ছেন যে এতে রেভিনিউ যাচ্ছে না, বরং ধুমপান বন্ধ করলে হেলথের জন্য সরকারের যে খরচ হচ্ছে সেটা উঠে যাবে এবং রেভিনিউ খরচ ওর থেকে চলে আসবে। কিন্তু অর্থমন্ত্রী কোনওমতেই সেটা মানতে রাজি নয়। ফলে প্রস্তাব দেখা গেল প্রস্তাবাকোরেই থেকে গেল। সুতরাং এখানেও যদি অসীমবাবু থাকতেন তাহলে ভাল হত। সেক্ষেত্রে এই প্রস্তাবটা পাস করার সার্থকতা বোঝা যেত। এবং এরমধ্যে কতটা সততা আছে সেটা বোঝা যেত। আজকে আমরা যারা এই বিধানসভার অভ্যন্তরে পার্টিসিপেট করছি তারা প্রত্যেকেই এই প্রস্তাবকে সমর্থন করছি এবং এটা যদি সত্যিকারে সর্বসম্মতিক্রমে বন্ধ করা যায় তাহলে নিশ্চয় দেশের উপকার হবে। কিন্তু এটা যেন শুধু প্রস্তাব করে পড়ে না থাকে। দ্বিতীয় কথা হচ্ছে যে, অন্যান্য রাজ্যের কথাও এতে ভাবতে হবে, যেমন অন্ধ্রপ্রদেশ, এরা মেনলি ডিপেন্ড করে তামাক চাযের উপর এবং এর থেকেই এদের সবচেয়ে বেশি রেভিনিউ আসে। এদের রাজ্যের লোকেরা ছাট্টু বলে একটা তামাক আছে সেই তামাক মুখের মধ্যে ঢুকিয়ে রাখে এবং এমন ভেতরে রাখে যে এর থেকে দেখা যায় এদের বেশিরভাগ ক্যান্সার রোগ হয়। আজকে জয়নাল সাহেব যেকথা বললেন সেটা খুবই প্রযোজ্য। বিভিন্ন রাজ্যের সঙ্গে যদি সমন্বয় গড়ে তোলা না যায় এবং তাহলে পশ্চিমবঙ্গ থেকে প্রস্তাব পার্লামেন্টে পেশ করলেই আমাদের সব দায় দায়িত্ব শেষ হয়ে যাবে না। তাছাড়া পশ্চিমবঙ্গের গ্রামেগঞ্জে মধ্যবিত্তরা বিড়ি খায় এবং বহু বিড়ি শ্রমিক এই শিল্পের সঙ্গে জড়িত তাদের ভবিষ্যতের ব্যবস্থা করতে হবে। তারা আজকে যে বেকার হয়ে যাবে তাদের প্যারালাল চাকুরির ব্যবস্থা

করতে হবে। তাছাড়া টোবাকো ইন্ডাস্ট্রিজ যেগুলো রয়েছে সেগুলো ব্যান করার কথা বলছেন অথচ কিভাবে এগুলো চলবে তার ব্যবস্থা করলেন না। অর্থাৎ আপনাদের ডাইভারসিফিকেশান অফ ইন্ডাস্ট্রিজ হিসাবে টোবাকো ইন্ডাস্ট্রিজকে অন্য কোনওদিকে নিয়ে যাওয়া যায় তারজন্য টাস্ক ফোর্স ব্যবস্থা নিতে হবে। তাহলেই সার্বিকভাবে সফলতা লাভ করা যাবে এবং এই প্রস্তাব আগামী দিনে পশ্চিমবঙ্গ থেকে একটা সার্বিক রূপ নিতে পারবে। তবে আমি আবার বলছি এটা যেন 'ইয়েস মিনিস্টারের' মতো প্রস্তাবাকারেই না থাকে। এখানে ফিনান্স মিনিস্টার থাকলে ভাল হত তার মতামত নিতে পারতাম। ফিনান্স ডিপার্টমেন্টের কাছে পেশ করলে তাদের মতামত পেলে অন্তত সার্বিক সফলতা হবে বলে মনেকরি এবং এইকথা বলে এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যে রেজলিউশন এনেছেন তাকে আমি আন্তরিকভাবে সমর্থন করছি। এই প্রস্তাবের ব্যাপারে মাননীয় বিরোধী দল নেতা এবং সদস্যরা যেভাবে বললেন তাতে মনে হচ্ছে আজকেই আইনটা তৈরি হয়ে যাচ্ছে এবং কাল থেকে টাকার টান পড়ে যাচ্ছে, সেইজন্য অসীমবাবু এটায় রাজি হবেন না। এটা বড় কথা নয়, আমাদের দেশে আফিং বিক্রি হত, চাষও হত; আফিং যখন ব্যান্ড হল তখন বলা হল আফিং যারা খেত তাদের এই আফিং না পেলে কি হবে, তখন এইসব কথা উঠেছিল। আমাদের ওখানে একজন জমিদার ছিলেন তিনি আফিং খেতেন। আফিং আর দুধ দুটোকে একসঙ্গে নিয়ে ফোটানো হত, জমিদার সেই দুধের যে সরটা পড়ত সেই সরটা তিনি খেতেন আর দুধটা খেতেন তার চাকর বাকর যারা ছিল তারা। কিন্তু জমিদার যেদিন মারা গেল তখন চাকর-বাকররা আর দুধটা পেল না, ফলে তাদের মনে দুঃখ হল, তারা ঐ দুধটা থেকে বঞ্চিত হচ্ছে। স্বাধীনতা আন্দোলনের সময় আমরা দেখেছি, কংগ্রেস আমলে জমিদারি প্রথা বিলোপ আইন চালু হয়েছিল, আমাদের বামফ্রন্ট আমলে সেটা কার্যকর হল। এই আইনটা যাতে ইউনিফর্মিটি হয় তারজন্য দিল্লিকে বলা হল, তোমরা এটা করো যাতে সবাই মানে, বিরোধী দল থেকে এটা নিয়ে বার বার বলা হল, কিন্তু তারা তখন করলেন না। আজকে মাননীয় বিরোধী দল নেতা সঠিকভাবে বলেছেন এর একটা অ্যান্টিলবি আছে, সেটাকে ফেস করতে হবে। আমরা যখন এই প্রস্তাবটা এখানে পাস করছি তখন লক্ষ্য রাখতে হবে জনপ্রতিনিধিরাও যাতে এটা মানেন। এটা আমাদের পাস করতে হবে। এটার ব্যাপারে আমাদেরকে চিন্তা করতে হবে। আমরা দেখেছি অনেক মন্ত্রী, অনেক বিধায়ক আছেন যখন সভায় সভাপতিত্ব করতে যান তখন ঐখানে বসেই সিগারেট খাচ্ছেন। সেইজন্য বলব যে রেজলিউশন আমরা পাস করলাম সিগারেট খাওয়া চলবে না, সেখানে আমরা যদি প্রকাশ্যে সকলের সামনে সিগারেট খাই তাহলে লোকে বলবে আপনাদের কথার সঙ্গে কাজের কোনও মিল নেই। সেইজন্য আজ থেকেই প্রকাশ্য জনসভায় আমরা সিগারেট খাবনা এটা বলতে হবে, আমাদের মাননীয় স্বাস্থ্যমন্ত্রী আইন করেছেন হসপিটালে সিগারেট খাওয়া চলবে না, কিন্তু হসপিটালের ডাক্তাররাই খাচ্ছেন। উত্তরবঙ্গের বাসে দেখেছি, সেখানে বাসের মধ্যে লোকে সিগারেট খাচ্ছে। আমরা যখন সিগারেট খেতাম, ছোটদের সামনে খেতাম, বড়দের সামনে খেতাম না। এখন তো সেটা করেই না। একটা কথা এই প্রসঙ্গে মনে পড়ছে, কোনও সাধক কথাটা বলেছিলেন এক মহিলা সেই সাধকের কাছে এসে বলেছিল আমার ছেলে

কৃমিতে ভুগছে কি করবো, তখন সাধক বলল, ১৪ দিন পরে তুমি ওকে নিয়ে এসো, ১৪ দিন পরে যখন সে নিয়ে গেল তখন সাধক বলল তোমার ছেলের চিনি খাওয়া বন্ধ কর। তখন ওর ভক্তরা বলল চিনি খাওয়া বন্ধ কর এটা তো আপনি আগেই বলতে পারতেন, আপনি আগে বললেন না কেন, তখন সেই সাধক বলল। আমি আগে নিজে চিনি খাওয়া ছাড়লাম, তারপরে ওকে বললাম। আমরা তো আর বেশিদিন নেই, কিন্তু সামনে যে নূতন প্রজন্ম আসছে তাদের বোঝাতে হবে, এটা খাওয়া ঠিক নয়। আমরা দেখছি কলেজ স্কুলে সিগারেট খাওয়ার প্রবণতা বেড়েছে, এটাকে বন্ধ করার ব্যাপারে প্রচার ব্যবস্থাকে কাজে লাগাতে হবে। এই ব্যাপারে স্কুল-কলেজকেও নজর দিতে হবে। খালি সিগারেটের প্যাকেটের উপর লিখে দিলেই চলবে না। প্রয়োজনে পানের দোকানের সামনে লিখতে হবে বড় বড় করে সিগারেট খেয়ে ৮ লক্ষ লোক মারা যাচ্ছে দেশে। আমরা যখন আফিং বন্ধ করলাম তখন ভাবিনি আফিং বন্ধ করা যাবে।

[5-20 — 5-30 p.m.]

আজকে শ্রমিকদের কথা উঠছে। জয়নাল আবেদিন সাহেব বললেন চাষিরা কি করবে। আমেরিকার লোকেরা সিগারেট খাওয়া ছেড়েছে, আর তখন আমাদের দেশে সিগারেট খাওয়া বাড়ছে। এটা করা যেতে পারে যে ফিল্টার সিগারেট ছাড়া কোনও সিগারেট বিক্রি হবেনা। পান মশলা সম্বন্ধে বলি, বিশেষ করে মাড়োয়াড়িরা এটা খান, এটাতে কি ক্ষতি হচ্ছে, এই ব্যাপারে আমরা কেউ কিছু বলিনা। আজকে এটা বলতে হবে। আর আমাদের সব থেকে বড় কথা হচ্ছে, আমাদের আগামী প্রজন্ম যারা আসছে তাদের বোঝাতে হবে। আমাদের প্রচারটা ভালোভাবে করতে হবে। আইন যা আসছে সেটা কার্যকর হতে অনেক সময় লাগবে। এটা একটা প্রথম পদক্ষেপ। এইজন্য আমি আজকে পশ্চিমবঙ্গ সরকারকে ধন্যবাদ জানাচ্ছি। তবে প্রথমে আমাদের নিজেদেরকে সংশোধন করার চেষ্টা করতে হবে। আর মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে বলব, আপনি অনেকদিন আগে বলেছিলেন হাসপাতালে সিগারেট খাবেন না। কিন্তু দেখা যাচ্ছে, ডাক্তারবাবুরাই হাসপাতালে সিগারেট খাচ্ছে। যদি এইরকম হয় তাহলে সেই কথার কোনও মূল্য থাকে না। এইরকম আলোচনায় অংশগ্রহণ করে নিজেকে আমি ধন্য মনে করছি। আমি জানি একদিন না একদিন এটা কার্যকর হবে।

**শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহোদয়া যে প্রস্তাব নিয়ে এসেছেন তাকে আমি সমর্থন করছি। পশ্চিমবাংলার একজন নাগরিক হিসাবে এটা আমার সমর্থন করা উচিত। সিগারেটটা খাওয়া বন্ধ করা দরকার, কিন্তু সিগারেট খেলে ক্যানসার হয় এটা আমি মানতে পারছি না। আমার দাদু ছিলেন, তিনি জীবনে সিগারেট, চা, বা অন্য কোনও জিনিস কোনওদিন খাননি। কিন্তু তার লিভার ক্যানসার এবং লাঙ্গ ক্যানসার দুটোই হয়েছিল, সিগারেট না খেয়েও তার এগুলো হয়েছিল। সারা পৃথিবীতে কয়েক কোটি মানুষ আছে যারা সিগারেট খান। সিগারেট ইজ্ এ বিগ ইন্ডাস্ট্রি। বিশেষ করে ভারতবর্ষ ও পশ্চিমবাংলার বহু মানুষ আছে যারা এই শিল্পের সঙ্গে যুক্ত। পাশাপাশি জয়নাল সাহেব বলেছেন বিড়ি শ্রমিকদের কথা। পশ্চিমবাংলার কয়েক লক্ষ মানুষ আছে যারা এর মাধ্যমে ইনকাম করে। আজকে যদি আমরা সিগারেট খাওয়া বন্ধ করতে পারি তাহলে নিশ্চয়ই

ভালো হবে। কিন্তু আজকে ভয়াবহ বেকার সমস্যার যুগে যদি আজকে লক্ষ লক্ষ গ্রামের সেই মানুষগুলো বেকার হয়ে যায় তাহলে তাদের রুটিরুজির জন্য সরকার কি ব্যবস্থা করবেন? সেই প্রস্তাবটা যদি এই রেজিলিউশনের মধ্যে থাকত তাহলে ভালো হতো। আজকে আমেরিকা বা পশ্চিমী দেশগুলো সিগারেট খাওয়াটাকে অনেক কাটডাউন করেছে এবং কাট ডাউন করে সফল হয়েছে। মূলত ভারতবর্ষ সহ তৃতীয় বিশ্বের দেশগুলো আছে সেই দেশগুলো থেকে ব্যবসা করে মুনাফা অর্জন করে। আজকে যখন সেই পশ্চিমি দেশগুলো তাদের বহুজাতিক কোম্পানির মাধ্যমে ভারতবর্ষ সহ তৃতীয় বিশ্বের অন্যান্য দেশগুলোতে ব্যবসা করবে, সেগুলো বন্ধ করার জন্য কি ব্যবস্থা নিয়েছেন? যখন এই প্রস্তাব আসবে, বিল আসবে আইন হবে তখন সে সম্পর্কে আলোচনা হবে। আরেকটু বলতে চাই, নিশ্চয় আজকে সমর্থন করব যে কথা ডঃ অধিকারি বলে গেছেন। আপনি এক জায়গায় বলেছেন আপনারা প্রস্তাব আনছেন সিগারেট খাওয়াকে বন্ধ করবেন, যাতে মানুষ সিগারেট না খায়। কিন্তু পাশাপাশি আমরা কি দেখেছি এই বিধানসভায়, গত বাজেট সেসনে মাননীয় অর্থমন্ত্রী শ্রী অসীম দাসগুপ্ত মহাশয় তার বাজেট বক্তৃতায় বলেছিলেন সিগারেটের উপর লাক্সারি ট্যাক্স বসানো হল। এটা কন্ট্রডিক্টারি হল না? স্বাস্থ্যমন্ত্রী হিসাবে বলছেন সিগারেট সমর্থন করলাম না এবং অ্যাজ এ হেলথ মিনিস্টার হিসাবে বলছেন সিগারেট খাওয়া বন্ধ করতে হবে। এজ এ ফিনান্স মিনিস্টার হিসাবে তিনি বলছেন সিগারেট থেকে এখন আমরা লাক্সারি ট্যাক্স তুলব। এখন যদি সিগারেট খাওয়া কমে যায় তাহলে গভর্নমেন্ট চলবে না। মেইন সোর্স হচ্ছে পশ্চিমবঙ্গের বহু মানুষ ঘন ঘন সিগারেট খায়, তার থেকে ট্যাক্স ইমপোজ করলে রেভিনিউ আসবে। সেদিক থেকে কন্ট্রাডিক্টারি বক্তব্য রেখেছেন। পাশাপাশি গোটা প্রস্তাবের শেষে মূলত আপনি যে প্রস্তাব এনেছেন তাতে আমরা টোবাকো শুধু নয়, টোব্যাকো প্রোডাক্ট সহ সবটাই বন্ধ করব। প্রধানত, যেসব শিক্ষা প্রতিষ্ঠান আছে, স্কুল-কলেজ আছে, হাসপাতাল আছে, সেখানে কোনও দোকান দেওয়া চলবে না। হাসপাতাল এবং স্কুল-কলেজের সামনে দোকান আছে সেখানে ক্যাম্পেন প্রোগ্রাম করতে পারি। কিন্তু ক্যাম্পেন প্রোগ্রাম করতে গেলে কি ভাবে করব সেই সম্বন্ধে কোনও বক্তব্য এখানে নেই। ডঃ বি.সি. রায় বলে গেছেন যে কোনও মাদক দ্রব্যই বন্ধ করা উচিত, এনি কনজাম্পশন অব অ্যালকোহলিক গুডস আর প্রহেবিটেড। আমার মনে হয়, শুধু সিগারেট নয় সমস্ত রকম মাদক দ্রব্য যেগুলো মানুষকে উত্তেজিত করে — লিকার, অ্যালকোহল, সিগারেট সমস্ত কিছুই বন্ধ করা উচিত। এই প্রস্তাব আনলে ভালো হত। যদিও মন্দের ভাল আপনারা যে কথা পরে হলেও বুঝেছেন। ১৯৫২ সালে বিধান রায় যে কথা বলে গেছেন তার দীর্ঘ দিন বাদে, ৪২ বছর পরে আপনারা এটা মেনেছেন। এই প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-30 — 5-45 p.m.]

**শ্রী ক্ষিতি গোস্বামী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতক্ষণ আমরা সব শুনলাম। আমাদের বিজ্ঞ বিরোধী দল নেতা যিনি নিজে চিকিৎসকও বটে তার টোব্যাকো সংক্রান্ত বক্তব্য এবং পাশাপাশি মাননীয় সদস্য শ্রী সমর বাউড়া তার জীবনের ইতিহাস কিঞ্চিৎ বলতে গিয়ে কিভাবে প্রলুব্ধ হয়েছিলেন সেই মজার কথা আমাদের শোনালেন। তাই আলোচনা কখনও কখনও অনেক গভিরে চলে গিয়েছিল এবং আপনি এটা বলেছেন যে, এই তামাক সেবন

বন্ধ করার কথা ভাবার আগে অনেক বিষয়ে ভেবে আসার প্রয়োজন ছিল। সেটা ঠিক কথা। এগুলো গভীর ভাবে বিশ্লেষণ করলে অনেক দূর গড়ায়। কিন্তু এটা ঠিক এবং এ বিষয়ে সবাই একমত যে, জিনিসটা স্বাস্থ্যের ক্ষতি করছে। পৃথিবী জুড়ে একটা আন্দোলন চলছে এবং আমাদেরও এটা বন্ধ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সেই সিদ্ধান্ত ক্যাম্পেনের আকারে সাধারণ মানুষের মধ্যে আসা উচিত। এতে আমাদের একটা নৈতিক দায়-দায়িত্ব রয়েছে, এই বিধানসভারও একটা দায়িত্ব রয়েছে। সরকার পক্ষ সম্ভবতঃ সেই কথা মনে রেখেই এই সিদ্ধান্ত ক্যাম্পেনের একটা ফরম হিসাবে সাধারণ মানুষের কাছে নিয়ে যাবেন। কতটা ক্ষতি হবে, কতটা হবে না এই প্রশ্নগুলো এসে যাবে। আপনারা বললেন, বিড়ি শিল্পে যারা তামাক উৎপাদন করেন বা নানান বিষয়ে যুক্ত আছেন তারা বিকল্প জায়গায় গিয়ে তাদের আধুনিক যে জীবন সেটা ঠিক করে নেবার একটা সময় পাবেন। যাইহোক, এটা ক্যাম্পেন আকারে নেওয়ার কথা ভেবেই সম্ভবত সিদ্ধান্ত নিয়ে এই রেজলিউশনটা নেবার কথা বলা হয়েছে। কিন্তু এই তামাক এবং তামাক সেবন এটা আমাদের সমাজে আজকে এমনভাবে জড়িত হয়ে পড়েছে যে এখন চট করে ছাড়া খুব মুশকিল। ধরুন একজন ডাক্তার যিনি সিগারেট খান তিনি হয়তো সার্জেন, দারুন একটা কঠিন অপারেশন করছেন হঠাৎ তার মনে হয় আমি একটা সিগারেট খেলে আমার বুদ্ধির গোড়ায় একটু ধোঁয়া দিয়ে আসতে পারি। একজন খুব ভালো ছাত্র, তিনি পরীক্ষা দিচ্ছেন, তারও হঠাৎ এটা মনে হতে পারে। ব্যাপারটা এমন জায়গায় দাঁড়িয়ে গিয়েছে যে সে ভাবছে যে আমি বুদ্ধির গোড়ায় একটু ধোঁয়া দিয়ে আসি তা না হলে আমার পরীক্ষাটা খারাপ হয়ে যাবে। এরকম করে আমরা যারা বিভিন্ন মুডে থাকি—আমরা যারা রাজনীতি করি আমরা বিভিন্ন জায়গায় যাই এবং অনেক সময় খুব কঠিন কঠিন বিষয় নিয়ে আমাদের মধ্যে আলোচনাও হয়। ঐ শ্রমিক, কৃষক যাদের মধ্যেই ছড়িয়ে থাকি না কেন খুব জমিয়ে যখন আলোচনা হয় তখন একেবারে শ্রোতাদের মধ্যে থেকেও দাবি ওঠে, বিড়ি দাও, সিগারেট দাও। আগে কয়েক প্যাকেট বিড়ি ছড়িয়ে দিয়ে বসে আমরা তখন বুদ্ধির গোড়ায় একটু ধোঁয়া দিয়ে আলোচনা করি। এটা আমাদের সমাজজীবনের সঙ্গে আজকে অঙ্গাঅঙ্গিভাবে জড়িয়ে গিয়েছে। যদিও এটা খারাপ তবুও এটাকে ছাড়ানোর ব্যাপারটা অত সহজ নয়। আমরা সকলে ভালো ভালো ভাবে চলতে চলতে মাঝে মাঝে একটু খারাপ হতেও ইচ্ছা করে। আর ভাল হয়ে চলতে চলতে তারও একটা যান্ত্রিকতা আছে। এটা খেয়ে একটু মেজাজ পাওয়া যায়। তা ছাড়া এরসঙ্গে অর্থনীতি ইত্যাদি নানান গভীর বিষয়ও আছে। আর একটা বিকল্প আমেজও তো মানুষকে পেতে হবে। ধরুন যারা এতে অভ্যস্ত হয়ে পড়েছেন তাদের জন্য একটা বিকল্প আমেজের জায়গা যদি পাশাপাশি অভ্যাস করিয়ে না নেন তাহলে এই স্মোকিং-এর যে স্লেভারি তারা করে যাচ্ছেন বলে আমরা গালাগাল দিচ্ছি সেখান থেকে মুক্তি পেয়ে বেরিয়ে আসা খুব কঠিন ব্যাপার। বললেই হবে না ছেড়ে দাও। এরকম গার্জেনি আমরা আমাদের নিজেদের উপর করেও নিজেকে টিকিয়ে রাখতে পারি নি, আবার গিয়ে ধরতে হয়েছে। সুতরাং ক্যাম্পেন আকারে এটা আসুক। আলোচনা আমরা করছি, আলোচনায় অনেক গভীর স্তরও আসছে। কিছু কিছু পয়েন্ট আসছে যেগুলি খুব ভ্যালিড, ভাল পয়েন্ট। যেমন বীরেনদা যেটা বললেন যে কিছু কিছু ওয়ার্নিং দেওয়ার ব্যবস্থা করা দরকার সাধারণ মানুষের সামনে তুলে ধরার জন্য। ঐ পান, সিগারেটের দোকান, সিনেমা হল যেসব জায়গায় দেখে মানুষ সহজে বুঝতে পারে যে ক্ষতিটা কোথায় এবং কিভাবে হচ্ছে সে ব্যবস্থা করা

দরকার। এগুলিকে ক্যাম্পেন আকারে পাশাপাশি তুলে ধরা উচিত। আজকে যে রেজলিউশন তাকে আমি সর্বন্তকরণে সমর্থন করছি। আজকে যেসব সাজেসানস এসেছে ভবিষ্যতে সেগুলি ভেবে দেখা উচিত। মাননীয় সদস্যরা যেসব মন্তব্য যেভাবে রেখেছেন তার সবটা গ্রহণ করে আজকের যে সিদ্ধান্ত সেটা সর্বসম্মতিক্রমে পাস হয়ে যাক এই আশা রেখে আমি শেষ করছি।

**শ্রীমতী ছায়া বেরা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকের এই প্রস্তাব যা সভায় রাখা হয়েছে তা সমর্থন করে সকলেই বক্তব্য রেখেছেন কাজেই সকলকে সরকারের তরফ থেকে এবং স্বাস্থ্য দপ্তরের তরফ থেকে অভিনন্দন জানিয়ে কয়েকটি কথা বলব। আমার বেশি কথা বলার নেই তবুও কয়েকটি কথা বলছি কারণ বিরোধী দলের মাননীয় নেতা তিনি কতকগুলি প্রশ্ন রেখেছেন, সেইজন্য বলছি। কতকগুলি দিক তিনি যা উল্লেখ করেছেন সে সম্পর্কে বলছি যে এটার ইমপ্লিমেনটেশন যখন হবে তখন সেটা হবে অর্থাৎ প্রয়োগ যখন হবে তখন কিভাবে প্রয়োগ করব সেটা একটা আলাদা প্রশ্ন কিন্তু তিনি যেটা বলতে চেয়েছেন যে ৫২ সালের কথা কেন তুললাম না সে সম্পর্কে বলছি যে আমরা তো ১৯৮৮ বা ৮৯ সালের কথাও তুলি নি। কারণ এখানে সেটা তোলার অবকাশ নেই। আপনার হয়তো মনে আছে যে ৮৯ সালে যখন আমরা এইরকম প্রস্তাব নিয়েছিলাম তখন সেই প্রস্তাব আমরা দিল্লিতে পাঠিয়েছিলাম যাতে তারা আইন ইত্যাদি করেন। পরবর্তীকালে আমরা দেখেছি ১৯৯৩ সালে যখন central council of health and family welfare. এ সমস্ত রাজ্যের মন্ত্রীদের নিয়ে যে সম্মেলন হয় এবং যাতে আই.এম.এ-এর প্রতিনিধিরাও ছিলেন সেখানে এই ব্যাপারটা নিয়েও প্রশ্ন ওঠে। এটা নিয়ে আজকে সারা বিশ্বের ভাবনা চিন্তা চলছে। যেসব দেশগুলি বেশিবেশি করে এই তামাকজাত দ্রব্য সেবন করে তারা এর উপর সমীক্ষা চালিয়েছেন এবং সমীক্ষা চালিয়ে তাদের দেশগুলিতে এগুলির উপর নিষেধাজ্ঞা জারি করার জন্য যেভাবে আইন তৈরি করেছেন পরবর্তীকালে বিশ্বের অনুন্নত দেশগুলি বা তৃতীয় বিশ্বের দেশ যাদের বলা হয় সেসব দেশগুলিতেও এ সম্পর্কে আইন করার জন্য তারা সুপারিশ করেন। এই ব্যাপার নিয়ে বিস্তৃত আলোচনা হয়। ৯৩ সালের আলোচনার পর কেন্দ্রীয় সরকার আমাদের জানান, শুধু আমাদের নয়, সমস্ত রাজ্যগুলোতে তাদের হেলথ এবং ফ্যামিলি ওয়েলফেয়ার দপ্তর থেকেই তারা বলেন যেহেতু সিগারেটের ব্যাপারটা কেন্দ্রীয় সরকারের, অতএব কেন্দ্র এই ব্যাপারে একটা আইন আছে, কিন্তু তামাক এবং তামাক জাত সমস্ত দ্রব্য, সেই তামাক জাত সব দ্রব্যটাই তো কেন্দ্রের আওতায় আসেনা, বিড়ি বলুন বা অন্যান্য যে সমস্ত আছে, সেইগুলি সব স্টেটের ব্যাপার। কাজেই স্টেটগুলো যদি প্রস্তাব না পাঠান তাহলে কেন্দ্রে একটা সেই ধরনের সংহতিপূর্ণ আইন তারা কখনই করতে পারবে না। তখন আমাদের প্রত্যেকটি স্টেটে পাঠিয়ে দেন কেন্দ্রের যে আইনের প্রস্তাব সেটা প্রতিটি স্টেটে পাঠিয়ে দেন। আমরাও তারা যেভাবে প্রস্তাব দিয়েছেন, আমাদের তারা ৯৩ সালে পাঠিয়েছেন জুন মাসে, আমরা আমাদের লিগ্যাল সেলে আলোচনা করে, আমরা তাদের সঙ্গে সমতা রক্ষা করে শুধু আজকের এই প্রস্তাব রাখা হয়েছে। কেন্দ্রীয় একেবারে যেভাবে চাইছেন, আমরা সেইভাবে প্রস্তাবটা আজকে এখানে এনেছি। কাজেই এইজন্য ৫২ সালের কথা এখানে আনার ব্যাপার নেই এবং আমরা যে ৮৮ সালে অর্ডার দিয়েছি হাসপাতালে এই সমস্ত ধুমপান নিষিদ্ধ

এইসব এখানে সেইজন্য তোলা হয়নি। জাস্ট কেন্দ্র যা করেছে, তার বেসিসেই আমরা এটা এনেছি। যাইহোক আমি এই ব্যাক গ্রাউন্ডটা আপনাদের কাছে তুলে ধরলাম। আমি এই প্রস্তাবটা আনছি মহৎ উদ্দেশ্য নিয়ে, কারণ আমাদের ভারতবর্ষ একটা গরিব দেশ, এখানে যা ধূমপানের ব্যাপারে যে সমীক্ষা করা হয়েছে, চিকিৎসক বিজ্ঞানীরা যে সব পরীক্ষা করছেন, আমি তার একটা উদাহরণ এখানে দিয়েছি যে ভারতবর্ষে আট লক্ষ লোক যারা শুধু তামাক বা তামাক জাত দ্রব্য ব্যবহার করার জন্য মারা যাচ্ছে এটা কম কথা নয়। একটা কথা আপনারা জানেন, আমরা ত্রিতাপ দুঃখ জ্বালা থেকে আমরা মানুষরা কখনও রেহাই পেতে পারি না। আদি, দৈবিক, আদি ভৌতিক, প্রাকৃতিক, এইগুলো আমাদের আসে, তা থেকে আমাদের কোনও রেহাই পাওয়ার উপায় নেই। আমাদের কোনও কনট্রোল নেই। কিন্তু এর উপর মানুষ পয়সা দিয়ে রোগ ক্রয় করবেন কাজেই আমরা যখন আজকে বিজ্ঞানের উপর দাঁড়িয়ে, আমাদের বিজ্ঞান ভিত্তিক, বিজ্ঞান মনস্কতা তৈরি করবার জন্য যখন নানা কথাবার্তা উঠছে তখন আমরাও নিশ্চয়ই চাইব যে আমাদের ভারতবর্ষ বিশেষ করে যেহেতু আমরা এই রাজ্যে বাস করি, আমরাও চাইব। এই রাজ্যের বাসিন্দা যারা আছেন, তাদেরকে আমরা অন্তত পরিবেশকে কতখানি সুস্থ রাখা যায় বাড়ির পরিবেশ, নিজের পরিবেশ, নিজে যেখানে থাকব সেই পরিবেশ রচনা করার দায়িত্ব আমাদের প্রত্যেকের। কাজেই একজন সিগারেট খেলে তার নিজের যা ক্ষতি করেন, অপরের, তার পরিবারের সদস্যদের আরও বেশি ক্ষতি করে দিচ্ছেন এবং শুধু যারা ধুমপান করেন না, তাদের আরও ক্ষতি করে দিচ্ছেন এবং এটাই যখন ব্যাপক আকারে হচ্ছে, গোটা সমাজের ক্ষতি হচ্ছে আবার অর্থনৈতিক ক্ষতিও হচ্ছে। নিজেরা হিসাব করে দেখুন, যারা চেন স্মোকার বলছেন, আপনাদের কত অর্থ এর মধ্যে ব্যয় করছেন, সেই অর্থটা আপনি কি কাজে লাগাতে পারতেন না অন্য কোনও কাজে? তেমনি যদি সমাজ, গোটা দেশের কথা ভাবেন তাহলে গোটা দেশে উন্নয়নের স্বার্থে আমরা কিভাবে এটা ব্যবহার করতাম বলুন? আপনারা অনেকে প্রশ্ন তুলেছেন যে এখন এটা এত বড় বড় শিল্প, এখানে অনেক অনেক শ্রমিক আছেন যে আমাদের তামাক পাতা যেখানে চায হয়, সেখানে কৃষকদের কি হবে, এটা আমাদের সমীক্ষা করতে হবে। কারণ এটা তো আমরা একেবারে জোর করে কিছু করছি না? এটা এমন একটা জিনিস আমাদের মধ্যে যে ভাবেই হোক, — আমরা এটার আগে ব্যবহার জানতাম না। এখন যেভাবে এটা ব্যবহার করে। কিন্তু সেটা সাম্রাজ্যবাদি দেশের জন্যই হোক, আমাদের ওপর এমন হয়েছে ব্যবসায়িদের হয়তো যা হয়, আর কি, নিজের দেশের পরিবেশকে সুন্দর রাখবে, নিজের দেশকে ঠিক রেখে অপর দেশের উপর তার প্রাধান্য বিস্তার কর। সেইভাবে হয়তো এটা এসেছে এবং আমরা তাকে এমনভাবে গ্রহণ করেছি যাতে আজকে আমাদের তার ফল ভোগ করতে হচ্ছে। এখন এই ভোগ করার জন্য আমরা এটা যখন বন্ধ করার কথা বলছি, এটা আমরা কারোর উপর জোর করে চাপিয়ে দিতে পারি না, এমনভাবে অনেকের মজ্জায় মিশে আছে দেখছেন — মাননীয় সদস্য ক্ষিতি বাবু তুললেন এইসব কথা, এইগুলো আমরাও জানি যে এটা জোর করে যদি এখনই বলি যে, না, জয়নাল দা আপনি সিগারেট খাবেন না, আপনি ছেড়ে দেবেন না এটা আমরাও জানি। কিন্তু এটা একটা অ্যাওয়ারেন্স প্রোগ্রাম। অ্যাওয়ারেন্স প্রোগ্রাম যেটা আপনি তুলেছেন ১৯৫২ সালে বলুন তো এটা আপনাকে লিখে দিলাম ট্রামেই লিখুন, বাসেই লিখুন, বাড়িতে বড় বড় অক্ষরে লিখুন কি আছে লেখার দাম। মনে করুন এই যে প্রস্তাব পাঠাচ্ছে কেন্দ্রীয়

সরকার একটা আইন করবেন, কিন্তু আইন করলেই কি কার্যকর হয়? এই যে মহিলাদের উপর কত আইন হয়েছে বহু বিবাহ থেকে আরম্ভ করে পণ প্রথা বিরোধী আইন এই সমস্ত আইন আছে, মেয়েদের সম্পত্তি প্রদানের জন্য আইন হয়েছে। বলুন তো কেন এত বঞ্চনা? তার কারণ হচ্ছে আমাদের যে সদিচ্ছা, আমাদের যে প্রচার যেভাবে মানুষকে সচেতন করা এই জায়গায় আমাদের অভাব রয়ে গেছে, দুর্বলতা রয়ে গেছে। আর আমরা যারা জনপ্রতিনিধি আমাদের উপর আরও বেশি দায়িত্ব পড়ে। কারণ আমরা সমাজের সকল মানুষকে সঙ্গেই নিয়েই আমরা নীতি আদর্শের পথে চলি। আমরা বামপন্থী দল শোষিত মানুষের পক্ষে হয়ে যেভাবে কাজ করি তাতে আমাদের কাঁধে একটা বিরাট দায়িত্ব বর্তায়। তাই আজকে যে প্রস্তাব উত্থাপন করা হচ্ছে তা অসততার নয় তা সততার। একথা আমাদের মনে রাখতে হবে যে সততা আমাদের কম নেই। বামপন্থীদের সততাকে কেউ চ্যালেঞ্জ করতে পারে না। কারণ আমরা দেশপ্রেমিক। এটা প্রমাণ করতে হয় না। কাজেই সেদিক থেকে আমাদের সততার অভাব নেই। আমরা সৎ দৃষ্টিভঙ্গি নিয়ে এখানে এটা উত্থাপন করেছি। এবং আমার ভাল লেগেছে যে আপনারা এখানে আমাদের সমর্থন করেছেন এবং এটা সমর্থন করেছেন এই আইন করার জন্য। মাননীয় বিরোধী দলের নেতা জানতে চেয়েছেন অন্য রাজ্যের কথা। আমি অন্য রাজ্যের হিসাব আনিনি। কিন্তু সেটা কেন্দ্রীয় সরকার আমাদের যে চিঠি এবং তাদের যে কপি পাঠিয়েছেন তারমধ্যে উল্লেখ করে দেন নি যে অন্যরাজ্যে এইভাবে করে পাঠিয়েছে কেন আমাদের জানানো হয়নি। আমরা এটা ১৯৮৯ সালের এনেছিলাম আপনার স্মরণে থাকবে। কিন্তু সেটা ওরা নিতে পারেননি। তার কারণ দেখিয়েছেন যে এব্যাপারে সমস্ত রাজ্যে যদি আমরা একই ধরনের না পাই তাহলে হতে পারে না। কাজেই ইউনিটি আনতে হবে। সেই কারণেই ওরা আমাদের কাছে যে প্রস্তাবের কপি পাঠিয়েছে এবং এটাকে বেস করে তোমরা প্রস্তাব পাঠাও তবে আমরা সর্বভারতীয় ক্ষেত্রে একটা আইন প্রযোজ্য করতে পারি। এবং আমরা আপনারা সকলে মিলে সেই আইনের যে খসড়া আমরা পাই সবাই মিলে আলোচনা করব যে প্রস্তাবগুলো আপনারা রেখেছেন। তখন এই শ্রমিকদের, মানে তাদের চাকরি ছাঁটাইয়ের যে প্রশ্ন আসে বা কৃষকের ক্ষেত্রে যদি দেখা যায় যে সেই ধরনের প্রশ্ন আসছে তখন আপনারা, আমরা সবাই কেন্দ্রের কাছে গিয়ে তার বিকল্প প্রস্তাব কি হবে তা জানতে চাইব এবং তখন আমরাও আমাদের রাজ্যে দাঁড়িয়ে ভাববো তার বিকল্প কি হবে। কাজেই এই সমীক্ষা না হওয়া পর্যন্ত পরবর্তীকালে না ভেবে আমরা কিছু করতে পারি না। আর এটা সবাই মনে হয় জানেন যে মাদক দ্রব্য থেকে অনেক রেভেনিউ আসে। তাহলে কি আমি সবাইকে ঢালাও মদ খেতে দিয়ে দেব, অনেক রেভেনিউ আসছে বলে? এটা তো হতে পারে না। দেশের আইন সেই ভাবে হয়না। কাজেই আমাকে অন্য কথা ভাবতে হবে।

আমি আমার বক্তব্যকে আর দীর্ঘ করতে চাইছিনা। আপনাদের এই প্রস্তাবকে আমরা পাঠাতে চাইছি সৎ উদ্দেশ্য নিয়ে এবং আমরা আশা রাখছি কেন্দ্র এই প্রস্তাব নিয়ে সারা ভারতবর্ষে এমন একটা আইন তারা তৈরি করুক যে আইনের দ্বারা আমরা অন্তত আমাদের এই ধরনের তামাক বা তামাকজাত দ্রব্য ব্যবহারের দ্বারা আমরা এইভাবে আমাদের আর্থিক, শারীরিক, পরিবেশ, সামাজিক দিক থেকে ক্ষতিগ্রস্ত হচ্ছি, সেই ক্ষতির হাত থেকে আমরা ভারতবর্ষকে রক্ষা করতে পারব নিশ্চয় তাদের কাছে এটা আমরা আশা করব। এই কথা

বলে আপনাদের সকলকে অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি এবং আপনারা সমর্থন করবেন এই আশা নিয়েই এই বক্তব্য রেখেছি।

The Motion of Shrimati Chhya Bera that "Whereas it has been established that consumption of tobacco is a major health hazard which causes various types of cancers, cardiovascular and respiratory disease and other similar ailments;

And whereas out of the estimated three million tobacco-related deaths in the world today, about 0.8 million deaths take place in India; and whereas this major health problem can be preuented if consumption of tobacco-relation products are reduced;

And whereas there is at present no comprehensive and uniform legislation throughout India discouraging the use of tobacco and tobacco products, in any form, providing for complete ban on all forms of advertisements in respect of tobacco-related products, banning of tobacco smoking in public places, printing of statutory warnings in the form of slogans on all packages of tobacco and tobacco products, ban on the sale of tobacco or tobacco products within specified distances from educational, medical and other institutions and for all matters connected therewith or ancillary and incidental thereto;

And whereas it is necessary to enact a comprehensive law providing for all matters referred to in the above paragraph;

And whereas the subject-matter of such a law, except cigarette which is relatable to Entry 33, List-III-Concurrent of the Seventh Schedule to the Constitution of India, is relatable to Entries 6 and 26 of the List-II-State List of the Seventh Schedule to the Constitution of India and Parliament has no power to make laws for the States with respect to the aforesaid matters except as provided in articles 249 and 250 of the Constitution of India;

And whereas it appears to this Legislative Assembly to be desirable that the aforesaid matters should be regulated in the State of West Bengal by law;

Now, therefore, in exercise of the powers conferred by clause (1) of article 252 of the Constitution of India, this House hereby resolves that a comprehensive and uniform legislation to discourage the use of tobacco and tobacco products, in any form, providing for complete ban on all forms of advertisements in respect of tobacco-related products, banning of tobacco smoking in public places, printing of statutory warn-

ing in the form of slogans on all packages of tobacco and tobacco products, ban on the sale of tobacco or tobacco products within specified distances from educational, medical and other institutions, and all matters connected therewith or ancillary and incidental there to should be regulated in the State of West Bengal by Parliament by law''

was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 5.45 p.m. till 11 a.m. on Monday, the 19th September, 1994 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Monday, the 19th September, 1994 at 11-00 a.m.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 11 Ministers, 1 Minister of State and 141 Members.

[11-00 — 11-10 a.m.]

### Starred Questions
### (to which oral answers were given)

### সি.ই.এস.সি.ফুয়েল চার্জ বৃদ্ধি

*৭। (অনুমোদিত প্রশ্ন নং *১) **শ্রী আব্দুল মান্নান ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সি.ই.এস.সি. গ্রাহকদের থেকে ফুয়েল সারচার্জ বাবদ অতিরিক্ত যে অর্থ আদায় করেছে তা গ্রাহকদের ফেরত দেওয়ার জন্য কোনও সরকারি নির্দেশ জারি হয়েছে কি না;

(খ) ফুয়েল সারচার্জ বসানোর অনুমতি রাজ্য সরকারের থেকে ঐ কর্তৃপক্ষ নিয়েছিল কি না; এবং

(গ) বিদ্যুতের মূল্য নির্ণয়ের ক্ষেত্রে ঐ সংস্থার উপর রাজ্য সরকারের কোনও নিয়ন্ত্রণ আছে কি?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ**

(ক) হ্যাঁ হয়েছে।

(খ) না।

(গ) ইলেক্ট্রিসিটি (সাপ্লাই) অ্যাক্ট ১৯৪৮ অনুযায়ী রাজ্য সরকারের কিছু নিয়ন্ত্রণ আছে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় বিদ্যুৎমন্ত্রী মহাশয়, এই যে একটা বেসরকারি সংস্থা সরকারের বিনা অনুমতিতে ফুয়েল সারচার্জ বসিয়েছিল তার বিরুদ্ধে কি ব্যবস্থা নিয়েছেন এবং গ্রাহকদের ঐ অতিরিক্ত টাকা ফেরত দেবার নির্দেশ দেওয়াতে তারা এখন পর্যন্ত কত টাকা ফেরত দিয়েছে?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** ইন্ডিয়ান ইলেক্ট্রিসিটি সাপ্লাই অ্যাক্ট ১৯৪৮-এ ফুয়েল সারচার্জ সম্বন্ধে কিছু বলা নেই। একটা জায়গায় শুধু বলা আছে, 'ফুয়েল সারচার্জ ইজ এ ফর্ম অব টারিফ।' আর একটা জায়গায় বলা আছে, টারিফ ইনক্রিস করতে রাজ্য সরকারকে ৭ দিনের

নোটিশ দিতে হয়। কিন্তু ফুয়েল সারচার্জ বাড়াবার জন্য রাজ্য সরকারকে অগ্রিম জানাতে হবে কিনা ক্লিয়ারলি বলা নেই ইন্ডিয়ান ইলেক্ট্রিসিটি সাপ্লাই অ্যাক্টে। তবে আমরা ইনসিস্ট করি, এটাও রাজ্য সরকারকে জানানোর জন্য। কারণ আমরা মনেকরি এটাও জানানো উচিত, এতে সাধারণ মানুষের ওপর বোঝা পড়ে। এটাই হচ্ছে প্রথম কথা। দ্বিতীয় কথা হচ্ছে, ওরা না জানালেও আমরা জানতে পারি এবং জনসাধারণের কাছ থেকেও আমরা অভিযোগ পাই। সে অনুযায়ী উই টুক অ্যাকশন। আমাদের কাছে রিপোর্ট আছে, টোটাল অ্যামাউন্ট এখনো ফেরত দেয় নি, ২২ কোটি টাকার মতো ফেরত দিয়েছে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** কত টাকার মধ্যে কত টাকা ফেরত দিয়েছে?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** মোট কত টাকা আদায় করেছিল বলা মুশকিল। ওটা চেক করে বলতে হবে। এখন পর্যন্ত ২২ কোটি টাকা ফেরত দিয়েছে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, বর্তমানের মাননীয় মুখ্যমন্ত্রী অতীতে বিরোধী দলের নেতা হিসাবে সি.ই.এস.সি. কর্তৃপক্ষের বিরুদ্ধে অনেক অভিযোগ করেছিলেন, এমন কি লিখিতভাবেও তিনি এই জাতীয় ক্ষেত্রের টাকা ফেরত দেবার জন্য আবেদন করেছিলেন। এমন কি তিনি সরকারের কাছে সি.ই.এস.-কে টেকওভার করার জন্য আবেদন করেছিলেন, দাবি করেছিলেন। এককালে আপনারা যখন বিরোধী দলে ছিলেন তখন এ ক্ষেত্রে যে সমস্ত ব্যবস্থা নিতে বলেছিলেন সে সমস্ত ব্যবস্থা এখন আপনারা সরকারে থেকে নিচ্ছেন না, পরিবর্তীত পরিস্থিতিতে ঠিক উল্টো কাজই করছেন। সি.ই.এস.সি. কর্তৃপক্ষ খাম-খেয়ালিপনা চালিয়ে যখন তখন বিদ্যুতের দাম বাড়াচ্ছে এবং বর্তমানে আবার দাম বাড়াবার হুমকি দিয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয়, এই বিধানসভায় ইতিমধ্যেই এবিষয়ে ক্ষোভ জানানো হয়েছে। আপনাকে ধন্যবাদ এবং অভিনন্দন জানাচ্ছি, আপনি ডাইরেক্টলি বা ইনডাইরেক্টলি ওদের ঐ কাজকে অপোজ করেছেন। ওরা যখন তখন ইলেক্ট্রিসিটি চার্জ এবং ফুয়েল সারচার্জ বৃদ্ধি করে জনস্বার্থ বিরোধী কাজ করছে। একেই রাজ্যে যেখানে কল-কারখানা বন্ধ হয়ে যাচ্ছে সেখানে ওরা ওয়ান হর্স পাওয়ার পর্যন্ত কারখানার ক্ষেত্রে বিদ্যুৎ খরচ হোক আর না হোক কানেকশন চার্জ মিনিমাম ৫০ টাকা করেছে। এইভাবে নানান জনস্বার্থ বিরোধী কাজ করছে। ইতিপূর্বে দীপকবাবু এখানে এবিষয়ে কতগুলো প্রশ্ন তুলেছিলেন। এখন আমার আপনার কাছে প্রশ্ন হচ্ছে সি.ই.এস.সি. কর্তৃপক্ষকে নিয়ন্ত্রণে আনার জন্য সরকার কোনও আইন প্রণয়নের কথা চিন্তা করছে কিনা?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** এই প্রশ্নটা সারা ভারতের ক্ষেত্রে যে শিল্প নীতি গৃহীত হয়েছে তার পরিপন্থী। আমরা যদি কোনও বেসরকারি সংস্থাকে নিয়ন্ত্রণে আনার চেষ্টা করি, কোনও প্রাইভেট লাইসেন্সীকে পুরোপুরি আমাদের কন্ট্রোলে রাখতে চাই, যেরকম স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ড আমাদের নিয়ন্ত্রণে পার্সিয়ালি আছে, তাহলে তা বর্তমানে সারা ভারতবর্ষে গৃহীত শিল্প নীতির পরিপন্থী হয়ে যাবে। এখন ভারত সরকারের নীতিতে বলা হচ্ছে, 'স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ড'কেও ইন স্টেজেস প্রাইভেটাইজ করে দাও।' প্রাইভেট অরগ্যানাইজেশন্স দে লিভ অন প্রফিট। ন্যাচারালি তারা চেষ্টা করবে প্রফিট করার আর আমরা চেষ্টা করে যাব প্রফিটটা আইনসঙ্গত কিনা সেটা দেখা।

**শ্রী আব্দুল মান্নান ঃ** ডেমোক্রাটিক সরকারের একটা ভূমিকা থাকবে পাবলিককে রিলিফ দেবার?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** পাবলিককে রিলিফ দেবার কথা নিশ্চয়ই আমরা চিন্তা করব। একটা সাপ্লাই অ্যাক্ট আছে। সেই সাপ্লাই অ্যাক্টে বলা হচ্ছে, লাইসেন্সি ক্লিয়ার প্রফিট করবে ইক্যুইটেবল রিটার্নের ভিত্তিতে, সে নিজে ট্যারিফ বসাতে পারে, তাকে সুযোগ দেওয়া হয়েছে গভর্নমেন্টকে ৭ দিনের মধ্যে নোটিশ দিয়ে জানাতে হবে। গভর্নমেন্টের কোয়ারির উত্তর দেবে। গভর্নমেন্ট সাটিসফাই হলে তারা ট্যারিফ বাড়াবে। ইন্ডিয়ান ইলেক্ট্রিসিটি অ্যাক্ট ১৯৪৮ সাল থেকে এটা আসছে। ৩টি মাত্র প্রাইভেট লাইসেন্সি আছে। সেইজন্য অতটা মাথা-চাড়া দিয়ে ওঠেনি। এখন যখন জিনিসটা উঠেছে তখন আমরা সবসময় চেষ্টা করি, সাধারণ মানুষ যখন চিঠি লিখে অভিযোগ জানায়, তখন অ্যাকশন নিই। আইদার ফোন অথবা চিঠি লিখে যে কানেকশন পাচ্ছি না তখন আমরা ওদের চিঠি দিয়ে ফলো-আপ করছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** একটা মন্ত্রীর পক্ষে বার বার ইন্টারফিয়ার করা সম্ভব নয়। সবই যদি মন্ত্রীকে করতে হবে তাহলে মন্ত্রীর তো আদার কাজগুলি আছে। সি.ই.এস.সির এই খাম-খেয়ালিপনা জনস্বার্থ বিরোধী অ্যাক্টিভিটি। এইসব বন্ধ করার জন্য কোনও নিয়ন্ত্রণ ব্যবস্থা করছেন কিনা এটাই ডেমোক্রাটিক সরকারের কাছে জনসাধারণ আশা করে। একটা বেসরকারি সংস্থা জনসাধারণের উপর অত্যাচার করছে, তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেবার জন্য তারা সরকারের উপর নির্ভর করতে পারে, সেই নির্ভরশীলতা কতটুকু আপনি রাখতে পারবেন?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** যখন কনজিউমাররা সরকারের কাছে কমপ্লেন করে তখন প্রতি পদে পদে আমরা অ্যাকশন নিই এবং আমরা নিয়ন্ত্রণ করছি সাপ্লাই অ্যাক্ট অনুসারে। আর আপনি যেটা বললেন যে সবই মন্ত্রী করছে, সেটা নয়। আমার একটা পুরো ডিপার্টমেন্ট আছে। সেই ডিপার্টমেন্টের অফিসাররা আছেন, তারা এইসব করছে। আর রাজ্য বিদ্যুৎ পর্যদের যিনি চেয়ারম্যান এবং মেম্বাররা আছেন তারা চেষ্টা করছে। এটা ঠিক নয়, যে মন্ত্রী একা সমস্ত কিছু করছে।

[11-10 — 11-20 a.m.]

**শ্রী নির্মল দাস ঃ** আমরা জানি, বিদ্যুৎ আজকের আধুনিক সভ্যতায় খুবই জরুরি এর প্রয়োজন। রাজ্যের উন্নয়নের ব্যাপারেই হোক আর ব্যক্তিগত জীবনেই হোক, সামাজিক জীবনেই হোক। সেখানে সি.ই.এস.সি তারা যেভাবে প্রতিনিয়ত গ্রাহকদের উপর সারচার্জ বসানোর চেষ্টা করছে তাতে সর্বভারতীয় চিত্রটা কি? অর্থাৎ এদের যে ব্যবসা সেই ব্যবসায় শুধু পশ্চিমবঙ্গবাসীদের উপর এই ধরনের নজর, বেশি করে লাভ নেবার প্রচেষ্টা, নাকি সর্বভারতীয় নীতি ওদের আছে এটা একটা প্রশ্ন। আর দ্বিতীয় প্রশ্ন হচ্ছে, আমি লক্ষ্য করছি, আমাদের গ্রাহকদের যখন বিদ্যুৎ কানেকশন চেয়েও পাচ্ছেন না। উত্তর বাংলায় এইরকম চিত্র আছে। বছরের পর বছর এই জিনিস চলছে। এই ব্যাপারে রাজ্য সরকার বা আপনার দপ্তর কি চিন্তা করছেন, কিভাবে দ্রুত বিদ্যুতায়নের সুযোগ সমস্ত মানুষ পাবেন

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** বর্তমানে সর্বভারতীয় চিত্র যেটা সেটা হচ্ছে ৩টি প্রাইভেট এজেন্সি আছে। একটা আমেদাবাদে, একটা বোম্বেতে আর একটা কলকাতায়। এই ৩টি

প্রাইভেট এজেন্সি জেনারেশন, ট্রান্সমিশন এবং ডিস্ট্রিবিউশন করে। আর মাননীয় সদস্য যদি ট্যারিফ স্ট্রাকচার চান তাহলে নোটিশ দিতে হবে, আমার কাছে এখন নেই। আর ট্যারিফ কিন্তু অন্য জায়গার চেয়ে আমাদের এখানে কমের দিকে। আমি রাফলি বলতে পারি, ট্যারিফ রেট অন্য স্টেটের থেকে, আর যে ২টি প্রাইভেট সংস্থা আছে তাদের থেকে কম। যদি নোটিশ দেন তাহলে ডিটেলস দিয়ে দেব। ট্যারিফ কমিশন পাবলিশড করেছেন। দ্বিতীয় প্রশ্ন হচ্ছে, রাজ্য বিদ্যুৎ পর্ষদ সংক্রান্ত ব্যাপারে যে কানেকশন দিতে দেরি হচ্ছে। এর মূল কারণ হচ্ছে মিটার। এ বছর এপ্রিলে ২ লক্ষ ২৫ হাজার মিটার অর্ডার দিয়েছি। কিন্তু আজ পর্যন্ত ৪০ হাজার মিটার সাপ্লাই এসেছে, এটা ইন্সটলমেন্টে আসে। দেখা যায়, শতকরা ২৫ থেকে ৩০ ভাগ মিটার খারাপ থাকে। সেগুলি ফেরত যায়। আমাদের সমস্যা রয়েছে। কানেকশন দেবার ব্যাপারে মিটারের সমস্যা আছে। এটা শুধু আমাদের রাজ্যের চিত্র নয়, সর্বভারতীয় চিত্র। সেজন্যই কানেকশন দিতে দেরি হয়। অবশ্য এরজন্য আমরা ক্ষুব্ধ। আমরা এক্ষেত্রে চেষ্টা করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** আমরা উদ্বিগ্ন, সংবাদপত্রে দেখেছি, সরকার বিদ্যুতের দাম আবার বৃদ্ধির সিদ্ধান্ত নিয়েছেন জেনে। এ-ব্যাপারে আপনার এবং মুখ্যমন্ত্রীর একটা বিবৃতিও দেখলাম। সেজন্য জিজ্ঞাসা করছি, সত্যি সত্যিই কি সরকার বিদ্যুতের দাম বৃদ্ধি করছেন এবং বৃদ্ধি করলে কেন করছেন?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** লাইসেন্স অ্যাক্টে এবং ইন্ডিয়ান ইলেক্ট্রিসিটি সাপ্লাই অ্যাক্টে তাদের একটা প্রভিসন দেওয়া আছে যে, এক্ষেত্রে সরকারকে সাত দিনের নোটিশ দিয়ে হবে এবং কেন বাড়াতে চাইছেন সেটাও জানাতে হবে। ঐ নোটিশ পেয়ে যতক্ষণ স্যাটিসফাইড হয়ে আমরা তার ক্লিয়ারেন্স না দিচ্ছি ততক্ষণ তারা দাম বাড়াতে পারেন না। বিষয়টা এখন এই অবস্থায় রয়েছে। আর কৃষিতে ২০ ভাগ বৃদ্ধির কোনও সিদ্ধান্তই নেওয়া হয়নি। অ্যাবসলিউটলি নাথিং—কোনও কথা হয়নি। আমরা স্টাডি করছি ওদের রিপোর্ট। আজকে এখানে আর একটি প্রশ্ন রয়েছে তারও উত্তর দেব। স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ড, ডি.পি.এল., সি.ই.এস.সির প্রপোজাল আমরা বর্তমানে স্টাডি করছি। স্টাডি করে যদি আমরা স্যাটিসফাইড হই তাহলে দাম বাড়বে।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** সি.ই.এস.সি. সারচার্জ যা বসাচ্ছে, বলছিলেন, সে ব্যাপারে উনি অসহায় এবং বলছিলেন, ভারত সরকারের প্রাইভেটাইজেশনের ক্ষেত্রে যা নীতি তাতে করণীয় কিছু আছে বলে তিনি মনে করছেন না। ভারত সরকার কি কখনও বলেছেন যে, প্রাইভেটাইজেশন মানে লাগামহীনভাবে তারা যা খুশি তাই করবেন? আজকে সি.ই.এস.সি. যেভাবে অতিরিক্ত টারিফ আদায় করছে সেক্ষেত্রে আপনারা কি প্রিজনার অফ ইনডিসিশন হয়ে বসে থাকবেন, নাকি ব্যবস্থা নেবার জন্য কোনও আইন করবার কথা চিন্তা করবেন?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** আমি প্রথমে জানাতে চাই, এক্ষেত্রে বোধ হয় মিস-আন্ডারস্ট্যান্ডিং হয়েছে। আমি বলিনি যে, এক্ষেত্রে সরকার অসহায়, তাদের কিছুই করণীয় নেই। আমি বলছি, সরকারের ইন্ডিয়ান ইলেক্ট্রিসিটি সাপ্লাই অ্যাক্ট '১৯৪৮ এর ভেতর যেসব প্রভিসন দেওয়া হয়েছে সেই প্রভিসন অনুযায়ী রাজ্য সরকারগুলি কাজ করবেন, তার বাইরে তারা

যেতে পারেন না।

**শ্রী সঞ্জীবকুমর দাস ঃ** শ্রী আব্দুল মান্নানের প্রশ্নের উত্তরে বলেছেন যে, সি.ই.এস.সির গ্রাহকদের উপর অত্যাচার, এরজন্য কেন্দ্রীয় শিল্পনীতি খানিকটা দায়ী। কিন্তু আপনাদের শাসক দলের একজন নামকরা এম.পি. বলেছেন কেন্দ্রীয় শিল্পনীতিকে সমর্থন করতে। আমার প্রশ্ন, এই যে গ্রাহকদের উপর অত্যাচার, ইফ ইট ইজ এ ফ্যাক্ট, তাহলে কি ইট উইল কন্টিনিউ, অর নট?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** আমি বিনয়ের সঙ্গে বলছি, এরকম কোনও কথা আমি বলিনি যে, এখানে সি.ই.এস.সি. গ্রাহকদের উপর যে অত্যাচার করছেন, আপনারা যেটা বলছেন, তারজন্য কেন্দ্রীয় সরকার দায়ী। প্রাইভেটাইজেশনের এগেনস্টে বলেছি, কেন্দ্রীয় সরকার এটা চাইছেন, কিন্তু আপনারা তার অপোজ করছেন। আপনারা যা বলছেন, তাতে শিল্পনীতি কি জানিনা, তবে বিদ্যুৎ নীতির একটা অ্যাক্ট আছে এবং সেই অ্যাক্ট অনুসারে চলতে হয়, তার বাইরে যেতে গেলে কেন্দ্রীয় সরকারের শিল্প এবং বিদ্যুৎ নীতির বিরুদ্ধে যেতে হয়।

**শ্রী নাসিরুদ্দিন খান ঃ** বিদ্যুতের মূল্য নির্ধারণের উপর রাজ্য সরকার বা আপনার মানে মন্ত্রীর কোনও ক্ষমতা বা অধিকার আছে কিনা মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** বিদ্যুতের মূল্য নির্ধারণে রাজ্য সরকারের সেইটুকু ক্ষমতা আছে যেখানে লাইসেন্সির ক্লিয়ার প্রফিটের কথা যেটা আইনে বলে দিচ্ছে সেই ক্ষেত্রে ইকোয়াল রেসপনসিবল রিটার্ন না করতে পারে তাকে সেখানে প্রফিট করতে দিতে পারে, এখানে প্রফিট ১৭ পারসেন্ট, ৫ পারসেন্ট অ্যাবাভ দি রিজার্ভ ব্যাঙ্ক রেট সেই ১৭ পারসেন্ট প্রফিট করতে দিতে হবে, আইনে বলছে। রাজ্য সরকার সেটা দেখেন কাগজে কলমে কতটা আছে, যদি কম করে দেখায় আমরা সেটা বলতে পারি।

**শ্রী নাসিরুদ্দিন খান ঃ** ১৭ পারসেন্ট কম করে বলেছে?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** গত ফাইনান্সিয়াল ইয়ারে, ৩১শে মার্চ পর্যন্ত যা হিসাব তাতে ১৭ পারসেন্টের নিচে আছে।

## জেলা কেন্দ্রগুলির ইলিশ মাছ বিক্রি

*৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫২) **শ্রী বুদ্ধদেব ভকত ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাংলাদেশ থেকে আমদানি করা ইলিশ মাছ জেলা কেন্দ্রগুলিতে বিক্রির কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, কবে থেকে বিক্রয় করা হবে?

**শ্রী কিরণময় নন্দ ঃ**

(ক) হ্যাঁ

(খ) বিভিন্ন জেলায়, বিশেষত মেদিনীপুর, হুগলি, হাওড়া, জলপাইগুড়ি, বর্ধমান, নদীয়া,

উত্তর ও দক্ষিণ ২৪-পরগনা প্রভৃতি জেলাগুলিতে ইলিশমাছ বিক্রয় করা হচ্ছে।

**শ্রী বুদ্ধদেব ভগত ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন সব জেলায় বিলি করার বন্দোবস্ত করা হয়েছে, আপনি আমাদের এই বিধায়কদের একটু অবহিত করবেন, কারণ ইলিশ বাঙালির প্রিয় খাদ্য, আর পেপারে দিচ্ছে যে ইলিশ বাংলাদেশ থেকে আমদানি করা হচ্ছে। কাজেই জনগণ আমাদের উপর চাপ সৃষ্টি করছেন, মহকুমা, এবং জেলা স্তরে বা কলকাতার কোন জায়গায় কি ভাবে আমরা পেতে পারি সেটা জানাবেন?

**শ্রী কিরণময় নন্দ ঃ** গত বিধানসভা অধিবেশনে এইরকম একটা প্রশ্ন ছিল, তাতে আমরা জানিয়ে ছিলাম বিভিন্ন জেলায় পঞ্চায়েত, মিউনিসিপ্যালিটি অথবা মাননীয় বিধায়করা কারো নাম রেকমেন্ড করলে আমরা তাকে এজেন্সি দেব, এই ভিত্তিতে যাদের কাছ থেকে সুপারিশ পাওয়া গেছে তাদের এজেন্সি দেওয়া হয়েছে এবং কলকাতায় ২১টি বিক্রয় কেন্দ্র আছে, এবং একটি ভ্রাম্যমান গাড়িও আছে সেখান থেকে বিক্রয় করা হয়েছে।

**শ্রী বুদ্ধদেব ভগত ঃ** মেদিনীপুর জেলায় কটা বিক্রয় কেন্দ্রের অনুমোদন দেওয়া হয়েছে এবং কবে কবে মাছ সাপ্লাই দেওয়া হয়েছে দয়া করে জানাবেন?

**শ্রী কিরণময় নন্দ ঃ** মেদিনীপুরে ৫ জন এজেন্সি চেয়েছিলেন, তাদের সুপারিশপত্র গ্রহণ করে মঞ্জুরি দেওয়া হয়েছে, ১২৩ জন কমিশন এজেন্ট নিয়োগ করা হয়েছে, কিন্তু ঐ ১২৩ জন সবাই ইলিশ নিতে আসছেন না।

[11-20 — 11-30 a.m.]

**শ্রী নাসিরুদ্দিন খান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি কলকাতাকে ইলিশ মাছ খাওয়াচ্ছেন। আমরা যারা পাড়া গায়ের মানুষ, আমরা কি আপনার ঐ আমদানি করা ইলিশ মাছ চোখে দেখতে পাবোনা? আমাদের সম্পর্কে আপনি কি ভাবছেন সেটা দয়া করে জানাবেন কি?

**শ্রী কিরণময় নন্দ ঃ** আপনি যদি কারো নাম সুপারিশ করে পাঠান তাহলে আমি ব্যবস্থা করতে পারি যাতে প্রত্যেকদিন ইলিশ মাছ খেতে পারেন।

**শ্রীমতী মহারানি কোঙার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, রাজ্যের অন্যান্য জায়গায় এইরকম কোনও সেন্টার খোলার পরিকল্পনা আছে কি না?

**শ্রী কিরণময় নন্দ ঃ** আমাদের যে প্রকল্পগুলি আছে সেগুলি হচ্ছে বেনফিসের। সেই প্রকল্পে যে টাকা পেয়েছি সেটা কলকাতা এবং তার সংলগ্ন এলাকার জন্য। অন্যান্য এলাকায় আমাদের এই মুহূর্তে এই ধরনের কোনও প্রকল্প নেই।

**শ্রী লক্ষ্মণ চন্দ্র শেঠ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি যে এই বছর কত ইলিশ মাছ নিয়ে এসেছেন এবং কি দামে এবং সেই তুলনায় পশ্চিমবঙ্গের মাছের দাম কম না বেশি?

**শ্রী কিরণময় নন্দ ঃ** ১৫ই সেপ্টেম্বর পর্যন্ত যা এসেছে তাতে ২৪৩ মেট্রিক টন এবং যাদের মাধ্যমে এসেছে সেটা হচ্ছে বাংলাদেশ এবং দাম হচ্ছে ৮ শত গ্রাম পর্যন্ত ৩৫ টাকা,

আর ৮ শত গ্রামের উপরে হলে সেটা ৬০ টাকা।

**শ্রী রবীন্দ্রনাথ ঘোষ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে হাওড়া জেলায় কতগুলি জায়গায় এই প্রকল্প গ্রহণ করা হয়েছে?

**শ্রী কিরণময় নন্দ ঃ** হাওড়া জেলায় ১৯ জন কমিশন এজেন্ট হিসাবে দরখাস্ত করেছিল এবং তাদের মঞ্জুর করা হয়েছে। তবে এই মুহূর্তে বলতে পারব না যে এই ১৯ জনের মধ্যে কতজন মাছ নিয়ে এসেছে।

**শ্রী নিত্যানন্দ অধিকারি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি এই যে মৎস্য ব্যবসায়িদের মাধ্যমে ইলিশ মাছ বিক্রয় করছেন, সেটা সুস্পষ্ট ভাবে প্রচার হওয়া দরকার, বিশেষ করে আমরা দেখছি উত্তরবাংলার বিভিন্ন জায়গায় ব্যবসায়িরা বাংলা দেশের ইলিশ মাছ বলে কোলাঘাটের ইলিশ বিক্রি করছে। এটা নিয়ে সাধারণ মানুষের মধ্যে একটা বিভ্রান্তির সৃষ্টি হচ্ছে। কাজেই এই বিভ্রান্তি দূর করা উচিত। ব্যবসায়িদের মধ্যে থেকে এই যে অপপ্রচার করা হচ্ছে, আমি অনুরোধ করব যে আপনি এই ব্যাপারে একটি সুস্পষ্ট বিবৃতি দেবেন এবং উত্তরবঙ্গে এই মাছের যোগান যাবে কিনা সেই সম্পর্কেও জানাবেন।

**শ্রী কিরণময় নন্দ ঃ** ইতিমধ্যেই উত্তরবঙ্গের শিলিগুড়ি জলপাইগুড়িতে সরকারি তরফ থেকে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং সেখানে মাছ বিক্রয় করা হচ্ছে।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আসলে আপনি যে রেটের কথা বললেন, ঐ রেটে ইলিশ মাছ পাওয়া যায়না। এটা আমি দায়িত্ব নিয়ে বলছি। অতএব নির্ধারিত যে মূল্য আছে, সেই মূল্যের বাইরে যে সমস্ত ঠিকাদার বা এজেন্ট, যারা মাছ বিক্রয় করছে, তাদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেবার কথা চিন্তা করছেন কিনা এবং আপনি যেটা জলপাইগুড়ি, শিলিগুড়িতে দিচ্ছেন, তার বাইরে উত্তরবঙ্গে বহু অঞ্চল আছে সেইসব অঞ্চলে এই ইলিশ মাছ পৌঁছানোর জন্য কোনও ব্যবস্থা নিচ্ছেন কিনা জানাবেন কি?

**শ্রী কিরণময় নন্দ ঃ** প্রথমে আমি যে দামের কথা বলেছি সেটা বাংলাদেশের ইলিশের কথা বলেছি। বিক্রির ক্ষেত্রে আমাদের দামের তারতম্য আছে। ৮০০ গ্রাম ওজন পর্যন্ত ইলিশের দাম ৪৬ টাকা এবং তার উপর সেটা আছে সেগুলি ৬৬ টাকা কিলো প্রতি। দামের এই তারতম্যটা আছে। সারা পশ্চিমবাংলায় এই ইলিশ সরবরাহ করবার জন্য যে ইনফ্রাস্ট্রাকচার দরকার সেই ইনফ্রাস্ট্রাকচার আমার হাতে নেই। বিভিন্ন জায়গায় যে কমিশন এজেন্ট নিয়োগ করা হয়েছে সুপারিশের ভিত্তিতে, আমরা যে দামে বিক্রি করার কথা বলছি, যারা সুপারিশ করবেন তাদের দেখে নেওয়ার দায়িত্ব সেই দামে তারা বিক্রি করছে কিনা। উত্তরবঙ্গের ব্যাপারে আমি বলতে পারি আপনারা যদি সুপারিশ করেন তাদের আমরা এজেন্ট করতে পারি এবং চ্যাংড়াবান্দা দিয়ে বাংলাদেশের যে পরিমাণ ইলিশ আসবে সেই পরিমাণই উত্তরবঙ্গের জন্য সরবরাহ করার ব্যবস্থা করে দিতে পারি।

**শ্রী ঈদ মহম্মদ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি বাংলাদেশের ইলিশ আমদানি করেছেন তাতে লাভ বা লোকশনের পরিমাণ কত?

শ্রী কিরণময় নন্দ ঃ গত বছৰ ৪ লক্ষ টাকা লাভ হয়েছে। এই বছরের কথা বলতে

পারবো না, ব্যবসার শেষে হিসাব নিকাশ হবে, তারপর বলতে পারবো।

**শ্রী কমল গুহ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় তো দেখছি আমাদের বিপদে ফেলেছেন। আপনি বলেছেন রেকমেন্ড করে দিলে আপনি সাপ্লাই-এর ব্যবস্থা করে দেবেন এবং বলছেন চ্যাংড়াবান্দা দিয়ে যে মাছ আসবে তা উত্তরবঙ্গে দেবেন। কত মাছ আসবে বলুন তো দেখি? কারণ .সেখানকার মানুষ আমাদের বলবে আমরা রেকমেন্ড করছি না বলে তারা বঞ্চিত হচ্ছে। প্রতিদিন কত ইলিশ আসবে?

**শ্রী কিরণময় নন্দ ঃ** কতটা ইলিশ আসবে সেটা বলা সম্ভব নয়। সেখান থেকে যারা পাঠাবে তার উপর নির্ভর করবে কতটা আসবে। প্রতিদিন প্রায় এক লরি, দুই লরি মাছ সাধারণত আসে।

**শ্রী কমল গুহ ঃ** তাহলে তো আপনি সব জায়গায় দিতে পারছেন না। তাহলে আপনি এইভাবে বলছেন কেন? তাতে আমাদের অসুবিধায় পড়তে হবে। বলুন যা যা দেওয়া সম্ভব হবে সেটা দেব।

**শ্রী কিরণময় নন্দ ঃ** আমি তো বলছি আমরা যেটা পাবো সেটা দেব। যে পরিমাণ পাব না সেটা কি করে দেব। যতটা আসবে ততটা দেব।

### ট্যুরিস্ট লজ বেসরকারিকরণ

*৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৩) **শ্রী অম্বিকা ব্যানার্জি ও শ্রী আব্দুল মান্নান ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্যি যে, রাজ্যের কিছু ট্যুরিস্ট লজকে বেসরকারি সংস্থার হাতে অর্পণের সরকারি সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

(খ) সত্যি হলে, সংস্থাগুলির নাম কি; এবং

(গ) ঐ লজগুলি বেসরকারি সংস্থার হাতে অর্পনের কারণ কি?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ**

(ক) হ্যাঁ বীরভূম জেলার বক্রেশ্বর ট্যুরিস্ট লজের পরিচালন ভার বেসরকারি সংস্থার হাতে অর্পণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। দঃ ২৪ পরগনা জেলার বকখালি ট্যুরিস্ট লজের পরিচালন ভারও বেসরকারি সংস্থার হাতে অর্পণের বিষয়টি বিবেচনাধীন।

(খ) সংস্থাগুলির নির্বাচন এখনও চূড়ান্ত হয়নি।

(গ) এর প্রধান কারণ হল, বেশ কয়েক বছর যাবৎ লজগুলি লোকসানে চলছিল।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে দুটি ট্যুরিস্ট লজ বক্রেশ্বর ট্যুরিস্ট লজ এবং দক্ষিণ ২৪-পরগনার বকখালি ট্যুরিস্ট লজ বেসরকারি সংস্থার হাতে তুলে দেবেন, কারণ সেটা লস হচ্ছে। বেসরকারি যে দুটি সংস্থাকে দেবেন বলে ঠিক করেছেন তাদের নাম জানতে চাই। আর একটা বিষয় মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই সেটা হচ্ছে আমাদের রাজ্য সরকারের পলিসি হচ্ছে বেসরকারি করণের বিরুদ্ধে। সেইজন্য আপনারা

কালকে রেল রোকোর ডাক দিয়েছেন এবং ২৯ তারিখে ভারত বন্ধের ডাক দিয়েছেন।

( এ ভয়েস ঃ— আপনারা তো রাস্তা রোকোর ডাক দিয়েছেন)

আপনাদের ভন্ডামির বিরুদ্ধে আমরা রাস্তা রোকোর ডাক দিয়েছি। আপনাদের রেল রোকোর প্রতিবাদে আমরা এটা করছি। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই কেন্দ্রীয় সরকার সংস্থাগুলিকে বেসরকারিকরণের বিরুদ্ধে আপনারা ভারত বন্ধ করছেন এবং রেল রোকোর ডাক দিয়েছেন, এই ইসুর ভিত্তিতে আপনারা আন্দোলনের মাধ্যমে মানুষকে সংগঠিত করছেন, আর আপনারা বেসরকারি করণের ব্যবস্থা নিচ্ছেন, এই স্ববিরোধী সিদ্ধান্তের কারণ কি?

[11-30 — 11-40 a.m.]

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** আপনার প্রথম যে অতিরিক্ত প্রশ্ন তাতে আমার মনে হয়েছে আপনি আমার উত্তরটা শুনতে ভুল করেছেন। কোন সংস্থাকে দেওয়া হবে সেটার ব্যাপারে এখনও পর্যন্ত চুড়ান্ত হয়নি। কারা পাবে, আপনি জিজ্ঞাসা করেছেন। সেই নামগুলি ঠিক হয়নি। দ্বিতীয় যে প্রশ্নটা করলেন শুনে মনে হল মেঠো বক্তৃতা করলেন, কৃষ্ণনগরে কালকে যেটা করেছেন সেটা করলেন। পশ্চিমবঙ্গ সরকারের হাতে টাকা ছাপানোর মেশিন নেই, সেটা দিল্লির সরকারের হাতে আছে। এটা আপনারা জানেন বোধ হয়। যেহেতু আমাদের টাকা ছাপানোর মেশিন নেই তাই বিকল্প ব্যবস্থা করতে হবে। একটা জায়গায় যদি চিরকাল লস হয় তাহলে হয় তাকে বন্ধ করে দিতে হবে নয় তো অন্য কোনও ব্যবস্থা করতে হবে। আমাদের যদি টাকা ছাপাবার মেশিন থাকত তাহলে এটার দরকার হত না। দরদাম নিয়ন্ত্রণ থেকে শুরু করে সব ব্যাপার আমরা যারজন্য লড়াই করছি এবং বলছি যে রাজ্যের হাতে আরও আর্থিক ক্ষমতা দিতে হবে, আইনের অধিকার দিতে হবে। রাজ্যের হাতে এইসব ক্ষমতার জন্য আমরা দীর্ঘ ১৮ বছর ধরে লড়াই করছি। এর মূল কারণ, আপনারা যেটা করছেন তা ইচ্ছাকৃত ভাবে জনসাধারণের বিরুদ্ধে করছেন, আর আমাদের বাধ্য করছেন এইসব করতে। একটা বিশেষ অর্থনৈতিক পরিমন্ডলের মধ্যে আমাদের কাজ করতে হচ্ছে। আমাদের হাত পা বেঁধে বলে দিচ্ছেন যে 'দৌড়াও'। সেই জায়গায় আমাদের কাছে বিকল্প আর কি থাকতে পারে? আমি মান্নান সাহেবের কাছ থেকে জানতে চাইছি, এই লজগুলো বন্ধ করে দেওয়া ভাল, না অন্য কারও হাতে দিয়ে চালানো ভাল?

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় আমাদের বললেন যে আমরা কালকে কৃষ্ণনগরে বক্তৃতা দিয়েছি। হ্যাঁ, আমাদের সাহস আছে, আমরা মাঠে ময়দানে যা বলি এখানেও তাই বলি। আমাদের দলের কেন্দ্রীয় অর্থমন্ত্রী বলেছেন যে, হ্যাঁ, যেসব সরকারি সংস্থা লসে চলছে সেগুলোকে বেসরকারি হাতে দেওয়া ভালো। কেন্দ্রীয় সরকারের টাকা ছাপাবার মেশিন আছে, তারমানে এই নয় যে তারা র‍্যান্ডাম টাকা ছাপাতে পারেন। তাদের কতকগুলো আর্থিক নিয়ম নীতির মধ্যে দিয়ে চলতে হয়। আমি মাননীয় মন্ত্রীকে বলছি যে, আমরা মাঠে ময়দানে বক্তৃতা দিই, আপনারাও দেন। আমরা যারা এখানে এসেছি তারা সবাই মাঠে ময়দানে বক্তৃতা দিয়েই এসেছি। মাঠে ময়দানে মানুষের কাছে বক্তৃতা দিয়ে মানুষের মতামত নিয়ে আমরা এখানে এসেছি। আমার প্রশ্ন হচ্ছে, কেন্দ্রীয় সরকার যখন বলছেন যে তাদের সংস্থাগুলো চালাবার ক্ষমতা নেই, সেখানে কেন্দ্রীয় সরকার আর্থিক শৃঙ্খলা মানতে

বাধ্য হয়েই এই কথা বলছেন। সেখানে আপনারা তার বিরুদ্ধে প্রতিবাদ করছেন, আন্দোলন করছেন। আপনারা কখনও বলছেন না যে, সেই আর্থিক শৃঙ্খলার জন্য আপনারাও বাধ্য হচ্ছেন একই জিনিস করতে। কেন্দ্রীয় সরকার যখন করছেন তখন সেটাকে আপনারা অন্যায় বলে বলছেন। আর যখন আপনারা করছেন তখন বলছেন, না অন্যায় নয়। এই ভন্ডামির বিরুদ্ধে আমরা মাঠে ময়দানে বলছি এবং হাউসেও বলছি। আমি আপনার কাছে একটি স্পেসিফিক প্রশ্ন করছি এরপর যেভাবে আমাদের সময় চলে যাচ্ছে তাতে দেখা যাবে যে 'গ্রেট ইস্টার্নের' প্রশ্নটি হয়ত আসবে না। রাজ্য সরকার কি কেন্দ্রীয় সরকারের অর্থমন্ত্রী যে কথা বলেছেন যে, আর্থিক অনুদান দিয়ে কোনও সরকারি সংস্থাকে টিকিয়ে রাখা উচিত নয়, বেসরকারি হাতে দিয়ে চালানো উচিত, সেই নির্দেশ মেনে কেন্দ্রীয় সরকারের নীতির সঙ্গে একমত হয়ে এটা করছেন? এই ব্যাপারটি আমি আপনার কাছ থেকে পরিষ্কার ভাবে জানতে চাইছি।

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** না, কেন্দ্রীয় সরকারের সঙ্গে এই ব্যাপারে রাজ্য সরকার একমত নয়। আপনি রাষ্ট্রশক্তি এবং রাজ্যের প্রশাসনিক শক্তিকে গুলিয়ে দিয়েছেন। কেন্দ্রীয় সরকার আজকে যে আর্থিক দুরবস্থার কথা বলছেন, তার কারণ কেন্দ্রীয় সরকার নিজেই। এরজন্য দায়ী তাদের আর্থিক দেউলিয়া নীতি, তাদের রিজার্ভ ব্যাঙ্কের পলিসি, তাদের করণীতি, শুল্কনীতি এবং আমদানি ও রপ্তানি নীতি, সব মিলিয়ে আর্থিক কর্মকান্ডের নীতি পরিকল্পনা। এই দুইই তাকে বাধ্য করছে। তারজন্য দায়বদ্ধতা রাজ্য সরকারের নেই। রাজ্য সরকার একটি নির্দিষ্ট গন্ডির মধ্যে ভারতীয় সংবিধানের মধ্যে, ভারতীয় ভৌগোলিক অবস্থানের মধ্যে দিয়ে দায়িত্ব পালন করছে। আপনি দুটি জিনিসকে গুলিয়ে দেবেন না। কেন্দ্রীয় সরকার যে কোনও সিদ্ধান্ত নিতে পারেন। রাজ্য সরকারের সেই ক্ষমতা নেই। আপনি দুটি জিনিসকে এক করবেন না।

**শ্রী আবু আয়েস মন্ডল ঃ** স্যার, ১৯৯৩ সালে দার্জিলিংয়ে কেন্দ্রীয় পর্যটন মন্ত্রীর সঙ্গে পূর্বাঞ্চলের এবং উত্তর পূর্বাঞ্চলের পর্যটন শিল্পের বিস্তারের ক্ষেত্রে কেন্দ্রীয় মন্ত্রীর কাছে আমাদের মন্ত্রী কিছু প্রস্তাব দিয়েছিলেন, পরবর্তীকালে সেই প্রস্তাব কতটা কার্যকর হয়েছে এবং সাথে সাথে পর্যটন শিল্পকে বিস্তারের ক্ষেত্রে কতটা পরিমাণ অর্থ লগ্নি করেছেন এবং সারা ভারতবর্ষে যে অর্থ লগ্নি করেছেন কেন্দ্রীয় সরকার তার কত অংশ এই রাজ্যের জন্য লগ্নি করেছেন জানাবেন কি?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** পর্যটন মন্ত্রীর যে সম্মেলন হয়েছিল তাতে কেন্দ্রীয় মন্ত্রী শ্রী গোলাম নবী আজাদ যে কথা বলেছেন তার বিচার করা বা পরীক্ষা করার সময় এখনো উত্তীর্ণ হয়নি। তবে এরোড্রাম সংস্কার এবং সম্প্রসারণের ক্ষেত্রে বিশেষ করে ভারতের পূর্বাঞ্চলের যে নেওয়া হয়েছে তাতে প্রত্যক্ষভাবে আমার যে অভিজ্ঞতা সেই হিসাবে বলতে পারি যে, কাজ শুরু করেছে তবে শেষ কবে নাগাদ হবে বলতে পারছি না। দমদম, গৌহাটি এক্সটেনশন শুরু হয়েছে, লীলাবাড়ি, ডিগবয়, বাগডোগড়া এবং ভুবনেশ্বরের কাজ আরম্ভ করেছে। আর আপনার দ্বিতীয় নং প্রশ্ন যেটা করেছেন সেই সম্পর্কে বলছি যে, লগ্নির সম্পর্কে নির্দিষ্ট নোটিশ না দিলে এই মুহূর্তে দাঁড়িয়ে বলা সম্ভব নয়।

**শ্রী সুকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী প্রশ্নের উত্তর দিতে গিয়ে অর্থনীতিমূলক কথা বলেছেন।

সেই পরিপ্রেক্ষিতে বলব যে আপনি ঘোমটার নিচে খ্যামটা নাচছেন। অর্থের অভাব হলেই সঙ্কুলনের প্রশ্ন আসে। আপনারও অর্থের সঙ্কুলান হয়েছে বলেই গ্রেট ইস্টার্ন হোটেলকে ফরাসি সংস্থার হাতে দিচ্ছেন। তাছাড়া ভারতবর্ষের অর্থনীতির নিয়মকানুন যা তাতে একজন অভিজ্ঞ দায়িত্বশীল মন্ত্রী হিসাবে আপনি ভালো করেই জানেন যে ইচ্ছামতো কেন্দ্রীয় সরকার নোট ছাপাতে পারেন না। এবং দায়িত্বশীলমন্ত্রী হিসাবে এটা আপনার বলাও শোভনীয় নয়। প্রত্যেকটি অর্থনৈতিক নিয়মকানুনের মধ্যে থেকেই নোট ছাপানো এবং ডিসবার্সমেন্ট হয়ে থাকে। সুতরাং আপনি যে যেমন অর্থের অভাব হয়েছে বলে লোন করছেন সেখানে কেন্দ্রীয় সরকারেরও অভাবে লোন নিতে হচ্ছে বিশ্বব্যাঙ্ক থেকে, সুতরাং মন্ত্রী মহাশয় এখানে ঋণ নেওয়ার কারণটা বলুন।

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** আপনি আলোচনা করতে চান পূর্ণাঙ্গ আলোচনা করব তবে কেন্দ্রীয় সরকার ইচ্ছামতো নোট ছাপাতে পারে কিনা এই প্রসঙ্গে গ্রেট ইস্টার্নের যে প্রশ্ন এসেছে এটা ঠিক নয়। গ্রেট ইস্টার্নের লাভ লোকশনের ব্যাপার যে কারণে করা হয়েছে তা নির্দিষ্ট সংস্থাকে দিয়ে দেওয়া হয় নি। এটা যৌথ উদ্যোগে করা হচ্ছে।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি যে, আপনি বললেন যে, বকখালি ট্যুরিস্ট লজটি বেসরকারিদের হাতে দেওয়ার ব্যাপারে এখনো চিন্তা ভাবনা ফাইনালি করেন নি, তবে আলোচনা চলছে। আমি একটি বিষয়ে আপনাকে কনসিডার করার জন্য রাখছি। ইতিমধ্যেই ফিশারিজ ডিপার্টমেন্ট হাতানিয়া-দোয়ানিয়া নদীর উপরে মেকানাইজ ফেরি সার্ভিসের কাজ প্রাথমিকভাবে আরম্ভ করে দিয়েছে। আশা করছি ১৯৯৫ সালের মধ্যে কমপ্লিট করবে। এর যে প্রধান সমস্যা যাতায়াতের ক্যালকাটা টু বকখালি, এই যে প্রধান সমস্যা, এটাতো মেকানাইজ ফেরি সার্ভিসের ফলে সমস্যার সমাধান হতে পারে। তাহলে ফাইনালি এই সিদ্ধান্তটা নেওয়ার আগে বিষয়টা কনসিডার করবেন কি?

[11-40 — 11-50 a.m.]

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** আপনি আমার উত্তরটা খেয়াল করেননি, এখানে যে ২টি লজের কথা উল্লেখ করেছেন বকখালি ও বক্রেশ্বর; এই ২টি হস্তান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। কাদের দিয়ে পরিচালনা করা হবে সেটা বিবেচনাধীন, এখনও কোনও চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি। বকখালির সম্পর্কে যেটা বলছেন বিশেষ করে পথের নদী পার হওয়ার ব্যাপারে, এটা সামগ্রিক পর্যালোচনার ব্যাপার, এটা করা হচ্ছে, বিভিন্ন দপ্তরের সঙ্গে আলোচনা করে, তাদের কর্তৃপক্ষের সঙ্গে কথা বলে এবং এই ব্যাপারে যারা বিশেষজ্ঞ আছেন তাদের সঙ্গে আলোচনা করে। এখানে একটা ব্রীজ করতে গেলে যে পরিমাণ টাকা চাই এবং এটার সঙ্গে অন্যান্য যে বিষয়গুলি যুক্ত আছে সেখানে এই ধরনের একটা ছোট্ট জায়গায় প্রায় ২০।৩০ লক্ষ টাকা ইনভলভ করা দরকার এটা খুব একটা লাভজনক হবে না। এটা খুব একটা বিবেচনাপ্রসূত কাজ হবে না। সেইজন্য ওখানে অন্য কি করা যায় সেটা ভাবা হচ্ছে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ৭৭ সালের পর থেকে আমরা দেখছি ৭২-৭৭ পর্যন্ত ট্যুরিস্ট লজগুলির অবস্থা অত্যন্ত ভাল ছিল, আমার কাছে স্ট্যাটিসটিক্স ৭৭ সালের পর থেকে ট্যুরিস্ট লজগুলির অবস্থা খারাপ হচ্ছে, ট্যুরিস্ট লজগুলির

**পরিবেশ শুধু খারাপ হচ্ছে না, আপনার অ্যাডমিনিস্ট্রেশন, মেইনটেনান্স দিনের পর দিন সব খারাপ হচ্ছে। সাধারণ ট্যুরিস্টরা থাকতে চায়না। ডায়মন্ডহারবারের ট্যুরিস্ট লজের চরম দুরবস্থা, সেখানে কয়েকদিন আগে ফরেন ট্যুরিস্টরা গিয়েছিলেন, তারা সেখান থেকে বেরিয়ে এসে বলল, এর চেয়ে ভাল কোনও হোটেল এখানে আছে কিনা? আপনার ট্যুরিস্ট লজে মেইনটেনান্স নেই, খাওয়া-দাওয়ার অবস্থা অত্যন্ত খারাপ, ট্যুরিস্ট লজগুলির অবস্থা যে দিনের পর দিন খারাপ হচ্ছে এই ব্যাপারে আপনি কোনও অনুসন্ধান করেছেন কি?**

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** ৭৭ সালের বিষয়টা নির্দিষ্টভাবে বলতে পারব না, তবে একটি কথা মাননীয় স্পিকার মহাশয়ের মাধ্যমে আমি জানতে চাই '৯১ সাল পর্যন্ত ট্যুরিস্ট লজের যে সামগ্রিক আয়ব্যয়ের হিসাব সেটা ছিল লোকসানের হিসাব, '৯১ সাল থেকে আমরা সামগ্রিকভাবে লাভের মুখ দেখতে পাচ্ছি। সুতরাং ৭২-৭৭ পর্যন্ত খুব ভাল ছিল কিনা এটা আমি না দেখে বলতে পারব না। বোধহয় ভাল ছিল না। আপনি যে সমস্যাগুলি বললেন এইগুলি নির্দিষ্টভাবে দৃষ্টি আকর্ষণ করলে বলতে পারব, আপনি যেটা বললেন খাওয়া-দাওয়ার ব্যাপারে এইটার ব্যাপারে আমি উল্টো কথা শুনেছি, মাননীয় সদস্যদেরকে বহু জায়গায় ট্যুরিস্ট লজে আমন্ত্রণ করেছি, তারা কিন্তু ট্যুরিস্ট লজের খাওয়া সম্পর্কে খুবই প্রশংসা করেছেন।

## পারিবারিক আদালত

*১০। (অনুমোদিত প্রশ্ন নং *১২২) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সর্বশেষ প্রাপ্ত তথ্য অনুসারে কতগুলি পারিবারিক আদালত চালু হয়েছে; এবং

(খ) সেগুলি কোথায় কোথায় চালু হয়েছে?

**শ্রী আব্দুল কায়ুম মোল্লা ঃ**

(ক) একটি পারিবারিক আদালত চালু হয়েছে।

(খ) কলকাতা জেলার জন্য ব্যাঙ্কশাল কোর্ট চত্বরে উক্ত প্রথম পারিবারিক আদালত চালু হয়েছে।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** স্যার, আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে, উনি বললেন একটি মাত্র জেলায় হয়েছে, বাকি কতকগুলি জেলাতে করার পরিকল্পনা আছে এবং কবে চালু হবে, কোথায় হবে, এই বিষয় আপনি জানাবেন কি?

**শ্রী আব্দুল কায়ুম মোল্লা ঃ** প্রত্যেক জেলায় পর্যাপ্ত ক্রমে চালু হবে, সুনির্দিষ্ট দিন বলতে পারব না।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ব্যাঙ্কশাল কোর্টে পারিবারিক আদালত চালু করতে গিয়ে, সেখানে হামলা হয়েছে ও বিচারপতি নিগৃহীত হয়েছে, এই ব্যাপারে কোনও পদক্ষেপ নেওয়া হয়েছে কি? কাউকে গ্রেপ্তার করা হয়েছে কিনা, মারামারি কারা করেছেন, কোন দলের এরা?

**শ্রী আব্দুল কায়ুম মোল্লা ঃ** মাননীয় বিচারপতি একটা এফ.আই.আর করেছে এবং সেই এফ.আই.আরের ভিত্তিতে একজনকে অ্যারেস্ট করা হয়েছে। তবে কোন দলের লোক সেটা আমি বলতে পারব না। সেই ব্যক্তি তার দলবল নিয়ে বিচারপতিকে আক্রমণ করে।

**শ্রী প্রবোধ পুরকায়েত ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই পারিবারিক আদালত মাননীয় মুখ্যমন্ত্রীর উদ্বোধন করবার কথা ছিল। কিন্তু আয়োজন করবার আগেই সেই সভা পন্ড হয়ে যায়। যাইহোক মাননীয় মুখ্যমন্ত্রী সেই অনুষ্ঠানে যাননি। তিনি গোলমালের জন্য যাননি। তিনি গোলমালের জন্য যাননি না অন্য কারণে যাননি এটা আমি জানতে চাই।

**শ্রী আব্দুল কায়ুম মোল্লা ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী এবং হাইকোর্টের মাননীয় প্রধান বিচারপতির সেই অনুষ্ঠানে যাওয়ার কথা ছিল। কিন্তু সংবাদপত্রে বিভিন্নরকম রিপোর্ট দেখে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর যাওয়া বন্ধ করে দিই এবং কোনওরকম অনুষ্ঠান করাও বন্ধ করে দিই।

**শ্রী বুদ্ধদেব ভগত ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি এই পারিবারিক আদালতে কোন কোন বিষয়গুলো বিচার করা হয়?

**মিঃ স্পিকার ঃ** এটা হবেনা, আপনি আইন পড়ে নেবেন সেখানে পাবেন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, আপনি পারিবারিক আদালত যেটা খুলেছেন তার পরিকাঠামো তৈরি না করেই আপনি খুলেছেন? অন্যান্য রাজ্যে পারিবারিক আদালত অনেক হয়েছে, কিন্তু সেখানে কোনও গন্ডগোল হয়নি, কিন্তু এখানে গন্ডগোল হয়েছে এর কারণটা কি? মাননীয় মুখ্যমন্ত্রীকে দিয়ে আপনি পারিবারিক আদালত উদ্বোধন করাতে পারেননি। রাজস্থান হাইকোর্টের একটা রুলিং আছে আইনজীবীরা সেখানে যেতে পারবে না। আমার সুনির্দিষ্ট প্রশ্ন হচ্ছে আপনি পরিকাঠামো তৈরি না করে কেন তড়িঘড়ি করে দেখাতে চেষ্টা করলেন একটা পারিবারিক আদালত তৈরি করা হল আর এই পারিবারিক আদালত অন্যান্য জেলায় কবে থেকে চালু করছেন?

**শ্রী আব্দুল কায়ুম মোল্লা ঃ** আপনি যেটা বলেছেন সেটা ঠিক নয়। আমরা সমস্ত পরিকাঠামো তৈরি করেই পারিবারিক আদালত আরম্ভ করেছি। আর বিভিন্ন জেলাতে পারিবারিক আদালত পর্যায়ক্রমে খোলা হবে, তবে দিনটা বলা যাবে না।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিষয়টা খুবই গুরুতর, কারণ বিচারপতি নিগৃহীত হচ্ছেন কোর্ট চত্বরে এবং সেটা করছেন বিশেষ গোষ্ঠীভুক্ত কিছু আইনজীবী। এটা জুডিসিয়ালের উপর একটা আঘাত, সমস্ত দল এর নিন্দা করেছে। এইরকম আদালত কলকাতায় প্রথম চালু করা হল। এই মারধোর করার ঘটনার জন্য দ্ব্যর্থহীন ভাষায় নিন্দাসূচক কোনও প্রস্তাব কংগ্রেস দলের তরফ থেকে সরকারের কাছে গেছে কি?

**শ্রী আব্দুল কায়ুম মোল্লা ঃ** এই গন্ডগোলটা করেছে পশ্চিমবঙ্গ আইনজীবী সংঘ। আইনজীবী সঙ্ঘের সাধারণ সম্পাদক হচ্ছে অশোক দেব মহাশয়। সেই গোষ্ঠী থেকে কোনও নিন্দা প্রস্তাব আসেনি।

[11-50 — 12-00 Noon.]

**শ্রী আব্দুল মান্নান ঃ** আপনি এর্লামিং কথা বললেন। আপনি যার নাম করছেন সে বার কাউন্সিলে রেকর্ড ভোটে জয়ী হয়েছে। এটা আমাদের কাছে খুবই আতঙ্কের বিষয় যে, পশ্চিমবাংলায় এরকম ঘটনা কোনওদিন ঘটেনি। এটা কোনও উগ্রপন্থী হামলার ব্যাপার ছিল না। কোনও সাবাতোজের ব্যাপার ছিল না। কলকাতার বুকে ব্যাঙ্কশাল কোর্টে একটা পারিবারিক আদালতের উদ্বোধনের ব্যাপারে রাজ্যের প্রধান বিচারপতি এবং মাননীয় মুখ্যমন্ত্রী দু'জনের যাবার কথা ছিল। আপনি বলেছেন যে, আমার কাছে খবর ছিল একটা বিক্ষোভ হতে পারে বা গোলমাল হতে পারে। এই পরিপ্রেক্ষিতে আপনি মাননীয় মুখ্যমন্ত্রীকে এবং মাননীয় প্রধান বিচারপতিকে অনুরোধ করেছিলেন সেখানে না যাওয়ার জন্য। তাহলে এটা তো সরকারেরই ব্যর্থতা। যদি কোনও বিক্ষোভ হয়ে থাকে, বে-আইনি কিছু হয়ে থাকে তাহলে কেন অন্য বিচারককে পাঠালেন না?

**মিঃ স্পিকার ঃ** দিস ইজ নট অ্যালাউড। আপনার যা বক্তব্য তাই বলুন।

**শ্রী আব্দুল মান্নান ঃ** একটা সরকার যখন পারিবারিক আদালত প্রতিষ্ঠা করেন তার পেছনে নিশ্চয় সরকারি কোনও যুক্তি আছে এবং যখন আইনজীবীরা ক্ষুব্ধ তখন মুখ্যমন্ত্রী সেখানে গিয়ে আইনজীবীদের কাছে সেই বক্তব্যটা পরিষ্কার করে বলতে পারতেন। আইনজীবীরাই সব নয়, পশ্চিমবাংলার সোয়া সাত কোটি মানুষও আছে। রাজ্য সরকারের একজন মন্ত্রী হিসাবে মুখ্যমন্ত্রীর সেই অনুষ্ঠানে যোগ দেওয়ার প্রশাসনিক ব্যবস্থার যে ব্যর্থতা সেই ব্যর্থতা মুখ্যমন্ত্রীকে স্বীকার করতে হবে।

(গোলমাল)

**মিঃ স্পিকার ঃ** ব্যর্থতা স্বীকার করার কোনও প্রশ্ন হচ্ছে না। মাননীয় মন্ত্রীর কাছে আমার একটা প্রশ্ন আছে, এই যে ফ্যামিলি কোর্ট করলেন, আইন অনুযায়ী আপনারা সেখানে উপস্থিত হতে পারবেন না। ওই কোর্টে যারা মামলা করবেন স্বামী-স্ত্রী, পারিবারিক ব্যাপার নিয়ে তারাই শুধু উপস্থিত হতে পারবেন। তারা নিজেরা গিয়ে মামলা করবেন এমনই একটা ব্যবস্থা আছে। কিছু সোস্যাল ওয়ার্কার আছে তারা তাদের অ্যাশোসিয়েশন তৈরি করেছে। অ্যাশোসিয়েশন করা হয়েছে কোর্ট চালু আছে বলে।

**শ্রী আব্দুল কায়ুম মোল্লা ঃ** আমরা বোর্ড অফ কাউন্সিলর তৈরি করার জন্য ৮টি সংস্থা তৈরি করেছি এবং ৮টি সংস্থার নাম হাইকোর্টে পাঠিয়ে দিয়েছি। আইন হচ্ছে রাজ্য সরকার বোর্ড অফ কাউন্সিলর তৈরি করবে। এই আটটি সংস্থার নাম হল ঃ (১) সরোজ নলিনী দত্ত মেমোরিয়াল অ্যাশোসিয়েশন, (২) লিগ্যাল এইড সারভিসেস, ওয়েস্ট বেঙ্গল, (৩) পশ্চিমবঙ্গ গণতান্ত্রিক মহিলা সমিতি, (৪) অ্যাশোসিয়েশন অফ সোশ্যাল হেলথ অফ ইন্ডিয়া, (৫) পশ্চিমবঙ্গ মহিলা সমিতি, (৬) অগ্রগামী মহিলা সমিতি, (৭) ডেমোক্রাটিক ল-ইয়ারস উইমেন্স সাব-কমিটি, (৮) নিখিলবঙ্গ মহিলা সমিতি। এই ৮টি সংস্থার নাম পাঠিয়েছি।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** প্রশ্ন হচ্ছে, জিনিসটা বোঝা দরকার। সেটা হচ্ছে পারিবারিক মানে, স্বামী-স্ত্রীর ঝগড়া সেটা মেটানোর ব্যাপার। কাউন্সিলারের ব্যাপার আছে। এটা উকিলরা

মামলাকে প্রলং করে ২ পয়সা নেওয়ার জন্য নয়। এটা হচ্ছে নরমাল মামলা। সেখানে তাদের রাইট অফ সিটিজেন নেই। কাউন্সিলিং-এর ব্যাপার একটা আছে। সেইজন্য এই ধরনের জিনিস, 'ডিভোর্স' করার ক্ষেত্রে সেখানে একটা সময় দিন। ইন দি হিট অফ মোমেন্ট তারা এটা করল, সঙ্গে সঙ্গে করলো তা নয়। সারটেন পিরিয়োড সেখানে আছে, কুল কাম ডাউন হয়ে বিচার করার জন্য। সেইজন্য এখানটাই সব জিনিস গুলিয়ে ফেলবেন না। আর একটা জিনিস যেটা মান্নান সাহেব বললেন সেটা বুঝতে চেষ্টা করুন। উকিলরা তো মুখ্যমন্ত্রীর কাছে আসতে পারতেন, ওই খানে গিয়ে হাঙ্গামা না করে। উকিলদের যদি কোনও গ্রিভেন্স থাকত এ ব্যাপারে কাগজে বেরিয়েছে তাহলে তারা মুখ্যমন্ত্রীর কাছে আসতে পারতেন, আসেন নি কেন? আমার প্রথম পয়েন্ট হচ্ছে তারা এ সম্বন্ধে বিবেচনা করার জন্য হায়েস্ট লেভেলে আলোচনা করার সুযোগটি না নিয়ে আজতো কেউ অস্বীকার করতে পারবেন না ঐখানে গিয়ে হাঙ্গামা করলেন কেন। তার ফটো বেরিয়েছে এবং তার কনসার্ন মিনিস্টার ইন চার্জকে দেওয়ার জন্য করেছে। It is a fact. Nobody can deny it.

**মিঃ স্পিকার ঃ** মিঃ মোল্লা, আমার প্রশ্ন হচ্ছে, আপনি উত্তর দিলেন যে কি একটা কাউন্সিলরদের ব্যাপার আছে এবং সেখানে আপনারা ৮টা সংস্থার নাম সুপারিশ করেছেন মাননীয় প্রধান বিচারপতির কাছে। মাননীয় প্রধান বিচারপতির সঙ্গে কনসাল্ট করে ঠিক করতে হয় ঐ প্যানেলটা যা আইনে আছে। আমার কথা হচ্ছে, তাহলে পজিশনটা এটাই দাঁড়ালো যে আজকে কোনও কাউন্সিলর নেই। আজকে যদি আমি ফ্যামিলি কোর্টে যাই তাহলে আমাকে কাউন্সিলিং দেবার কোন লোক নেই—এই হচ্ছে কথা।

**শ্রী আব্দুল কাইয়ুম মোল্লা ঃ** কাউন্সিলরদের নামটা আজকেই নেই তবে শীঘ্রই এসে যাবে।

**মিঃ স্পিকার ঃ** আমার প্রশ্ন হচ্ছে, আজকে যে লোক ফ্যামিলি কোর্টে যাবেন তিনি কার অ্যাসিস্ট্যান্স নেবেন?

**শ্রী আব্দুল কাইয়ুম মোল্লা ঃ** সরাসরি জজ নিজে করছেন।

**মিঃ স্পিকার ঃ** জজ কি অ্যাসিস্ট্যান্স উভয়পক্ষকে দেবেন যেখানে কনটেসটিং উভয় পার্টি আছেন?

**শ্রী আব্দুল কাইয়ুম মোল্লা ঃ** হ্যাঁ। আপাতত কেসগুলি লিস্ট করা হচ্ছে।

**মিঃ স্পিকার ঃ** কি অ্যাসিস্ট্যান্স দেবেন তাদের? এই কাউন্সিলিং-এর প্যানেলটা কি আগে অর্থাৎ কোর্ট গঠন করার আগে তৈরি করা যেত না?

**শ্রী আব্দুল কাইয়ুম মোল্লা ঃ** সেটা পাঠানো হয়েছে, এখনও লিস্টটা আসে নি।

**মিঃ স্পিকার ঃ** এটা তো বিপদের ব্যাপার। সব ব্যাপারটা চিন্তা করা দরকার। আপনি কোর্ট থেকে মামলা তুলে নিচ্ছেন এবং মামলা পাঠিয়ে দিচ্ছেন ফ্যামিলি কোর্টে, এখন যারা লিটিগেন্ট আছেন, কনটেস্টিং পার্টি তারা তো উকিল বিহীন হয়ে যাবেন। তারা আর উকিলের কাছে যেতে পারবেন না। এখানে আইনের অনেক কচকচির ব্যাপার আছে, ভালমন্দ সবকিছু বোঝার ব্যাপার আছে। কিছু অধিকার আছে—কিছু পাবে, কিছু পাবেনা। কতটুকু পাবে,

কতটুকু পাবে না এটা কাউন্সিলর থাকলে ঠিক আছে, গাইড করবেন। আমি খবরের কাগজে রিপোর্ট দেখলাম যে মাননীয় বিচারপতি বলেছেন যে, 'তোমার দরখাস্তটা আইন অনুযায়ী হয়নি। তিনি বলতে পারেন, বলা স্বাভাবিক। বেআইনি দরখাস্ত হলে খারিজ হবে। এরকম কোনও মামলা যদি খারিজ হয়ে যায় ফর ওয়ান্ট অব কাউন্সিলিং তাহলে তার দায়িত্বটা কি রাজ্য সরকারের উপর আসবে না?

**শ্রী আব্দুল কাইয়ুম মোল্লা ঃ** শীঘ্রই বোর্ড অব কাউন্সিলরস চলে আসছে। এরজন্য কোনও অসুবিধা হবে বলে মনে করছি না।

(গোলমাল)

**মিঃ স্পিকার ঃ** বসুন, বসুন। আই অ্যাম ট্রাইং টু আন্ডারস্ট্যান্ড দি পজিশন। মন্ত্রী মহাশয়, আপনি বলুন।

**শ্রী আব্দুল কাইয়ুম মোল্লা ঃ** বোর্ড অব কাউন্সিলরের ব্যাপারটা হাইকোর্টের কাছে পাঠানো হয়েছে অনুমোদনের জন্য এবং শীঘ্রই বোর্ড অব কাউন্সিলরস চলে আসছে। আজকে জজ নিজে করবেন এবং তার যা করণীয় জজ হিসাবে জজ হিমসেল্ফ তার করার অধিকার আছে।

(গোলমাল)

**মিঃ স্পিকার ঃ** মিঃ মোল্লা, আপনার কাছে রিকোয়েস্ট যে হাইকোর্টের সঙ্গে যোগাযোগ করে এটা যত তাড়াতাড়ি বের করা যায় সেই চেষ্টা করে বের করুন। নাউ কোয়েশ্চেন আওয়ার ইজ ওভার। আজকে দেখছি কোনও অ্যাডজর্নমেন্ট মোশন নেই। বিরোধীপক্ষ কি সরকার সম্বন্ধে খুশি হয়ে গেলেন যে অভিযোগ করার কিছু নেই?

## Starred Questions
## (to which Written answers were laid on the Table)

### শান্তিপুর পৌর স্টেডিয়াম

*১৩। (অনুমোদিত প্রশ্ন নং *২১৬) **শ্রী অজয় দে ঃ** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) শান্তিপুর পৌর স্টেডিয়ামের জন্য আর্থিক অনুদান চেয়ে আবেদন করা হয়েছে কি না; এবং

(খ) করা হয়ে থাকলে, তা বিবেচনার ব্যাপারটি বর্তমানে কোন পর্যায়ে আছে?

**ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) শান্তিপুর পৌরসভা থেকে স্টেডিয়াম নির্মাণের জন্য কেন্দ্রীয় সরকারের আর্থিক সাহায্য চেয়ে একটি প্রস্তাব এসেছিল।

(খ) পদ্ধতিগত কিছু ত্রুটি থাকার জন্য কেন্দ্রীয় সরকার প্রস্তাবটিকে পুনরায় সংশোধিত আকারে পেশ করতে বলেছেন।

এছাড়াও রাজ্য সরকারের কাছে ও একটি প্রস্তাব আছে, যেটি বিবেচনাধীন।

### টোটোপাড়ায় সৌরবিদ্যুৎ

*১৪। (অনুমোদিত প্রশ্ন নং *৯১) **শ্রী তপন হোড় ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্যি যে, জলপাইগুড়ি জেলার "টোটোপাড়ায়" সৌরবিদ্যুৎ প্রকল্প স্থাপন করতে রাজ্য সরকার ব্যবস্থা নিচ্ছেন; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত প্রকল্পটি রূপায়ণের কাজ শেষ হবে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) জলপাইগুড়ি জেলার 'টোটোপাড়ায়' সৌর বিদ্যুৎ প্রকল্প স্থাপনের ব্যাপারে প্রাথমিক সমীক্ষার কাজ হাতে নেওয়া হয়েছে।

(খ) সমীক্ষার কাজ শেষ হওয়ার পূর্বে বলা সম্ভব নয়।

### গ্রেট ইস্টার্ন হোটেলে লাভ-লোকসান

*১৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৪) **শ্রী আব্দুস সালাম মুন্সী ও শ্রী আব্দুল মান্নান ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গ্রেট ইস্টার্ন হোটেলটিতে গত দুইটি আর্থিক বছরে ১৯৯২-৯৩ ও ১৯৯৩-৯৪ সালে লাভ-লোকসানের পরিমাণ কত ছিল;

(খ) ইহা কি সত্যি যে, ঐ হোটেলটি কোনও বেসরকারি সংস্থার কাছে হস্তান্তর করা হচ্ছে; এবং

(গ) সত্যি হলে, শর্তগুলি কি কি?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯২-৯৩ আর্থিক বছরে ১৯,৬৯,৮২০ টাকা লোকসান হয়েছিল এবং ১৯৯৩-৯৪ আর্থিক বছরের আয় ব্যয়ের হিসাব এখনও প্রস্তুতির পথে।

(খ) না।

(গ) প্রশ্ন ওঠে না।

### হাইকোর্টে বিচারপতির শূন্যপদ পূরণ

*১৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৮২) **শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) বর্তমানে কলকাতা হাইকোর্টে বিচারপতির শূন্যপদের সংখ্যা কত;

(খ) শূন্যপদগুলি পূরণের জরুরি কোনও ব্যবস্থা নেওয়া হয়েছে কি না; এবং

(গ) হয়ে থাকলে, সেগুলি কি কি?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ১৩টি।

(খ) হ্যাঁ।

(গ) ১৩টি শূণ্য পদ পূরণের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে নাম পাঠানো হয়েছে।

## Upward Revision of Power Tariff

*17. (Admitted Question No. *44) **Shri Gyan Singh Sohanpal :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) whether it is a fact that a proposal for upward revision of Power Tariff in respect of domestic and industrial consumers, both in CESC and WBSEB served areas, is under the active consideration of the Government; and

(b) if so, a brief account of the proposal under consideration ?

**Minister-in-charge of the Power Department :—**

(a) The State Govt. have received propossls from the WBSEB, DPL and CESC for upward revision of tariff for all categories of consumers, including domestic and industrial consumers. The proposals are under study by the Government.

(b) The WBSEB's proposal is to increase the tariff between 15 to 66 paise per KHW according to the level of consumption/ category. Smaller hike for smaller consumers has been proposed.

The CESC's proposal is for hike between 18.71 to 59.71 paise.

The DPL's proposal is to bring their tariff at per with WBSEB's.

All the three have proposed enhancement of meter rent, miscellaneous charges etc. also.

## অযোধ্যায় পর্যটন কেন্দ্র গড়া

*১৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬৪) **শ্রী সুরেন্দ্রনাথ মাঝি :** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) *পুরুলিয়া জেলার অযোধ্যায় পর্যটন কেন্দ্র গড়ার কোনও পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি না; এবং*

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, কতদিনের মধ্যে তা কার্যকর হবে বলে আশা করা যায়?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পুরুলিয়া জেলায় অযোধ্যায় রাজ্য সরকারের ৫০ শয্যা বিশিষ্ট একটি পর্যটন কেন্দ্র (Dormitory) আছে এবং কেন্দ্রীয় সরকারের আর্থিক সহযোগিতায় সেটি সম্প্রসারণের কাজ হাতে নেওয়া হয়েছে।

(খ) কেন্দ্রীয় সরকারি আর্থিক সহায়তায় ২টি দুই শয্যা বিশিষ্ট কটেজ নির্মিত হয়ে চালু করা হয়েছে। অনুরূপ আরও ছ'টি কটেজ নির্মিয়মান। W.B. Comprehensive Area Development Corpn এগুলি তৈরি করছে। আগামী এক বছরের মধ্যে এগুলির নির্মাণকার্য শেষ হবে বলে আশা করা যায়।

**বিদ্যুতের দাম বৃদ্ধি**

*১৯। (অনুমোদিত প্রশ্ন নং *১০৭) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) একথা কি সত্যি যে, এ রাজ্যে বিদ্যুৎ-এর দাম বাড়ানোর প্রশ্নে রাজ্য সরকার সম্মতি দিয়েছে এবং এই দাম বৃদ্ধি সাধারণ গৃহস্থলি গ্রাহক ও কৃষকদের ক্ষেত্রেও কার্যকর হবে;

(খ) সত্যি হলে,

(১) বিদ্যুতের এই দাম বাড়ানোর জন্য রাজ্য সরকারের সম্মতি দানের কারণ কি;

(২) কবে থেকে বিদ্যুতের দাম বাড়বে; এবং

(৩) বিদ্যুতের দাম কি হারে বাড়বে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) (১) প্রশ্ন ওঠে না।

(২) প্রশ্ন ওঠে না।

(৩) প্রশ্ন ওঠে না।

**গ্রেট ইস্টার্ন হোটেল আধুনিকীকরণ**

*২০। (অনুমোদিত প্রশ্ন নং *৯৮) **শ্রী তপন হোড় ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

গ্রেট ইস্টার্ন হোটেল "আধুনিকীকরণ" বর্তমানে কোন পর্যায়ে আছে?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

যৌথ উদ্যোগে আধুনিকীকরণের একটি প্রস্তাব এখন সরকারের বিবেচনাধীন।

## কৃষি বিদ্যুতের দাম বৃদ্ধি

*২১। (অনুমোদিত প্রশ্ন নং *১৬০) **শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্যি যে, রাজ্য সরকার কৃষিক্ষেত্রে ব্যবহার্য বিদ্যুতের উপর ভর্তুকি কমিয়ে দাম বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছেন;

(খ) সত্যি হলে, এই সিদ্ধান্ত গ্রহণ করার কারণ কি; এবং

(গ) এই মূল্যবৃদ্ধিতে রাজ্য বিদ্যুৎ পর্ষদের ক্ষতির পরিমাণ কমবে কি?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

## রাজ্য পরিচালিত মৎস্য প্রকল্প

*২২। (অনুমোদিত প্রশ্ন নং *১২৭) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্যি যে, রাজ্য সরকার পরিচালিত মৎস্য প্রকল্পগুলিকে বেসরকারিকরণের পরিকল্পনা আছে; এবং

(খ) সত্যি হলে, তার কারণ কি?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## গ্রেট ইস্টার্ন হোটেল আধুনিকীকরণ

*২৩। (অনুমোদিত প্রশ্ন নং *১০৫) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) একথা কি সত্যি যে, গ্রেট ইস্টার্ন হোটেল আধুনিকীকরণের জন্য রাজ্য পর্যটন দপ্তর ফরাসি সংস্থা 'অ্যাকর এশিয়া প্যাসিফিক'-এর যৌথ উদ্যোগে এক প্রকল্প গ্রহণ করেছে; এবং

(খ) সত্যি হলে,

(১) হোটেল আধুনিকীকরণের এই প্রকল্পটি কত টাকার; এবং

(২) এই প্রকল্পে রাজ্য সরকারের প্রদেয় অর্থের পরিমাণ কত?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, প্রকল্পটি বিবেচনাধীন।

(খ) (১) সম্পূর্ণ প্রোজেক্ট রিপোর্ট এখনও তৈরি হয় নাই। প্রোজেক্ট রিপোর্ট তৈরি হলে টাকার সঠিক পরিমাণ স্থির হবে।

(২) এখনও স্থির হয় নি।

**বিশ্বকাপ ফুটবল দেখার জন্য রাজ্যের খরচ**

*২৪। (অনুমোদিত প্রশ্ন নং *২২৫) **শ্রী অজয় দে ঃ** ক্রীড়া ও যুব-কল্যাণ (ক্রীড়া) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) ১৯৯৪ সালে বিশ্বকাপ ফুটবল দেখার জন্য পশ্চিমবঙ্গ সরকার কতজনকে পাঠিয়েছিল;

(খ) কে কে গিয়েছিলেন; এবং

(গ) এই ব্যাপারে কত টাকা ব্যয় হয়েছে?

**ক্রীড়া ও যুব-কল্যাণ (ক্রীড়া) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১০(দশ) জন।

(খ) সর্বশ্রী

(১) চুনি গোস্বামী

(২) সুব্রত ভট্টাচার্য

(৩) কাজল মুখার্জি

(৪) রঞ্জিত মুখার্জি

(৫) গৌতম সরকার

(৬) সমরেশ চৌধুরি

(৭) ভাস্কর গাঙ্গুলি

(৮) সাবির আলি

(৯) মিহির বোস

(১০) সুধীন চ্যাটার্জি (আন্তর্জাতিক রেফারি)

## CALLING ATTENTION

**Mr. Speaker :** I have received eight notices of Calling Attention on the following subjects :

| | | |
|---|---|---|
| 1. Reported murder of 40 people during last 30 days in Murshidabad district. | : | Dr. Manas Bhunia. |
| 2. Reported death of four persons in two bus accidents in Arambagh Sub-division on 18.9.94. | : | Shri Abdul Mannan. |
| 3. Excavation of irrigation cannel of Tista River Project. | : | Shri Nirmal Das. |
| 4. Reported delay in issuing SC/ST/OBC certificates at Barrackpore under Alipurduar Sub-division. | : | Shri Monohar Tirkey. |
| 5. Reported assault on Justice S.N. Ganguly by some lawyers on 14-9-94. | : | Shri Dipak Mukherjee. |
| 6. Reported series of murder in Behrampur P.S. area of Murshidabad district. | : | Shri Saugata Roy. |
| 7. Exorbitant rates of sales Tax and Turn-over Tax in West Bengal in comparison with that in other states. | : | Shri Tapan Hore. |
| 8. Alleged murder attrocities by the antisocial elements supported by major rulling party at Pingla P.S. Midnapur. | : | Shri Manik Bhowmik. |

I have selected the notice of Shri Dipak Mukherjce on the subject of reported assault on Justice S.N. Ganguly by some lawyers on 14.9.94.

The Minister-in-charge will please make a statement today, if possible, or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on 22nd September, 1994.

## MENTION CASES

**শ্রী নাসিরুদ্দিন আহমেদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইতিপূর্বে মেনশনের ব্যাপার নিয়ে আপনি নির্দেশ দিয়েছিলেন তা আদৌ পালন করা হচ্ছে না। আমরা যারা মেনশন করি সেই ব্যাপারে কোনও এনকোয়ারি হয় কিনা জানিনা। আমি একটা রাস্তার বিষয় দীর্ঘদিন ধরে মেনশন করে আসছি। কিন্তু আপনার নির্দেশ সত্ত্বেও কিছু হয়নি। আপনি মন্ত্রী মহাশয়দের

নির্দেশ দিয়েছিলেন যে মেনশনগুলো সম্পর্কে যেন খবরাখবর নেওয়া হয়। আজকে আমি যে বক্তব্য রাখতে উঠেছি, ইতিপূর্বে আমি গত তিন বছর ধরে এই রাস্তার সম্পর্কে ১০ বার উল্লেখ করেছি। কিন্তু কোনও খবর এই সম্পর্কে পাইনি এবং রাজ্য সরকার আমাকে এই সম্পর্কে জানানোর দরকার বোধ করেন নি। আমার বক্তব্য হচ্ছে আমার বিধানসভা কেন্দ্র নওদা কেন্দ্রের ৬১নং নওদা বিধানসভা কেন্দ্রের বিস্তীর্ণ এলাকা, ১০ স্কয়ার কিলোমিটার এলাকা, শ্যামনগর বালি, টঙ্গি, সর্বাংপুর, চাঁদপুর, গোঘাটা এই নিয়ে একটা বিশাল এরিয়া সারা বছরের মধ্যে ৬ মাস বর্ষাকালে ডুবে থাকে। এই রাস্তার জন্য বারবার বলেছি। আমাদের সময়কালে ভোলা সেনের আমলে রেজিনগর থেকে সাত কিলোমিটার রাস্তা চাঁদপুর পর্যন্ত কাজ হয়েছিল। আমি বারবার বলেছি যদি এই রাস্তাটাকে শ্যামনগর, ডাকাতিয়া পোতা, বালি, টুঙ্গি এইসব জায়গা জুড়ে নিয়ে ১০ কিলোমিটার রাস্তা না করা যায় তাহলে দেশের মানুষ ক্ষিপ্ত হয়ে যাবে কারণ তারা অত্যন্ত অসুবিধার মধ্যে রয়েছে। আমরা ওখানে অবরোধ করতে বাধ্য হব, কাজেই এই বিষয়টার গুরুত্ব অনুধাবন করে জরুরি ভিত্তিতে ব্যবস্থা নেওয়া হোক।

**শ্রী কালিপ্রসাদ বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। হুগলি জেলার হরিপাল বিধানসভা কেন্দ্রে হরিপাল ব্লক প্রাইমারি হেলথ সেন্টার এবং রুরাল হেলথ সেন্টারকে আপগ্রেডেশন করার জন্য জেলা পরিকল্পনা কমিটি রাজ্যের স্বাস্থ্য দপ্তরকে সুপারিশ করে এবং রাজ্য স্বাস্থ্য দপ্তর এই সুপারিশ গ্রহণ করেছে। ৯১-৯২ সালের আর্থিক বছরে আপগ্রেডেশনের কাজ শুরু হয়। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয়, আপগ্রেডেশনের কাজ শুরু হলে, প্রথম পর্যায়ের এক্সরের রুম তৈরি করার বিষয়টা বারবার পি.ডব্লিউ.ডি. দপ্তর এবং রাজ্যের স্বাস্থ্য দপ্তরের মধ্যে চিঠি চালাচালি হয়, এখনও পর্যন্ত এক্সরে রুম হল না। আমি বার বার স্বাস্থ্য দপ্তর এবং পি.ডব্লিউ.ডি. দপ্তরের সঙ্গে যোগাযোগ করেছি কিন্তু তাদের মধ্যে একটা কাজিয়া চলছে। তাই আমি স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করব স্বাস্থ্য দপ্তর এবং পি.ডব্লিউ.ডি. দপ্তরের এই কাজিয়া বন্ধ করে হাসপাতালটা যাতে আপগ্রেডেশন হয় তার ব্যবস্থা করুন।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যম একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টা হচ্ছে, এর আগে রাজীব গান্ধীকে হস্তক্ষেপ করতে হয়েছিল এবং একটা সমাধানে পৌঁছানো গিয়েছিল। রাজ্য সরকার কিছুদিন আগে পঞ্চায়েত নির্বাচনের দিন ঘোষণা করেছিলেন দার্জিলিং-এ। কিন্তু ঘিসিং-এর আপত্তিতে সেখানে পঞ্চায়েত নির্বাচন বন্ধ হয়ে গেল। আমরা দেখেছি এক কালের দেশোদ্রোহী সুভাষ ঘিসিং এখন বামফ্রন্ট সরকারের ঘনিষ্ট বন্ধু। মাননীয় মুখ্যমন্ত্রীর খুব ঘনিষ্ঠ বুদ্ধদেববাবু। তাদের সঙ্গে আলোচনা করে পঞ্চায়েত নির্বাচন বন্ধ করে দেওয়া হয়েছিল। আবার কিছুদিন আগে আমরা দেখলাম মাননীয় দুই মন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যও, অশোক ভট্টাচার্য তারা সুভাষ ঘিসিং এর সঙ্গে আলোচনা করেছেন পঞ্চায়েত নির্বাচনের ব্যাপারে। এটার সবটাই আমরা সংবাদ পত্রের মাধ্যমে পাচ্ছি। এবং তারাও বলেছেন মুখ্যমন্ত্রী আমাদের বিস্তারিত জানাবেন। পঞ্চায়েত নির্বাচন নিয়ে আমাদের আলোচনা চলছে। আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আহ্বান জানাচ্ছি যে দার্জিলিং এর পঞ্চায়েত নির্বাচনের ব্যাপারে পার্বত্য পরিষদের চেয়ারম্যান সুভাষ ঘিসিং এর সাথে কি আলোচনা হয়েছে এবং পঞ্চায়েত নির্বাচন সেখানে কবে হবে এগুলির বিস্তারিত

তথ্য জানানো হোক। কারণ আমরা দেখেছি পাহাড়ের অশান্তি নিয়ে বামফ্রন্ট সরকার চিরকাল রাজনীতি করেছেন এবং এবছরটাও একটা রাজনীতি করার চেষ্টা করছেন, ২টি উপনির্বাচন জেতার জন্য দুটো বিধান সভার উপনির্বাচন কেন্দ্র দার্জিলিং, কার্শিয়াং এ জেতার জন্য। ঘিসিং এর সঙ্গে আতাঁত করলেন। তার সঙ্গে আঁতাত করলেন বন্ধু হিসাবে, তাতে আমাদের আপত্তি নেই। যারা একদিন বুটা সিং, ঘিসিং এক হ্যায় বলেছিলেন, তারাই আজ তাদের সঙ্গে হাত মিলিয়েছে, তাতেও আমাদের আপত্তি নেই। কিন্তু পাহাড়ের অশান্তি নিয়ে দয়া করে বামফ্রন্ট সরকার রাজনীতি করবেন না। পঞ্চায়েত নির্বাচন নিয়ে কি গোপন কথা আপনাদের হয়েছ, মার্কসবাদি কমিউনিস্ট পার্টির নেতৃবৃন্দের সঙ্গে সুভাষ ঘিসিং এর কি কথা হয়েছে, সেটা প্রকাশ্যে জানানো হোক। মাননীয় মুখ্যমন্ত্রী যেন সেটা আমাদের প্রকাশ্যে জানান। সামনেই পূজোর সময় ট্যুরিস্টরা সেখানে যারা যাবেন তারা এখন একটা আতঙ্কের মধ্যে দিন কাটাচ্ছেন। এটা পরিষ্কার ভাবে জানানো হোক, যাতে মানুষ আশ্বস্ত হয়। এটা আপনার মাধ্যমে আবার'ও মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করি—পাহাড়ের নির্বাচন এর সর্বশেষ পরিস্থিতি সম্পর্কে আমাদের জানান। পঞ্চায়েত নির্বাচন সম্পর্কে কি আলোচনা হয়েছে এবং কবে হবে, সেটা জানান। ধন্যবাদ।

**শ্রী দীপক মুখার্জি ঃ** (অনুপস্থিত।)

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** স্যার আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আই পি পি ফোর প্রকল্পে নির্মিত বর্ধমান জেলায় মন্তেশ্বর ব্লকের ময়না গ্রামীণ হাসপাতালটিও দীর্ঘ ৩ বছর এর অধিক সময় ধরে চালু করা যাচ্ছে না। বার বার জেলায় চিফ মেডিক্যাল অফিসারের সঙ্গে যোগাযোগ করা হয়েছে। এমন কি বিধানসভায় গত অধিবেশনে লিখিত পর্বে এই কথাটা আমি উল্লেখ করেছিলাম। লক্ষ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত হাসপাতালটি এইভাবে পড়ে থাকায় গণ-অসন্তোষ বাড়ছে। প্রকৃতপক্ষে হাসপাতালটি বর্তমানে একটি ভুতুড়ে তথা পরিত্যক্ত বাড়িতে পরিণত হয়েছে। শুধু তাই নয়, দরজা জানালা নষ্ট হয়ে যাচ্ছে, ভেতরে গরু চরছে এবং পাহারাদারের কোনও ব্যবস্থা নেই। একটা স্থায়ী সম্পদ ধ্বংসের হাত থেকে অবিলম্বে রক্ষা করতে হলে হাসপাতালটি অবিলম্বে চালু করা দরকার। তাই এ বিষয়ে যথাযথ ব্যবস্থা নিতে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন করছি এবং দাবি জানাচ্ছি।

**শ্রী খাবিরুদ্দিন আহমেদ ঃ** (অনুপস্থিত।)

**শ্রী তরুণ অধিকারি ঃ** (অনুপস্থিত।)

[12-10 — 12-20 p.m.]

**শ্রী শিবদাস মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। নদীয়া জেলার কৃষ্ণনগরে এস টি এম নামে একটি কার ইঞ্জিনিয়ারিং শিল্পের কারখানা আছে। এই কারখানাটিতে সাড়ে তিনশো শ্রমিক কাজ করেন। ১৯৯২ সাল থেকে কারখানাটি বন্ধ আছে। এই কারখানাটি বন্ধ থাকার ফলে ৬ জন শ্রমিক মৃত্যুমুখে পতিত হয়েছেন, আত্মহত্যা করতে বাধ্য হয়েছেন। এই কারখানার যিনি মালিক, তার নাম অনীক পাল চৌধুরী। তিনি কলকাতায় থাকেন। তার কয়েকটি এস টি এম (আই) কারখানা

নারকেল ডাঙ্গায় আছে। সেখানে অনেকটা জমি নিয়ে এই কারখানাটি তৈরি। সেই জমিটিকে বিক্রি করে দিতে চাইছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় মন্ত্রী পতিতপাবন পাঠক, কৃষ্ণনগরের সার্কিট হাউসে মালিককে ডেকেছিলেন। মালিক ওনার ডাকে সাড়া না দিয়ে কলকাতা থেকে লোক দিয়ে পাঠিয়েছেন যে আমি মিটিংয়ে যেতে পারবো না। শ্রমিক দরদী বামফ্রন্ট সরকারের আমলে কৃষ্ণনগরের এস.টি.এম. (২) কারখানাটির ৬ জন শ্রমিক ইতিমধ্যেই অনাহারে মারা গেছেন। অথচ তা নিয়ে বামফ্রন্টের কোনও মন্ত্রীর কোনও চিন্তা নেই! মুখ্যমন্ত্রীর সচিবালয়ের শ্রী সুজিত পোদ্দার ঐ কারখানার মালিককে ডেকেছিলেন, কিন্তু মালিক তাকে বলেছেন, তিনি কারখানাটি খুলবেন না। তিনি বলেছেন, 'শ্রমিকরা মরে গেলেও আমি কিছু করতে পারব না। আমি কারখানাটি খুলতে পারব না।' এই অবস্থায় আমি আপনার মাধ্যমে সরকারের কাছে দাবি জানাচ্ছি হয় অবিলম্বে কারখানাটি খোলার ব্যবস্থা করে অথবা শ্রমিকদের প্রফিডেন্ট ফান্ড, গ্রাচ্যুয়িটির টাকা পয়সা পাইয়ে দিয়ে তাদের অন্যত্র কাজের ব্যবস্থা করে বাঁচানো হোক। এই দাবি আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী, শ্রমমন্ত্রী এবং ক্ষুদ্র শিল্প দপ্তরের মন্ত্রী শ্রী পতিতপাবন পাঠক মহাশয়ের কাছে রাখছি।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি জনস্বার্থে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, উলুবেড়িয়া মহকুমা হাসপাতালটিতে এক শোচনীয় অবস্থার সৃষ্টি হয়েছে। ওখানে দু'জন মেডিসিনের ডাক্তার আছেন, তারা প্রাইভেট প্র্যাকটিস এবং নার্সিং হোম নিয়ে ব্যস্ত। গরিব রুগিরা হাসপাতালে গেলে তারা তাদের বলেন, '৫০০০ টাকা, ৬০০০ টাকা খরচ করে নার্সিং হোমে ভর্তি হোন।' ঐ হসপিটালটিতে কোনও ব্লাড ব্যাঙ্ক নেই, কুকুরে কামড়ালে বা সাপে কামড়ালে কেউ যদি ওখানে যায় তাহলে তাকে কোনও ওষুধ দেওয়া হয় না। কারণ ওষুধ নেই। উলুবেড়িয়া মহকুমা হাসপাতালে যিনি এস.ডি.এম.ও. আছেন, তিনি হাসপাতালটিতে যাতে শৃঙ্খলা ফিরে আসে এবং গরিব রুগিরা যাতে ট্রিটমেন্ট পায় তারজন্য সব সময়ই চেষ্টা করছেন। কিন্তু ঐ দু'জন ডাক্তার সমস্ত কিছু নষ্ট করে দিচ্ছেন। ঐ দু'জনের মধ্যে একজনের নাম ডাঃ রূপেন বসু মল্লিক। তিনি প্রাইভেট প্র্যাকটিস করতে এতই ব্যস্ত যে হাসপাতালে কোনও রুগী দেখেন না। এই অবস্থা ওখানে চলছে। এই অবস্থায় আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের বিষয়টির প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। উলুবেড়িয়ার জনসাধারণের স্বার্থে তিনি অবিলম্বে তদন্ত করে ব্যবস্থা গ্রহণ করুন। তানাহলে উলুবেড়িয়া হাসপাতালটি নরক-কুন্ডে পরিণত হচ্ছে অবিলম্বে স্বাস্থ্যমন্ত্রী মহাশয় ব্যবস্থা গ্রহণ করুন, এই অনুরোধ আমি আপনার মাধ্যমে তার কাছে রাখছি।

**শ্রী রাজকুমার মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি জরুরি বিষয়ের প্রতি আপনার এবং সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং হস্তক্ষেপ প্রার্থনা করছি। বিষয়টা হচ্ছে আমাদের উলুবেড়িয়া অঞ্চলে ফোর্ট গ্রস্টার-সহ চারটি বড় বড় কারখানার, বহু ব্যবসায়ির টেলিফোন গত চার মাস ধরে বন্ধ হয়ে রয়েছে। আমি বিষয়টির প্রতি উলুবেড়িয়া টেলিফোন এক্সচেঞ্জের দৃষ্টি আকর্ষণ করেছিলাম, কিন্তু কোনও ফলাফল না হওয়ায় জে.এম. (সেন্ট্রাল)-এর দৃষ্টি আকর্ষণ করি, তার সঙ্গে আলোচনা করি। তিনি সমস্ত কথা শুনে আমাকে আশ্বাস দিয়েছিলেন — শীঘ্রই টেলিফোন গুলো চালু করা হবে। কিন্তু তারপর দুমাস হয়ে

গেছে, এখন পর্যন্ত চালু হয়নি। সেজন্য আমি বিষয়টিতে আপনার হস্তক্ষেপ একান্তভাবে প্রার্থনা করছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, সুন্দরবন এলাকায় নদী পার হয়ে আসার জন্য অধিকাংশ জায়গায় জেটি ঘাট নেই। মুষ্টিমেয় যে কয়েকটি জেটি ঘাট আছে তাদের অবস্থা অত্যন্ত সংকীর্ণ এবং খারাপ। গতকাল রায়দীঘির ফেরিঘাটে একটা ভুটভুটি ৫০ জন প্যাসেঞ্জার নিয়ে আসছিল। ওখানে যে জেটি ঘাট আছে তার অর্দ্ধেক সিঁড়ি নেই, ভেঙে গেছে। প্যাসেঞ্জাররা যখন নামছিল তখন তারমধ্যে একজন বৃদ্ধ নামতে গিয়ে জলে পড়ে যায় এবং সঙ্গে সঙ্গে ডুবে যায়, তাকে খুঁজে পাওয়া যায়নি। জেটি ঘাটটি ভাল থাকলে তার মৃত্যু হত না। সেখানে যে পুলিশ পাহারায় থাকে তাদের কাজ হচ্ছে খালি চাঁদা তোলা। আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, সুন্দরবনের ক্ষেত্রে একটা মাস্টার প্ল্যান তৈরি করা দরকার বিশেষ করে জেটি ঘাট তৈরি করার জন্য। আমার দাবি, শুধু রায়দীঘির জেটি ঘাট অবিলম্বে মেরামত নয়, সমস্ত সুন্দরবন এলাকায় অবিলম্বে জেটি ঘাট তৈরি করা হোক। কারণ লক্ষ লক্ষ মানুষ নদী পার হয়। তারা কাদা মাড়িয়ে বাঁশের পোল পার হয়। আর যে ব্যক্তিটি মারা গেছে তার যেন ক্ষতিপূরণের ব্যবস্থা গ্রহণ করা হয় তারজন্য আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে দাবি করছি।

**শ্রী ব্রজগোপাল নিয়োগী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। হুগলি জেলার পোলবা ব্লকের ২টি থানায় পোলবা এবং দাতপুরে মাদ্রাসা এবং গার্লস স্কুল মিলিয়ে ২৫টি হাইস্কুল আছে, কিন্তু সেখানে একটাও হায়ার সেকেন্ডারি স্কুল নেই। উচ্চ মাধ্যমিক বিদ্যালয় একটাও নেই। যে সমস্ত ছাত্ররা মাধ্যমিক পাশ করে তার অর্দ্ধেক ছাত্র পড়া-শুনা ছেড়ে দিতে বাধ্য হয়। সেইজন্য আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে পোলবা ব্লকের ২টি থানায় কমপক্ষে একটি উচ্চ মাধ্যমিক স্কুল মঞ্জুর হয় তারজন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন, কারণ ছাত্ররা ভর্তি হতে পারছে না, পড়াশুনা বন্ধ হয়ে যাচ্ছে।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় সেচমন্ত্রী গত জুন মাসে তার বাজেট বক্তৃতার জবাবি ভাষণে বলেছিলেন মেদিনীপুর জেলায় পূর্ব সেচ দপ্তরের অফিস মেদিনীপুর শহর থেকে তমলুক শহরে আসবে এবং কাঁথি ডিভিসনে কাঁথি ডিভিসনাল অফিস খোলা হবে। কিন্তু শিফটিং অর্ডার হওয়া সত্ত্বেও আজকে অফিসটি স্থানান্তরিত হল না। মাননীয় মন্ত্রী মহাশয় এই বিধানসভার অভ্যন্তরে দাড়িয়ে এই প্রতিশ্রুতি দিয়েছিলেন যে ১ মাসের মধ্যে মেদিনীপুর ইস্ট ডিভিসন ইরিগেশন অফিস মেদিনীপুর শহর থেকে তমলুকে যাবে। ভাগ করে কাঁথি ডিভিসনাল অফিস খোলা হবে ইরিগেশন দপ্তরের কাজের সুবিধার জন্য কিন্তু ৩ মাস অতিক্রান্ত হল, সেচ দপ্তর তথা মন্ত্রী মহাশয় কোনও উদ্যোগ গ্রহণ করেননি সেখানে নিয়ে যাবার জন্য। তাই আমি মন্ত্রী মহাশয়ের কাছে বিনীতভাবে নিবেদন করতে চাই, প্রতিশ্রুতি পালনের জন্য এবং এলাকার মানুষের সুবিধার জন্য সেই অফিসটি অনতিবিলম্বে স্থানান্তরিত করা হোক।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের

কাছে একটা গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করতে চাই। গত ২৪ আগস্ট থেকে বাড়ি বাড়ি গিয়ে ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্ত করার কাজ শুরু হয়েছে। নির্বাচন কমিশনের পক্ষ থেকে এই নাম তালিকাভুক্ত করার জন্য এনিউমারেটর নিয়োগ করা হয়। এই রাজ্যে সাধারণত এনুমারেসনের এই কাজটা জব ওয়ারকাররা করে থাকেন। এবারেও ঐ কাজের জন্য তাদের উপর দায়িত্ব দেওয়া হয়েছিল, কিন্তু হঠাৎ ঐ তুঘলকি আদেশ হল যে জব ওয়ারকারদের দিয়ে এনুমারেসনের কাজ করানো চলবে না। ফলে গোটা কাজটা ব্যাহত হচ্ছে, নাম তালিকাভুক্ত করার মতো একটা গুরুত্বপূর্ণ কাজ সেটা দারুণভাবে ব্যাহত হচ্ছে। মাননীয় মুখ্য নির্বাচনী কমিশনার নাম তালিকাভুক্ত করার থেকে অন্য কাজে ব্যস্ত আছে। আমি তাই রাজ্য সরকারের কাছে দাবি জানাচ্ছি যে ইতিমধ্যে ২৬ দিন অতিবাহিত হয়ে গেছে, আগামী ৭ই অক্টোবর নাম তালিকাভুক্ত করার শেষ দিন, আর মাত্র ১৮ দিন বাকি আছে। এই কাজে যথাযথ দায়িত্ব পালন না করার ফলে নাগরিকরা নাম তালিকাভুক্ত করার মতো একটা গুরুত্বপূর্ণ অধিকার থেকে বঞ্চিত হচ্ছেন। তাই আমি রাজ্য সরকারের কাছে দাবি জানাচ্ছি যে এই ব্যাপারে মাননীয় মুখ্য নির্বাচনী কমিশনারের সঙ্গে যোগাযোগ করে এই কাজটা দ্রুততার সঙ্গে সম্পন্ন হয় জব ওয়ারকারদের মাধ্যমে সম্পন্ন করা হয় সে ব্যাপারে হস্তক্ষেপ করুন।

[12-20 — 12-30 p.m.]

**শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৯১ সালে আমার প্রশ্নের উত্তরে হাউসে মাননীয় মন্ত্রী মহাশয় প্রতিশ্রুতি দিয়েছিলেন গোবরডাঙ্গা এলাকায় একটা ৩৩ কে.বি. সাব স্টেশন হবে। ১৯৯২ সালে ঐ একই প্রশ্নে উনি বলেছিলেন যে মিউনিসিপ্যালিটি জমি দিলে কাজ শুরু করব। মিউনিসিপ্যালিটির জমি রেখে দেওয়া হয়েছে, তারপরে বললেন যে জমি ডেভেলপ করতে হবে। ১৯৯১-৯২ তে অ্যাসিওর করার পর এখন পর্যন্ত কাজের কোনও লক্ষন নেই। উনি বলেন যে উনি নিজে সিদ্ধান্ত নেন, তবে এ ব্যাপারে আমলাদের কোনও ব্যাপার আছে কিনা জানিনা। আমি বিদ্যুৎ ভবন, সল্টলেকে, চিফ ইঞ্জিনিয়ার ডিস্ট্রিবিউশন, সেক্রেটারি, চেয়ারম্যান সকলকে জানিয়েছি, সকলে বললেন যে পৌরসভাকে জমি দিতে হবে। সেই জমি আবার বাউন্ডারি ওয়াল করতে হবে, ডেভেলপ করতে হবে, তারপর বিদ্যুৎ পর্ষদ ঐ জমি কিনবে, তারপর কাজ শুরু হবে। আমার জিজ্ঞাস্য এসব ব্যাপারে উনি নিজের সিদ্ধান্তে চলেন না আমলাদের সিদ্ধান্তে চলেন? ১৯৯১-৯২ সালে অ্যাসিওর করলেন উইদিন এ শর্ট পিরিয়ড কাজ শুরু করবেন, এখন নদীর অপর পাড়ে হাবড়া বিধানসভা কেন্দ্রে কাজ শুরু হবে। যাতে অবিলম্বে কাজ শুরু হয় সেই দাবি জানাচ্ছি।

**শ্রী নিতাইচরণ আদক ঃ** (মাননীয় সদস্য উপস্থিত ছিলেন না।)

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** (মাননীয় সদস্য উপস্থিত ছিলেন না।)

**মিঃ স্পিকার ঃ** শুধু মন্ত্রীদের গাল মন্দ করে লাভ নেই। মেম্বারদেরও একই অবস্থা চলছে।

**শ্রী কমলকান্তি গুহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত কয়েক মাস ধরে উত্তরবঙ্গে খরা পরিস্থিতির সৃষ্টি হয়েছে। সেই সম্বন্ধে রাজ্য সরকারের কোনও সামগ্রিক পরিকল্পনা আমি

দেখছি না। কিছু কিছু দপ্তর দায় সারা ভাবে তাদের দায়িত্বের কথা বলছেন। কিন্তু এই খরাকে কিভাবে মোকাবিলা করা যাবে কিভাবে কৃষি অর্থনীতির পুনর্বাসন হবে সে সম্বন্ধে কোনও পরিকল্পনা আমাদের সামনে রাখা হচ্ছে না। খরার জন্য কৃষক পাট পচাতে পারে নি, পাট ভাল করে ধুতে পারে নি, পাটের গুণগত মান অত্যন্ত খারাপ হয়েছে, সেই পাট কেন্দ্রীয় সরকারের নির্ধারিত মূল্যে বিক্রি হচ্ছে না অনেক কম মূল্যে বিক্রি হচ্ছে। জে.পি.আই. সমবায় দপ্তর পাট কেনার জন্য নামছে না, রাজ্য সরকার জে.সি.আই. সমবায় দপ্তরের উপর চাপ সৃষ্টি করতে পারছেন না। তাই আপনার মাধ্যমে আমি দাবি জানাচ্ছি যে, রাজ্য সরকার অনতিবিলম্বে সামগ্রিক পরিকল্পনা নিয়ে উত্তরবঙ্গের খরা পরিস্থিতি মোকাবিলার জন্য যুদ্ধকালীন ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের বোলপুরে যে সাবডিভিসন্যাল হাসপাতালটি আছে সেখানে একটা অরাজকতা চলছে। প্রায় ৩ সপ্তাহ এক মাস অতিক্রান্ত হয়ে গেল সেখানে অ্যানাসথেসিয়া নেই। অ্যানাসথেসিয়া না থাকবার ফলে সেখানে কোনও অপারেশন হতে পারছে না, ফলে সেসব রোগিকে সিউড়ি, বোলপুর বা কলকাতায় পাঠাতে হচ্ছে এবং তারফলে মানুষজনকে প্রচন্ডভাবে সাফার করতে হচ্ছে। অ্যানাসথেসিয়া ইনডেন্ট অনেক আগেই রাইটার্স পাঠানো হয়েছে, কিন্তু আজও সেটা সেখানে গিয়ে পৌঁছায়নি। এছাড়া সাপে কামড়ানো বা কুকুরে কামড়ানোর ওষুধের যদি চারশো ফাইলের ইনডেন্ট থাকে, সে ক্ষেত্রে পাওয়া যায় ৩০-৪০ টির মতো। এইরকম একটা অবস্থার মধ্যে দিয়ে আজকে বোলপুর মহকুমা হাসপাতালটি চলছে। এরমধ্যে আর একটি মারাত্মক ঘটনা ঘটেছে। একজন ডাক্তার ও নার্সের অবহেলার জন্য ঐ হাসপাতালে একটি শিশু মৃত্যুমুখে পতিত হয়েছে, তার মা কোনও রকমে বেঁচে গেছেন। ঐ ডাক্তার ও নার্সকে গ্রেপ্তার করা হলেও তারা জামিন পেয়ে পুনরায় সেখানে ডিউটি করছেন। এ-ব্যাপারে সেখানকার মানুষের মধ্যে ক্ষোভ রয়েছে। অ্যানাসথেসিয়া নেই, সাপে এবং কুকুরে কামড়ানোর ওষুধ নেই, অপর দিকে ডাক্তার এবং নার্সদের এরকম অবহেলা, তারফলে ঐ মহকুমা হাসপাতালে একটা চরম অবস্থার সৃষ্টি হয়েছে। সেজন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে সজোরে দাবি জানাচ্ছি, অবিলম্বে ঐ হাসপাতালকে অরাজক অবস্থা থেকে মুক্তি দেওয়া হোক।

**শ্রী সাধন পান্ডে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে রাজ্যের মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই হাউসে ইস্কোর মডার্নাইজেশন এবং প্রাইভেটাইজেশনের ব্যাপারে আমরা রেজলিউশন গ্রহণ করেছি। আমাদের মুখ্যমন্ত্রী সম্প্রতি বলেছেন যে, তিনি ভারতবর্ষের মুখ্যমন্ত্রী নন, একটি রাজ্যের মুখ্যমন্ত্রী। তবে পশ্চিমবঙ্গ ভারতবর্ষেরই একটি অঙ্গরাজ্য। কিন্তু এখানে যেসব ঘটনা ঘটছে তা নিয়ে আলোচনা দরকার। এবারের বিধানসভা অল্প সময়ের জন্য ডাকা হয়েছে, কিন্তু দেখা যাচ্ছে রাজ্যের সমস্তরকম অর্থনৈতিক কাঠামো এবং সরকারের নীতি এসব পাল্টে যাচ্ছে। ওরা কংগ্রেসের নীতির সঙ্গে সহমত হয়েছেন, আপত্তি নেই, কিন্তু টেন্ডার ডাকার ব্যাপারে ভারতবর্ষের নীতিই পশ্চিমবঙ্গের নীতি হওয়া দরকার। দেখা যাচ্ছে, রাজ্য সরকার প্রাইভেটাইজেশনে সরকারি সম্পত্তি দিয়ে দিচ্ছেন। এ-ব্যাপারে বারবার বলেছি। এখানে আপনার মাধ্যমে আবারও মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, গ্রেট ইস্টার্ন হোটেলের মতো

এতবড় একটা সরকারি প্রপারটি উইদাউট টেন্ডার একটা প্রাইভেট ওনারকে দেওয়া যেতে পারে না। হোটেলটির মডার্নাইজেশন করতে ইন্টার ন্যাশনাল টেন্ডার ডেকে সেটা করা যেত। আজকে একটা প্রিসিডেন্ট রাজ্য সরকার সৃষ্টি করছেন। এটা আমার বাবার সম্পত্তি নয় যে যাকে খুশি তাকে বিলি করে দেব। পরবর্তীকালে বিরোধী দলে বসলে বামফ্রন্টকে জনসাধারণের কাছে উত্তর দিতে হবে এরজন্য আজকে হোটেলটির মডার্নাইজেশন এবং শ্রমিক স্বার্থ রক্ষায় ইন্টারন্যাশনাল টেন্ডার ডাকা হোক, কারণ টেন্ডার না ডেকে এরকম কাজ করা যায় না। এভাবেই আপনারা টেবিলের নীচ দিয়ে ইস্টার্ন বাইপাশের ধারে লক্ষ লক্ষ কাঠা জমি বিলি করেছেন। এই যদি আপনাদের নীতি হয় তাহলে তার বিরুদ্ধে আমরা ব্যবস্থা নেব। এসব দালালি, টেবিলের তলা দিয়ে আন্ডারস্ট্যান্ডিং আমাদের সহ্য হবে না।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের শিক্ষা দপ্তর এবং অর্থ দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের উপরে। রাজ্যের বিভিন্ন জেলায় মাধ্যমিক বিদ্যালয়গুলিতে শিক্ষক নিয়োগ বন্ধ। রাজ্যের বিভিন্ন কলেজে শিক্ষকের অভাব, তাদের আর্থিক সঙ্কট। গত পে কমিশনে যে রায় দিয়েছে সেই অনুযায়ী বকেয়া পাওনা আজ পর্যন্ত মেটানো হচ্ছে না। অর্থমন্ত্রী ঘোষণা করেছেন যে আর্থিক অবস্থা ভাল। ইতিমধ্যে কেন্দ্রীয় সরকার আর এক কিস্তি ডি.এ. ঘোষণা করেছেন। রাজ্য সরকারি কর্মচারী, শিক্ষক কর্মচারী এবং অশিক্ষক কর্মচারিদের আর এক কিস্তি ডি.এ. পাওনা হয়েছে। তারা যাতে এই ডি.এ. পূজোর আগে পান সেই ব্যবস্থা করা হোক। রাজ্যের বিভিন্ন বিদ্যালয়গুলিতে মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক এবং কলেজগুলিতে যাতে শিক্ষকদের জন্য এই ব্যবস্থা দ্রুত নেওয়া হয় তারজন্য আমি শিক্ষা দপ্তর এবং তার সঙ্গে যারা যুক্ত আছেন তাদের কাছে, অর্থমন্ত্রী এবং তার সঙ্গে অর্থ দপ্তরের যারা যুক্ত আছেন, তাদের কাছে আবেদন রাখছি যে, আপনারা আপনাদের প্রতিশ্রুতি অবিলম্বে পালন করুন।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, আপনার মাধ্যমে বিদ্যুৎমন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমরা সকলেই বলাবলি শুরু করেছিলাম যে বিদ্যুতের পরিস্থিতি ভাল হয়েছে। আমার কেন্দ্রের একটি কথা আমি আপনার মাধ্যমে বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত এক মাস ধরে বারুইপুর কেন্দ্রের দক্ষিণ ২৪ পরগনার বিভিন্ন অঞ্চলে বিদ্যুৎ পরিস্থিতি শোচনীয় অবস্থায় পৌঁছে গেছে। এক মাস ধরে সেখানে বিদ্যুৎ কখনও থাকছে, আবার কখনও থাকছে না। এর কোনও নিয়ম-শৃঙ্খলা নেই যে এটা কিভাবে দেওয়া হবে। আমরা যদি জানতে পারি যে কতক্ষণ বিদ্যুৎ থাকবে তাহলে কলকারখানা বা সাধারণ মানুষ সেইভাবে প্রস্তুত হতে পারে। কিন্তু দেখা যাচ্ছে যে কখনও বিদ্যুৎ আসছে, আবার সেটা চলে যাচ্ছে, কোনও নিয়ম-শৃঙ্খলা নেই। গত পরশুদিন ৩৬ ঘন্টা লাগাতার বারুইপুরে বিদ্যুৎ ছিলনা। এই পরিস্থিতির কথা যারা লিখেছেন, তারা বলছেন যে শঙ্করবাবু কলকাতা শহরের লোকেদের বিদ্যুৎ দিয়ে খুশি করতে চেয়েছেন। আমাদের ওখানে লো ভোল্টেজে আলো জ্বলছে। এই পরিস্থিতি গ্রাম বাংলায় ভয়ঙ্করভাবে দেখা দিয়েছে। কাজেই আমি আপনার মাধ্যমে এই পরিস্থিতি সুরাহা করার জন্য আপনার মাধ্যমে বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীমতী মিনতী ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি

গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং সেই সম্পর্কে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানাচ্ছি। গঙ্গারামপুর থানার বাসুরিয়ায় গত ১৭.৮.৯৪ তারিখে সি.পি.এম সমর্থকরা সর্বভারতীয় ২৯ তারিখের ধর্মঘটকে সামনে রেখে যখন মিছিল করছিল, সেই সময়ে আতর্কিত ভাবে কংগ্রেসের গুন্ডা বাহিনী তাদের উপরে বোমা বর্ষণ করে, তীর ধনুক নিয়ে আক্রমণ করে। এই মারাত্মক তীর বর্ষণের ফলে, বোমা বর্ষণের ফলে আমাদের ৫ জন কমরেড মারাত্মক ভাবে আহত হন এবং বৃদ্ধ রামপ্রসাদ নামে একজন ক্ষেতমজুর সমর্থক, তাকে গুরুতর আহত অবস্থায় মেডিক্যাল কলেজে এনে এমার্জেন্সি ওয়ার্ডে ভর্তি করা হয়। আমি এই বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে গত ১৫ তারিখে গঙ্গারামপুরে উত্তরবঙ্গ যুব কংগ্রেসের রাজনৈতিক শিক্ষা শিবিরের নামে সমস্ত উত্তরবঙ্গে সমাজবিরোধীদের অ্যাসেম্বল করা হয়। সেখানে জনৈক দিদির একান্ত অনুরাগী, সৌগতবাবু, শোভনবাবু, তারা সেই রাজনৈতিক শিক্ষা শিবিরের নামে সেখানে গিয়ে তাদের আনুগামীদের সর্বত্র খুনের রাজনীতি করার নির্দেশ দিয়ে আসেন এবং সেই নির্দেশকে কার্যকর করতে গিয়ে তাদের অনুগামীরা খুন, সন্ত্রাস এবং লুঠতরাজের রাজনীতিকে গ্রহণ করেছে। স্যার, তারা ১৩টি দোকানে লুঠতরাজ করে গরিব মানুষগুলিকে সর্বশান্ত করে দিয়েছে। এই খুনিদের অবিলম্বে গ্রেপ্তার করে কঠোর শাস্তির দাবি জানাচ্ছি।

(তুমুল গোলমাল)

(এই সময় মাননীয়া সদস্যা মিনতী ঘোষ কাগজের মোড়কে কিছু বোমের টুকরো এবং কিছু ফটোগ্রাফ নিয়ে মাননীয় ডেপুটি স্পিকারের কাছে যান)

(গোলমাল)

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি শাসক দলের সদস্যদের সামলান, সারা পশ্চিমবাংলায় ওরা খুন করছে।

(গোলমাল)

চারিদিকে খুন-খারাপি করছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওদের সামলান। ওরা সমাজ বিরোধীদের জন্ম দেয়, সারা পশ্চিমবাংলায় খুন করছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি হাউস অর্ডারে নিয়ে আসুন, তবে আমি বলব।

(গোলমাল)

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আপনারা বসুন। মানসবাবু আপনি বলুন।

(গোলমাল)

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই হাউসে আমরা ফুলনদেবীকে দেখলাম। সারা পশ্চিমবাংলায় যারা খুন-খারাপি করছে তাদের মুখে আবার বড় বড় কথা! সারা বাংলায় খুন এবং সন্ত্রাসের রাজত্ব কায়েম হয়েছে ওদের নেতৃত্বে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত জরুরি বিষয়ে পুর দপ্তরের মন্ত্রী এবং পানীয় জল সরবরাহ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের

জেলায় মেদিনীপুর শহরে গত কয়েক বছর আগে কেন্দ্র এবং রাজ্য সরকারের সহযোগিতা একটা পানীয় জলের প্রকল্পে ১০ কোটি টাকা মঞ্জুর হয়। তাতে কেন্দ্রীয় সরকার দেবে ৫ কোটি টাকা, এই চুক্তি হয়। প্রতি বছর মেদিনীপুর শহরে তীব্র জল সঙ্কট দেখা দেয়। এই রাজ্যের পুরমন্ত্রী অশোকবাবু গোপনে চক্রান্ত করে মেদিনীপুর শহরে পানীয় জল প্রকল্পের জন্য রাজ্য সরকারের ম্যাচিং গ্রান্ট হিসাবে যে টাকা দেওয়ার কথা ছিল সেই টাকা শিলিগুড়িতে সরিয়ে দেওয়ার চেষ্টা করছেন। এই নবজাতক পুরমন্ত্রীকে বলি, মেদিনীপুর শহরের পানীয় জল সরবরাহ প্রকল্পের টাকা যদি স্থানান্তরিত করা হয় তাহলে স্যার আপনাকে সাথে নিয়ে এই চক্রান্তের বিরুদ্ধে পুর দপ্তরের সামনে, মন্ত্রী মহাশয়ের দরজার সামনে আমরা মেদিনীপুরের সমস্ত এম.এল.এ অবস্থান শুরু করবো। এখানে পরিষদীয় মন্ত্রী এবং সূর্যকান্ত মিশ্র মহাশয় মেদিনীপুরের মন্ত্রী। আপনারা যদি ক্লীব না হন, যদি বন্ধ্যা না হন তাহলে মেদিনীপুরের প্রতি এই অবিচারের বিরুদ্ধে সোচ্চার হবেন।

[12-40 — 12-50 p.m.]

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটা জরুরি বিষয়ের প্রতি আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৯১ সালের সেনসাস অনুযায়ী হাওড়া জেলার বর্তমান লোক সংখ্যা হচ্ছে ৩৭ লক্ষ ২৯ হাজার ৬৪৪ জন। ডেনসিটি অব পপুলেশন পার স্কোয়ার কি.মি. ২,৫৪৩, কলকাতার পরেই তার স্থান। লিটারেসির দিক দিয়ে মোর দ্যান ৭০ পারসেন্ট। কিন্তু সমগ্র হাওড়া জেলায় কোনও মেডিক্যাল কলেজ নেই। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই যে হাওড়া জেলায় একটি মেডিক্যাল কলেজ স্থাপন করা হোক।

**শ্রী মানিক ভৌমিক ঃ** (উপস্থিত ছিলেন না।)

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আগামীকাল বামপন্থীদের ৫৬টি সংগঠনের পক্ষ থেকে গ্যাট চুক্তির বিরোধিতা করে রেল রোকো আন্দোলনের ডাক দেওয়া হয়েছে। এই রেল রোকো আন্দোলনে এই বামপন্থী তথাকথিত সংগঠনগুলো তারা রেল লাইনের উপরে অবরোধ সৃষ্টি করবে এবং রেল লাইনে বাধা সৃষ্টি করবে। দূরপাল্লার গাড়িগুলোকে যেগুলো দূরে যাবে, সেগুলোকে তারা যেতে দেবে না এবং বাকি দূরপাল্লার গাড়িগুলো আটকে যাবে। আমরা দেখেছি, এই বামফ্রন্ট সরকার এর আগে গত ৯ই সেপ্টেম্বর উলুবেড়িয়ায় শ্রমিকরা যখন রেল রোকো আন্দোলন করছিলেন তখন সেখানে পুলিশ দিয়ে নির্মমভাবে রেল রোকো ভেঙে দিয়েছিলেন। তার আগে কানোরিয়ার শ্রমিকরা যখন রেল রোকো আন্দোলন করেছিলেন, সেখানে এই সরকার পুলিশ বাহিনী দিয়ে রেল রোকো ভেঙে দিয়েছিলেন। আমরা দেখতে চাই যে আগামীকাল যখন বামপন্থী সংগঠনের লোকেরা রেল আটকাবে তখন পুলিশের কি ভূমিকা থাকে? কানোরিয়ার শ্রমিকদের যেভাবে জোর করে সরিয়ে দিয়েছিলেন, সেইভাবে রেল লাইন থেকে বামপন্থীদের সরিয়ে দেওয়া হবে কিনা? পশ্চিমবাংলায় দু'রকম আইন থাকতে পারে না। কানোরিয়ার শ্রমিকরা রেল রোকো করলে যদি তাদের সরিয়ে দেওয়া হয়, তাহলে কালকে যদি রেল রোকো আন্দোলন হয়, তাদের পুলিশ দিয়ে হঠিয়ে দেওয়া হবে না কেন? এরা পুলিশকে দিয়ে দলবাজি করছে, পুলিশকে দিয়ে জাতীয় সম্পত্তি রক্ষার ব্যবস্থা করছে

না বস্তাপচা যুক্তি দেখিয়ে। এইভাবে সাধারণ মানুষের অসুবিধা সৃষ্টি করছে। কালকে আবার জনজীবনকে স্তব্ধ করে দিয়ে অসুবিধার মধ্যে দিয়ে যাওয়ার চেষ্টা করছে। আমরা বামপন্থীদের এই চেষ্টাকে নিন্দা করছি এবং দাবি জানাচ্ছি রেল রোকোর চেষ্টাকে বন্ধ করতে হবে। অন্য সময়ে যেভাবে রেল রোকো আন্দোলনকে রক্ষা করেন, সেইভাবে আগামীকালও এটাকে বন্ধ করার জন্য পুলিশি ব্যবস্থা যেন তারা নেন।

**श्री मनोहर तिरकी :** मै एक महत्वपूर्ण बिषय की ओर आपका ध्यान अैर शिक्षा मंत्री का ध्यान आकर्पित करना चाहता हुं।

चाय बगान मे, डोअर्स इलाकों मे विभिन्न प्रान्तो के, विभिन्न जगहों के लोग रहते है। बहुत सारी भाषाओं मे बात करते है। लेकिन शिक्षा का माध्यम हिन्दी हैं। जलपाई गुड़ी में २२ हिन्दी हाई स्कुल है, लेकिन हायर सेकेन्डरी में नामांकन के समय काफी असुबिधाओं का सामना करना होता हैं। विभिन्न प्रान्तों मे जाना पड़ता हैं। वामफ्रन्ट सरकार जो शिक्षा पर विशेष ध्यान दे रही हैं, हिन्दी माध्यम से पढ़ने बाले लोगों पर भी जल्द से जल्द ध्यान दे और डोअर्स इलाको मे हायर सेकेन्डरी कांलेज की समुचित व्यवस्था किया जाए।

**শ্রীমতী সন্ধ্যা চ্যাটার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কুটিরশিল্প মন্ত্রী শ্রী প্রবীর সেনগুপ্ত মহাশয়কে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। আমার নির্বাচনী এলাকা চন্দননগরে গোঁদলপাড়ায় একটি পাওয়ার লুম আছে, যার মালিক হচ্ছেন অগ্রচাঁদ ও কিরণচাঁদ। তারা অবৈধ ভাবে দশ মাস ধরে কারখানাটি বন্ধ রেখেছেন। স্থানীয় লেবার কমিশনারকে নিয়ে ২২ দফা দাবি নিয়ে একটি চুক্তি হয়েছে। ত্রিপাক্ষিক বৈঠকে তারা মৌখিক ভাবে কতকগুলো শর্ত মেনে নেওয়া সত্ত্বেও কোনওটাই মেনে নেননি। আজও কারখানাটি বন্ধ আছে। এই প্রসঙ্গে উল্লেখ করতে চাই যে, এরা ফ্যাক্টরি আইন, সরকারি আইন কোনওটাই মানছে না। এখানে যে ২৩ জন শ্রমিক আছে তাদের জলের ব্যবস্থা নেই, পায়খানার ব্যবস্থা নেই, এমন কি চিকিৎসা ব্যবস্থার জন্য ই এস আই প্রকল্প চালু নেই। ফলে এই সমস্ত পরিবার একটা অসহায় অবস্থার মধ্যে পড়ে রয়েছে। সেই কারণে আমি আপনার মাধ্যমে পুনরায় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে এই ব্যাপারে হস্তক্ষেপ গ্রহণ করা হয়।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্যার, এই রাজ্যে জরুরি রেল প্রকল্প দ্রুত চালু হয় সেই কারণে আমরা সবাইকে সমান উদ্যোগ প্রকাশ করে বারে বারে হাউস থেকে ডেপুটেশন নিয়ে গেছি। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় যে, রাজ্যের বিদ্যুৎ পর্ষদের গাফিলতির জন্যে এইরকম গুরুত্বপূর্ণ ব্রড গেজের কাজ ব্যাহত হচ্ছে। দক্ষিণ ২৪ পরগনার লক্ষ্মীকান্তপুর নামখানা রেল লাইনে বিদ্যুৎ পর্ষদ ওপরের তার সরাচ্ছে না ফলে ব্রডগেজে লাইন পাতা যাচ্ছে না। লক্ষ্মীকান্ত পুর থেকে কুলপি ৩৩ কে.ভি. এবং ১১ কে.ভি. লাইন আছে। সেখানে বিদ্যুৎ পর্ষদ এরজন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আগাম টাকা চায় এবং কেন্দ্রীয় সরকার

৬০ লক্ষ ৩২ হাজার টাকা দিয়েও দিয়েছেন। তাতে তারা ৩৩ কে.ভি. লাইন সরিয়েছে কিন্তু এখনো ১১ কে.ভি.র লাইন সরায়নি। ফলে ব্রড গেজ লাইন পাতা যাচ্ছে না। লক্ষ্মীকান্তপুরের সংলগ্ন এলাকায় কর্মিদের আবাস আছে। এখানে মাইক্রো ওয়েভ সিস্টেম আছে, হাউস পাম্পিং স্টেশনের অফিস আছে। কিন্তু বিদ্যুৎ পর্ষদের গাফিলতির জন্য ব্রড গেজ লাইন পাতা যাচ্ছে না। তাছাড়া হাওড়া-কাটোয়া বৈদ্যুতিকরণ, ব্যান্ডেল কারশেডের বৈদ্যুতিকরণ হচ্ছে না। এই ব্যাপারে আমি বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং অবিলম্বে এর সুরাহার দাবি জানাচ্ছি।

**শ্রী আব্দুস সালাম মুন্সী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচিত এলাকা কালিগঞ্জে ৩টি গুরুত্বপূর্ণ রাস্তা আছে। সেই রাস্তাগুলোতে মাননীয় পরিবহন মন্ত্রী যাতে বাস দেন সেই অনুরোধ করছি। রাস্তাগুলো হল কলকাতা থেকে মাটিয়াড়ি, কলকাতা থেকে বল্লভপুরঘাট এবং কলকাতা থেকে পলাশির মনুমেন্ট ভায়া কালিগঞ্জ। নদীয়া জেলার বিভিন্ন জায়গায় সরকারি বাসের অনুমোদন দেওয়া হচ্ছে সেখানে এই ৩টি রাস্তা অত্যন্ত গুরুত্বপূর্ণ রাস্তা এবং জাতীয় সড়ক থেকে ১৮ কি.মি. ভেতরে, এই ৩টি রাস্তা আবার নদীয়া এবং বর্ধমানের মধ্যে যুক্ত করে। সুতরাং এইরকম একটা গুরুত্বপূর্ণ রাস্তাতে সরকারি বাস দেওয়া হোক।

**শ্রী নিত্যানন্দ অধিকারী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ভারপ্রাপ্ত মন্ত্রী এবং স্বাস্থ্য দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের ডুয়ার্স অঞ্চলে যে ব্যধি একেবারে নির্মুল হয়ে গেছিল সেই ম্যালেরিয়া রোগ আবার ফিরে এসেছে। সাধারণ মানুষের মধ্যে একটা বিভিষিকা দেখা দিয়েছে। এবং এর সাথে যুক্ত হয়েছে আন্ত্রিক রোগ। একে এখানে খরা চলছে তারমধ্যে এইসব রোগ দেখা দিয়েছে। এই রোগ দুটি যাতে নির্মূল হয় তার ব্যবস্থা করুন এবং বিশেষ করে স্পর্শকাতর এলাকাতে যে সমস্ত হাসপাতাল আছে সেখানে বলিষ্ঠ পদক্ষেপ নেওয়া হোক এবং ডি.ডি.টি স্প্রে করা হোক। সেখানে যে অস্থায়ী কর্মী আছে তাদের স্থায়ীকরণ করে ডি.ডি.টি স্প্রে করা হোক। এর দ্বারা এই দুই রোগ নির্মুল করা যাবে বলে মনেকরি। সুতরাং অবিলম্বে এর ব্যবস্থা নেওয়া হোক।

**শ্রী নিতাইচরণ আদক :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার কেন্দ্রের রূপনারায়ণ এবং বাক্সী খালের সংযোগস্থলে একটা ব্রীজ হওয়ার কথা ছিল এবং তার সার্ভের কাজও হয়ে গেছে, মাটি টেস্ট হয়েছে আমার ঐ এলাকাটি বিচ্ছিন্ন, ৪।৫টি অঞ্চলের সঙ্গে তার যোগাযোগ নেই। অর্থমন্ত্রী নিজেও সেই এলাকা দেখে এসেছেন, এই ব্রিজটা যাতে অবিলম্বে হয় তারজন্য আমি আপনার মাধ্যমে অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**মহঃ নিজামুদ্দিন :** মিঃ ডেপুটি স্পিকার স্যার, গত পরশুদিন আমি কাগজে দেখলাম সিনেমার মালিকরা তারা তাদের যে বে-আইনী লক আউট তারা সেটা প্রত্যাহার করে নিয়েছেন এবং সঙ্গে সঙ্গে বলেছেন আমাদের মাননীয় মন্ত্রী বুদ্ধদেব বাবু তিনি আশ্বাস দিয়েছেন তাদের দাবি-দাওয়া যা আছে, সেই দাবি দাওয়া ১৭ই অক্টোবরের মধ্যে তিনি ফয়সালা করে দেবেন। অবশ্য তাদের যদি ন্যায্য দাবি-দাওয়া থাকে তাহলে সরকার সেটা

নিয়ে নিশ্চয়ই ভাবনা-চিন্তা করবেন এবং মীমাংসা করার চেষ্টা করবেন। আমরাও ইউনিয়ন থেকে দাবি করেছিলাম, এখনও করছি, নূতন কোনও বই রিলিজ হলে অন্তত পক্ষে ৬ মাস পরে তার ভিডিও ক্যাসেট যেন বাজারে আনা হয়, তারজন্য কেন্দ্রীয় সরকারের যা আইন করা দরকার সেই আইন করুক। আমি একটা কথা শুনেছিলাম নূতন কোনও পিকচার রিলিজ হলে মালিকদের অধিকার দিতে হবে ১ সপ্তাহ বা ২ সপ্তাহের জন্য টিকিটের দাম তারা বাড়াতে পারবে, তাদের যুক্তি হচ্ছে, যদি এই দাম আমরা বাড়িয়ে পাই তাহলে সরকার কিছু রেভিনিউ পাবে অ্যামিউসমেন্ট ট্যাক্স হিসাবে, তা নাহলে বাইরে যারা ব্ল্যাক মার্কেটিং করে তারা সেটা পাবে, আর ওরা আমাদের কাছ থেকে টিকিট কিনে নিয়ে গিয়ে বেশি দামে বিক্রি করে। এইরকম যদি তাদের দাবি-দাওয়া থাকে তাহলে নিশ্চয় সেটা বিচার করা উচিত নয়, আমি যে কথাটা বলতে চাই আজকে হাজার হাজার সিনেমা কর্মচারিরা তারা এসপ্ল্যানেড ইস্টে এসেছেন, তারা দাবি করছেন, ১৪ই সেপ্টেম্বর শ্রমমন্ত্রীর ঘরে বসে যে মিটিং হয়েছিল, আলোচনার মাধ্যমে যা ঠিক হয়েছিল পে স্কেল আমরা, মেনে নিচ্ছি এবং আগামীকাল ১৫ তারিখে এসে আমরা শ্রমমন্ত্রীর ঘরে স্বাক্ষর করব, কিন্তু তারা আসেনি। তারা এখন যা দাবি করছে, তারা যতদিন না স্বাক্ষর করবেন, শ্রমিকদের ন্যায্য দাবি মানবেন, ওদের যে দাবি-দাওয়া সেটা মেনে নেওয়া ঠিক হবেনা, এই দাবি আমি জানাচ্ছি।

**শ্রী ননী কর ঃ** মিঃ ডেপুটি স্পিকার, আমি আপনার মাধ্যমে সকলের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গ্যাট চুক্তির প্রশ্ন নিয়ে ওদের সঙ্গে আমাদের একটা বিতর্ক আছে। এখন ঠিক আছে অবাধ আমদানি হবে এবং আমরাও রপ্তানি করতে পারবো, বিদেশ থেকেও আমদানি হবে। কিন্তু আমি যেটা দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা হচ্ছে, এই ব্যাপারে গত ৬ তারিখে দিল্লিতে একটি মিছিল হয়েছিল। সেই মিছিলের দাবি ছিল খুব অদ্ভুত। তাদের দাবি ছিল বিদেশ থেকে গোবর আমদানি বন্ধ কর। ইতিমধ্যে ঠিক হয়েছে নেদারল্যান্ড থেকে প্রতি বছর ৩০ লক্ষ টন গোবর আমদানি করা হবে। তারই প্রতিবাদে বিভিন্ন ডেয়ারি ফার্মের লোকেরা এই মিছিল করেছিল। বিরোধী দলের বন্ধুদের কাছে আমার প্রশ্ন আপনারা কি এরপরে প্রধানমন্ত্রী বা মন্ত্রীদেরও বিদেশ থেকে আমদানি করার চেষ্টা করছেন। এখন আমাদের দেশে গোবর আমদানি হবে, এরপরে কেন্দ্রীয় মন্ত্রীও আমদানি হবে। এটাতো শুধু আমাদের ব্যাপার নয়, এটা সকলের ব্যাপার। তাই আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করতে চাই, যাতে গোবর আমদানি বন্ধ করা হয়।

**ডাঃ তরুণ অধিকারী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে রাজ্যের প্রাণীসম্পদ বিকাশ ও উন্নয়ন মন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। কলকাতা থেকে খাটাল উচ্ছেদ অভিযান চলছে এবং শয়ে শয়ে গরু, মোষ কলকাতা থেকে বার করে দিচ্ছেন। সত্যিকারের পুণর্বাসন ব্যবস্থা না করার ফলে এই গরু, মোষ নিয়ে খাটাল মালিকরা ব্যারাকপুর শিল্পাঞ্চল, নৈহাটি, বীজপুর, হালিসহর এই সমস্ত অঞ্চলে ঢুকে পড়ছে। সেখানে ঢুকে পড়ার জন্য সেখানকার জনজীবন আজকে স্তব্ধ হয়ে যাচ্ছে। কলকাতার পরিবেশ রক্ষা করার জন্য তিনি এই খাটাল উচ্ছেদ করছেন, পাশাপাশি ঐসব এলাকায় গরু, মোষ নিয়ে খাটাল মালিকরা ঢুকে পড়ায় সেখানকার পরিবেশ নষ্ট হচ্ছে। তাহলে তিনি কি কলকাতার মন্ত্রী, না সারা পশ্চিমবাংলার মন্ত্রী? অবিলম্বে প্রশাসনিক

নির্দেশ দেওয়া হোক যাতে করে সমস্যার সমাধান ঠিকমতো হয়।

## ZERO HOUR

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** যারা সারা মেনশানে বলেছেন, তারা জিরো আওয়ারে বলবেন না।

**শ্রী শান্তশ্রী চ্যাটার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন পশ্চিমবঙ্গ সিনেমা কর্মচারিদের একমাত্র সংগঠন বেঙ্গল মোশন পিকচারর্স এমপ্লয়িজ ইউনিয়ন-এর ডাকে পশ্চিমবাংলার সিনেমা কর্মচারিরা গত ৪ঠা সেপ্টেম্বর এক দিনের প্রতীক ধর্মঘট পালন করে। এই সিনেমা কর্মচারিদের সংগঠনটি দলমত নির্বিশেষে সমস্ত কর্মচারিদের ট্রেড ইউনিয়ন। সিনেমাহল মালিকদের একঅংশে কর্মচারিদের ন্যায়সঙ্গত দাবিকে নস্যাৎ করার উদ্দেশ্যে এবং রাজ্য সরকারকে ব্লাকমেইল করার জন্য সিনেমা হল লক আউট ঘোষণা করে। সরকারি হস্তক্ষেপে সেই লক-আউট প্রত্যাহার হয়, কিন্তু সেই অচলাবস্থা এখনো দূর হয়নি। আজ সিধু-কানু-ডহরে সিনেমা কর্মচারিরা মিলিত হয়ে এই দাবি করছে মালিকদের ব্লাকমেইলের কাছে সরকার যেন নতিস্বীকার না করে। রাজ্যের স্বার্থে এবং এই শিল্পের স্বার্থ যাতে রক্ষিত হয় তারজন্য সরকার যেন সজাগ হন এবং শ্রমমন্ত্রী যে নির্দেশ দিয়েছেন তা যেন মানা হয়।

**শ্রী কমলকান্তি গুহ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এতদিন রাজ্য সরকার বলছিলেন যে কেন্দ্রীয় পরিবেশমন্ত্রী অনুমতি না দেওয়ার জন্য তিস্তার বাঁহাতি খাল কাটা যাচ্ছে না। কিন্তু আমরা খবরের কাগজে দেখলাম কেন্দ্রীয় সরকার অনুমতি দিয়েছে। তাই আমি সেচ দপ্তরের কাছে জানতে চাইছি, নির্দিষ্ট সময়ে বেঁধে কত দিনের মধ্যে তিস্তার বাঁহাতি খালের কাজ সম্পন্ন হবে সেটা আমাদের জানিয়ে দেবার ব্যবস্থা করা হোক।

[1-00 — 1-10 p.m.]

**শ্রী তুলসী ভট্টরাই ঃ** স্যার, একটা গুরুত্বপূর্ণ বিষয় এই হাউসের সামনে রাখছি। ঘটনাটা হল আসাম এবং বাংলার বর্ডার আসামের আন্দোলনের পরে সেখানে বিদেশিদের আসা-যাওয়া নিষেধ করেছে, এটা ঠিক। কিন্তু বিদেশিদের আসা-যাওয়ার নিষেধকে মর্যাদা দেওয়ায় দার্জিলিং, কার্সিয়াং, কালিম্পং, সিকিমের নেপালিদের আসাম যাওয়ার ব্যাপারে হয়রানি করা হচ্ছে, সেখানে যেতে দেওয়া নিয়ে। আমার একটা প্রস্তাব হল, আমরা ভারতীয়, ইন্ডিয়ান। আমরা আসামে যেতে পারি। কিন্তু এখন সেখানে যাওয়ার ব্যাপারে নেপালি বলে আইডেন্টিটি কার্ড চাইছে, নাহলে আমাদের সেখানে যাওয়ার ব্যাপারে অসুবিধা হচ্ছে। আমাদের সেখানে যাওয়ার ব্যাপারে একটা সুবিধা করে দেওয়া হোক।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পি.ডব্লু.ডি. মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। কিছুদিন যাবত সাউথ বিষ্ণুপুর থেকে রায়দিঘি পর্যন্ত রাস্তা এমন খারাপ হয়ে গেছে যে সেখানে বাস চলাচল বন্ধ হয়ে গেছে। এবং কৃষ্ণচন্দ্রপুর থেকে রাধাকান্তপুর যে রাস্তা আছে সেখানে লোক চলাচল করতে পারছে না। আমি আপনার মাধ্যমে পি.ডব্লু.ডি. মিনিস্টারকে জানাই, অবিলম্বে যদি সারাই না করানো হয়,

সাধারণ ভাবে বাস চলাচলের উপযোগি না করা হয় তাহলে আমি বাধ্য হব সেখানে নিজে দাঁড়িয়ে আইন অমান্য করে যাতে সেই রাস্তা সারানো হয় তার প্রধান ভূমিকা নেব, যাতে সেই দেশের মানুষ সেই এলাকার মানুষ কষ্ট থেকে রক্ষা পায়। আমি আপনার মাধ্যমে পি.ডব্লু.ডি. মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করতে চাই, ৭ দিনের মধ্যে এই রাস্তা সারানোর ব্যবস্থা যেন করেন, অন্যথায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি খারাপ হবে।

**শ্রী দীপক সেনগুপ্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভোটার তালিকাতে নাম লেখানো শুরু হয়েছে। কিন্তু এই ভোটার তালিকা কেন্দ্র করে আমাদের এলাকাতে সমস্ত নিয়ম বহির্ভুত কতগুলি কাজ করা হচ্ছে। যেহেতু আপনি সময়টা অত্যন্ত কম দিয়েছেন, সেইজন্য আমি শুধু একটি কথাই বলতে চাই, এই বিধানসভা থেকে আমাদের এই মত অন্তত প্রকাশ করা উচিত, গত একটি বা দুটি বিধানসভা নির্বাচনের তালিকায় যাদের নাম ছিল, তাদের প্রত্যেকের নাম থাকতে হবে, কোনও কারণে তাদের নাম বাদ দেওয়া যাবে না। এই নিয়মটা থাকা উচিত।

**শ্রী আব্দুস সালাম মুন্সী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি ঐ ভোটার লিস্ট নিয়ে বলছি। মাননীয় সদস্য বললেন জব ওয়ার্কারদের এই কাজ করতে হবে। আমি তার তীব্র প্রতিবাদ করছি। জব ওয়ার্কাররা সরকারি কর্মচারী নয়, তাদের দিয়ে এই ভোটার লিস্টের কাজ করানো চলবে না। দ্বিতীয়ত, অনেক এন্যুমারেটর অনেক জায়গায় গিয়ে বলেছে, ওদের রেশনকার্ড নেই, ওদের ভোটার করা চলবে না।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কেন্দ্রের পলিসির জন্য দ্রব্যমূল্য বৃদ্ধি পাচ্ছে, জিনিস পত্রের দাম বাড়ছে, খাদ্যশস্যের সঙ্কট দেখা দিয়েছে। মহার্ঘ ভাতার যে সমস্যা, তা যেন সর্বভারতীয় ভিত্তিতে দেওয়া হয়। যেটা সবচেয়ে বড় প্রয়োজন, কেন্দ্রীয় সরকার যাতে এর দায়িত্ব নেন এটাকে স্থিতি করা দরকার। এবং আমি আশা করব রাজ্য সরকার অবিলম্বে সরকারি কর্মচারিদের, শিক্ষকদের এবং যারা এই ডিয়ারনেস অ্যালাউন্সের মধ্যে পড়ছে, তাদের জন্য অবিলম্বে ডিয়ারনেস অ্যালাউন্স ঘোষণা করুন এবং সেটা তাদের জানান।

**শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি জানি, যে কথা রবিনবাবু বললেন, এই ক্ষেত্রে অবিলম্বে ভোটার তালিকা সংশোধনের কথা বলেছেন। শ্রী দীপক সেনগুপ্ত, শ্রী আব্দুল সালাম মুন্সী মহাশয় যে হাউস টু হাউস এন্যুমারেশনের জন্য, আবেদন করেছেন, সময়টা কম, তারিখটা বাড়ানো হোক। জব ওয়ার্কাররা কাজ করছে—আমাদের কাছে অভিযোগ আছে, কোনও জায়গায় কাজ করছে, কোনও জায়গায় করছে না। একটা হ্যাপাজারড অবস্থা। প্রশাসন স্তম্ভিত, কি করে কাজ করবে, মাত্র ১৮ দিন সময় আছে। এই অবস্থায় মনে হয়, শেষ পর্যন্ত স্টিপুলেটেড সময়ের মধ্যে শেষ হবে না। এই আবেদন করি, যেন আরও এক মাস সময় বাড়ানো হয়।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে দার্জিলিং পার্বত্য পরিষদের চেয়ারম্যান শ্রী সুভাস ঘিসিং দার্জিলিং পার্বত্য অঞ্চলের ভারতভুক্তির ব্যাপারে আবার নতুন করে কিছু প্রশ্ন তুলেছেন এবং সেই প্রশ্নে সুপ্রিম কোর্টে যাচ্ছেন। এই করে আগামী দিনে আরও জটিলতার তিনি সৃষ্টি করতে চাইছেন। আপনি জানেন, পঞ্চায়েত

ইলেকসন তিনি সেখানে করতে চান নি। নতুন করে দার্জিলিং-এর ভারতভুক্তি নিয়ে প্রশ্ন তুলে তিনি যে জটিলতার সৃষ্টি করেছেন সে সম্পর্কে রাজ্য সরকারের সুস্পষ্ট বক্তব্য রাখা দরকার এবং একটা ধারণা থাকা দরকার। এ ব্যাপারে আমি রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**ডাঃ তরুণ অধিকারী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, সারা পশ্চিমবাংলার হাসপাতালগুলিতে যে চরম দুরাবস্থা চলছে তার প্রকৃষ্ট উদাহরণ হচ্ছে নৈহাটি স্টেট জেনারেল হাসপাতাল। এই হাসপাতালে ডাক্তার আছে কিন্তু ঔষুধ নেই, পথ্য নেই, রোগিদের চিকিৎসা হচ্ছে না, অপারেশন হচ্ছে না। সঙ্গে সঙ্গে এই হাসপাতালটিতে চলেছে চরম দুর্নীতি এবং চুরি। গত ১৭ তারিখে সেখানে এইরকম একটি চুরির ঘটনা ধরা পড়েছে। একটি গাড়িতে করে কয়েক লক্ষ টাকার জিনিসপত্র চুরি করে পাচার করার সময় জনসাধারণ তা ধরে ফেলেন। পুলিশ সেখানে অ্যারেষ্ট করেছে কিন্তু সেখানকার সুপার কিছুই করছেন না। এ বিষয়ে আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে অবিলম্বে ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছি।

**শ্রী মনোহর টিরকি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, অত্যন্ত আনন্দের কথা যে গত ১৭ তারিখে দ্বিপাক্ষিক চুক্তির মাধ্যমে ঠিক হয়েছে যে চা বাগানের শ্রমিকরা পূজার আগেই তাদের বোনাস পেয়ে যাবেন। কিন্তু স্যার, চা বাগানের শ্রমিকদের মাহিনা সংক্রান্ত যে চুক্তি বাকি রয়েছে সেটা করা হয়নি। অবিলম্বে সেই চুক্তিটি করার জন্য আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সাধন পান্ডে ঃ** স্যার, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন, কলকাতায় মেগাসিটি প্রকল্প নিয়ে অনেক কথা হচ্ছে। কিন্তু স্যার, উত্তর কলকাতার রাস্তাগুলির অবস্থা এতই খারাপ যে পূজার আগে বা অবিলম্বে তার সংস্কার না হলে অত্যন্ত বিপদজনক অবস্থার সৃষ্টি হবে। অবিলম্বে এইসব রাস্তার সংস্কারের আমি দাবি জানাচ্ছি। দ্বিতীয়ত স্যার, মেগাসিটি প্রকল্প নিয়ে যে আলোচনা চলছে সেই আলোচনায় কলকাতার বা সংশ্লিষ্ট অঞ্চলের এম.এল.এ ও অন্যান্য জনপ্রতিনিধিদের সামিল করতে হবে এবং তাদের সঙ্গে আলোচনা করে এর রূপরেখা ঠিক করতে হবে। কেন্দ্র এ ক্ষেত্রে টাকা দেবেন। এখানকার জনপ্রতিনিধি এম.এল.এ. কাউন্সিলার ইত্যাদিদের সঙ্গে আলোচনা না করে সব কিছু করলে আমরা প্রণববাবুকে বলতে বাধ্য হব যে টাকা দেবেন না। সকলের সঙ্গে বসে আলোচনা করে এর পরিকল্পনা করতে হবে।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় ক্রীড়ামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দক্ষিণ কলকাতার রবীন্দ্র সরোবর স্টেডিয়ামের অ্যাথলেটিক ট্রাক, ফুটবল মাঠ, গ্যালারির পর্যায়ক্রমে সংস্কার করা দরকার। এ ব্যাপারে ব্যবস্থা নেওয়ার জন্য আমি মাননীয় ক্রীড়ামন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভোটার লিস্ট নিয়ে অনেক বক্তব্য আমাদের দলের তরফ থেকে এবং সরকারি দলের তরফ থেকে এখানে রাখা হয়েছে। স্যার,

আমরা যে বিষয়টি নিয়ে গভীরভাবে উদ্বিগ্ন সেটা হল, দীর্ঘ কয়েক বছর ধরে দেখছি এই রাজ্যের সরকার তাদের নিজেদের প্রশাসন, নিজেদের দলের বিভিন্ন রকমের গণ সংগঠন-এর কর্মচারিদের দিয়ে ভোটার তালিকা তৈরি করাচ্ছেন। বর্তমানে এই রাজ্যে চিফ ইলেকশন কমিশনের অর্ডার মতন ভোটার তালিকা তৈরির ক্ষেত্রে দেখছি অনেক জায়গায় সি.পি.এমের পঞ্চায়েতের কনটেসটিং ক্যান্ডিডেটকে পর্যন্ত ভোটার লিস্ট তৈরির দায়িত্ব দেওয়া হচ্ছে। পঞ্চায়েতের নির্বাচিত সদস্য, যেহেতু তিনি শিক্ষক তাকে এই দায়িত্ব দেওয়া হচ্ছে। এই ধরনের জালিয়াতি এখনই বন্ধ করা দরকার। এসব বন্ধ না হলে ভোটার তালিকা সুষ্ঠু ভাবে প্রণয়ন করা যাবে না। এসব অবিলম্বে বন্ধ করার দাবি জানাচ্ছি।

[1-10 — 1-20 p.m.(including adjournment)]

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি ঃ** স্যার, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমাদের পরিবহন দপ্তরের মন্ত্রী মহাশয়ের মাধ্যমে কেন্দ্রীয় রেলমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রেলের মতন একটা বড় শিল্পকে বিভিন্ন কারণে নস্যাৎ করা হচ্ছে ফলে দিনের পর দিন রেলের যাত্রিরা দুর্ভোগে ভুগছেন। এবং যে সমস্ত রেলওয়ে ট্রেনগুলো দীর্ঘদিন খারাপ হয়ে গেছে সেইগুলোকে চালানো হচ্ছে। তারফলে ট্রেনগুলো ঠিক সময়ে যাতায়াত করতে পারছে না, রাস্তা খারাপ হয়ে যাচ্ছে এবং এর ফলে শ্রমিক কর্মচারিরা অফিস আদালত, কারখানায় ঠিক সময়ে উপস্থিত হতে পারছে না। অপর দিকে হাওড়া স্টেশন থেকে সাউথ ইস্টার্ন রেলওয়ের যে সমস্ত ট্রেন যাচ্ছে, আমরা দেখতে পাচ্ছি হাওড়া জেলার বাগনানে পাঁচ লক্ষ লোকের বাস, তারাও যাতায়াত করতে পারছে না। এই বিষয়ে আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীকে অনুরোধ করছি যাতে তিনি রেলওয়ে মিনিস্টারকে এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেন।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, ঠিক পুজোর আগে কলকাতার মাননীয় নগরপাল তুষার তালুকদার খাম খেয়ালিপনা করে যে পুজোগুলো ৩০/৪০ বছর ধরে রাস্তার উপর হচ্ছে, সেই পুজোগুলোকে বন্ধ করে দেবেন বলছেন। গতকাল শিশির মঞ্চে বিভিন্ন পুজোর সংগঠকদের নগরপাল ডেকেছিলেন। তারা এই কথা শুনে খুব ক্ষুব্ধ। এই নগরপালই জ্যোতিবাবুকে নির্লজ্জ ভাবে এক সভায় বলেছিলেন যে জ্যোতিবাবু এই যুগের একজন মনীষী। এইভাবে তিনি জ্যোতি বাবুকে তৈল মর্দন করেছেন। তার খামখেয়ালিপনায় কলকাতার বিভিন্ন সর্বজনীন পুজোর উপর রেস্ট্রিকশন আনার চেষ্টা হচ্ছে। শারদোৎসব পালনের উপর এইরকম ভাবে রেস্ট্রিকশন আরোপ করে এই উৎসবের ব্যাঘাত সৃষ্টি করছেন এই নগর পাল। সুতরাং এই পুলিশ কমিশনারকে তাড়িয়ে দেওয়া হোক।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি বিষয়ে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার সাগরের রাস্তার হাল বেহাল অবস্থায় পৌঁছেছে যার ফলে বাস চলাচল করতে পারছে না, বাস বন্ধ হয়ে গেছে। এই সম্পর্কে যদি একটা ব্যবস্থা করেন তাহলে উপকৃত হবো। যদিও রাস্তা রিপেয়ার হবে, তবুও বলছি প্রাথমিক ভাবে যদি একটু রিপেয়ার করেন তাহলে সেখানকার বাসগুলো বর্তমানে চলতে পারে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই রাজ্যের স্কুল শিক্ষকদের জন্য ৮১ সালে পেনশন স্কীম চালু হয়েছে এবং আজ পর্যন্ত ১ লক্ষ ৩০ হাজার শিক্ষক অবসর

গ্রহণ করেছেন, কিন্তু মাত্র ২৫ হাজার অবসর প্রাপ্ত শিক্ষক পেনশন পেয়েছেন। অথচ শিক্ষক দিবসে শিক্ষামন্ত্রী বলেছেন যে চারদিনের মধ্যে অবসর প্রাপ্ত শিক্ষকরা পেনশন পেয়ে যাবেন। প্রবীণ শিক্ষক যারা এইভাবে সার্ভিস দিলো, তারা আজকে পেনশন পাচ্ছেন না, তাদের প্রতি অমানবিক ব্যবহার করা হচ্ছে। সেইজন্য আমি বলছি যদি এই পেনশন ব্যবস্থা বিকেন্দ্রীকরণ করা হয়, জেলায় জেলায় সেই ব্যবস্থা করেন তাহলে এই সমস্যার সমাধান হতে পারে।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ১৮ বছর বামফ্রন্ট সরকার পুলিশকে নির্লজ্জ দালালে পরিণত করেছে। সবচেয়ে বড় ঘটনা, সম্প্রতি তুষার তালুকদার একটা মন্তব্য করে বলেছেন যে জ্যোতি বসু এই শতাব্দির অন্যতম মনীষী এবং পুলিশের তলার দিকের কর্মচারিরা জ্যোতি বাবুকে বলছে দেবদূত। এইভাবে পুলিশের উপর তলার কর্মচারী এবং নিচের তলার কর্মচারিরা চাটুকারিতা করছে। এটা বন্ধ না করতে পারলে দেশের সর্বনাশ হবে।

**শ্রী দীপক মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বজবজ ট্রাঙ্ক রোড একটা গুরুত্বপূর্ণ সড়ক, এই সড়কটির এমনই বেহাল অবস্থা যে এটিকে পূর্তমন্ত্রীর হাত থেকে কেড়ে নিয়ে মৎস্য মন্ত্রীর হাতে দিয়ে দেওয়া হোক। এইরকম অবস্থায় দাঁড়িয়েছে এতবড় শিল্পাঞ্চল কিন্তু সেখানকার রাস্তার অবস্থা বেহাল। বারবার বলা সত্ত্বেও এই রাস্তাটার সামান্যতম মেনটিনেন্স হচ্ছে না। সামনে শারদ উৎসব, এই রাস্তাটা অত্যন্ত গুরুত্বপূর্ণ, অবিলম্বে এই রাস্তাটি মেরামত করা হোক কারণ ওখানে বড় বড় কলকারখানা আছে, জুটমিল আছে, সেইগুলো সব স্তব্ধ হয়ে যাবে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটু আগে দীপক বাবু একটা রাস্তার কথা বললেন। একটা রাস্তার কথা বললেই গোটা পশ্চিমবাংলার রাস্তার কথাই বোঝা যায়। গোটা পশ্চিমবাংলার রাস্তার অবস্থা এত খারাপ এবং যারজন্য এত দুর্ঘটনা ঘটছে এমন কি সরকারি অফিসাররা পর্যন্ত বলছেন রাস্তাঘাটের অবস্থা অত্যন্ত খারাপ। গতকাল আরামবাগ সাব ডিভিসনে দুটো অ্যাক্সিডেন্ট হয়েছে এবং তিনজন মারা গেছে। গত আগস্ট মাসের ৭/৯/১১ তারিখে এই তিনদিনে শেওড়াফুলি জি.টি. রোডে অ্যাক্সিডেন্টে লোক মারা গেছে। গোটা পশ্চিমবাংলার রাস্তাঘাটের এত দুরবস্থা যে আমরা কিছুদিন আগে আমাদের দলের থেকে মুখ্যমন্ত্রীর কাছে গিয়েছিলাম এবং তার কাছে আবেদন করেছিলাম তিনি যেন অবিলম্বে রাস্তাঘাট সারান। পূর্ত দপ্তরের মন্ত্রী আছেন মাননীয় সদস্যের এই ব্যাপারটা অ্যাডমিট করেছেন অস্তিত্ব প্রমাণ করার জন্য পূজার আগে রাস্তাগুলি সারানোর ব্যবস্থা করুন। রাস্তা সারাবার জন্য পূর্তমন্ত্রী নির্দেশ দিন। স্যার, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন রাখছি।

**শ্রী অজয় দে ঃ** স্যার, মন্ডল কমিশনের পক্ষ থেকে ওবিসির ১৭৭টি জাতিকে রেকর্ড করা সত্ত্বেও আমাদের রাজ্য সরকার আজ পর্যন্ত মাত্র ১৪টি জাতিকে অন্তর্ভুক্ত করেছেন। এখন স্যার, আমাদের ঐ দপ্তরের নতুন মাননীয়া রাষ্ট্রমন্ত্রী আছেন। স্যার, এই ওবিসির মধ্যে যে ১৪টি জাতিকে অন্তর্ভুক্ত করা হয়েছে, এই ১৪টি জাতি ওবিসির সার্টিফিকেট কোনও সময় কোথাও পাচ্ছে না। কেউ এস.ডি.ওর কাছে যাচ্ছে বা কেউ ডি.এম-এর কাছে যাচ্ছে। কেউ বা বি.ডি.ওর কাছে যাচ্ছে। এমনকি আমাদের কাছে এসে প্রশ্ন করছে যে, আমরা ওবিসি-

এর সার্টিফিকেট পাব কি করে? তাই আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে এ বিষয়ে দাবি জানাচ্ছি যে, এব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হোক।

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতা এবং সংলগ্ন অঞ্চল থেকে খাটাল উচ্ছেদ করা এটা একটা প্রশংসা যোগ্য কাজ এবং আমরা এটাকে সমর্থন করি। কিন্তু সমস্যা হচ্ছে যে, সরকারি দুধের যে ব্যবস্থা আছে, সেখান থেকে যারা প্রত্যেকদিন দুধ নেয় তাদের কোনও অসুবিধা নেই। কিন্তু কলকাতার গরিব, বিস্তীর্ণ অঞ্চলে যারা আছে তারা কিন্তু প্রত্যেকদিন দুধ নেয় না এবং যারা হপ্তায় মাইনে পায় তাদের পক্ষে এক মাসের জন্য ৫০ টাকা দিয়ে কার্ড করা সম্ভব নয়। বস্তির মানুষ উৎসব-এ দুধ নেন, বাচ্চা অসুস্থ হলে দুধ নেন। এরা প্রত্যেকদিন দুধ নিতে পারে না। কিন্তু এই দুধের ব্যবস্থা সরকারের করা উচিত। আপনার মাধ্যমে আমাদের দাবি হচ্ছে যে, আমাদের সরকারের দুগ্ধ বিতরণের যে ব্যবস্থা আছে, তাতে খোলা দুধ এবং কার্ড হোল্ডার নয়, ক্রেতাদের কাছে দুধ বিক্রি করারও ব্যবস্থা করা হোক। তাই সরকারের দুধ যারা নিয়মিত নেয় না তাদের পক্ষে একটু সমস্যা হবেই।

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** স্যার আপনার মাধ্যমে আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার আরামবাগ মহকুমার রাস্তাঘাট অত্যন্ত খারাপ। স্যার, গতকালই ২টি বাসের দুর্ঘটনা ঘটেছে। প্রায় ৫০ জন ব্যক্তি আহত হয়েছে। ২ জন মারা গেছে। যাদের মৃত্যু হয়েছে তাদের সাহায্যের ব্যবস্থা করা হোক। যারা আহত হয়েছেন তাদের চিকিৎসার ব্যবস্থা করে দেওয়া হোক এবং অবিলম্বে যাতে রাস্তাঘাটের সংস্কার করা হয় তারজন্য মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

(At this stage the House was adjourned till 2 p.m.)

[2-00 — 2-10 p.m.](After Adjournment)

## LEGISLATION

**Mr. Deputy Speaker :** ডাঃ মানস ভুঁইয়া, তিনটে বিল হাউসে সেপারেটলি মুভ হবে, কিন্তু তিনটের ডিসকাশন একসঙ্গে হবে।

## The West Bengal Prohibition of Unlawful Possession of Property of Electrical Undertakings Bill, 1994.

**Dr. Sankar Kumar Sen :** Sir, I beg to **introduce** the West Bengal Prohibition of Unlawful Possession of Property of Electrical Undertakings Bill, 1994.

(Secretary then read the Title of the Bill)

**Dr. Sankar Kumar Sen :** Sir, I beg to move that the West Bengal Prohibition of Unlawful Possession of Property of Electrical

Undertakings Bill, 1994, be taken into **consideration.**

**The Indian Electricity (West Bengal Amendment) Bill, 1994.**

**Dr. Sankar Kumar Sen :** Sir, I beg to **introduce** the Indian Electricity (West Bengal Amendment) Bill, 1994.

(Secretary then read the Title of the Bill)

**Dr. Sankar Kumar Sen :** Sir, I beg to move that the Indian Electricity (West Bengal Amendment) Bill, 1994 be taken into **consideration.**

**The Electricity (Supply) (West Bengal Amendment) Bill, 1994.**

**Dr. Sankar Kumar Sen :** Sir, I beg to **introduce** the Electricity (Supply) (West Bengal Amendment) Bill, 1994.

(Secretary then read the Title of the Bill).

**Dr. Sankar Kumar Sen :** Sir, I beg to move that the Electricity (Supply) (West Bengal Amendment) Bill, 1994 be taken into **consideration.**

[2-10 — 2-20 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয় এবং মাননীয় সদস্যগণ, আমি কিছুক্ষণ আগে বলেছি, গত ৩ বছরে আমার অভিজ্ঞতার ফসল হিসাবে আমি এই ৩টি বিল আপনাদের সামনে নিয়ে এসেছি। আপনারা জানেন, এই প্রথম বিলটি হল, The West Bengal prohibition of unlawful posession of property of Electrical undertakings Bill, 1994. আমাদের বিভিন্ন জায়গায় বিদ্যুতের সরঞ্জাম পড়ে আছে। এর মধ্যে কনডাক্টর, ট্রান্সমিশন লাইন কনডাক্টর আছে, টাওয়ার মেম্বার আছে, ট্রান্সফরমার এবং অন্যান্য ইনসুলেটর যন্ত্রপাতি আছে। এখন এগুলি চুরি হলে এবং আজকে যদি আমি চুরি করে ধরা পড়ি, তাহলে বিদ্যুৎ পর্যদকে প্রমাণ করতে হবে যে এটা তাদের পপার্টি। কনডাক্টরের গায়ে ছাপ থাকে না। ট্রান্সফরমার ডিসমান্টেল করে, ভিতর থেকে কপার বার করে কিংবা অ্যালুমিনিয়াম বার করে বিক্রি করে দিলাম, সেখানে কোথাও কোনও ছাপ থাকে না। অন্যান্য কয়েকটি রাজ্যের মতন Railway property unlawful possession Act, 1966. The Telegraph unlawful possession of property, Act 1950 The West Bengal prohibition of unlawful gift goods, Act, 1990 বলে কয়েকটি বিল তৈরি করেছে। এখন যদি মেটিরিয়ালস পাওয়া যায় তাহলে আমাকে প্রমাণ করতে হবে আমি মেটিরিয়ালসটা কিনেছি, বা যোগাড় করেছি। এই বিলের এটাই হচ্ছে সারাংশ। তারপর The Indian Electricity (West Bengal Amendment) Bill, 1994 এটা হচ্ছে পাওয়ার থেপ্ট, এনার্জি থেপ্ট। এখন এই এনার্জি থেপ্ট অনেক রকম ভাবে হয়। মিটার আন-লফুল ট্যাম্পারিং করা হচ্ছে। কিছু ভাল মিটার আছে। মিটার-এর সুইজ অফ করে ট্যাম্পারিং করে ইউজ করা হচ্ছে। যখন ভিজিলেন্স যাচ্ছে তখন তিনি মিটার দেখে সাটিসফায়েড হচ্ছেন যে, এভরিথিং ইজ অল রাইট। কারণ তখন

ট্যাম্পারিং করা বন্ধ করে রাখছে। অর্থাৎ এইভাবে পর্ষদ টাকা কম পাচ্ছে। এইরকম ঘটনা ঘটছে। সেইজন্য এই বিল এনেছি। এই বিলের আর একটা ব্যাপার আছে। কোনও ইন্ডাস্ট্রিয়াল কনসার্ন যখন টাকা নিয়ে ডিসপিউট হয় তখন তারা সরাসরি হাইকোর্টে চলে যান। হাইকোর্ট থেকে ইলেক্ট্রিসিটি যে ডায়রেক্টোরেট আছে সেই ডায়রেক্টোরেটকে আদেশ দেন, তোমরা দেখে তোমাদের মতামত জানাও এবং সেই হিসাবে আমি আদেশ দেব। এখানে কোনও সময়-সীমা বাধা নেই। আমরা বলেছি, ১৫ দিনের মধ্যে অ্যাপলিকেশন করতে হবে ইলেক্ট্রিসিটি ডায়রেক্টোরেট, ১ নম্বর, হরিশ মুখার্জি রোডে এবং ৬ মাসের মধ্যে ভারডিক্ট দিতে হবে এবং টাকা জমা দিতে হবে। যদি আমি কনজিউমার ইফ আই অ্যাম রাইট তাহলে টাকা সুদ সহ ফেরত পাব।

এই একটা ধারা আছে, আরও দুটো ছোট্ট ধারা আছে, বর্তমানে আমাদের যে ইলেক্ট্রিসিটি অ্যাক্ট আছে তাতে শুধু ইলেক্ট্রিক্যাল ইন্সপেক্টার আর যা আছে কিন্তু আমাদের রাজ্যে শ্রেণী বিন্যাস করা হয়েছিল। চিফ ইলেক্ট্রিক্যাল, ইন্সপেক্টর, জয়েন্ট ইলেক্ট্রিক্যাল ইন্সপেক্টর, ডেপুটি ইলেক্ট্রিক্যাল ইন্সপেক্টার, অ্যান্ড অ্যাসিস্ট্যান্ট ইলেক্ট্রিক্যাল ইন্সপেক্টর, আমরা সামান্য একটু অ্যামেন্ডমেন্ট করে সবাইকে ইনভলভ করছি। একা ইলেক্ট্রিক্যাল ইন্সপেক্টরের পক্ষে সব সময় ডিসিসন নেওয়া সম্ভব হয় না। তৃতীয় বিলটি হচ্ছে দি ইলেক্ট্রিসিটি (সাপ্লাই) (ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট বিল) ১৯৯৪, এখন এটা মেনলি হাইটেনসন কনজাম্পশন, বাল্ক কমজাম্পশন যাদের বলি তাদের নিয়ে বাল্ক কনজাম্পশন এর ব্যাপারে একটা এগ্রিমেন্ট করা হয়। এগ্রিমেন্ট হচ্ছে মিনিমাম পাওয়ার কত নেবে, ম্যাকসিমাম পাওয়ার কত নেবে সেই হিসাবে একটা রেট ফিক্স করা হয়। যখন ট্যারিফ চেঞ্জ হয় তখন আগের এগ্রিমেন্ট অটোমেটিক্যালি উইল বি ভয়েড, এটা হচ্ছে আমাদের সাজেশন। ট্যারিফ চেঞ্জ হচ্ছে, আগের এগ্রিমেন্ট ভয়েড হোক, নিউ ট্যারিফ শুরু হলে নূতন এগ্রিমেন্ট করতে হবে। অনেক সময় দেখা যাবে ম্যাকসিমাম ডিমান্ড যেটা দেওয়া আছে তার থেকে বেশি ড্র করছে, সেজন্য ম্যাকসিমাম ডিমান্ড চেঞ্জ করে এগ্রিমেন্ট মডিফাই করতে হয়। এজন্য একটা অ্যামেন্ডমেন্ট দেওয়া হচ্ছে, এইগুলি করতে চাই উইথ দি চেঞ্জ অফ ট্যারিফ, একটা ইন্ডাস্ট্রি ইনক্রিজ করছে, ম্যাকসিমাম ডিমান্ড হয়ত ৫০০ কে.বি. আছে, সে চায় বাড়াতে, সেখানে বলে দেওয়া হয়েছে করতে পারে, পুরনো এগ্রিমেন্ট ভয়েড হয়ে যাবে, নূতন এগ্রিমেন্টে আসতে হবে। এইটুকু বলে মাননীয় সদস্যদের কাছে প্রস্তাবগুলি গ্রহণ করার জন্য অনুরোধ রাখছি।

[2-20 — 2-30 p.m.]

**শ্রী সৌগত রায়ঃ** স্যার, এই বিদ্যুৎমন্ত্রী মাননীয় শঙ্কর সেন মহাশয় যে ৩টি বিল নিয়ে এসেছেন, দি ওয়েস্টবেঙ্গল প্রহিবিসন অফ আনলফুল পজেসন অফ প্রপার্টি অফ ইলেক্ট্রিক্যাল আন্ডারটেকিংস বিল, ১৯৯৪, বিলটার খুব বড় নাম, আর একটি হচ্ছে দি ইন্ডিয়ান ইলেক্ট্রিসিটি (ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯৪, আর একটি দি ইলেক্ট্রিসিটি (সাপ্লাই) (ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯৪, এই ৩টি বিল নিয়ে এসেছেন। এতে আমাদের কোনও গুরুতর ডিফারেন্স অফ ওপিনিয়ন নেই, যে জন্য আপনি লক্ষ্য করবেন আমাদের পার্টি ৩টি বিলের ক্ষেত্রে কোনও অ্যামেন্ডমেন্ট আমরা দিই নি। তিনি এই বিলগুলি নিয়ে এসে বামফ্রন্ট সরকার ১৮ বছর ক্ষমতায় থাকার পরে এটা স্বীকৃত যে ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেক্ট্রিসিটি

বোর্ড ১৮ বছর যেভাবে চলছিল তা একবারে ঠিকভাবে চলছিল না। পশ্চিমবঙ্গ সরকার ১৮ বছর ধরে তা বুঝতে পারেন নি, মাননীয় মন্ত্রী শঙ্করকুমার সেন তার ২/৩ বছরের অভিজ্ঞতায় এই বিল নিয়ে আসার দরকার মনে করেন। এখন সত্যই ওয়েস্ট বেঙ্গল ইলেক্ট্রিসিটি বোর্ডের পারফরমেন্স যা দেখা যাচ্ছে তাতে ভারতবর্ষের স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ডগুলির মধ্যে যেগুলি খুব খারাপ চলে সেগুলির মধ্যে পশ্চিমবঙ্গ রাজ্যের বিদ্যুৎ পরিষদ অন্যতম। স্যার, ইকনমিক রিভিউর স্ট্যাটিসটিক্যাল অ্যাপেনডিক্স পড়ছি। ওয়েস্টবেঙ্গল স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ড কবে প্রতিষ্ঠা হয়েছে, ১৯৫৫ সালে, পারফরমেন্স কি, জেনারেশন, ট্রান্সমিশন, ডিস্ট্রিবিউশন অফ পাওয়ার, এখানে ১৯৯২-৯৩ এর ইকনমিক রিভিউ বইয়েতে যা ছাপা হয়েছে তাতে দেখা যাচ্ছে টোটাল স্টেট গভর্নমেন্টের শেয়ার হচ্ছে ৫৮২ কোটি টাকা, গ্রান্ট-ইন-এড হচ্ছে ৬৮ কোটি টাকা ৯৯ কোটি টাকা হচ্ছে লোন। সেখানে শুধু ১৯৯২-৯৩ তে লস ২৮ কোটি ৩৫ লক্ষ টাকা। অ্যাকুমুলেটেড লস ৫৫৯ কোটি টাকা। তার মানে স্টেট গভর্নমেন্টের শেয়ার ক্যাপিট্যাল তার প্র্যাকটিক্যালি অ্যাকুমুলেটেড লসে খেয়ে গিয়েছে। সুতরাং সেই ক্রাইটেরিয়ায় একটা ইন্ডাস্ট্রি বা সংস্থাকে সিক বলা হয় সেই ক্রাইটেরিয়াগুলি সব এই রাজ্যের বিদ্যুৎ পরিষদ ফুলফিল করে। প্রশ্ন এই এটা টার্মিনালি সিক, বাঁচানো যাবে না। মাননীয় শঙ্করবাবুকে প্রস্টেগুলি করতে হবে, আদারওয়াইজ রাজ্য বিদ্যুৎ পর্ষদ যে জায়গায় পৌঁছেছে, সেই জায়গা থেকে ফিনান্সিয়ালি বার করা খুবই মুশকিল।

আমাদের মনে রাখতে হবে যে, ১৮ বছরের বামফ্রন্ট সরকারের যোগ্য ৫৫২ কোটি টাকা অ্যাকুমুলেটেড লসের জায়গায় রাজ্য বিদ্যুৎ পর্ষদ পৌঁছেছে। এই পরিপ্রেক্ষিতে বলছি, রাজ্য বিদ্যুৎ পর্যদের মূল কাজ কি? কলকাতা শহর এবং সংলগ্ন এলাকা ও শিল্প এলাকায় মোটামুটিভাবে সি.ই.এস.সি. পাওয়ার ডিস্ট্রিবিউশন করে এবং সেখানে পার্ট অফ দি জেনারেশনও সি.ই.এস.সি. করে থাকে। কোলিয়ারি এলাকায় বিদ্যুৎ পায় ডি.ভি.সির জেনারেশন থেকে। দুর্গাপুর-আসানসোল এলাকার স্টিল প্ল্যান্ট এবং অন্যান্য শিল্প সংস্থাগুলি ডি.ভি.সি এবং ডি.পি.এল. থেকে বিদ্যুৎ পায়। এসব বাদ দিয়ে রাজ্য বিদ্যুৎ পর্যদের কাজ। এই হাউসে বারবার বলেছি, রাজ্য বিদ্যুৎ পর্যদের মৌলিক যে কাজ, সেই গ্রামীণ বৈদ্যুতিকরণের ক্ষেত্রে আজকে ভারতবর্ষের বেশিরভাগ রাজ্য থেকে পিছিয়ে রয়েছে। যেখানে পশ্চিমবঙ্গে ৩৮,০২৪টি মৌজা আছে সেখানে ২৮,৫৫২টি মৌজায় বিদ্যুৎ পৌঁছাতে পেরেছেন। কাজটা ৭৫ পারসেন্ট হয়েছে। এটা কিন্তু ন্যাশনাল অ্যাভারেজ থেকে কম। আমরা জানি, মহারাষ্ট্র, তামিলনাড়ু, কর্ণাটক, গুজরাট প্রভৃতি রাজ্যে গ্রামে গ্রামে বিদ্যুৎ পৌঁছে গেছে। এ-রাজ্যে কিন্তু রাজ্য বিদ্যুৎ পর্যদ চূড়ান্ত ব্যর্থ। এক্ষেত্রে রুরাল ইলেক্ট্রিফিকেশন কর্পোরেশনের লোন পাওয়া সত্ত্বেও ব্যর্থ হয়েছেন। অন্য পার্টে বলা হয়েছে, দুই-তিন বছর ধরে বলা হচ্ছে, শঙ্করবাবু বিদ্যুতের উন্নতি করেছেন। এটা ঠিক, যে দুর্গাপুর প্রোজেক্ট রাইট অফ হয়ে গিয়েছিল সেই প্রোজেক্টকে তিনি কিছুটা রিভাইভ করেছেন এবং মর্ডানাইজেশন প্রগ্রাম নিয়ে ব্যান্ডেল এবং সাঁওতালদির জেনারেশনে উন্নতি করেছেন। বর্তমানে শঙ্করবাবু মূলত গ্রামে গিয়ে বক্তৃতা দিচ্ছেন, কিন্তু জানি না, তিনি গ্রাম বাংলার বিদ্যুতের পোজিশন সম্পর্কে অ্যাওয়ার আছেন কিনা। দুই-তিনদিন আগে আমি গঙ্গারামপুর গিয়েছিলাম। যেদিন সেখানে পৌঁছাই সেদিন পুরোদিন সেখানে কোনও বিদ্যুৎ ছিল না। কেন এটা হয়? কেউ বলেন যে, ট্রান্সমিশন এর তার চুরি হয়ে গেছে, আবার

কেউ বলেন, ভোল্টেজ ফ্ল্যাকচুয়েশনের ফলে এলাকাগুলোতে আলো ডিম হয়ে পরে নিভে যাচ্ছে। কলকাতায় আমরা ফুল ভোল্টেজ পাচ্ছি, কিন্তু রাজ্য বিদ্যুৎ পর্ষদ এলাকায়, বিশেষ করে পিক টাইমে ভোল্টেজ ভীষণভাবে কমে আসছে। আমি জানতে চাই, বিদ্যুতের এই পরিস্থিতি সম্পর্কে আপনি চিন্তিত কিনা, গ্রামীণ বৈদ্যুতিকরণের ক্ষেত্রে এত পিছিয়ে কেন, পর্ষদের লোকসানই বা কমানো যাচ্ছে না কেন, গ্রাম ও মফস্বল শহরের মানুষেরা ঘন্টার পর ঘন্টা অন্ধকারে থাকছেন কেন, লো ভোল্টেজ হচ্ছে কেন? এসব প্রশ্নের যথাযথ উত্তর কিন্তু মন্ত্রী মহাশয় দিতে পারছেন না। সেজন্য বলছি, কলকাতায় বিদ্যুতের যতটুকু উন্নতি আমরা লক্ষ্য করছি সেটা কিন্তু পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলের চিত্রের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়। আজকে গ্রাম বাংলার চিত্র কিন্তু অত্যন্ত খারাপ, নৈরাশ্যজনক, হতাশাব্যাঞ্জক, এটা বলতে পারি। রাজ্য বিদ্যুৎ পর্ষদগুলোর লোকসান কিভাবে কমানো যায় তার উপর, আপনি জানেন, সারদ পাওয়ারকে চেয়ারম্যান করে একটা কমিটি হয়েছিল। শঙ্করবাবু তাতে একজন মেম্বার ছিলনে। সেই কমিটি সামগ্রিকভাবে যে রিপোর্ট দিয়েছে তাতে তারা বলেছেন, পাওয়ার সেক্টরকে আস্তে আস্তে প্রাইভেট সেক্টরের হাতে ছেড়ে দিতে হবে। তার কারণ দেখা যাচ্ছে যে বিদ্যুৎ পর্ষদ যেখানে জেনারেশনের দায়িত্ব নিয়েছে কোথাও তারা প্লান্ট লোড ফ্যাক্টর যথেষ্ট অ্যাচিভ করতে পারছে না। গত ২।৩ বছর থেকে, ভি.পি.সিংয়ের সরকারের সময় থেকে ঠিক হয়েছে যে পাওয়ার সেক্টর মোটামুটি আমরা খুলে দেব দেশি ক্যাপিটালিস্টদের হাতে, মাল্টি-ন্যাশনালদের হাতে। আমি শঙ্করবাবুকে আগে বলেছি যে গোটা রাজ্য সরকারের সিঙ্গুলার ফেইলর হচ্ছে। এরা বিদ্যুতের যখন উন্নতির কথা বলছেন, পশ্চিমবাংলায় সিঙ্গুলারলি ফেল করছে। পাওয়ার সেক্টরে বড় ফরেন ইনভেস্টমেন্ট নিয়ে আসার ক্ষেত্রে আমরা সিঙ্গুলারলি ফেল করেছি। আপনি হয়ত কাগজে দেখেছেন যে কয়েকদিন আগে প্রধানমন্ত্রী বিশাখাপত্তনমে গিয়েছিলেন। হিন্দুজারা ৪ হাজার কোটি টাকায় নুতন পাওয়ার প্লান্ট করছে প্রাইভেট সেক্টরের। আপনি হয়ত জানেন যে ইনড্রোন কর্পোরেশন, এরা পৃথিবীতে ওয়ান অব দি লিভিং কোম্পানিজ ইন পাওয়ার জেনারেশন। তারা মহারাষ্ট্রের ডাবলে ৮ হাজার ৫ শত কোটি টাকায় পাওয়ার জেনারেশনের নুতন প্লান্ট করছে। আপনি জানেন ইন্দ্রাবতিতে উড়িষ্যায় ১০।। হাজার কোটি টাকায় নুতন করে প্রাইভেট সেক্টরে পাওয়ার জেনারেশনের প্লান্ট তৈরি হচ্ছে। আপনি হয়ত এটাও জানেন যে আর.পি.জি গ্রুপ যারা আপনার কলকাতায় ইলেক্ট্রিক সাপ্লাই কর্পোরেশনের মালিক তারা এবং মিত্তাল গ্রুপ যারা তারা মহারাষ্ট্রে ৬ হাজার কোটি টাকা পাওয়ার সেক্টরে লাগাবে বলে চুড়ান্ত সিদ্ধান্ত করেছে। কাজেই আমি এই কথা বলতে চাচ্ছি যে যেখানে অন্যান্য রাজ্যে নুতন পাওয়ার জেনারেশন প্রোজেক্ট হচ্ছে ৪ হাজার কোটি টাকার, ৫ হাজার কোটি টাকার, ১০ হাজার কোটি টাকায়, যেখানে মহারাষ্ট্রে পাওয়ার সেক্টরে ২০ হাজার কোটি টাকা ইনভেস্ট হতে চলেছে উইথ.অ্যান আই টু দি ফিউচার, সেখানে আমাদের পশ্চিমবাংলায় কোনও নোটিশেবল ইনভেস্টমেন্ট বাই ফরেন কোম্পানিজ ডাইরেক্ট ইনভেস্টমেন্ট অর্থাৎ বিদেশি কোম্পানির দ্বারা বা দেশি কোম্পানির দ্বারা আমরা দেখছি না। আপনি মাঝখানে বলেছেন যে সাগরদীঘিতে যাকে নিয়ে আসবেন, সি.এম.এস জেনারেশন, আপনাদের ভি.সি.পি.এল-এর মাধ্যমে আসছে। আমি আপনাকে বলতে চাই যে সি.এম.এস জেনারেশন, আমেরিকার ফার্স্ট কোম্পানি ইন্ন পাওয়ার জেনারেশন। তাদের সম্বন্ধে কনসিডার্ড নন। সুতরাং পাওয়ার জেনারেশনে অ্যাপারেন্টলি কলকাতায় আমাদের মতো মধ্যবিত্তদের জন্য একটু উন্নততর পিকচার দিতে

পারলে হত। কিন্তু পাওয়ারের পজিশন - (এক) গ্রামে একেবারেই স্যাটিসফ্যাক্টোরি নয়, (২) পাওয়ার জেনারেশন ফিউচারে লার্জ স্কেলে পাওয়ার জেনারেশনের ক্ষেত্রে কোনও উল্লেখযোগ্য ইনভেস্টমেন্ট আপনি এখনও পর্যন্ত দেখাতে পারেন নি। আপনার দেখাবার মধ্যে আছে কলকাতার সি.ই.এস.সি., আর বজবজ। তাছাড়া আর কোনটা আইদার সাগরদীঘি, আর বলাগড় কোনওটাই ফাইনাল স্যাটিসফ্যাক্টোরি নয়। বক্রেশ্বর আপনাদের কথামতো রক্ত দিয়ে তৈরি হয়নি, ২০০৪ সালে তৈরি হবে। তার ফলে পশ্চিমবাংলায় ভবিষ্যতে পাওয়ারের একটা কমফর্টেবল পজিশনে যাবে, এটা আমাদের মনে হয়না। পশ্চিমবাংলায় যেটা আপনারা বলেন যে বিদ্যুৎ সারপ্লাস হয়ে যাচ্ছে, তার মেন কারণ হচ্ছে পশ্চিমবাংলায় বড় ইন্ডাস্ট্রি বন্ধ, নুতন ইন্ডাস্ট্রি হচ্ছে না এবং ইট গিভস এ প্যাথেটিক্যাল স্টেট-অ্যাফেয়ারস অব দি ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট ইন ওয়েস্ট বেঙ্গল। যেখানে আপনারা বলছেন যে বিদ্যুৎ সারপ্লাস হয়ে যাচ্ছে সেখানে ২৫ পারসেন্ট গ্রামে এখনও বিদ্যুৎ যায়নি। যেখানে ১।। শত, ২ শত বড় বড় কারখানা বন্ধ রয়েছে সেখানে আপনি পাওয়ার সারপ্লাসের কথা বলছেন এবং রাত্রে জেনারেশন হলে কি হয় সে কথা বলছেন। সেদিন আমাদের অ্যাসেম্বলিতে একটা মিটিং হয়েছিল পশ্চিমবাংলার ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট পারসপেক্টিভ সম্বন্ধে। সেখানে এফ.আই.সি.আই-এর প্রেসিডেন্ট অজয় মিত্তাল, তিনি পশ্চিমবঙ্গের লোক, তিনি মুখ্যমন্ত্রীর সামনে স্পষ্ট জিজ্ঞাসা করেছিলেন যে আপনারা বলছেন যে পাওয়ার জেনারেশন সারপ্লাস হচ্ছে তাহলে আপনারা পিক আওয়ারে ৬টা থেকে ১০টা পর্যন্ত যে পাওয়ার রেস্ট্রিকশন সেটা ইন্ডাস্ট্রির জন্য তুলতে পারেন নি কেন? আপনি হাই টেনশন কনজিউমারদের বলেছেন যে, আপনি তাদের জন্য আইন সংশোধন করছেন। কিন্তু আপনি ৬টা থেকে ১০টা পর্যন্ত এখনও পাওয়ার রেস্ট্রিকশন তোলেন নি। আপনার পাওয়ার পজিশন কমফর্টেবল কোথায়? এত ইন্ডাস্ট্রি বন্ধ, নুতন ইন্ডাস্ট্রি হচ্ছে না। তাসত্ত্বেও আপনি সন্ধ্যাবেলার জন্য পাওয়ার রেস্ট্রিকশন যেটা ছিল, পাওয়ার রেশনিং যেটা ছিল সেটা তুলতে পারেন নি কেন? এই প্রশ্নের কোনও উত্তর নেই। আমি যখন এই কথাগুলি বলছি, এর মানে এই নয় যে আপনার ব্যক্তিগত ইনটেগ্রিটি সম্পর্কে, সিনসিয়ারিটি সম্পর্কে প্রশ্ন তুলছি। আমি আপনাকে এটা বলার চেষ্টা করছি যে আপনার পাওয়ার সিস্টেম অ্যাজ এ হোল এখানেও কাজ করছে না, ইমপ্রুভমেন্ট করছে না। যে ইমপ্রুভমেন্ট কলকাতায় হচ্ছে, ইট ইজ নট ম্যাচড বাই ইমপ্রুভমেন্ট এলসহয়্যার এবং ওভারঅল পাওয়ার পারসপেকটিভ প্ল্যানিং বলুন, বর্তমান পজিশন বলুন, সেটা স্যাটিসফ্যাক্টরি নয়।

[2-30 — 2-40 p.m.]

এবারে আমি আসি আপনি যে বিলগুলি এনেছেন সেই সম্পর্কে। আপনি এই যে বিলগুলি এনেছেন, এই যে আইনটা হাজির করেছেন ১৮ বছর পরে যে প্রহিবিশন অফ আনলফুল পজেশন অফ প্রপার্টি অফ ইলেক্ট্রিক্যাল আন্ডারটেকিংস, এটা কিসের স্বীকৃতি? আপনার বামফ্রন্ট সরকারের আমলে গ্রামাঞ্চলে আইন-শৃঙ্খলার অবস্থা এত খারাপ যে আপনার ইলেক্ট্রিসিটি বোর্ডের সম্পত্তি চুরি বন্ধ করতে পারছেন না। পারছেন না আপনি এই কারণে যে আপনার হাতে যে আইন আছে সেই আইন যথেষ্ট নয়। আপনার হাতে ইন্ডিয়ান পেনাল কোড, ক্রিমিন্যাল প্রসিডিয়োর কোড আছে, পুলিশ দিয়ে এই আইনের মাধ্যমে চুরি বন্ধ করা সম্ভব হচ্ছে না। সেইজন্য আপনি স্ট্রিনজেন্ট এবং ড্রাকুনিয়ান ল নিয়ে আসছেন। স্যার,

আপনি আইনজীবী লোক, আপনি জানেন যে ইলেক্ট্রিসিটি বোর্ডে চুরি আটকাতে পারছে না। কিন্তু এই চুরি বন্ধ করার জন্য আই.জি. র‍্যাঙ্কের একজন অফিসার আছেন মিঃ হান্ডা, সিকিউরিটি অফিসার, তারজন্য অনেক টাকা খরচ করা হয়। এত সিকিউরিটি থাকা সত্ত্বেও কন্ডাকটার চুরি হচ্ছে, টাওয়ার মেম্বার চুরি হচ্ছে, ওভার হেড তার চুরি হয়ে যাচ্ছে। গ্রামাঞ্চলে যেখানে সি.পি.এম-এর প্রাধান্য, যে পার্টিতে আপনি নূতন সদস্য হয়েছেন সেই পার্টিই আপনাকে বলেছিল পঞ্চায়েত এবং জেলা পরিষদের মাধ্যমে করবেন। আজকে তার স্বীকৃতি কি? আপনি বলছেন যে "All officers of the State Government and all members of Gram Panchayats, Panchayat Samitis and Zilla Parishads and also of Mahakuma Parishad. constituted under the West Bengal Panchayat Act, 1973, are hereby empowered and required to assist the police officers in the enforcement of this Act." আপনাকে আবার পুলিশকে পাওয়ার দিতে হচ্ছে। আপনাকে পঞ্চায়েতকে বলতে হচ্ছে ওদের বলতে হচ্ছে তোমরা সাহায্য করবে ইলেক্ট্রিসিটি বোর্ডের জিনিসপত্র চুরি ধরার ব্যাপারে। আপনি এনেছেন ড্রাকুনিয়ান ল, আপনি ধরুন চোর আমাদের আপত্তি নেই। আপনি কি পাওয়ার দিয়েছেন? "Any police officer may, without an order from a Magistrate and without a warrant, arrest any person who has been concerned in an offence punishable under this Act or against whom a reasonable suspicision exists of his having been so concerned." তার মানে আপনি একজন পুলিশ অফিসারকে পুলিশ ইন্সপেক্টর অফ দি র‍্যাঙ্ক অফ সাব-ইন্সপেক্টর অ্যান্ড এবাব, আপনি তাকে এই ক্ষমতা দিয়ে দিচ্ছেন যে সে যে কোনও জায়গায় উইদাউট ওয়ারেন্ট যে কোনও লোককে অ্যারেস্ট করতে পারবে যদি তার সন্দেহ হয়। আপনার জিনিস চুরি করার জন্য প্রথম বার হলে ৫ বছর এবং পরের বার হলে ৭ বছর জেল হবে। কারো বাড়িতে যদি জিনিসপত্র থাকে বা তার সাথে কোনও যোগাযোগ থাকে তাহলে তারজন্য ৩ বছর জেলের শাস্তি আপনি নিয়ে আসছেন। তার মানে It is admission that after 18 years of Left Front and after 18 years of Chief Ministership who is also in charge of Home portfolio টোটাল ফেল করেছে গ্রামাঞ্চলে ইলেক্ট্রিসিটি বোর্ডের জিনিসপত্র চুরি রোধ করতে আপনি ফেল করেছেন বলে আপনার ওই পচা পুলিশ বাহিনীকে আরও ড্রাকুনিয়ান পাওয়ার দিচ্ছেন। তারা ১০ জনকে ভুল ধরবে, ১০ জনকে সন্দেহ হচ্ছে বলে আটকে রাখবে। আপনি হাউসে বাজেট নিয়ে আসবেন, আপনি তখন এসে বলবেন যে এই আইন দাখিল করার পর কি পারফরমেন্স বৃদ্ধি পেয়েছে, আপনি চুরি কত কমাতে পেরেছেন। আপনার পারফরমেন্স কতটা বাড়াতে পেরেছেন, কতটা কমেছে সেটা বলবেন। আপনি এখানে বলছেন যে জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ফার্স্ট ক্লাসের কমে কেউ এই অফেন্স ট্রাই করতে পারবে না, তার মানে অফেন্সের লেভেলটা তুলে নিয়ে যাচ্ছেন। আপনি উল্লেখ করেছেন রেলওয়ে পপার্টির ক্ষেত্রে এইরকম আইন আছে, টেলিফোন, টেলিকমিউনিকেশনের তার চুরির ব্যাপারে এইরকম আইন আছে। ১৮ বছর বামফ্রন্ট সরকার চলার পর ভাবনা চিন্তা করে নিয়ে এসেছেন এটা এবং ইনফিনিটি পাওয়ার দিচ্ছেন পুলিশকে। আপনি অফেন্সের পরিমাণ বাড়িয়ে দিচ্ছেন। জের্লা পরিষদকে বলছেন দে রিকয়ারড টু অ্যারেস্ট, তা না হলে, বলছেন না। এটা আশ্চর্য ব্যাপার। যখন আমাদের দেশে ইন্ডিয়ান পেনাল কোড আছে বিভিন্ন ধরনের চুরির

ক্ষেত্রে আমাদের দেশে আইন আছে। আপনি মনে করেছেন আমাদের দেশে যে আইন আছে তা যথেষ্ট নয়, আপনি আইন আনছেন। পশ্চিমবাংলায় 'টাডা' রয়েছে, 'টাডা ভারতবর্ষে রয়েছে, তার মিস ইউজ হচ্ছে, আর একটা আইন সরকার হাতে নিলেন। এতে ব্যাপক মিসইউজ হবে বলে আমি মনেকরি। তার কারণ এই কোরাপ্ট পুলিশ বাহিনীর কাছ থেকে আমরা কোনও ফেথফুল বা কারেন্ট ইমপ্লিমেনটেশন পাব বলে মনে করিনা। দ্বিতীয়ত আপনি আর একটি আইন নিয়ে এসেছেন, তাতে আপনি বলেছেন যে যারা পাওয়ার চুরি করে তাদের ক্ষেত্রে কি হবে। আপনি বলেছেন তাদের ক্ষেত্রে একটা টেকনিক্যাল পার্ট আছে। আপনি ইলেক্ট্রিক্যাল ইন্সপেক্টর ছাড়াও এই আইনে অন্যান্য যারা চিফ ইলেক্ট্রিক্যাল ইন্সপেক্টর, জয়েন্ট ইলেক্ট্রিক্যাল ইন্সপেক্টর, অ্যাসিস্ট্যান্ট ইলেক্ট্রিক্যাল ইন্সপেক্টর, এদেরকে আপনি পাওয়া দিয়েছেন, যা আগে ইলেক্ট্রিক্যাল ইন্সপেক্টরের ক্ষমতা ছিল মাত্র। কিন্তু আমি আবার বলছি, আপনি এখানে যে ড্রাকোনিয়ন পাওয়ার আনছেন, কারও যদি কোনও ডিসপিউট থাকে তাহলে তাকে আগে পুরো টাকাটা জমা দিতে হবে। তারপর সে কোনওরকম ডিসপিউট করতে পারে। এখানে বলা হয়েছে, "Provided that the consumer shall, before referrting such difference or dispute to the Electrical Inspector, deposit with the licensee without prejudice to anything contained in the forego-ing provisions of this section the full amount of the charge or sum referred to in sub-section(1) তার মানে পুরো টাকাটা আগে ডিপোজিট করো, তারপর কোনও ডিসপিউট তুলতে পারো। এখানে আর একটি বক্তব্য, ইন্ডিয়ান ইলেক্ট্রিসিটি অ্যাক্ট অনুযায়ী আপনি সাপ্লাই কেটে দিতে পারবেন। তারপর যদি কেউ আবার কানেক্ট করে তাহলে আপনি বলতে পারেন যে তাকে এক বছর বিদ্যুৎ ছাড়া চলতে হবে। ঠিক আছে। যারা বিদ্যুতের জন্য পয়সা দিচ্ছে না, যারা ডিসপিউট করছে, তাদের বিরুদ্ধে স্ট্রিনজেন্ট ব্যবস্থা গ্রহণ করুন। কিন্তু আপনি কি মনে করেন যে, এই যে এক বছরের জন্য পানিশমেন্ট দিয়ে দিলেন, তারপর সে চালাতে পারবে? হি নিডস ইলেক্ট্রিসিটি ফ্রম আদার সোর্সেস। তখন তার প্রয়োজনটা কি করে মিটবে? আপনি তাকে পানিশমেন্ট দিন, বিদ্যুতের টাকা আদায় করুন। সেই ব্যাপারে আমাদের কিছু বলার নেই। কিন্তু সেটা আসলে হচ্ছে না। আপনি জানেন কি-না জানিনা, গ্রামে একটা সিস্টেমেটিক পদ্ধতিতে হুকিং, ট্যাপিং হয়। যেমন ধরুন, একটা জায়গায় কেউ ইলেক্ট্রিক মিটার নিয়েছে। সেখান থেকে আন-অথরাইজড ভাবে অন্য দশটি জায়গায় সে কানেকশন দিল। তারপর যেদিন ইলেক্ট্রিক্যাল ইন্সপেক্টর আসবে তার আগেরদিন বলে, 'তোরা কানেকশনটা খুলে দিবি।' তারপর সে বিলটা ডিসপিউট করল। সে বলবে যে আলাদা কোনও কানেকশন নেই। এইভাবে অধিকাংশ ক্ষেত্রে যারা হুকিং করছে এবং ট্যাপিং করছে এবং অন্যের কাছ থেকে টাকা নিচ্ছে তাদের পানিশমেন্টের কোনও ব্যবস্থা নেই। এইভাবে ইনডিভিজুয়ালি টাকা নিচ্ছে, এস.ই.বি.তে টাকা জমা পড়ছে না। এইরকম একাধিক ঘটনার কথা আমি আপনার কাছে বলতে পারি। আগে যে আইন ছিল তার সাহায্যে এখন পর্যন্ত আপনি হুকিং, ট্যাপিং কমাতে পারেন নি, আন-অথরাইজড কানেকশন কমাতে পারেন নি। একটা মিটার নিয়ে বেশি ইলেক্ট্রিক নেওয়া, সেটাও আপনি বন্ধ করতে পারেন নি। আপনার ভাবা দরকার যেটা, আপনি অ্যাডমিনিস্ট্রেটিভ স্ট্রিমলাইন করুন। আপনি আইনের অ্যাম্বিটকে আরও বাড়ান। কিন্তু যে পারপাস অ্যাচিভ করতে চাইছেন তাতে সেটা অ্যাচিভ হবে না।

আপনি আর একটি আইন এনেছেন, তাতে বাল্ক কনজিউমারের কথা বলেছেন। বাল্ক কনজুমার'এর ক্ষেত্রে আমি একটা লিস্ট চাই। পশ্চিমবঙ্গে বাল্ক কনজুমাররা কোনও কনসেশনাল রেটে কনজিউম করে কিনা? সরকারের সঙ্গে যে ইন্ডাস্ট্রিগুলোর ভাল রিলেশনশিপ আছে তারা সবচেয়ে খারাপ অবস্থাতেও বিদ্যুৎ পেয়েছে, তাদের সেই সময়ে লোডশেডিং হয়নি কোনওদিন। বিড়লার টেক্সম্যাকোতে, হিন্দমোটরে কোনওদিন লোডশেডিং হয়েছে বলে আমি শুনিনি। এই ইন্ডাস্ট্রিজ বড় একটা সেকশন বাল্ক কনজুমার বলে তাদের সাথে এগ্রিমেন্ট ওয়াইজ একটা টাকা ঠিক হয়। এই ক্ষেত্রে ব্যাপক ডিসক্রিমিনেশন রয়েছে। আমরা জানতে চাই কত ইন্ডাস্ট্রিজ আপনার কাছে থেকে কনসেসান রেট অফ টেরিফ নেয় এবং যারা বাল্ক কনজিউমার তাদের একটা লিস্ট আপনি করে আমাদের দেবেন। আপনি বলেছেন যে, যে সমস্ত কোম্পানি বিদ্যুতের বিল বকেয়া রেখেছে তাদের টাকা রিকোভারি করার ব্যবস্থা করবেন। পাবলিক ডিমান্ডস অ্যাক্টে যারা বারে বারে কম টাকায় বিদ্যুৎ নিচ্ছে তাদের এই বিদ্যুৎ নেওয়ার ফলে রাজ্য বিদ্যুৎ পর্ষদের অসুবিধার সৃষ্টি হচ্ছে, তার কি ব্যবস্থা আপনি করবেন? আজকে হাইটেনশন কনজিউমারদের ক্ষেত্রে কি ব্যবস্থা নেবেন! আপনি আপনার বক্তব্যে বলেছেন যে, পাওয়াব টেরিফ পশ্চিমবঙ্গে যত আছে তারমধ্যে অনেক ডিসক্রিমিনেটারি ব্যাপার রয়েছে। এবং সেক্ষেত্রে পাওয়ার টেরিফ নতুন করে নির্ধারণ করা দরকার। এদের সাজার দরকার। সেক্ষেত্রে সি.ই.এস.সি হচ্ছে সবচেয়ে ওয়ার্স অফেনডার। সি.ই.এস.সি করছে কি বিভিন্ন মেগাওয়াটের উপরে একটা স্লাব করছে। আমরা দাবি তুলেছি যে, সি.ই.এস.সিকে ফুয়েল সারচার্জের টাকা ফেরত দিতে হবে। এই নিয়ে কোর্ট কাছারিও চলছে এবং কোর্ট থেকে অর্ডার দেওয়া সত্ত্বেও এরা টাকা ফেরত দেয়নি। কিন্তু অদ্ভুত ব্যাপার, সি.ই.এস.সি যেখানে স্ল্যাব করেছে এস ই বি সেখানে কোনও স্ল্যাবের অ্যাডভানটেজ নিতে পারেনি। কিছু ডিসক্রিমিনেটারি পাওয়ার টেরিফ তারা ইন্ট্রোডিউস করছে। সেখানে আপনার এস ই বির রেভিনিউ অ্যাডমিনিস্ট্রেশন সম্পর্কে চিন্তা করার দরকার। আজকে ইলেক্ট্রিসিটি বোর্ডের যে কম্পোজিশন সেখানে চেয়ারম্যান হিসাবে যিনি আছেন, তিনি একজন যোগ্য লোক, তিনি নিজে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ার। কিন্তু আপনার ফিনান্স এবং অ্যাকাউন্টস সাইড একেবারে দুর্বল। সুতরাং আপনার এস ই বির রেভিনিউ অ্যাডমিনিস্ট্রেশনের ক্ষেত্রে প্রপার কোয়ালিফায়েড লোক আনার দরকার এবং সেই অনুযায়ী রেভিনিউ অ্যাডমিনিস্ট্রেশন স্ট্রাকচার এবং সেট আপ গঠন করা উচিত। এই প্রসঙ্গে আপনাকে জানাই যে, হুকিং অর ট্যাপিংয়ের ক্ষেত্রে সি.ই.এস.সি কিন্তু অন্য পথ ধরেছে। সি.ই.এস.সি গোটা পাড়াটাকে ধরে অর্থাৎ সেখানে বস্তী প্রভৃতি ধরে একটা ইউনিট হিসাবে ক্যালকুলেট করছে। তাতে নির্দিষ্ট হিসাবের ক্ষেত্রে অর্থাৎ পাড়ার যদি একজন হুকিং বা ট্যাপিং করে তারজন্য সেই বাড়তি খরচ সি ই এস সি সমস্ত অর্ডিনারি কনজিউমারদের ঘাড়ে চাপিয়ে দিচ্ছে। আজকে যদি একটা তার ছুড়ে দিয়ে হুকিং ট্যাপিং করা যায় তাহলে ওই লাইন দিয়ে ফ্রিজ, বৈদ্যুতিক সাজ সরঞ্জাম সহজেই চালানো যায়। এবং সেক্ষেত্রে হুকিং ট্যাপিং দ্বারা কত সহজে বিদ্যুৎ পাওয়া যাচ্ছে এবং সাধারণ মানুষ এর দ্বারা বেশি টাকা বহন করছে। এই যে হাইটেনশন লাইনে ট্যাপিং হচ্ছে সেটা বন্ধ হওয়া দরকার এবং এই ব্যাপারে আপনার পদক্ষেপ নেওয়া উচিত। এক্ষেত্রে আজকে যেভাবে ট্যাপিং রেগুরেলাইজ হয়ে যাচ্ছে তাতে পার্টির একটা সেকশন ডাইরেক্টলি এই ব্যবস্থার সঙ্গে যুক্ত হয়ে যাচ্ছে। আজকে আপনাকে টেকনিক্যাল দিকটা ভাবতে হবে, এটা লিগ্যাল উপায়ে

সমাধান করা যাবে না। সুতরাং হাইটেনশন লাইনে ট্যাপিং বলুন বা অন্য যা কিছুই হোক সি ই এস সি এইক্ষেত্রে কি ব্যবস্থা নেবেন সেটা আপনাকেই ভাবতে হবে। সি.ই.এস.সি. একটা কাজ করে সেটা হচ্ছে পুরো বস্তির লাইন তারা কেটে দেয় কিংবা ওরা বলে সাপ্লাই থেকে হোল এলাকাকে আমরা বাইরে বের করে দিচ্ছি। ওরা প্রাইভেট কনজিউমারদের বলে, কিন্তু যেটা হওয়া দরকার যেটা করতে হবে ন্যাচারালি ইয়োর কমিটমেন্ট টু দি পিপিল ইজ মোর; সেইজন্য বলছি, এই বিলের আমরা বিরোধিতা করছি না, আমরা চাই ইন প্রিন্সিপাল ইলেক্ট্রিসিটি বোর্ড তার লস কমাক, ইলেক্ট্রিসিটি বোর্ড তার জেনারেশন বাড়াক, ইলেক্ট্রিসিটি বোর্ড তার রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশন দ্রুত করুক, আমরা চাই ইলেক্ট্রিসিটি বোর্ড গ্রামাঞ্চলে ভোল্টেজ ফ্লাকচুয়েশন কমাক, কিন্তু সেটা না কমিয়ে খালি এই আইন করে কতটা কি হবে সেটা আপনি ভেবে দেখবেন, এই বলে আমার বক্তব্য শেষ করছি।

[2-40 — 2-50 p.m.]

**শ্রী দীপক মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যে কথাটা বলতে চাই মাননীয় মন্ত্রী যে বিল ৩টি উত্থাপন করেছেন এবং মাননীয় সদস্য লক্ষ্মীকান্ত দে মহাশয় যে সংশোধনীটা দিয়েছেন আমি তাকে সমর্থন করছি এবং সমর্থন করতে গিয়ে যে কথাটা বলতে চাই সেটা হল মাননীয় বিরোধী দলের সদস্য সৌগত রায় মহাশয় যে কথাটা আলোচনার সময় বললেন তাতে মনে হল, তিনি মাননীয় মন্ত্রীর বাজেট বক্তৃতার উপর আলোচনা করছেন। উনি বিলের বিষয়বস্তু সম্বন্ধে আলোচনা না করে তিনি যে বিষয়টা নিয়ে বললেন সেই ব্যাপারে যথাযথ উত্তর হচ্ছে ওনার মতে আইন-শৃঙ্খলার অবনতি হয়েছে বলে এই বিল আনতে হয়েছে। এই বিলে যেটা প্রধানত বলা হয়েছে, এতদিন ধরে যে জিনিসটা প্রমাণ করতে অসুবিধা হত, সেটা হচ্ছে এস.ই.বি.র কোনও সম্পত্তি চুরি হলে সেই সম্পত্তিটা এস.ই.বি.র কিনা। তাই বিলেতে খুব খোলাখুলিভাবে বলা হয়েছে, যিনি আনলফুল পজেশানে ইলেক্ট্রিক্যাল প্রপার্টি রাখবেন, সেই ব্যাপারে যদি কারুর সন্দেহ হয় তাহলে যার পজেশনে আছে তাকেই প্রমাণ করতে হবে, ঐ ইলেক্ট্রিক্যাল প্রপার্টিটা তার কিনা। এটা হচ্ছে এই বিলের মূল দিক। এটা সকলেই ভাল করে জানেন এফ.আই.আর. হচ্ছে বিভিন্ন জায়গায় এবং কেসও হচ্ছে, কিন্তু শেষ পর্যন্ত যে অংশটা চুরি হয়েছে সেইটায় এস.ই.বি.র ছাপ না থাকায় প্রমাণ করাটা দুরূহ ব্যাপার হয়ে উঠেছে। সেইজন্য এই ব্যাপারটিও ওনার দেখা উচিত, এটা শুধু এস.ই.বি.র ক্ষেত্রে নয়, ৭টি যে সংস্থা আছে বিদ্যুৎ বন্টনের ক্ষেত্রে, এটা তাদের ক্ষেত্রেও প্রযোজ্য। এবং লাইসেন্সিং এর ক্ষেত্রেও প্রশ্নটা আছে। আমাদের রাজ্যে ৮৫ হাজার স্কোয়ার কি.মি. এস.ই.বি.র এরিয়া তারমধ্যে দিয়ে তারা বিদ্যুৎ বন্টন করে থাকে, ১ লক্ষ ২৫ হাজার ৫৪৬ ওভার অল লাইন আছে তারমধ্যে ১ লক্ষ ১৪ হাজার ৫৯৩ টিতে তারা দেয়। ট্রান্সমিশন লাইন, ডিস্ট্রিবিউশন লাইন এর মাধ্যমে বিভিন্ন জায়গায় যেভাবে বিদ্যুৎ দেওয়া হয়, সেই ব্যাপারে বলি কোথাও হয়ত একটা পাম্প সেটে বিদ্যুৎ দিতে হবে সেটাকে ইলেক্ট্রিসিটি করে এনারজাইস করা হয়েছে। সেখানে মাঠের মধ্যে একটা ট্রান্সফরমার আছে, সেটা হয়ত কেউ চুরি করে নিয়ে গেল, এখন সেটা খুঁজে বার করতে গিয়ে নানারকম গোলমাল হয়। এই বিলে সেটা বন্ধ করার প্রস্তাব হয়েছে। এই বিলে যেটা করা হয়েছে সেটা হচ্ছে যার কাছে এটা থাকবে তারই প্রমাণ করার দায়িত্ব জিনিসটা তার কিনা। সাধারণ লোকের কাছে বা সাধারণ ইলেক্ট্রিক্যাল

কন্ডাক্টারের কাছে এই ইলেক্ট্রিক্যাল গুডস থাকার কথা নয়, সেইজন্য সেই দিক থেকে এই বিলটা চিন্তা করে আনা হয়েছে। সেই কারণেই এই বিলটার প্রয়োজনীয়তা আছে। আমাদের এখানে লাইন লসের পরিমাণ হচ্ছে ২২।২৩ শতাংশ, ১% লাইন লস মানে বিদ্যুৎ পর্ষদের ক্ষেত্রে ৪ কোটি টাকা, তার মানে প্রতি বছরে এইরকম প্রায় ১০০ কোটি টাকা ক্ষতি হয়ে যাচ্ছে। উনি এখানে উদাহরণ হিসাবে বললেন অন্যান্য জায়গার মতো বিদ্যুৎ এর ক্ষেত্রে বিদেশি সংস্থা কেন আসছে না, তিনি এই ব্যাপারে মহারাষ্ট্রকে আদর্শ স্থান হিসাবে বোঝাবার চেষ্টা করেছেন, এই জিনিসটা এখানে করা দরকার।

কিন্তু এই প্রসঙ্গে আমি দৃষ্টি আকর্ষণ করছি, কয়েকদিন আগে কংগ্রেস দলের সদস্যরা বিধানসভায় বসে মাননীয় বিরোধী দলের নেতাকে সামনে রেখে প্রেস কনফারেন্স করে বললেন এখানে কৃষিতে বিদ্যুতের দাম বাড়ানো চলবে না। এখানে ইন্ডাষ্ট্রিয়াল কনজিউমার যারা থাকে তাদের থেকে বিদ্যুতের জন্য বেশি দাম আদায় করা হয়, কিন্তু এগ্রিকালচারাল কনজিউমারদের কাছে থেকে কম দাম নেওয়া হয়। আমাদের রাজ্যেই সব থেকে কম দামে বিদ্যুৎ দেওয়া হয়। কেন্দ্রীয় সরকারের কাছে আমরা দাবি জানিয়েছিলাম কৃষি যেহেতু জাতীয় উৎপাদনের মধ্যে পড়ে সেইহেতু বিদ্যুৎ দপ্তর কেন একা ভরতুকি দেবে, সাধারণভাবে এই ভরতুকি কেন্দ্রীয় সরকারকেও পূরণ করতে হবে। আর.ই-র জন্য টাকাটা কেন লোন হিসাবে আসবে, সেটাকে ইক্যুইটি হিসাবে পরিণত করতে হবে। এইসব নিয়ে অনেক আলোচনা হতে পারে। আপনাদেরও যেমন বক্তব্য আছে, আমাদেরও তেমনি বক্তব্য আছে। আমরা যুক্তি দিয়ে, তথ্য দিয়ে বলতে পারব এই রাজ্যের কোনটা করলে ভালো হবে। যদি ভরতুকি তুলে নেওয়া হয় তাহলে প্রতি ইউনিট পিছু বিদ্যুতের মূল্যবৃদ্ধি পেয়ে দাড়াবে চার টাকা। তাহলে রাজনীতি করবার জন্য, ভোট পাবার জন্য এখানে এসে একরকম কথা বলবেন, আর গ্রামে গিয়ে কৃষকদের কাছে এক কথা বলবেন এটা হয়না। গ্রামে কৃষকদের মধ্যে বিভেদ সৃষ্টি করবার জন্য আপনারা সাংবাদিকদের ডেকে এইসব কথা বলবেন। জানেন সাংবাদিকদের ডেকে কথাটা বললে সেটা খবরের কাগজে হেডলাইন হবে। আপনারা সালভে কমিটির কথা বললেন, ঐ কমিটিতে ডাক্তার সেনও আছেন। আজকে জেনারেশন বাড়াবার জন্য, রেভিনিউ ও অ্যাডমিনিস্ট্রেশনকে ঠিকমতো করতে গেলে এই বিল সময়োচিত। বাল্ক কনজিউমারদের সঙ্গে যে এগ্রিমেন্ট থাকে সেই রিকভারী করতে গিয়ে বিদ্যুৎ পর্ষদকে যাতে অসুবিধার মধ্যে পড়তে না হয় তারজন্য এই বিলটাতে একটা আইনের ব্যবস্থা করার কথা বলা হয়েছে। এতে তো আপনাদের আপত্তি থাকার কথা নয়। একটা সিক ইউনিট লিক্যুইডিশনে যাবার পর রাজ্য বিদ্যুৎ পর্ষদ সেই টাকাটাকে আদায় করতে পারবে। সেইজন্যই মাননীয় মন্ত্রী মহাশয় বিলের মধ্যে এই আইনের সংস্থান রেখেছেন। আমরা মনেকরি এটা সময়োচিত কাজ। আগে যদি না হয়ে থাকে আজও যদি হয়ে থাকে তাহলে সেটা অভিনন্দন যোগ্য। আমি এই প্রসঙ্গে উল্লেখ করতে চাই, আমাদের রাজ্য বিদ্যুৎ পর্ষদের কতগুলো গুরুতর ত্রুটি আছে। এই ত্রুটি আরও বিরাট করছে গ্রুপ সাপ্লাইগুলো। এই রাজ্যে গ্রুপ সাপ্লাইগুলোর অবস্থা সকলেই জানেন। তাদের হাতে মিটার আছে। কারোর মিটার খারাপ হয়ে গেলে মিটার পাল্টাতে হবে, অথবা, নতুন কানেকশন নিতে হলে মিটার দরকার, কিন্তু মিটার পাওয়া যাচ্ছে না। গ্রুপ সাপ্লাই গুলোর উপর নিয়ন্ত্রণ রাখার দরকার আছে। মাননীয় মন্ত্রী মহাশয় হুকিং, ট্যাপিং এবং বিদ্যুৎ

চুরি যা বন্ধ করতে চাইছেন সেটা ভালো কথা। পাশাপাশি এটা সুনিশ্চিত করতে হবে যে কনজিউমাররা যাতে ঠিকমতো মিটার পান সেই ব্যবস্থা করতে হবে। আজকে যে বিল আনা হয়েছে তাকে সমর্থন করে আমি বক্তব্য শেষ করছি।

[2-50 — 3-00 p.m.]

**ডাঃ হৈমী বসু ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, মাননীয় মন্ত্রী ডঃ সেন যে অ্যামেন্ডমেন্ট, বিলগুলো নিয়ে এসেছেন, তারজন্য তাকে অভিনন্দন জানাচ্ছি। অভিনন্দন জানাচ্ছি এইজন্য যে, দীর্ঘদিন পরে কুম্ভকর্ণের ঘুম ভাঙানোর চেষ্টা তিনি করছেন। খুব ভাল কথা, তার সদিচ্ছা প্রসংশা করার। বিদ্যুৎ নিয়ে যে অরাজকতা সৃষ্টি হয়েছে এই রাজ্যে তার থেকে তিনি উদ্ধারের চেষ্টা করছেন, আইন বদলাতে যাচ্ছেন, নতুন অ্যামেন্ডমেন্ট আনতে যাচ্ছেন, আইনকে আরও কঠোর করতে চাইছেন। স্যার, সদিচ্ছা যদি থাকত এই সরকারের তাহলে যে আইন আছে সেই আইনের এই জিনিস করা যেত। তার কারণ হিসেবে বলতে চাই, যে আইন আছে সেই আইনকেই সঠিক ভাবে প্রয়োগ করা, তা হয়নি। উপরন্তু দলের নেতারা, সকলের কথা বলছিনা, বেশ কিছু নেতা, বিশেষ করে গ্রামাঞ্চলের কলকাতা শহরাঞ্চল, বস্তি অঞ্চল, পঞ্চায়েত অঞ্চলের নেতা, তারাই কিন্তু মূল হত। সুতরাং ধরতে হলে পরে ডঃ সেন চুনোপুটিকে ধরে কোনও লাভ নেই, ভাবের ঘরে চুরি করে তো লাভ নেই, আপনাকে প্রাকটিক্যাল হতে হবে। যারা এই সমস্ত কাজ করছে, তারা যে দলেরই হোক না কেন, তাদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা নিতে হবে এবং সেই ব্যবস্থা শুধু আইন দিয়ে হতে পারে না। আইন যতই কঠোর করুন না কেন, সেই মটিভেশন, আমার সন্দেহ হচ্ছে সরকারের নেই। সরকারের কথা সাধারণ মানুষকে মোটিভেট করা। কিন্তু হোয়াট আই ফিল টু ডে ইজ দি গভর্নমেন্ট নিডস মটিভেশন। সেই মটিভেশন যদি আপনারা সরকারের মধ্যে প্রশাসনের মধ্যে না আনতে পারেন, তাহলে এর থেকে কঠোর আইন প্রণয়ন করেও আপনি কিছু করতে পারবেন না। আজকে বক্তারা বলেছেন এমন ঘটনা ঘটেছে যে, নিম্ন মধ্যবিত্ত বাড়ি, যেখানে হয়ত অ্যাভারেজ বিল আসত ৫০ টাকা, ৬০ টাকা বা মধ্যবিত্ত বাড়ি, যেখানে বিল আসত ১৫০ টাকা, আজকে সেখানে বিল আসছে হাজার টাকা। সারচার্জের নাম করে সাধারণ মানুষকে একটা সাংঘাতিক অবস্থার মধ্যে ফেলে দেওয়া হল। কোর্ট রায় দেবেন বলে বসে আছেন একেবারে কাশী বিশ্বনাথ হয়ে। আপনারা ফোর্স করতে পারছেন না গোয়েঙ্কা কেন এই জিনিস করছে। কোর্ট যখন অর্ডার দিয়েছে তখনই সেটাকে কেন এক্সিকিউট করছেন না, বা আপনারা এক্সিকিউট করছেন না। পশ্চিমবাংলা তো শুধু ইন্ডাস্ট্রি নিয়ে নয়, গ্রাম-গঞ্জ বস্তিতে দরিদ্র মানুষ আছে, যারা সৎ ভাবে বাঁচতে চায়, তাদের সাহায্য করতে এগিয়ে আসুন।

আর একটা জিনিস মিঃ ডেপুটি স্পিকার স্যার, আপনার মাধ্যমে আমি ওনার দৃষ্টি আকর্ষণ করছি যে, এই অ্যামেন্ডমেন্ট অফ সেকশন ২৪ এখানে যে কথা আমার আগে উল্লেখ হয়েছে, সেটা হচ্ছে যে, ডিফারেন্স অফ ডিস্পিউটস। ডিফারেন্স অফ ডিস্পিউটস-এ বলা হয়েছে একটা ব্রড আউট লাইন আপনি করে দিলেন, কিন্তু ডিফারেন্স অফ ডিস্পিউটস যা আমি মুখবন্ধে বললাম, বহু বড় বড় কনজিউমার এর থেকে অ্যাডভান্টেজ নিচ্ছে। কিন্তু এই নিম্ন মধ্যবিত্ত ও বা বস্তিবাসীর পক্ষে ৫০ টাকায় বিলটা ৫০০ টাকা বা হাজার টাকা

দিতে হয় তাহলে তাদের পক্ষে মারাত্মক হবে। এবং তাদের পক্ষে সম্ভব নয় সেই অ্যামাউন্টটা জমা দেওয়া। আপনি মুড়ি, মিছরিকে এক করে ছেড়ে দিয়েছেন। এর পরিণতি কিন্তু মারাত্মক হবে। মারাত্মক হবে এইজন্য বলছি যে বিশেষ করে সি.ই.এস.সি.তে বিগত কিছুদিন আগে তারা যেভাবে চলেছেন, যেভাবে কনজিউমারদের হ্যারাস করেছেন এটাতে কিন্তু তাদের হাতে বিরাট পিলফ্যারেজ হয়ে যাবে। আপনি এ দিকে দৃষ্টি দিন, চিন্তা করুন। ইলেক্ট্রিক্যাল ইনেসপেক্টাররা ডিটারমিন করবেন, পুরো টাকাটা জমা দিতে হবে এটা কি সম্ভব? হয়ত বিগ ইন্ডাস্ট্রির পক্ষে সম্ভব কিন্তু দরিদ্র, পুয়োর কনজিউমার যারা তাদের পক্ষে এটা সম্ভব নয়। আর এটা বোধহয় ছিল যে অ্যাডজুডিকেশন করবেন Chief Electrical Inspector : 1, Harish Mukherjee Road. আই অ্যাম নট সিয়োর, আমার ভুল হতে পারে, সেটা বদলে বাই ইলেক্ট্রিক্যাল ইন্সপেক্টার লিখে দিয়েছেন। আপনি অন্যান্য যে অ্যামেন্ডমেন্ট এনেছেন তার থেকে আমি এটার উপর বেশি গুরুত্ব দিচ্ছি। I do feel, I do support your endeavour to catch held of the offenders. But in the name of catching the offenders, we have no right to make the poor people suffer. তাই আমার মনে হয় বিশেষ করে এই সেকসান ২৪, সাব সেকশন (II) তে যেটা আছে এ বিষয়ে আপনি নিশ্চয় চিন্তা করবেন। আমি কোনও ফরম্যাল অ্যামেন্ডমেন্ট দিচ্ছি না। আপনার জ্ঞান, আপনার বিদ্যার প্রতি শ্রদ্ধা আছে, আমি আশা করি এটা আপনি নিশ্চয় চিন্তা করবেন যাতে করে দরিদ্র কনজিউমাররা নিম্নবিত্ত, মধ্যবিত্ত কনজিউমাররা বা গ্রামের গরিব কৃষকরা বা বস্তির মানুষরা হ্যারাসড না হন। বিশেষ করে এই ধারাটি কিন্তু কনজিউমার প্রোটেকশন অ্যাক্টের বিরোধী। এখানে আপনাকে অন্তত একটা সিলিং ঠিক করতে হবে যে আপ টু দিস সিলিং টাকাটা অ্যাডভান্স জমা দেওয়াটা অবলিগেটারি হবে না। কনজিউমার প্রটেকশন হচ্ছে শুধু আমাদের রাজ্যেই নয়, সারা ভারতবর্ষ এবং সারা পৃথিবীতে একটা অন্যতম রাইট। Right has been established by an act of ours. We cannot go against the Consumers protection Act. এবং এই যে ধারা I am afraid, it will go against the principles of consumers Protection Act in the name of protecting the interest of the Goverı.nent on the private companies. We cannot violate the provisions of the consumer protection Act. এরপর তিন নং পাতায় ৩৯(এ) এবং (বি) তে যেটা রেখেছেন সে সম্পর্কে কয়েকটি কথা বলব। এখানে আছে, Provided that no such order shall be made unless the consumer has been given an opportunity of making his representation, if any. এটা স্পেসিফাই করা দরকার যে টু হুম? যেমন বিভিন্ন জায়গায় স্পেসিফাই করেছেন এখানেও সেটা করা দরকার। হয়ত বলবেন যে প্রপার অথরিটি বা অমুকের কাছে কিন্তু আমি বলব, এই বিলের বিভিন্ন জায়গায় যেভাবে এটাতে স্ট্রেস দিয়েছেন, স্পেসিফাই করেছেন আমার মনে হয় এটাতেই স্পেসিফাই করা দরকার। আই হোপ, you have got it. যে to whom it should be very clearly mentioned here. এই কথাটা বলে আমার ঐ যে চিন্তাধারাটা যে we have no right to go against the consumers protection Act. সেটা আবার বলে ও এই চিন্তাটাকে আপনার মাথায় রাখতে অনুরোধ জানিয়ে বলছি, এ সম্পর্কে সঠিক ব্যবস্থা নেবেন।

[3-00 — 3-10 p.m.]

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বিদ্যুৎমন্ত্রী মহাশয় ৫১/৫২/৫৩, এই যে তিনটি বিল আমাদের সামনে নিয়ে এসেছেন সেই বিল তিনটি তেমন কোনও বিরোধিতা করার আছে বলে মনে করি না, যেমন আমরা বিরোধিতা সোজাসুজি ভাবে করছি না, কিন্তু এই বিলে আলোচনায় অংশগ্রহণ করতে গিয়ে আমাদের মনে কতকগুলো প্রশ্ন দেখা দিয়েছে, আমাদের মনে কতকগুলো আশঙ্কা দেখা দিয়েছে সেই আশঙ্কা এবং সংশয় এর বশবর্তী হয়ে যে কথা বলতে চাই যে এই তিনটি বিল এর সংশোধনীতে মন্ত্রী মহাশয় তার প্রারম্ভিক ভাষণে বা বিলটিকে আমাদের সামনে উপস্থিত করতে গিয়ে বলেছেন প্রপার্টি বিভিন্ন জায়গায়, রাজ্যের বিস্তীর্ণ অঞ্চলে চুরি হত, এবং আজও চুরি হয়, আমাদের রাজ্যের বিভিন্ন মফস্বলে সেখানে বিদ্যুৎ দপ্তরের বহু প্রপার্টি বিভিন্ন ভাবে পড়ে রয়েছে, নষ্ট হয়ে যাচ্ছে সেইগুলোকে উদ্ধার করবার ব্যাপারে, সেখান থেকে পুলিশ স্টেশনের মাধ্যমে সেই প্রপার্টিগুলোকে ছাড় করবার কি ব্যবস্থা রয়েছে, এই বিলের মধ্যে তার উল্লেখ নেই। যে কথা অন্ততপক্ষে ব্যক্তিগত ভাবে মনেকরি যে বিভিন্ন ব্যাপারে আপনার চেষ্টা এবং বিদ্যুতের ব্যাপারে বুৎপত্তি আছে, আপনি গত তিন বছর বিদ্যুৎ দপ্তরের দায়িত্ব নেবার পর এই দপ্তরকে স্ট্রিম লাইন করবার ব্যবস্থা করেছেন, এই দপ্তরের উদ্দেশ্যকে কাজে লাগাবার চেষ্টা করছেন। আমাদের প্রথম বক্তা অধ্যাপক সৌগত রায় আপনাকে বললেন আলোচনায় অংশ গ্রহণ করতে গিয়ে, এই যে বোর্ড, পর্যদ, যে পর্যদ এর সৃষ্টি হয়েছিল ৫৫ সালে, এই পর্যদটির আজকে অবস্থা কি, সত্যই কি এই পর্যদকে রেখে, তাকে কাজে লাগিয়ে, তারমধ্যে থেকে এই বিদ্যুতের যে সরবরাহ, যে উৎপাদন তাকে সঠিক ভাবে আপনি করতে পারবেন? আমরা মফস্বল এলাকার বিধায়ক, গত বাজেট অধিবেশনের সময় বাজেটের জবাবি ভাষণে আপনি বলেছেন এই রাজ্যে ৭০ ভাগ গ্রামে আপনি বিদ্যুৎ পৌঁছে দিয়েছেন, এই ঘটনা কি সত্য? ঘটনা কিন্তু তা নয়। বাস্তব চিত্র একটু বলি, মেদিনীপুর জেলার বিধায়ক আমি, এই জেলায় যেখানে ৮৩ লক্ষ মানুষের বেশি বসবাস করে, যে জেলায় ১০ হাজার গ্রাম আছে, সেই জেলায় চার হাজারের বেশি গ্রামে বিদ্যুৎ যায়নি। আজকে বিদ্যুৎ উৎপাদন বেড়েছে, তার সুফল মহানগরী কলকাতার মানুষ পেতে পারে, কলকাতার আশেপাশের কিছু শিল্প পেতে পারে কিন্তু গ্রামাঞ্চলের কৃষক, তারা কিন্তু এই সুফল থেকে বঞ্চিত হচ্ছে। তার কারণ এখন পর্যন্ত সেখানে ট্রান্সফরমার চুরি হচ্ছে, চুরি প্রতিহত করবার কোনও ব্যবস্থা নেই। চুরি যাওয়া প্রপার্টি উদ্ধার করার জন্য আপনি অ্যামেন্ডমেন্ট এনেছেন, নিশ্চয়ই তার প্রয়োজন রয়েছে, কিন্তু যারা এই সবের সঙ্গে গভীর ভাবে যুক্ত তাদের প্রতিহত করার ব্যাপারে আপনাদের কোনও সদিচ্ছা আছে কি না সেটা দেখতে হবে। গ্রামাঞ্চলে বিদ্যুৎ চুরি সরঞ্জাম চুরি, হুকিং ট্যাপিং এই সমস্ত ব্যাপারে শাসক দলের লোকেরাই প্রশ্রয় দিচ্ছে তার ফলে কি হচ্ছে, আজকে ট্রান্সফরমারগুলো দেখতে পাবেন, এক এক জায়গায় ট্রান্সফরমার মাসের পর মাস ধরে চলছে না। মাসের পর মাস ধরে সেই ট্রান্সফরমারগুলি বন্ধ হয়ে আছে। সেখানে সেই ট্রান্সফরমারগুলি থেকে চুরি করে নিয়ে যাচ্ছে, জিনিসপত্র চুরি হয়ে যাচ্ছে। আজগে সেজন্য আপনাকে বলি যে, যে সংশোধনী এনে এটাকে বন্ধ করবার জন্য আপনি প্রয়াসী হয়েছেন, আপনার এই উদ্দেশ্যটা ভালো। কিন্তু তাকে কার্যকর করতে গেলে আরও আপনাকে কঠোর

হতে হবে। সেখানে আপনাকে দলের উপরে থেকে, রাজনীতির উপরে থেকে এই কথা আপনাকে মানতে হবে। আরও যেকথা আপনি বলেছেন যে টেরিফ ইনটেরিফের মধ্যে ইউনিফরমিটি আনবার চেষ্টা করেছেন। আমাদের আগের বক্তা ডঃ হৈমি বসু বলেছিলেন যে সেখানে যদি ভুল করে টেরিফ অ্যালুফ হয়ে গেছে তার উপর বেশি করে বিল দিয়ে থাকেন সেখানে সমস্ত বিলটা তাকে পেমেন্ট করার পর তার বিচার করা হবে। তাহলে তারপর বিচার করে সে জায়গায় বাঙ্ক কনজিউমার তার অধিক আর্থিক সঙ্গতি দিয়ে সে বিচার প্রার্থনা করতে পারে। তারপক্ষে দেওয়া সম্ভব হতে পারে। এই জায়গায় আমার কনক্রিট সাজেশন গ্রামের মধ্যবিত্ত মানুষের জন্য এবং তার আর্থিক ক্ষমতা অনুযায়ী সেখানে বেশি করে অন্তত পক্ষে গ্রামে যারা কনজিউমার থাকে এই জায়গায় থেকে রেহাই দিয়ে অন্তত সিকি ভাগ জমা দিয়ে তারপর আবেদন নিয়ে যেতে পারে। তাই আমি আপনার সামনে এই কথা বলতে চাইছি যে, অন্তত পক্ষে আপনি যদি এই পর্ষদে ক্রমশ আমাদের অভিজ্ঞতা থেকে বলছি এই পর্ষদের চেহারা এবং চরিত্র এবং পর্ষদের কাজ দেখে আপনি জানেন যে আপনার প্রোডাকশন বেড়েছে। কিন্তু সমস্ত যন্ত্রপাতি নষ্ট হয়ে গেছে, যন্ত্রপাতি পুরনাদিনের। আপনার আর্থিক সঙ্গতি হচ্ছে না। সেইজন্য আমি আপনাকে বলব যে আজকে প্রয়োজনে বিশ্বব্যাঙ্ক থেকে লোন নেবেন, প্রয়োজনে ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে লোন নেবেন। যা আপনি দেখেছেন আমার ঐ জায়গায় খুঁটি পৌঁছে গেছে। গ্রামে খুঁটি পোতা হয়ে গেছে। ট্রান্সফরমার দিতে দেওয়া হয়েছে। সে জায়গায় গোটা গ্রামে বৈদ্যুতিকরণ হয়ে গেছে। তা সঠিক চিত্র নয়। এই কথাগুলি বলে এবং আমরা মনে করছি যে সংশোধনীগুলি এনেছেন বেটার লেট দ্যান নেভার। তাই এর বিরোধিতা না করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বিদ্যুত মন্ত্রী শঙ্কর সেন মহাশয় যে অ্যামেন্ডমেন্টগুলি নিয়ে এসেছেন তার সমর্থনে আমার বক্তব্য রাখছি— ডাঃ হৈমি বসু আমাদের কনজিউমার 'অ্যাক্টটা' স্মরণ করিয়ে দিলেন, বোধ হয় কোথাও কোথাও সেটাকে ছাড়িয়ে চলে যেতে হচ্ছে। কিন্তু প্রশ্ন হচ্ছে এটা আমরা সকলেই স্বীকার করি এবং সকলের বক্তব্যের মধ্যে থেকে বেরিয়ে এলো যে, বিদ্যুৎ চুরির ব্যাপারটা একেবারে দিনের আলোর মতো সত্য, ওপেন সিক্রেট। শহর এবং গ্রাম, উভয় জায়গায়ই এটা সমান। সুতরাং যে বিদ্যুৎ উৎপন্ন হচ্ছে এবং সরবরাহ করা হচ্ছে সে বিদ্যুতের যদি সঠিক দাম উঠে আসে তাহলে এখানে এটুকু বলা যায় যে, সেই আনুপাতিক হিসাবের মধ্যে দিয়ে নিশ্চয়ই পরবর্তীকালে বিদ্যুতের উন্নয়ন কর্মসুচির ক্ষেত্রে সরকারের পক্ষ থেকে যথেষ্ট সুযোগ সুবিধা পাওয়া যাবে, সরকার বিদ্যুৎ ব্যবস্থার কাজকে অনেক বেশি এগিয়ে নিয়ে যেতে পারবে। যার রোগ যেমন ভেতর থেকে শরীরকে কুরে কুরে খায় ঠিক তেমন করে বিদ্যুৎ চুরি, বিদ্যুতের দামি যন্ত্রপাতি চুরি বিদ্যুৎ দপ্তরের কাজের সমূহ ক্ষতি করছে। এক শ্রেণীর মানুষ এটাকে প্রফেশন হিসাবে গ্রহণ করেছে। গ্রামাঞ্চলের বিশেষ বিশেষ জায়গায় বিশেষ বিশেষ প্রভাব প্রতিপত্তি সম্পন্ন মানুষ মাইলের পর মাইল বিদ্যুতের তার কেটে নিয়ে বিক্রি করছে। গ্রামে গেলেই ঐ সমস্ত চিহ্নিত ব্যক্তিদের নাম শোনা যায়। কিন্তু ওদের গায়ে হাত দেবার উপায় নেই। ওদের এমন সামাজিক কানেকশন যে বিদ্যুৎ দপ্তরের কর্মচারিরা ওদের ভয় পান। অনুরূপভাবে শহরাঞ্চলের অনেক বড় বড় ক্ষেত্রে নানাভাবে বিদ্যুৎ চুরি করে ব্যবহার করা হয়। এইভাবে হাজার হাজার, লক্ষ লক্ষ টাকার সরকারি রেভিনিউ চুরি করা হয়। বেশ কিছু মানুষ নিজেদের প্রভাব

প্রতিপত্তিকে কাজে লাগিয়ে এ জিনিস করছে। যে সমস্ত জায়গায় এ জিনিস হচ্ছে সে সমস্ত জায়গায় বিদ্যুৎ দপ্তরের কর্মচারিদের প্রবেশের অধিকার যদি না থাকে তাহলে এ জিনিস কখনোই বন্ধ করা যাবে না। কারণ বর্তমানে ঐ সমস্ত লোকেরা বিভিন্নভাবে নিজেদের প্রভাব প্রতিপত্তি খাটিয়ে কর্মচারিদের প্রবেশে বাধা দেবার চেষ্টা করে। সেই বাধা অতিক্রম করে চুরি বন্ধ করা এবং চোরাই মাল টেনে বার করা সম্ভব হচ্ছে না। সে কারণেই কর্মচারিদের আইনের সুবিধা দেওয়া হচ্ছে। তারা যদি মনে করেন কোথাও বিদ্যুৎ চুরির কাজ চলছে বা বৈদ্যুতিক যন্ত্রাংশ চুরি করে এনে রাখা হয়েছে তাহলে তারা সেখানে প্রবেশ করতে পারবেন এবং প্রশ্ন তুলতে পারবেন। এই বিদ্যুৎ আইনে বলা হচ্ছে, এমন কতগুলো জায়গা আছে যেগুলোর আদালতে বিচার হতে পারবে না, সেখানে কেবল মাত্র দপ্তরেরই অধিকার থাকবে। অর্থাৎ বিশেষ বিশেষ ক্ষেত্রে এই বিশেষ অধিকার অফিসারদের হাতে তুলে দেওয়া হচ্ছে। এরফলে আমি মনেকরি ডঃ সেন খানিকটা ব্রেক-থ্রু করতে পারবেন এবং খানিকটা কাজ হবে। সুতরাং এই আইনগুলো সময়োচিত এবং অত্যন্ত প্রয়োজনীয়। এর ফলে ডঃ সেন প্রতিদিন যে কাজ করছেন সে কাজের সাফল্যের মুখ তিনি দেখবেন, এই আশা আমরা করছি। প্রতিদিন আপ্রাণ চেষ্টা করা সত্ত্বেও কিছু ক্ষেত্রের স্যাবোটেজের জন্য যে সাফল্যের মুখ তিনি দেখতে পাচ্ছেন না, তা হয়ত তিনি দেখতে পাবেন এবং খানিকটা সন্তুষ্ট হবেন। এই আইনের মাধ্যমে তার অফিসারদের এবং দপ্তরের হাতে অস্ত্র তুলে দেওয়া হচ্ছে, সেই অস্ত্র নিয়ে তারা এগিয়ে যেতে পারবেন। সুতরাং এটা সময়োচিত বিল, এটা হওয়া দরকার। আমরা বিভিন্ন জায়গায় দেখছি বিদ্যুৎ চুরি হচ্ছে যেমন ধরুন কলকাতা শহরের রাস্তার ধারে যেসব বড় বড় গাছ আছে সেই গাছের নিচ দিয়ে যেমন বিদ্যুতের তার গিয়েছে সেসব তার থেকে আলাদা তার দিয়ে গাছের ভেতর দিয়ে বিদ্যুৎ চুরি করা হচ্ছে এবং হোটেল, রেস্টুরেন্টে সেই বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। অনেক জায়গায় বড় বড় গাছের নিচে, বট গাছের নিচে শনি মন্দির, শিব ঠাকুরের মন্দির করা হয়েছে এবং সেই মন্দিরের ভেতর দিয়ে তার টেনে নিয়ে যাওয়া হয়েছে এবং আন-অথরাইজড ওয়েতে সেখান থেকে বিভিন্ন জায়গায় বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে এবং পয়সা আয় করা হচ্ছে। আনঅথরাইজড টেরিফ মন্দিরের পুরোহিত বা অন্য কেউ আদায় করছে, সরকারের বিকল্প হয়ে টেরিফ কলেকশন করছে। সুতরাং এগুলি শহরাঞ্চলে দেখা যায় এবং এটা হয়ে গেছে। বাড়িগুলির ক্ষেত্রেও দেখা যায়, অনেক সম্ভ্রান্ত ঘরের লোকেরাও অনেক সময় মিটার অফ করে রেখে দিয়ে বিকল্প কানেকশন করে, রাস্তা থেকে হুকিং করে কানেকশন নিয়ে বাড়ি বাড়ি আলো জ্বলছে। এরা অনেকেই ভাল রোজগার করেন, চাকরি-বাকরি করেন, নাগরিক অধিকার সম্পর্কে সচেতন মানুষ। তারা এইসব সুযোগ-সুবিধা নেবার চেষ্টা করছে এবং রেগুলার এইভাবে চুরি করে যাচ্ছে। তারা বিদ্যুতের আইন-কানুন জানা সত্ত্বেও এইসব জিনিস করছেন। তারপর দেখতে পাচ্ছি, সি.ই.এস.সি এলাকায় বসবাসকারী যারা নাগরিক এবং আমরাও জানি, এই বিল নিয়ে একটা অদ্ভুত কান্ডকারখানা চলছে। এই নিয়ে আমরা হাজার বার প্রশ্ন করেছি। মাঝখানে সি.ই.এস.সি এত বেশি চার্জ নিয়ে বিল মারফত আদায় করলেন যে রাজ্যের মুখ্যমন্ত্রী মহাশয়কে হস্তক্ষেপ পর্যন্ত করতে হয়েছিল এবং সি.ই.এস.সি তারফলে চার্জ ফেরত দিতে বাধ্য হয়েছে। এক্ষেত্রে সি.ই.এস.সি সংস্থার উপর যদি নজরদারি ব্যবস্থা করা যায় তাহলে আমার মনে হয় এইভাবে তারা বিল জনসাধারণের কাছে পাঠাতে পারবে না। এই সংস্থা কলকাতা শহর এবং তার পার্শ্ববর্তী

এলাকা থেকে কোটি-কোটি টাকা লুঠ করে নিয়ে যাচ্ছেন মিথ্যা করে বিল দিয়ে। আমি দায়িত্ব নিয়ে বলছি, সি.ই.এস.সির কাছ থেকে এই মিথ্যা বিলের ব্যাপারে বহু প্রশ্নের জবাব পর্যন্ত পাইনি এবং আমি আরও অন্যান্য লোককে জিজ্ঞাসা করে দেখেছি তারাও জবাব পাচ্ছেন না। আজকে আপনি অফিসারদের উপর অধিকার দিয়েছেন যাতে কনজিউমাররা ওদের দ্বারা অন্যায়ভাবে প্রতারিত না হন। আজকে অন্যায়ভাবে পয়সা-কড়ি নেওয়ার চেষ্টা যাতে না হয় তারজন্য নজরদারির ব্যবস্থা করা হয়েছে। বহু ক্ষেত্রে দেখছি এতবেশি বিল পাঠানো হচ্ছে যা এতবেশি কনজামশন হতে পারে না। স্কুইজ করার ব্যবস্থা এমনভাবে করে রেখেছে যে তোমাকে আগে টাকা জমা দিতে হবে। আগে টাকা জমা দাও, তারপর তুমি ঘুরে-ঘুরে বেড়াও এইরকম ভাবে ৬ মাস, ১ বছর ধরে ঘুরছে, কিছুতেই মীমাংসা হচ্ছে না, ঝুলে যাচ্ছে। যে টাকা জমা দেওয়া আছে তার ফেরত পাবার উপায় নেই, এইরকম অভিজ্ঞতা বহু মানুষের আছে। এগুলি কিন্তু দেখা দরকার। এই অফিসের কাজকর্ম সম্পর্কে নজরদারির ব্যবস্থা করা দরকার যাতে সাধারণ মানুষকে ওরা স্কুইজ করতে না পারে। এই ব্যাপারে একটু ভাল করে দেখতে হবে। পুলিশকে যে অধিকার দেওয়া হয়েছে, অনেকে বলছেন, ডায়রেক্টলি যদি এই অধিকার দেওয়া হয় তাহলে ওরা বাড়াবাড়ি করবে। কিন্তু কি করবেন? উপায় নেই। যে অবস্থা সৃষ্টি হয়েছে তাতে এই অধিকার দেওয়া ছাড়া পদ্ধতিগত অনুসারে কোর্ট ইত্যাদি এইসব করতে গেলে চোরকে ধরাও যাবে না, এবং চোরাই মাল যারা কিনছে তাদেরও ধরা যাবে না, আন-ল-ফুল কানেকশন ইউজ করে যারা প্রডাকশন করছে তাদেরও ধরা যাবে না। সেক্ষেত্রে এই যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে আমি বলব এই ব্যবস্থা সঠিক হয়েছে। এখানে একটু খানি ভাবনা-চিন্তা করা হয়েছে, তারা প্রথমে ম্যাজিস্ট্রেটের কাছে দরখাস্ত করবেন, তিনি বুঝে দেখবেন এবং এটা করার জন্য একজন কমপিটেন্ট অফিসারকে দায়িত্ব দেওয়া হয়েছে, সুপারিইনটেন্ডিং ইঞ্জিনিয়ার তিনি যখন বলবেন, তখন লাইন কাটা হবে। তবে এটা নিশ্চয়ই দেখতে হবে যাতে সাধারণ কনজিউমার যেন মনে না করেন যে পুলিশের হামলা তাদের উপর হচ্ছে অবশ্য সেই হামলা যাতে না হয় তারজন্য ভালভাবে প্রোটেকশন দেওয়া আছে। সুতরাং এই যে পদক্ষেপ নেওয়া হয়েছে তাতে মনে হয় নিশ্চয়ই আমরা এগুতে পারব। মানুষের মনের মধ্যে বিদ্যুৎ চুরি না করার ব্যাপারে একটা সমীহ সৃষ্টি করতে হবে। সমস্ত সভ্য দেশেই এই জিনিস আছে, এ ব্যাপারে সাধারণ নাগরিকদেরও একটা কর্তব্য আছে। এই বিলগুলি পাস হবার পর যদি লিটারেচার এবং ক্যাম্পেন করা হয়, এ ব্যাপারে যদি গণ-মাধ্যমকে কাজে লাগাতে পারি যে ডু'স অ্যান্ড ডোন্ট'স কি করা হবে সেটা যদি পরিষ্কার করে বলে দেন মানুষের কাছে তাহলে তাদের পক্ষে বোঝা সুবিধা হবে, এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[3-30 — 3-40 p.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বিদ্যুৎমন্ত্রী যে ৩টি বিল এনেছেন আজকে এই বিল ৩টি থেকে বোঝা যায় যে রাজ্যের বিদ্যুৎ পরিষদের মোকাবিলার ক্ষেত্রে রাজ্য সরকারের বিদ্যুৎ দপ্তর, বিদ্যুৎ পরিষদ, তাদের ব্যর্থতা সেটা যে কতখানি চরম, এই বিল ৩টি তার জ্বলন্ত দৃষ্টান্ত, তার একটা অ্যাডমিশন বলা যায়। যাইহোক এখানে আমার যেটা বক্তব্য এই বিলের মধ্যে, প্রথমত একটা জিনিস ৫১নং বিল যেটা সেটাতে আছে

ডিফারেন্স বা ডিসপিউট এর ক্ষেত্রে সেখানে যে অ্যামেন্ডমেন্ট এনেছেন সেকশন ২৪, পরবর্তী পর্যায়ে কোর্ট ডুরিসডিকশন ২৪কে অ্যামেন্ড করার জন্য যেটা এনেছেন, এখন আমার বক্তব্য যে প্রথমত এই যে ডিসপিউটগুলি তুলে আপনি এখানে যে সরাসরি যতক্ষণ না সেটলমেন্ট হচ্ছে রিসলভড হচ্ছে টোটাল টাকাটা জমা দিতে হবে। এই ধরনের যে সিদ্ধান্ত এটা কিন্তু খুব মারাত্মক। এটাকে হয়ত রাঘব বোয়াল বড় বড় কনজিউমার তাদের ক্ষেত্রে আলাদা, কিন্তু কনজিউমারদের মধ্যে নিম্ন মধ্যবিত্ত, মধ্যবিত্ত যাদের সংখ্যাটা বিরাট এদের ক্ষেত্রে যে ডিসপিউট সেটা সব সময় লাইসেন্স কার্টেল বলছেন সেটা না হতে পারে। কনজিউমারদের একটা জেনুইন গ্রিভান্স থাকতে পারে। সেখানে ঐরকম পুওর কনজিউমারদের উপর একতরফা যতক্ষণ ডিসপিউট সেটেলমেন্ট না হচ্ছে বাড়তি অ্যামাউন্ট দিয়ে যাবার ব্যবস্থা করা হয় তাহলে লক্ষ লক্ষ কনজিউমার তাদের উপর বিরাট অবিচার হবে। এটা ভেবে দেখবেন, যতক্ষণ না পর্যন্ত ডিসপিউট সেটেলমেন্ট হচ্ছে ততক্ষণ পর্যন্ত বিচারের যে পদ্ধতি ছিল সেটা বোঝা দরকার। সেকসন ২৪(এ) এটাকে অ্যামেন্ড করে যে কোর্ট জুরিসডিকশনের বাইরে নিয়ে এসেছেন এটাকে ঠিক কাজ বলা চলে না। যারা বিরাট কনজিউমারস তারা টাকা পয়সার জোরে কোর্টে গিয়ে লাইসেন্সীকে ফাঁকি দেয়, কিন্তু যারা সাধারণ কনজিউমার তাদের ক্ষেত্রেও আপনি এভাবে কোর্ট জুরিসডিকশনের সুযোগটা বন্ধ করে দেন এটা কিন্তু মারাত্মক হয়ে যাবে। তারা কোর্টে একটা রেমিডি পেত সেখানে টোটাল এই ইন্সপেক্টার এই যে ইলেক্ট্রিক্যাল ইন্সপেক্টর যাদের এজেন্সি দিয়ে রেখেছেন অ্যাকচুয়ালি অনেস্টি, ইনটিগ্রিটি, এই সমস্ত প্রশ্ন আছে, এইগুলি প্র্যাকটিকালি ডিফাংট। এই সমস্ত কনজিউমার কোরাপ্ট অফিসের কাছে বিচারের জন্য যাচ্ছে কোরাপ্ট অফিসে যাদের পয়সা কড়ি আছে কোরাপ্ট অফিসের অ্যাডভানটেজ নেবে, যাদের পয়সা কড়ি নেই তারা অ্যাডভানটেজ নিতে পারে না। ফলে তারা কিন্তু কোর্টে গিয়ে রেমিডি পেত। সি.ই.এস.সি. কোটি কোটি টাকা দিয়ে রেখেছে এই সমস্ত ইলেক্ট্রিক্যাল ইন্সপেক্টার সেখানে এগেনস্ট দি ইন্টারেস্ট অফ দি কনজিউমার এই কাজগুলি হচ্ছে। এখানে কোর্টে গিয়ে রেমিডি পেত, এটা তাদের ফান্ডামেন্টাল এবং বেসিক রাইটস। ফলে মাননীয় চেয়ারম্যান স্যার, আমাদের এখানে যে টেকনিক্যালি আমি একটা অ্যামেন্ডমেন্ট এনেছি আমার এটা মুভ করে দেওয়া দরকার, I beg to move that clause 5 be omitted in Bill No.51 কোর্ট জুরিসডিকশনের বাইরে যেটা নিয়ে গেছেন ক্লজ ৫ আমি এই ক্লজ ৫ in the interest of the consumers fundamental right. যেভাবে কার্টেল করা হচ্ছে আমি স্ট্রংলি বিরোধিতা করছি আমি সেজন্য অ্যামেন্ডমেন্ট মুভ করলাম। মিঃ চেয়ারম্যান, আজকে কথা হচ্ছে, সেকশন ২৬শে যে অ্যামেন্ডমেন্ট করছেন মিটার রিডিং এর ক্ষেত্রে এখানে আমার বক্তব্য হল, রিটার রিডিং নিয়ে যে ডিসপিউট হয় সেই ডিসপিউটের কারণ মিটার খারাপ হওয়া। এরকম ঘটনা ঘটলে পুরানো রিডিং এর তিন থেকে ছয় মাস, যখন পর্যন্ত মিটার কারেক্ট রিডিং দিচ্ছে, তার অ্যাভারেজের ভিত্তিতে হওয়া উচিত। এটা কনজিউমারদের সমস্ত দিকে নজর রেখে করা উচিত বলে মনেকরি। আদারওয়াইজ এই বিলের বিরোধিতা করবার কিছু নেই। আপনি বিদ্যুতের উন্নতির চেষ্টা করছেন। ব্যক্তিগতভাবে আপনি একজন এক্সপার্ট এবং উদ্যোগী মানুষ, কিন্তু আসল জায়গায় হাত দিতে পারছেন না। তবে আপনি বলছেন যে পশ্চিমবঙ্গে বিদ্যুৎ উদ্বৃত্ত হচ্ছে, কিন্তু তার বেনিফিট পশ্চিমবঙ্গের কনজিউমাররা পাচ্ছেন না, আজও পশ্চিমবঙ্গের ১০,০০০ মৌজা বিদ্যুৎ পেলো না। যেখানে বিদ্যুৎ সাপ্লাই করছেন

সেখানেও ট্রান্সমিশন লাইনের বিপর্যস্ত অবস্থা যারফলে আপনারা ফুল ভোল্টেজ সাপ্লাই করতে পারছেন না। এরফলে কনজিউমারকে ৬০ পাওয়ারের জায়গায় ১০০ পাওয়ারের বাল্ব ব্যবহার করতে হচ্ছে। এর উপর আবার বিদ্যুৎ চুরি হচ্ছে। মূলত এই প্রক্রিয়ায় বিদ্যুতের দাম বাড়িয়ে ফেলছেন এবং তারফলে কনজিউমাররা ডিপ্রাইভড হচ্ছেন, তাদের উপর আঘাত আসছে। এটা ঠিক, কলকাতায় বিদ্যুৎ অবস্থার কিছুটা উন্নতি হয়েছে, কিন্তু গ্রামাঞ্চলে একটা ভয়াবহ অবস্থা। সেখানে দিনের পর দিন ঘন্টার পর ঘন্টা লোডশেডিং চলছে। শহরাঞ্চল বা কলকাতা শহরে ওয়েল-টু-ডু পিপল, শিল্পপতিদের বাস, কিন্তু গ্রামে সাধারণ মানুষ বাস করেন। আজকে তাদের ইন্টারেস্ট কি আপনাদের কাছে ইনসিগনিফিকেন্ট হয়ে যাচ্ছে, তা না হলে এই অবস্থা কেন সেখানে? এখনও কেন সেখানকার ১০,০০০ মৌজায় বিদ্যুতায়ণ হয়নি? একজিস্টিং সিস্টেমে বেনিফিটের ব্যাপারটা টোটালি কনসেনট্রেট করেছেন কলকাতায়, কিন্তু গ্রামাঞ্চলে চলছে ঘন্টার পর ঘন্টা লোডশেডিং এবং সেটা দক্ষিণ ২৪-পরগনায় মারাত্মক। সেখানে দিনে দশ-বারোবার বিদ্যুৎ চলে যাচ্ছে। এই অবস্থায় নতুন করে বিদ্যুতের দাম নির্ধারণ করার ব্যাপারে একটা বিবৃতি দেখলাম এবং তাতে বলা হয়েছে যে, কৃষিতে নাকি ২০ পারসেন্ট দাম বাড়াবেন এবং শিল্পের ক্ষেত্রে রাত ১০টার পর যারা বিদ্যুৎ ব্যবহার করবেন তারা বিশেষ ছাড় পাবে। তাহলে এই বৈষম্যমূলক আচরণ, শিল্পপতিদের প্রতি প্রো-ইন্ডাস্ট্রিয়ালিস্ট অ্যাটিচ্যুড, অথচ দুস্থ কৃষকদের কথা চিন্তা করছেন না। আজকে কৃষিতে ২০ পারসেন্ট বিদ্যুতের দাম আবার বাড়াবার কথা চিন্তা করছেন কেন? তাহলে কি এই সরকারের দৃষ্টিভঙ্গির পরিবর্তন হয়েছে? আজকে এসব মারাত্মক প্রশ্ন মানুষের মনে দেখা দিয়েছে। জাতীয় উন্নয়ন পর্ষদের অধীনে শারদ পাওয়ারকে চেয়ারম্যান করে বিদ্যুৎ বিষয়ক যে কমিটি হয়েছিল, তাদের পেশ করা রিপোর্টে দেখছিলাম, রাজ্য বিদ্যুৎ পর্ষদগুলোকে বাণিজ্যিক দৃষ্টিভঙ্গিতে পরিচালনা করবার সাজেশন এসেছে তাতে। যেটা শারদ পাওয়ার চাচ্ছেন, মনমোহন সিং চাচ্ছেন এবং আমরা শুনেছি যে পশ্চিমবঙ্গ নাকি এই ব্যাপারে সবচেয়ে সোচ্চার এবং আপনি নাকি প্রতিনিধিত্ব করে সেখানে বলে এসেছেন যে এই বিদ্যুৎ পর্ষদকে বাণিজ্যিক ভিত্তিতে পরিচালনা করতে হবে এবং সরকারি নিয়ন্ত্রণ যথাসম্ভব এগুলি থেকে তুলে নিতে হবে। এই যদি দৃষ্টিভঙ্গি হয় তাহলে আমরা কেন কেন্দ্রীয় সরকারের নীতির সমালোচনা করছি, বেসরকারি—করণের সমালোচনা করছি? আমরা বলেছি যে এই সমস্ত পাবলিক ইউটিলিটি সার্ভিসকে কমার্সিয়াল আউট লুক দিয়ে দেখা চলেনা, যেটা কেন্দ্রীয় সরকার বলছেন। সেখানে একটা ওয়েলফেয়ার স্টেটের মিনিমাম রেসপনসিবিলিটি টু দি পিপল রয়েছে। ফলে বিদ্যুতের মতো একটা ব্যাপার যেটা পাবলিক ইউটিলিটি সার্ভিস, সোসাল সার্ভিস, সেখানে সরকার তার দায়িত্ব এড়াতে পারেনা। সেক্ষেত্রে যেখানে প্রয়োজন হবে সেখানে ভরতুকি দিতে হতে পারে। অথচ সেখানে আপনারা বলছেন যে, আপনি পশ্চিমবঙ্গ থেকে রিপ্রেজেন্ট করে এসেছেন, আমরা সংবাদ পত্রে দেখেছি, এটাকে বাণিজ্যিক ভিত্তিতে পরিচালনা করা, সরকারি নিয়ন্ত্রণ তুলে দেওয়ার কথা এবং এই ব্যাপারে সবচেয়ে বেশি সোচ্চার হয়েছেন। আজকে বিদ্যুতের দাম বৃদ্ধির ব্যাপারে আমরা উদ্বিগ্ন, সরকারও চিন্তা-ভাবনা করছে, এখনও ঘোষণার স্তরে আসেনি। অথচ আমরা কাগজে দেখছি যে মুখ্যমন্ত্রী বিবৃতি দিচ্ছেন, আপনি বিবৃতি দিচ্ছেন। ফলে এগুলি ভিত্তিহীন নয়। কিন্তু আমার প্রশ্ন কেন বিদ্যুতের দাম বাড়াবেন? বিদ্যুতের দাম বাড়ালে সাধারণ কনজিউমারের উপরে এই বাড়তি চাপটা এসে পড়বে। আজকে এটা বৃদ্ধি

করার কোনও যুক্তি আছে কিনা সেটা দেখতে হবে। এই বিদ্যুতের দাম বৃদ্ধি না করে যাতে এই সংস্থাগুলিকে লাভজনক করে তোলা যায় সেদিকে নজর দেওয়া উচিত। আপনি বলেছেন যে এস.ই.বি লোকসানে চলছে সেজন্য দাম বাড়াতে হবে। আমি আপনাকে প্রশ্ন করি যে সি.ই.এস.সি কি লোকসানে চলছে? সেতো ৪২ কোটি টাকা লাভ করেছে। তাহলে সকলের উপরে ঢালাও ভাবে দাম বৃদ্ধির ব্যবস্থা করলেন কেন? দ্বিতীয় কথা হচ্ছে, লোকসানে বলছে কেন? আপনি সমস্ত কিছু তাপ বিদ্যুতের উপরে নির্ভর করছেন। আপনারা ১৭ বছর ক্ষমতায় রয়েছেন, আপনারা যদি জল বিদ্যুতের উপরে নির্ভর করতেন তাহলে উৎপাদনের খরচ অনেক কম হত। কিন্তু সেটা করা হয়নি। আজকে করাপশনের র‍্যামপ্যান্ট চলছে। হুকিং ট্যাপিং সম্পর্কে কি বলবো, আপনার ডিপার্টমেন্টের মধ্যেই করাপশন চলছে। আপনি সেগুলি বন্ধ করতে পারছেন না। এই যে কনস্ট্রাকশন এবং ডিস্ট্রিবিউশন-সাব-ডিভিসন বাঁকুড়া জেলার সাঁতরা সাব-ডিভিসনে বিশ্বব্যাঙ্কের টাকায় বৈদ্যুতিকরণ প্রকল্পে, একটা সাব-ডিভিসনের ডেভেলপমেন্টে করাপশন হয়েছে, ৫৫ লক্ষ টাকার কেলেঙ্কারি হয়েছে এবং বিদ্যুৎ দপ্তরের কর্মচারী এবং ঠিকাদারদের সঙ্গে, যেটা ভিজিলেন্সের ঐ পাওয়ামেন'স ইউনিয়ন আপনার নজরে এনেছিল এবং পর্ষদের ভিজিলেন্স ইতিমধ্যে ৩৫ লক্ষ টাকার কেলেঙ্কারির হদিশ করতে পেরেছে। যদি সরিষার মধ্যে ভুত থাকে তাহলে আপনি কি করবেন। আপনার ডিপার্টমেন্টে এগুলি হচ্ছে। ফলে আজকে এইসব করাপশন বন্ধ করা যাচ্ছে না। বন্ধ করার জন্য আপনার ডিপার্টমেন্ট যদি তাদের এগেনস্টে ব্যবস্থা নেন তাহলে বিদ্যুতের এই অপচয়, দুর্নীতি, এগুলি বন্ধ হতে পারে। আজকে ডিপার্টমেন্টে যদি এদের বিরুদ্ধে কঠোর শাস্তির ব্যবস্থা নেন তাহলে এগুলি বন্ধ হতে পারে। কিন্তু সেটা আমরা দেখছি না। আজকে সুলভে বিদ্যুৎ উৎপাদনের জন্য জল বিদ্যুতের উপরে গুরুত্ব দিতে হবে। আজকে জনসাধারণের উপরে কনজিউমারের উপরে, কৃষকদের উপরে নুতন করে বিদ্যুতের দাম বৃদ্ধি করে এই বাড়তি বোঝা চাপানোর সিদ্ধান্ত থেকে আপনাকে সরে আসতে হবে। আর একটা কথা আপনাকে বলব। আপনি বলে থাকেন যে পশ্চিমবঙ্গে নাকি বিদ্যুতের দাম সবচেয়ে কম। আমি আপনাকে এই সম্পর্কে রেকর্ড থেকে দেখাব যে অন্যান্য জায়গা থেকে পশ্চিমবঙ্গ কোথায় আছে। এগ্রিকালচার, কৃষিতে পশ্চিমবঙ্গ ৫ হর্স পাওয়ার ১৭০০ টাকা, ১ ইউনিট ৮৫ পয়সা, সেখানে কর্ণাটকে ১০ হর্স পাওয়ার পর্যন্ত বিনা পয়সায়। ১০ ইউনিটের উপরে হলে ৫০ পয়সা। উড়িষ্যায় ৩ হর্স পাওয়ার ৫০ পয়সা ইউনিট। গুজরাটে ২ হর্স পাওয়ার পর্যন্ত বিনা পয়সায়। ২ থেকে ৭.৫ হর্স পাওয়ার পর্যন্ত বার্ষিক ১৯২ টাকা। ফলে ১০ ইউনিট পর্যন্ত সকলের জন্য বিনা পয়সায়। ফলে এইসব জায়গায় বিদ্যুৎ তুলনামূলক ভাবে পশ্চিমবঙ্গ থেকে সস্তা। অথচ আপনি বলছেন যে পশ্চিমবঙ্গে নাকি বিদ্যুৎ সবচেয়ে সস্তা। আজকে সবচেয়ে বড় কথা হচ্ছে, আপনার বিদ্যুৎ পর্ষদ যে অপদার্থতার পরিচয় দিয়েছে তার ফলে এই লস এবং তারফলে জনগণের উপরে এই বাড়তি বোঝা চাপানো। আজকে যদি আপনি এগুলি দুর করতে পারতেন তাহলে এই বাড়তি বিদ্যুতের দাম বাড়ানোর প্রয়োজন হতনা।

[3-40 — 3-50 p.m.]

**শ্রী কালিপদ বিশ্বাস ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় বিদ্যুৎ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ৫১।৫২।৫৩ নম্বর বিলের মধ্যে দিয়ে বিদ্যুৎ গ্রাহকদের আরও সুযোগ সুবিধা বৃদ্ধি এবং

জনস্বার্থবাহী যে সংশোধনী আইন আনছেন আমি তাকে সমর্থন করছি। আলোচনার সময় আমি বুঝতে পারলাম না কেন বিরোধী দলের নেতারা যে বক্তব্য রাখলেন সেই বক্তব্যের মধ্যে যতখানি না আইনের মধ্যে প্রবেশ করলেন তার চেয়ে বেশি বিদ্যুতের দাম এবং বিদ্যুৎ নীতি নিয়ে আলোচনা করলেন। আমাদের মাননীয় মন্ত্রী বিদ্যুৎ দপ্তরের বাজেট কয়েক মাস আগে পেশ করেছেন, সেখানে বিদ্যুৎ নীতি নিয়ে আলোচনা হয়েছে। সুতরাং তাদের এই আলোচনা অপ্রাসঙ্গিক। এই বিলের মাধ্যমে উনি যে সংশোধনী এনেছেন সেটা খুবই সময়োপোযোগী আমরা দেখেছি গত ৩ বছরে পশ্চিমবাংলায় বিদ্যুৎ উৎপাদন উল্লেখযোগ্য ভাবে বৃদ্ধি পেয়েছে। সেই কথা বিরোধী দলের সদস্যরাও অস্বীকার করতে পারছেন না। বিদ্যুতে উন্নতি হওয়া সত্ত্বেও মাননীয় মন্ত্রী মহাশয় প্রথম দিন থেকে উপলব্ধি করেছেন যে বিদ্যুৎ বন্টনের ক্ষেত্রে আমাদের ক্ষমতা সীমাবদ্ধ আছে। এই যে বন্টন ব্যবস্থা আছে তাকে যতক্ষণ না আমূল পরিবর্তন করা যাচ্ছে ততক্ষণ উন্নতি করা সম্ভব নয়। বন্টন ব্যবস্থার মধ্যে যে ফাঁক-ফোঁকরগুলি রয়েছে তা গ্রাহক পরিষেবার ক্ষেত্রে ব্যাঘাত সৃষ্টি করছে। এই বিলের মাধ্যমে তা নিয়ন্ত্রণ করার প্রচেষ্টা নিয়েছেন। এই প্রচেষ্টা অত্যন্ত সময়োপোযোগী এবং তারজন্য আমি মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি। শুধু আইনের মাধ্যমে বিদ্যুতের সাজ-সরঞ্জাম সে কন্ডাকটার বলুন আর ট্রান্সফরমার বলুন এই সমস্ত চুরি ১০০ ভাগ বন্ধ করা যাবে না। সরকার এই বিষয়ে সচেতন। সেইজন্য বিশেষ করে গ্রামাঞ্চলে আমরা লক্ষ্য করছি বিদ্যুৎ সংক্রান্ত ব্যাপারে পঞ্চায়েত সমিতি জেলা পরিষদ তাদের একটা কাজের অঙ্গ হিসাবে যুক্ত করা হয়েছে। বিদ্যুৎ বন্টনের ক্ষেত্রে বিদ্যুতের তার চুরি, ট্রান্সফরমার চুরি যদি হয় তাহলে আমরা জানি শুধু প্রশাসন দিয়ে বন্ধ করা যাবে না। এই চুরি বন্ধ করতে গেলে জনসাধারণকে সচেতন এবং সজাগ দৃষ্টি রাখতে হবে। সেই দৃষ্টি যদি অব্যাহত রাখতে হয় তাহলে পঞ্চায়েতকে এই কাজের সঙ্গে যুক্ত করতে হবে। সেই কথা মাথায় রেখে এই যে আইন আনা হয়েছে, পঞ্চায়েত এই আইনের বলে গ্রামাঞ্চলে বিদ্যুৎ চুরিটা প্রতিহত করতে পারবে। সেইভাবেই এই আইনটা আনা হয়েছে। এই আইনে বলা হয়েছে বিদ্যুতের সরঞ্জাম চুরি যাওয়ার পর সেটা যার কাছে পাওয়া যাবে তাকে প্রমাণ করতে হবে যে সেই কোথা থেকে সেটা পেয়েছে বা কিনেছে। এটা একটা ভাল প্রস্তাব। কারণ আমরা দেখেছি গ্রামাঞ্চলে বর্গাদার আইনের ব্যাপারে ১৯৭৭-৭৮ সালের আগে আমরা লক্ষ্য করেছি যে বর্গাদারকে প্রমাণ করতে হবে যে সে বর্গাদার। সেখানে আইনের প্রোটেকশন বর্গাদার পেত না। আমরা আসার পর সেই আইনের পরিবর্তন করি, মালিককে প্রমাণ করতে হবে যে সে বর্গাদার নয়, সে বোনাফায়েড বর্গাদার, নাকি বোনাফায়েড বর্গাদার নয়। তারপর থেকে লক্ষ লক্ষ বর্গাদারের স্বার্থ রক্ষিত হয়েছে। সেইরকম ভাবে যার কাছে বিদ্যুতের সাজ-সরঞ্জাম পাওয়া গিয়েছে তাকে প্রমাণ করতে হবে কোথা থেকে সে এই জিনিস পেল বা কোথা থেকে কিনেছে। হুকিং ট্যাপিং-এর ব্যাপারে উনি নূতন আইন এনেছেন। এটা অত্যন্ত সময়োপোযোগী। আমরা জানি হুকিং, ট্যাপিং-এর ব্যাপারে বিশেষ করে গ্রামাঞ্চলে আমাদের অভিজ্ঞতা হচ্ছে এইরকম একটা সংশোধনীর প্রয়োজন ছিল। গ্রামাঞ্চলে পঞ্চায়েত সচেতন আছে, তারা ধরছে। কিন্তু তা সত্ত্বেও আইনে বলে তাকে উপযুক্ত শাস্তি বিধানের ব্যবস্থা করা যাচ্ছে না। এই যে সংশোধনী আনা হয়েছে, এই আইনের বলে বিদ্যুৎ পরিচালন কর্তৃপক্ষ হুকিং-ট্যাপিং বন্ধ করতে পারবে। এই আইনের মধ্যে তাই বলা হয়েছে যে হুকিং, ট্যাপিংয়ের ক্ষেত্রে প্রথমে নিচের স্তরের অ্যাডমিনিস্ট্রেশন

দেখবে। ঐ কনজুমার আবার যদি হুকিং, ট্যাপিং করে তাহলে উঁচু পর্যায়ে সুপারিনটেনডেন্ট সেটা বন্ধ করে দেবেন এবং সেই গ্রাহক এক বছর বিদ্যুতের সুযোগ থেকে বঞ্চিত হবে। এটি অত্যন্ত ভাল দিক। এর মধ্যে বিরোধিতা গ্রাহকদের স্বার্থ রক্ষিত হবে না বলে কিভাবে বুঝছেন জানিনা? এছাড়া অতিরিক্ত বিল'এর ব্যাপারে মাননীয় মন্ত্রী যে আইন এনেছেন সেটি অত্যন্ত সময়োপযোগী। এই ব্যাপারে হাইকোর্টে যে হাজার হাজার মামলা ঝুলে রয়েছে তা আমরা জানি। কোর্টে গেলে এই ব্যাপারে কনজুমাররা সুবিধা পাবে কিনা সেই অভিজ্ঞতা আমাদের রয়েছে। বাল্ক কনজুমার, ইন্ডাস্ট্রিয়াল কনজুমার, কমার্শিয়াল কনজুমাররা যাতে অসুবিধার মধ্যে না পড়ে, ছ'মাসের মধ্যে যাতে বিহিত করা যায়, তারজন্য এখানে আইন আনা হয়েছে। এটি অত্যন্ত বিজ্ঞানসম্মত এবং সময়োপযোগী। শুধু তাই নয়, উনি আইনের মধ্যে বলেছেন উদ্বৃত্ত বিল সম্বন্ধে। যদি দেখা যায় যে বিলের মধ্যে বাড়তি টাকা চাওয়া হয়েছে তাহলে তা ফেরত দেওয়া হবে। এরমধ্যে কিভাবে কনজুমারদের স্বার্থ রক্ষিত হচ্ছে না বুঝতে পারছি না। মিটার যদি ঠিক না থাকে তাহলে তা চেক করা হবে এবং চেক করবে নট বিলো দি র‍্যাঙ্ক অফ অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার। তার পরেও যদি অভিযোগ থাকে, অভিযোগ জানাবার ব্যাপারে কনজুমার গণতান্ত্রিক অধিকার ভোগ করতে পারবে। প্রয়োজনে তাকে আরও উচ্চতর কর্তৃপক্ষের কাছে অভিযোগ জানাতে বলা হবে। সুতরাং গ্রাহকরা গণতান্ত্রিক অধিকার, বিদ্যুৎ পরিষেবার ক্ষেত্রে সবদিকে সুযোগ সুবিধা পাবে। বিদ্যুৎ ভোগের ক্ষেত্রে মাঝখানে যে ফাঁক ফোকর আছে, সেগুলো বন্ধ করবার জন্য এই বিল আনা হয়েছে। সেজন্য আমি এই বিলকে পূর্ণ সমর্থন জানাচ্ছি।

[3-50 — 4-00 p.m.]

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে শ্রদ্ধেয় মন্ত্রী ডঃ সেন যে লেজিসলেশন, ওয়েস্ট বেঙ্গল প্রোহিবিশন অব আন-ল'ফুল পজেশন অব প্রপার্টি অব ইলেক্ট্রিক্যাল আন্ডারটেকিং বিল, ১৯৯৪ এই যে তিনটি বিল এনেছেন তাকে পূর্ণ সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাইছি। আমরা গোড়া থেকেই এটাকে সমর্থন করছি। আপনারা কোনদিক দিয়ে বিবেচনা করছেন যে আমরা সমর্থন করছি না বুঝতে পারছি না। একে সমর্থন করার সঙ্গে সঙ্গে কতকগুলো কনস্ট্রাকটিভ সাজেসান দিতে চাই এটা হচ্ছে আমাদের পদ্ধতি। যাইহোক, মাননীয় মন্ত্রী যে স্ট্রিনজেন্ট বিল নিয়ে এসেছেন, যারা বিদ্যুৎ চুরি করবে তাদের ইন্ডিয়ান পেন্যাল কোড অনুযায়ী শাস্তি হওয়া উচিত। আমি মনেকরি অনেক আগেই এটা আনা উচিত ছিল। ওর দীর্ঘদিন সময় লেগেছে এটা বুঝতে। আমাদের যে ইউনিট ছিল, আমাদের যে ক্যাপাসিটি এবং ক্যাপাবিলিটি ছিল তা সাংঘাতিক ভাবে ডেটোরিয়েট করছিল। তাকে ভাইটালাইজ করে উনি জেনারেশন বাড়িয়েছেন। আমি পাওয়ার কমিটির একজন মেম্বার হিসাবে সারা পশ্চিমবাংলায় ঘুরেছি এবং আমাদের নেতৃত্বে ছিলেন মাননীয় বিধায়ক শান্তশ্রী চট্টোপাধ্যায়। আমরা সব জায়গায় গিয়ে সভাধিপতি, সভাপতি এবং কর্মাধ্যক্ষদের সাথে মিট করি। তাদের অভিযোগ আমরা শুনি। বেশিরভাগ জায়গাতেই লেফটফ্রন্টের লোকেরাই আছেন। আমরা যখন যাই তখন আমরা একটা টিম হিসাবে যাই। বিরোধী পক্ষের প্রতিনিধি হিসাবে যাই না। সুতরাং খোলা মনে তারা আমাদের কাছে তাদের অভিযোগ জানান। আমরা যে অভিযোগ শুনি তা সারা পশ্চিমবাংলার ক্ষেত্রে প্রায় কমন। আপনি মন্ত্রী হয়েও আমাদের

অনেকগুলো কমিটির মিটিংয়ে এসেছেন। আমরা যে প্র্যাকটিকাল ডিফিক্যাল্টিজ ফেস করছি তা আপনি জানেন। আমরা অনেক সময়ে লক্ষ্য করে দেখেছি যে আপনি ডিপার্টমেন্টের বিরুদ্ধে আমাদের হয়ে বলেছেন। অর্থাৎ আজকে যে জিনিসটা আপনি দেখছেন সেটা যদি আরও ১০ বছর আগে দেখা হত তাহলে এস ই বির এই নাভিশ্বাস উঠত না। আজকে এস ই বির নাভিশ্বাস উঠেছে বলেই কারণগুলো বন্ধ করার জন্য আপনারা বদ্ধ পরিকর হয়ে পড়েছেন। আজকে কোটি কোটি টাকার লোকসান হচ্ছে, আর সরকারের রেভিনিউ আদায় হচ্ছে না। আজকে সেইদিক থেকে এস ই বির এমন একটা অবস্থা হয়ে পড়েছে যে এর অগ্রগতি একেবারে স্তব্ধ হয়ে গেছে। টাকা নেই ট্রান্সফরমার কেনবার, টাকা নেই রিপেয়ার করবার, এমন কি মিটার কেনার পর্যন্ত টাকা নেই। এমনকি হার্ডওয়ারের দরকার, টাকার অভাবে কেনা যাচ্ছে না। এই জিনিস কি আপনি স্বীকার করতে পারেন? আজকে যেভাবে সব কিছু নষ্ট হয়ে যাচ্ছে তাতে রেভিনিউ কোনওভাবে আদায় হচ্ছে না। এবং এইসব সমস্যার সম্মুখীন আপনাকেই হতে হচ্ছে আজকে জেনারেশন বাড়ছে ঠিক কথা কিন্তু প্রচুর ট্রান্সফরমার লস হচ্ছে। যে পরিমাণ ট্রান্সফর্মার চুরি হচ্ছে তাতে উন্নতি হবে কি করে? বর্তমানে কপার ওয়ারের জায়গায় আয়রন ওয়ার লাগানো হচ্ছে এবং এতে ট্রান্সফরমার লসের পারসেনটেজ প্রচুর বেড়ে গেছে। আপনি জানেন যে জেনারেটিং স্টেশনে জেনারেশন যেটা হয় সেটা নামা ওঠার ফলে অর্থাৎ সিংক্রোনাইজেশনের ত্রুটি থাকার ফলে ফুয়েল খরচ বেড়ে যাচ্ছে, বয়লার বেড়ে যাচ্ছে। আজকে হুকিং ট্যাপিং হচ্ছে তাই নয়, তারসঙ্গে ট্রান্সফরমার চুরিও ক্রমশ বেড়ে চলেছে। এমন কি টেলিফোনের তার দেওয়ার ক্ষেত্রেও কিভাবে খরচ বেড়ে যাচ্ছে, হার্ডওয়ার খরচ ক্রমশ বেড়ে চলেছে। এতে রেভিনিউ আসার জায়গায় ব্যয়ও বরং বেড়ে যাচ্ছে। আজকে ট্রান্সফরমার থেকে হার্ডওয়ার এঙ্গেলস বা ইত্যাদি বার করে নেওয়ার ফলে বহু এলাকা একেবারে কোলাপ্স হয়ে পড়ছে। এবং সেখানে ট্রান্সফরমার সারাতে প্রায় ১০-১২ লক্ষ টাকা খরচ হয়ে যাচ্ছে। এই ব্যাপারে পুলিশকে খবর দিলে তারা সঙ্গে সঙ্গে আসে না এবং ওইসব লোকেদের সঙ্গে পুলিশের একটা সম্পর্ক থাকে, শুধু পুলিশের কেন এস ই বির লোকেদেরও একটা সম্পর্ক থাকে। যারজন্য অনেক সময়ে দেখা যায় যখন পুলিশ এসে পৌঁছাল তখন আর কিছু নেই। যারজন্য পুলিশের সঙ্গে এস ই বির একটা সমন্বয় থাকার দরকার। আপনি এর সাথে পঞ্চায়েতকে ইনভলভ করতে চাইছেন এটা ভালো কথা, কিন্তু সেটা যাতে ঠিকমতো করা হয় সেটা আপনাকে দেখতে হবে। ধরুন এস ই বির থেকে পুলিশের কাছে রিপোর্ট করা হল তারা যখন এলো তখন এস ই বি সেইরকম গা করতে চায় না। আসলে বিদ্যুৎ পর্ষদ অনেক সময়ে কোর্ট কাছারি করতে চায় না। যারফলে আসল কালপ্রিট ধরা যায় না। সুতরাং এইসব এস ই বির অফিসারদের একটু তৎপর হতে হবে যাতে রিপোর্ট করে তার ব্যবস্থা নেন। আজকে যে লস হচ্ছে সেই লসটা রিকোভারি করার আপনি ব্যবস্থা করুন এবং এখানে যে রেজলিউশন এনেছেন এর দ্বারা যদি কিছুটা উন্নতি করা যায়। তবে আজকে এস ই বির যে অবস্থা হয়ে আছে তার থেকে রিকোভারি পেতে বেশ কিছু সময় লাগবে এবং অগ্রগতি করতে বেশ সময় লাগবে। এর আগে অনেকে বলেছেন আমরা গ্রামে মৌজায় ইলেক্ট্রিফিকেশনের নাম করে একটা গ্রামে একটা পোস্ট পুঁতে দিয়েছি, এইসব কথা আমরা এখন সভাপতিদের মুখ থেকেও শুনছি, আবার কর্মাধ্যক্ষদের মুখ থেকেও শুনছি। এই সরকার বড়াই করে বলছেন প্রচুর জেনারেশন করছি, কিন্তু জেনারেশন

হওয়া সত্ত্বেও কেন গ্রামগুলি অন্ধকারে থাকছে? কেন কৃষক আজকে পাম্প চালাতে পারছে না? আজকে তারা একটা গ্রামে খুঁটি পুঁতে দিয়ে দেখাতে চাইছে একটা মৌজা ইলেক্ট্রিফায়েড হয়ে গেছে। আপনি নিজেও এইসব অভিযোগ শুনেছেন। আমরা যখন জানি গ্রামে হুকিং এবং ট্যাপিং হচ্ছে সেক্ষেত্রে আমরা কেন বলতে পারছি না, আমাদের নিশ্চয় কোনও উদ্দেশ্য আছে, আজকে যিনি হুকিং এবং ট্যাপিং করে নামিয়ে নিচ্ছেন তিনি এমন ইনফ্লুয়েনশিয়াল লোক যে তাকে আমরা চটাতে চাচ্ছি না। কারণ পরবর্তীকালে গ্রামে ভোটের জন্য ঢুকতে হবে, এইগুলি যদি আমরা বন্ধ করতে না পারি তাহলে অসুবিধা হবেই। আমরা বহু গ্রামে দেখেছি এক জনের বাড়িতে ইলেক্ট্রিক আছে, অথচ দেখা যাচ্ছে বহু বাড়িতে পাওয়ার নিয়ে চলে যাচ্ছে। অর্থাৎ সেখানে তারা ট্যাপিং করে নিয়ে চলে যাচ্ছে। আমরা কেন এক্ষেত্রে ভাবব না, মৌজার আগে একটা মেইন জায়গায় পাওয়ার মিটার বসাতে পারি কিনা, আমরা তো দেখতে পাচ্ছি এই গ্রামগুলি থেকে কত রেভিনিউ পাচ্ছি, তার থেকে আমাদেরকে চিন্তা করতে হবে আমাদের কত পাওয়ার চুরি হয়ে যাচ্ছে। আমরা যখন কোনও জায়গায় ইন্সপেকশনে যাচ্ছি তখন এই সমস্ত জায়গায় যারা ট্যাপিং করছে তখন তারা সেইগুলি খুলে নিচ্ছে। অথচ দেখছি প্রচুর পাওয়ার আমাদের চলে যাচ্ছে। সেইজন্য বলব মেইন জায়গায় যদি আমরা মিটার করতে পারি তাহলে আমরা একটা জিনিস করতে পারি কতটা আমরা বলেছিলাম আর কতটা পয়সা পাচ্ছি। নন-স্ট্যান্ডার্ড জিনিস অথবা স্পেসিফিক ব্রান্ড যদি ব্যবহার করে, বাজারে যেটা পাওয়া যাবে না, সেটা যদি ব্যবহার করে, তাহলে কোর্টের কাছে যখন পাবে, তখন তার পক্ষে প্রমাণ করাটা শক্ত হবে। স্ট্যান্ডার্ড আইটেমগুলিতে পোরশিলিন গুলি নন স্ট্যান্ডার্ড হলে ধরা যাবে। স্পেসিফিকেশন জিনিস হলে ধরা যাবে। এবং সেক্ষেত্রে কোম্পানি থেকে প্রমাণ করতে পারবে এটা বাজার থেকে কিনেছে কিনা। নন স্ট্যান্ডার্ড আইটেমকে যদি স্ট্যান্ডার্ড করে দিতে পারি তাহলে সুবিধা হবে আর স্ট্যান্ডার্ডকে যদি ডাইভার্ট করে দিতে পারি তাহলে প্রত্যেকটি চুরি ধরতে সুবিধা হবে। একদিক থেকে যেমন আমরা পাওয়ার দিতে পারছি না এখানে বলা হয়েছে তেমনি বহু জায়গায় বহু কোম্পানি বিশেষ করে গ্রামে গঞ্জে যে কোল্ড স্টোরেজগুলি আছে তারা লক্ষ লক্ষ টাকা বাকি রেখেছে এস.ই.বি.র কাছে। কর্পোরেশনের টাকাও বাকি আছে, মিউনিসিপ্যালিটির টাকাও বাকি আছে, এইরকম লক্ষ লক্ষ টাকা বাকি আছে। তারা টাকা দিচ্ছে না। কেন সেই টাকা আমরা পাচ্ছি না, কেন এস.ই.বি. সেই জায়গায় ট্রান্সফরমার রিপ্লেস করতে পারছে না, কেন তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবেনা, আজকে বহু কোম্পানির টাকা নিয়ে তারা মিটার দিতে পারছেন না, এর দায়-দায়িত্ব কে নেবে? বহু কনজিউমারের কাছ থেকে সরকার টাকা নিচ্ছেন, কিন্তু মিটারের অভাবে তাদের বাড়িতে তারা কানেকশন দিতে পারছে না বা দেওয়া যাচ্ছে না। এই টাকাটা তাহলে কোন খাতে ব্যয় হচ্ছে। মিটারের টাকাটা তাহলে কোন খাতে ব্যয় হচ্ছে এই প্রশ্নটা আপনার কাছে আমার রইল। টাকার অভাবে মিটার কিনতে পারা যাচ্ছে না। বিভিন্ন খাতে এক জায়গার টাকা অন্য জায়গায় ব্যায় করা হচ্ছে। এই বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[4-00 — 4-10 p.m.]

**শ্রী মোজাম্মেল হক :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বিদ্যুৎমন্ত্রী ৫১, ৫২ ও ৫৩

নম্বর যে বিল উপস্থাপন করেছেন তাকে সমর্থন জানিয়ে এবং লক্ষ্মীকান্ত দে মহাশয় যে সংশোধনী এনেছেন তাকে সমর্থন জানিয়ে আমি দু-একটি কথা বলছি। সরকারপক্ষের বেশ কয়েকজন বক্তা বিস্তারিতভাবে এই বিল সম্পর্কে বলেছেন। বিরোধীপক্ষের বক্তারা এই বিলকে সমর্থন করেছেন, কিন্তু তাদের বক্তব্যকে তারা অন্যখাতে নিয়ে গেছেন, বাজেট বক্তৃতার মতো বক্তৃতা করেছেন। কেউ কেউ বললেন গ্রামে অন্ধকার দেখছেন এবং গত ১৮ বছরে আরও অন্ধকার হয়ে গেছে। আবার কেউ কেউ বললেন গ্রামে বিদ্যুৎ নেই, অথচ শহরে বিদ্যুৎ আছে। আবার আরেকজন বললেন শহরে অন্ধকার, এদিকে গ্রামে বিদ্যুৎ আছে। আমরা মনেকরি এই বিল যেটা আনা হয়েছে সেটা সময়োপযোগী। আমরা দেখতে পাচ্ছি গ্রামে আজকে ব্যাপক বিদ্যুতের ফলে কৃষির উৎপাদন বেড়েছে। গ্রামে আজকাল বারো মাস চাষবাস চলছে। গ্রামীণ বৈদ্যুতিকরণের ফলে বেকার যুবকরা সুফল পাচ্ছে। এখানে একজন বিরোধী দলের সদস্য বললেন, গ্রামে যারা হুকিং, ট্যাপিং করছে গ্রামাঞ্চলের সদস্যরা তাদের কিছু বলছে না। ট্রান্সফরমার যারা চুরি করছে বা বিদ্যুৎ সরঞ্জাম যারা চুরি করছে তারা কারা? যারা চুরি করছে তারা কারা সেটা সবাই জানে। যারা অসামাজিক কাজের সঙ্গে যুক্ত, তারাই এগুলো করছে। কয়েকদিন আগে আমার এলাকাতে একজন ট্রান্সফরমার চোর ধরা পড়ে। গ্রামের মানুষ চারিদিক থেকে ঘিরে ধরে ফেলে। হাজার হাজার মানুষ সেই ট্রান্সফরমার চোরকে দেখার জন্য জড়ো হয়েছিল। এখন আপনারা বলবেন সে সমাজবিরোধী, কিন্তু যদি সে মারা যেত তাহলে বলতেন সে আমাদের যুব কংগ্রেস কর্মী। এই হচ্ছে আপনাদের চরিত্র। এইসব কাজকে দমন করবার জন্য আজকে যে আইন আনা হচ্ছে তা সঠিক। পাশাপাশি আমরা আরও দেখতে পাচ্ছি কিছু কিছু গ্রাহক আছে এবং কিছু কিছু বিদ্যুৎ বিভাগের কর্মচারী আছে যাদের এই অসৎ কাজ ধরা যেমন খুব সহজ, তেমনি কঠিনও বটে। এক কথায় আমাদের দেশে যে গণজাগরণ তারমধ্যে দিয়ে এটা সেটা সম্ভব হবে। পঞ্চায়েতকে আরও সক্রিয় করার ক্ষেত্রে সহযোগী বিষয়টা আছে। এর পাশাপাশি কতগুলো প্রস্তাব, কতগুলো সমস্যা আমাদের আছে। এছাড়া এই আইন সম্পর্কে বিস্তারিত আলোচনার প্রয়োজন নেই। আমি মনেকরি সব বিষয়গুলোই আলোচনার মধ্যে এসেছে। চুরির ক্ষেত্রেও এসেছে, একে প্রমাণ করতে হবে। তারপর ৫২ নম্বর বিলে যেটা যুক্ত হল বোর্ডের সঙ্গে, চুক্তিতে দেখা যাচ্ছে তার মেয়াদ পার হয়ে গেছে। তারপর নতুন করে আবার যে অন্যের সঙ্গে চুক্তি করা যাবে সেখানে বাঁধা ছিল। এই সমস্ত ব্যাপার আসছে। আবার একজন সদস্য বললেন, এই সমস্ত ক্ষেত্রে সাধারণ গ্রাহকদের ক্ষেত্রে কোর্টের বিচার প্রার্থী হতে পারে। আমরা সেটা জানি। সাধারণ গরিব মানুষ তারা কোর্ট-কাছারি যেতে পারেন না। যে সমস্ত লোক সরকারকে ট্যাক্স ফাঁকি দিতে পটু, বিদ্যুৎ কর ফাঁকি দিতে পটু, সে সমস্ত দুর্নীতি পরায়ণ ব্যক্তিদের ক্ষেত্রে সতর্ক হবেন। এই জায়গায় এই বিল খুব উপযোগী হয়েছে বলে আমি মনেকরি। পাশাপাশি দেখা যাচ্ছে শিল্প কারখানার যারা মালিক তারা কারখানা বন্ধ করে দিয়ে লক আউট করে চলে যাচ্ছেন। কিন্তু তাদের যে রেন্ট, তাদের যে চার্জ সব ফাঁকি দিয়ে চলে যাচ্ছে। আবার কখনও দেখা যাচ্ছে একটা কারখানা রুগ্ন হয়ে পড়েছে বলে বন্ধ করে চলে গেলেন। কিন্তু তাদের বিল, চার্জ তা আদায় হল না। এই নতুন সংশোধনী বিলে এই আদায়ের সুযোগ সেটা পরিষ্কার হয়েছে। এই বিষয়ে বিস্তারিত আলোচনার প্রয়োজন নেই। কিন্তু আমার কিছু প্রস্তাব আছে, আমরা লক্ষ্য করছি যে সার্বিক দিক থেকে আপনারা কিছু করছেন না। বিদ্যুৎ আজ

থেকে দশ বছর আগে, বিশ বছর আগে যে অবস্থায় ছিল বর্তমানে তার অনেক পরিবর্তন হয়েছে, অনেক উন্নতি হয়েছে। কিন্তু আমরা গ্রামাঞ্চলে দেখেছি পঞ্চায়েতের মাধ্যমে তারা প্রথমে বলত সেচের কথা। তার আগে আমরা দেখতাম গ্রামে জি-আর-এর কথা হত। কবে জি.আর পাবে। সেই জি.আর থেকে আস্তে আস্তে কৃষিতে উন্নতি হবার ফলে, সেচের উন্নতি হবার ফলে এখন মানুষের বক্তব্য হচ্ছে যে, গ্রামে বিদ্যুতের অসুবিধা আছে। আর বলছেন মোরামের রাস্তা চাই, মোরামের রাস্তা চাই। এই একটা জিনিস আমরা দেখেছি। আজ দেখা যাচ্ছে একটা মাঠে দুটো ডিপ-টিউবওয়েল হয়েছে। কিন্তু পাশাপাশি ব্যক্তিগত যেসব ক্ষুদ্র প্রকল্প আছে ইদানিংকালে তাতে টাকা জমানো বন্ধ হয়ে আসছে। সেগুলো চালু করার জন্য একটা দ্রুত ব্যবস্থা করুন। আরও কতকগুলো বিষয়ে আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে প্রস্তাব দিচ্ছি, মাঠে যে সমস্ত ট্রান্সফরমার আছে সেগুলো চুরি হয়ে যায়। সেই চুরি বন্ধ করতে আমরা পঞ্চায়েতের সহযোগিতা নিয়ে কতগুলো জায়গায় কমিটি করেছি। তাদের দায়িত্ব ট্রান্সফরমারকে রক্ষা করা। যাদের বেনিফিসিয়ারি আছে পার্শ্ববর্তী এলাকায় জমি আছে তাদের লক্ষ্য করতে হবে। আমরা গ্রাম-সংলগ্ন জায়গাগুলোতে দেখেছি সেখানে বাড়ির কাছাকাছি একটু ঘন বসতি আছে সেই সমস্ত জায়গায় ট্রান্সফরমারগুলো স্থানান্তরিত করা যায় কিনা। তাহলে এই চুরি অনেকটা বন্ধ করা যাবে। এই অবস্থায় আমি মনেকরি যে, সার্বিকভাবে যে আলোচনা আমাদের হাউসে এই বিল সম্বন্ধে হয়েছে তাতে সরকার পক্ষ, বিরোধী পক্ষ, উভয় পক্ষই সমর্থন জানিয়েছেন। আমরা সার্বিক ভাবে মনেকরি বিস্তারিত ভাবে এই বিল সম্বন্ধে আর আলোচনার প্রয়োজন নেই। এই বিলকে পূর্ণাঙ্গভাবে সমর্থন জানিয়ে সকলের কাছ থেকে সমর্থন পাব এটা আশা রেখে, এই বিল আগামী দিনে সাফল্য লাভ করবে, আইনগত দিক থেকে, বিদ্যুতের ক্ষেত্র থেকে, এই বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

[4-10 — 4-20 p.m.]

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে এই সিট থেকে বলছি। মাননীয় বিদ্যুৎমন্ত্রী ডঃ শঙ্কর সেন মহাশয় আজকের এই সভায় যে তিনটি বিল উত্থাপন করেছেন, The West Bengal prohibition of unlawful possession of property of Electrical undertakings Bill, 1994, The Indian Electricity (West Bengal Amendment) Bill, 1994. The Electricity, Supply (West Bengal Amendment) Bill, 1994. সেই তিনটি বিল একসঙ্গে আলোচিত হচ্ছে। স্যার, মূল বিষয়বস্তুর সঙ্গে আমরা একমত। এখানে বিশেষ করে The West Bengal prohibition of unlawful possession of property of Electrical undertaking Bill, 1994. বিলটি সবচেয়ে গুর [illegible] নতুন একটা চিন্তাধারা নিয়ে, বাস্তব অভিজ্ঞতার উপর দাঁড়িয়ে উনি বিলটা এনেছেন। এট [illegible]ার ব্যাপারে টেকনোক্রাট ইঞ্জিনিয়াররা পেছনে রয়েছেন, বুরোক্র্যাটরা এই বিলটা ড্রাফট করে দিয়েছেন। উনি অবশ্য বলছেন যে টেকনোক্রাটরা করেছেন, উনি উত্তর দেবার সময় বলবেন [illegible]। করতে গিয়ে দেখা যাচ্ছে যে প্রশাসনের হাতে বা চোরেদের হাতে উনি বেশি করে ক্ষমতা দিয়ে দিয়েছেন। এটা একটা ভয়ঙ্কর ব্যাপার। এখানে পুলিশকে কি বিপদজনক ক্ষমতা দিয়ে দিলেন সেটা একটু চিন্তা করে দেখুন। এখানে কোনও চেক ভালভ নেই। এখানে বলছেন, Issue of search warrant can be carried out without

any warrant by the police officer. সন্দেহ হলেই সে ঘরে ঢুকবে এবং উইদাউট ওয়ারেন্ট যে কোনও লোককে গ্রেপ্তার করবে। এটা একটা বিপদজনক ক্ষমতা আপনি পুলিশকে দিয়ে দিলেন। এরফলে তারা স্থানীয় পঞ্চায়েতের সঙ্গে যোগসাজস করে সাধারণ মানুষকে হয়রান করবে। এই চুরির ঘটনা সম্বন্ধে অনেক মাননীয় সদস্যই বলেছেন, আমি একটি স্পেসিফিক ঘটনার প্রতি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনার নিচু তলার এক শ্রেণীর অফিসার, কর্মচারী যারা লাইনস ম্যানের দায়িত্বে থাকেন এবং ব্লকে ব্লকে স্টেশন সুপারিনটেনডেন্টের দায়িত্ব পালন করেন মূলত তাদের সঙ্গে গ্রাম্য স্তরের এক শ্রেণীর অসাধু চক্র তাদের যোগসাজস রয়েছে এবং সেই চক্র সমান্তরালভাবে বিদ্যুৎ পর্যদের সাথে সাথে বিগত কয়েক বছর ধরে বাংলার ৩৮ হাজার গ্রামে রেভিনিউ কালেকশন করছে ব্যক্তিগত স্তরে। আমি মনে করি এটা আপনি জানেন তার কারণ যে পরিমাণে রেভিনিউ আসার কথা সেটা আসছে না। কি ধরনের চুরি হয় তার একটা স্পেসিফিক উদাহরণ দিচ্ছি, মন্ত্রী মহাশয় এনকোয়ারি করবেন, অসত্য হলে আমাকে বলবেন। গ্রামের নাম রুইনান। পি.এস. হচ্ছে সবং, ডিসস্ট্রিক্ট মেদিনীপুর। এখানে এক ভদ্রলোক, তার নাম হরিপদ খাটুয়া, সে দীর্ঘ ৭/৮ বছর ধরে নিজের বাড়ি থেকে পুরো গ্রামে বিদ্যুৎ দেবার জন্য সমান্তরালভাবে তার ঝুলিয়ে দিলো বিদ্যুৎ দপ্তরের সহযোগিতায় বে-আইনিভাবে। হঠাৎ একদিন তার কেটে পড়ে গেল। গ্রামের একজন যুবক তার নাম গৌরব ভট্টাচার্য, সে হাত দিয়ে সেই তারটা সরিয়ে দিতে যাওয়া মাত্র সঙ্গে সঙ্গে বিদ্যুতের শক খেয়ে মারা গেল। এখনও পর্যন্ত আপনার দপ্তর বা পুলিশ এরজন্য কোনও অ্যাকশন নেয় নি। এলাকার বিধায়ক হিসাবে আমি জানার পর ইঞ্জিনিয়ার লেভেলে, ডিস্ট্রিক্ট ইঞ্জিনিয়ার লেভেলে, জোনাল ইঞ্জিনিয়ার লেভেলে, অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার, সুপারিনটেনডেন্ট সবাইকে বলেছি কিন্তু এখনও পর্যন্ত কোনও ব্যবস্থা হয়নি। তাদের কাছে যখন জানতে গেলাম যে কি হল ব্যাপারটার? তারা বললেন, মানসবাবু আমাদের কিছু করার নেই, পুলিশ কি বলছে আমরা বুঝতে পারছিনা। এই পুলিশের হাতেই আপনি দায়িত্ব দিচ্ছেন। আমি বলার পর থানায় অভিযোগ করতে গিয়েছে। এবং টিল ডেট আপনার দপ্তরে এক শ্রেণীর ইঞ্জিনিয়ার এবং পুলিশ আমার কাছে খবর আছে ৭৫ হাজার টাকা ভাগ বাঁটোয়ারা করে নিয়েছে। কেস হল না, গ্রেপ্তার হল না, আপনার দপ্তরের রেভিনিউ ডিপ্রাইভ হল। এইভাবে একটা গ্রামের পিকচার বলে ইট ইজ দি রিপ্রেজেনটেটিভ কারেক্টার অফ লস অফ রেভিনিউ অ্যান্ড কনটিনিউয়েশন অফ প্যারালাল অ্যাডমিনিস্ট্রেশন, অল ওভার ওয়েস্টবেঙ্গল। তাহলে সেই পুলিশকে আপনি ক্ষমতা দিচ্ছেন, যদু, মধু, রামের বাড়িতে ঢুকে গ্রেপ্তার করবে, জিনিস সীজ করবে। পুলিশ পঞ্চায়েত এবং আপনার এক শ্রেণীর অসাধু কর্মচারী এই তিন সঙ্গী মিলে একদিকে রাজ্যের রেভিনিউ লস করাবে অপর দিকে চূড়ান্ত দুর্নীতির পাহাড় তৈরি হবে। মন্ত্রী মহাশয় এই সম্পর্কে বলবেন। মন্ত্রী মহাশয়ের উদ্দেশ্য খুব ভাল, এটা ঠিক যে আজকে আমাদের ফার্স্ট অফেন্স, সেকেন্ড অফেন্সের জন্য ৫/৭ বছর জেলের প্রভিসন রেখেছেন। মাননীয় মন্ত্রী মহাশয় জানেন এবং আমি নিজেও জানি, উনি যে ভাবে জেলায় জেলায় ঘুরে দেখার চেষ্টা করছেন, বলার চেষ্টা করছেন, সবাইকে নিয়ে চলার চেষ্টা করছেন কিন্তু কলকাতায় কিছুটা বিদ্যুতের উন্নতি হলেও সরবরাহের ক্ষেত্রে ওর কথামত প্রোডাকশন বেড়েছে কিন্তু সত্যিকারের বলুন তো এখানে যারা বিধানসভার সদস্য আছেন শাসক দলের, প্রোডাকশনের বেসিসে সরবরাহ করতে পারছেন কিনা? আজকে

গ্রামীণ জীবন অন্ধকারের মধ্যে ডুবে আছে। একের পর এক ঘন্টার পর ঘন্টা গ্রাম অন্ধকারে ডুবে আছে। কারণ প্রোডাকশন ভাল হলেও ডিস্ট্রিবিউশন এবং ট্রান্সমিশন লাইন ডিফেকটিভ। এটার এখন ইমপ্রুভমেন্ট হয়নি। আপনারা লাইনগুলোকে কোনও পরিবর্তন করতে পারেন নি, যারজন্য আপনি মানুষকে বিদ্যুৎ দিতে পারছেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে একটা কথা বলতে চাই, আমি সংবাদপত্রে দেখলাম ওঁর দপ্তর থেকে একটা বিবৃতি দেওয়া হয়েছে পশ্চিমবঙ্গে কৃষির ক্ষেত্রে যেখানে গ্রামের কৃষকরা আজকে কৃষির ক্ষেত্রে একটা বিপ্লব আনার চেষ্টা করছে আধুনিক প্রযুক্তি এবং কেন্দ্রীয় কৃষি নীর্তির ফলে আজকের যে বিপ্লবের সূচনা তারা করতে চলেছে সেই জায়গায় আপনার দপ্তর থেকে ঘোষণা করা হচ্ছে যে গ্রামীণ বিদ্যুৎ সরবরাহ করার ক্ষেত্রে বিশেষ করে কৃষির ক্ষেত্রে যে বিদ্যুৎ দেওয়া হবে তা থেকে আপনি ভর্তুকি তুলে নেবেন। তার বিরাট একটা অংশ শিল্পকে দেবেন। আমার আপত্তি সেখানে নয়, শিল্পের ক্ষেত্রে ভর্তুকি দিয়ে শিল্পকে চাঙ্গা করুন কেন কৃষকদের বঞ্চিত করে এটা করবেন? যে বাংলার কৃষকরা বিদ্যুতের উপর নির্ভরশীল সেই বিদ্যুতের উপর সাবসিডি যদি কমিয়ে দেন তাহলে বিদ্যুতের দাম বাড়বে, গ্রামের দরিদ্র কৃষক, প্রান্তিক কৃষক তা নিয়ে চাষ করতে পারবে না, একটা বিরাট ধাক্কা খাবে। উত্তরবঙ্গে খরা চলছে, দক্ষিণবঙ্গে বন্যা হচ্ছে এর ফলে আমনের চাষ ব্যাহত হলে বর্তমানে সেই মানুষগুলো বোরোতে যাবে পশ্চিমবাংলার কৃষকরা কনটিনিউয়াস তিনটে ফসল যা ফলাতো সেটা বিদ্যুতের জন্যই হতো কারণ কৃষি ক্ষেত্রে বিদ্যুৎ একটা মেজর ফ্যাক্টর। যদি সেই সাবসিডি কমিয়ে শিল্পের ক্ষেত্রে সাবসিডি বাড়িয়ে দেওয়া হয় এই যে কালো সিদ্ধান্ত এটা আপনি করেছেন কিনা সেটা বলবেন। কিন্তু সংবাদপত্রের এই বিবৃতি সম্পর্কে আপনার দপ্তর কোনও প্রতিবাদ করেছেন কিনা আপনি এই ব্যাপারটা দেখবেন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিলে অনেক ক্লজ, অনেক সাব-ক্লজ আইন নিয়ে এসেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিধানসভা সদস্য হিসাবে আমি বলেছিলাম যে, পার্লামেন্টারি ডেমোক্রাটিক সিস্টেম পশ্চিমবঙ্গে রুডিমেন্টারি ফ্যাক্টর হয়ে যাচ্ছে। উই হ্যাভ বিকাম এন অবসোলেট ফ্যাক্টরি, এ রুডিমেন্টারি ফ্যাক্টরি ইন দি পার্লিয়ামেন্টারি সিস্টেম। আমাদের বক্তব্য রাখার জায়গা কোথায়? আপনার মধ্যেমে মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় বিভাগীয় মন্ত্রীকে বলি, কিন্তু বিভাগীয় মন্ত্রীরা এ কান দিয়ে ঢোকান ও কান দিয়ে বার করে দেন। কি ব্লকে, কি জেলায়, কি রাজ্যস্তরে, না মন্ত্রীর কাছে, না বিধানসভায় আমাদের কথা বলার কোনও জায়গা নেই। এখানে আমরা বাজেট বক্তব্য রাখি, আমরা মেনশন করি, পরিকল্পনা-মাফিক কাজ করি, আমরা ব্লক স্তরে বিধানসভার সদস্য। বিদ্যুৎ দপ্তরের সাব কমিটিতে মেম্বার ছিলাম, আমাদের কোনও এক্সিকিউটিভ অথরিটি ছিল না। আমরা সাজেশন দিতে পারতাম, কোন গ্রামে কোন জায়গায় সমস্যা হচ্ছে, কোথায় চুরি হচ্ছে, কোথায় রেভিনিউ কালেকশন বাড়বে, আপনি কি মনে করেন না যে এলাকার বিধায়করা কোনও সাজেশন দিতে পারেন? আপনি কি মনে করেন না, অনেক জায়গায় আজকে ট্যাপিং, হুকিং, হচ্ছে, যেখানে ইল্লিগাল পজেশন অফ দি ইলেক্ট্রিসিটি ডিপার্টমেন্ট-এর ইন্সট্রুমেন্টেশনগুলিকে জমিয়ে রেখেছে, চুরি করছে, আমরা সেখানে কি শাসকদল কি বিরোধী দল কোনও ইউসফুল ফ্যাক্টর হতে পারি? আপনারা মনে করেন না, কারণ এটা আপনাদের রাজনৈতিক দৃষ্টিভঙ্গি। আপনারা বিধানসভার বিরোধী

দলের সদস্যদের কোন জায়গায়, কোন এলাকায়, উন্নয়নের ক্ষেত্রে সংযুক্ত রাখতে চাননা। অতীতে আমরা যখন মন্ত্রী সভায় ছিলাম ব্লক স্তরে কথা বলতে পারতাম, সভা ডাকতে পারতাম মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শুনে রাখুন এই মন্ত্রীর আমলে সেটাকে কালিকলম দিয়ে কেটে আলিমুদ্দিন স্ট্রীটে বসে পার্টির চাপে চোর পঞ্চায়েতগুলির হাতে তুলে দিয়েছে। বিধানসভার সদস্যদের কান মুলে ওখান থেকে তাড়িয়ে দেওয়া হয়েছে। কিন্তু আজকে আমরা বলব যে আইন আমরা পাশ করেছি সংখ্যাধিক্যের জোরে এই বিলকে সমর্থন করে। আমরা বলব আজকে এই জায়গায় মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটা কথা কিন্তু এখানে নেই। ডিসেন্ট্রালাইজেশন ভালো এবং মানুষের জন্য এই বিষয়ে যে পদক্ষেপ উনি গ্রহণ করেছেন সেই পদক্ষেপগুলি ভালো। কিন্তু তার সেনসিবল রেস্ট্রিকটেড করা দরকার। যে পুলিশের হাতে আপনি ক্ষমতা দিতে চেয়েছেন, যে পঞ্চায়েতকে ক্ষমতা দিতে চেয়েছেন, যে ইনফ্রাস্ট্রাকচারের হাতে আপনি ক্ষমতা দিতে চেয়েছেন তার সার্বিক উন্নয়নের ক্ষেত্রে বা রেভেনিউয়ের ক্ষেত্রে, এবং আরও অন্যান্য জিনিসের ক্ষেত্রে, সেই ইনফ্রাস্ট্রাকচার আজকে পলিটিক্যাল পার্টির হাতে চলে গেছে। সেই দৃষ্টিভঙ্গি তাদের নেই। স্বাভাবিকভাবে আপনার দৃষ্টিভঙ্গি এবং আপনার বিলের কথা এখানে প্রতিফলিত করতে পারি। এই জায়গায় আমাদের তীব্র প্রতিবাদ থাকল যে আপনার দৃষ্টিভঙ্গি যাই থাকুক না কেন যে মেশিনারির হাতে যে প্রশাসনের হাতে, যে পুলিশের হাতে, যে দুর্নীতিগ্রস্ত এক শ্রেণীর বিদ্যুৎ দপ্তরের কর্মচারী, অফিসার এবং ইঞ্জিনিয়ারের হাতে আপনি চূড়ান্তভবে ক্ষমতা তুলে দিচ্ছেন কেন্দ্রীভুত করে তার সঠিক রূপায়ণ হবে কিনা আমাদের সন্দেহ থেকে যায় এবং সেই জায়গায় আমাদের আপত্তি। সার্বিকভাবে আপনার দৃষ্টিভঙ্গি ভাল কিন্তু এই জায়গায় আমাদের আপত্তি থেকে যায়।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মিঃ সৌগত রায় হোয়াট ইজ ইওর ইনফরমেশন?

## POINT OF INFORMATION

**শ্রী সৌগত রায় ঃ** স্যার আমি আপনার পার্মিশন নিয়ে পয়েন্ট অফ ইনফরমেশন দিচ্ছি যে গ্রেট ইস্টার্ন হোটেলে কয়েকশো কর্মী আই.এন.টি.ইউ.সি.এর নেতৃত্বে ঐ হোটেল বিক্রি করার যে সিদ্ধান্ত রাজ্য সরকার নিয়েছে একটা ফরাসি গ্রুপের কাছে, বিশেষ করে রাজ্যের পর্যটন মন্ত্রী তার বিরুদ্ধে মিছিল করে এসপ্ল্যানেড ইস্টে এসেছে। এখন তাদের প্রতিনিধি দলের একজন প্রবোধ বাবুর ঘরে এসেছেন। আমরা এই হাউস থেকে সম্মিলিত ভাবে এই প্রাইভেটাইজেশনের প্রচেষ্টাকে নিন্দা করি।

[4-20 — 4-30 p.m.]

## LEGISLATION

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তিনটি বিলের ওপর যে ডিসকাশন হল তাকে মোটামুটি দু'ভাগে ভাগ করা যায়। একটা ভাগের সঙ্গে বিলের ডাইরেক্ট কোনও কানেকশন নেই — জেনারেল পাওয়ার প্রবলেম পাওয়ার সিচুয়েশন ইত্যাদি ইত্যাদি। আমি সেগুলোর দু'একটি উত্তর দেব, যদিও বিলের সঙ্গে তার কোনও কানেকশন নেই। বিলের ব্যাপারে যে প্রশ্নগুলো এবং সুন্দর সুন্দর সাজেশনগুলো এসেছে, প্রথমে আমি সেগুলোর ওপর আমার বক্তব্য পেশ করছি।

আমরা শুধু বিলটা করেই বসে থাকব না, এই আশ্বাস আপনাদের দিয়ে, বিলগুলোকে সমর্থন করে, দেবপ্রসাদবাবুর অ্যামেন্ডমেন্টের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শুরু করছি।

দেবপ্রসাদবাবু বক্তব্য শুনে আমার মনে হল উনি বোধ হয় বুঝতে ভুল করেছেন—আমি নিশ্চয়ই এটা বিশ্বাস করি এবং স্বীকার করি যে, বেশিরভাগ সাধারণ মানুষ, ভেরি লার্জ পারসেনটেজ সৎ, সৎ ভাবেই জীবন যাপন করতে চান এবং সৎ ভাবেই বিদ্যুৎ ব্যবহার করতে চান। তাদের দিকে চেয়েই এই বিল আনা হয়েছে। আমার কাছে ভুরি ভুরি চিঠি আসে, হুকিং ট্যাপিং-এর জন্য ট্রান্সফরমার পুড়ে গেছে ইত্যাদি ইত্যাদি। আমি বিল পেশ করার সময় আপনাদের বলেছিলাম যে, আমার মাত্র তিন বছরের অভিজ্ঞতা। এর মধ্যেই আমি দেখছি, যারা সৎ এবং সুস্থ নাগরিক—ভেরি ভেরি লার্জ পারসেন্টেজ তারা এরকম আইন বা একটা কিছু চাইছেন।

বর্তমানে আমরা যেসব জায়গায় অসুবিধা ফিল করছি সেসব জায়গার আমি আপনাদের একটা হিসেব দিতে চাই। গত তিন বছরের অ্যাভারেজটা আমি এখানে বলছি — গত তিন বছরে ১০ লক্ষ থেকে ১৫ লক্ষ টাকার (লো টেনশন, হাই টেনশন মিলিয়ে) তার চুরি হয়েছে; যার ভ্যালু দু কোটি থেকে আড়াই কোটি টাকা। ২০০টি (অ্যাপ্রোক্সিমেটলি) ট্রান্সফরমার চুরি হয়েছে, যার ভ্যালু ১ কোটি টাকা। আদার মেটিরিয়ালস, টাওয়ার-মেম্বার ইত্যাদির জন্য নষ্ট হয়েছে প্রায় ৬০ লক্ষ টাকা। এটা শুধু রাজ্য বিদ্যুৎ পর্ষদের একার ক্ষতি। এরমধ্যে ডি.ভি.সি., পি.ডি.সি.এল. বা অন্য কেউ নেই। ওদেরও ট্রান্সমিশন লাইন আছে।

[4-30 — 4-40 p.m.]

এবারে আমি বলব কি ভাবে এবং কি ধরনের সংঘটিত বিদ্যুৎ চুরি হচ্ছে। আপনারা বেশিরভাগ সদস্যই গ্রামীণ হুকিং, ট্যাপিং-এর কথা বলেছেন—সেটা তো সামান্য ব্যাপার! লার্জার কনজিউমারস, পাকা বাড়িতে মিটার থাকা সত্ত্বেও হুক দিয়ে রেফ্রিজারেটর, ইলেক্ট্রিক আয়রণ, হিটার ইত্যাদি চালাচ্ছেন। পাকা দোতলা বাড়িতে এই জিনিস হচ্ছে, আমরা তাদের কি করে ধরব? সল্ট লেকের মতো জায়গায় এ জিনিস হচ্ছে! আপনারা জানেন আমরা সল্ট লেকে কমপিউটার চালু করেছি। আমি নিশ্চয়ই বলতে পারি সল্ট লেকে উচ্চ-মধ্যবিত্ত এবং মধ্যবিত্ত লোকেরাই বেশি থাকে, গরিব লোক সেখানে কম থাকে। কমপিউটারাইজেশনের পর সেখানে অন্তত ৪০টা কেস পেয়েছি যাদের মাসে মাত্র ৫০ টাকা বিল হচ্ছে। ন্যাচারালি কোরাপশন আমাদের এস.ই.বি.'তে নেই, একথা নিশ্চয়ই বলব না। সমাজের সর্বস্তরে কোরাপশন আছে, আমাদের এস.ই.বি'তেও আছে এবং সাধারণ নাগরিকদের একটা সেকশনের মধ্যেও আছে। কিন্তু আমি এখনো বিশ্বাস করি সমাজের বেশিরভাগ মানুষই সৎ এবং সমাজটা এখনো টিকে আছে, বিকজ লার্জার অ্যান্ড লার্জার অ্যান্ড লার্জার সেকশন অব পপুলেশন ইজ অনেস্ট। এই বিশ্বাসের উপর ভিত্তি করে আমি কিন্তু এই বিল এনেছি। আমি প্রথমে দেবপ্রসাদবাবু ক্লজ ৫এ যে অ্যামেন্ডমেন্ট এনেছেন সেটা হচ্ছে পুলিশকে একটা পাওয়ার দেওয়ার ব্যাপারে। এটা কিন্তু হুকিং, ট্যাপিং এরজন্য নয়, ফর আন-ল-ফুল পজেশন অফ প্রপার্টি। এইসব নয় যে হুকিং করছে বলে পুলিশ সঙ্গে সঙ্গে অ্যারেস্ট করল তা কিন্তু নয়। এতে সাধারণ মানুষ কিন্তু দে উইল বি হার্ম বাই দেম। ৩টি বিল একসঙ্গে দেখেছেন বলে

আপনার এই জিনিস মনে হয়েছে। আন-ল-ফুল পজেশন অফ প্রপার্টি সেখানে পুলিশকে পাওয়ার দেওয়া হয়েছে এটাই হচ্ছে সারমর্ম। সেইজন্য বলছি, এই অ্যামেন্ডমেন্টটা উইথড্র করে নিন, আপনার বুঝতে হয়তো অসুবিধা হয়েছে। আর একটি বিষয়ে ডাঃ বোস বলেছেন ৩৯(ব) সম্পর্কে। এখানে কিন্তু দুটি জিনিস আছে, energy shall not be supplied to such consumer for such period, not exceeding one year. এখানে বলা হয়েছে নট একসিডিং ওয়ান ইয়ার। এখানে ১ মাসও হতে পারে, ৬ মাসও হতে পারে, বাট ম্যাকসিমাম সিলিং ইজ ওয়ান ইয়ার ডিস-কানেকশন থাকবে। এই ডিস-কানেকশনের জন্য অর্ডার দেবেন কে? সুপারিনটেনডিং ইঞ্জিনিয়ার। unless the consumer has been given an opportunity of making his representation, if any. সুপারিনটেন্ডিং ইঞ্জিনিয়ার কনজিউমারকে ডাকবেন, ডায়ালগ করবেন, কনভিনসড করাবেন, তার স্টাটাস দেখবেন। এইরকম কতকগুলি জিনিস আছে যেগুলি বিলে সবকিছু বলা যায়না। এইসব দেখে ডিসিসন নেবেন। এক্ষেত্রে ডিভিশন্যাল ইঞ্জিনিয়ারকে দেওয়া হয়না, অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ারকে দেওয়া হয়না, স্পেশ্যালি হায়ার রাঙ্কের অফিসার অর্থাৎ সুপারিনটেন্ডিং ইঞ্জিনিয়ারকে এই ক্ষমতা দেওয়া হয়েছে। আমাদের কাছে সবচেয়ে বড় সমস্যা যেটা সেটা হচ্ছে, বাল্ক কনজিউমারদের চুরি। আর তার পাশাপাশি কলকাতার ফ্রিঞ্জ এরিয়াতে ডিজেল লবি আছে। এই ডিজেল লবির সমস্যা প্রতিদিন ফোনের মাধ্যমে, চিঠির মাধ্যমে আমাকে বলেন। এই খবরগুলি আমার কাছে আসছে। কলকাতায় কিভাবে চুরি হয়? ইন্ডাস্ট্রিয়াল লবিস কিভাবে চুরি করে, বাল্ক কনজিউমার কিভাবে চুরি করে? ১৯৯১ সালে আমি যখন নর্থ বেঙ্গলে যাই তখন ওখানকার জোনাল ম্যানেজার আমাকে বললেন, সো অ্যান্ড সো বাল্ক কনজিউমার অ্যাপারেন্টলি যাদের অনেক বেশি বিল হওয়া উচিত, যাদের মিটার রিডিং অনেক বেশি হওয়া উচিত তাদের অনেক কম হচ্ছে, ধরতে পারছি না। কিভাবে হয়? মাসের শুরুতে এবং পরের মাসের প্রথম ৭ দিনের মধ্যে মিটার রিডিং নেওয়া হয়। আমি ওনাকে বললাম, মিড মান্থে গিয়ে চেক করো, কিন্তু কাউকে এই কথা বলবে না। এবং তুমি একা যাবে, গিয়ে মিটার চেক করো। সে আমাকে বলল, কেন স্যার? আমি বললাম, তুমি গেলেই বুঝতে পারবে। জোনাল ম্যানেজার ঐ সময়ে সারপ্রাইসড ভিজিট দেয়। কি দেখা গেল? মিটার সর্ট করা আছে। একটা বাল্ক কনজিউমার মাসের ১৫ দিন কিংবা ১০ দিন যদি সর্ট করে রাখে তাহলে ওয়ান-থার্ড কিংবা ৫০ পারসেন্ট বিলের রেটের হার কমে যাবে। অবভিয়াসলি এর পিছনে আমাদের ভিতরকার লোক আছে, কোনও এক্সপার্ট অ্যাডভাইস আছে, কোনও এক্সপার্ট ইলেক্ট্রিসিয়ান আছে। পসিবলি এটা একটা মেথড, আর একটি কথা বললে ভাববেন গল্প বলছি। আমাদের ডাইরেক্টরেট অফ ইলেক্ট্রিসিটি এস.ই.বি. ইঞ্জিনিয়ার্স এবং পুলিশ একটা সংস্থায় গিয়েছিলেন, সেখানে তারা গিয়ে দেখেন যে মিটার ঠিক আছে, কিন্তু যেখানে ইকুইপমেন্টস আছে সেটাতে যত হর্স পাওয়ার তা দেখে ওদের মনে হয়েছে আরও বেশি রিডিং হওয়া উচিত ছিল। তারা ভাল করে মিটার দেখলেন, দেখে চলে গেলেন, চলে যাবার পরে ওয়ান অফ দি পার্সনস একজন টেকনিশিয়ান, তিনি তার টুলসটা ফেলে এসেছিলেন, টুলস নিতে গিয়ে দেখেন মিটার বন্ধ, তিনি সঙ্গে সঙ্গে দৌড়ে গিয়ে অফিসারকে ডেকে এনেছেন। আপনারা জানেন টেকনোলজি ইমপ্রুভ করার সঙ্গে সঙ্গে চোরেদের টেকনোলজিও ঐরকম করে। রিমোট কনট্রোল, আপনারা টি.ভি.তে রিমোট কনট্রোল করার ব্যাপার জানেন, এখানেও এইরকম অবস্থা, এতদিন করে

যাচ্ছে, আপনারা বলুন এরপর যদি পুলিশকে পাওয়ার না দেন, ইমিডিয়েট অ্যারেস্ট না করা হলে আপনি কি করবেন? রিমোট কন্ট্রলের যে ম্যাগনেট আছে ডিসকের উল্টো দিকে সেখানে আটকে রাখা হয়েছে, রিমোট কন্ট্রোল করা হয়েছে। এটা গল্পের মতো শোনাবে, আমি অনেক সভা সমিতিতে কথাটা বললে সকলে বলেন এটা আপনি নিজে বানান নি তো? এইরকম প্রক্রিয়া আছে, আমরা যত বাঁধন লাগাব সেই বাঁধনের বিরুদ্ধে ওরাও ব্যবস্থা নেবে, টেকনোলজি উইল গিভ আস। এই একটা জিনিস আমাকে অত্যন্ত ব্যথিত করেছে। তারপর বলেছেন যে ট্রান্সফরমার চুরির কথা কি ভাবছেন? আপনারা জানেন ফাইভ হর্সপাওয়ার ৬টা কনজিউমারে একটা ২৫ কে.ভি.এ. দেখা যাচ্ছে, ৫ জনের মধ্যে ১ জন সেখানে শ্যালো পাম্পকে সাবমারসিবল পাম্পে বাড়িয়ে দিলেন, ২৫ কে.ভি.এ'র ট্রান্সফরমার পুড়ে গেল, নষ্ট হয়ে গেল, একজন পেলেন বাকি ৫ জন বঞ্চিত হলেন। আবার এইরকমও হচ্ছে ওপেন অ্যাডভারটাইজ করলেন আমাদের সাড়ে সাত হর্স পাওয়ারের মোটর পাবে, আরও বেশি বড় বড় হতে পারবে, এইগুলিকে চোখের সামনে দেখছি, এর টেকনিক্যাল সল্যুশনটা কি? যেগুলি হয়ে গেছে, অল রাইট, করার কিছু নেই, আমরা ইঞ্জিনিয়ারদের সাজেশন দিচ্ছি বিভিন্ন জেলা পরিষদে বলা হচ্ছে আই হ্যাভ গট এ ভেরি পজেটিভ সাজেশন, সেটা হচ্ছে আমাদের ১১ কে.ভি.এ লাইন থাকবে ৪০০ ভোল্ট লাইন টানবে, ১১ কে.ভি.এ. ৪০০ ভোল্ট, সেখান থেকে পাওয়ার যাচ্ছে, ১১ কে.ভি.এ. লাইনে প্রতিটি ৬ কে.ভি.এ. করে ট্রান্সফরমার দেব, ৬ কে.ভি.এ. ট্রান্সফরমার ফার্মার্সদের দিয়ে দিলাম, বললাম যে আপনি রক্ষণা-বেক্ষণ করবেন ইট ইজ ইওর প্রপার্টি, যখন আপনার চাষ থাকবে না খুলে নিয়ে যাবেন, দরকারের সময় এস.ই.বি.র লোক লাগিয়ে দেবে, বাট দি প্রপার্টি ইজ ইওরস। হাইপারটেনশন বাড়ালে শ্যালোর জায়গায় সাবমারসিবল পাম্প করলে ট্রান্সফরমার পুড়বে তখন তাকে রিপ্লেস করতে হবে। এই স্কীমটা বর্তমানে সাজেসান হিসাবে আমরা দিয়েছি, সেটা নিয়ে ওয়ার্ক আউট হচ্ছে। তবে এত ছোট, ১১ কে.ভি.এ. তে ৪০০ ভোল্ট পায়, কিন্তু ৬ কে.ভি.এ.তে পাবে না, এই বিজ্ঞান তৈরি করতে হবে, এখনই আমরা দিতে পারছি না, তবে হলে আমার মনে হয় এতে কিছু সুবিধা হবে। আমি মাননীয় দেবপ্রসাদ বাবুকে একটু জানাতে চাই, যদিও এটার সঙ্গে বিলটার কোনও সম্পর্ক নেই, আপনি যে কৃষকদের ৫ হর্সপাওয়ারের জন্য ৮৫ পয়সা রেট বলেছেন এটা ঠিক নয়, ৮৫ পয়সা রেট বছরে ৪০০ ঘন্টা চললে হচ্ছে না, বছরে ৮৭০৭ ঘন্টা বছরে ৭০০ ঘন্টা হলে ৮৫ পয়সা হতো, আমার মনে হয় এটা ডিস্ট্রিক্ট টু ডিস্ট্রিক্ট ভ্যারি করে পুরুলিয়ায় এক ফসল, কম ব্যবহার হয়, আমার ধারণা অ্যাভারেজ দু'হাজার ঘন্টা সবাই ব্যবহার করে, ২৫ পারসেন্ট অফ দি টাইম যদি ৪০০ ঘন্টা হতো, আপনি বলার সঙ্গে সঙ্গে আমি হিসাব করলাম তাহলে ৮৫ পয়সা রেট হত, অ্যাকচুয়ালি সি.ই.এ. যেটা করছে ১৯.২৩ পয়সা, সি.ই.এ.র মতোই আমরা মিটার ধরছি ১৯.২৩ পয়সা। পসেবলি এটা একটা মেথড। আর একটি কথা বললে ভাববেন গল্প বলছি। আমাদের ডাইরেক্টরেট অফ ইলেক্ট্রিসিটি এস.ই.বি. ইঞ্জিনিয়ারস এবং পুলিশ একটা সংস্থায় গিয়েছিলেন, সেখানে তারা গিয়ে দেখেন যে মিটার ঠিক আছে, কিন্তু যেখানে ইকুইপমেন্টস আছে সেটাতে যত হর্স পাওয়ার তা দেখে ওদের মনে হয়েছে আরও বেশি রিডিং হওয়া উচিত ছিল। তারা ভাল করে মিটার দেখলেন, দেখে চলে গেলেন, চলে যাবার পরে ওয়ান অফ দি পার্সন্স একজন টেকনিশিয়ান, তিনি তার টুলসটা ফেলে এসেছিলেন, টুলস নিতে গিয়ে দেখেন মিটার বন্ধ, তিনি সঙ্গে সঙ্গে দৌড়ে

গিয়ে অফিসারকে ডেকে এনেছেন। আপনারা জানেন টেকনোলজি ইমপ্রুভ করার সঙ্গে সঙ্গে চোরেদের টেকনোলজিও ঐরকম করে। রিমোট কন্ট্রোল, আপনারা টি.ভি.তে রিমোট কন্ট্রোল করার ব্যাপার জানেন, এখানেও এইরকম অবস্থা, এতদিন করে যাচ্ছে, আপনারা বলুন এরপর যদি পুলিশকে পাওয়ার না দেন, ইমিডিয়েট অ্যারেস্ট না করা হলে আপনি কি করবেন? রিমোট কন্ট্রোল যে ম্যাগনেট আছে ডিসকের উল্টো দিকে সেখানে আটকে রাখা হয়েছে, রিমোট কন্ট্রোল করা হয়েছে। এটা গল্পের মতো শোনাবে, আমি অনেক সমিতিতে কথাটা বললে সকলে বলেন এটা আপনি নিজে বানান নি তো? এইরকম প্রক্রিয়া আছে, আমরা যত বাঁধন লাগাব সেই বাঁধনের বিরুদ্ধে ওরাও ব্যবস্থা নেবে, টেকনোলজি উইল গিভ আস। এই একটা জিনিস আমাকে অত্যন্ত ব্যথিত করেছে। তারপর বলেছেন যে ট্রান্সফরমার চুরির কথা কি ভাবছেন? আপনারা জানেন ফাইভ হর্স পাওয়ার ৬টা কনজিউমারে একটা করে ২৫ কে.ভি.এ. দেখা যাচ্ছে, ৫ জনের মধ্যে ১ জন সেখানে শ্যালো পাম্পকে সাবমারসিবল পাম্পে বাড়িয়ে দিলেন, ২৫ কে.ভি.এ.'র ট্রান্সফরমার পুড়ে গেল, নষ্ট হয়ে গেল, একজন পেলেন বাকি ৫ জন বঞ্চিত হলেন। আবার এইরকমও হচ্ছে ওপেন অ্যাডভারটাইজ করলেন আমাদের সাড়ে সাত হর্স পাওয়ারের মোটর পাবে, আরও বেশি বড় বড় হতে পারবে, এইগুলিকে চোখের সামনে দেখছি, এর টেকনিক্যাল সল্যুশনটা কি? যেগুলি হয়ে গেছে, অল রাইট, করার কিছু নেই, আমরা ইঞ্জিনিয়ারদের সাজেশন দিচ্ছি বিভিন্ন জেলা পরিষদে বলা হচ্ছে আই হ্যাভ গট এ ভেরি পজেটিভ সাজেশন, সেটা হচ্ছে আমাদের ১১ কে.ভি.এ লাইন থাকবে ৪০০ ভোল্ট লাইন টানবে, ১১ কে.ভি.এ. ৪০০ ভোল্ট, সেখান থেকে পাওয়ার যাচ্ছে, ১১ কে.ভি.এ. লাইনে প্রতিটি ৬ কে.ভি.এ. করে ট্রান্সফরমার দেব, ৬ কে.ভি.এ. ট্রান্সফরমার ফার্মার্সদের দিয়ে দিলাম, বললাম যে আপনি রক্ষণাবেক্ষণ করবেন ইট ইজ ইওর প্রপার্টি, যখন আপনার চাষ থাকবে না খুলে নিয়ে যাবেন, দরকারের সময় এস.ই.বি.র লোক লাগিয়ে দেবে, বাট দি প্রপার্টি ইজ ইওরস।

মিটার মাঠে ঘাটে থাকে না। সেখানে মিটারগুলো কে দেখবে? অম্বিকাবাবু, এনার্জি অডিটের কথা বলেছেন। ঐ এনার্জি অডিট আমরা করছি। আপনাদের মিটার বসিয়ে কত ইউনিট যাচ্ছে এবং কত কালেকশন হচ্ছে, এর এনার্জি অডিট আমরা করছি। ১৩২ কে.ভি. যে লাইন করেছি তার একটি জায়গায় দেখছি ২৪ পারসেন্ট লস এবং আর একটি জায়গায় ১৭ পারসেন্ট লস হচ্ছে। আমরা ২৪ পারসেন্ট এর ক্ষেত্রে ধরেছি। তাহলে বলুন, প্রতিটি মৌজার চারশো ভিলেজে যদি মিটার বসাতে হয় তাহলে কত মিটার লাগবে!

সৌগতবাবু এই বিলের সঙ্গে কানেকশন নেই এমন অনেক কিছু বলেছেন। বলেছেন, ইভিনিং এবং আফটারনুনের হিসেব দেওয়া হচ্ছে না, এস.ই.বি. ২৪ কোটি টাকা লস করেছেন ইত্যাদি। পাশাপাশি বলেছেন, এস.ই.বির হাতে ভারি শিল্পগুলি নেই। আজকে পশ্চিমবঙ্গেই সাতটি এজেন্সি কাজ করছে যাদের মধ্যে একমাত্র এস.ই.বিরই ভারি শিল্পগুলি হাতের বাইরে। সুতরাং আপনার প্রশ্নের উত্তর আপনি নিজেই দিয়েছেন।

বেশ কিছু মিউনিসিপ্যালিটি এবং কর্পোরেশনের কাছে টাকা বাকি রয়েছে। এখানে অনেকে বলেছেন যে, মানুষকে সার্ভ করাটা একটা ধর্ম। মিউনিসিপ্যালিটিতে বেশিরভাগ কানেকশন ওয়াটার সাপ্লাই প্ল্যান্টের সঙ্গে বা হসপিটালের সঙ্গে যুক্ত, যারজন্য তাদের কানেকশন

কেটে দেবার কাজটা আমরা করতে চাই না। বিষয়টা ক্যালকাটা কর্পোরেশনের সঙ্গে যেভাবে মিটেছে, এসব ক্ষেত্রেও বাই পারস্যুয়েশন সেভাবেই মিটে যাবে। ওয়াটার সাপ্লাই এবং হসপিটালের লাইন কেটে দেব, এটা হয় না। আর বিলগুলি ব্যুরোক্রাটরা করেননি, ব্যুরোক্রাট এবং টেকনোক্রাটরা জয়েন্টলি করেছেন। একটি কমিটি হয়েছিল যে কমিটিতে রাজ্য বিদ্যুৎ পর্ষদ, সি.ই.এস.সি., ডি.পি.এল., ডিভিসি, এন.টি.পি.সি., পি.জি.সি.আই.এলের প্রতিনিধিরা ছিলেন। আমার স্পেশাল সেক্রেটারি জয়েন্ট সেক্রেটারিরা ড্রাফটিং করেছেন, আমি ইন্টারাপ করেছি। আমি হয়ত থিওরিটিক্যাল বলেছি, ওরা প্রাকটিক্যাল কাজটা করেছেন এবং বিলগুলি ড্রাফটিং আমরা সময় নিয়েই করেছি। ৫১ নম্বর বিলে এই যে ৫নং অ্যামেন্ডমেন্টে যেটা বলা হয়েছে, এটাতে বলা হয়েছে, "Notwithstanding anything contained in the code of civil procedure, 1908, or in any other law for the time being in force, no court, tribunal, or other authority shall have jurisdiction to determine any difference or dispute which is required to be determined. আইডিয়া হচ্ছে আফটার দি ভার্ডিক্ট দে ক্যান গো টু দি কোর্ট। এখানে কোনও বারণ নেই। কিন্তু ডিউরিং দি প্রসিডিংস নান ক্যান গো টু দি কোর্ট এটা দেখবেন। আপনি যেটা বলেছেন সেটা দেখবেন। জুরিসডিকশন অব দি কোর্ট, আমরা যেটা করছি সেটা হচ্ছে, ডিউরিং প্রসিডিংস যখন ইলেক্ট্রিকাল ইন্সপেক্টাররা অ্যাসেস করছে সেই সময়ে কেউ কোর্টে যেতে না পারে। এবারে আমি একটা ছোট্ট উদাহরণ দেই। দুর্গাপুরে একটা বৃহৎ পাওয়ার প্ল্যান্ট আছে, ডি.পি.এল পাওয়ার প্ল্যান্ট। ১৯৯০ সালে তাদের ৪ কোটি টাকা বিল না দিয়ে হাইকোর্টে গিয়ে বসে আছে। এখন পর্যন্ত সেই মামলার কোনও ফয়সালা হয়নি। ১৯৯০ সালের এই ৪ কোটি টাকা তাদের কাছ থেকে পাওয়া যায়নি। তারা বিল দিচ্ছে না, হাইকোর্টে গিয়ে বসে আছে। হাইকোর্টে কেস উঠছে, দিন পড়ছে, তারা যাচ্ছে আর ফিরে আসছে। এইরকম একটা অবস্থায় দাঁড়িয়েছে। আজকে বিদ্যুৎ পর্ষদের পক্ষে লার্জ নাম্বার অব কেসেস হ্যান্ডেল করা ইমপসিবল হয়ে পড়েছে। গত বছর ১৮২২টি কেস ইন্সটিটিউট হয়েছে। তারমধ্যে ৬টি ছাড়া আর কোনওটির ফয়সালা হয়নি। এই মেকানিজম থেকে আমরা বেরিয়ে আসতে চেয়েছিলাম। কিন্তু মানুষের যে সাধারণ অধিকার কোর্ট অব ল'র কাছে যাওয়া, সেটা কিন্তু কোথাও বিঘ্নিত হয়নি, আটকানো হয়নি, সেটা আছে। কিন্তু তার আগে আমি একটা অ্যাপিলেট কমিটি করেছি, তারা অ্যাপিল করবে। ইলেক্ট্রিক অফিসাররা, আপনারা যদি বলেন যে সকলেই কারাপ্ট তাহলে আমি বিশ্বাস করব না। ২।১ জন হয়ত কারাপ্ট থাকতে পারে। আমি আবার বলছি যে প্রাগমেটিক বেসিসে আমরা সমস্ত জিনিসটা চিন্তা করে দেখছি। কিছু লোককে তো বিশ্বাস করতে হবে। কিছু লোককে বিশ্বাস করলে কিছু ভাল ফল পাওয়া যাবে। আমার মনে হয় এই জেনারেটর লবি সম্পর্কে আমাদের সকলেরই জানা আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়। আমি একটু পিছনের দিক থেকে শুরু করছি। ১৯৯২ সালে যখন আমাদের বিদ্যুতের চিত্রটা একটু ভালোর দিকে যাচ্ছে সেই সময়ে একজন শ্রদ্ধেয় মানুষ, তার নাম শ্রী হীতেন ভায়া, তিনি এক সময়ে অ্যাডভাইসর ছিলেন, এখন বৃদ্ধ হয়েছেন, তিনি আমাকে একটা চিঠি দেন। ১৯৮০ সালে তিনি ভারত সরকারের দ্বারা অ্যাপয়েনটেড হয়ে ইস্টার্ন রিজিয়নে ডিজেল লবির উপরে একটা রিপোর্ট দিয়েছিলেন। আমি যখন দিল্লিতে যাই তখন তার সঙ্গে দেখা করি। তিনি আমাকে বলেছিলাম যে, "বাবা, তুমি যাই কর, তুমি

ডিজেল লবিকে তাড়াতে পারবেনা।" আমার ডিজেলকে তাড়ানোর ব্যবস্থা নয়। কিন্তু প্রশ্নটা কোথায় দাড়াচ্ছে? আজকে ফ্রিঞ্জ এরিয়াতে ইনটেনশেনলি লাইট অফ করে দিয়ে ১৫ মিনিট, ২০ মিনিট, ৩০ মিনিট ডিজেলে পার পয়েন্টে ৩৫।৪০ টাকা করে নেওয়া যাচ্ছে। এটা একটা ব্যবসা চলছে। এতে সাধারণ মানুষ, মধ্যবিত্ত মানুষ যারা এ পয়সা দিতে পারছে না তারা সাফার করছে। এটা আমি নিজের এলাকায় ধরেছি। আপনারা কাগজে নিশ্চয়ই এটা দেখে থাকবেন। কিন্তু এটাতো আটকাতে হবে। তারজন্য কিছু প্রভিসন রাখা আছে। এখানে অবশ্য ডিজেল কথাটা বলা হয়নি, বলা হয়েছে যে, কেউ যদি সাপ্লাই বিঘ্নিত করে তাহলে তাকে পানিস করা যাবে। সাধারণ কনজিউমারের রাইট কিন্তু কেড়ে নেওয়া হয়নি। তারা এটাতে অ্যাপিল করবে এবং তারজন্য ১৫ দিনের সময় দেওয়া হয়েছে। আমাদের অফিসিয়াল অর্ডারে আছে এবং ইলেক্ট্রিসিটি অ্যাক্ট সেকশন ২৪-য়েতে সাপ্লাই অ্যাক্টের একটা জায়গায় বলা আছে যে কনজিউমাররা তাদের গ্রিভেন্স নিয়ে দে ক্যান গো টু দি গ্রুপ সাপ্লাই। এই ১৫ দিনের মধ্যে কিন্তু তারা গ্রুপ সাপ্লাইয়ে যেতে পারে। তবে হ্যাঁ, আমার কাছে খবর আছে যে গ্রুপ সাপ্লাইয়ে যারা আছেন অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার, সুপারিনটেন্ডিং ইঞ্জিনিয়ার ইত্যাদি তারা ঠিকমতো ব্যবহার করছে না। অর্থাৎ মানুষের সঙ্গে যে ভাবে ব্যবহার করা উচিত, ভদ্র ভাবে ব্যবহার করা সেটা তারা করছে না। সেটা কি সামগ্রিক চিত্র নয়। সেটা ধরার চেষ্টা করছি। মানুষের কাছ থেকে যে সমস্ত চিঠি পাচ্ছি তার অ্যাকশন নেওয়ার চেষ্টা করছি। তবে সমগ্র পশ্চিমবাংলায় একটা কথা খুবই ক্রিটিক্যাল। তবে আমাদের এই জায়গায় আসতে হবে। গত বারের বাজেট স্পীচে বলেছি, সেটা আমরা ঘোষণা করেছি, সবচেয়ে বড় প্রবলেম গ্রামীণ বৈদ্যুতিকরণের ক্ষেত্রে। এস.ই.বি.কে যুক্ত রেখে রিস্ট্রাকচারিং প্রপোজাল তৈরি করেছি, আপনাদের কাছে নিয়ে আসবো। ফিনান্সিয়াল রিস্ট্রাকচারিং, যেটা সৌগতবাবু বলেছেন, সেটা খুবই ইমপর্টেন্ট কথা, এটা আমরা সাবজেক্ট কমিটির কাছে নিয়ে যাবো, তারা বলুক কি ভাবে কি করা যায়। এটা করতে গেলে অনেকের সাথে কথা বলতে হবে, অনেক মতামত নিয়ে এগোতে হবে। এই ব্যাপারে তাড়াহুড়ো করা বাঞ্ছনীয় নয়। এম.এল.এ-দের কাছ থেকে আমি পূর্ণ সহযোগিতা পাচ্ছি। স্থায়ী কমিটিগুলিতে কনভেনার এনপাওয়ার করা আছে, আগের কমিটিতে যারা ছিলেন, গ্রুপ লেভেলে কমিটিতে তাদের আবার ইনভাইট করতে হবে। আপনারা যখন বলেছেন এটা আমি দেখব। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি সবকিছু বলার চেষ্টা করেছি। আমাদের বন্ধু দেবপ্রসাদ সরকার যে অ্যামেন্ডমেন্ট দিয়েছেন, আমি ওনাকে রিকোয়েস্ট করব সেটা তুলে নেবার জন্য, আমি তার অ্যামেন্ডমেন্টের বিরোধিতা করছি। চিফ হুইপ লক্ষ্মীকান্ত দে মহাশয় যে অ্যামেন্ডমেন্ট এনেছেন তাকে গ্রহণ করে সকলকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Dr. Sankar Kumar Sen that the West Bengal Prohibition of Unlawful Possession of Property of Electrical Undertakings Bill, 1994, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 - 4**

The question that clauses 1 to 4 do stand part of the Bill was then put and agreed to.

## Clause 5

There is amendment to clause 5 by Shri Lakshmi Kanta Dey being amendment No.3. So, he may move his amendment.

**Shri Lakshmi Kanta Dey :** Sir, I beg to move that in clause 5, in line,, 1, after the words "Any police officer", the words "not below the rank of Inspector" be inserted.

**Dr. Sankar Kumar Sen :** I aceept the amendment

The motion of Shri Lakshmi Kanta Dey that in clause 5; in line 1, after the words "Any Police Officer", the words "not below the rank of Inspector" be inserted, was then put and agreed to.

The question that clause 5, as amended, do stand part of the Bill was then put and agree to.

## Clauses 6 - 12 and Preamble

The question that clauses 6-12 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Dr. Sankar Kumar Sen :** Sir, I beg to move that the West Bengal Prohibition of Unlawful Possession of Property of Electrical Undertakings Bill, 1994, as **settled** in the Assembly, be passed.

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী এই যে বিলটি এনেছেন, ওর প্রচেষ্টা নিঃসন্দেহে অত্যন্ত সৎ। আমি আপনার কাছে একটি কথা বলি। আপনি জানেন যে পঞ্চায়েত বা পঞ্চায়েত সমিতির মাধ্যমে, ক্ষমতা বিকেন্দ্রীকরণের মাধ্যমে তাদের দক্ষতা দেখাবার সুযোগ দিচ্ছেন। পঞ্চায়েত সমিতিতে যে বিদ্যুৎ কমিটি আছে, সেই বিদ্যুৎ কমিটির কর্মাধ্যক্ষরা কোনও মিটিং ডাকলেও আজ পর্যন্ত আপনার কোনও অফিসার সেখানে যান নি। আমি জানি, এইরকম পাঁচ ছ'টি বিদ্যুৎ কমিটি আছে, তারা আমার কাছে অভিযোগ জানিয়েছে! তারা বলেছে যে তাদের বিদ্যুৎ কমিটি যেটা আছে সেটা উদ্দেশ্যহীন। অম্বিকাবাবু আপনাকে মিটারের ব্যাপারে বোঝাবার চেষ্টা করেছেন। আমার একটি প্রশ্ন আপনার কাছে যে আপনি চান বিদ্যুৎ দপ্তর যেন চুরিটা বন্ধ করে। আপনি চান তারা রিয়ালাইজ করুক। হুক করে বিদ্যুৎ নেয় বস্তিতে, প্রায় সব জায়গায় নেয়। আমি জানিনা কে এটা দেখবে? রক্ষক যদি ভক্ষক হয় তাহলে আপনার শুধু প্রচেষ্টা থাকলেই কাজ হয়না। আশা করি আপনি সেদিকে লক্ষ্য রাখবেন। যাদের জন্য এটা হয়, তাদের অ্যাডমিনিস্ট্রেটিভ এফিসিয়েন্সীটা দেখবেন। এই কথাটুকুই আমি বলছি।

The motion of Dr. Sankar Kumar Sen that the West Bengal Prohibition of Unlawful Possession of Property of Electrical Undertakings Bill, 1994, **as settled** in the Assembly, **be passed,** was then put and agreed to.

**The Indian Electricity (West Bengal Amendment) Bill, 1994**

The motion of Dr. Sankar Kumar Sen that the Indian Electricity (West Bengal Amendment) Bill, 1994, be taken into consideration, was then put and agreed to.

There is no amendment to Clause 1 to 4 and 6. But there is one amendment to clause 5 by Shri Deba Prasad Sarkar which I think is out of order.

**Clauses 1 to 6**

The question that Clauses 1 to 6 do stand part of the Bill, were then put and agreed to.

**Clause 7**

**Shri Lakshmi Kanta Dey :** Sir, I beg to move that in Clause 7, in line 5, after the words 'Deputy Chief Electrical Inspector'', the words, ''Electrical Inspector'' be inserted.

**Dr. Sankar Kumar Sen :** Sir, I accept it.

The motion of Shri Lakshmi Kanta Dey that in Clause 7, in line 5, after the words 'Deputy Chief Electrical Inspector'', the words, ''Electrical Inspector'' be inserted, was then put and agreed to.

The question that clause 7, as amended, do stand part of the Bill, was then put and agreed to.

**Clauses 8 to 12 and Preamble**

The question that clauses 8 to 12 and preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Dr. Sankar Kumar Sen :** Sir, I beg to move that the Indian Electricity (West Bengal Amendment) Bill, 1994, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**The Electricity (Supply (West Bengal Amendment) Bill, 1994**

The motion of Dr. Sankar Kumar Sen that the Electricity (Supply) (West Bengal Amendment) Bill, 1994, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 to 4 and Preamble**

The question that Clauses 1 to 4 and Preamble do stand part of the Bill, were then put and agreed to.

**Dr. Sankar Kumar Sen :** Sir, I beg to move that the Electricity (Supply) (West Bengal Amendment) Bill, 1994, **as settled** in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 4.57 p.m. till 11 a.m. on Tuesday, the September 20, 1994 at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Tuesday, the 20th September, 1994 at 11.00 a.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 9 Ministers, 4 Ministers of State and 121 Members.

[11-00 — 11-10 a.m.]

## Starred Questions
## (to which oral answers were given)

### খাটাল উচ্ছেদ

*২৮। (অনুমোদিত প্রশ্ন নং *৮৭) **শ্রী তপন হোড় :** প্রাণীসম্পদ-বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

কলকাতা এবং হাওড়া থেকে সমস্ত খাটাল উচ্ছেদ করতে রাজ্য সরকার সর্বশেষ কি কি ব্যবস্থা গ্রহণ করেছে?

**শ্রী মেহবুব জাহেদি :**

এক সরকারি বিজ্ঞপ্তে জানানো হয়, যে সব খাটাল মালিক স্বেচ্ছায় তাদের বেআইনি খাটাল নিষিদ্ধ এলাকার বাইরে নিয়ে যেতে কিছু সময় চান, তাদের ব্যক্তিগত দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ ১৫ই জুলাই, ১৯৯৪। মানবিকতার কারণেই এই ব্যবস্থা করা হয়ে ছিল। কিন্তু বাস্তব অভিজ্ঞতায় দেখা গেল ওয়েস্ট বেঙ্গল মিল্কমেন্স অ্যাশোসিয়েশন দ্বারা মুদ্রিত স্বাক্ষরহীন ও তথ্যের দিক থেকে অসম্পূর্ণ অনেকগুলি আবেদনপত্র এই বিভাগে ১৫ই জুলাই-এর পরে জমা দেওয়া হয়। এইসব আবেদনকারিদের ও অন্যান্য আবেদনকারিদের সাধারণভাবে জানানো হয়, ৩১শে আগস্ট, ১৯৯৪ তারিখের মধ্যে তারা স্বেচ্ছায় ওয়েস্ট বেঙ্গল ক্যাটল লাইসেন্সিং অ্যাক্ট দ্বারা নিয়ন্ত্রিত এলাকা ছেড়ে অন্যত্র খাটাল সরিয়ে না নিলে সরকারের পক্ষ থেকে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। কিছু সংখ্যক খাটাল মালিক ৩১শে আগস্ট ১৯৯৪-এর মধ্যে তাদের অবৈধ নিষিদ্ধ এলাকার বাইরে সরিয়ে নিয়ে যান, তবে, অনেক খাটাল তা করেননি। প্রাণীসম্পদ বিকাশ বিভাগ, পুলিশ ও কলকাতা ও হাওড়ার কর্পোরেশনের ঐক্যবদ্ধ চেষ্টায় কলকাতা ও হাওড়া থেকে অনেক বেআইনি খাটালের ব্যাপারে আইনসম্মত ব্যবস্থা নেওয়া। যেসব ক্ষেত্রে আইনের বাধা নেই সেই সব ক্ষেত্রে বেআইনি খাটাল যাতে না থাকে সেইজন্যে ব্যবস্থা হচ্ছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যগণকে আমি অনুরোধ করব এই বিষয়টা এখন হাইকোর্টে সাবজুডিস আছে, আমি মনে করি কোনও সাপ্লিমেন্টারি প্রশ্নের উত্তর এটার ক্ষেত্রে দেওয়া সমীচিন হবে না।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আমি অতিরিক্ত প্রশ্ন করছি, আপনি যেহেতু বলেছেন বিষয়টি সাবজুডিস আছে সেইজন্য ওটার উপর আমি করছি না। এখন ঘটনা হচ্ছে, কিছু মালিক তারা আগে সরিয়ে নিয়ে গিয়েছেন খাটাল—ব্যবস্থা কিছু নেননি—এই ব্যাপারে প্রশাসনিক কোনও গাফিলতি ছিল নাকি যেহেতু এটা হাইকোর্টে কেস ছিল সেই জন্য হয়নি?

**শ্রী মেহবুব জাহেদি ঃ** আমি প্রথমেই অনুরোধ করেছি, আপনি যে প্রশ্নটা করলেন এই প্রশ্নটাও সাব-জুডিসের মধ্যে পড়ে, অতএব এটা আমার পক্ষে মনে হয়, না বলাই ভাল, আমি অনুরোধ করব এটা নিয়ে আলোচনা না করলেই ভাল।

**শ্রী তপন হোড় ঃ** যখন পুলিশ বিভিন্ন খাটালগুলি উচ্ছেদ করার জন্য ব্যবস্থা নিয়েছিলেন তখন আমাদের কলকাতায় এবং হাওড়াতে কতকগুলি গরু মহিষ তারা বাজেয়াপ্ত করেছেন, এটা দয়া করে বলবেন কি?

**শ্রী মেহেবুব জাহেদি ঃ** আমি মাননীয় সদস্যকে বলছি, এই বিষয়টা দ্বিমত আছে এবং কোর্টে এই বিষয়টা আছে। কত বেশি খাটাল আছে, এই বিষয়টা আলোচনা না করাই ভাল, কেননা এই বিষয়টায় দ্বিমত আছে।

(গোলমাল)

কেউ বলছেন ৫০ হাজার গরু আছে, কেউ বলছে ৩৫ হাজার আছে, কেউ বলছেন ১০৮ টা খাটাল আছে, কেউ বলছে দেড় হাজার খাটাল আছে। এই নিয়ে দ্বিমত আছে। চারটে মামলা এই বিষয়টায় হয়েছে। বিভিন্ন দিক ব্যাখ্যা করে এই মামলাগুলো হয়েছে। আমার মনে হয় এই জিনিসটা না আলোচনা করাই ভাল।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, যে খাটাল উচ্ছেদের ফলে গরু, মোষ বাইরে গেল, তাদের দ্বারা যে দুধ উৎপন্ন হোত, কলকাতা ও আশেপাশে সরবরাহ হত, সেই দুধ আপনি কি ভাবে কমপেন্সেট করবেন? কত পরিমাণ দুধ উৎপাদন হত এবং কি ভাবে কমপেন্সেট করতেন? কেননা, সরকারি দুগ্ধ বন্টন ব্যবস্থা তো পরিপূরক হিসেবে হতে পারে না; এই অবস্থায় কি কি পদক্ষেপ নিয়েছেন?

**শ্রী মেহবুব জাহেদি ঃ** আপনি যে প্রশ্ন করলেন, দুধ, সেটা দু রকম ভাবে হয়, একটা হচ্ছে, সিপিং মিল্ক হিসাবে কেনা হয়। আর একটা মিস্টির দোকানে ছানা ইত্যাদি বিষয়ে কত দুধ প্রয়োজন হয়, সেটা বলা আমার পক্ষে সম্ভব নয়। কিন্তু সিপিং মিল্ক সম্পর্কে দুধ প্রয়োজন হত, তাতে আমার যে ডাটাটা আমি দিয়েছি, সংবাদপত্রে স্টেটমেন্ট দিয়েছি, সব বিষয়েই দিয়েছি, এখানে দুধের কোনও অসুবিধা হবে না। আজ পর্যন্ত কোনও জায়গাতেই এই সিপিং মিল্কের অসুবিধা হয়নি। লিক্যুইড মিল্ক, খাটাল থেকে যে দুধ কেনা হয়, যার ৪.৫ পারসেন্ট ফ্যাট, এবং ৮.৫ হচ্ছে এস. এন. এল. সেই দুধ ১০ টাকা দরে বেলগাছিয়া

থেকে আমরা প্রত্যেক জায়গায় পৌঁছে দিচ্ছি।

**শ্রী রবীন মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহোদয়, আমার প্রশ্নটা এই, হাইকোর্টের কোনও নিয়মবিধির মধ্যে আটকে নেই, বিষয়টা প্রাণী বিকাশ সম্পদ সম্পর্কে। আমরা খাটাল উচ্ছেদ এবং গরু মহিষের সরানো, তাড়ানো নিয়ে যাওয়া, এই বিষয়টা আমার কাছে পরিষ্কার নয়। একটা জিনিস 'আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, বাইপাসে যেসব গরু, মোষ থাকে, সেসব সরিয়ে উচিত, ভি. আই. পি. রোড থেকে সরিয়ে দেওয়া হোক। সল্ট লেকের ৪ নম্বর সেক্টর রাজারহাট এক্সটেন্ড অংশ, তার পাশে সেক্টর ৫, এবং নয়াপট্টি, ঠাকদলি, কোলেনাইন, মোহিষবাথান, এই গ্রামগুলো এবং রাজারহাটের মধ্যে আছে, সল্টলেকের মধ্যে আছে বৈশাখি, করুণাময়ী। এসব জায়গা থেকে গরু সরানোর জন্য ৪০-৫০ জন পুলিশ যাচ্ছে, কিন্তু কি সিদ্ধান্ত নিয়েছেন? গরু, মোষ বাঁধা থাকত, সেইগুলো ম্যাটাডোর হুক বাধা আছে তাতে ক'রে নিয়ে ফেলে দেবে জন্তু-জানোয়ারের মতো? তারপর সেসব গ্রামের লোক দেখবে, দেখতে খারাপ লাগে। তারপর, সল্টলেকে বৈশাখি, করুণাময়ীতে গরু দৌড়চ্ছে। এইগুলো সরানোর কি সিদ্ধান্ত আছে? যদি না থাকে, তাহলে অনুরোধ করব বিষয়টা ভাববেন এবং মানুষকে আশ্বস্ত করবেন। এই ব্যাপারটা আমি দৃষ্টি আকর্ষণ করছি, আপনি একটু আলোকপাত করুন।

**শ্রী মেহবুব জাহেদি ঃ** টেনাসি অ্যাক্টের অন্তর্ভুক্ত যে এলাকাটা ৩০টা মিউনিসিপ্যালিটি এলাকা এবং দুটো কর্পোরেশন—হাওড়া এবং কলকাতা, এর বাইরে সল্টলেকের যে এলাকা, সেই এলাকাটার মধ্যে আপনার এলাকা পড়ে কি না, আপনি বলছেন। আমি এরকম সংবাদ পাইনি। আপনি যখন বললেন, তখন আমি নির্দিষ্ট ভাবে এই বিষয়টা দেখব, কখন কি ভাবে কি করা হয়েছে এবং ঐ পদ্ধতি আমাদের নয়। আমাদের পদ্ধতি, ওটাকে বেআইনি এলাকা বলা হ'ল, সেটা প্রথমে খোয়াড়ে দিয়ে, তারপর কাস্টোডিতে হরিণঘাটায় নিয়ে যাওয়া।

[11-10 — 11-20 a.m.]

এটাই পদ্ধতি এখনও পর্যন্ত আমরা চালু রেখেছি। তবুও মাননীয় সদস্য যখন বললেন তখন আমি এ বিষয়টা এনকোয়ারি করে দেখব।

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** হাওড়া জেলাতে কিছু খাটাল উচ্ছেদ হয়েছে। সরকারের নির্দিষ্ট কোনও নীতি না থাকায় সেই খাটাল মালিকরা উলুবেড়িয়া ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ সেন্টারের জায়গায় সেইসব খাটালগুলি রেখেছে। আমার প্রশ্ন হ'ল, আবার কি সেখান থেকে উচ্ছেদ হবে? নতুবা টোটাল উলুবেড়িয়ার পরিবেশ দূষণটা কি ভাবে রক্ষা করা যাবে মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি?

**শ্রী মেহেবুব জাহেদি ঃ** ৩৪টা মিউনিসিপ্যাল এলাকা যেটা আমাদের আইনের মধ্যে নির্দিষ্ট করা আছে তার মধ্যে উলুবেড়িয়া পড়ে কিনা আমি জানি না, দেখে নেব। তবে মনে হচ্ছে বোধহয় পড়ে না। আমি একথা বলেছিলাম খাটাল যারা বাইরে নিয়ে যাচ্ছেন বা যাদের আমরা সরাচ্ছি, আমি বলেছিলাম, কোনও পঞ্চায়েত এলাকার স্বাস্থ্যসম্মতভাবে যদি খাটাল তৈরি হয় এবং সেইভাবে যদি মডার্ন ওয়েতে খাটাল তৈরি হয় বা সেইভাবে যদি থাকে যেটা আইনের মধ্যে আছে তাহলে তা পঞ্চায়েত এলাকায় আজকে আছে, আগামীকাল যদি সেই

পঞ্চায়েত এলাকা নোটিফায়েডের মধ্যে এসে যায় কি মিউনিসিপ্যালিটির মধ্যে এসে যায় তো সেই নির্দিষ্ট এলাকাটা আমরা এই নোটিফায়েড নেবার আগে ওটাকে বাদ রেখে বাকিটুকু করব।

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** উলুবেড়িয়া ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ সেন্টারে নতুন করে খাটাল হয়েছে এবং এখানে কোনও নীতি নেই। এই খাটাল উচ্ছেদ হয়ে কোথায় যাবে? মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন যে সেই খাটাল আবার কবে উচ্ছেদ হবে?

**মিঃ স্পিকার ঃ** এটা তো হ'ল না। ওনার যা প্রশ্ন সেটার মানে হচ্ছে এটা অ্যাডমিটেড প্রশ্ন হয়ে যাচ্ছে যে ওখানে হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি কি এটা স্বীকার করলেন?

**শ্রী মেহেবুব জাহেদি ঃ** না।

**মিঃ স্পিকার ঃ** তাহলে উঠে দাঁড়িয়ে উত্তর দিতে আরম্ভ করলেন কেন? ওর প্রশ্ন যেটা হওয়া উচিত সেটা হচ্ছে, আপনারা যে খাটাল উচ্ছেদ করছেন একটা সম্ভবনা আছে যে পার্শ্ববর্তী ইন্ডাস্ট্রিয়াল এলাকায় নতুন নতুন খাটাল গজিয়ে উঠতে পারে। তার প্রটেকশনের জন্য কি ব্যবস্থা নিয়েছেন যাতে এসব ব্যাপার না হয়? তার কোনও ব্যবস্থা নিয়েছেন আপনারা?

**শ্রী মেহেবুব জাহেদি ঃ** আইনগতভাবে অন্য জায়গায় যেখানে খাটাল তৈরি হচ্ছে সেখানে খাটালওয়ালাদের আমি বলেছিলাম, ওরা যদি সেইভাবে করেন তাহলে আমরা স্বাস্থ্যের দিক থেকে, আমাদের স্বাস্থ্য বিভাগ যেটা আছে বিশেষ করে ভেটেরেনারি বিভাগ, সে দিক থেকে যে সাহায্য লাগবে আমি দেব।

**শ্রী মহম্মদ ইয়াকুব ঃ** খিদিরপুরে ডক এবং পোর্ট এলাকাতে বিশেষ করে পোর্ট ট্রাস্টের বহু জমিতে গরু, মোষ এখনও রয়েছে। এমন কি রাস্তার উপরও সেগুলি বাঁধা থাকে। এগুলির মালিকানা নেই। এইসব গরু, মোষ উচ্ছেদের কোনও ব্যবস্থা করেছেন কি?

**শ্রী মেহেবুব জাহেদি ঃ** আপনার প্রশ্নটাই আমি বুঝতে পারলাম না। গরু যখন বাঁধা আছে তখন নিশ্চয় কেউ সেগুলি বেঁধে গিয়েছে। মালিকানা নেই, এটা কি করে বললেন?

**শ্রী মহম্মদ ইয়াকুব ঃ** পোর্ট ট্রাস্টের এরিয়াতে খালি জমিতে এবং রাস্তায় ফুটপাথের উপর যেসব গরু, মোষ বাঁধা রয়েছে সেখান থেকে সেগুলি সরাবার কোনও সিদ্ধান্ত মাননীয় মন্ত্রী মহাশয় নিয়েছেন কি?

**শ্রী মেহেবুব জাহেদি ঃ** যে সব গরু বিচ্ছিন্নভাবে ঘুরে বেড়াচ্ছে—বাঁধা থাকলে তাহলে নিশ্চয়ই তার মালিক আছে, নিশ্চয়ই মালিককে ডিটেক্ট করার চেষ্টা হচ্ছে। কিন্তু যে সব গরু বিচ্ছিন্ন ভাবে ঘুরে বেড়াচ্ছে আমরা তাদের ধরে নিচ্ছি।

**শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, আপনি তো খাটাল উচ্ছেদ করে গরু, মোষ এবং মানুষ সব তাড়াচ্ছেন শহর থেকে এবং মিউনিসিপ্যালিটি এলাকা থেকে। এই মানুষগুলোকে এখান থেকে অপসারণ করে আপনি কি তাদের জন্য কোনও পরিকল্পনা

মাফিক পুনর্বাসনের ব্যবস্থা করার কথা চিন্তা করেছেন?

**শ্রী মেহবুব জাহেদি ঃ** এই যে খাটাল উচ্ছেদের আইন, এটা বিধানচন্দ্র রায়ের আমলের আইন। ডাঃ বিধানচন্দ্র রায় কল্যাণী এবং হরিণঘাটায় কলকাতার খাটাল উচ্ছেদ করে তাদের ওখানে রিহ্যাবিলিটেশনের জায়গা তৈরি করেছিলেন। আমি খাটাল মালিকদের প্রথমে বলেছিলাম সেই সব রিহ্যাবিলিটেশনের জায়গায় গিয়ে আপনারা থাকুন। আপনারা যদি যান সেখানে গরু, মহিষ রাখার জায়গা আছে এবং মানুষ থাকারও ব্যবস্থা আছে, কিন্তু ওখানে কেউ যাননি। ওরা চাইছেন কলকাতায় থাকতে এবং এই সব বে-আইনি খাটাল কলকাতায় থাকবে যাতে করে আধ ঘন্টার মধ্যে কলকাতার প্রত্যেকটি জায়গায় যাওয়া যায়। আমি বলেছিলাম, কলকাতায় একটি মাত্র জায়গা আছে, সেটা হচ্ছে কেন্দ্রীয় সরকারের জায়গা, ব্রিগেড প্যারেড গ্রাউন্ড, যদি সেটা পাওয়া যেত তাহলে আধ ঘন্টার মধ্যে কলকাতার যে কোনও জায়গায় যাওয়া যেত। ওরা কল্যাণী এবং হরিণঘাটায় যেতে চাননি। আমি বলেছি আপনারা কলকাতা থেকে চলে যান এবং এবার কোথায় যাবেন, কোথায় থাকবেন এই দায়িত্ব সরকারের এখন আর নেই।

**श्री ममताज हसन** :- मै माननीय मंत्री से जानना चाहता हूं कि शहरो मे गन्दगी के नाम पर, गन्दगी को ध्यान मे रखते हुए खटाल को हटाया गया और अगर यही सेन्टीमेन्ट गांवो पर भी हुआ तो फिर खटाल कहां ले जाएगे क्योकि गांवो मे भी तो गन्दगी फैलेगी

**श्री महवुव जाहेदी** :- गांवो मे एसी स्थिति नही आएगी।

[11-20 — 11-30 a.m.]

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** স্যার আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি মন্ত্রী মহাশয় গরু সরাচ্ছেন তো ভালোই করছেন কিন্তু ব্যাপারটা হচ্ছে যে যে সমস্ত পরিবারের একটা বা ২টি গরু আছে কিন্তু দেখা যাচ্ছে লোকাল থানা সমস্ত বাড়িতে গিয়ে গরু সরাবার জন্য চাপ সৃষ্টি করছে। সরকারের যে নীতি খাটাল অপসারণ করা যাদের লাইসেন্স আছে। কিন্তু দেখা যাচ্ছে কিছু কিছু পরিবার যাদের লাইসেন্স নেই এইরকম পরিবারের ক্ষেত্রে সরকারের সুনির্দিষ্ট নীতি কী? ১টা বা ২টো গরু একজন ব্যাক্তি রাখতেই পারেন তার নিজস্ব ব্যবহারের জন্য, পুলিশ যে ক্ষেত্রেও তার উপর চাপ সৃষ্টি করছে। এ ব্যাপারে আপনার মতামত কী?

**শ্রী মেহবুব জাহেদি ঃ** মাননীয় সদস্য কি বলছেন। একটা বা দুটো গরু নিজস্ব ব্যবহারের জন্য রাখা যায় কিন্তু তার লাইসেন্স নিতে হবে। কেউ যদি লাইসেন্স না নিয়ে থাকেন তাহলে সেটাকে কিন্তু আইনগত সিদ্ধ বলে ধরা হবে না। একটা গরু রাখা যায় নিজের কনজাম্পশনের জন্য। কিন্তু কেউ যদি গরুর দুধ বিক্রি করেন তাহলে সেটা খাটালের আওতার মধ্যে পড়ে।

**সি. টি. সি.-এর বাসক্রয়ে ব্যয়**

*২৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৬) **শ্রী আবদুস সালাম মুন্সি এবং শ্রী আব্দুল মান্নান ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলকাতা ট্রামওয়েজ কোম্পানি বাসক্রয় বাবদ ৩১শে মার্চ, ১৯৯৪ পর্যন্ত মোট কত টাকা ব্যয় করেছে ;

(খ) কতগুলি রুটে বর্তমানে ঐ বাস চলছে ; এবং

(গ) কোনও কোনও সংস্থা থেকে ঐ বাসগুলি ক্রয় করা হয়েছে?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ**

(ক) ৩১শে মার্চ, ১৯৯৪ পর্যন্ত বাস কেনার জন্য মোট ৭২২.৬৯ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

(খ) বর্তমানে ২২টি রুটে ঐ বাস চলছে।

(গ) টাটা লোকোমোটিভ ও অশোক লেল্যান্ড—এই দুটি সংস্থা থেকে বাসগুলি ক্রয় করা হয়েছে।

**শ্রী আব্দুস সালাম মুন্সি ঃ** আমার আরও অতিরিক্ত প্রশ্ন হচ্ছে যে আপনি কি কলকাতা থেকে ট্রাম তুলে দেবার ব্যবস্থা করছেন।

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** আপনার প্রশ্ন ছিল বাস সম্বন্ধে নয়।

**শ্রী আব্দুস সালাম মুন্সি ঃ** এই যে ১১৫টি বাস কেনা হয়েছে আমি জানতে চাইছি যে এই দুটি সংস্থা থেকে বাসগুলি কেনা হয়েছে এছাড়া অন্য কোনও সংস্থাকে কি বাস কেনার কথা বলা হয়েছে?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** এত বড় বা ভারতবর্ষের ২টি কোম্পানি তৈরি হয়েছে। একটা হচ্ছে টাটা অন্যটি অশোক লে ল্যান্ড। তাদের কাছ থেকেই আমরা কিনেছি। তৃতীয় কোম্পানিতে যদি তৈরি হয় তাহলে তাদের কাছ থেকে কিনব।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় মন্ত্রী মহাদয়, আপনি বললেন যে প্রায় ১১৫টি মতো বাস কেনা হয়েছে বর্তমান আর্থিক বছরে আর কতগুলি বাস কেনার পরিকল্পনা আপনার আছে। এবং কোন কোন রুটে নূতন করে বাস চালু করবার পরিকল্পনা আছে।

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** আপনি কি ট্রাম কোম্পানির বাসের কথা জানতে চেয়েছেন। ট্রাম কোম্পানির বাস কেনা হয়েছে ৮৫টি। রুট আমরা এখনও ঠিক করিনি। বিভিন্ন জায়গায় রুট সার্ভে চলছে যেমন বাস আসবে তেমনি অগ্রাধিকার পাবে।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** আমরা যদি সাজেশন দিই নেবেন কি?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** অবশ্যই নেব।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, এ কথা জানা যাচ্ছে যে, ট্রাম কোম্পানির বাস চালাতে অনেক টাকা লোকসান হচ্ছে। গত মার্চ মাস পর্যন্ত লোকসানের জন্য কত টাকা সাবসিডি দিতে হয়েছে?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** ট্রাম কোম্পানির বাসে লোকসান হচ্ছে, মাননীয় সদস্য এ তথ্য কোথা থেকে পেয়েছেন জানি না। এটা ভুল। ট্রাম কোম্পানির বাস চালিয়ে বাস থেকে লাভ হচ্ছে এবং এখন পর্যন্ত ডেপ্রিসিয়েশন বাদ দিয়ে ২৬ লক্ষ টাকা লাভ হয়েছে।

**শ্রী জটু লাহিড়ি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, বাস চালিয়ে সাউথ বেঙ্গল, নর্থ বেঙ্গল, সি. এস. টি. সি. সকলেরই লোকসান হচ্ছে। এই মাত্র শুনলাম যে, ট্রাম কোম্পানির বাস থেকে লাভ হচ্ছে। দ্বিতীয় হুগলি সেতু দিয়ে ট্রাম কোম্পানির বাস-গুলো ছাড়া অন্য কোনও বাসকে যাবার অনুমতি এখন পর্যন্ত দেওয়া হয়নি। দ্বিতীয় হুগলি সেতু দিয়ে একচেটিয়া বাস চালাবার অধিকার পাওয়ার জন্যই তাদের লাভ হচ্ছে। ২য় হুগলি সেতু বাদ দিয়ে হাওড়ার অন্যত্র ট্রাম কোম্পানির বাস যাতায়াত করছে কিনা, অনুগ্রহ করে জানাবেন কি?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** প্রশ্নের ভিত্তিই যদি ভুল হয় তাহলে উত্তর দেওয়া মুশকিল হয়। দ্বিতীয় হুগলি সেতু দিয়ে শুধু ট্রাম কোম্পানির বাসই নয়, অনেক বাসই যাচ্ছে। আর ট্রাম কোম্পানির যে বাস গুলো আছে তার একটা সামান্য অংশ দ্বিতীয় হুগলি সেতু দিয়ে যায়। তৃতীয় কথা হচ্ছে, আমাদের দ্বিতীয় হুগলি সেতু বা বিদ্যাসাগর সেতু যখন হয়েছে তখন তার সুবিধা নিতেই হবে এবং সেই সুবিধা হাওড়ার মানুষরা অবশ্যই পাবেন। তার জন্য আরও বাস দিতে হলে আমরা তা দেব। তা ছাড়া হাওড়ার রবীন্দ্র সেতু দিয়ে প্রচুর বাসই যাতায়াত করে, ঐ সেতুর সুবিধা তো হাওড়াবাসীরা পাচ্ছেনই। দ্বিতীয় সেতু দিয়ে ও দিকের রাস্তা অনুযায়ী যত বেশি সংখ্যক বাস চালানো সম্ভব হবে তত বেশি সংখ্যক বাস আমরা চালাব এবং আমরা সে চেষ্টাই করছি।

**শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, ট্রাম কোম্পানির মাধ্যমে বাস চালাবার জন্য ইতিমধ্যেই আপনারা ৭ কোটি ২২ লক্ষ মতো টাকা খরচ করেছেন। এর মধ্যে কেন্দ্রীয় সরকার কত টাকা দিয়েছেন?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** আমি খুব খুশি হতাম ভুপেনবাবু, যদি কেন্দ্রীয় সরকার এর মধ্যে একটা নয়া পয়সাও দিতেন।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** এই বিধানসভায় গত অধিবেশনের একটা আইন পাস হয়েছিল যে, এম. এল. এ.-রা দূরবর্তী অঞ্চলে যাতায়াতের জন্য—বিনা মূল্য—সব ক'টি রাষ্ট্রীয় সংস্থার বাসে সুযোগ পাবেন। কিন্তু আমরা দেখছি এখন পর্যন্ত সি. এস. টি. সি. ছাড়া এস. বি. এস. টি. সি., এন. বি. এস. টি. সি. এবং ট্রাম কোম্পানির বাসের ক্ষেত্রে সেই সুযোগ পাওয়া যাচ্ছে না। মাননীয় মন্ত্রী মহাশয় কি দয়া করে জানাবেন এখন পর্যন্ত ঐ সংস্থাগুলোর কাছে এ বিষয়ে কেন সরকারি সার্কুলার যায় নি?

*শ্রী শ্যামল চক্রবর্তী ঃ কোনও সার্কুলারের কথা বলছেন, আমি ঠিক বুঝতে পারছি না? আমরা তো ইতিমধ্যেই ঠিক করেছি প্রেজেন্ট এম. এল. এ. বা সিটিং এম. এল. এ. ছাড়াও যারা প্রাক্তন এম. এল. এ. তারাও একজন সঙ্গীসহ সব ক'টি সংস্থার বাসে বিনা পয়সায় বা ফ্রি'তে যাতায়াত করতে পারবেন। এই সার্কুলার কি ওরা পায়নি। আচ্ছা আমি এটা দেখব।*

[11-30 — 11-40 a.m.]

**Shri Gyan Singh Sohanpal :** Will the Hon'ble Minister-in-charge of Transport Department be pleased to state whether the State Government has approached the Union Government for a loan or grant-in-aid for the purchase of buses for Calcutta.

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** কার কাছে যাব? কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্ত হচ্ছে—যোজনা পর্ষদের গাইড-লাইন হচ্ছে নতুন কোনও সরকারি বাস কিনবে না। প্রাইভেট বাস যা চাচ্ছে তা দিয়ে দাও। সুতরাং অরণ্যে রোদন করে কি লাভ? সব জায়গা থেকে তুলে নিচ্ছে।

**শ্রী জ্ঞানসিং সোহনপাল ঃ** তাহলে আপনি অ্যপ্রোচ করেননি?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** আপনি তো প্রাক্তন মন্ত্রী ছিলেন। অ্যপ্রোচ তো দূরের কথা, আমরা যে ক্যাপিটাল কন্ট্রিবিউশন পেতাম নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্টের জন্য সেটা কেন্দ্রীয় সরকার দয়া পরবশত হয়ে কেটে নিচ্ছেন।

**Shri Gyan Singh Sohanpal :** I want specific reply to a specific question whether the State Government has approached the Union Government for loan or grant-in-aid for the purchase of buses for Calcutta ?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** কেন্দ্রীয় সরকার কোনও লোন দেয় বলে জানা নেই।

**Mr. Speaker :** The question is about the tramways not about the buses. The question confines within the tramways. What is your point—whether the State Government has approached the Central Government for loans for the purchase of tramways or buses ?

**Shri Gyan Singh Sohanpal :** In reply to a supplementary the Hon'ble Minister has said certain thing. And it is only that portion which is the context of my question—the State Government has approached the Union Government for any loan or grant-in-aid for the purchase of buses for Calcutta ?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** প্রথম কথা হচ্ছে, লোন কেন্দ্রীয় সরকার সরাসরি দেয় বলে জানা নেই। নাম্বার (২), লোন দিতে পারে এমন যে সমস্ত সংস্থা আছে, আই. ডি. বি. আই বা কো-অপারেটিভ ব্যাঙ্ক ইত্যাদি তাদের কাছ থেকে লোন নিয়েছি। পিয়ারলেসের কাছ থেকে

লোন নিইনি। গ্রান্ট-ইন-এইডের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার পলিসিগত সিদ্ধান্ত করেছেন ভারতবর্ষের কোনও রাষ্ট্রায়ত্ত স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনকে কোনও গ্রান্ট-ইন-এইড দেওয়া হবে না। যেটা ওদের ডিভিসন সেখানে রাজ্য সরকার পৃথকভাবে আবেদন করে লাভ কি আছে? আপনি তো ট্রান্সপোর্ট মন্ত্রী ছিলেন, আপনি নিশ্চয়ই জানেন, নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্টের জন্য একটা ক্যাপিটাল কন্ট্রিবিউশন পেতাম, ২ঃ১ এই রেশিওতে। রাজ্য সরকার যা দেয়, কেন্দ্রীয় সরকার তার অর্দ্ধেক দিত। বর্তমানে কেন্দ্রীয় সরকার আমাদের নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন থেকে এই ক্যাপিটাল কন্ট্রিবিউশন সমস্ত প্রত্যাহার করে নিয়েছেন। সি. এস. টি. সি.-কেও দিচ্ছে না, সাউথ বেঙ্গলকেও দেয়নি। আমরা ক্যাপিটাল কন্ট্রিবিউশনের জন্য আবেদন করেছি বারবার। ওরা সারা ভারতবর্ষের ক্ষেত্রেও দিচ্ছে না, আমাদেরও দিচ্ছে না।

## 'পশ্চিমবঙ্গ' পত্রিকার বিশেষ সংখ্যা

*৩০। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৮) **শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** তথ্য ও সংস্কৃতি-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বঙ্গাব্দের পঞ্চাদশ শতাব্দীর প্রথম বর্ষবরণ উপলক্ষ্যে প্রকাশিত 'পশ্চিমবঙ্গ' পত্রিকার বিশেষ সংখ্যার দ্বিতীয় সংস্করণ প্রকাশের কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি না ; এবং

(খ) হয়ে থাকলে, কবে নাগাদ দ্বিতীয় সংস্করণটি প্রকাশিত হবে বলে আশা করা যায়?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

(ক) না। তবে প্রস্তাব বিবেচনাধীন আছে।

(খ) নির্দিষ্ট সময় ঠিক হয়নি।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, তার পরবর্তীকালে আমি জানতে চাই প্রথম দফায় যখন পশ্চিমবঙ্গ প্রকাশিত হয় তখন তার সংখ্যা কত ছিল এবং এইগুলি প্রকাশ করতে মোট কত অর্থ ব্যয়িত হয়েছিল?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** সংখ্যা, ব্যয়ের টা বলতে পারব না, তবে প্রথম কপি ৩০ টাকা এবং ৯,৯৪৫ কপি বিক্রি হয়েছিল।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** পট্টকে বিভিন্ন পত্র পত্রিকা, পুস্তিকা বিতরণ করা হয়, এই সংখ্যা যখন বিতরণ করা হয়েছিল তখন কিছুটা ফার্স্ট কাম ফার্স্ট সার্ভ হয়ে গেছে। পরবর্তীকালে আমরা পট্টকে অনেকবার বলেছি যে সকল বিধায়ক এখন পাননি, সেজন্য বাঙালি ও বাংলা সমাজ দ্বিতীয় সংস্করণ প্রকাশ করা খুবই জরুরি কাজ। সাম্প্রতিককালে বাংলায় তাৎপর্যপূর্ণ লেখা পত্রিকাটি আছে, দ্বিতীয় সংস্করণটি প্রকাশ করে বিক্রি করার কোনও ব্যবস্থা এই বিভাগে আছে কিনা মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** বার করার জন্য আমরা আবার চেষ্টা করছি।

***শ্রী নির্মল দাস :*** *মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন—পশ্চিমবঙ্গ পত্রিকা আগে দেখেছিলাম যে শেষন ছাড়া এর আগের বিধানসভায় যারা সদস্য ছিলেন তাদের ঠিকানায় পাঠানো হত,* তারা তা পেতেন, এখন শেষন ছাড়া বিধায়করা পাওয়ার সুযোগটা পাবেন কিনা, আর দ্বিতীয় হল পশ্চিমবঙ্গ পত্রিকার যে মান যত কম পয়সায় পশ্চিমবঙ্গে পত্রিকা বেরোয় সেটা তুলনামূলকভাবে অত্যন্ত উন্নত, আরও উন্নত করার জন্য যে সমস্ত জেলাতে তথ্য দপ্তর আছে সেখান থেকে এটা বিক্রি বা নিজস্ব নীতিতে কোনও এজেন্সির মাধ্যমে এটা করা যায় কিনা, কোনও সাংবাদিক এর সাথে যুক্ত আছেন কিনা যারা নিউজ পাঠান এর কোনও ব্যবস্থা করবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** সমস্ত পরামর্শগুলি যাতে অনুসরণ করা যায় তার চেষ্টা করব।

**শ্রী তুলসি ভট্টরাই :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি—আমাদের রাজ্যে বাংলা এবং ইংরাজি ভাষা পশ্চিমবঙ্গ প্রকাশিত হচ্ছে, আগে নেপালি ভাষাতেও প্রকাশিত হত, কিন্তু গত জি. এন. এল. এফ.-এর আন্দোলন হওয়ার পরে আমাদের নেপালি ভাষায় পশ্চিমবঙ্গ পত্রিকা প্রকাশ করা বন্ধ হয়ে গেছে, এখন আবার নেপালি ভাষায় প্রকাশ করার কথা কি সরকার বিবেচনা করছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** আগামী নভেম্বর মাসে আবার নেপালি ভাষায় পশ্চিমবঙ্গ পত্রিকা বেরোবে।

## Deaths in Jails in West Bengal

*31. (Admitted question No. *49.) **Shri Gyan Singh Sohanpal :** Will the Minister-in-charge of the Home (Jails) Department be pleased to state—

(a) the total number of deaths in West Bengal Jails during the last five years ;

(b) the casuse of death in each case ;

(c) whether any enquiry, judicial or otherwise, had been ordered in those cases; and

(d) if so, the results thereof ?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি :** মোট ৩১৬ জন মারা গেছে, এপিলেপসি, টি. বি. কার্ডিও ভাসকুলার ডিজিজ ইত্যাদিতে, আর ২০টি অস্বাভাবিক মৃত্যুর ব্যাপারে দুটি ক্ষেত্রে ম্যাজিস্ট্রেট এনকোয়ারির আদেশ দেওয়া হয়েছে।

**Shri Gyan Singh Sohanpal :** 316 persons are reported to have died in West Bengals Jails during the past five years of these 316 persons, 20-were unnatural deaths.

আপনি জানেন, আনন্যাচারাল ডেথ হলে কজ অফ ডেথ জানবার জন্য পোস্টমর্টেম

একজামিনেশন করা হয়। ন্যাচারালি যে ২০টি আনন্যাচারাল ডেথ হয়েছে সেসব ক্ষেত্রেও পোস্টমর্টেম করা হয়েছে ধরে নিচ্ছি। আমি জানতে চাইছি, ঐ ২০টি আনন্যাচারাল ডেথের মধ্যে ক'টি ডেথ ডিউ টু ক্রিমিনাল অ্যাসাল্টের কারনে, আর ক'টি ডেথ ডিউ টু স্যুইসাইড ছিল?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** আমি হিসেবটা বললে মাননীয় সদস্যের বোঝাটা সহজ হবে। ঐ ২০ জনের মধ্যে কনভিক্ট রয়েছেন এবং বাইরে থেকে গিয়ে হয়ত ঢুকেছেন এবং সেখানে মারা গেছেন। এরকম বিভিন্ন ধরনের ঘটনা আছে।

**শ্রী জ্ঞানসিং সোহনপাল ঃ** কি বললেন উনি বুঝা গেল না। স্যার, আই সিক ইওর প্রটেকশন।

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** ২০টি অস্বাভাবিক মৃত্যু যা বলা হচ্ছে তার মধ্যে দুটির ক্ষেত্রে ম্যাজিস্ট্রেট এনকোয়ারি আদেশ দেওয়া হয়েছে। কেউ জেলের মধ্যে মারা গেলে ম্যাজিস্ট্রেটের কাছে খবর যায় এবং তিনি মৃত্যুর কারণ সম্পর্কে রিপোর্ট দেন। রিপোর্ট আসেনি।

**মিঃ স্পিকার ঃ** দুটির ক্ষেত্রে ম্যাজিস্ট্রেট এনকোয়ারি যা চলছে তার রিপোর্ট এখনও উনি পাননি, সুতরাং কি করে বলবেন?

**শ্রী জ্ঞানসিং সোহনপাল ঃ** উনি যা বললেন, অনসারটা ঠিক হয়নি। আমি ওর কাছে স্পেসিফিক জানতে চাইছি, ২০টি কেসের মধ্যে ডিউ টু স্যুইসাইড ক'টি ডেথ হয়েছে এবং ডিউ টু ক্রিমিনাল অ্যাসাল্ট ক'টি ডেথ হয়েছে।

**মিঃ স্পিকার ঃ** বিভিন্ন জেলে বিভিন্ন মৃত্যু হয়েছে এবং তারমধ্যে ঐ ২০টা আনন্যাচারাল ডেথ। ঐ ২০টির মধ্যে ২টির ক্ষেত্রে ম্যাজিস্ট্রেট এনকোয়ারি চলছে যার রিপোর্ট এখনও সম্পূর্ণ হয়নি। এই হচ্ছে অবস্থা। রিপোর্ট না পেলে কিভাবে মারা গেছে সেটা উনি কি করে বলবেন? হাউ হি ক্যান রিপ্লাই? মিঃ চৌধুরি, বাকি ১৮টির ব্যাপারে বলুন।

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** যেমন আলিপুর সেন্ট্রাল জেলে তিনজন হ্যাঙ্গিং কেস এবং একজন ইঞ্জুরিতে মারা গেছে। এইভাবে বিভিন্ন জায়গায় বিভিন্ন ধরণের কেস রয়েছে। তারমধ্যে ২টির ক্ষেত্রে ম্যাজিস্ট্রেট এনকোয়ারির আদেশ দেওয়া হয়েছে।

**মিঃ স্পিকার ঃ** জ্ঞান সিংজি, আপনার কি আর কোনও অতিরিক্ত প্রশ্ন আছে?

**শ্রী জ্ঞানসিং সোহনপাল ঃ** স্যার, আমি যে সাপ্লিমেন্টারি করেছিলাম তার উত্তর ঠিকমতো পাইনি?

**মিঃ স্পিকার ঃ** বিশ্বনাথবাবু, এই ২০টা আন-ন্যাচারাল ডেথ হয়েছে, এর ব্রেক আপ ফিগার কি বলতে পারবেন?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** আমি আগেই বলেছি যে আলিপুর সেন্ট্রাল জেলে ৩টি গলায় দড়ি দিয়েছে, প্রেসিডেন্সি জেলে হ্যাঙ্গিং কেস আছে একটি, দমদম জেলে আছে একটি, জলপাইগুড়ি জেলে আছে একটি, ঝাড়গ্রাম সাব-জেলে আছে হ্যাঙ্গিং কেস একটি, এই রকম

ভাবে দেওয়া আছে।

**শ্রী জ্ঞানসিং সোহনপাল ঃ** স্যার, ওনার কাছে হিসাব আছে। আমি স্পেসিফিক ভাবে জানতে চাচ্ছি যে কয়টা সুইসাইড হয়েছে, আর কয়টা ক্রিমিন্যাল অ্যাসল্টে মারা গেছে?

**মিঃ স্পিকার ঃ** মিঃ চৌধুরি, আপনার কাছে ক্রিমিন্যাল অ্যাসল্টে কয়জন মারা গেছে, এই রকম কোনও খবর আছে কি?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** সেই রকম খবর আমার কাছে নেই।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় পশ্চিমবাংলার বিভিন্ন জেলে অতীতে কংগ্রেস আমলে যে ভাবে অস্বাভাবিক মৃত্যু হত তার ভগ্নাংশও এখন হয় না। যে সমস্ত অস্বাভাবিক মৃত্যু হচ্ছে।

**মিঃ স্পিকার ঃ** নট অ্যালাউড।

**শ্রী রবীন মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, এই যে ৩১৬ জন মারা গেছে বিভিন্ন কারণে আপনি বললেন। এই ৩১৬ জন যারা মারা গেছে তাদের মধ্যে আমাদের সরকারের আমলে কোনও নির্যাতনে, পুলিশের অত্যাচারে, পুলিশের গুলিতে, এই রকম ভাবে কেউ মারা গেছে কিনা জানাবেন?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** জেলের মধ্যে সেই রকম ভাবে মারা যাবার কোনও ঘটনা নেই।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি বলেছেন যে ২০টি অস্বাভাবিক মৃত্যু ঘটেছে। তারপরে আলিপুর সেন্ট্রাল জেলে গলায় দড়ি দিয়েছে, প্রেসিডেন্সি জেলে দিয়েছে, দমদম জেলে দিয়েছে, জলপাইগুড়ি জেলে দিয়েছে। আমরা যদি পুরো হিসাবটা পেতাম তাহলে বুঝতে পারতাম। আমি ওনার কাছে জিজ্ঞাসা করছি, এই যে ২০টি অস্বাভাবিক মৃত্যুর ঘটনা ঘটেছে, আপনি মাত্র দুটির ক্ষেত্রে ম্যাজিস্ট্রেরিয়াল ইনকোয়ারির অর্ডার দিয়েছেন। অন্য ঘটনাগুলি দেননি কেন? কোনও ক্রাইটেরিয়াতে এটা বিচার করা হয়? কোনওটা ম্যাজিস্ট্রেরিয়াল ইনকোয়ারি হবে, আর কোনওটা হবে না, সেটা কি আপনার দপ্তর থেকে করা হয় বা কিভাবে করা হবে সেটা জানাবেন কি?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** সেই ভাবে দেওয়া হয় না। কোনও সময়ে মারা গেলে সেটা ম্যাজিস্ট্রেটের কাছে খবর যায় এবং অবস্থা বুঝে সেটা করা হয়।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, প্রত্যেক কেসই কি ম্যাজিস্ট্রেটের কাছে যায়?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** না। মার্ডার কেস হলে, যেখানে জেলের মধ্যে মারা যায় সেখানে যেতে এবং ঘটনা দেখে রিপোর্ট দিতে হবে। এখানে দুটি বিশেষ ক্ষেত্রে অস্বাভাবিক মনে হয়েছে বলে সেটা ম্যাজিস্ট্রেরিয়াল ইনকোয়ারিতে পাঠানো হয়েছে।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, এই ৩১৬টি বন্দি অবস্থায় মারা গেছে, এদের মধ্যে কোনও রাজনৈতিক কর্মী আছে কি?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** এই ভাবে ক্যাটেগোরিক্যালি বলা মুশকিল। আমি বলতে পারি কনভিক্ট কয়জন মারা গেছে। কিন্তু ঐ ভাবে ক্যাটেগোরিক্যালি বলা মুশকিল।

**শ্রী দেওকিনন্দন পোদ্দার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি কি দয়া করে জানাবেন যে জেলের মধ্যে তারা দড়ি পেল কোথা থেকে?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** গলায় দড়ি দিতে গেলে যে সব সময়ে দড়ি দিতে হবে তা নয়। গামছা ইত্যাদি নানা রকম জিনিস থাকে। যদি মরার ইচ্ছা থাকে তাহলে সে যে কোনও ভাবে দিতে পারে।

[11-50 — 12-00 Noon]

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ৩১৬ জন মারা গেছে। সাল অনুযায়ী হিসাবটা দিতে পারবেন?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** হ্যাঁ, দিতে পারব। ১৯৮৯ সালে ৩১ জন, ১৯৯০ সালে ৭২ জন, ১৯৯১ সালে ৭১ জন, ১৯৯২ সালে ৬৭ জন এবং ১৯৯৩ সালে ৭৫ জন।

**শ্রী নরেন হাঁসদা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় স্বীকার করেছেন যে জেলখানায় ৩১৬ জন মারা গেছে, ওদের সংসার লোপাট হয়ে গেছে। আমি জানতে চাই এই ৩১৬ জনের মধ্যে মহিলার সংখ্যা কত?

শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ ব্রেক আপটা সেই ভাবে দেওয়া মুশকিল। এন. সি. এল কত কনভিক্ট কত সেই ভাবে বলেছি।

**Shri Prabhanjan Mondal :** I want to know from the Minister whether the judicial enquiry was ordered by the Magistrate himself suo Moto or by the Government.

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** ম্যাজিস্ট্রেট দিয়েছিল।

**শ্রীমতী সাবিত্রী মিত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়-এর কাছে জানতে চাই জেল হাজতে যারা মারা গেছে তার মধ্যে পুলিশ পিটিয়ে মেরেছে এই রকম লোকের সংখ্যা কত?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** এই সম্পর্কে বলার কিছু নেই। জেল খানায় এই ধরনের ঘটনা ঘটেনি। জেলের মধ্যে পিটিয়ে কাউকে মারা হয়নি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন জেল কোডে রুলস অ্যান্ড রেগুলেশন আছে কি করে বন্দিদের রাখতে হবে। এই যে আত্মহত্যা করেছেন, এই ঘটনা ঘটার পর, জেল কোড ভঙ্গ করার জন্য কোনও সুপারিন্টেন্ডেন্ট অফ জেল কাউকে সাসপেন্ড করেছেন, বা কোনও ব্যবস্থা নেওয়া হয়েছে যার নেগলিজেন্সিতে মারা গেছে? এই রকম কোনও তথ্য আপনার কাছে আছে কিনা বলবেন?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** এই রকম কোনও ঘটনা হলে ব্যবস্থা নেওয়া হয়। এই রকম

কোনও ঘটনা হলে ইনকোয়ারি করে যদি দেখা যায় যে সে দোষী, তাহলে সেই ক্ষেত্রে তাকে সাসপেন্ড করা হয়, তারপর সরকারের আইন মোতাবেক প্রসিডিংস ড্র করা হয় এবং ব্যবস্থ নেওয়া হয়।

**মিঃ স্পিকার ঃ** একটা ক্ল্যারিফিকেশন আপনার কাছ থেকে চাইছি। নানা কারণে লোক মারা যেতে পারে, লোকের মরার বয়স হলে মারা যেতে পারে, অসুস্থ হয়ে মারা যেতে পারে, অন্য কারণে মারা যেতে পারে। তার মধ্যে আছে cause on death in each case such as Cardio-respiratory failure, chronic Asthma, severe anemia, Gastro-entrities, epiliepsy ulcer, becillary dysentry bleeding, piles, TB, fever of unknown origin. আপনি যেটা বলেছেন এর মধ্যে রোগের কারণে লোক মারা গেছে, ২০ জনের অস্বাভাবিক মৃত্যু হয়েছে। জেলের নিয়ম আছে কোনও কয়েদি যদি অনেক দিন অসুস্থ হয়ে থাকে, যদি তার মরে যাওয়ার সম্ভাবনা থাকে তাহলে একটা প্রিন্সিপল আছে যে যাতে সে জেল হাজতে না মারা যায় তার জন্য তাকে মুক্তি দেওয়া হয়। সে ফ্রি ম্যান হিসাবে তার আত্মীয় স্বজনের কাছে চলে গিয়ে মারা যেতে পারে। এই সব ক্ষেত্রে যারা যারা মারা গিয়েছে এই রকম কোনও ব্যক্তি আছেন কি যাদের মারা যাওয়ার সম্ভাবনা ছিল, জেল অথরিটি জানত যে মরতে পারে—জেলে ডাক্তার আছে তার মাধ্যমে জানতে পারত সে মারা যাবে? এই রকম কোনও রেকমেন্ডেশন ছিল যাতে সে ফ্রি ম্যান হিসাবে মরতে পারে তার পরিবারের কাছে গিয়ে, তাকে যাতে হাজতে মরতে না হয়?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** অনেকের পরিবারের কোনও হদিস পাওয়া যায় না। আমরা যদি দেখি যে সে মরে যেতে পারে তাহলে তার যদি পরিবার থাকে তাহলে তাকে পৌঁছে দেবার ব্যাপারে ব্যবস্থা নিচ্ছি।

**মিঃ স্পিকার ঃ** অন্য কথা যা বলছিলেন, সুইসাইডের কথা বলছিলেন—কয়েকটি লোকের কথা বলছিলেন। গলায় দড়ি দিয়ে আত্মহত্যার ঘটনা ঘটতে পারে। দড়ি কোথায় পেল বা গামছা কোথায় পেল দ্যাট ইজ নট রেলিভ্যান্ট। যারা আত্মহত্যা করবে তারা এইসব যোগাড়যন্ত্র করবে। আমার কথা হচ্ছে যারা সুইসাইড করছে, সুইসাইড ঘটছে, এর তো নিশ্চয়ই একটা এনকোয়ারি হয়েছে, পোস্ট মর্টেম রিপোর্টও হয়েছে। এমনও তো কোথাও হতে পারে যে লোকে মেরে দিয়েছে, তারপর সুইসাইড বলে সাজিয়ে দেওয়া হয়েছে? যেমন বধূ হত্যার ক্ষেত্রে এই ধরনের ঘটনা ঘটেছে। এই রকম ভাবে জেলের মধ্যে কোনও কেস সন্দেহজনক ভাবে ঘটেছে কিনা যে কয়েদিকে মেরে সুইসাইড বলে সাজিয়েছে? এই রকম কেসের কোনও এনকোয়ারি হয়েছে কিনা?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** সেই রকম কিছু হয়নি। আমি পার্টিকুলার কেসের কথা বলছিলাম। দুটি কেসের ক্ষেত্রে সন্দেহ হওয়ায় ম্যাজিস্ট্রেটকে দিয়ে এনকোয়ারি করা হয়েছে।

**সার্কুলার রেলের সম্প্রসারণ**

*৩২। (অনুমোদিত প্রশ্ন নং *১১৫) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) মাঝেরহাট পর্যন্ত সার্কুলার রেলওয়ের সম্প্রসারণের জন্য রাজ্য সরকার কেন্দ্রের কাছে কোনও প্রস্তাব দিয়েছেন কি না ; এবং

(খ) দিয়ে থাকলে, বিষয়টি বর্তমানে কী অবস্থায় আছে?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ**

(ক) পূর্ণ সার্কুলার রেলওয়ের প্রস্তাব রাজ্য সরকার বহু দিন আগে কেন্দ্রের কাছে দিয়েছিলেন।

(খ) প্রিন্সেপ ঘাট হইতে মাঝেরহাট পর্যন্ত সার্কুলার রেলওয়ের সম্প্রসারণের অনেকগুলি বাধা দেখা যায়। প্রধানত বন্দর কর্তৃপক্ষ তাহার ভিতর দিয়া স্থলপথে কোনও লাইন অনুমতি দেয় নাই। বন্দর কর্তৃপক্ষ জমির বাহিরে রাস্তার উপর দিয়া স্থলপথে সার্কুলার রেলওয়ে লাইন লইতে বন্দর কর্তৃপক্ষ ও কলকাতা পুলিশ রাজি নয়। সেজন্য পরীক্ষা-নিরীক্ষার উদ্দেশ্যে পূর্ব রেলওয়ে একটি কমিটি গঠন করেন। এই সংযুক্ত কমিটিতে পূর্ব রেলওয়ে, কলকাতা বন্দর কর্তৃপক্ষ, সি. এম. ডি. এ. কলকাতা পুলিশ, পরিবহন দপ্তর, এইচ. আর. বি. সি. প্রভৃতি সংস্থার প্রতিনিধি আছেন।

এই কমিটি মনে করে যে বন্দর কর্তৃপক্ষ জমির উপর দিয়া অন এলিভেশন-এ রেল লাইন নিয়ে যাওয়া ছাড়া কোনও গত্যন্তর নেই।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** তাহলে এই যে কমিটি এই মর্মে আপনার কাছে সুপারিশ করেছে, সেই সুপারিশটা নিয়ে আপনি কেন্দ্রীয় সরকারের সঙ্গে, ভূতল পরিবহন দপ্তরের সঙ্গে কথা বলেছেন কিনা?

**শ্রী শ্যামলকুমার চক্রবর্তী ঃ** হ্যাঁ, বলেছি।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** শেষ পর্যন্ত তাহলে আলোচনাটা কি হল? ভূতল পরিবহন দপ্তরের পক্ষ থেকে নির্দিষ্ট কোনও সিদ্ধান্তের কথা বলেছে কিনা?

**শ্রী শ্যামলকুমার চক্রবর্তী ঃ** না, ওরা রাজি হচ্ছে না। আমরা যেমন এটা নিয়ে আলোচনা যেমন চলছে চলুক এটা চাইছি, তেমনি 'রাইটস' এর সঙ্গে বিকল্প—টেকনো ইকনোমিক ফিজিবিলিটি স্টাডি নিয়ে—ব্যবস্থার জন্য কথা বলছি। আলোচনাটা এখনও চলছে, যবে ফয়শালা হবে হোক। আপাতত দমদম থেকে ইডেন গার্ডেন পর্যন্ত ডাবল লাইন ইলেক্ট্রিফিকেশনের জন্য টেকনো ইকনোমিক ফিজিবিলিটি স্টাডিটা 'রাইটস' করে দিতে পারে কিনা তারজন্য কথা বলেছি। তার প্রাথমিক কথাবার্তা শেষ হয়েছে। কেন্দ্রীয় সরকার বা পূর্বরেল কর্তৃপক্ষ যদি রাজি হন তাহলে আমরা কাজটা শুরু করব। তাছাড়া মাঝের হাটের সঙ্গে যুক্ত করার ব্যাপারে প্রথমত একাট কনফিউশন আছে কেন্দ্রীয় সরকারের যে, শহরের মধ্যে রেল হলে কার হবে—রেলের, না আর্বান ডেভেলপমেন্টের হবে? সেই বিভ্রান্তির নিরশন এখনও হয়নি। আপনি প্রতিনিধি দলে ছিলেন, আপনি জানেন যে রেল নিয়ে যখন কথা হয় তখন রেলমন্ত্রী বলেন এটা আর্বান ডেভেলপমেন্টের। আর্বান ডেভেলপমেন্ট বলে যে তারা

জানে না। এই রকম বিভ্রান্তিকর পরিস্থিতি দিল্লিতে আছে। তা সত্ত্বেও কলকাতার ক্ষেত্রে ওদের যে সিদ্ধান্ত তা হচ্ছে, যাই করা হোক না কেন, নতুন যদি কিছু করতে হয় তাহলে ৫০ঃ৫০ করে করতে হবে। এটা হচ্ছে ওদের সিদ্ধান্ত। মেট্রো রেল, যেটাকে আমরা গড়িয়া পর্যন্ত এক্সটেনশন করতে চাইছি, সেইক্ষেত্রে আমরা ৫০ঃ৫০-তে রাজি হয়েছি। কিন্তু সার্কুলার রেলের ক্ষেত্রে এই রকম কিছু হয়নি। আগে ওরা রাজি হবেন, তারপর তো সিদ্ধান্ত।

## Starred Questions
## (to which written answers were laid on the Table)

### ফায়ার ব্রিগেড কেন্দ্র স্থাপন

*২৬। (অনুমোদিত প্রশ্ন নং *৫৪) **শ্রী বুদ্ধদেব ভকত ঃ** পৌর-বিষয়ক (দমকল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

ঝাড়গ্রাম পৌরসভা এলাকায় ফায়ার ব্রিগেড কেন্দ্র স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**পৌর বিষয়ক (দমকল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

হ্যাঁ, মেদিনীপুর জেলার ঝাড়গ্রামে একটি দ্বি-পাম্পবিশিষ্ট দমকলকেন্দ্র স্থাপনের পরিকল্পনা সরকারের আছে।

### বিদ্যাসাগর সেতু থেকে টোল ট্যাক্স

*২৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৫) **শ্রী অম্বিকা ব্যানার্জি** এবং **শ্রী আবদুল মান্নান ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিদ্যাসাগর সেতু থেকে ৩১শে জুলাই, ১৯৯৪ পর্যন্ত ট্যাক্স বাবদ মোট কত টাকা আদায় হয়েছে ; এবং

(খ) কোনও সংস্থাকে কি কি শর্তে ঐ ট্যাক্স আদায়ের অনুমতি দেওয়া হয়েছে?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১২ই অক্টোবর ১৯৯২ থেকে ৩১শে জুলাই, ১৯৯৪ পর্যন্ত বিদ্যাসাগর সেতু থেকে আদায়িকৃত টোল-ট্যাক্সের মোট পরিমাণ ৬ কোটি ৭ লক্ষ ৫৮ হাজার ৬১ টাকা।

(খ) বিদ্যাসাগর সেতু থেকে টোলট্যাক্স আদায়ের দায়িত্ব হুগলি রিভার ব্রিজ কমিশনার্স (এইচ. আর. বি. সি.) কর্তৃপক্ষ এ যাবৎ নিজের নিয়ন্ত্রণেই রেখেছেন ; পৃথক কোনও সংস্থাকে এ ট্যাক্স আদায়ের অনুমতি দেওয়া হয়নি।

### দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদের ক্ষমতা

*৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৯) **শ্রী সদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** পার্বত্য-বিষয়ক বিভাগের

ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদের ক্ষমতা বাড়ানো হচ্ছে ; এবং

(খ) সত্যি হলে, তার কারণ কি?

**পার্বত্য-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**যাত্রাশিল্পের উন্নয়নে সরকারি পদক্ষেপ**

*৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *২০৩) **ডাঃ মানস ভূঁইয়া ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) যাত্রাশিল্পের উন্নয়নের স্বার্থে সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছে ; এবং

(খ) এই শিল্পের দুঃস্থ শিল্পিদের সাহায্যের জন্য সরকার কোনও বিশেষ ব্যবস্থা গ্রহণ করেছেন কি না।

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) অব্যবসায়ী যাত্রাদলগুলির উন্নয়নের স্বার্থে সরকার থেকে আর্থিক অনুদানের ব্যবস্থা আছে। যাত্রাদলগুলি যাতে জেলায় জেলায়, গ্রামে গ্রামে অবাধে অনুষ্ঠান করতে পারে এবং প্রশাসনের অনুমতি পেতে যাতে হয়রানি না হতে হয় তার জন্য সরকার যথোচিত ব্যবস্থা গ্রহণ করছে। যাত্রাগুলি সম্মিলিত সংগঠনের সঙ্গে সরকার নিয়মিত আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে থাকে। বছর ভিত্তিতে যাত্রা প্রয়োজনগুলির গুণাগুণ বিচার করে কয়েকটি পুরষ্কার দেওয়া হয়ে থাকে।

(খ) দুঃস্থ নাটক, যাত্রা শিল্পিদের আর্থিক সাহায্য দেবার একটি প্রকল্প সরকারের রয়েছে। এই প্রকল্পের অধীনে আবেদনের ভিত্তিতে দুঃস্থ যাত্রাশিল্পিরা আর্থিক সাহায্য পেয়ে থাকেন।

**মহাকরণের প্রেসকর্ণার**

*৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *৭) **শ্রী আব্দুল মান্নান ঃ** তথ্য ও সংস্কৃতি-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) মহাকরণের সাংবাদিকদের জন্য নির্দিষ্ট প্রেসকর্ণার সাংবাদিকরা বর্তমানে ব্যবহার করছেন কি না ; এবং

(খ) না করলে, উক্ত বিষয়টির সুষ্ঠু সমাধানে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছে?

**তথ্য ও সংস্কৃতি-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সাংবাদিকদের সঙ্গে আলোচনার ভিত্তিতে নতুন একটি ঘরে প্রেস কর্ণার স্থানান্তরিত করার সিদ্ধান্ত হয়েছে।

## মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ দন্ডাজ্ঞান প্রাপ্ত কয়েদি

*৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *৯৫) **শ্রী তপন হোড় ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এটা সত্যি যে, বিগত মাধ্যমিক পরীক্ষায় কিছু দন্ডাজ্ঞাপ্রাপ্ত কয়েদি উত্তীর্ণ হয়েছেন;

(খ) সত্যি হলে,

(১) এরূপ কয়েদির সংখ্যা কত ; এবং

(২) উত্তীর্ণের হার কিরূপ?

**স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) (১) এরূপ কয়েদির সংখ্যা ২ (দুই)।

(২) ১০০ (একশত) শতাংশ।

## কলকাতার ট্রাফিক নিয়ন্ত্রণের নতুন পদক্ষেপ

*৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৮) **শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

কলকাতা শহরে ট্রাফিক নিয়ন্ত্রণের জন্য রাজ্য সরকার ১লা সেপ্টেম্বর, ১৯৯৪ থেকে কি কি নতুন পদক্ষেপ গ্রহণ করেছে?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১লা সেপ্টেম্বর, ১৯৯৪ সাল হইতে সামগ্রিকভাবে যানবাহন ও পথচারিদের চলাচালের বিধিবদ্ধ নিয়ম কানুন যথাযথ পালনের ধারে গুরুত্ব আরোপ করা হইয়াছে। বিশেষভাবে এই ব্যবস্থা কয়েকটি স্থানে যথা ঃ পার্কস্ট্রিট, চৌরঙ্গি, ব্রাবোর্ণ রোড, উল্টাডাঙ্গা, শিয়ালদহ পালনের চেষ্টা আরম্ভ হইয়াছে। ব্যবস্থাগুলি মোটামুটি ভাবে নিম্নলিখিত পর্যায়ের মধ্যে পড়ে।

(ক) নির্দিষ্ট বাস স্টপে বাস দাঁড়ানো, রুট নং সহ তার জন্য নূতন বাস স্টপ সাইন লাগানো হইয়াছে। এই বাস স্টপ প্রতি মোড় হইতে কমপক্ষে ৫০' ফুট

পিছাইয়া দেওয়া হইয়াছে।

(খ) মোড়ে পথচারি পারাপারের সময় সব যানবাহনকে স্টপ লাইনে দাঁড় করানো হইতেছে।

(গ) পথচারিদের সিগন্যালের (লাইট অথবা পুলিশের) সাহায্যে কেবলমাত্র জেব্রা ক্রসিং দিয়া পারাপার করা হইতেছে। যেখানে পথচারিদের জন্য সাবওয়ে বা উড়ালপুল আছে সেখানে সেগুলির ব্যবহার আবশ্যিক করা হইয়াছে, কেবলমাত্র বৃদ্ধ-বৃদ্ধা ও অসুস্থদের ব্যাতিরেকে।

(ঘ) ট্যাক্সি চালকদের ইউনিফরম পরা বাধ্যতামূলক করা হইয়াছে। ট্যাক্সি চালক বিধিমতো যাত্রী নিতে অনিচ্ছুক হইলে তাহাদের বিরুদ্ধে প্রত্যাখানের নিয়ম আরোপ করা হইতেছে।

(ঙ) কিছু কিছু প্রধান ক্রশিং এ যেমন ব্রাবোর্ণ রোড, ইন্ডিয়া এক্সচেঞ্জ প্লেস, থিয়েটার রোড, ক্যামাক স্ট্রিট, ডি. এল. খান রোড, এ. জে. সি. বোস রোড এবং ডিরোট ব্রিজ ও এ. জে. সি. বোস রোড সংযোগস্থলে নূতন অটো ম্যানুয়াল ট্রাফিক সিগন্যাল লাগানো হইয়াছে এবং ব্যবহার করা হইতেছে।

(চ) বিধিবদ্ধ ট্রাফিক নিয়মকানুন মানা, গাড়ি এবং পথচারিদের পক্ষে ক্রমান্বয়ে বাধ্যতামূলক করা হইতেছে। নিয়মভঙ্গকারিকে বিধিবদ্ধ শাস্তি প্রয়োগের ব্যবস্থা করা হইয়াছে।

(ছ) যে সব গাড়ি চালক নিয়মভঙ্গ করিতেছে তাহাদের উপযুক্তভাবে ড্রাইভিং লাইসেন্স পাঞ্চ করা হইতেছে। বিধিবদ্ধ পাঞ্চিং এর সংখ্যা অতিক্রম করিলে দুই মাসের জন্য সেই যান চালকের ড্রাইভিং লাইসেন্স খারিজ করা হইতেছে।

(জ) বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ রাস্তার মোড়ে জন সাধারণের যানবাহন চালক, বা পথচারির বিরুদ্ধে কোনও রকম অভিযোগ থাকিলে তাহা লিখিয়া জমা দিবার ব্যবস্থা করা হইয়াছে।

উপরোক্ত সাধারণভাবে কর্ম পরিকল্পনা কিছু রূপরেখা দেওয়া হইয়াছে। প্রতিক্ষেত্রে ইহার বিস্তারিত পদক্ষেপ আছে। ব্যবস্থাগুলি ক্রমশ সম্প্রসারিত হবে।

## সুসংহত শিশু-বিকাশ প্রকল্প

*৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৯২) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** বিধানসভার ২২. ২. ৯৪ তারিখের প্রশ্ন নং *১৬৬ (অনুমোদিত প্রশ্ন নং *১১৩)-এর উত্তরের পরিপ্রেক্ষিতে সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

রাজ্যে জেলা-ভিত্তিক সুসংহত শিশু-বিকাশ প্রকল্পের সংখ্যা কত?

**সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

বর্তমানে পশ্চিমবঙ্গে ২৩১টি জেলা ভিত্তিক সুসংহত শিশুবিকাশ প্রকল্পের সংখ্যা নিম্নরূপ ঃ—

| | | | |
|---|---|---|---|
| ১। কলকাতা | — | ৯ | (এর মধ্যে একটি রামকৃষ্ণ মিশন কর্তৃক পরিচালিত) |
| ২। হাওড়া | — | ১২ | |
| ৩। উঃ ২৪ পরগনা | — | ১৩ | |
| ৪। দঃ ২৪ পরগনা | — | ১৫ | |
| ৫। নদীয়া | — | ১২ | |
| ৬। মুর্শিদাবাদ | — | ১৪ | |
| ৭। বর্ধমান | — | ১৮ | |
| ৮। হুগলি | — | ১৫ | |
| ৯। মেদিনীপুর | — | ২৩ | (এর মধ্যে ২টি প্রকল্প বেসরকারি প্রতিষ্ঠান দ্বারা পরিচালিত হবে) |
| ১০। বাঁকুড়া | — | ১৪ | |
| ১১। পুরুলিয়া | — | ১৬ | (এর মধ্যে ১টি বেসরকারি প্রতিষ্ঠান দ্বারা পরিচালিত হবে) |
| ১২। বীরভূম | — | ১৬ | |
| ১৩। মালদা | — | ৯ | |
| ১৪। উঃ দিনাজপুর | — | ৭ | |
| ১৫। দঃ দিনাজপুর | — | ৬ | |
| ১৬। দার্জিলিং | — | ৭ | |
| ১৭। জলপাইগুড়ি | — | ১৩ | |
| ১৮। কুচবিহার | — | ১২ | |
| | | ২৩১ | |

*40 Held over

## বাংলা চলচ্চিত্র শিল্পের উন্নয়ন

*৪১। (অনুমোদিত প্রশ্ন নং *১১৭) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

বাংলা চলচ্চিত্র শিল্প উন্নয়নে রাজ্য সরকার কোনও নতুন পরিকল্পনা গ্রহণ করেছে কি না?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(১) চলচ্চিত্র উদ্ভাবনের শতবর্ষপূর্তি উপলক্ষে চলচ্চিত্র উৎসব, চলচ্চিত্র সম্পর্কিত প্রকাশনা, চলচ্চিত্রবোধ বিষয়ে শিক্ষাক্রম, সেমিনার বক্তৃতা, প্রদর্শনী ইত্যাদির আয়োজন করা হচ্ছে।

(২) কোর্ড ফাউন্ডেশনের আর্থিক সহায়তায় সত্যজিৎ রায় সংগ্রহশালার বিস্তৃতি ও উন্নতির ব্যবস্থা করা হচ্ছে।

(৩) এন. এফ. ডি. সি.-র সঙ্গে যৌথভাবে চলচ্চিত্র প্রযোজনার উদ্যোগ নেওয়া হয়েছে।

(৪) বাংলা। নেপালি চলচ্চিত্র প্রযোজনায় উৎসাহ দেবার জন্য পশ্চিমবঙ্গ চলচ্চিত্র উন্নয়ন নিগমের পরিস্ফুটনাগার রূপায়ণে প্রদেয় ভর্তুকির সর্বোচ্চ পরিমাণ ২ লক্ষ টাকা থেকে বৃদ্ধি করে ৩ লক্ষ টাকা করা হয়েছে।

[12-00 — 12-10 p.m.]

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** To-day I have received three notices of Adjournment Motions. The first one is from Shri Sobhan Deb Chattopadhyay on the subject of reported violation of the orders of the Election Commission in preparation of voter list in the State. The second one is from Dr. Manas Bhunia on he subject of 'Rail Roko' called by supporters of some political Parties to-day on 20. 9. 94 and the third one is from Shri Saugata Roy on the subject of massive erosion in the embankment of the River Padma at Jalangi or Murshidabad district.

The subject matter of the Motions do not call for adjournment of the business of the House. The Member may call the attention of the Minister concerned through Calling Attention, Question, Mention etc.

I, therefore, withhold my consent to the Motion.

Any Member may, however, readout the text of the Motion.

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হ'ল—আজ সরকারি দলের সমর্থকরা গ্যাট চুক্তির বিরোধিতায় "রেলরোখো" আন্দোলনের ডাক দিয়ে নতুন করে মানুষকে বিপথ গামী করার চক্রান্ত করেছেন। একদিকে পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রের নীতি মেনে নিয়ে রাজ্যে নতুন শিল্পোদ্যোগ গড়ে তোলার কথা ঘোষণা করেছেন অপরদিকে তাদের দলের কর্মীরা যে পরিস্থিতির সৃষ্টি করেছেন তার দ্বারা শিল্প প্রসারে চরম বাধার সৃষ্টি হবে। পরস্পর বিরোধী এই নীতি

পশ্চিমবাংলায় সর্বনাশ করেছে।

**Calling attention to matters of urgent public importance**

**Mr. Speaker :** I have received five notices of Calling Attention on the following subjects :

| | | |
|---|---|---|
| i) Massive erosion in the embankment of the River Padma in Jalangi Block of Murshidabad district. | : | Dr. Manas Bhunia, Shri Lakshman Seth, Shri Tapan Hore, Shri Mozammal Haque, Shri Sisir Sarkar, Shri Nirmal Das and Shri Saugata Roy. |
| ii) Reported erosion in the embankment of the River Bhagirathi in Shantipur area of Nadia district. | : | Shri Ajoy De. |
| iii) Proposed modern Tannery-cum-Leather Industrial Town at the Southern Suburb of the metropolitan of Calcutta. | : | Shri Kshiti Goswami. |
| iv) Reported drought in the District of Malda. | : | Shri Birendra Kumar Moitra. |
| v) Latest states of affairs of the Kanoria Jute Mill. | : | Shri Dipak Mukherjee. |

I have selected the notice of Dr. Manas Bhunia, Shri Lakshman Chandra Seth, Shri Tapan Hore, Shri Mozammel Haque, Shri Sisir Sarkar, Shri Nirmal Das and Shri Saugata Roy on the subject of massive erosion in the embankment of the River Padma in Jalangi Block of Murshidabad district.

The Minister-in-Charge will please make a statement today, if possible, or give a date.

**Shri Ashok Bhattacharya :** Sir, the statement will be made on 22-9-94.

## LAYING OF REPORTS

**Audited Annual Reports of the Webel Telemantik Ltd. for the years 1987-89 (22. 12. 87 to 31. 3. 89), 1989-90, 1990-91, 19991-92 and 1992-93.**

**Shri Ashok Bhattacharya :** Sir, with your permission, I beg to lay the Audited Annual Reports of the Webel Telematik Ltd. for the

years 1987-88 (22. 12. 87 to 31. 3. 89), 1989-90, 1990-91, 1991-92, and 1992-93.

**Mr. Speaker :** Mr. Satya Ranjan Bapuli, what is the matter ? You have not given any notice.

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে বলছি যে, বুদ্ধদেববাবু এখানে উপস্থিত আছেন, আজকে আবদুল মান্নানের কোয়েশ্চেনও ছিল প্রেস কর্ণারের ব্যাপারে, কিন্তু সময় হয়ে উঠেনি বলে প্রশ্নটা আর উঠেনি। এই প্রেস কর্ণারের ব্যাপারে কি দাঁড়াল এবং যেহেতু এটা মহাকরণের প্রেস কর্ণার সেই কারণে সবাই উদ্বেগে রয়েছেন। এই প্রেস কর্ণারটি উঠিয়ে দেওয়াতে সমস্ত মানুষ আহত হয়েছেন, সেই কারণে এটাকে যদি রেস্টোর করেন তাহলে ভাল হয় এবং এটাই আমাদের সবার দাবি। এই ব্যাপারে আপনি কি ডিসিসন নিলেন সেটা জানান। প্রেস কর্ণারের ব্যাপারে প্রেস ক্লাব থেকে এবং সমস্ত গণতান্ত্রিক সংস্থা উদ্বিগ্নে রয়েছেন এটি একটি ঐতিহ্যমন্ডিত প্রেস কর্ণার। আজকে এর প্রশ্নও ছিল এবং আপনি যদি অনুমতি করেন তাহলে বুদ্ধদেববাবু তৈরি আছেন উত্তর দেবার জন্য। আজকে এই ব্যাপারে সবাই উদ্বিগ্ন।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় স্পিকার মহাশয়, মাননীয় সদস্য যেটা জানতে চেয়েছেন সেই ব্যাপারে বলি—আমার এখানে একটা প্রশ্ন ছিল, সময় পেলে তখন বলতাম—এখন বিষয়টা হচ্ছে রাইটার্সে সাংবাদিকদের যে প্রেস কর্ণার ছিল, সেই প্রেস কর্ণার এর ব্যাপারে আমরা দেখেছিলাম, আমরা যখন নূতন প্রেস কর্ণার করলাম তখন তাদের কাজের ক্ষেত্রে অসুবিধা হচ্ছিল, তারা বসছিলেন না, তাদের কাজের ক্ষেত্রে অসুবিধা হচ্ছিল বলে। আমি নিজে এই ব্যাপারে আলোচনার সূত্রপাত করে সংশ্লিষ্ট ট্রেড ইউনিয়ন এবং বিশেষ করে প্রেস ক্লাব তাদের সঙ্গে আলোচনার ভিত্তিতে আমরা নূতন প্রেস কর্ণার করার সিদ্ধান্ত করেছি। এই প্রেস কর্ণারটি প্রেস ক্লাবের সঙ্গে আলোচনা করে আমরা সিদ্ধান্ত করি এবং গতকাল সেই প্রেস কর্ণারে সমস্ত সাংবাদিকদের নিয়ে একসঙ্গে বসি এবং তারা নূতন প্রেস কর্ণার পছন্দ করেছেন। সেখানে তাদের জন্য চায়েরও ব্যবস্থা করা হয়েছিল। সিঁড়ি দিয়ে দোতলায় উঠে ডানদিকে রয়েছে প্রেস কর্ণারটি, সেখানে আগে শ্রীমতী ছায়া ঘোষ বসতেন, সেই ঘরেই এখন প্রেস কর্ণার করা হয়েছে, এর ফলে ওনার ঘরটি একটু পরিবর্তন করা হয়েছে। উনিও সাংবাদিকদের কথা মেনে নিয়েছেন, আমি মনে করি প্রেস কর্ণার এখন যেখানে নূতনভাবে করা হয়েছে রাইটার্স বিল্ডিং-এ সেখানে তাদের কাজকর্ম করতে কোনও অসুবিধা হবে না।

(গোলমাল)

**মিঃ স্পিকার ঃ** মিঃ ভট্টাচার্য, মিঃ বাপুলি বলছেন, আপনি ও প্রেস ক্লাবের লোকেরা যে মিট-আপটা করেছেন সেটা ওরা মানছেন না, ওরা আন্দোলনটা চালিয়ে যাবেন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি সংবাদপত্রে দেখে থাকবেন জলঙ্গির মুর্শিদাবাদে সেখানে পদ্মায় একটা বিরাট ভাঙন দেখা দিয়েছে। এই ভাঙনে ১৪টি মৌজা এবং ১৩ হাজার একর জমিতে ওখানে যে এস্ট্যাব্লিশমেন্ট আছে, এমন কি থানা পর্যন্ত, পদ্মার গর্ভে যেতে বসেছে। একটা বিরাট অ্যালার্মিং খবর আমরা কাগজে দেখলাম,

মাননীয় মুখ্যমন্ত্রী এই গুরুত্বপূর্ণ ঘটনার জন্য আলোচনা করেছেন নিজের চেম্বারে পর্যন্ত এখন ওখানে যে দুর্যোগ সেটাকে একদিকে ওখানকার যারা মানুষ তাদেরকে রিঅ্যাসিওর করার জন্য, কনফিডেন্স দেওয়ার জন্য, আপনাদের যদি আপত্তি না থাকে এই হাউস থেকে—এখন সেশন চলছে, একটা অল পার্টি ডেলিগেশন গিয়ে ওদেরকে অ্যাসিওর করা ; সরকার ওদের সঙ্গে আছে এই ন্যাচারাল ক্যালামিটিতে। অন্য দিকে আমাদের বোধহয় রাজ্য সরকারের একার পক্ষে এটার সমাধান করা সম্ভব নয়, যদি সম্ভব হয় দিল্লিতে আমাদের এই খবর জানানো দরকার, এই বিরাট ভাঙন রোধ করার জন্য। এমনি কি কি ব্যবস্থা করা যায় এবং ফারাক্কা ব্যারেজের পর এই জাতীয় যে ভাঙন হল এতে কিছু কারেকশন করার সম্ভাবনা আছে কিনা সেটা দেখা দরকার। এর ফলে একটা জাতীয় বিপর্যয় এসেছে। এখানে সিনিয়ার মিনিস্টাররা আছেন, আপনার যদি আপত্তি না থাকে ঐ এলাকার জনসাধারণের জন্য তাদেরকে অ্যাসিওর করার জন্য হোল গভর্নমেন্ট অ্যান্ড দি পিপিল অফ ওয়েস্ট বেঙ্গল আর উইথ দেম, হাউস থেকে একটা প্রতিনিধি দল সেখানে যাবে তাতে আপনাদের দলের লোকেরাও থাকবে, আমাদের লোকেরাও থাকবে। এই ভাঙনকে চেক দেওয়া যায় কি করে, বিশেষত অর্থ, মেটিরিয়ালস, বোল্ডার ইত্যাদির জন্য আমাদের দিল্লিতে যাওয়া দরকার বলে আমি মনে করি। আর একটা বিষয় হচ্ছে আন্তর্জাতিক সীমানার জায়গা, সেখানে জয়েন্ট রিভার কমিশনার দায়িত্ব আছে কিনা, সেটাও দেখা দরকার।

[12-10 — 12-20 p.m.]

আমাদের এটা একটা জাতীয় বিপর্যয় এবং এই জাতীয় বিপর্যয়ের মুখে আমাদের নিরপেক্ষ দৃষ্টিভঙ্গি নিয়ে কাজ করতে হবে। যদি আপনি অনুমতি দেন তাহলে মানুষকে রি-অ্যাসিওর করা যায় এবং এই বিপর্যয় রোধ করা যায়। মাননীয় মন্ত্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় বলেছেন, ৩২ বছর আগে এই রকম একটা বিপর্যয় হয়েছিল। ঐ জেলার যুব কংগ্রেস সভাপতি, সিরাজুল হক, আমাকে একটা চিঠি পাঠিয়েছেন এবং আবেদন করেছেন, আমি আপনার মাধ্যমে চিঠিটা সরকারের কাছে দিচ্ছি। ইমিডিয়েটলি সরকার সেখানে কি কি ব্যবস্থা নিচ্ছে সেটা জানানো হোক এবং ওখানে একটা সর্বদলীয় ডেলিগেশন যাক। আর রাজ্য সরকারের যদি সঙ্গতি না কুলায় তাহলে দিল্লির সাহায্য নিয়ে আমরা এই বিপর্যয় রোধ করতে পারি এর জন্য একটা উদ্যোগ নেওয়া দরকার। এই ব্যাপারে আমি মাননীয় মন্ত্রী বিনয় চৌধুরির কাছে অনুরোধ করছি।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে বলছি, আমাদের বিরোধী দল নেতা যেটা বলেছেন, সত্যি এটা খুব উদ্বেগের ব্যাপার। আমাদের তরফ থেকে তিন জন মন্ত্রী সেখানে গেছেন। আমরা ঠিক করেছি এবং আপনাদের বলব যে ২৩ তারিখে এই সম্বন্ধে একটা রেজলিউশন নেওয়া হবে। আর কেন্দ্রীয় সরকারের কাছে একটা অল পার্টি ডেলিগেশন যাওয়া দরকার এই ব্যাপারে আমাদের কোনও আপত্তি নেই। কারণ এটা যে ধরনের জিনিস, এটা এত সহজে রোধ করা যাবে না। সেইজন্য যে ব্যবস্থা নিতে হবে তার জন্য আমাদের কোনও আপত্তি নেই। ২৩ তারিখে একটা অল পার্টি রেজলিউশন নেওয়া হোক। আর লোকাল লোকদের আশ্বস্ত করার জন্য এখান থেকে একটা প্রতিনিধি দল

ওখানে যাওয়া যেতে পারে এবং ভালো করে ব্যাপারটা বোঝা দরকার। তারপর আমাদের একটা সিদ্ধান্ত নিয়ে কেন্দ্রের সঙ্গে যোগাযোগ করে আমাদের প্রথমে ইরিগেশন মিনিস্টার শুক্লা এবং প্রয়োজন হলে প্রধানমন্ত্রীকে এর গুরুত্বটা বলা দরকার সকলে মিলে গিয়ে।

**মিঃ স্পিকার ঃ** আমি বলি, খুব সম্ভবত ১৯৮০ সালে আমাদের রাজ্যের তখন সেচমন্ত্রী ছিলেন প্রভাস রায়, তখন উনি খুব অসুস্থ হয়ে যান, অল্প সময়ের জন্য আমি ওনার কাজ দেখাশোনা করেছিলাম। তখন দিল্লিতে ইরিগেশন মিনিস্টারদের একটা কনফারেন্স হয়েছিল এবং রাও বীরেন্দ্র ছিলেন তখন সেচমন্ত্রী—তখন ইন্দিরা গান্ধী ফিরে এসেছিলেন। তখন আমি এই পয়েন্টটা তুলেছিলাম, সেই মিটিংয়ের মিনিটস আপনারা বার করে দেখবেন। তখন আমি বলেছিলাম—that Jalangi town will be lost by the river ইরোশন হচ্ছে এবং রেলট্রাক জলের তলায় চলে যাবে। এমব্যাঙ্কমেন্টে যদি কাজ না করা যায় তাহলে Jalangi town and other smaller villages along with embankment. বাঁচানো যাবে না। তখন কত হেক্টরস ল্যান্ডের একটা হিসাব দেওয়া হয়েছিল, সংখ্যাটা আমার মনে নেই। তখন মিঃ সেন ছিলেন ইরিগেশন সেক্রেটারি, তিনি অনেক খেটেখুটে প্লানটা দিয়েছিলেন। রাইট ব্যাঙ্কে ইরোশন হচ্ছে ফারাক্কা ব্যারেজ হওয়ার পর থেকে। তখন লোয়ারে কয়েকটা প্রোজেক্ট করার কথা ছিল, কিন্তু করা হয়নি, যার ফলে এই সব গোলমাল হচ্ছে। তখন আমাকে একটা কথা বলা হয়েছিল ওখানে কস্ট বেনিফিট রেশিওতে এই এমব্যাঙ্কমেন্ট কস্ট পুযোচ্ছে না। টাকা আমাদের যা ইনভেস্ট করতে হবে এবং যে ল্যান্ড আমরা লুজ করব, তার টাকার ইনভেস্টমেন্টের মূল্য অনেক বেশি। এইজন্য এটা এখন করা যাবে না। আমি তখন ব্যাপারটাতে এগ্রি করতে পারিনি। তখন আমি বলেছিলাম Murshidabad is one of the densed populated distrct of West Bengal. এখানে বিকল্প জমি পাওয়া যাবে না। যেসব লোক ডিসট্রেস হবেন তাদের পুনর্বাসন করার কোনও ব্যবস্থা নেই। এটা একটা ইন্টারন্যাশনাল প্রবলেম হয়ে দাঁড়াবে।

বাউন্ডারি ইজ চেঞ্জিং যেটা, যদি ইমিডিয়েট ব্যবস্থা না করা যায়, তাহলে অন্য র‍্যামিফিকেশন্স হবে এর মধ্যে কিন্তু দীর্ঘদিন এটা হয়ে গেছে। বারবার বলা হয়েছে, প্ল্যান হয়েছে, এস্টিমেটস দেওয়া হয়েছে। কিন্তু কোনও উপযুক্ত স্টেপ নেওয়া গেল না। কোনও কিছু থেকে ইনভেস্টমেন্ট পাওয়া গেল না। এটা অনেক দিন আগেই পেশ করেছি। ২৩ তারিখে আমার চেম্বারে কথা হয়েছিল এবং যদি প্রয়োজন হয় অল পার্টি রেজলিউশন নেওয়া হবে। এখানে কোনও রাজনৈতিক মত ভেদের দরকার নেই। দেয়ার হ্যাজ টু বি অ্যান এগ্রিমেন্ট ইন দিজ ম্যাটার। যদি প্রয়োজন হয় অল পার্টি ডেলিগেশন দিল্লিতে গিয়ে করতে হবে। প্রয়োজন হলে কেন্দ্রীয় ইরিগেশন মিনিস্টার এসে দেখে যান। লেট হিম সি উইথ হিজ ওন আইজ। এখানকার ডেলিগেশন গিয়ে দেখে কি হবে? ওরা তো দেখেছে বার বার। দিল্লির লোক এসে দেখে যাক। লেট দি ইরিগেশন মিনিস্টার ফ্রম দিল্লি কাম অ্যান্ড সি। লেট দেম সি হোয়াট ইজ দি প্রবলেম। এর জন্য রেমিডিয়াল যতখানি দরকার সেই টাকা তো ওদের দিতে হবে। রাজ্য সরকারের পক্ষে তা সম্ভব নয়। লেট আস ইম্প্রেস আপ অন দেম। বিকজ অফ দি ফারাক্কা ব্যারেজ দিস ইজ হ্যাপেনিং। দ্যাট ইজ এ সেন্ট্রাল প্রোজেক্ট। এই যে রেজলিউশন নেওয়া হবে সেটা নিয়ে আলোচনা করব। আবার মন্ত্রীও স্টেটমেন্ট দেবেন। উই

উইল ডিসকাশ হোয়াট স্টেপস টু বি টেকেন অন দ্যাট ডে।

**শ্রী সৌগত রায় :** একটা জিনিস দেখা দরকার, ওখানে ৩/৪ দিন আগে চাষের জমিতে জল ঢুকেছিল। কিন্তু এখনও পর্যন্ত কোনও ব্যবস্থা না নেওয়াতে সেখানকার লোক অভিযোগ জানাতে গেলে পুলিশ তাদের উপর লাঠি চার্য করে। এটা খবরের কাগজে বার হয়েছিল।

## MENTION CASES

**শ্রীমতি মিনতি ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা জরুরি বিষয়ের প্রতি মাননীয়, তফসিলি আদিবাসী কল্যাণ মন্ত্রী দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের দক্ষিণ দিনাজপুর জেলায় আদিবাসী কল্যাণ দপ্তর-এর ১৯৯১-৯২, ৯২-৯৩ এবং ৯৩-৯৪-এর জন্য যে টাকা অ্যালোটেড রয়েছে, সেই টাকা এখনও আমাদের জেলায় গিয়ে পৌছায়নি। আপনি জানেন যে, আমাদের জেলায় ভয়াবহ খরা চলছে। এই খরা পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে অবিলম্বে এই টাকা পাঠানোর আমি দাবি করছি। আরও দাবি করছি আমাদের জেলায় মোট জনসংখ্যার ৪৭ পারসেন্ট তফসিলি ও আদিবাসী সম্প্রদায়ের মানুষ বাস করে। আজকে আমরা তাদের কর্মসংস্থানের কোনও ব্যবস্থা করতে পারছি না। আজকে এই ভয়াবহ খরা পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে যদি আদিবাসী কল্যাণ দপ্তরের টাকাটা পাওয়া যায় তাহলে আমরা সেই টাকা তাদের কল্যাণের জন্য ব্যয় করতে পারব।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মুর্শিদাবাদ জেলায় পদ্মার ভয়াবহ ভাঙনের ফলে যে ভাবে হাজার হাজার মানুষের জীবন ও সম্পত্তিকে বিপন্ন করে জলঙ্গি শহর নদী গর্ভের নিমজ্জিত হতে চলেছে, সেটা উদ্বেগজনক। বর্তমানে ভাঙ্গনের পরিস্থিতি কোন পর্যায়ে আছে—এই সভায় এর চেয়ে গুরুত্বপূর্ণ বিষয় আমাদের কাছে আর কিছু নেই। পশ্চিমবাংলার হাজার হাজার মানুষের জীবন বিপন্ন, একটা শহর নদীগর্ভে নিমজ্জিত হতে চলেছে। এই পরিস্থিতি কী এবং জলঙ্গি শহরকে বাঁচানো যাবে কি না, রক্ষা করা যাবে কি না? স্যার, আমি একটু আগে ফোন করে বহরমপুর শহর থেকে খবর পেয়েছি সেখানে ত্রাণের অবস্থা এমন যে, লোকে একটা করে রুটি পেয়েছে এবং সেখানে খুব গোলমাল হচ্ছে। সেখানে কন্ট্রাক্টরের লোক যেতে পারছে না। সাধারণ মানুষ খুব হেজিটেটেড হয়ে আছে। দশ দিন আগে চাষের জমিতে জল ঢুকেছিল। সেখানকার মানুষ সরকারের দৃষ্টি আকর্ষণ করতে গেলে পুলিশ তাদের লাঠি চার্জ করে তাড়িয়ে দেয়। এই রকম অবস্থায় সরকারের ত্রাণ, কার্য, উদ্ধার কার্যের বর্তমান পরিস্থিতি কি—আজকে এই হাউসে কোনও দায়িত্বশীল মন্ত্রী এ বিষয়ে একটা বিবৃতি দিন এবং তদন্তের জন্য একটা সর্বদলীয় কমিটি অবিলম্বে সেখানে পাঠানো হোক। ২৩ তারিখের জন্য অপেক্ষা না করে, বর্তমান পরিস্থিতির মোকাবিলার জন্য দিল্লিতে একটা টিম পাঠানোর ব্যবস্থা করা হোক। সরকার কি প্রয়োজনীয় ব্যবস্থা নিয়েছেন তা আমরা জানতে চাই।

[12-20 — 12-30 p.m.]

**শ্রী রবীন দেব :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়

হাউসে উত্থাপন করছি। স্যার, আজকে দেশের সার্বভৌমত্ব বিকিয়ে দেওয়া হচ্ছে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে। আই. এম. এফ. ও ওয়ার্ল্ড ব্যাঙ্কের শর্তের কাছে মাথা নত করে কেন্দ্রীয় সরকার তাদের শর্তাবলি অনুযায়ী আজকে দেশে জনবিরোধী শিল্পনীতি, অর্থনীতি, বাণিজ্য নীতি গ্রহণ করেছেন এবং গ্যাট চুক্তিতে সই করেছেন। স্যার, সর্বনাশ পরিণতিতে বিরুদ্ধে আজকে দেশ জুড়ে রেল রোকো আন্দোলন হচ্ছে। আমরা পশ্চিমবাংলাতেও ১৩ দফা দাবির ভিত্তিতেও কেন্দ্রীয় সরকারের এই সর্বনাশ নীতির বিরুদ্ধে বেলা ১২টা থেকে ২ টা পর্যন্ত এখানে রেলরোকো অভিযানের ডাক দিয়েছি।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধীদলের নেতা ডাঃ জয়নাল আবেদিন মহাশয় খুব উদ্বেগের সঙ্গে যে বিষয়টি উত্থাপন করলেন পদ্মার বিধ্বংসি ভাঙ্গনে জলঙ্গির অবস্থা সম্পর্কে এবং মাননীয় মন্ত্রী শ্রী বিনয় চৌধুরি মহাশয় তাকে সমর্থন করে যে কথা বললেন আমি সে সম্পর্কে কয়েকটি কথা বলছি। এই প্রসঙ্গে মাননীয় অধ্যক্ষ শ্রী হাসিম আবদুল হালিম মহাশয় যে কথা বলেছেন আমি তার সঙ্গে একমত। স্যার, আপনার মাধ্যমে যে কথাটা বলতে চাই, আমাদের নেতা মাননীয় ডাঃ আবেদিন যে কথাটা বলেছেন যে হাউস চলছে, সেচমন্ত্রী মহাশয় সেই জায়গাতে গিয়েছেন, সংবাদপত্রে দেখলাম আনিসুর রহমান সাহেব সেখানে গিয়েছেন, অবিলম্বে এখান থেকে একটা সর্বদলীয় প্রতিনিধিদল সেখানে যাক। আমরা নিশ্চয় দিল্লিতে যাব এবং পরিস্থিতির কথা বলব। এখন ফরাক্কা ব্যারেজের জন্যই এই গন্ডগোল হচ্ছে না, অন্য কোনও ব্যাপার আছে সেটা বোঝা দরকার। এর সঙ্গে আন্তর্জাতিক সমস্যাও জড়িত। স্যার, আমি যেটা এই প্রসঙ্গে আরও বলতে চাই সেটা হচ্ছে, এটা একটা জাতীয় বিপর্যয় সেকথাও আমরা বলছি। কিন্তু এ ক্ষেত্রে রাজ্য সরকারের যেটুকু করণীয় আছে সেটা তারা করছেন কিনা তাও দেখা দরকার। আমার দাবি, হাউস চলছে, হাউস থেকে একটি সর্বদলীয় প্রতিনিধিদল জলঙ্গিতে যাক।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত দু মাসের মধ্যে ভি. আই. পি. রোডের উপর প্রায় ৬ জন মারা গিয়েছেন। গত পরশুদিন দুটি বাচ্ছা সমেত তিন জন মারা গিয়েছে। ক্রমাগত এই মৃত্যু ভি. আই. পি. রোডের দু ধারের বাসিন্দাদের উদ্বিগ্ন এবং আতঙ্কিত করে তুলেছে। আমি এ ব্যাপারে বার বার দৃষ্টি আকর্ষণ করেছি। আজও এ ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রী, মাননীয় পরিবহন মন্ত্রী এবং মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। অবিলম্বে ভি. আই. পি.-তে যাতে নিরাপত্তা নিশ্চিত হয় তার ব্যবস্থা করা হোক। এ ছাড়া জনবহুল বাগুইহাটিতে সাবওয়ে ও কৃষ্ণপুর, তেঘরিয়া এবং কৈখালিতে ওভার ব্রিজ-এর জন্য মাননীয় পরিবহন মন্ত্রী ও মাননীয় পূর্তমন্ত্রী উদ্যোগ গ্রহণ করুন। এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অজয় দে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় খাদ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, নদীয়া জেলায় খাদ্য দপ্তরে চরম দুর্নীতি চলছে। বিশেষ করে সেখানে রেশনকার্ড বিলি নিয়ে যে চাঞ্চল্যকর ঘটনা ঘটছে সে সম্পর্কে তার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, ওখানে নবদ্বীপ থানার স্বরূপগঞ্জ গ্রামপঞ্চায়েতের প্যাডে মাল ইস্যু করা হচ্ছে। এমন সব তুঘলকি কান্ড সেখানে চলছে যা শুনলে আশ্চর্য হয়ে

যাবেন। ১৯৯১ সালে উপপ্রধান বসিরহাট থানার চৈতা গ্রাম পঞ্চায়েতের কার্ড ইস্যু করেছেন অথচ ১৯৮৯ সাল থেকে পঞ্চায়েতের হাত থেকে রেশনকার্ড বিলির ক্ষমতা কেড়ে নেওয়া হয়েছে। কার্ডের নং হচ্ছে ৪২১৪৪৪৪। এর এগেনস্টে রানাঘাট সারেন্ডার সার্টিফিকেট ইস্যু করেছে। এই সব কার্ড নিয়ে ভোটার লিস্টে নাম তোলা হচ্ছে। আমি দাবি করছি অবিলম্বে এ সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করা হোক।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের কাছে একটি বিশেষ ব্যাপারে উল্লেখ করতে চাই। আপনি জানেন ও. বি. সি. নির্ধারণের জন্য একটা কমিশন অনেক টালবাহানার পর চালু হয়েছে এবং ১৪টি গোষ্ঠীকে প্রথমে কমিশন অনুমোদন দিয়েছে। ইদানিংকালে ১৬টি গোষ্ঠীকে আবার অনুমোদন দেওয়া হয়েছে। আমাদের যেটা প্রবলেম হচ্ছে ও. বি. সি. সার্টিফিকেট ইস্যু করার ব্যাপারে গ্রাম থেকে শহরাঞ্চলে আমাদের ওখানে ও. বি. সি. সার্টিফিকেট দেবার জন্য আমাদের কাছে আসছে। আমরা সেইগুলো এস. ডি. ও., ডি. এম. এর কাছে পাঠিয়ে দিচ্ছি। কিন্তু এস. ডি. ও., ডি. এম. ক্যাটাগোরিক্যালি বলছে আমাদের কাছে কোনও ডিরেকশন নেই ও. বি. সি. সার্টিফিকেট দেবার ব্যাপারে। সেইজন্য ডি. এম. এস. ডি. ও. কোনও সার্টিফিকেট দিতে পারছে না। তার ফলে কেন্দ্রীয় সরকারের আইন অনুসারে যে সব ও. বি. সি.-তে চাকরি পাওয়া যায়, চাকরি পাবার হকদার, তারা পশ্চিমবঙ্গ থেকে কোনও চাকরি পাচ্ছে না। সুতরাং এই বিষয়টা দেখার জন্য অনুরোধ করছি।

**श्री देवकी नन्दन पोद्दार :-** माननीय स्पीकर सर, मै आपके माध्यम से पौर मंत्री का ध्यान आकृष्ट कराना चाहता हूं। सर कांग्रेस के समय मे नियमित कलकता की सफाई होती थी। आज आप लागो से तरह-तरह के कर तो लेते है लेकिन उसे कौन सी सुविधा मुहैया करा रही है। मै अपने इलाके की ही वात नही कर रहा हूं पूरे कलकता शहर की यही हालत है। मेरे इलाके मे मुक्तारान वावु स्ट्रीट की ओर कभी जाकर गुजरे पता चल जाएगा। टुटे-फटे रोड मिलेगे जहां कभी भी कोई बड़ी दुर्घटना हो सकती है या वदवु देती कूड़े की अंवार। सर, कहां वास कर रहा हूं। सफाई के नाम पर रुपये तो खर्च किए जाते है लेकिन महीने मे भी एक वार सफाई नही होती। सिर्फ पार्टी के कन्ट्रकटर और कैडर को भर दिया गया है। मै इससे पहले वुद्धदेव बावु से मिला था एवं पत्र भी दिया था। उन्होने अशवासन भी दिए थे लेकिन स्थिति मे कोई सुधार नही हुआ। सिर्फ खटाल हटा देने से कलकता का काया कल्प नही हो जाएगा। अपने मन के अन्दर बैठी गन्दगी को भी हटाए। सफाई कर्मचारी के नाम पर पार्टी कैडर को भर दिया गया है जो एक भी दिन रोड पर उतरकर सफाई करने मे अपना अपमान भी समझते है। मै पौर मंत्री से अनुरोध करता हूं कि दुनिर्ती से उपर उठकर लागो को स्वच्छ वातावरण मुहैया कराए।

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি রাজ্য সরকারের কাছে একটি গুরুত্বপূর্ণ প্রশ্ন তুলে ধরতে চাইছি। এই শহরে প্রিন্স আনোয়ার শা রোড এক সময় চওড়া করা হয়েছিল এই উদ্দেশ্য নিয়ে যে শহরের পূর্ব এবং পশ্চিমের করিডোর হিসাবে এই রাস্তাটিকে ব্যবহার করা যাবে। প্রিন্স আনোয়ার শা রোড চওড়া হয়েছে এবং যাদবপুর থানায় গিয়ে এটা দাঁড়িয়ে গেছে। কথা ছিল ই. এম. বাইপাসের সঙ্গে এটাকে যোগ করা হবে। সেই কাজ সি. এম. ডি. এ. কিন্তু এখনও পর্যন্ত সেই কাজ হয়নি। প্রিন্স আনোয়ার শা রোডকে ই. এম. বাইপাসের সঙ্গে যদি যুক্ত করা যায় তাহলে দক্ষিণ শহরে যান বাহন চলাচলে খুব সুবিধা হবে এবং বিস্তীর্ণ অঞ্চলের সঙ্গে যোগাযোগ রক্ষা করা যাবে। সুতরাং এই কাজ যত ত্বরান্বিত হয় তার জন্য রাজ্য সরকারের কাছে আবেদন রাখছি।

[12-30 — 12-40 p.m.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে প্রাইমারি স্কুল শিক্ষক নিয়োগ সম্বন্ধে পশ্চিমবঙ্গ সরকারের দুর্নীতির অভিযোগ পরিষ্কার ভাবে রাখতে চাই। আপনি জানেন প্রত্যেকটি জেলায় প্রাথমিক শিক্ষক নিয়োগের ইন্টারভিউ হয়ে গেছে। কিছু কিছু জায়গায় ডাই-ইন-হারনেস-এ অ্যাপয়েন্টমেন্টের অর্ডার আছে। প্রত্যেকটি জেলা যেমন মেদিনীপুরে ইন্টারভিউ হয়ে গেছে, নদীয়ায় ইন্টারভিউ হয়ে গেছে, মালদায় ইন্টারভিউ হয়ে গেছে। অনেক জায়গায় সি. পি. এমের পার্টি অফিসে টাকা দিয়ে রসিদ নিয়ে আসলে তাদের ইন্টারভিউয়ে ডাকা হয়। অনেকেই বলছে যে তিন হাজার চার হাজার টাকা দিলে তবেই অ্যাপয়েন্টমেন্টে দেওয়া হয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে এ বিষয়ে চিঠি দিয়েছি। মেদিনীপুর, মালদা প্রভৃতি জেলায় টাকা দিয়ে প্রাইমারি শিক্ষক কেনাবেচা চলছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে অবাক হয়ে যাবেন সি. পি. এমের পার্টি অফিস খোলা হয়েছে এবং সেখানে টাকা নিয়ে লিস্ট হয়েছে, তাদের অ্যাপয়েন্টমেন্ট ইতিমধ্যেই দেওয়া হয়ে গেছে এবং প্রত্যেকটি জেলায় টাকা নিয়ে লিস্ট তৈরি করে তারপর অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হচ্ছে। কলকাতা হাইকোর্টে এর জন্য আবেদন করে এই অ্যাপয়েন্টমেন্ট বন্ধ রাখা হয়েছে। যেহেতু এই টাকা নেওয়ার জন্য হাইকোর্ট প্রাইমাফেসি বুঝতে পারছেন যে দুর্নীতি হয়েছে, আমি আপনার মাধ্যমে এই সমস্ত প্রাইমারি শিক্ষকের অ্যাপয়েন্টমেন্ট অবিলম্বে বন্ধ রাখার দাবি জানাচ্ছি।

**শ্রী নির্মল দাস ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে সেচ বিভাগের মাননীয় মন্ত্রীকে অবহিত করতে চাই এবং মাননীয় স্পিকার মহোদয়, আমরা অনুমতি চাইছি—আমাদের অ্যাসেম্বলি কমিটির একজন সদস্য বলেছেন, গতকাল—ভয়ঙ্কর পরিস্থিতির হয়েছে, ওই পদ্মার ভাঙনে যেভাবে জলঙ্গির সর্বনাশ হয়েছে সেখানে আমরা—অ্যাসেম্বলি কমিটির পক্ষ থেকে অবিলম্বে ইরিগেশন অ্যান্ড ওয়াটার-ওয়েস ইমিডিয়েটলি আফটার অ্যাসেম্বলি সেশন আমরা অ্যাটেন্ড করতে যাব। আমাদের বিরোধী দলের বন্ধুদের বলতে চাইছি সেই কমিটিতে আপানাদের প্রতিনিধিও আছেন। আমরা অ্যাসেম্বলি কমিটির পক্ষ থেকে এর আগেও গিয়েছিলাম। সেখানে বলেছিলাম যে, পদ্মা, ভাগিরথী, গঙ্গা আন্তর্জাতিক নদী এবং শুধু ওই জলঙ্গি নয়, গোটা মুর্শিদাবাদ জেলা আক্রান্ত। আমরা চাই কেন্দ্রীয় সরকার যোগ্য ভূমিকা পালন করুন। কেন্দ্রীয়

মন্ত্রী মাননীয় বিদ্যাচরণ শুক্লা মহাশয় প্রতিশ্রুতি দিয়েছিলেন। কিন্তু একটি টাকাও তিনি দেননি। আমরা চাই কেন্দ্রীয় সরকার এরজন্য অর্থ বরাদ্দ করবেন।

**শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাচ্ছি। আমাদের জেলায় ট্রান্সপোর্ট সিস্টেম সম্পূর্ণ ভেঙে গেছে। মেনলি বারাসাত ডিস্ট্রিক্ট টাউন, তার সঙ্গে বনগাঁ আছে, বসিরহাট, ব্যারাকপুর আছে। এখানে যে সরকারি বাসগুলি চলছে ম্যাক্সীমাম বাস উইথড্র হয়ে গেছে। ৭৮।৩, ৭৯বি, এল ২০বি যে বাসগুলি চলত সমস্তই বন্ধ। সরকার বলছেন বাস চালু করবেন। অথচ ড্রিমল্যান্ড বাস, বড় বাস, চাটার্ড বাস করছেন। সেই বাসগুলির সঙ্গে মহকুমা সদরে কোনও যোগাযোগ নেই। আমি দাবি করছি প্রতিটি মহকুমা সদর থেকে কলকাতায় আসার সরাসরি যোগাযোগ করা হোক। তাহলে এলাকার মানুষ বাঁচবে।

**শ্রীমতী আরতি দাশগুপ্তা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের রাজ্যে নির্মাণ শিল্পের সঙ্গে যুক্ত যে সমস্ত শ্রমিকরা আছে তাদের ন্যূনতম বেতনের ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকার প্রতি বছর জুলাই মাসে এবং জানুয়ারি মাসে একটা করে তালিকা পেশ করেন। কিন্তু আমরা লক্ষ্য করছি সেই তালিকা দীর্ঘদিন ধরে রিভিসন হয়নি। সেই তালিকা রিভিসন করার জন্য আপনার মাধ্যমে আমি মাননীয় শ্রম মন্ত্রীকে অনুরোধ করছি। তালিকায় এ. বি. এবং সি. এই তিন শ্রেণীর যে উল্লেখ আছে তার আমি রিভিসন চাইছি। কারণ 'এ' তালিকায় যারা পড়েন তারা একটু বেশি বেতন পান এবং 'সি' তালিকায় যারা পড়েন তারা কম বেতন পান। আমরা দেখছি বেশ কিছু কৃষি প্রধান জায়গায় বর্তমানে প্রচুর শিল্প গড়ে উঠেছে। যেমন—হুগলি জেলার চন্ডিতলা ১ নং এবং ২ নং অঞ্চল, আরামবাগ, শ্রীরামপুর ইত্যাদি। মেদিনীপুর জেলার হলদিয়া নোটিফায়েড এরিয়া। দক্ষিণ ২৪ পরগনার ফলতা। এই সমস্ত জায়গাগুলো এককালে কৃষি ভিত্তিক অঞ্চল ছিল। ফলে এই জায়গাগুলো 'সি' গ্রুপের মধ্যে ছিল এবং এখনও রয়েছে। সেজন্য আমি আপনার মাধ্যমে শ্রম মন্ত্রীর কাছে আবেদন করছি এই যে সমস্ত জায়গা গুলোতে নতুন ইন্ডাস্ট্রি গ্রো করছে, এই সমস্ত জায়গাগুলোকে নির্মাণ শিল্প শ্রমিকদের তালিকায় 'এ' ক্যাটাগরিতে নিয়ে আসা হোক এবং এই সমস্ত নির্মাণ কর্মীদের দাবি মেনে নেওয়া হোক।

**শ্রী নাসিরুদ্দিন খান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মুর্শিদাবাদ জেলায় খরা চলছে। এর মধ্যে আমাদের মুর্শিদাবাদ জেলায় আমার নির্বাচনী কেন্দ্রের মধ্যে জলঙ্গি নদীর ভাঙনের ফলে যে অবস্থার সৃষ্টি হয়েছে তা ইতিপূর্বে এখানে উল্লেখ করা হয়েছে। এই অবস্থার মধ্যে ওখানে ঘন ঘন বিদ্যুৎ চলে যাচ্ছে। পাওয়ার সাপ্লাই-এর অবস্থাও অত্যন্ত শোচনীয় হয়ে উঠেছে। ফ্রিকোয়েন্টলি পাওয়ার যাচ্ছে এবং আসছে। একে খরার জন্য সেচের জলের দারুণ অভাব দেখা দিয়েছে, তাতে আবার পাওয়ারের অভাবে একদমই সেচের ব্যবস্থা করা যাচ্ছে না। ঘন ঘন পাওয়ার যাতায়াত করার ফলে সেচের পাম্প সেটের মটোরগুলো খারাপ হয়ে-যাচ্ছে। ওখানে অবিলম্বে বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থার উন্নতি না ঘটালে সমগ্র এলাকার অ্যাগ্রিকালচার একদম ভেঙে পড়বে। কৃষকরা যে অর্থ ব্যয় করে চাষ করেছে,

সেচের অভাবে সে সমস্ত অর্থ নষ্ট হয়ে যাবে তাই আমি আপনার মাধ্যমে পাওয়ার মন্ত্রীর বিষয়টির প্রতি দৃষ্টি আকর্ষণ করছি এবং প্রতিকার দাবি করছি।

**শ্রী তুলসী ভট্টরাই ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমার বিধানসভা কেন্দ্র কার্শিয়াং-এ গত এক বছর ধরে টেলিফোন চলছে না। সকালে উঠে দেখছি টেলিফোন আছে তো এক ঘন্টা পরেই দেখছি টেলিফোন চালু নেই। তার দু' ঘন্টা পরে আবার চালু থাকছে তো, তার এক ঘন্টা পরেই আবার চালু থাকছে না। টেলিফোন দপ্তরেকে অভিযোগ জানালে তারা বলছে, মেশিনের নাকি ক্ষমতা নেই। আমি জানিনা ব্যাপরটা কি। আমি আপনার মাধ্যমে টেলিফোন বিভাগকে বলতে চাই যে, কার্শিয়াং একটা ইমপর্টেন্ট হিল টাউন। অতএব ওখানে উপযুক্ত টেলিফোন ব্যবস্থার বিশেষ প্রয়োজন। তারা অবিলম্বে সেই ব্যবস্থা করুন। এই আবেদন আমি আপনার মাধ্যমে তাদের কাছে রাখছি।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের রাজ্যের আইন ও বিচার বিভাগের মন্ত্রী মহাশয়ের একটা জরুরি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমি মুর্শিদাবাদ জেলার আমার এলাকার কান্দির রেজিস্ট্রেশন অফিসের দুরবস্থার প্রতি তার দৃষ্টি আকর্যণ করতে চাই। ঐ রেজিস্ট্রেশন অফিসে দীর্ঘদিন ধরে কোনও অফিসার নেই। একজন অফিসার পাঁচথুপি, ভরতপুর এবং কান্দির দায়িত্বে আছেন, তিনি সপ্তাহে ১/২ দিন ওখানে যান। যার ফলে বৃদ্ধ, বৃদ্ধা থেকে আরম্ভ করে বহু মানুষকেই দৈনন্দিন দলিল রেজিস্ট্রেশনের জন্য ওখানে গিয়ে ফিরে আসতে হয়। শুধু এই নয়, ওখানে অফিসের কোনও নির্দিষ্ট জায়গা নেই—দলিল লেখকরা বসেন এক জায়গায় এবং অফিস হয় আর এক জায়গায়। এমন কি ওখানে কোনও রকম পানীয় জলের ব্যবস্থা নেই। ফলে জনসাধারণ ওখানে দলিল রেজিস্ট্রি করতে গিয়ে ভীষণ অসুবিধার সম্মুখীন হচ্ছে। সেজন্য আমি আপনার মাধ্যমে আইন ও বিচার বিভাগের মন্ত্রী মহাশয়ের বিষয়টির প্রতি দৃষ্টি আকর্ষণ করে তাকে অনুরোধ করছি, অবিলম্বে কান্দিতে সুষ্ঠুভাবে রেজিস্ট্রি অফিস চালাবার জন্য তিনি যথাযথ ব্যবস্থা গ্রহণ করুন। ওখানকার জন্য একজন রেজিস্ট্রেশন অফিসার নিয়োগ করুন। সঠিকভাবে রেজিস্ট্রি অফিসটা গড়ে তুলুন।

**শ্রীমতী তানিয়া চক্রবর্তী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্যণ করছি। স্যার, আমার নির্বাচনী এলাকার মধ্যে পানিহাটি, আগরপাড়া এবং উযুমপুর অঞ্চলের মানুষের দীর্ঘদিন ধরে বাস পরিবহনের সুযোগ থেকে বঞ্চিত ছিল। ওখানে 'এল-১', এম-২' এবং 'এম-৩' বাস চালু হবার ফলে ওখানকার জনসাধারণের দীর্ঘদিনের আকাঙ্খা বাস্তবে রূপায়িত হয়েছিল। কিন্তু এখন এক বিশেষ পরিস্থিতিতে আমাকে এখানে দাঁড়িয়ে বলতে হচ্ছে যে, এখন আর 'এস-২' বাসটি উসুমপুর পর্যন্ত যাচ্ছে না।

[12-40 — 12-50 p.m.]

এম-১ বাসের সংখ্যা কমতে কমতে এমন হয়েছে যে দূরবীন যন্ত্র দিয়ে দেখা যাবে কিনা সন্দেহ। এম-৩ বাসের গতিপথ পরিবর্তন হয়েছে, মহাজাতি অঞ্চল দিয়ে আর যায় না। ফলে ব্যাপক এলাকার মানুষের অসুবিধা হচ্ছে। এম-৮ বাস মহেশপোতা দিয়ে যেটা চলতো,

সেটা এখন দিনে একটা বাস। এইরকম পরিস্থিতিতে এলাকার মানুষ বসবাস করছে। পানিহাটি শিল্পাঞ্চলের বিস্তীর্ণ অঞ্চলে পরিবহণের সুযোগ নেই। আমি আশা করছি, মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয় এই ব্যাপারে দৃষ্টি দেবেন যাতে ঐসব এলাকার মানুষ পরিবহনের সুযোগ পান।

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ এবং নজিরবিহীন ঘটনা এই হাউসে উল্লেখ করতে চাই। আমার এলাকা শ্যামপুরের মণ্ডলপাড়া গ্রামের একজন শ্রমিক যার নাম মানিক কর্মকার গত ১৭ আগস্ট বালটিকুরি এ. এস. আই হাসপাতালে ভর্তি হন। গত ৬-১-৯৪ ই. এস. আই হাসপাতালের ওয়ার্ড মাস্টার মানিক কর্মকারের ছেলে উত্তম কর্মকার একটি চিঠি পান যে তোমার বাবা মারা গেছে। তার ছেলে কাঠকুটো জোগাড় করে ই. এস. আই হাসপাতালে এসে দেখে তার বাবা এখনও জীবিত আছে এবং সার্জিকাল ওয়ার্ডের ৪৯ নম্বর বেডে এখনও চিকিৎসাধীন আছে। বামফ্রন্ট সরকারের আমলে প্রশাসনের কি অবস্থা হয়েছে দেখুন? আমি আপনার মাধ্যমে এই হাউসের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, যে ব্যক্তি ঐরকম চিঠি পাঠিয়েছি সেই সংশ্লিষ্ট ব্যক্তির যাতে শাস্তি হয় তারজন্য আমি আবেদন করছি এবং ঐ চিঠির একটা জেরক্স কপি আপনার কাছে জমা দিচ্ছি।

**শ্রী দিলীপকুমার মজুমদার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি বিধানসভার একজন সদস্য হিসাবে কেন্দ্রীয় সরকারের সংশ্লিষ্ট দপ্তরকে ধন্যবাদ জানাচ্ছি যে তারা আমাদের এই বিধানসভার একটা সর্বসম্মত প্রস্তাব দমদম বিমান বন্দরের নাম নেতাজি সুভাষ বিমান বন্দর হিসাবে নামকরণের প্রস্তাব মেনে নিয়েছেন এবং আমাদের বিধানসভার সর্বদলীয় কমিটির কাছে কথা দিয়েছেন, অঙ্গীকার করেছেন। কিন্তু সেই সাথে সাথে আর একটি বিষয় দুঃখের সাথে উল্লেখ করতে হচ্ছে, এই বিধানসভায় সর্বদলীয় আর একটি প্রস্তাব আমরা গ্রহণ করেছিলাম। সেটা হচ্ছে, নবাব সিরাজদৌল্লার নামে ফোর্ট-উইলিয়ামের নামকরণ করা হোক। আমরা সবাই জানি, নবাব সিরাজদৌল্লা সুবে বাংলা-বিহার-উড়িষ্যার অধিপতি ছিলেন। তিনি ইংরেজদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছিলেন। ইংরেজরা যখন আমাদের দেশে ব্যবসা-বাণিজ্য করতে আসে তখন তারা শাসকরূপে আমাদের দেশকে দখল নেবার জন্য সামরিকভাবে প্রস্তুতি নিচ্ছিলেন এবং তারজন্য তারা দূর্গ বানিয়েছিলেন এবং দেশীয় সরকারকে অগ্রাহ্য করে নিজেদের ফতোয়া জারি করেছিলেন। তখন সিরাজদৌল্লা দেশের স্বাধীনতা বিপন্ন দেখে ইংরেজদের বিরুদ্ধে লড়াই করেছিলেন, সংগ্রাম করেছিলেন এবং তার সংগ্রাম কলকাতা পর্যন্ত এসেছিল। ইংরেজদের দুর্গ অধিকার করেছিলেন এবং ইংরেজদের পর্যুদস্ত করেছিলেন। ইংরেজরা যে দুর্গ তৈরি করেছিলেন তা তিনি ধূলিস্যাৎ করে দিয়েছিলেন। সাম্রাজ্যবাদীদের বিরুদ্ধে লড়াইয়ের যে ইতিহাস আছে তার প্রথম সূচনা নবাব সিরাজদৌল্লা করেছিলেন। আমরা দেখতে পাচ্ছি, স্বাধীনতার প্রতীক, সাম্রাজ্যবাদের বিরুদ্ধে সংগ্রামের প্রতীক হচ্ছেন নবাব সিরাজদৌল্লা। কলকাতা শহরে তার কোনও স্মৃতিচিহ্ন করেনি। সাম্রাজ্যবাদের বিরুদ্ধে সংগ্রামকে সম্মান জানানোর জন্য, শ্রদ্ধা জানানোর জন্য ফোর্ট-উইলিয়ামের নামের পরিবর্তন করে নবাব সিরাজদৌল্লা ফোর্ট করা হোক। কেননা পরবর্তীকালে তার সংগ্রামে অনুপ্রাণিত হয়ে বহু দেশপ্রেমিক ইংরেজদের বিরুদ্ধে সংগ্রাম করেছিল। তাই বলছি, বিধানসভার সর্বদলীয় কমিটি কেন্দ্রীয় সরকারের কাছে অনুরোধ জানাক, যেন আমাদের এই প্রস্তাব মেনে মেন।

**শ্রী প্রবোধ পুরকায়েত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ ব্যাপারে মাননীয় মাধ্যমিক এবং প্রাথমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ডি. আই. অফ. স্কুলস সেকেণ্ডারি দক্ষিণ ২৪-পরগনা ৬০বি, চৌরঙ্গী ভবানী ভবনে অফিস ছিল। বেশ কয়েক বছর হল অফিসটি স্থানান্তরিত হয়ে আলিপুরের অ্যাডমিনিস্ট্রেটিভ বিল্ডিংয়ে এসেছে। পুরাতন অফিসে টেলিফোন যোগাযোগ ছিল, আমরা যারা জনপ্রতিনিধি বিভিন্ন কাজের জন্য টেলিফোনের মাধ্যমে যোগাযোগ করতে পারতাম। কিন্তু এখন ডি. আই. অফ স্কুলস সেকেণ্ডারির অফিসে কোনও টেলিফোন যোগাযোগ নেই ডি. আই. অফ স্কুলস সেকেণ্ডারি থেকে চীফ জেনারেল ম্যানেজারকে টেলিফোনের অ্যাপ্লিকেশন করেছেন কিন্তু আজ পর্যন্ত টেলিফোন দেয়নি, কানেকশন নেই, সেজন্য বিভিন্ন কাজে আমাদের পক্ষে অফিসে যোগাযোগ করা সম্ভব হচ্ছে না। অবিলম্বে যাতে টেলিফোন কানেকশন দেওয়া হয় সেজন্য আপনার মাধ্যমে প্রাথমিক, মাধ্যমিক শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী দেবেশ দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দেশের অনেক গরিব মানুষ আজও হোমিওপ্যাথি ওষুধ ব্যবহার করেন। অ্যালোপাথি ওষুধের দাম এমনিতেই বেশি তার উপর আবার গ্যাট চুক্তির ফলে আরো বেড়ে গেছে। দুর্ভাগ্যবশত কেন্দ্রীয় সরকারের কিছু নীতির জন্য হোমিওপ্যাথি ওষুধেরও দাম বেড়েছে। প্রথমত কেন্দ্রীয় সরকার হোমিওপ্যাথি ওষুধের ওপর সারচার্জ বাড়িয়েছেন, গত ৪ মাস ধরে হোমিওপ্যাথি ওষুধে যে স্পিরিট লাগে কেন্দ্রীয় সরকার ৩০ মিলি লিটার প্যাকিং করার নির্দেশ দিয়েছেন। আমাদের দেশীয় কোম্পানিগুলি ৪০ মিলিলিটার প্যাকিং করত, কিন্তু কিছু কিছু বহুজাতিক সংস্থা ঐ ৩০ মিলিলিটার প্যাকিং করে দেশীয় কোম্পানিগুলির ১২টা বাজাচ্ছে। অবিলম্বে এর বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর হস্তক্ষেপ প্রার্থনা করছি।

**শ্রীমতী সাবিত্রী মিত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধামে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মালদা জেলার রিক্রুটমেন্ট বোর্ডের একটি গুরুত্বপূর্ণ খবর এই হাউসের সামনে তুলে ধরছি, এবং ব্যাপারটি তদন্ত করার জন্য অনুরোধ জানাচ্ছি। ২৫/৭/৯৩ তারিখে লেপ্রসির হেলথ অ্যাসিসটেন্ট নিয়োগ করার জন্য ইন্টারভিউ নেওয়া হয়। ৬৫১ জনের ইন্টারভিউ নেওয়া হয়। সেজন্য কলকাতা থেকে এক্সপার্ট গিয়ে ইন্টারভিউ নেন এবং এইসব কোয়েশ্চেন পেপার তাঁদের কাছে থাকার কথা এবং অ্যানসারও তাঁদের কাছে আসার কথা, কিন্তু সেইসব কোয়েশ্চেন পেপার পরীক্ষার আগেই আউট হয়ে যায়। সেই কোয়েশ্চেন পেপার আমার কাছে আছে। দ্বিতীয়ত মালদা জেলার জেলা পরিষদের সভাপতি বলেছিলেন যে ঐ ইন্টারভিউ অবৈধ। তারপর বর্তমানে যিনি সি. এম. ও. এইচ আছেন তিনি একটি চিঠি পাঠিয়ে দিয়ে জয়েন্ট ডাইরেক্টর অফ হেলথ্ সার্ভিসেসকে জানিয়েছেন যে কোনও ক্যান্ডিডেটকে আইডেন্টিফাই করা হয় নি। এখন কোনও হিসাব-নিকাশ নেই, অতএব রিক্রুটমেন্ট করা যাবে না। তা সত্ত্বেও জেলা পরিষদের সভাপতি এবং সি. এম. ও. এইচ সুজিত ওঝা রাইটার্সে একটা লিস্ট পাঠিয়েছেন চাকরির জন্য, সেখানে সভাপতির শ্যালক ঐ সুজিত ওঝার ভাগ্নের নাম রয়েছে। যাঁরা নিজেরা ইন্টারভিউ অবৈধ বলেছিলেন তাঁরাই আবার লিস্ট পাঠিয়ে চাকরি দেওয়ার কথা বলছেন। কাজেই ঐ অবৈধ লিস্ট বাতিল করে পুনরায় পরীক্ষা নেওয়া হোক এবং নিয়োগ করা হোক, আর যারা কোয়েশ্চেন পেপার আউট করেছে তাদের অবিলম্বে

শাস্তির ব্যবস্থা করা হোক।

[12-50 — 1-00 p.m.]

**শ্রী দীপক মুখার্জি:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কৃষি বিপণন মন্ত্রী আজকে যে অবস্থা সৃষ্টি করেছেন তাতে দক্ষিণ ২৪-পরগনার চটকলগুলো বন্ধ হয়ে যাবে। সেখানে একটি করে বাঁশ ফেলে লরি থেকে এগ্রিকালচারাল মার্কেটিং ট্যাক্স আদায় করা হচ্ছে। কিন্তু আইন বলছে, এটা নেওয়া যায় না। যে অঞ্চলে এগ্রিকালচারাল গুডস্ প্রডিউসড্ হয় এবং সোল্ড হয় কেবলমাত্র সেখান থেকেই ট্যাক্স নেওয়া যায়। কিন্তু আজকে ঐ অঞ্চলে লরি প্রতি ১ পারসেন্ট ট্যাক্স নেওয়া হচ্ছে। এমনিতেই চটশিল্প নানারকম কারণে মালিকপক্ষ রুগ্ন করে দেবার চেষ্টা করছেন, তারসঙ্গে যদি এটা যুক্ত হয় তাহলে তারা আরও একটি অজুহাত পেয়ে যাবেন। সে কারণে আজকে বেঙ্গল চটকল মজদুর ইউনিয়নসহ অন্যান্য ইউনিয়নগুলি উদ্বিগ্ন। তাই আপনার মাধ্যমে কৃষি বিপণন মন্ত্রীকে অনুরোধ করছি, এই ব্যাপারে গুরুত্ব দিয়ে ভাবুন এবং বে-আইনিভাবে ট্যাক্স নেওয়াটা বন্ধ করুন এবং ইতিমধ্যে যাদের কাছ থেকে এইভাবে ট্যাক্স নিয়েছেন তাদের সেটা ফেরৎ দেবার ব্যবস্থা করুন। তা না হলে চটকলগুলো ক্ষতিগ্রস্ত হচ্ছে। এর প্রতিবাদ করছি এবং এটা প্রত্যাহার করা হোক বলে দাবি করছি।

**শ্রী সৌগত রায়:** মিঃ ডেপুটি স্পিকার স্যার, মার্কসীয় সরকারের আমলে কলকাতার বারোয়ারি পূজার সংগঠকরা বিরাট সমস্যায় পড়েছেন। 'মার্কসিজম ইজ দি ওপিয়াম অফ দি রিলিজিয়ন টু দি পিপল'—এই তত্ত্বকে মেনে ওরা আস্তে আস্তে কলকাতার বারোয়ারি পূজার উপর বিধিবদ্ধতা এবং সীমাবদ্ধতা নিয়ে আসছেন। গতবার হঠাৎ করে, 'গণশক্তি' কাগজে ওঁদের এক নেতা লিখলেন—বারোয়ারি পূজার উদ্বোধন করতে আসা উচিত নয়। এবারে আবার পুলিশ কমিশনার, যার নাম লেনিন তালুকদার বলা হয় এবং যার মাথার উপর লেলিনের ফটো থাকে, তিনি একটি ফতোয়া জারি করে বলেছেন—রাস্তায় পূজো করতে পারবেন না। গত ৩০-৪০ বছর ধরে কলকাতা শহরে রাস্তার উপর পূজো হচ্ছে। রাসবিহারী, ল্যান্সডাউন, সমাজসেবী সংঘ সহ অনেক জায়গায় ইতিমধ্যে প্যাণ্ডেল তৈরি হয়ে গেছে। এই অবস্থায় তাদের বলা হচ্ছে—তোমাদের পূজো ছোট করতে হবে এবং রাস্তার উপর পূজো করা যাবে না। সাধারণ মানুষ হয়ত এটা মেনে নিতেন জনস্বার্থে, কিন্তু যে পুলিশ কমিশনার তৈল মর্দন করতে জ্যোতিবাবুকে মণীষী বানিয়ে দিয়ে বিদ্যাসাগরের পর্যায়ে নিয়ে এসেছেন সেই পুলিশ কমিশনারের খামখেয়ালি ভরা এই আদেশের ফলে আজকে পূজা সংগঠকরা ভীষণ সমস্যায় পড়েছেন। আমরা যারা স্থানীয় জনপ্রতিনিধি, আমাদের কাছে অনেকেই ছুটে আসেন এবং জিজ্ঞাসা করছেন যে, শেষ পর্যন্ত কি সি. পি. এম. বারোয়ারি পূজো তুলে দেবে? এই সমস্যার এখনও পর্যন্ত কোনও সমাধান হয়নি। আমি এ-ব্যাপারে মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি।

**শ্রী আবু আয়েস মণ্ডল:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি সভার দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি ন্যাশনাল কাউন্সিল অফ এডুকেশনাল রিসার্চ অ্যাণ্ড ট্রেনিং এর পক্ষ থেকে সারা দেশের বেশ কয়েকটি রাজ্যে প্রাথমিক শিক্ষার উপর সমীক্ষা করা হয়েছে। সম্প্রতি ঐ সমীক্ষার রিপোর্ট প্রকাশিত হয়েছে এবং তাতে প্রাথমিক

শিক্ষায় শোচনীয় অবস্থার কথা ব্যক্ত করা হয়েছে। তাতে একথা বলা হয়েছে যে, যে রাজ্যগুলিতে সমীক্ষা করা হয়েছে তারমধ্যে বেশিরভাগ রাজ্যেই প্রাথমিক শিক্ষা মূলত বিপর্যয়ের সম্মুখীন। ৩০ বছর আগে প্রাথমিক শিক্ষার হার এবং মান যা ছিল সেটা আরও নিচে নেমে গেছে। ঐ সমীক্ষা রিপোর্টে বলা হয়েছে, পশ্চিমবঙ্গ সহ দু-একটি রাজ্যের চিত্র এক্ষেত্রে কিছুটা উন্নত। অর্থাৎ সমীক্ষা রিপোর্টে বলা হয়েছে যে, দু-একটি রাজ্যের সঙ্গে পশ্চিমবঙ্গের শিক্ষার মান ও হার উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের পূর্ত দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং তার প্রতিকারের দাবি জানাচ্ছি। মেদিনীপুর জেলার কাঁথি শহরে যাবার একমাত্র উপায় হচ্ছে বাস। কিন্তু সেখানে দিনের পর দিন বাসের সংখ্যা কমে যাচ্ছে। তার কারণ হচ্ছে কাঁথি থেকে মেদিনীপুরের রাস্তার অবস্থা অত্যন্ত শোচনীয়। সেখানে কোনও বাসে যেতে চাচ্ছে না। সেখানে প্রায়ই বাসে দুর্ঘটনা ঘটছে, মানুষ আহত হচ্ছে। অথচ এই ব্যাপারে পূর্ত দপ্তর নীরব। আমরা বারবার জেলার একজিকিউটিভ ইঞ্জিনিয়ারের কাছে বলেছি, সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ারের কাছে বলছি, তাদের কাছে ধর্না দিয়েছি। কিন্তু তাসত্ত্বেও জেলা শহরে এই রাস্তাগুলি সারানোর কোনও ব্যবস্থা করা হচ্ছে না। এর ফলে জেলাস্তরে মানুষ যাতায়াত করতে পারছেনা। আজকে শুধু আমাদের ওখানে নয়, সারা পশ্চিমবঙ্গে এই রকম অবস্থা চলছে। গতকাল শুনেছি যে শাসকদলের সদস্যরা রাজ্যের বিভিন্ন জায়গার রাস্তা সারানোর জন্য উল্লেখ করেছেন। সামনে শারদীয়া উৎসব আসছে, এই ব্যাপারে পূর্ত দপ্তরের ঘুম ভাঙবে কিনা জানি না। কাজেই এই ব্যাপারে পূর্ত দপ্তর যাতে যথাসাধ্য ব্যবস্থা নেয় সেজন্য আপনার হস্তক্ষেপ দাবি করছি।

**শ্রী পদ্মনিধি ধর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে সংশ্লিষ্ট বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের হাওড়া জেনারেল হাসপাতালে গত এক বছরের বেশি সময় ধরে আল্ট্রা সোনোগ্রাফি মেশিনটা খারাপ হয়ে আছে। গরিব মানুষ তাদের বাইরে থেকে আলট্রা সোনোগ্রাফির খরচ বহন করতে না পেরে আমাদের কাছে এসে বলেছে। আমাদের জেলার বহু এম. এল. এও আমার কাছে এসে বলছে যে তাদের কাছেও অনেক মানুষ এসে বলছে। এর আগের সেশনেও আমি হাওড়া জেনারেল হাসপাতালের আলট্রা সোনোগ্রাফি মেশিন সংস্কারের কথা বলেছিলাম। কিন্তু আজ পর্যন্ত তা হয়নি। কাজেই আমি আবার আপনার মাধ্যমে হাওড়া জেনারেল হাসপাতালের এই আলট্রা সোনোগ্রাফি মেশিনটি সংস্কারের দাবি জানাচ্ছি।

**শ্রী আব্দুস সালাম মুন্সি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকা নবগ্রাম। আমার নির্বাচনী কেন্দ্রে জাতীয় সড়ক অবস্থিত। এখানে প্রতিদিন ৪০।৫০ হাজার লোক যাতায়াত করে তিন-চারটি বাস রুটের মাধ্যমে। এখানে যে সাবসিডিয়ারি হেলথ্ সেন্টারটি আছে সেটা অত্যন্ত দুরবস্থার মধ্যে আছে। এখানে মানুষ প্রতিদিন আসে কিন্তু এই হাসপাতালে কোনও ডাক্তার থাকে না, ওষুধ নেই, এইরকম একটা অবস্থার মধ্যে আছে। এটা অত্যন্ত জনবহুল এলাকা। সেজন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করব যে এই এলাকার

জনস্বার্থে এই সাবসিডিয়ারি হেলথ্ সেন্টারটিকে গ্রামীণ হাসপাতালে উন্নতী করা হোক।

[1-00 — 1-10 p.m.]

**শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীকে জানাতে চাই যে পশ্চিমবাংলায় এমন কোনও জায়গা নেই যে মানুষের যানবাহনের যোগাযোগ নেই, এই দাবি আপনারা করেন। কিন্তু আমার বিধানসভা কেন্দ্র বনগাঁয়, বনগাঁ থেকে উখড়া যে রাস্তা, সেই রাস্তার ধারে কলেজ এবং মাধ্যমিক স্কুল আছে। ঐ এলাকায় লক্ষাধিক লোকের বসতি এবং তাদের ৯০ ভাগ হচ্ছে তফসিল জাতি ভুক্ত। সেই লাইনে ৯৫ নম্বর রুটের বাস চলত। আজ দু-বছর হল সেই বাসকে তুলে নেওয়া হয়েছে। সেখানে থেকে বনগাঁ শহর বা হাটে-বাজারে যাওয়ার যোগাযোগ নেই। কাউকে শহরে আসতে হলে ৩০-৪০ টাকা খরচ করতে হচ্ছে। আমি আপনার মাধ্যমে দাবি করছি যে অবিলম্বে বনগাঁ থেকে উখড়া রুট, ভায়া গোপালনগর-নহাটা, এই রাস্তায় নতুন বাস চালু করার ব্যবস্থা করা হোক, নতুবা অন্য রুট থেকে বাস তুলে এনে এখানে দেওয়া হোক।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে একটি বিশেষ অভিযোগ উত্থাপন করতে চাই। আমি এর আগেও বলেছি যে মালদহ হাসপাতালে অরাজক অবস্থা চলছে। ডাক্তারবাবু বা সুপারিনটেনডেন্ট এর কথা কেউ শোনে না। সুপারিনটেনডেন্ট কতজন এলেন গেলেন, কিন্তু অবস্থার কোনও পরিবর্তন হয়নি। ডাক্তারবাবুরা নার্সিংহোমে প্রাইভেট প্র্যাকটিস নিয়ে ব্যস্ত থাকেন। কোনও রোগীকে চিকিৎসা তাঁরা করেন না। গত ১৭ই ডিসেম্বর তারিখে আমার এলাকার শ্রী মহম্মদ মুস্তাফা ঐ হাসপাতালে ভর্ত্তি হয় ৬-৪৫ মিনিটে। পরের দিন ৫-৪৫ মিনিটে সে মারা যায়। ১১ ঘণ্টার মধ্যে কেউ তাকে দেখে নি। ওঁকে রক্ত কিনে আনতে বলা হয়। ওঁকে যখন সেই রক্ত দেওয়া হয়, যা ৪৫০ টাকা দিয়ে কিনে আনা হয়, তখন ওঁর রাইগার আরম্ভ হয়। তখন নার্সরা বলে যে আপনি খারাপ রক্ত দিয়েছেন। সুতরাং এই রকম হতেই পারে। সব থেকে আশ্চর্যের কথা। এমনকি ঐ সময়ের মধ্যে কোনও ডাক্তারকে কল বুক করা হয়নি। হাসপাতালের ডাক্তারদের অবহেলার জন্য ঐ রোগী মারা গিয়েছেন এই অভিযোগ আমি করছি।

**শ্রী সুধন রাহা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের জলপাইগুড়ি জেলায় এবারে আমন ফসল খরাজনিত কারণে হয়নি। গত তিন বছর গড়ে যত বৃষ্টি হয়েছে, এবারে তার অর্দ্ধেকও হয়নি। পাট ফসল যথা সময়ে কাটা যায়নি এবং পাট কেটেও চাষিরা তা জলের অভাবে পচাতে পারেনি। এর ফলে কৃষকরা ক্ষতিগ্রস্ত হয়েছে। শতকরা ৬০-৭০ ভাগ জমিতে আমন ধান রোপণ করা সম্ভব হয়নি। আমন ধান এবং পাটের এই ক্ষতির ফলে চাষিরা খুবই আতঙ্কিত। অবিলম্বে রবিশস্যের জন্য কৃষি দপ্তর থেকে আলু, গম, পশু খাদ্য, বীজ এই সমস্ত চাষিদের সরবরাহ করা দরকার এবং যথা সময়ে সরকারি সাহায্য দেওয়া দরকার। কৃষকরা যাতে ক্ষতিপূরণ পেতে পারে এবং বাঁচতে পারে তারজন্য আমি আপনার মাধ্যমে কৃষি দপ্তরের মাননীয় মন্ত্রীর কাছে এই দাবি করছি।

**শ্রীমতী আরতি হেমব্রম ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয়

স্বাস্থ্যমন্ত্রীর নিকটে একটি বিষয়ে দাবি করছি। আমার বিধানসভা কেন্দ্র রাণীবাঁধ এলাকায় হলুদ, কাঙালি, ঝিলিমিলি এবং বারিকুল এলাকায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে আজকে তিন বছর হল কোনও ডাক্তার নেই। এর ফলে ওখানকার লোকেরা বিনা চিকিৎসায় মারা যাচ্ছে। মানুষজন কোনও ওষধপত্র পাচ্ছে না। তাই আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে দাবি করছি যাতে উক্ত হাসপাতালে ডাক্তার দেওয়ার ব্যবস্থা করা হয়।

**श्री ममताज हसन** :- मानीय डिपुटी स्पीकर सर मै आपके माध्यम से सदन का ध्यान हीरापुर क्षेत्र की ओर दिलाना चाहता हूं। हीरापुर क्षेत्र मे बहूत सारे कोलवरी है। भेजडी, शुड़की ग्राम, चंद्रेशवर ये सब आदिवासी ग्राम है। वहां मकान क्रेक होने लगा है। जिससे लोगों मे दहशत है। कोल इण्डिया कोयला निकालते है लेकिन सेन फेलिगं नही करते है कादरिया प्राहमरी स्कुल की क्रेक को गया है। छोटे छोटे मकान तो गिरना भी शुरु हो गया है। समय रहते अगर इस ओर नजर नही दिया गया कातो कोई बड़ी दुर्घटना घट सकती है। अत भेजडी, शुड़कीग्राम चद्रेंवर आदि गावो के लोगो की रक्षा करने को सरकार तत्पर हो यही आशा मै रखता हूं।

**শ্রী ভন্দু মাঝি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের পুরুলিয়া জেলায় গত ৫০ বছরে যা বৃষ্টি হয়নি এই বছর সেই বৃষ্টি হয়েছে। তার ফলে গ্রাম-বাংলায় সমস্ত রাস্তা নষ্ট হয়ে গেছে, যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে গেছে। আমার বিধানসভা কেন্দ্রে ৩২ নম্বর জাতীয় সড়ক আছে, বলরামপুরে সেই রাস্তার ৩ কিলোমিটার সমস্ত পিচ উঠে গেছে। আমি পি. ডবলু. ডি. মিনিস্টারের কাছে দাবি করছি ঐ ৩ কিলোমিটার রাস্তা যাতে মেরামত করা হয় তার ব্যবস্থা তিনি যেন করেন। তা না হলে যে কোনও সময়ে যে কোনও দুর্ঘটনা ঘটে যেতে পারে।

**শ্রী অতুল দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার নির্বাচনী কেন্দ্র গোপীবল্লভপুরের একটি গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গোপীবল্লভপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত রগড়া হাইস্কুলের ম্যানেজিং কমিটির নির্বাচনে সি. পি. আই.. (এম) সমর্থিত চারজন প্রার্থীই গত ১৮.৯.৯৪ তারিখে কংগ্রেস (আই) ও ঝাড়খণ্ড জোটের প্রার্থীদের হারিয়ে জয়ী ঘোষিত হয়। বিজয়ী প্রার্থীদের পক্ষে একটা বিজয় মিছিল বেরোলে কংগ্রেস (ই) এবং ঝাড়খণ্ড পার্টির গুণ্ডাবাহিনী সেই মিছিলের উপর সশস্ত্র আক্রমণ চালায়। তারা দোকানঘর ভাঙচুর করে, সাইকেল সহ বিভিন্ন জিনিসপত্র লুটপাট করে। দোকানের কর্মচারী অমিত দাস সহ অনেকেই তাদের আক্রমণে আহত হয়েছেন। প্রায় ২ ঘণ্টা ধরে বিরাট পুলিশ বাহিনীর সামনেই দুর্বৃত্তরা এই তাণ্ডব নৃত্য চালায়। সাঁকরাইল থানার পুলিশ অফিসার ও গোপীবল্লভপুরের সার্কেল ইন্সপেক্টর ঘটনাস্থলে হাজির থেকে দুর্বৃত্তদের মদত জুগিয়েছেন। ঘটনার শেষ এখানেই নয়, দুর্বৃত্তরা চলে যাওয়ার পর সাঁকরাইল থানার ও.সি. আক্রান্তদেরই মারধোর করেন। তার মধ্যে পূর্ণেন্দু পানিগ্রাহী, অখিল সিং, পানু বেরা ইত্যাদি অনেকে আছেন। প্রতিবাদ করলে পুলিশ বাহিনীকে গুলি চালানোর জন্য প্রস্তুত হওয়ার নির্দেশ দেন। এ ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। যদিও খুব ভাল করে জানি যে আপনাদের কারো দৃষ্টি আকর্ষণ করা যাবে না। আপনাদের যখন দৃষ্টিই নেই তখন দৃষ্টি আকর্ষণ করে কোনও লাভ নেই। সবাই বলে, তাই বলছি। মন্ত্রী মহাশয়রা থাকেন না, কাকে বলব? আজকে পশ্চিমবাংলার রাস্তাঘাটের যা চেহারা, বামফ্রন্ট সরকারের চেহারাও সেই রকম। দীর্ঘদিন ধরে রাস্তাঘাট ভেঙে পড়ে রয়েছে, তাকে মেরামত করার কোন ব্যবস্থাই নেওয়া হয় না। আগে তবু পূজোর আগে কিছু মেরামত হত এবারে তাও দেখতে পাচ্ছি না। দক্ষিণ ২৪-পরগনার সমস্ত রাস্তা এবং আমার কেন্দ্রে যে সমস্ত রাস্তা আছে সেইগুলি ভেঙেচুরে এমন অবস্থায় দাঁড়িয়েছে যে, সেখানে বাস চালানো যাচ্ছে না। যারা আনাজের ব্যবসা করে, ফল-মূলের ব্যবসা করে তারা ভ্যান নিয়ে সেই রাস্তা দিয়ে যেতে পারছে না। প্রতিবারই দেখি পূজোর আগে হয় জেলা পরিষদ নয় তো পূর্ত দপ্তর কিছু না কিছু রাস্তা মেরামত করছে, এবারে তার কোনও আভাসই দেখতে পাচ্ছি না। ক্যানিং রোড এবং কুলপি রোড দিয়ে বাসে করে কিংবা অ্যামবাসাডার করে গেলে মনে হয় নৌকায় চেপে যাচ্ছি, রাস্তার চারিদিকে এমনই সমস্ত গর্ত হয়ে আছে। সরকার এই রাস্তাগুলি সারানোর কোনও ব্যবস্থা করছে না। পূজোর আগে এই রাস্তাগুলি সারানোর কোনও প্রয়োজনই সরকার অনুভব করছে না। এই রাস্তাগুলি মেরামতের দাবি জানাচ্ছি।

**শ্রী শিশির সরকার :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে উচ্চশিক্ষা দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলায় বহরমপুর কলেজের প্রিন্সিপাল অসহায় অবস্থার মধ্যে পড়েছেন। সেখানে নাম্বারের কোনও বালাই থাকছে না। এখন শোনা যাচ্ছে, বিভিন্ন এলাকায় কংগ্রেসের লিডারের সার্টিফিকেট ছাড়া ভর্তি হতে পারবে না, এই জিনিসটা অবিলম্বে দেখা দরকার।

**শ্রী নরেন হাঁসদা :** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ সমস্যার সমাধানের জন্য কেন্দ্র ও রাজ্য সরকারের সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়দের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, সাঁওতালি মুণ্ডারি ও কুর্মালি ভাষায় কথা বলার মানুষের সংখ্যা হচ্ছে ৪ কোটি। এই ভাষাভাষির লোকেরা দীর্ঘদিন ধরে আন্দোলন করছেন তাদের ভাষাকে সংবিধানের অষ্টম তপশিলীভুক্ত করার জন্য। স্কুল পঠন-পাঠনের জন্য এই ভাষাকে অবিলম্বে যুক্ত করা প্রয়োজন। সাঁওতালি, মুণ্ডারি ও কুর্মালি ভাষায় স্কুল থেকে কলেজ পর্য্যন্ত পড়াশুনা করার ব্যবস্থা করতে হবে। আমি দাবি করছি, যে ভাষায় ৪ কোটি মানুষ কথা বলে, সেই ভাষাকে প্রাইমারি লেবেল থেকে কলেজ পর্যন্ত চালু করা দরকার, যাতে ঐ ভাষায় মানুষ পড়াশুনা করতে পারে। এই দাবি আমি রাখছি।

## ZERO HOUR

**ডাঃ মানস ভূঁইয়া :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে হাউসকে অবগত করতে চাই, ২০শে সেপ্টেম্বর, আজকে পশ্চিমবাংলায় প্রদেশ সেবা দলের পক্ষ থেকে রাস্তা রোকো আন্দোলনের ডাক দেওয়া হয়েছে। গত ১৭ বছর ধরে এবং ইদানিং কালে সি.পি.এম.-র স্ববিরোধী রাজনৈতিক প্রেক্ষাপটে বাংলাকে শ্মশানে পরিণত করেছে। এখন প্রতিদিন

গড়ে ৫।৬টি মানুষ খুন হচ্ছে বাংলার সমস্ত শিল্প আজকে শুকিয়ে গিয়েছে, শিক্ষা পিছিয়ে গিয়েছে, বাংলার স্বাস্থ্য ব্যবস্থা ভেঙে পড়েছে, উন্নয়ন আজকে স্তব্ধ হয়ে গেছে, এই পরিপ্রেক্ষিতে আজকে রাস্তা রোকোর ডাক দেওয়া হয়েছে।

**শ্রী আব্দুস সালাম মুন্সি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে টি.বি.রোগীর পেশেন্টদের অসুবিধার ব্যাপারে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। টি.বি.রোগীদের ভর্তির ব্যাপারে এমন একটা অবস্থা হয়েছে, সেটা বললে আপনি বুঝতে পারবেন যে কি রকম অসুবিধা সৃষ্টি হচ্ছে। টি.বি. পেশেন্টদের ভর্তির ব্যাপারে রাইটার্স বিল্ডিং-এর থেকে একটা ফর্ম ভর্তি করতে হয়, এবং রাইটার্স বিল্ডিং থেকে তাদের পারমিশন দেয় এই ভর্তির ব্যাপারে, এই ব্যবস্থার ফলে যখন তারা ভর্তি হতে যায় তখন দেখা যায় ততদিনে ওরা মারা যায়। এই ব্যবস্থার ফলে গরিব দুঃস্থ লোকেরা ভর্তি হওয়ার সুযোগ পায়না, সেইজন্য আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি সি.এস.ও.এইচ.দের সার্টিফিকেটের উপর যাতে ওদেরকে ভর্তি করানোর ব্যবস্থা করা যায়, সেটা দেখবেন। এই হচ্ছে আমার আবেদন।

**শ্রী কমলেন্দু সান্যাল ঃ** আমার বক্তব্যটা মাননীয় বিরোধী দলের সদস্যারা কবিতায় চাচ্ছেন, আমি এটা কবিতাতে বলব, তাই আগামিকালের জন্য এটা জমা রাখছি।

[1-20 — 1-30 p.m.]

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, গত ১২ই সেপ্টেম্বর, মঙ্গলকোটে, যুব কংগ্রেস সেক্রেটারি ভাগ্যধর মোদককে শ্বাসরুদ্ধ করে হত্যা করা হয়েছে। বল্লান থেকে তিনি যখন ফিরছিলেন তখন তাকে এই নির্মমভাবে হত্যা করা হয়েছে। ভাগ্যধর মোদক ছিলেন একজন সাধারণ বর্গাদার। তিনি যে জমিটাতে চাষ করতেন সেটার মালিক ছিল চন্দন হাজরা। তিনি আগে বি. জে. পি. করতেন, এখন সি. পি. এমে যোগদান করেছে। এফ. আই. আরে যাদের নাম আছে তাদের এখনো ধরা যায়নি। আরও উল্লেখযোগ্য যে মঙ্গলকোট থানায় এখন খুনের মহড়া চলছে। এর আগে নিগনে খুন হয়েছিল। এবারও আবার ভাগ্যধর মোদককে নির্মমভাবে হত্যা করা হয়েছে।

**শ্রী তুলসী ভট্টরাই ঃ** স্যার, কেন্দ্রীয় সরকার পরিচালিত টী-ট্রেডিং কর্পোরেশনে বোনাসের নিষ্পত্তির কথা ছেড়ে দিন, সেখানে দৈনিক মজুরি ঠিকমতো দেওয়া হয় না। হাজিরা সম্বন্ধেও সেখানে গন্ডগোল আছে। সেখানকার কর্মীরা বেতন পাচ্ছেন না, রেশন পাচ্ছেন না। তারা আজকে মৃত্যুমুখে গিয়ে পড়েছে। সেখানে পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক দৈনিক মজুরি দেওয়া ব্যবস্থা করতে হবে। আর কর্মীরা যাতে পুজোর আগে বোনাস পান তারও ব্যবস্থা করতে হবে।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভায় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি জওহর রোজগার যোজনার টাকা খরচ হচ্ছে না। দীর্ঘদিন ধরে আমরা এই কথা বলে আসছি। বারুইপুর পঞ্চায়েত সমিতিতে সাড়ে আট লক্ষ টাকা যেটা জওহর রোজগার যোজনার টাকা, সেটা তারা খরচ করতে পারেননি। সরকারি আইনে আমি ঐ পঞ্চায়েত সমিতির একজন সদস্য। আমি এই ব্যাপারে বহুবার সেখানে

বলেছি। ঐ সাড়ে আট লক্ষ টাকা পেলে অনেক মানুষের উপকার হত। জানি এইসব ব্যাপার এই সভায় জানিয়ে কোনও লাভ হবে না।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কংগ্রেস আজকে পথ অবরোধ করছে। কংগ্রেস গণতন্ত্রে বিশ্বাস করে না। ওরা সকাল ১১টা থেকে পথ অবরোধের ডাক দেয়, কিন্তু ওরা সকাল ৯টা থেকে অবরোধ শুরু করেছে। অনেকদিন আগে থেকেই বামফ্রন্টের ডাকে রেল অবরোধের কর্মসূচি সঠিক ছিল। কিন্তু ওরা বেছে বেছে আজকেই রাস্তা অবরোধের কর্মসূচি নিয়েছে। ২৯ তারিখে ভারত বন্ধের মাধ্যমে ও গণজাগরণের মধ্যে দিয়ে পশ্চিমবাংলার মানুষ ওদের উচিত শিক্ষা দেবে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় এখানে বলতে চাই এবং মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনি জানেন মালদহ জেলার একটি অংশে বন্যা হচ্ছে। তাছাড়া অধিকাংশ জায়গাতেই খরা চলছে। এখানে বিদ্যুৎ ব্যবস্থা একেবারে ভেঙ্গে পড়েছে। গত চারমাস ধরে সেখানে লো-ভোল্টেজের জন্য সেখানে মোটর চালানো যাচ্ছে না। চাষীরা ধান লাগিয়েছে। বিদ্যুৎ সরবরাহ ঠিকভাবে না করলে মোটর চালানো যাচ্ছে না এবং চাষীদের জল দেওয়া যাচ্ছে না। অবিলম্বে তার ব্যবস্থা করা হোক।

**শ্রী নির্মল দাস ঃ** গত ১৯৯৩ সালে ভয়াবহ বন্যার পর আলিপুরদুয়ার সদর হাসপাতালে ডেন্টাল এবং আই ইউনিটটি সম্পূর্ণভাবে ধ্বংস হয়ে যায় এবং এখনও পর্যন্ত সেই ইউনিটগুলোর কিছু করা হয়নি। তার জন্য সেখানকার লোকেদের অসুবিধা হচ্ছে। তাছাড়া সেখানে যেসব শিক্ষার্থিদের শিডিউল কাস্ট বুক গ্রান্ট-এর টাকা পাবার কথা ছিল, পাঁচটা স্কুলে সেই টাকা এখনও দেওয়া হয়নি।

আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি যে, অবিলম্বে আলিপুরদুয়ার সদর হাসপাতালের ধ্বংস প্রাপ্ত ইউনিটগুলির পুনর্গঠন এবং ওখানকার পাঁচটি এস. সি., এস. টি. স্কুলের বুক গ্রান্টের টাকা অবিলম্বে দেওয়ার ব্যবস্থা করুন।

**শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বামফ্রন্ট আজকে রেল রোকো করছে, কংগ্রেস সেবাদল রাস্তা রোকো। আমি আসার সময় দেখেছিলাম জি. আর. পি. পুলিশ সমস্ত বারাসাত, দোগাছা, মধ্যমগ্রাম, বাগুইহাটি-তে মোতায়েন করেছে। ওদের বক্তব্য কংগ্রেসের ডাকা বন্ধ ব্যর্থ করবে। ওরা যে রেল রোকো করেছে সেসব স্টেশনে কোনও পুলিশ নেই, জি. আর. পি. নেই। কিন্তু ওরা কংগ্রেস-এর ডাকা বন্ধ ব্যর্থ করার চেষ্টা করছেন। সেই জন্য আমি দাবি করছি যে পশ্চিমবাংলার বুকে বামফ্রন্ট যে ভাবে অরাজকতার সৃষ্টি করছে সেটার নিরশন হোক।

**শ্রী নাসিরউদ্দিন খান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার বিধানসভা কেন্দ্র নওদা। মুর্শিদাবাদের সেই তাকিয়া—পুরো একটা গ্রাম একেবারে ধ্বংসের পথে চলেছে। নদীর পাশে গ্রামটায় এখন-ইরোশন হচ্ছে। জলটা নামছে, এ সময় সমস্ত গ্রামটা একেবারে নষ্ট হয়ে যাওয়ার মতো অবস্থা হয়েছে। আগে পাথর দিয়ে বাঁধানো হয়েছিল, পাথর চলে গেছে।

অবিলম্বে গ্রামটা বাঁচানোর জন্য একটা সরকারি ব্যবস্থা প্রয়োজন। তাই আমি আপনার মাধ্যমে সেচ মন্ত্রীর কাছে এ বিষয়ে যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য আবেদন করছি।

**শ্রী অজয় দে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। যেমন মুর্শিদাবাদে জলঙ্গির ভয়াবহ ভাঙ্গন দেখা দিয়েছে, সঙ্গে সঙ্গে আমার জেলা নদীয়ার নৃসিংহপুর ও ভাগিরথীর ভাঙ্গনে চলে যাওয়ার উপক্রম হয়েছে। গঞ্জ এলাকার কাঁচা রাস্তা দিয়ে রোজ যেসব লোক যাতায়াত করছে, জল এসে যাওয়াতে সে সমস্ত গঞ্জ এলাকা ধ্বংস প্রায় হতে বসেছে। তাই আপনার মাধ্যমে দাবি করছি এই নৃসিংহপুর কৃত্তিবাসের জন্মভূমি, যা আজ ধ্বংসের মুখে, তার রক্ষার উপযুক্ত ব্যবস্থা যেন নেওয়া হয়।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই হাউসে একটা গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করতে চাই। আজকে স্যার, সারা রাজ্যে আমরা দেখছি যারা দেশি-বিদেশি একচেটিয়া পুঁজির সেবায় লিপ্ত, এমন একটা সেবাদল তারা বিশৃঙ্খলা সৃষ্টির নামে সড়ক রোকো ডাক দিয়েছে। আমরা জানি স্যার, শিষ্টাচার বলে একটা কথা আছে। এটা কি রকম শিষ্টাচার? ২১-শে জুন, ২৭-শে জুলাই সর্বভারতীয় স্তরে কনভেনশন অনুসারে এই দিনটায় রেল রোকো কর্মসূচি ঘোষিত হয়েছিল। এই রকম ভাবে পাল্টা কর্মসূচি ঘোষণার নজির কমই দেখা যায়। আমরা এটা বলতে চাই—আজকে বামপন্থী ৫৬-টা সংগঠনের ডাকে সারা দেশে যে রেল রোকো হচ্ছে এবং এই রাজ্যে নির্দিষ্ট সময়ের জন্য হচ্ছে—এর দাবিগুলো কী? মাননীয় বিরোধী দলের সদস্যরা এতক্ষণ হৈ চৈ করছিলেন। আমরা জিজ্ঞাসা করছি—১৩ দফা দাবির মধ্যে একটা দাবি হচ্ছে জিনিসের দাম কমান। চালের দাম ২.৯৯ পয়সা ছিল এখন সেটা ৬.৬০ পয়সা হল। আমাদের দাবি হচ্ছে, রেল রোকো করার দাবি হচ্ছে—চালের দাম ২.৯৯ পয়সায় নামিয়ে আনার দাবি। মাননীয় বিরোধী সদস্যরা যারা এর বিরুদ্ধে ধিক্কার দিচ্ছেন এই নিয়ে নানান মন্তব্য করছেন, আমরা জানতে চাইছি আজকে সারা দেশে যে অবস্থা চলছে—দেশের সর্বনাশ করছে। তাই কোন দাবিতে আন্দোলন? আমরা চাইছি কারখানা খোলার জন্য আমরা এই দাবি করেছিলাম কেন্দ্রের কাছে, গঙ্গার ভাঙ্গন রোধে উপযুক্ত সাহায্য দিতে হবে। একটু আগে বিরোধী দলের নেতা বললেন, জলঙ্গিতে যে ঘটনা ঘটল তার জন্য দেখা গেল হাজার হাজার মানুষের জীবন বিপন্ন হল। সেই জন্য আমরা চাইছি যে, আজকে রেল রোকোর দাবি হচ্ছে জনগণের দাবি। আর দেশের মানুষের স্বার্থ ক্ষুন্ন করার পথ হচ্ছে, সড়ক রোকো। তাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা রেল রোকো কর্মসূচিকে সফল করার জন্য যারা অংশ নিয়েছেন তাদের অভিনন্দন জানাই এবং যারা এই অশান্তি সৃষ্টি করার জন্য সড়ক রোকোর ডাক দিয়েছে তাদের বিরুদ্ধে ধিক্কার জানাচ্ছি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এখন বিরতি। আমরা আবার ২-১৫ মিলিত হব।

(At this stage the House was adjourned at 2-15 p.m.)

[2-15 — 2-25 p.m.](After recess)

## LEGISLATION

### The West Bengal Additional Tax And One-time Tax on Motor Vehicles (Amendment) Bill, 1994

**Shri Shyamal Chakraborty :** Mr. Deputy Speaker, Sir, I beg to introduce the West Bengal Additional Tax and One-time Tax on Motor Vehicles (Amendment) Bill, 1994 and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

### Statement under Rule 72(1) of the Rules of Procedures and Conduct of Business in West Bengal Legislative Assembly

The West Bengal Additional Tax and One-time Tax on Motor Vehicles Act, 1989 contains certain provisions which require to be amended considering the day to day problem in actual administration of the Act and the changed circumstances since 1992 when the Act was last amended.

Some changes have also been made in the Tax schedule in respect of Luxury Taxi/Tourist Taxi. As the West Bengal Legislative Assembly was not in Session, Transport Department had earlier promulgated ordinance, namely, the West Bengal Additional Tax and One-time tax on Motor Vehicles (Amendment) Ordinance 1994 with a view to revise the rates of taxes in respect of Luxury taxi/Tourist taxi.

(Secretary then read the Title of the Bill.)

**Shri Shyamal Chakraborty :** Sir, I beg to move that the West Bengal Additional Tax and One-time Tax on Motor Vehicles (Amendment) Bill, 1994, be taken into consideration.

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিলের উদ্দেশ্য হচ্ছে অর্ডিন্যান্সে একটা কারেকশন করার দরকার হয়ে পড়েছিল, তা হচ্ছে ল্যাক্সারি ট্যাক্সি নিয়ে আমাদের কিছু ট্যাক্স কমাতে হচ্ছে। এ ছাড়া এই বিল যা উপস্থিত করেছি তাতে ট্যাক্স এক জায়গায় একটু বাড়াতে হয়েছে। ট্রাক্টার, ট্রেলার, আরটিকুলেটেড ভেহিকল একে অ্যাডিশন্যাল ট্যাক্সের আওতায় আনা হল। এ ছাড়া এই বিলের উদ্দেশ্য হচ্ছে, অন্য রাজ্যে নন ট্রান্সপোর্টেড ভেহিকল, প্রাইভেট কার যা রেজিস্টার্ড হয় তার আমরা এই রাজ্যে ট্যাক্স নিতাম না, সেটা এরমধ্যে অন্তর্ভুক্ত করলাম। পেনালটির ক্ষেত্রে অ্যাডিশনাল ট্যাক্স, ট্যাক্স অ্যাক্টে যা কিছু অসামঞ্জস্য ছিল সেখানে অসঙ্গতি দূর করে একই করলাম। সিজার, অক্সানের ক্ষেত্রে কিছুটা সংশোধনের প্রয়োজন দেখা দিয়েছিল সেটা আমরা আইনের মধ্যে অন্তর্ভুক্ত করলাম। ট্যাক্স রিফান্ডের ব্যাপারে, সমস্ত ক্ষেত্রে যেখানে ট্যাক্স রিফান্ড পাওয়া উচিত বলে আমাদের মনে হয়েছে, সেই ক্ষেত্রে আমাদের কিছু অসুবিধা ছিল এটা যাতে তারা পেতে পারেন তার জন্য এখানে যে

প্রভিসন, সেটাকে সিম্পলিফিকেশন করে ট্যাক্স ধার্য করা হয়েছে। আর একটা বিষয়ে এই প্রসঙ্গে বলি ফর্ম ফিল আপ করার ক্ষেত্রে আগে দুটো ফর্ম ফিল আপ করতে হত, এখন সেটা একটা ডিক্লারেশনের মধ্যে নিয়ে এলাম। আমাদের কাজ করতে গিয়ে অসুবিধার সামনে পড়েছিলাম, সেটা দূর করার জন্য এটা আনা হয়েছে।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মন্ত্রী মহাশয়কে দেখে মনে হচ্ছে যে মহম্মদ বিন তুঘলক আবার জন্ম নিয়েছেন পশ্চিমবাংলায়। কারণ মন্ত্রী মহাশয় বারে বারে এই রকম হঠকারিতা করছেন। ইন্ডিকেশন ট্যাক্সেশন চাপিয়ে যারা পরিবহনের সঙ্গে যুক্ত তাদের বিভ্রান্ত করার চেষ্টা করছেন বারে বারে এবং উনি বললেন সমস্ত বাস, ট্যাক্সি, লাক্সারি বাস, মিনিবাস ইত্যাদির ক্ষেত্রে ৬ হাজার টাকা ট্যাক্স দিতে হবে। তারপর দেখল এটা মানুষ মেনে নিচ্ছে না, তখন তিনি অর্ডিন্যান্স করে বলছেন ৬ হাজার টাকা থেকে দু হাজার টাকা করা হবে। কিন্তু একটা ক্লজ রেখে গেলেন সিট ক্যাপাসিটি মোর দ্যান সিক্স। ওর বক্তব্য রাখতে গিয়ে প্রাথমিক বিশ্লেষণ করতে গিয়ে যে কথাগুলো বলেছেন, সেই প্রসঙ্গে আসছি। আমরা এক মত ওর সঙ্গে যে রেভিনিউ কালেকশন দরকার। আমি এতেও একমত যে পরিবহনের ক্ষেত্রে অনেক ফাঁক ফোকর থেকে গেছে যেখান থেকে রাজ্য সরকার বঞ্চিত হচ্ছেন, সেই লুপ হোলসগুলো বন্ধ করার জন্য প্রথমে অর্ডিন্যান্স করেছেন তারপর বিল এনেছেন। আমাদের বক্তব্য খুব সংক্ষিপ্ত, খুব বেশি বলার নেই। আমার জিজ্ঞাস্য যাদের একজেম্পট করেছেন তাতে দেখা যাচ্ছে অটো রিকশাকে একজেম্পট করেছেন, কলকাতা শহর এবং হাওড়া শহরের মিটার ট্যাক্সিকে একজেম্প্ট করেছেন, আপনি পরিবহনের সঙ্গে যুক্ত মিনি বাসকেও একজেম্পশন দিয়েছেন কিন্তু অদ্ভুত অসামঞ্জস্য দেখলাম জেলায় যে ট্যাক্সিগুলো রয়েছে, সেখানে মিটার নেই।

[2-25 — 2-35 p.m.]

স্যার, রাজ্য সরকারের অনুমতি নিয়ে স্পেশ্যাল পারমিশন নিয়ে ব্যাঙ্কের লোন নিয়ে তারা এই ট্যাক্সিগুলি চালায়। তাদের ক্ষেত্রে শ্যামলবাবু এত কঠিন হৃদয় পাষাণ হৃদয় কেন হলেন। আমরা বুঝতে পারছি না। তাদের কথা ভুলে গেলেন কি করে। কলকাতায় থেকে মানিকতলার বিধায়ক হয়ে শুধু কলকাতার কথা মনে রাখলে চলবে? বাংলার সমস্ত জেলা শহর, গঞ্জ এবং মহকুমার কথা বেমালুম ভুলে গিয়ে তাদের উপর দৈত্যের থাবা চাপিয়ে দেন এবং তাদের উপর পয়েন্ট ট্যাক্সেশন চাপিয়ে দেন। এটা বিপজ্জনক ব্যাপার। আমি অনুরোধ করব মাননীয় মন্ত্রী এই বিষয়টি আপনি দেখুন। আমার মনে হয় এই বিষয়টি আপনার দেখা দরকার। কারণ ওই ছেলেগুলি ম্যাক্সিমামই বেকার এবং যদি আজকে সার্ভে করেন তবে দেখবেন ১০০ জনের মধ্যে ৯৮ জন আপনার দপ্তরের অনুমোদিত এমপ্লয়মেন্ট স্কীম লোন নিয়ে ব্যাঙ্ক থেকে লোন নিয়ে স্পেশ্যাল লাইসেন্স নিয়ে লাক্সারি ট্যাক্সি চালাচ্ছেন। এক্ষেত্রে আপনার দেখা দরকার আরেকটি ক্ষেত্রে আপনি নূতন যে প্রভিসন এনেছেন তা ট্রেলার এবং ট্রাক্টরের বিষয়। আমাদের রাজ্যে ট্রাক্টরের প্রচলন কয়েক বছর ধরে চালু হয়েছে। আমাদের কৃষি ক্ষেত্রে মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনি দেখেছেন আপনার এলাকার গুনদার এক বাজারে ট্রাক্টর দাঁড়িয়ে থাকে চাষের মরশুমে। লাঙল এখন উঠে গেছে। ট্রাক্টর দিয়েই মাঠ চাষ হচ্ছে। আপনি বলছেন যে ডিফারেনসিয়েট করবেন কিভাবে, আপনারা ট্রাক্টরস ইউসড আদার

দ্যান এগ্রিকালচার পারপাস তার উপরে ট্যাক্স চাপাবেন। আপনাদের অফিসাররা সকাল থেকে রাত্রি ২টা পর্যন্ত দাঁড়িয়ে থাকবেন। কোন ট্রাক্টর কোন সময়ে কাজ করবে এটা কি লক্ষ্য রাখা সম্ভব? আমাদের শতকরা ৯০ ভাগের ও বেশি জায়গায় ট্রাক্টর কৃষি কাজে ব্যবহৃত হয়। এটা সম্পূর্ণ নির্ভর করবে ডিস্ক্রিমিনেশন অ্যান্ড উইসডম অব দি অফিসার্সদের উপর সেখানে যদি অসৎ অফিসার হয় এবং সেখানে যদি প্রশাসনিক কাজকর্ম ঠিকমতো করতে গিয়ে সঠিকভাবে সিদ্ধান্ত গ্রহণ করার অভাব হয়ে থাকে। তাহলে কিন্তু ট্রাক্টরের যারা মালিক ভেহিক্যালসের যারা মালিক তাদের উপর চাপ আসবে এবং একটা বিপজ্জনক ট্যাক্সেশন তাদের উপর চেপে বসবে। ট্রেলারের ক্ষেত্রে যেগুলি খুব ভারি যেগুলি মাল বোঝাই প্রকাশ্যে যেগুলি অন্য কাজে ব্যবহৃত হচ্ছে সেই ট্রেলারগুলির ক্ষেত্রে আমাদের কোনও আপত্তি নেই। কিন্তু ট্রাক্টরের ক্ষেত্রে এই বিষয়টি আপনি একটু ভেবে দেখবেন। আপনি পেনাল্টি রিয়েলোইজেশনের ক্ষেত্রে যে টাইম শিডিউল করে দিয়েছেন ১৫ দিনের মধ্যে হলে ২৫ পারসেন্ট, ১৫ দিনের পর থেকে ৭৫ দিনের মধ্যে হলে ৫০ পারসেন্ট, বিওন্ড দ্যাট লিমিটেশন ট্যাক্স ঠিক তত পরিমাণ পেনাল্টি আপনাকে দিতে হবে বলে আপনি বলেছেন এখন এই জায়গাতে যে ধারাটি আপনি বলবৎ করতে চেয়েছেন আপনার পরিকাঠামোর আছে আজকে জেলায় জেলায় যে অবস্থার সৃষ্টি হয়েছে, আর. টি. এ.-রিজিওনাল টান্সপোর্ট অথরিটি সেখানে ১টি করে অফিসার বসে আছে। তার আন্ডারে ২টি অফিসার। আর কোনও অফিসার, ইন্সপেক্টর, মোটর ভেহিকেলস ইন্সপেক্টর নেই। আমার জেলা মেদিনীপুর। নাম্বার অফ ট্রান্সপোর্ট ইজ হায়েস্ট ইন মেদিনীপুর। সেখানে বেসরকারি বাসের সংখ্যা প্রায় তিন হাজার। সারা ভারতবর্ষে সর্ববৃহৎ জেলা আর বাস পরিবহন কেন্দ্র। ইট ইজ দ্যা বিগেস্ট ট্রান্সপোর্টেশন ডিস্ট্রিক্ট আদার দ্যান রেলওয়ে কমিউইনিকেশন। সেখানে বাংলার চিত্র বোঝা যাবে। ট্রান্সপোর্ট অফিসারস তার আন্ডারে কয়েকটি আর. টি. ও. বসে আছে। ডিস্ট্রিক মোটর ভেহিকেলস ইন্সপেক্টরের আন্ডারের আর ইন্সপেক্টর নেই। তাহলে আজকে এই ডিসপ্যারিটি ধরবেন কি করে? অফিসাররা তার স্বেচ্ছাচারিতা কায়েম করবে। এই জায়গায় আপনাকে কন্সাস হতে হবে। এখন আপনি সেটাকে কিভাবে ফলপ্রসু করবেন তার সুবিন্যস্ত রূপরেখা আপনি দেননি। তাই ডিসপ্যারিটি ডিস্ক্রিমিনেশন যাতে করা যায় সেটা একটু দেখবেন। আপনি বিচক্ষণতার সঙ্গে দেখবেন যাতে সাধারণ মানুষের উপর চাপ না আসে। আমরা দেখেছি আপনি খুব গুরুত্বপূর্ণ বিষয়ে বলেছেন যেখানে রিকভারির ক্ষেত্রে দুটো সমস্যা এসে যাচ্ছে।

আপনি ক্লজ-ই, সেকসন-৫, সাব সেকসন-৮ এ বলেছেন যে যে বাসগুলি ট্যাক্স দিতে পারবে না তাদের উপর পেনাল্টি কিভাবে আদায় করবেন। অ্যাডভার্টাইজ দিয়ে বিক্রি করে দিয়ে যে টাকা রিয়েলাইজ হবে সেই টাকা আগেই সরকার নিয়ে নেবে। তারপর যদি কোনও ফাইনান্সিয়াল ইন্সটিটিউশনের কাছে লোন থাকে তাহলে সেটা তারা রিয়েলাইজ করবে। শ্যামলবাবু, এই জায়গায় সমস্যা দেখা দেবে। মন্ত্রী মহাশয়, আপনি নিশ্চয়ই আমার সঙ্গে একমত হবেন যে, আদার দ্যান গভর্নমেন্ট ভেইকেল ওয়ান সেকশন অব ট্রান্সপোর্ট কোম্পানির বড় বড় মালিকরা ছাড়া পশ্চিমবঙ্গের অধিকাংশ ক্ষেত্রেই ট্রান্সপোর্ট বিজনেসে বেকার যুবকরা নেমেছে এবং তাদের অধিকাংশেরই টাকা পয়সা নেওয়া আছে কোনও, না কোনও ফাইনান্সিয়াল ইন্সটিটিউশন থেকে—সে কো-অপারেটিভ ব্যাঙ্ক হতে পারে, সে ন্যাশনালাইজড ব্যাঙ্ক হতে

পারে। আপনি যে প্রভিসন এখানে রেখেছেন টাকা আদায়ের তাতে ফাইনান্সিাল ইন্সটিটিউশনগুলো ক্ষতিগ্রস্ত হতে পারে। সরকার যদি আগেই তার পাওনা আদায় করে নেয়, তাহলে ফাইনান্সিয়াল ইন্সটিটিউশনের কাছে যে বাকি দায়বদ্ধতা আছে তা কোন জায়গা থেকে মেটাবে? এ সম্বন্ধেও আপনার ভাবনা চিন্তা করে ব্যবস্থা রাখা দরকার। আপনাকে মনে রাখতে হবে ফাইনান্সিয়াল ইন্সটিটিউশনগুলোও সরকারি প্রতিষ্ঠান, বেশিরভাগই সরকারি প্রতিষ্ঠান। সে সেন্ট্রাল গভর্নমেন্টের প্রতিষ্ঠান হতে পারে, আবার স্টেট গভর্নমেন্টের কো-অপারেটিভ ডিপার্টমেন্টের অধীনের কোনও প্রতিষ্ঠানও হতে পারে। আপনি পরিবহন মন্ত্রী যদি আগেই সব আদায় করে নেন তাহলে আর একজন মন্ত্রী—সমবায় মন্ত্রী তার দপ্তরের অধীনস্ত পাওনা কি করে আদায় করবে? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পরিবহন মন্ত্রীর এই ব্যবস্থার ফলে সরকারেরই আর একটা ডিপার্টমেন্টের কিন্তু ডিপ্রাইভড হবার সম্ভাবনা থেকে যাবে। সুতরাং এই প্রোভিসনটা সম্বন্ধে ভেবে দেখা উচিত।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পরিবহন মন্ত্রী শ্যামলবাবু ট্যাক্সেশন স্ট্রাকচার সংশোধন করে ওয়ান পয়েন্ট ট্যাক্সেশন করতে চাইছেন। এ সম্বন্ধে আমরা ওর সঙ্গে একমত, উদ্দেশ্য ভাল। কিন্তু আমাদের অভিজ্ঞতা কি? আমরা এর আগে দেখেছি উনি মোটর ভেইকেলস ট্যাক্স বৃদ্ধি করেছিলেন, ফলে এল. আই. সি.-র প্রিমিয়াম-ও অনেক বেশি চেপে গিয়েছিল এবং আরও অনেক নিয়ম-কানুন পরিবহন ব্যবস্থার সঙ্গে যুক্ত বাস মালিকদের, ছোট ছোট মিনিবাস মালিকদের, লাক্সারি ট্যাক্সির মালিকদের ওপরে বিপদজনকভাবে চেপেছিল। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি নিশ্চয়ই সরকারের কালেক্টিভ রেসপন্সিবিলিটির ব্যাপারটা অস্বীকার করতে পারেন না। আজকেই দেখলাম এই হাউসে সরকারি পক্ষের এবং বিরোধী পক্ষের একের পর এক সদস্য উঠে দাঁড়িয়ে পশ্চিমবঙ্গের রাস্তাঘাটের বেহাল অবস্থার কথা বললেন। যে দৃষ্টিভঙ্গি নিয়ে আজকে ট্যাক্স আদায়ের কথা বলা হচ্ছে সেই একই দৃষ্টিভঙ্গিতে সরকারের কর্তব্য হওয়া উচিত পরিবহনের মূল সোপান রাস্তাঘাটকে ঠিক করে দেওয়া। আজকে পশ্চিমবঙ্গের প্রতি রাস্তার এমন অবস্থা হয়েছে যে, একটা বাস বেরিয়ে এক কিলোমিটার যাবার পরই গর্তে পড়ে অ্যাক্সেল ভাঙছে, টায়ার বাস্ট করছে, ব্রেক ডাউন হচ্ছে। অধিকাংশ ক্ষেত্রেই এই জিনিস হচ্ছে, এটাই আমাদের অভিজ্ঞতা। শ্যামলবাবু, আপনি পরিবহন মন্ত্রী হিসাবে বলুন পশ্চিমবাংলার রাস্তা-ঘাটের অবস্থা কি? আপনি কি আপনার পরিবহন দপ্তরের গাড়িগুলোকে সঠিক রাস্তা-ঘাটের ফেসিলিটি দিতে পারছেন? আপনাকে কি এ ব্যাপারে অন্যান্য দপ্তর, বিশেষ করে পূর্ত দপ্তর সাহায্য করছে? আপনাকে প্রশ্ন করলে আপনি হয়ত বলবেন,—ওটা আমার বিষয় নয়, ওটা পূর্ত মন্ত্রীর বিষয়। কিন্তু আপনাদের তো যৌথ দায়িত্ব ! আপনি গোটা. পশ্চিমবঙ্গে একটা রাস্তারও নাম করতে পারবেন যেটার অন্তত ২ কিলোমিটার সহজ-ভাবে চলাচল করার মতো আছে? এমন একটা রাস্তার কথা বলতে পারবেন, যে রাস্তা দিয়ে বাস, মিনিবাস, ট্যাক্সি সচ্ছন্দে যেতে পারে? আপনি একটা পরিবহনের সঙ্গে যুক্ত মানুষকে চার গুণ আক্রমণ করছেন—একটা লাক্সারি ট্যাক্সিকে ট্যাক্স দিতে হচ্ছে, একবার মোটর ভেইকেল ট্যাক্স দিতে হচ্ছে, এবার রোড্ ট্যাক্স দিতে হচ্ছে, আবার অ্যাডিশনাল ট্যাক্স দিতে হচ্ছে। এখন ওয়ান পয়েন্ট ট্যাক্সেশন নতুন বিল এনে চাপিয়ে দিচ্ছেন। একদিকে এত ট্যাক্স দিতে হচ্ছে, অপর দিকে রাস্তাঘাট খারাপের জন্য প্রতি মিনিটে, মুহূর্তে তাকে খেসারত দিতে হচ্ছে। মাননীয় মন্ত্রী

মহাশয়, আপনাকে আমি রাস্তাঘাটের ব্যাপারটা একটু চিন্তা করে দেখতে অনুরোধ করছি। আপনি বলবেন, 'আমার কাজ বাস চালানো, আমি রাস্তাঘাটের কি করব?' কিন্তু রাস্তাঘাট যদি না থাকে তাহলে বাস বা গাড়ি চলবে কি করে? ইউ ক্যান নট অ্যাভয়েড দি কালেকটিভ রেসপনসিবিলিটি অব দি ক্যাবিনেট। আপনাকে বলতে হবে,—হ্যাঁ, আমি দায়িত্ব নিচ্ছি। প্রয়োজন হলে পূর্ত মন্ত্রীকে ভর্ৎসনা করুন। আপনারা বামফ্রন্টের বড় দাদা—মার্কসবাদি কমিউনিস্ট পার্টি—আপনারা ১৮৪টা সিট নিয়ে বসে আছেন, আপনারা আপনাদের দায়-দায়িত্ব পালন করবেন না! পরিবহন মন্ত্রীর দপ্তরে কাজ হবে, সেই কাজের সাফল্য নির্ভর করবে পূর্ত দপ্তরের কাজের সাফল্যের ওপর, সুতরাং উভয়েই যৌথভাবে দায়-দায়িত্ব পালন করতে হবে। আজকে আমাদের অভিজ্ঞতা কি? প্রতিদিন রাস্তাঘাটের বেহাল অবস্থার জন্য মেজর অ্যাক্সিডেন্ট হচ্ছে। রেডিও খুললেই শুনতে হচ্ছে, 'অমুক রাস্তায় লরি উল্টে গেছে,. অমুক রাস্তায় বাস উল্টে গিয়ে এত জন মারা গেছে, অমুক জায়গায় সেতু থেকে নদীতে বাস. পড়ে গেছে ইত্যাদি।' প্রতিদিন অ্যাক্সিডেন্টাল ডেথ্ অন রোড্ ইন বেঙ্গল অন অ্যান অ্যাভারেজ সেভেন টু টেন।

[2-35 — 2-45 p.m.]

এই অবস্থায় পরিবহণের বিষয়টা যুক্ত রয়েছে। সার্বিক দৃষ্টিভঙ্গি নিয়ে রেভেনিউ ইনকামের যে রাস্তা খুঁজছেন নিশ্চিতভাবে তা করতে পারেন, কিন্তু আপনি যে পথ নিয়েছেন তা মহম্মদ বিন তুঘলকের পথ। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দীপক মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পরিবহন মন্ত্রী যে বিল এনেছেন আমি তাকে পূর্ণ সমর্থন করছি। এটা বোঝা ভাল, বর্তমানে পরিবহন মন্ত্রীর নেতৃত্বে আমাদের এই রাজ্যে পরিবহন ব্যবস্থাকে আরো উন্নত করবার জন্য সার্বিক চেষ্টা চলছে। কিন্তু যেভাবে বিরোধীদলের মাননীয় সদস্য বললেন সেটা হচ্ছে, একটা খণ্ডিত দৃষ্টিভঙ্গি থেকে তাকে আক্রমণ করতে হবে এই মনোভাব নিয়ে তিনি তাই করলেন। সার্বিকভাবে উন্নতি খুঁজতে গেলে রেভেনিউ অগ্‌মেনটেশন, রেভেনিউ মবিলাইজ করা একটা গুরুত্বপূর্ণ দিক। আমি জানি না, ডাঃ মানস ভূঁইয়ার ক'টা লাক্সারি ট্যাক্সি আছে? নামে এবং বেনামে ক'টা চলে? এবং বাইরের রাজ্যে ক'টা ট্রাক আছে এবং কটা চলে? যাদের জন্য বলছেন সেটা উনি ভাল করে জানেন। এই মুহূর্তে সব বেকার যুবক সব ফিনান্সিয়াল ইনস্টিটিউশন থেকে, ব্যাঙ্ক থেকে লোন নিয়ে নিজেরা গাড়ি চালান না, অন্যদের দিয়ে ভাড়া খাটান। এক্ষেত্রে তাদের প্রতি সহানুভূতি রেখেই বলছি, মাননীয় পরিবহন মন্ত্রী অত্যন্ত দায়িত্বের সঙ্গে ৬ হাজার টাকা ট্যাক্স থেকে ২ হাজার টাকায় নামিয়ে আনলেন। এটা একটা গুরুত্বপূর্ণ দিক। এটা কি করে এড়িয়ে গেল দৃষ্টি থেকে তা মাথায় ঢুকল না। যাইহোক, এখন যেটা হয়েছে, আমাদের রাজ্যে বাইরে থেকে অনেক গাড়ি আসে, তারা ট্যাক্স না দিয়েই চলে যাচ্ছেন। এখন বাইরের রাজ্য থেকে যে সমস্ত যাত্রী পরিবহনের গাড়ি এখানে ঢোকে তারা আমাদের এখানের রাস্তা ক্ষতি করে, ব্যবহার করে। তাদের এখন ট্যাক্সি দিতে হবে। মোটর ভিহিকল্‌স আইনে যে ফাঁক ছিল সেটা পূরণ করা হয়েছে। সুতরাং এই প্রস্তাব অভিনন্দনযোগ্য, অসুবিধা হওয়ার কারোর কথা নয়। লাক্সারি ট্যাক্সি এবং অন্যান্য ক্ষেত্রে বিশেষত যেখানে ট্যাক্স ফাঁকি দেন তাদের ধরার ক্ষেত্রে যে ব্যবস্থাপনা, যে বিধি তৈরি করা হয়েছে সেটা প্রয়োজন ছিল বলে মনে করি। কারণ তারা

ফিনান্সিয়াল ইনস্টিটিউশন থেকে টাকা নেবেন, ব্যবসা করবেন এবং অন্য সব দেনা মেটাবেন, কিন্তু সরকারি ক্ষেত্রে যে ট্যাক্স দেওয়ার কথা, সেক্ষেত্রে বাকি রাখবেন এবং সেটা আদায় করতে গেলে অমানবিক হবে, মহম্মদ বিন তুঘলকের কাজ হবে—এটা একপেশে দৃষ্টিভঙ্গি, সংকীর্ণ দৃষ্টিভঙ্গির পরিচয়। এটা নৈতিক দায়বোধের মধ্যে পড়ে। রাস্তায় গাড়ি নামিয়ে ইনকাম করবে, সেই আয়ের একটা অংশ সরকারকে দিতে নিশ্চয়ই বাধ্য থাকবে, এটা তাদের সাধ্যের মধ্যে আছে বলে আমি মনে করি।

এছাড়া যে প্রভিসন রাখা হয়েছে, যে সমস্ত ট্রেলার এখানে ইউজ করা হয় সেগুলি আজকে বেপরোয়াভাবে বাড়ছে। ট্রান্সপোর্ট কোম্পানিগুলি এই জিনিস করছে। তারা যেভাবে ৩২টা, ৩৬টা চাকা যুক্ত ট্রেলার চালাচ্ছে তাতে করে রাস্তাঘাটের ক্ষতি করছে। এক্ষেত্রে আগে ট্যাক্সেশন ছিল না। এখন সেটা বিলের মধ্যে তাদের সুনির্দিষ্টভাবে নিয়ে আসা হয়েছে যাতে ট্যাক্স আদায় করা যায়। এটা ঠিকই, লাক্সারি ট্যাক্সি যারা চালান—এটা আমাদের চোখে পড়ে—তারা বিভিন্ন জায়গায় বিভিন্ন রকমের ভাড়া নেন। এই কয়েকদিন আগে তারা ধর্মঘট করে বসেছিলেন। আজকে পরিবহন ব্যবস্থায় লাক্সারি ট্যাক্সি প্রচুর এসে গেছে। তারা এখন সরকারের উপর চাপ সৃষ্টি করার জন্য ধর্মঘট করে বসে ছিলেন। কারা এদের মদত দিয়েছিলেন তা আপনারা সবাই জানেন। এদের ক্ষেত্রেও ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

এই ভাড়ার জন্য তারা নানারকম জুলুম করে। এটা ঘটনা, সেটা ভালভাবে দেখা উচিত। আর. টি. ও. দের ডেফিনিট পাওয়ার দেওয়া দরকার, তাদের যদি নির্দিষ্ট ক্ষমতা থাকে তাঁরা দেখবেন, মাননীয় পরিবহন মন্ত্রীকে এই বিষয়ে দৃষ্টি দেবার জন্য আমি আবেদন জানাব। আগে অর্ডিনেন্স আকারে ছিল, ইতিমধ্যে চালু হয়ে গেছে। তার ভিতর থেকে এটাকে বিধিবদ্ধ আইনে পরিণত দরকার। তার জন্য এই বিষয়টাকে আমি উল্লেখ করতে চাই। সিজার করার ক্ষেত্রে যে বিধি রাখা হয়েছে, সমস্ত ক্ষেত্রে এই বিধি আছে পাবলিক ডিমাণ্ড রিকভারি অ্যাক্ট তার দ্বারা সমস্ত সীজ করা সম্ভব, তিনি ক্রোক করতে পারেন, এখানে একজন মাননীয় বিধায়ক আছেন সেবা দলের বিধায়ক, তিনি সেরকম কিছু করলে তার জন্য তাঁর সমস্ত সম্পত্তি ক্রোক করতে পারা যাবে, সেটাকে আটকে রাখা যেতে পারে। কাজেই সীজারের জন্য ঘাবড়ে যাবার কারণ নেই। তাঁরা ট্যাক্স দেবেন, আমরা বিশ্বাস করি বেশিরভাগ মানুষই সরকারকে ট্যাক্স দিয়ে থাকেন। যাঁরা নিয়মিতভাবে কর দেন তাঁদের জন্য আইন নয়, আইন তাদের জন্য যাদের এটা ভাঙবার প্রবণতা আছে। যাঁরা ফাঁকি দিতে চান তাঁদের সেই প্রবণতাকে রোধ করার জন্য আইন করা হয়। আইন করা হয় সদিচ্ছা নিয়ে, যাতে কোনও ফাঁকি না হয়, তাকে প্রয়োগ করার দরকার না হয়। বিধানসভায় আলোচনা হয়, আইন যাতে মানা হয় সে সম্বন্ধে বলা হয়, না মানলে প্রয়োগ করার ব্যবস্থা হয়, সেটা মাথায় রেখে আমি এই বিলকে সমর্থন জানাচ্ছি এবং এই সঙ্গে মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি যে আপনি কৃষির সরঞ্জামবাহী যে সমস্ত ট্রাক্টর বা অন্যান্য গাড়িগুলি আছে সেগুলিকে ছাড় দিয়েছেন, এই পরিষেবা করেছেন কেন্দ্রীয় সরকার যে পদক্ষেপ নিয়েছেন তাতে সব কিছু বেসরকারিকরণ করে সব কিছু ট্যাক্স করে, মাননীয় মন্ত্রী যা করেছেন তার মধ্যে মানবিক ভাব আছে, যে পরিবহন মিনি বাসে ছাড় দিয়েছেন, ব্যাঙ্ক ঋণ নিয়ে যারা অটো রিক্সা চালাচ্ছে তাদের ছাড় দেওয়া হয়েছে। এখানে যে মিটার ট্যাক্সি আছে তাকে ছাড় দেওয়া

হয়েছে। মিটার ট্যাক্সিকে যে ছাড়টা দেওয়া হয়েছে এইগুলিকেও দেখতে হবে। মাননীয় মন্ত্রী মহাশয় ব্যবস্থা নিয়েছেন, ট্যাক্সির বিরুদ্ধে নানারকম কমপ্লেন আছে সে ব্যাপারে তিনি পদক্ষেপ নিয়েছেন। ওদের সুবিধা দেখা দরকার, সব কিছু সুবিধা তারা পাক কিন্তু তারা যে যাত্রীদের হয়রানি করে রিফিউজ করে বিভিন্ন রকম অসুবিধার সৃষ্টি করে মিটার ট্যাক্সিরা, মাননীয় মন্ত্রী মহাশয়ের সেগুলি নজরে আছে যার জন্য তিনি কমপ্লেন বক্স চালু করেছেন। এই সব কাজগুলির সম্বন্ধে গোলমাল করার জন্য এক ধরনের লোক চেষ্টা করে যাচ্ছে। এই বিষয়গুলিকে দেখার জন্য মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গোটা বিলটি যে উদ্দেশ্যে আনা হয়েছে রেভিনিউ আনে, সেই রেভিনিউ যাতে আরও সুসংহতভাবে আনা যায় তার জন্য যে বিধি রাখা হয়েছে তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পরিবহন মন্ত্রী আজকে যে বিল আমাদের সামনে এনেছেন সে সম্বন্ধে একটা কথা আমি বলতে চাই। প্রথমত আমাদের কাছে খুব আশ্চর্য লাগে যে যখন এই মোটর ভিহিকেলসের উপর ৬ হাজার ট্যাক্স ধার্য করেছিলেন অ্যাডিশন্যাল ট্যাক্স তখন এই কথাটা ভাবা উচিত ছিল যে এইগুলি বাসের সঙ্গে সমান নয়। যখন বাসের সঙ্গে সমান করে ট্যাক্স ধার্য করেছিলেন, তখন চিন্তা করা উচিত ছিল। যাই হোক দেরিতে হলেও চেতনা যে হয়েছে সেটা দেখেও আমরা আনন্দিত। পরবর্তীকালে অর্ডিনেন্স করে ৬ হাজার টাকাকে ২ হাজার টাকায় নামিয়ে এনেছেন। প্রশ্ন হচ্ছে দু'হাজার টাকায় নামিয়ে metered cab on luxury taxi upto sitting capacity of six persons including drivers. এখানে আমি জিজ্ঞাসা করতে চাই ট্যাক্সির ডেফিনেশনটা কি? আপনারা জানেন লাক্সারি ট্যাক্সি বহু রকমের আছে। পশ্চিমবঙ্গে সাধারণত অ্যামবাসাডার আছে, তার কোনটা এয়ার কন্ডিশনড, কোনটা নন-এয়ারকন্ডিশন্ড, তার মধ্যে বড় বড় গাড়িও আছে।

[2-45 — 2-55 p.m.]

কনটেসা আছে, মার্সেডিস আছে, টয়োটা আছে। এই যে বিভিন্ন ধরনের গাড়ি যার মধ্যে চড়লে নানারকম সুবিধার তারতম্য দেখা যায় এগুলোর সবগুলোকেই ২,০০০ ট্যাক্সের মধ্যে এনেছেন, নাকি এক্ষেত্রে তারতম্য করেছেন জানতে চাই। লাক্সারি গাড়িতে যারা চড়েন তাদের অর্থ দেবার ক্ষমতা আছে। কাজেই এটা ভাববার কথা বলছি। এখানে অতিরিক্ত ট্যাক্স আদায়ের হয়ত একটা উপায় রয়েছে। বিদেশে দেখেছি রাস্তা খারাপের কারণে যদি কোনও গাড়ির কোনও পার্টস ভেঙ্গে যায়, সেই গাড়ির মালিক কিন্তু সেখানে সরকারের কাছ থেকে ক্ষতিপূরণ আদায় করে নেন। দুঃখের ব্যাপার, ভারতবর্ষে সেই ব্যবস্থা নেই। আজকে পশ্চিমবঙ্গের হাইওয়ে বা ন্যাশনাল হাইওয়ে দিয়ে যদি যান তাহলে দেখবেন, হয় একসেল ভেঙ্গে, না হয় পাতি ভেঙ্গে, না হয় টায়ার ফেঁসে গিয়ে একের পর এক গাড়ি বিকল হয়ে রয়েছে। আজকে পশ্চিমবঙ্গের রাস্তার অবস্থা এতটাই খারাপ। বর্তমানে মোটর ভিকলের উপর অ্যাডিশনাল ট্যাক্স, ওয়ান টাইম ট্যাক্স অনেক বেড়ে গেছে। ট্রাকের সংখ্যা হুহু করে যেভাবে বাড়ছে তাতে সরকারের যে অর্থাগম হচ্ছে সেই অর্থ দিয়ে যাতে রাস্তা মেরামত করা যায় সেটা পরিবহন মন্ত্রীকে দেখতে হবে। তা না হলে, যে কথা বলেছেন—'পরিবহনের উন্নতি হয়েছে, অনেক

বাস চালু হয়েছে' এবং সেটা ঠিকই, কিন্তু কিছুদিন পর আর বাস বা ট্রাক চলবে না রাস্তার অবস্থার পরিবর্তন না ঘটলে। তারজন্য রাস্তাঘাটের যাতে উন্নতি হয় সেটা মন্ত্রী মহাশয় ভাবুন। একটি উদাহরণ দিচ্ছি, গত ১৫ তারিখে বর্ধমান থেকে আসছিলাম, কিন্তু সাড়ে আট ঘণ্টা লাগলো কলকাতায় আসতে। বালি ব্রিজের কাছে আসার পর আড়াই ঘণ্টা দাঁড়িয়ে থাকতে হয়, কারণ ব্রিজ নাকি রিপেয়ার হচ্ছে। হাজার হাজার গাড়ি লাইন দিয়ে দাঁড়িয়ে রয়েছে। তারা বললেন—আড়াই ঘণ্টার আগে নাকি মেরামতের কাজ শেষ হবে না। আজকে যারা প্রতিনিয়ত ঐ রাস্তায় যাতায়াত করছেন, যারা পণ্যসামগ্রী পরিবহন করছেন, সবাইকে একটা নিদারুণ যন্ত্রণা ভোগ করতে হচ্ছে। তাদের এই যন্ত্রণা থেকে মুক্তির ব্যবস্থা মন্ত্রী মহাশয় করবেন।

মাননীয় মন্ত্রী মহাশয়, এই ট্যাক্স আদায়ের ব্যাপারে মন্ত্রী মহাশয় নিশ্চয়ই জবাবি ভাষণে তার উত্তর দেবেন, কিন্তু পশ্চিমবঙ্গে দেখেছি, গাড়ি ধোলাই-এর জন্য মাঝে মাঝে ওয়াটার ট্যাক্স বলে একটা ট্যাক্স দাবি করা হয় মোটর ভিকল ডিপার্টমেন্ট থেকে, ১৫ টাকা বা ২০ টাকার মতো ট্যাক্স, কিন্তু ৫ টাকা দিলেই নাকি সেই ট্যাক্স মাপ হয়ে যায়। কাজেই ট্যাক্সটা আদায় করা হবে, কি হবে না, সেটা সরকারকে পরিষ্কার বলে দিতে হবে এবং সেটা একটা বিজ্ঞপ্তির মাধ্যমে জনসাধারণকে জানিয়ে দিতে হবে। আমি দেখেছি, যে সমস্ত অ্যাম্বাসাডার ট্যাক্সি গ্রামে-গঞ্জে চলে তাতে ১২ থেকে ১৫ জন প্যাসেঞ্জার ক্যারি করে। তবে এটা আইনি কি বে-আইনি সেটা জানি না। এই দিকে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি দেওয়া উচিত। একটা নির্দ্দিষ্ঠ সংখ্যা, আপনি বলেছেন যে ৬ জনের বেশি পরিবহন করলে বেশি ভাড়া দিতে হবে। কিন্তু দেখা যাচ্ছে একটা ট্যাক্সিতে ১৫ জন বা ১৬ জন লোক নিয়ে যাচ্ছে। সেখানে কি করা উচিত, কিভাবে এই সংখ্যাটা সীমার মধ্যে আনা যায় যাতে সাধারণ যাত্রিরা স্বাচ্ছন্দভাবে ট্যাক্সিতে চড়ে একটা জায়গা থেকে আর একটা জায়গায় যেতে পারে তার ব্যবস্থা করতে হবে। আমরা দেখছি যে এই বিলে ট্রাক্টর এবং ট্রেলারকে মার্ক করেছেন যেগুলি এগ্রিকালচারাল পারপাসে ব্যবহার করছে, তাদের অ্যাডিশনাল ট্যাক্স দিতে হবেনা। কিন্তু আবার বলছেন যে ৫০ পারসেন্ট অব দি ট্যাক্স পেবেল আণ্ডার দি ওয়েস্ট বেঙ্গল মোটর ভিহকেলস ট্যাক্স অ্যাক্ট, ১৯৭৯, যে সমস্ত ট্রাক্টর, যারা মাল পরিবহন করছে। এখানে ট্রাক্টর কথাটার অর্থ আরও পরিষ্কার করা উচিত ছিল। আমি যতদুর খবর রাখি, সাধারণ ট্রাক্টর বলতে আমরা যা বুঝি, সেই ধরনের ট্রাক্টর যেগুলি এগ্রিকালচার পারপাসে ব্যবহার করা হয়, যেগুলি মাঠের ধান তুলে চাষীর খামারে নিয়ে যায় সেই ধরনের ট্রাক্টরকে ট্যাক্স দিতে হবে না। কিন্তু বড় বড় ট্রেলার যেগুলি টেনে নিয়ে যায় সেগুলিকেও নাকি ট্রাক্টর বলা হয়েছে। কাজেই এখানে ট্রাক্টরের ডেফিনেশনটা কি, কোন ধরনের ট্রাক্টরকে বাদ দেওয়া হয়েছে ট্যাক্সের আওতা থেকে, আর কোন ধরনের ট্রাক্টরকে ট্যাক্সের আওতায় রাখা হয়েছে, এটা পরিষ্কার করে দিলে আইনের যে সংশয় রয়েছে সেটা আর থাকবে না। আমরা দেখছি যে এক একটা ট্রাক যেগুলি সাত টনের বেশি মাল পরিবহন করার ক্ষমতা নেই, সাত টন মাল পরিবহন করার জন্য লাইসেন্স দেওয়া হয়েছে, সেই সব ট্রাকগুলি ১২, ১৪, ১৫ টন মাল পরিবহন নিয়ে যাচ্ছে। এর ফলে রাস্তার উপর দিয়ে যখন এগুলি যাচ্ছে তখন রাস্তাগুলি প্রচন্ড ক্ষতিগ্রস্ত হচ্ছে। এটা আপনাকে দেখতে হবে। কারণ এর ফলে যে কোনও সময়ে অ্যাকসিডেন্ট হতে

পারে এবং মানুষের প্রাণ নাশ হতে পারে। কাজেই এগুলি আপনাকে দেখতে হবে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন, আমি আন্তরিকভাবে তাকে সমর্থন করছি। উনি ট্যাক্সের হার কমিয়ে যে ব্যবস্থা করেছেন, এটা একটা বলিষ্ঠ পদক্ষেপ বলে আমি মনে করি। আমি তার কাছে দুটো জিনিস বলতে চাই। ট্যাক্সি মিটারে চলার কথা। কিন্তু গ্রামে এবং জেলায় ট্যাক্সি কি ভাবে চলছে সেটা অতীশবাবু বলেছেন যে ১৪ জন, ১৫ জনকে নিয়ে চলছে। এটা সঠিক কথাই তিনি বলেছেন। আমি দেখেছি যে এর থেকেও বেশি লোক নিয়ে চলে। এই ট্যাক্সিগুলি কম ভাড়ায় যায়। এরা এর মধ্যে পড়বে কিনা জানিনা। দ্বিতীয় কথা হচ্ছে আইনের কথা। আমি মনে করি আপনার ডিপার্টমেন্ট থেকে জেলাতে অ্যাডভার্টাইজমেন্ট করে রুট পারমিট দেওয়া হয় না। এগুলি সবই টেম্পোরারি হিসাবে দেওয়া হচ্ছে। এখন অ্যাডভার্টাইজ করে পারমিট দেবার ব্যবস্থা উঠে গেছে। সেটা না হলে ব্যাঙ্ক লোন দিচ্ছে না। তার ফলে বেকার যুবকরা ব্যাঙ্ক থেকে লোন পাচ্ছে না কারণ ব্যাঙ্ক লোন দিচ্ছে না। ব্যাঙ্ক থেকে লোন না পাবার ফলে তাদের প্রাইভেট ফিনান্সিয়াল ইনস্টিটিউশনের কাছে যেতে হচ্ছে। তারা এমন ভাবে লোন দিচ্ছে যে তাদের ফার্স্ট চার্জ করে ভিহিকলস নিয়ে নিচ্ছে।

[2-55 — 3-05 p.m.]

গভর্নমেন্ট সেখানে আবার ফার্স্ট চার্জ করে নিতে পারবে কিনা এই আইনের বলে সেটা দেখতে হবে। আপনার কাছে বলব এই প্রাইভেট ফাইনান্সাররা অত্যন্ত চড়া হারে সুদ নিচ্ছে। বেকার ছেলেদের কিছু নেই। এই প্রাইভেট ফাইনান্সাররা হাই-কোর্টের অর্ডার নিয়ে থানায় যায় এবং কমপ্লাই করে গাড়িগুলি ফিরে নিয়ে চলে যায়। তার উপর তারা ২-৩ গুণ সুদ নিচ্ছে। চিট ফান্ডগুলি যে ভাবে কাজ করছে সেই ভাবে তারা এই কাজ করছে। বেকার যুবকদের কথা চিন্তা করে এটা আপনাকে দেখতে হবে। এই প্রাইভেট ফাইনান্সাররা কোন আইনের বলে এই কাজ করছে সেটা আপনাকে দেখতে হবে। ওরা কোথাও কোথাও ৩ গুণ পর্যন্ত সুদ নিচ্ছে। চার্জের ব্যাপারটা হবে কিনা বলবেন। ট্রাক্টরের ব্যাপারে যেটা বলেছেন সেটা ঠিকই বলেছেন, সঠিক ভাবেই চার্জ করেছেন। জয়নাল আবেদিন সাহেবের ট্রাক্টর আছে, সেই ট্রাক্টর দিয়ে তিনি নিজে চাষ করছেন, আপনি ছাড় দিচ্ছেন ঠিক আছে। যখন অন্য কোনও লোককে সেই ট্রাক্টর ভাড়া দেবেন চাষের জন্য বা লোকের জিনিস নিয়ে যাবে সেই ট্রাক্টর তখন সেই ক্ষেত্রে ছাড় দেওয়া উচিত নয়। আমি বাজেট অধিবেশনে বলেছিলাম গ্রামের রাস্তাগুলি যদি সব থেকে কেউ খারাপ করে তাহলে এই ট্রাক্টরগুলি করে। আমি জানি এই ট্রাক্টর দু-এক জনের আছে, বাকি সকলেই নিজস্ব ট্রাক্টর নেই, অন্য জায়গা থেকে ভাড়া করে ট্রাক্টর চালায়। অন্য সময় এই ট্রাক্টর লরির মতো মাল বহন করে নিয়ে যায়। সুতরাং ট্রাক্টরের উপর যে চার্জ ধার্য করা হয়েছে সেটা ঠিকই হয়েছে। তবে এখানে যে ফাঁক রয়েছে সেটা ঠিক ভাবে দেখতে হবে। এতে দেখা যাবে পুলিশেরই পয়সা হচ্ছে, এটা বন্ধ করতে হবে। মিনি ট্রাকগুলি আজকাল দেখতে পাই গ্রামাঞ্চলে মানুষ বহন করে নিয়ে যাচ্ছে। বাসের ঠিক আগেই তার প্যাসেঞ্জার নিয়ে চলে যাচ্ছে। হয়ত দেখা যাবে একটা বেকার ছেলে বাস

নিয়েছে তাতে সেই বাসের ক্ষতি হচ্ছে। এটাকে কি ভাবে বন্ধ করা যায় সেটা চিন্তা করতে হবে। যদি প্রয়োজন হয় তাহলে আইনের আরও সংশোধন করবেন। এই কথা বলে বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, মাননীয় পরিবহন মন্ত্রী The West Bengal Additional Tax and one-time Tax on Motor Vehicles (Amendment), Bill 1994. এর উপর আমাদের দলের বক্তব্য বলেছেন। শ্যামলবাবু কঞ্জাংটিভাইটিসে ভুগছেন, আমার কঠিন কথা বলা উচিত নয়, মানসবাবু তো আগেই ওনাকে মহম্মদ বিন তুঘলক বলেছেন। আমার কাছে পরিষ্কার নয়, উনি যখন The West Bengal Additional Tax and one-time Tax on Motor Vehicles (Amendment), Bill 1994. করলেন হঠাৎ করে তিনি এই ৬,০০০ টাকা করলেনই বা কেন আবার হঠাৎ করে সেই চার্জটা ১৭ই আগস্ট ১৯৯৪ এই ৬,০০০ টাকাটা কমিয়ে ২,০০০ টাকা করলেন? ভাল করছেন, অ্যাপ্রিসিয়েট করছি। কিন্তু এটা তিনি করলেন কেন? পুরো বাজেট সেশন গেল, ১৭ই আগস্ট হঠাৎ অর্ডিন্যান্স করে ৬ হাজার টাকা থেকে কমিয়ে ২ হাজার টাকা করার কি বাধ্য-বাধকতা ছিল আমি বুঝতে পারছি না। তবে এটা জানি লাক্সারি ট্যাক্সিরা একটা স্ট্রাইক করেছিল, সেই স্ট্রাইক মেটাবার জন্য একটা আইন প্রণয়ন করতে হল। এই ভাবে যদি সরকার চলে তাহলে দুঃখের ব্যাপার। আপনারা বার্ডেন চাপাবেন আবার হঠাৎ করে সিদ্ধান্ত নিয়ে অর্ডিনান্স নিয়ে আসবেন—this is not the way which the Government should be run.

আপনি ভেইকেলসের উপরে ট্যাক্স বাড়াতে চলেছেন। কিন্তু এখানে যদি ফিগারটা দেখা যায় তাহলে দেখব যে ট্যাক্সেশন—ভেইকেলস, ১৯৮০-'৮১-তে ছিল ১৮.৮৯ কোটি টাকা আর্নিং। ১৯৮৮-৮৯-তে বেড়ে দাঁড়িয়েছে ৪৬.৪০ কোটি টাকা এবং ১৯৯৩-৯৪-এর বাজেটে ছিল ৯৬ কোটি টাকা। এই যে মোর দ্যান ডাবল ট্যাক্স আপনি আদায় করছেন, প্রশ্ন হচ্ছে মোটর ভেইকেল ওনারদের আপনি এর বিনিময়ে কি সুবিধা দিচ্ছেন? একদিকে আপনি রাস্তা মেরামত করছেন না, আবার স্টেটের বাইরে থেকে যে গাড়িগুলো আসছে, তাদের উপরে ট্যাক্স বসাচ্ছেন, যেহেতু তারা স্টেটের রাস্তা ইউজ করে এবং তারজন্য ওয়্যার অ্যান্ড টিয়ার হচ্ছে, এই যুক্তি দেখাচ্ছেন। অথচ পশ্চিমবাংলায় ট্রান্সপোর্ট এবং পি. ডবলু. ডি. (রোডস') ডিপার্টমেন্টের মধ্যে কোনও কো-অর্ডিনেশন আছে বলে মনে হয় না। এর (রোডস) একটা অ্যাপেক্স বডি পর্যন্ত নেই। কলকাতার আশেপাশে, বজবজ ট্রাঙ্ক রোড একটা মেজর ইন্ডাস্ট্রিয়াল জায়গা, সেখানে হেভি ভেইকেলস যাচ্ছে, অথচ সেখানে রাস্তা বলে কিছু নেই। জেলার কিছু রাস্তাঘাট বর্ষায় দেখার সৌভাগ্য আমার হয়েছে। বাঁশবেড়িয়া থেকে ব্যান্ডেল থার্মাল স্টেশন পর্যন্ত যে রাস্তা, এর অর্দ্ধেকটাই ইন্ডাস্ট্রিয়াল এলাকা, দেয়ার ইজ প্র্যাকটিকালি নো রোড। এন. এইচ.-৩৪ দিল্লি হাইওয়ের একটা জায়গায় ডানকুনির কাছে একটা লার্জ স্ট্রেচে কোনও রাস্তার অস্তিত্বই নেই। গাজল থেকে বুনিয়াদপুর পর্যন্ত কোনও রাস্তাই নেই। অথচ আপনি ট্যাক্স আদায় করছেন। কলকাতায় আর্টারিয়াল রোডগুলোর কি অবস্থা—ট্রাম লাইনের হাল বেহাল হয়ে পড়েছে। আপনি স্ট্যান্ড রোড রিপেয়ার করতে পারছেন না, সব বন্ধ হয়ে আছে। অথচ আপনি মোটর ভেইকেলস ট্যাক্স আদায় করছেন। তাদের কোনও ফেসিলিটিজ আপনি দিতে পারছেন না। আপনার কি নৈতিক অধিকার আছে ট্যাক্স আদায় করার? দিঘা একটা নামকরা

ট্যুরিস্ট প্লেস। এতবড় রাস্তার কোথাও একটা ওয়েটিং শেড যাত্রিদের জন্য করতে পেরেছন? কলকাতার প্রাণকেন্দ্র এসপ্লানেডে আজ পর্যন্ত একটা বাস টার্মিনাস আপনি করে উঠতে পারেন নি। এই ব্যাপারে আপনাকে সিরিয়াসলি চিন্তা-ভাবনা করতে হবে। আপনি ট্যাক্স আদায় করতে চলেছেন উইদাউট ডেভেলপিং দি মিনিমাম ইনফ্রাস্ট্রাকচার দ্যাট ইজ নিডেড। কলকাতায় ট্যাক্সি, অটো রিকসা, মিনিবাসকে আপনি গতবারে বাদ রেখেছিলেন। এটি একটি প্রশংসনীয় ব্যাপার। কিন্তু আপনার জানা উচিত, জেলাগুলোতে তো মিটার ট্যাক্সি নেই। সেখানে রয়েছে লাক্সারি ট্যাক্সি। এদের কথা আপনার ভাবা দরকার, দে শ্যুড বি এক্সটেন্ডেড দি সেম ফেসিলিটি। স্টেটের বাইরে থেকে যে গাড়িগুলো এখানে আসছে, তাদের উপরে আপনি প্রো র‍্যাটা ট্যাক্স বসাচ্ছেন। আপনার জানা উচিত যে অল্প হলেও পশ্চিমবঙ্গের দক্ষিণেশ্বর, কালিঘাট কালিবাড়িতে, তারকেশ্বরে, শান্তিনিকেতনে বাইরে থেকে বেশ কিছু তীর্থযাত্রী আসেন। শুনছি যে বৈদ্যবাটি মিউনিসিপ্যালিটি এদের উপরে তীর্থকর বসাচ্ছেন। এটা তো ডাবল ট্যাক্স হয়ে যাচ্ছে। যে ক'জন ট্যুরিস্ট এখানে আসত তারা আপনার এই ট্যাক্সের জ্বালায় আর আসবে না। অথচ কোনও সুবিধা আপনি দিতে পারছেন না। আপনি ট্যাক্স আদায় করুন, আপনার আয় বাড়ানো দরকার এটা আমরা বুঝি। কিন্তু সেটা করতে গিয়ে যদি মোবিলিটি কম্প্রোমাইজ করতে হয়, তাহলে শেষ পর্যন্ত কি হবে? এগুলো নিয়ে আপনি একটু সিরিয়াসলি চিন্তা-ভাবনা করুন।

[3-05 — 3-15 p.m.]

আপনি একটা ট্যাক্স বসিয়েছেন সেটা নিয়ে আমার কোনও আপত্তি নেই, আপনি ট্রাক্টর, ব্রেক ডাউন ভ্যান, ইউসড ফর ভেহিক্যালস তার উপরে ট্যাক্স বসিয়েছেন ঠিক আছে কিন্তু যেটা মানস বললেন যে আপনি এক্সক্লুসিভলি এগ্রিকালচার বা চা বাগানের ক্ষেত্রে ব্যবহৃত হলে সেটা একজ্যাম্পশন করে দেওয়া হবে এই কথা৷ এর মধ্যে একটা কি রেখে দেওয়া হল। একটা ডিস্ক্রিমিনেশন করে দিলেন। অফিসাররা এতে কাউকে ধরবেন কাউকে ধরবেন না। সুতরাং এটা একটা মেজর প্রবলেম হয়ে দাঁড়াবে। আপনি ট্যাক্স আদায়ের জন্য কড়া কড়া ব্যবস্থা হাতে নিয়েছেন। আপনি ট্যাক্স না দিলে ফাইন করবেন বলেছেন এবং সেটা ৪৫ দিন হলেই ২৫ পারসেন্ট আর তার উপরে ৬০ পারসেন্ট এবং ৭৫ দিন হলে অর্থাৎ আড়াই মাস হলে সেন্ট পারসেন্ট ট্যাক্স আদায় করবেন। আপনি কি এটা চিন্তা করে দেখেছেন এই পেনাল্টিটা একটু স্টিফ হয়ে যাচ্ছে কিনা ; এই পেনাল্টি চাপানো ঠিক হবে কিনা সেটা একটু আপনাকে ভেবে দেখা দরকার। তারপরে মোটর ভেহিক্যালসের ক্ষেত্রে যে সিজ করছেন তারক্ষেত্রেও ডেট বলে দিয়েছেন। ৩০ দিনের মধ্যে ট্যাক্স আদায় না হলে ডিউ প্রসেসে করে তাদেরকে অকশনে তুলবেন। আপনি পাবলিক ডিমান্ডস রিকোভারি অ্যাক্ট অনুযায়ী এটা আদায় করবেন, এটা এলাবরেট করেছেন। কিন্তু এতে আমি জানতে চাইব কত গাড়ি থেকে কত টাকা আপনি আদায় করতে পেরেছেন ; একটা জিনিস হতে পারে যে কলকাতার রাস্তা সারপ্রাইজ ভিজিট করলেন, স্পট চেক করে আপনি ইমিডিয়েটলি নোটিশ দিলেন—এটা একটা হতে পারে কিন্তু এলাবরেট প্রসিডিওর যেটা বুরোক্র্যাটরা করে দিচ্ছেন সেটা কতটা কার্যকর হবে সেই বিষয়ে যথেষ্ট সন্দেহ আছে। এখানে ওভার অ্যাসেসমেন্টের ক্ষেত্রে আপনি বলেছেন যে রিকোভারি হবে, কিন্তু শ্যামলবাবু, আপনার আইডিয়া আছে কিনা জানি না, তবে

গভর্নমেন্টের অফিস থেকে টাকা ফেরৎ পেতে যে পরিমাণে ঝামেলা, হুজ্জুতি পোহাতে হয় তা আমাদের জানা আছে। আপনি তো মোটর ভেহিক্যালস অফিসে যান, আমিও নিজে রিসেন্টলি গিয়েছিলাম। ওখানে প্রায় আধ মাইল রাস্তার আগে থেকে দালালরা ধরে। এইবার আবার নতুন জিনিস দেখলাম, এখানে একটা অ্যাশোসিয়েশন হয়েছে, সেটা অ্যাফিলিয়েটেড টু সিটু এই বলে একটি বোর্ড টাঙ্গিয়েছে। এখানে এই দালাল ছাড়া কোনও কাজ করা যাবে না। ওরা গেলে কম ট্যাক্স করে আনবে, স্পেশ্যাল পাওয়ার দিয়ে ট্যাক্স কমিয়ে দিতে পারবে। প্রয়োজন হলে যদি কারুর ট্যাক্স দিতে দেরি হয়ে যায় তাকে ভেতর থেকে ঠিক নির্দিষ্ট দিন হিসাবে টাকা জমা দিয়ে দেবে। তারা ভেতরে গেলে সব কিছু তাড়াতাড়ি করে নিয়ে আসবে। তাহলে সাধারণ মানুষের আর কোনও কিছু করার থাকবে না। আপনি তো আবার কম্পিউটার ইন্ট্রোডিউস করেছেন এই ট্যাক্স কালেকশনের ব্যাপারে। আমি শুধু জানতে চাইছি এই মডার্নাইজেশন করে দিয়ে আপনার কতটা উন্নতি হয়েছে। এই ট্যাক্স আদায়ের দ্বারা সাধারণ মানুষ কতটা রিলিফ পেয়েছে সেটা বলুন। আমি সেই কারণে আপনাকে বলছি যে, আপনার সমস্ত বিষয়টাকে রিথিংকিং করার দরকার। এখানে ওয়ান টাইম অ্যাডিশনাল ট্যাক্স না চাপিয়ে আরও একটু কম্প্রিহেন্সিভ ট্যাক্স স্ট্রাকচার করুন এবং তাতে বিষয়টা রেশনালিটি আসবে এবং সেখানে বিলটি অনেক সরলিকৃত হবে। এইকথা বলে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী তপন হোড় ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, মাননীয় মন্ত্রী দি ওয়েস্ট বেঙ্গল অ্যাডিশনাল ট্যাক্স অ্যান্ড ওয়ান টাইম ট্যাক্স অন মোটর ভেহিকেলস (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯৪ এনেছেন, এটা আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। মাননীয় মন্ত্রী নানা অভিজ্ঞতার ভেতর দিয়ে নানা এফিসিয়েন্সি, অনেস্টি এবং সিন্সিয়ারিটির ভেতর দিয়ে যে ভাবে পরিবহন সমস্যাকে মিট করছেন তার জন্য তাকে আমরা ধন্যবাদ জানাচ্ছি। এই প্রসঙ্গে আমাদের সেই চাণক্য পুত্রর কথা মনে পড়ে যাচ্ছিল, চাণক্য পুত্রদের আমি কালিদাসের দৃষ্টিভঙ্গিতে লক্ষ্য করছিলাম—মানসববাবু এক রকম বলছিলেন, অতীশবাবু এক রকম বলছিলেন, আবার সৌগতবাবু আর এক রকম বলছিলেন, সমস্তটা মিলিয়ে দেখা যাচ্ছে এতই স্ববিরোধিতা যে নিজেদের মধ্যে কোনও আন্ডারস্ট্যান্ডিং নেই। একটা বিষয় যেটা কংক্রিটভাবে তুলে নিয়ে আসা দরকার, গোটা ব্যাপারটি রিয়ালাইজ করা দরকার পশ্চিমবাংলার পরিবহন ব্যবস্থাকে যাতে জটিল থেকে আরও সরলিকরণ করা যায় এবং যাতায়াতের ক্ষেত্রে আরও সুবিধা দেওয়া যায় সেইসব আলোচনা না করে এখানে যেটা বললেন সেটা নিজেদের ঝগড়াঝাটিকে আরও সূক্ষ্মভাবে আমাদের সামনে উপস্থিত করলেন, তার মাধ্যমে পশ্চিমবাংলার উন্নতি হতে পারে না। ওনারা বললেন রাস্তাঘাটের অবস্থা খারাপ, মতীশবাবুকে ভর্ৎসননা করলেন কোনও কোঅর্ডিনেশন নেই। এর আগে যখন বাজেট আলোচনা হয়েছে পশ্চিম বাংলার রাস্তাঘাট নিয়ে তখন আমরা সেখানে বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেছি। আমরা রাস্তাঘাটের ব্যাপার নিয়ে অনেক রাজ্যে ঘুরেছি, তাদের থেকে কিন্তু আমাদের এখানকার রাস্তাঘাট অনেক ভাল। কিন্তু যে রকম রাস্তাঘাট ভাল হওয়া দরকার, সাধারণ মানুষের সঙ্গে যোগাযোগের জন্য যে রকম উন্নত হওয়া দরকার সেই ক্ষেত্রে কিছুটা খান্ত আছে। আমাদের বাজেট আলোচনা হয়েছে ন্যাশনাল হাইওয়েগুলি ঠিক থাকা দরকার, অতীশবাবু বালি ব্রিজের কথা বললেন, এটার দায়িত্ব কার?

এই দায়িত্বটা আপনারা আজকে অস্বীকার করছেন? এই দায়িত্বটা হচ্ছে আপনাদের ঐ চাণক্য পুত্রদের। চাণক্যরা আমাদের পশ্চিমবাংলার বিভিন্ন জায়গার কথা বলেছেন, আজকে তারা পদ্মার ভাঙন নিয়ে বলেছেন, ১৯৮০ সাল থেকে বলা হচ্ছে এই জায়গাটা চলে যাবে, এই ব্যাপারে আপনারা টাকা দেবার কথা বলবেন না? খালি সহানুভূতির কথা বলে যাবেন? আপনারা রাস্তাঘাটের ব্যাপারে একবারও বললেন না ন্যাশনাল হাইওয়েকে কভার করার জন্য, জি. টি. রোড এবং ৩৪ ন্যাশনাল হাইওয়ে রয়েছে তার জন্য আপনারা কি ভাবে পয়সা দেন? উত্তরবঙ্গের বন্যাতে রাস্তাঘাটগুলি যে ভাবে নষ্ট হয়ে গেছে সেখানে আপনারা জোকারের মতো কাজ করলেন, সেখানে কেন্দ্র থেকে সেন্ট্রাল অ্যাসিস্ট্যান্স এল না, তারা বলেছিল আমরা সাহায্য পাঠাব, কিন্তু কিছুই এল না। আপনারা এখানে মাননীয় মন্ত্রী মহাশয়ের সমালোচনা করেন, কিন্তু এই সমালোচনা করার কি কোনও অধিকার আপনাদের আছে? মাননীয় মন্ত্রী খুব সঙ্গত কারণে যে কাজটি করেছেন আমাদের নিজেদের ব্যবস্থাপনার মধ্যে দিয়ে ট্যাক্স রেভিনিউ বাড়িয়ে মানুষের কতটা উপকার করা যায়, তার জন্য মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ জানাই। আমি ট্রান্সপোর্ট কমিটির সদস্য হিসাবে বিভিন্ন রাজ্যে ঘুরেছি, সেখানে দেখেছি অন্যান্য রাজ্যের তুলনায় আমাদের এখানে ট্যাক্স অনেক কম। আপনারা ট্যাক্স নিয়ে যে কথা বললেন এটা হচ্ছে আপনাদের কুম্ভিরাশ্রুর মতো অবস্থা। আপনারা মূল বিষয়টা এখানে বোঝাবার চেষ্টা করলেন না, যেহেতু আজকে রেল রোকো আন্দোলন হয়েছে সেইজন্য আপনারা রাস্তা রোকো আন্দোলন করলেন, এই ভাবে মানুষের সমস্যা সৃষ্টি করে কখন আপনারা মানুষের মঙ্গল করতে পারবেন না, এই বলে আমার বক্তব্য এখানেই শেষ করছি।

[3-15 — 3-25 p.m.]

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যে বিল উত্থাপন করেছিলাম, এর খুব একটা বিরোধিতা বিরোধীপক্ষ করেননি। তবে সরকারি পক্ষ এবং বিরোধী পক্ষ থেকে কিছু মূল্যবান পরামর্শ দেওয়া হয়েছে। কাজেই মোটামুটিভাবে এই বিলের উদ্দেশ্য এবং কার্যকারিতা সম্বন্ধে সকলেই একমত। শুধু বিরোধী পক্ষ সংশয় প্রকাশ করেছে কয়েকটি বিষয়ে, যা সরকার চাইছে তা করবার মতো পরিকাঠামো বা ব্যবস্থা সরকারের আছে কি নেই। তাছাড়া আরও কয়েকটি বিষয় সম্পর্কে তারা সংশয় প্রকাশ করেছে। আমি সেই সংশয়গুলো নিরশন করবার জন্য কয়েকটি কথার এখানে অবতারণা করছি। নইলে খুব বেশি আমার বলার ছিল না। প্রথমেই আমি মাননীয় সদস্য ডাক্তার মানস ভূঁইয়াকে বলি তিনি ইতিহাসের একজনের চরিত্রের সঙ্গে আমাকে তুলনা করেছেন। ইতিহাসটা পড়ার সুযোগ হয়ত তিনি বেশি পাননি, যতটা সুযোগ তিনি চিকৎসার ব্যাপারে পেয়েছেন। মহঃ বিন তুঘলকের সঙ্গে তিনি আমাকে তুলনা করেছেন। আমি মন্ত্রী হিসাবে যে পদ্ধতিগুলো অনুসরণ করেছি সেই পদ্ধতি অনুসরণ করে সুফলই পেয়েছি। শুধু একটি সিদ্ধান্ত আমি পুনর্বিবেচনা করেছি। অ্যাডিশনাল ট্যাক্স আগে যেটা ছয় হাজার টাকা ছিল সেটা আমরা দুই হাজার টাকা করেছি। আমি দায়িত্ব নেবার পর বাঁকি আট বছরে আমার দপ্তর একটা নির্দিষ্ট লক্ষ্যমাত্রা নিয়ে চলেছে। ডাক্তার ভূঁইয়া যদি ইতিহাসের একটা চরিত্রই জেনে থাকে তাহলে সেটি নিয়ে আমার বিশেষণ করা ঠিক নয়। আরও আমি উল্লেখ করতে চাই ওয়ান টাইম ট্যাক্স সমস্ত ভেহিকেলসের ক্ষেত্রে করা হয়নি। সুতরাং তার আপত্তি করার প্রশ্নই উঠে না। টু হুইলারের ক্ষেত্রে এই

অ্যাডিশনাল ট্যাক্সটা ধরা হয়েছে। বাকি বিষয়গুলোর উপর আমরা অ্যাডিশনাল ট্যাক্স ধরিনি। যাত্রীবাহী গাড়ি যেগুলো নিয়ম মেনে চলে তাদের উপরে আমরা কোনও অ্যাডিশনাল ট্যাক্স ধার্য করিনি। অটো, মিনিবাস, ট্যাক্সি, মিটার ট্যাক্সি, বাস এই সমস্ত গাড়ির উপর ট্যাক্স ধার্য করা হয়নি। ম্যাটাডোর বা লরির উপরও আমরা ট্যাক্স ধার্য করিনি। কারণ আমরা জানি এই ট্যাক্স সাধারণ মানুষের উপরেই গিয়ে পড়ে। আমরা শুধু ট্যাক্স করেছি প্রাইভেট গাড়ির মালিকদের উপর, ট্যুরিস্ট ট্যাক্সির উপর, ট্যুরিস্ট বাস যারা পরিচালনা করে তাদের উপর আর আর্টিকুলেটেড ভেহিকেল যেগুলো আছে, বড় বড় রাস্তা জুড়ে যেগুলো চলে সেগুলোর উপর। এটা খুবই সামান্য অংশ, শতকরা দুজনও হবেন না। বাকি আটানব্বই শতাংশর উপর আমরা কোনও চাপ দিইনি। গত কয়েক বছর ধরে আমাদের ট্যাক্স আদায়টা অনেক বেড়েছে।

এতে আমাদের অনেক সমালোচনা থাকলেও নিশ্চয় খানিকটা যোগ্যতার পরিচায়ক। ১৭ কোটি টাকা ছিল সেখান থেকে আমরা এখন ৯৬ কোটি টাকা আদায় করছি। এই যে ৯৬ কোটি টাকা ট্যাক্স আদায় করছি, তার মধ্যে একটা হচ্ছে গাড়ির সংখ্যাটা বেড়েছে। এটা সৌগতবাবুর জানা নেই। একটা উদাহরণ দিলেই বুঝতে পারবেন। ১৯৭৭ সালে কলকাতা শহরে রেজিস্টার্ড গাড়ির সংখ্যা ছিল এক লাখ এবং ১৯৯৪ সালে এই মুহূর্তে রেজিস্টার্ড গাড়ির সংখ্যা হচ্ছে পাঁচ লাখ ৫০ হাজার। সুতরাং গাড়ি বেড়েছে, সারা রাজ্যে বেড়েছে এবং পঞ্চায়েতের কাজের জন্য গাড়ি বাড়াতে হয়েছে। আগে গ্রামের মানুষ ১০ মাইল, ১২ মাইল হেঁটে যেত বা গরুর গাড়ি করে যেত। রাস্তা ক্ষত-বিক্ষত হয়ে যেত। কাজেই গাড়ি বেড়েছে।

মানসবাবু আশঙ্কা প্রকাশ করেছেন পরিকাঠামোর বিষয়ে। আমাদের ট্যাক্স বৃদ্ধির আরেকটা কারণ হচ্ছে, আমরা কম্পিউটারাইজশেন করছি। ফলে আমরা কম্পিউটার ব্যবহার করা শুরু করে দিয়েছি। কলকাতা, বারাসাত, হাওড়া এই তিনটি জায়গায় আমাদের অভিজ্ঞতা হচ্ছে যে, এই ট্যাক্সের ডিমান্ডের ফাইল আমরা অনেক আগেই পাঠাতে পারছি। আগে পারা যেত না। যদি কেউ ট্যাক্স না দেন তাহলে ধরা পড়ে যাচ্ছে। না হলে তাড়াতাড়ি অ্যাকশন নিতে পারতাম না। সেটা পরের কথা। আমরা এটাকে সম্প্রসারিত করছি, এই বছরের মধ্যে আমরা আলিপুর, ব্যারাকপুর, বর্ধমান, আসানসোল ও শিলিগুড়িতে কম্পিউটারাইজেশন শেষ করব, আগামী বছর-এর মধ্যে শেষ হবে। আমরা এটা করছি। এখানে দালালের আধিক্য আছে। এই যে উনি বললেন সি. আই. টি. ইউ. অ্যাফিলেটেড কেউ বাধা দেবে না তো? আমি সি. আই. টি. ইউ.-এর অন্যতম সম্পাদক। রাজ্যে এরকম কোনও সংস্থাকে সি. আই. টি. ইউ. অনুমোদন দেয়নি, দেবেও না। তাহলে দালালের প্রয়োজন নেই, মানুষ লাইনে দাঁড়ালেই তিন মিনিটের মধ্যে কাজ পেয়ে যাবে। কাজেই আমরা যে ব্যবস্থা করছি, কম্পিউটারইজেশনের ব্যবস্থা সেটা ঠিক। দ্রুত গতিতে কাজ এগোচ্ছে এবং আমরা রেজাল্ট পাচ্ছি।

এবারে ট্যুরিস্ট ট্যাক্সি সম্বন্ধে যে কথাটা মানসবাবু তুলেছেন, গ্রামে গ্রামে মিটার ট্যাক্সির কিছু কিছু নিয়ম-কানুন মেনে চলতে হবে। সেই নিয়ম হচ্ছে ৫ জনের বেশি যাত্রী তুলতে পারবে না। তাদের ইউনিফরম পরতে হবে, যাত্রীকে রিফিউজ করা চলবে না, এই রকম কয়েকটা নিয়ম আছে। আপনি বলতে পারেন, সর্বত্র কি এই নিয়ম মানতে পারছেন? আমি বলব, না সর্বত্রই মানতে পারছি না। কিন্তু একটা প্রচেষ্টা শুরু হয়েছে এবং তার রেজাল্ট কিছু কিছু পাওয়া যাচ্ছে। ভবিষ্যতে আমরা ট্যুরিস্টে ট্যাক্সির ক্ষেত্রে এই নিয়মটা আনছি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আমাদের সময় শেষ হয়ে গেছে, সেই জন্য সভার সম্মতিক্রমে একটু সময় বাড়িয়ে দিচ্ছি। ২০ মিনিট বাড়ানো হ'ল।

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** কাজেই সেখানে গ্রামে এই মিটার ট্যাক্সি নেই। কলকাতা শহর বা মানিকতলা তো নয়। মিটার ট্যাক্সি যেখানে আছে, সেখানে এই আইনটা তাদের ক্ষেত্রে তুলে দেওয়া হয়েছে। আর যেখানে মিটার ট্যাক্সি আছে সেখানে এই আইনটা ট্যাক্সের আইনটা প্রযোজ্য হবে। এগ্রিকালচারে ট্রাক্টর ব্যবহৃত হোক এতে আমরা পক্ষপাতি। কিন্তু আমরা দেখছি ট্রাক্টর মাল বহন করছে আবার যাত্রীও বহন করছে। এই যে মাল এবং যাত্রী বহন করছে এবং যাত্রী বহন করছে তাতে প্যাসেঞ্জার গাড়ির মালিক এবং ট্যুরিস্ট ট্যাক্সির মালিক তাদের ক্ষতি হয়ে যাচ্ছে। আমি তো সবার ভাল করতে পারব না। ট্রাক্টর দেওয়া হয়েছে কৃষি কাজের জন্য, সেটা কৃষি কাজেই ব্যবহার করা হোক। মানুষ বা মাল পরিবহন করার জন্য নয়। যদি মানুষ বা মাল বহন করে, তাহলে যারা বাস, ট্যাক্সি, অটো, লরি চালাচ্ছে তাদের ক্ষতি হয়ে যাবে। সুতরাং ঐ আইনটা প্রয়োগ করতে হবে। প্রত্যেককে ঐ আইন-কানুন মেনে চলতে হবে।

এক্ষেত্রে আপনাদের আশঙ্কাটা অমুলক নয় যে সর্বক্ষেত্রে কি সেই পরিকাঠামো আছে? আপনারা ভাল ভাবে দেখলে জানতে পারবেন যে মোটর ভেহিকল অফিস—আপনি মেদিনীপুর সদরের কথা বলেছেন কিন্তু মোটর ভেহিকল অফিস আমাদের সাব ডিভিসন টাউনগুলিতে আছে। হয়ত যতটা ঠিক দরকার ততটা নেই কিন্তু আছে। এখন সেখানে আমাদের অফিসারদের ব্যবহার করতে হবে। যদি কেউ দুর্নীতি করে তাহলে আপনার মতোন যারা ভাল বিধায়ক আছেন—নিশ্চয় আমাদের সব বিধায়কই ভাল এবং নির্বাচিত প্রতিনিধি যারা আছেন পঞ্চায়েতের তারা সকলে মিলে যদি চেষ্টা করেন তাহলে প্রশাসনের উপর চাপ সৃষ্টি করে আমরা এই বেআইনি কাজ থেকে এই গাড়িগুলিকে মুক্ত করতে পারব। শুধু প্রশাসন দিয়ে সব কিছু হয়ে যাবে এটা আমিও ঠিক সবটা ভরসা করতে পারি না। এবারে কর আদায়ের ব্যাপার যেটা বলা হচ্ছে এবং এই প্রসঙ্গে যেসব কথাবার্তা বলা হয়েছে সে সম্পর্কে আমি কয়েকটি কথা বলতে চাই। তবে তার আগে একটা কথা আমাকে বলতেই হচ্ছে, রুট পারমিটের ক্ষেত্রে যে আমরা এখন রুট পারমিট দিচ্ছি না। প্রাইভেট বাস আমরা দিতে চাইছি না। এটা আমরা বহুবার ঘোষণা করেছি। আমরা দিচ্ছি না, ব্যাঙ্কও ফাইনান্স করছে না। ব্যাঙ্ক ফাইনান্স করা বন্ধ করে দিয়েছে। আমরা দিলেও দেব না। অন্য রাজ্যেও দিচ্ছে না। আপনারা জানেন যে যারা কোর্টের অর্ডার নিয়ে এসে করছে তারাই ফাইনান্সারদের কাছে যাচ্ছে। সুতরাং তাদের ভুগতে হবে। আইনকে বাইরে রেখে, আইনকে বুড়ো আঙ্গুল দেখিয়ে যদি কেউ আমাদের সরকারের সিদ্ধান্তকে পাল্টে দেবার চেষ্টা করে কোর্টের অর্ডার নিয়ে এসে তাহলে সেটা তাদের দায়িত্ব ভোগার। তারা ভুগবে। তার নিরশন আমি কিছু করতে পারব না। তবে ট্যাক্সের ক্ষেত্রে আমাদের যে দায়িত্ব সরকারিভাবে আছে তাতে আমাদের অফিসার যতটুকু আছেন তা দিয়ে ঐ গাড়ি অকশনটা আমরা আগে ভালোভাবে করতে পারতাম না। সেখানে অনেক বিধিনিষেধ ছিল। আর এত গাড়ি থাকবে কোথায়? একটা একটা থানার সামনে বা মোটর ভেহিকল অফিসের সামনে গেলেই দেখবেন বছরের পর বছর, মাসের পর মাস গাড়িগুলি পড়ে আছে, নেবার লোক নেই। ট্যাক্স তারা দেবে না। সেইজন্য আমরা বলেছি

টাকে আরও সরলিকরণ করা দরকার যাতে তাড়াতাড়ি এই অকশনগুলি আমরা করতে ারি। তা করতে পারলে দামও পেতে পারি। তাহলে আমরা ট্যাক্সটাও নিতে পারি আর াইনান্সার যারা টাকা দিয়েছেন তাদের সেই টাকাও আমরা ফেরৎ দেবার ব্যবস্থা করতে ারি। এ ছাড়া বিকল্প পথ নেই। তা না হলে এগুলি লোহালক্কড়ে পরিণত হবে, চুরি হয়ে বে ইত্যাদি। আর আমাদের সে রকম প্রোটেকশনেরও ব্যবস্থা তেমন নেই কারণ এগুলি াস্তার উপর পড়ে থাকে। বছরের পর বছর যদি এইভাবে সংখ্যা বাড়তে থাকে তাহলে শকিল। কাজেই এইভাবে আমাদের করতে হয়েছে। এবারে গাড়ি চলার ট্যাক্সের কথা যেটা লেন, অতীশবাবু নেই, এ সম্বন্ধে বলি, এটা আমাদের ব্যাপার নয়, কর্পোরেশনের ব্যাপার। টা আমাদের এখানকার কোনও বিষয় নয়। পরিশেষে দু/তিনটি কথা বলতে চাই। সৌগতবাবু কটি কথা ভালোভাবেই তুলছেন, ঐ প্যাসেঞ্জারস অ্যামেনিটিসের ব্যাপারটা। এ ব্যাপারেও ামরা সিদ্ধান্ত নিয়েছি। আমাদের একটাই হয়েছে শিলিগুড়িতে, আর করতে পারিনি। কিন্তু ামরা জমি সংগ্রহ করছি এবং সিদ্ধান্ত নিয়েছি। এ সম্পর্কে দ্রুত গতিতে কাজ চলবে বলেই ামার ধারণা। এটা হচ্ছে, প্রতি একশ কিঃ মিঃ অন্তর আমরা এই প্যাসেঞ্জার অ্যামিনিটিসগুলি ডভেলপ করার চেষ্টা করছি। আগামী এক বছরের মধ্যে হয়ত অনেকগুলি জায়গায় করতে ারব। এটা সত্যি পশ্চিমবাংলার ক্ষেত্রে একটা দুর্বলতা যে এই ধরনের প্যাসেঞ্জার অ্যামিনিটিসের ালচার আমাদের এখানে গড়ে উঠেনি। আমরা এই দুর্বলতা দূর করার চেষ্টা করছি। আর ছু কিছু রাস্তা যেগুলি আমাদের পরিবহন বিভাগের ক্ষমতার মধ্যে আছে তার সম্বন্ধে আমি লতে পারি—অন্য রাস্তাগুলি সম্বন্ধে আমি বলতে পারি না—যে যেমন স্ট্যান্ড রোড আমরা ন্ধ করে রেখেছি ঠিকই কিন্তু দেখবেন, এটা হবে কলকাতার সবচেয়ে ভাল রাস্তা। এটা ংক্রিটের রাস্তা হচ্ছে। সেন্ট্রাল এভিনিউ ছিল ৭ ইঞ্চি, এটা হবে ১১ ইঞ্চি। এ সম্বন্ধে িশেষজ্ঞদের রিপোর্ট হচ্ছে—ওরা আরও বেশি বলছেন, আমি এ ব্যাপারে একটু রক্ষণশীল, ামি বলছি অন্তত ২৫ বছর স্ট্যান্ড রোডে মেরামতের কোনও কাজের খুব একটা দরকার বে না।

এবার রাস্তা সম্পর্কে বলি—ধর্মতলা সেন্ট্রাল বাস টার্মিনাস সম্পর্কে শুনলে ভাল াগবে না। এর জমি ডিফেন্সের আওতায়। ওখানে একটা নর্দমা পর্যন্ত করার ক্ষমতা আমাদের নই। এই ব্যাপারে শারদ পাওয়ার যখন কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী ছিলেন, তখন তাকে বলা য়েছিল। ডিফেন্স থেকে বলা হয়েছিল যে ইকোয়েল ভ্যাল্যুতে ইকোয়েল পোর্সন অব ল্যান্ড িতে হবে এবং ইকোয়েল ভ্যালুয়েশন অব ল্যান্ড সন্ট লেকে হ্যান্ড করেছি, কিন্তু ওরা াবার ইকোয়েল ভ্যালুতে ল্যান্ড চাইছে। আমি বুঝতে পারছি না ইকোয়েল ভ্যালু বলতে রা কি বোঝাতে চাইছেন। কিছু মিলিটারি অফিসার, তারা গোলমাল পাকাচ্ছেন। আপনারা কন্দ্রীয় সরকারকে এই সম্পর্কে বলুন,এই ঝমেলা মিটিয়ে দিতে। আমরা আর্কিটেকচার নিয়োগ করেছি কিন্তু ফর্মাল পারমিশন পাচ্ছি না। আমাদের খুব খারাপ লাগে কলকাতার একটা সন্ট্রাল টার্মিনাস এর অবস্থা এই রকম। রাস্তার ব্যাপারে তপনবাবু বলেছেন সব রাজ্যেই যে াস্তা ভাল এবং আমাদের রাজ্যে রাস্তা খারাপ তা নয়। সৌগতবাবু সারা ভারতবর্ষ ঘোরেন, তনি জানেন দু একটা রাস্তা ছাড়া সব রাজ্যেরই রাস্তার অবস্থা খারাপ। আমাদের পরিবহন মন্ত্রী সম্মেলনে কেন্দ্রীয় ভূতল পরিবহন মন্ত্রী জগদীশ টাইটলার মন্তব্য করেছিলেন সারা

ভারতবর্ষে রাস্তার অবস্থা এত খারাপ যার জন্য পরিবহন শিল্পে টায়ার, যন্ত্রাংশ, তেল ইত্যাদি, তাতে ৬ হাজার কোটি টাকা অতিরক্ত ব্যয় হচ্ছে। আমরা খারাপ কিন্তু সারা ভারতবর্ষের যত খারাপ আমরাও ততটা খারাপ। ২৯ কোটি টাকা ন্যাশনাল হাইওয়ের জন্য বরাদ্দ ছিল, কিন্তু আমরা পেয়েছি মাত্র ৯ কোটি টাকা। কাজেই রাস্তাগুলো একটু খারাপ থাকবেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার মনে হয় সব কথা আমার বলা হয়ে গেছে প্রাসঙ্গিকভাবে। আমি আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Shyamal Chakraborty that the West Bengal Additional Tax and One-time Tax on Motor Vehicles (Amendment) Bill, 1994, be taken into consideration was then put and agreed to.

**Clauses 1 to 9 and Preamble**

There is no amendment to clauses 1 to 9 & Preamble.

The question that clauses 1 to 9 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Shyamal Chakraborty :** Sir, I beg to move that the West Bengal Additional Tax and One-time Tax on Motor Vehicles (Amendment) Bill, 1994, as settled in the Assembly, be passed.

**ডাঃ মানস ভূঁইয়া ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় তার বক্তব্য রাখলেন এবং আমরা শুনলাম। একটা ছোট্ট ব্যাপারে শুনতে চাইছি ২৯ কোটি টাকার জায়গায় আমরা ৯ কোটি টাকা পেয়েছি এটা জানালেন। কিন্তু যারা রাজ্যের অন্য যে রাস্তাগুলো আজকে বিপদজনক অবস্থায় রয়েছে আদার দ্যান ন্যাশনাল হাইওয়ে, সেই প্রসঙ্গে বললেন না। দ্বিতীয় কথা আমি একটা ক্লারিফিকেশন সিক করেছিলাম, যে কি করে ধরা যাবে আমাদের বর্তমানে যে পরিকাঠামো আছে ট্রাক্টারের ব্যাপারে, ট্রাক্টর চাষের কাজে লাগছে, কি করে ট্রাক্টারের মালিকদের কাছ থেকে ট্যাক্স আদায় করবেন, সেটা সঠিক ভাবে জানালেন না। উনি কলকাতা এবং হাওড়ার মিটার ট্যাক্সি সম্পর্কে ক্লারিফাই করলেন। কিন্তু গামাঞ্চলে বেকার যুবক, যারা ট্যুরিস্ট ট্যাক্সি লোন নিয়ে চালাচ্ছে, তাদের ক্ষেত্রে বিবেচনা করবেন, এই বিষয়ে আবেদন জানাচ্ছি।

গ্রামাঞ্চলে প্রয়োজন অনুযায়ী যেমন একজন বললে ট্যুরিস্ট ট্যাক্সি যেগুলো আছে তাতে ১০-১২ জন করে যাত্রী নেওয়া হয়। এটা খুবই খারাপ জিনিস। কিন্তু মানুষের মুহূর্তে বিবেচনার মধ্যে আমি আনতে পারছি না। পরবর্তীকালে আমরা এ সম্বন্ধে আলাপ আলোচনা করতে পারি।

The motion of Shri Shyamal Chakraborty that the West Bengal Additional Tax and One-time Tax on Motor vehicles (Amendment) Bill, 1994, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

## The West Bengal Central Valuation Board (Second Amendment) Bill, 1994

**Shri Ashok Bhattacharya :** Sir, I beg to introduce the West Bengal Central Valuation Board (Second Amendment) Bill, 1994.

(Secretary then read the Title of the Bill)

**Shri Ashoke Bhattacharya :** Sir, I beg to move that the West Bengal Central Valuation Board (Second Amendment) Bill, 1994, be taken into consideration.

**Mr. Deputy Speaker :** There is one amendment to the Bill by Dr. Manas Bhunia on the circulation for the purpose of eliciting public opinion. Dr. Manas Bhunia may now move your motion.

**Dr. Manas Bhunia :** Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting public opinion by the 31st March, 1995.

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, তড়িঘড়ি করে মাননীয় মন্ত্রী অশোকবাবু যে বিল নিয়ে এসেছেন তা সাংবিধানিক দায়বদ্ধতা করতে।

আমাদের বিরোধী দলের নেতা বলে ছিলেন এই সেশন ডাকা হয়েছে কারণ ৬ মাসের মধ্যে বিধানসভা ডাকতে হবে। এই ধরনের একটা দায়বদ্ধতা আমাদের থেকে গিয়েছে। এই বিলটা যেটা নিয়ে এসেছেন, সেই বিলটা আমরা আরও পর্যালোচনা করে আরও মতামত নিয়ে এই বিধানসভায় আনতে পারতাম। এই বিষয়ে আমি আবেদন করছি, আপনার মাধ্যমে মন্ত্রীর কাছে যে এটাকে আরও বেশি করে সাধারণ মানুষের সর্বস্তরে মতামত গ্রহণের জন্য এটাকে আপনারা ৩১ মার্চ ৯৫ সাল পর্যন্ত স্থগিত রাখুন। পরে সেটাকে আনা যাবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জটু লাহিড়ি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, আজকে মাননীয় পৌরমন্ত্রী দি ওয়েস্ট বেঙ্গল সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড (সেকেন্ড অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯৪ এবং দি ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল ইলেকশনস (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯৪ এখানে উপস্থিত করেছেন। আমার মনে হচ্ছে এই বিলগুলো এনে তিনি 'নেই কাজ তো খই ভাজ' বলে যে একটা কথা আছে তাই করছেন। যেহেতু হাউস চালাতে গেলে কিছু কাজের দরকার হয় সেহেতু তিনি হাউসের সামনে এই বিলগুলো উত্থাপন করেছেন। আমরা মাঝে মাঝেই দেখি উনি এরকম কিছু কিছু বিল এই হাউসে নিয়ে আসেন মিউনিসিপ্যালিটির ব্যাপারে। অথচ মিউনিসিপ্যালিটির আসল কাজ-কর্ম ঠিকমতো রাজ্যের কোথাও হচ্ছে কিনা সে ব্যাপারে ওর কোনও চিন্তা ভাবনা দেখতে পাই না। একটা অদ্ভুত কায়দায় সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড স্থাপিত হয়েছে, কিন্তু কিসের স্বার্থে হয়েছে? যখন প্রথম হাওড়ায় সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ডকে দিয়ে ভ্যালুয়েশন বা অ্যাসেসমেন্ট করানো হয় তখন আমরা প্রতিবাদ জানিয়েছিলাম। আমরা দেখেছি সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড হাওড়ায় সব ক'টা ওয়ার্ডে—৫০টা ওয়ার্ড—তাদের কাজ

করতে পারেনি। যে ওয়ার্ডগুলোর তারা কাজ করেছিল সে ওয়ার্ডগুলোয় তাদের কাজকে ইমপ্লিমেন্ট করার সময় সেখানকার মানুষরা ব্যাপক বিক্ষোভ দেখিয়েছিল। কারণ যে এলাকার সামাজিক এবং অর্থনৈতিক পরিস্থিতি সম্পর্কে যাদের কোনও রকম জ্ঞান নেই তাদের দিয়ে সেই এলাকার অ্যাসেসমেন্ট করানো হয়েছিল। পরবর্তীকালে মানুষের চাপে হাওড়া থেকে সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ডকে উইথড্র করে নেওয়া হয়েছিল। মাঝখান থেকে হাওড়া কর্পোরেশনে যে কাজ করেছিল সেটা ডিফ্যাংট হয়ে গিয়েছিল। এখন সরকার থেকে নিয়ম করা হয়েছে—সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড সব জায়গায় যাবে অ্যাসেসমেন্ট করার জন্য। অথচ এই সরকারের পক্ষ থেকে বা সরকারি দলের পক্ষ থেকে দাবি জানানো হয়, রাজ্যের হাতে অধিক আর্থিক ক্ষমতা দিতে হবে, ক্ষমতার বিকেন্দ্রকরণই চাই। মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন, সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড তৈরি করে কি আপনার মিউনিসিপ্যালিটি বা কর্পোরেশনের ক্ষমতাকে কুক্ষিগত করছেন না? যেখানে মিউনিসিপ্যালিটি বা কর্পোরেশনের অ্যাসেসমেন্ট ডিপার্টমেন্ট আছে—যাদের নিজ নিজ এলাকায় ভ্যালুয়েশন অ্যাসেসমেন্ট করে ট্যাক্স ধার্য করার কথা সেখানে তাদের সেই অধিকার কি আপনারা কেড়ে নিচ্ছেন না? এর মধ্যে দিয়ে কি আপনার কনসার্ন্ড মিউনিসিপ্যালিটির, কনসার্ন্ড কর্পোরেশনের ডিপার্টমেন্টাল অফিসারদের এবং অন্যান্য স্টাফদের আইডেল এবং ডিফ্যাংট করে দিচ্ছেন না? যখন আপনারা কন্ট্রাক্ট প্রথার বিরুদ্ধে কথা বলেন, কলে-কারখানায় ঠিকাদারি প্রথা চলবে না বলেন, কলে-কারখানায় নিয়মিত শ্রমিক নিয়োগ করতে হবে বলেন তখন '৯৩ সালে সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ডের অ্যামেন্ডমেন্ট নিয়ে এলেন। আজকে আবার একটা সেকেন্ড অ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছেন। আপনারা '৭৭ সালে ক্ষমতায় আসার পর থেকে দীর্ঘ সময় ধরে দেখলেন যে, যে সমস্ত কর্মচারিদের আপনারা বিভিন্ন ক্ষেত্রে নিয়োগ করছেন তারা সঠিক দায়-দায়িত্ব নিয়ে কাজ করেন না। কাজ করবে কি করে? আপনারা যে ওয়ার্ক কালচার নষ্ট করে দিয়েছেন এবং সেটা এখন মর্মে মর্মে বুঝতে পারছেন। রাইটার্স থেকে শুরু করে পৌরসভা পর্যন্ত, কোথাও কোনও সরকারি দপ্তরে কাজ হয় না। কর্মচারিদের দিয়ে কাজ হবে না বুঝেই, আপনারা সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড নিয়োগ করার ব্যবস্থা করলেন ভ্যালুয়েশন এবং অ্যাসেসমেন্ট করার জন্য। আপনার আপনাদের নিজেদের অভিজ্ঞতায় দেখলেন কর্মচারিরা কাজ করছে না।

সুন্দরভাবে কায়দা শুরু করলেন ঠিকাদার প্রথা, কন্ট্রাক্ট প্রথা। গতবার অ্যামেন্ডমেন্ট করে বিজ্ঞাপন দিয়ে দিলেন যে লোক চাই ভ্যালুয়েশন করবার জন্য। কি বললেন? সেবার ভ্যালুয়ার, সার্ভেয়ার করে একটা নিয়ম করলেন। কি করলেন? রেজিস্টার্ড ভ্যালুয়ার অ্যান্ড সার্ভেয়ার চাই বলে বিজ্ঞাপন দিলেন কাগজে এবং কোয়ালিফিকেশন মার্ক করে দিলেন। কিন্তু পেলেন না। এবারে আপনারা গ্রেড (২) করেছেন যেটা আগে ছিল না। আপনারা ভ্যালুয়ার সার্ভেয়ার গ্রেড-(১) এর জন্য লোক চাইলেন এবং কোয়ালিফিকেশন বার রাখলেন যে ১০ বছরের এক্সপেরিয়েন্স থাকবে। Registered valuer, surveyor may be sent provided that they should have the necessary qualification. কিন্তু যে এক্সপেরিয়েন্স চাইলেন কাগজে-কাগজে বিজ্ঞাপন দিয়ে তার সম্যক সাড়া পেলেন না। ফলে এবারের বিলে এটা নিয়ে এসেছেন, আপনারা ভ্যালুয়েশন নামটা রাখলেন, কিন্তু কোনও দায়-দায়িত্ব আপনাদের থাকবে না। ফিনান্সিয়াল মেমোরান্ডাম দিয়ে দিলেন। ফিনান্সিয়াল দায়িত্ব আপনাদের আসছে না

অর্থাৎ সুন্দরভাবে কায়দা করে কোনও দায়িত্ব ঘাড়ে না নিয়ে অপরের ঘাড়ে তুলে দিলেন, অথচ রোজগারের ব্যবস্থা থাকবে। এখানে আপনি বলেছেন, প্রত্যেককে একটা রেমুনারেশন, একটা চার্জ দিতে হবে। ভ্যালুয়েশন বোর্ডে আপনাদের হয়ে যারা কাজ করবে এদের জন্য আপনি কি চাচ্ছেন? আপনি চাচ্ছেন সিভিল ইঞ্জিনিয়ার অর ইক্যুইভালেন্ট অর্থাৎ ডিপ্লোমা হোল্ডার পর্যন্ত। একদিকে আপনি বলছেন ১০ বছর যাদের এক্সপেরিয়েন্স আছে যারা বড় বড় শহরগুলিতে ভ্যালুয়েশন করবে তাদের জন্য চাচ্ছেন সিভিল ইঞ্জিনিয়ার। কিন্তু সেক্ষেত্রে আপনি সম্যকভাবে সাড়া পাননি। সেইজন্য এখন নেমে এসেছেন ৫ বছরের অভিজ্ঞতা, এবং ২ বছরের অভিজ্ঞতায়। গ্রেড (২)-তে বলছেন, In case of diploma holder, civil Engineer or equivalent. আর কি চাচ্ছেন, graduate engineer or possessing equivalent qualificatin. গ্রেড (২)-তে ২টো সিস্টেম করেছেন। গ্রেড-(১) যারা কাজ করবেন তাদের ১০ বছরের অভিজ্ঞতা এবং সিভিল ইঞ্জিনিয়ার। এদের জন্য ডিপ্লোমা হোল্ডার হলেও হবে। কারণ কি? কারণ বুঝে গেছেন, সেন্ট্রাল ভ্যালুয়েন বোর্ড যখন মিউনিসিপ্যালিটি বা কর্পোরেশনে যাবে—আপনারা এটা ভেবেছেন কি যে মানুষের উপর কত ট্যাক্সেশন চাপবে? একদিকে আপনাদের অফিসার, আপনাদের ভ্যালুয়েশন বোর্ডের স্টাফ তারা নিয়োগ করবে এবং তারা সাধারণ মানুষের উপর যেভাবে ট্যাক্সেশন করবে তার যে চার্জ, একটা ফি করে নাম এন্ট্রি করার জন্য রেজিস্ট্রেশন করতে যেটা হবে সেই টাকা তোলা হবে কাদের কাছ থেকে? সাধারণ মানুষের কাছ থেকে এবং এই ট্যাক্সেশন যথেচ্ছভাবে করা হবে। সেটা কলকাতায় হোক, হাওড়াতে হোক আর অন্য যে কোনও জায়গায় হোক। ছোট ছোট শহরে অনেক ছোট ছোট মিউনিসিপ্যালিটি আপনারা যত্রতত্র খুলে দিয়েছেন। শুধু খোলা নয়, যখন নির্বাচন এসে যাচ্ছে তখন যেই অ্যাসেসমেন্ট করে দেখছেন যে আপনারা ক্ষমতায় আসতে পারবেন না, অমনি ৫/৬টি ওয়ার্ড যোগ করে দিচ্ছেন। কিন্তু সেইসব মিউনিসিপ্যালিটির কোনও কাজ হচ্ছে না। পয়সার অভাবে রাস্তা-ঘাট ভাঙা-চোরা। কোনও সিভিক অ্যামিনিটিজ কনসার্ন্ড মিউনিসিপ্যলিটি বা কর্পোরেশনের লোকগুলি পাচ্ছে না।

অথচ আপনি যে অ্যাসেসমেন্ট কনসার্ন্ড মিউনিসিপ্যালিটি করতে পারে এটা আপনি না করিয়ে এই ভ্যালুয়েশন বোর্ড করিয়েছেন এবং ভ্যালুয়েশন বোর্ড আপনার নিজের স্টাফ দিয়ে করবার ক্ষমতা নেই, কোনও দায় দায়িত্ব না নিয়ে রোজগারের পথটা আপনার কাছে থাক একটা ফিস আপনি রেজিস্টেশন করবেন আপনার স্টাফ তারা এনলিস্টেড করবে, এদের দিয়ে কাজ করিয়ে সাধারণ মানুষ যারা টাকা না দেবে তাদের ভ্যালুয়েশন বাড়াবে। ফলে ব্যাপক অসন্তোষ সর্বত্র শুরু হয়ে গেছে এতে ভীষণভাবে দুর্নীতি হবে। আমি আবার বলছি এই সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড বিলটা আনার আগে আপনি পুনর্বার ভাবুন। যা করতে যাচ্ছেন তাকে ঠিকমতো চালাবার মতো আপনার অফিসের পরিকাঠামো তৈরি করুন। যখন ঠিকাদারি প্রথার নিন্দা করছেন যখন আপনি বলছেন যে একেবারে পার্মানেন্ট নিয়োগ দেওয়া হবে সেখানে আপনি রাজ্য সরকার, আপনি নিজের আচরণ ঠিক না করেন তাহলে সারা পশ্চিমবঙ্গে অজস্র খেটে খাওয়া মানুষ এখানে বঞ্চিত হবে। এই সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড যা মিউনিসিপ্যালিটি বা কর্পোরেশন তারা অ্যাসেসমেন্ট ভ্যালুয়েশন করতে পারে। ঠিকাদারি প্রথায় কায়দা করে ডিপ্লোমা হোল্ডার, সিভিল ইঞ্জিনিয়ার নিজের দায়িত্ব পালন না করে

তাদের দিয়ে করাবেন এটা ঠিক হচ্ছে না। আর একটা জিনিস বলব এই সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড হাওড়া কর্পোরেশন যে ভ্যালুয়েশন তারা করলেন এর ফলে যে ব্যাপক বিক্ষোভ হল তাতে আপনাদের ক্যাডাররা কায়দা করে বললেন আমরা তো কিছু করিনি, সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড এটা কেন্দ্র থেকে সেন্ট্রাল থেকে করা হয়েছে। একটা চক্রান্ত করে যাচ্ছে, আপনারা পশ্চিমবঙ্গে ভ্যালুয়েশন বোর্ড তৈরি করেন কায়দা করে ছল চাতুরি করে সেন্ট্রালের নাম দিয়ে চলেছেন। সেজন্য বলছি, মাননীয় সদস্য ডঃ মানস ভুঁইয়া যে অ্যামেন্ডমেন্টটা এনেছেন সেটা দেখুন, ঐ সেন্ট্রাল কথাটা তুলে দিন। সেই সঙ্গে বলি আপনি পৌর মন্ত্রী কিছুদিন আগে আপনি এবং মাননীয় অসীমবাবু হাওড়ায় গিয়েছিলেন, সেখানকার রাস্তা ঘাট দেখে এসেছেন, আজকে মিউনিসিপ্যাল অ্যামেন্ডমেন্ট বিল এনেছেন, ইঞ্জিনিয়ার, চিফ আর্কিটেক্ট অনেক কিছু চাই, তাদের ক্ষমতার কথা বলেছেন তারপর আবার ৩ লাখের উপর পপুলেশন হলে বোরো কমিটি তৈরি করবেন, আপনি জানেন কি—এখানে আর একজন বিধায়ক রয়েছেন, মাননীয় লগনদেও সিং তিনিও কাউন্সিলার ছিলেন তাকে জিজ্ঞাসা করুন বোরো কমিটির ক্ষমতা কি আছে? আপনি অজস্র কমিটি, অফিসার, আমলা তৈরি করেছেন তাদের ফাংশনটা কি? মানুষের জন্য কাজ করতে গেলে অর্থ কোথা থেকে আসবে? আপনারা যখন বাজেট করেন কোনও মিউনিসিপ্যালিটি, বা কোনও কর্পোরেশনকে কত টাকা দেবেন, কোনও নীতি নির্ধারণ করেন না, ফলে দেখা যায় টাকা থাকে না, কোনও টাকার ভিত্তিতে করা হবে? শুধু মাইনে দিতেই শেষ হয়ে যাচ্ছে। কোনও কাজ হচ্ছে না। নূতন করে বোরো কমিটি করবেন? বোরো কমিটির মাধ্যমে একটা টাকারও কাজ হয় না। আপনি নিজে গিয়েছিলেন হাওড়ার রাস্তা ঘাট দেখে এসেছেন? আইন এনেছেন, আইনগুলি ইম্প্লিমেন্টেশন করুন। কাজ যদি না করবেন তাহলে শুধু বিল এনে বিলের বাহার করবেন? তাই আপনি আজকে যেটা এনেছেন তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-55 — 4-05 p.m.]

**श्री लगनदेव सिंह** :- माननीय डिप्टी स्पीकर सर, माननीय मंत्री ने हमारे सामने जो सेन्ट्रल भेलुएसन वोर्ड सकेन्ड एमेन्डमेन्ट विल १९९४ पेश किए है, मै उस विल का समर्धन कर रहा हूं। यह जो विल १९७८ मे लाया गया और १९९३ मे और दुसरी वार १९९४ मे एमेन्डमेन्ट की आवयकता पड़ी है। विल की विरोधीता करते हुए कांग्रेस वेन्च की ओर से जो वक्तव्य रखे उन्होने कहा कि हाउस मे यह विल जल्दीबाजी मे लाया गया है। लेकिन इस विल के मुख्य उदेय से कोई लाभ नही होगा। मै समझ रहा हूं कि हमारे कांग्रेसी वन्धु जोटु लाहिड़ी इस विल की गहराई को नही समझ पाए है। सेन्ट्रल भेलुएसन वोर्ड हावड़ा के लिए वल्कि पुरे पश्चिम वंगाल के पैमाने पर जो लेन्ड भेल्यु है प्रोपरटी भेल्यु है अर्वन इलाकों मे शहरी इलाको मे उसपर निगरानी रखना उसपर नजर रखना। और इसके तहत विभिन्न इलाकों मे जो अर्वन वांडीज है और उसका जो तर्जुवा है उसके आधार पर काम करना। कुछ जगह सहयोग नही भी मिल रहा है। अभी कुछ दिन पहले हावड़ा म्युनिसिपल कारपोरेशन

के अन्दर जो भेलुएसन बोर्ड का गठन किया गया है उसके साथ सहयोग नही किया जा रहा है। कांरपोरेशन जव गलत काम करने वालो के खिलाफ खड़ा होती है तो कुछ लोग अड़ंगा लगाने के लिए तैयार रहते है। कुछ दिन पहले एसेसमेन्ट डिपार्टमेन्ट ने कठोर कदम उठाना शुरु किया तो तो कांग्रेसी कुसदस्यो ने वहां नागरिक गणतांत्रिक कमिटि के लोगों को उक्सा कर विलिडिंग प्रमोटरो के खिलाफ चलाए जा रहे अभियान मे रुकावट डालने की साजिश की। और उठाए जा रहे कदम को कारगर नही होने दिया। मै माननीय मंत्री सें कहना चाता हूं इसपर सख्त कदम उठाए। और आने वाले दिनो मे जो प्रमोटरो द्वारा जंगलराज कायम करने की कोशिश की जा रही है उसपर कड़ी निगाह रखने की जरुरत है। सेन्ट्रल भेलुएशन वोर्ड इस दिशा मे अग्रसर है। प्रोपर्टी भेल्यु को कम आंककर जिसतरह लाखो रुपया सरकार को चुना लगाने की जो प्रवृति वन गई है उसपर रोक लगाने मे मदद मिलेगी। सेन्ट्रल भेल्युएशन वोर्ड द्वारा दूरगामी कदम उठाया जा रहा है। हमारे साथी जोटु लाहिड़ी कहे कि इसकी क्या आवशयकता है। मे कहना चाहता हूं इसकी आवशयकता है। फिर मै कहना चाहूंगा कि ये किस वात का विरोध कर रहे है समझ मे नही आता। यह तो कोई नया विल नही है पिछले साल अक्टूवर मे जो विल पास हुआ था उसमे कही-कही कुछ संशोधन की आवशयक्ता महसुस हुई इसलिए यह संशोधनी लाया गया। इससे एसेसमेन्ट डिपार्टमेन्ट को काम करने मे सुविधा होगी। इल पेड सटाफ से काम लेगी जो कि एक्सपिरियेन्स रखते है जो वहुत दिनो से काम कर रहे है।

इससे पहले अर्वन वांडीज को काम करना मुशकिल होता था जो स्थिति अभी भी वरकरार है। उदाहरण के रुप मे हावड़ा, कलकता शाहर मे जो जमीन का कागजा मूल्य ५ हजार १० हजार कटा मूल्य है। विलिडंग प्रमोटर वही जमीन को एक लाख २ लाख ३ लाख रुपये मूल्य पर वेचते है। ओर इससे कारपोरेशनो को रेभन्यु नही मिलता है। जिस तरह से कांरपोरेशन वांडीज के तहत इलाको मे, म्युनिसिपलिटी के द्वारा विकाश होना चाहिए नही होपाता है। राज्य सरकार द्वारा विभिन्न म्युनिसिपलीटियो पर करोड़ो रुपया खर्च किया जा रहा है। लेकिन सड़को के विकास, रास्ता घाट के विकास का कोई काम नही हो पा रहा है। अपने जो सीमित साधन उपलब्ध है उसी से कुछ विकास का काम हो पाता है। म्युनिसिपलीटी मे मल्टी स्टोरीड विल्डिंग वढ रहे है लेकिन विलिडिंग रुल के कुछ सुविधाओ का लाभ उठाकर भेकेन्ट जमीन पर प्रमोटर विलिडंग खड़ा कर देते है लेकिन कांरपोरेशन को म्युनिसिपलीटी को नही के वरावर पैसा मिलता है। म्युनिसिपलीटी के फण्ड मे जो पैसा आना चाहिए वह नही

मिल पाता है इसलिए अपने इलाके मे विकाश कर पाने मे असुविधा होती है। कारपोरेशन का, सेन्ट्रल भेलुएसन वोर्ड का जितना पैसा प्रमोटर हजम कर जाते है अगर सही रुप मे मिले तो कारपोरेशन को राज्य सरकार के उपर निर्भर रहना नही पड़े और वह काफी विकाश कर सकती है। इस विल का मुख्य यही उद्वेशय है। साथ ही हमारे कांग्रेसी वन्धु कहे जल्दीवाजी मे, तो एसी कोई वात नही है। यह भेलुएशन वोर्ड विल ९० मे लाया गया और ९३ साल मे एमेन्डमेन्ड किया जो लोग क्वाईलिफाई है १० वर्ष से का एवसपीरियन्स है, क्वाइलिफाइड है, भेल्युर है इसमे ऐसे लोगो को ही लिया गया। अव डिपार्टमेन्ट एसे एक्सपीरियेन्सड इन्जीनियर ग्रेड-२ डिप्लोमा होल्डर ग्रजुयट इन्जीनियर से सुचारु रुप से काम लिया जाए।

सर, आशचर्य होता है जव देखता हूं हावड़ा स्टेशन के वगलमे जो जमीन है जमीन का एसेसमेन्ट डिपार्टमेन्ट द्वारा उसका एसेसमेन्ट ४-५ हजार रुपया होता है कुछ सो रुपया टेक्स आया। जी० टी० रोड के वगल की जमीन, सव का एक ही हाल है। लाखो रुपया का चुना कांरपोरेशन को लगा दिया जाता है। जमीन का जो काला वाजारी होता है उनके उपर अंकुश लगाकर कारपोरेशन का रेभन्यु वढ़ाया जा सकता है और इस एमेन्टमेन्ट के पास हो जाने से जमीन का जो दाम घाटाकर एसेसमेन्ट करवा लेते थे वो मुशिकल होगा। इसी के लिए यह एमेन्डमेन्ट किया जा रहा है। काम को और सरल कर दिया जा रहा है। अनुभवी इन्जीनियर द्वारा काम कराया जाएगा लोगो को कम परेशानी होगी। इसलिए मै नही समझता विरोध करने की वात है। वोरो के जरिए काम पर निगरानी रखी जाएगी। कांग्रेसी वन्धु वोरो कमिटि पर अवजेक्सन कर रहे थे। वामफन्ट सरकार सता का विकेन्द्रीकरण मे विशवास रखती है। इसी ध्यान मे रखते वोरो कमिटि वनायी गई है। पंचायत इलाको मे भी सता का विकेन्द्रीकरण कर जिसतरह से काम कराया जा रहा है शहरी इलाको मे वोरो कमिटि के जरीए १०-१० वार्डो को जो छोटे-छोटे काम है इसके जरिए करने की कोशिश की जा रही है। प्रयास किया जा रहा है। पहले जो छोटे-छोटे काम के लिए कांरपोरेशन दोड़ना पड़ता था। छोटे-छोटे काम के लिए किस तरह से मेयर का दरवाजा खटखटाना पड़ता अव छोटे कामो को वोरो कमिटि के जरिए विकाश का काम करती है। इसतरह कारपोरेशन पर काम का वोझ भी कम हुआ है। हां जितना सफल होना चाहिए था उतना सफल नही हो पा रहा है। इसकी क्षमता सीमित है।

केन्द्र सरकार से जो भी रुपया पैसा राज्य सरकार को मिलना चाहिए, नही मिल रहा है। जिससे विकाश का अवरुद्व हो रही है फिर भी राज्य सरकार जनता

की आवशयकतो को पुरा करने के लिए कटिवद्व है, वह विकाश कार्यो को पूरा कराने मे सदा तत्पर रहती है। और यह एमेन्टमेन्ट भी इसी दिशा मे डठाया गया एक कदम है। माननीय मंत्री ने जो विल के माध्यम से रखा है इसमे विरोध करने जैसी कोई बात नही है। इसमे सब सहयोग करे। मै यही कहना चाहता हूं इसकी आवशयकता है क्योकि इसके बिना प्रमोटरो द्वारा जो जमीन का नो-छो किया जाता है वह रुक नही सकती उसपर अंकुश लगाने के लिए जमीन की कालावाजारी रोकने के लिए इसकी आवशयकतापड़ी है। यही कहते हुए एकवार फिर इसका समर्थन करते हुए आपनी वात खत्म करता हूं।

[4-05 — 4-15 p.m.]

**শ্রী প্রবোধচন্দ্র পুরকায়েত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে যে পৌর বিল আনা হয়েছে তাতে সরকারের হাতে ক্ষমতা নেওয়ার প্রয়াস নেওয়া হয়েছে। পৌর সভাগুলির নির্বাচনের জন্য একটা কমিশন ছিল, তার হাত থেকে ক্ষমতা কেড়ে নিয়ে সরকারের হাতে নেবার প্রয়াস, ক্ষমতা সরকারের হাতে কেন্দ্রীভূত করবার প্রয়াস এই বিলের মাধ্যমে করা হয়েছে। পৌরসভার ওয়ার্ডের যে সীমানা তার পুনর্বিন্যাস করার ক্ষমতা নিয়ে নেওয়া হচ্ছে। এই ক্ষেত্রে স্বশাসিত একটা সংস্থার ক্ষেত্রে যদি নির্বাচন কমিশনের হাতে এই সীমানা নির্ধারণের দায়িত্ব দেওয়া হত, সেটা নিরপেক্ষ হত। কিন্তু এখন সরকার সেই ক্ষমতা কমিশনের হাত থেকে নিজের হাতে নিচ্ছে। এখন সরকার ওয়ার্ডের সীমানা নির্ধারণ করবে। তা ছাড়া এখানে যে কর্মচারী নিয়োগ করা হবে সেই নিয়োগের ক্ষেত্রে সরকার নিজেই সেই দায়িত্ব নিচ্ছে। তাদের বেতন দেওয়ার ক্ষেত্রে সরকার দায়িত্ব নেবেন বলেছেন। একটা সংস্থাকে স্বশাসিত করতে হলে, সাধারণ প্রতিনিধিদের দ্বারা পরিচালিত করতে হলে, তাদের গণতান্ত্রিক অধিকার দিতে হলে ক্ষমতার বিকেন্দ্রীকরণ দরকার। কিন্তু এই ক্ষেত্রে ক্ষমতা কেন্দ্রীভূত করা হচ্ছে। এক দিকে বলা হচ্ছে স্বশাসিত সংস্থার হাতে ক্ষমতা দেওয়ার কথা, অপরদিকে সরকার এই সমস্ত কর্মচারী নিয়োগ থেকে আরম্ভ করে সমস্ত কিছু নিজের হাতে রেখে দেবার প্রয়াস নিচ্ছে। তাদের চাকুরি নিয়ন্ত্রণের ক্ষমতা পৌর বোর্ডগুলির উপর না রেখে সেটা সরকার সরাসরি নিজের হাতে রাখছেন। এই ক্ষেত্রে মাননীয় মন্ত্রী মহাশয় পরিষ্কার করে বলে দেবেন এই বিলের প্রকৃত উদ্দেশ্য কি? একটা আশঙ্কা থেকে যাচ্ছে আগামী দিনে সরকার এই পৌর বোর্ডগুলিকে নিয়ন্ত্রণে রাখবার জন্য, নিজের রাজনৈতিক উদ্দেশ্য সাধন করবার জন্য এই বিল আনা হচ্ছে। যখন যে সরকার ক্ষমতায় আসবে তখন এই আইনের বলে পৌর বোর্ডগুলিকে নিয়ন্ত্রণ করবার চেষ্টা চালাবেন। সেইজন্য এই বিল সম্পর্কে জনগণের যথেষ্ট সন্দেহ থেকে যাচ্ছে। তাই আমি বলতে চাই মন্ত্রী মহাশয় যখন বলবেন তখন সুস্পষ্ট ভাবে বলবেন আপনি কি করতে চাইছেন। বিলটাকে বিরোধিতা করবার প্রশ্ন ওঠে না। আমাদের যে আশঙ্কা সেই আশঙ্কার ব্যাপারে উল্লেখ করে আশা করি মন্ত্রী মহাশয় বলবেন। আশা করি মন্ত্রী মহাশয় আমাদের এই সন্দেহ নিরশন করবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মল দাস ঃ** স্যার, আমি প্রথমেই ওয়েস্ট বেঙ্গল সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড

(সেকেন্ড অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯৪ যেটি আনা হয়েছে তাকে সমর্থন করছি। আমি বুঝতে পারলাম না যে মাননীয় কংগ্রেসি বন্ধুরা এটার কেন বিরোধিতা করছেন? আজকে সম্পত্তির যে ভাবে পুনর্বিন্যাস হচ্ছে, যেভাবে মূল্যবৃদ্ধি হচ্ছে এবং পরিষেবা পরিচালনায়, বিশেষ করে আমাদের রাজ্যের মিউনিসিপ্যালিটি এবং কর্পোরেশন নাগরিকদের সুখ স্বাচ্ছন্দ বৃদ্ধি করবার জন্য যে সমস্ত ব্যবস্থা গ্রহণ করছেন, সেখানে যে সম্পত্তি আছে তার ভ্যালুয়েশনের উপরে ট্যাক্স ধার্য করার যে ব্যবস্থা বর্তমানে আমাদের আছে তাতে খুব ফলপ্রসূ হচ্ছে না। সুষ্ঠুভাবে এটা যাতে হয় তারই জন্য এই বিল। আমি আশা করেছিলাম যে বিরোধী দলের বন্ধুরা এটিকে সমর্থন করবেন। এখানে সবিনয়ে যে কথা বলা যায়, এখানে বিলে এই কথা বলা হয়েছে যে বিজ্ঞাপন দেওয়া হয়েছে অথচ কোয়ালিফায়েড ইঞ্জিনিয়াররা আসছেন না। সেজন্য সেখানে সার্ভেয়ার নিয়োগের যে ব্যবস্থা তা এই বিলে রাখা হয়েছে। এটিকে সমর্থন না করার কোনও কারণ নেই। সার্ভেয়ার যারা আসবেন তারা কম এক্সপিরিয়েন্সড তারা যাতে সঠিকভাবে ভ্যালু নির্ধারণ করতে পারেন তারজন্য মনিটারিং দরকার। মিউনিসিপ্যালিটিসের যে সমস্ত কর্মকর্তা ও অফিসার আছেন, সার্ভেয়ারদের উপরে তাদের মনিটারিংটা সঠিক ভাবে হওয়া দরকার। কারণ আমরা দেখেছি যে অনেক সার্ভেয়ার যে সমস্ত বাড়ি ও জমি সার্ভে করেন, মালিকের সাথে যোগসাজস করে এটা করেন। আমরা জানি যে বহু কারখানায় এটা ঘটেছে। মাননীয় মন্ত্রীকে সেই ব্যাপারে অ্যাসিওর করতে হবে। একটা এলাকায় একটা সম্পত্তির যে দাম, সেখানে যদি খুব বেশি হেরফের হয় তাহলে রি-অ্যাসেসমেন্ট বা রি-ভ্যালুয়েশনের সুযোগ থাকে। সেখানে কংগ্রেসি বন্ধুরা আশঙ্কা প্রকাশ করেছেন। মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন তাতে ভ্যালুয়াররা যে ভ্যালু নির্ধারণ করবেন তা দেখার যথাযথ ব্যবস্থা তিনি রাখবেন। তারজন্য যে ইনফ্রাস্ট্রাকচার দরকার তা এই মুহূর্তে না থাকলেও নিশ্চয়ই তা গড়ে উঠবে বলে আমি মনে করি। শিলিগুড়ি হচ্ছে মন্ত্রী মহাশয়ের শহর। সেটি একটি গন্ডগ্রাম ছিল, আজকে সেটি মহানগরীতে পরিণত হয়েছে। সেখানে আজকে কর্পোরেশন হয়েছে। সেখানে বাড়িঘরের ও সম্পত্তির মূল্য সাংঘাতিক বৃদ্ধি হয়েছে। সেখানে প্রপারলি ভ্যালু নির্ধারণ করে যার যা দেয় তা যদি কর্পোরেশন বা মিউনিসিপ্যালিটি না পায়, তাহলে নাগরিকদের পরিষেবা কি করে অ্যাসিওর করবে? সেজন্য আজকে এই বিলটি সঠিক সময়েই আনা হয়েছে। এটি গৃহীত হবার পরে যাতে এটি নিশ্চিত করে করা যায় তা করবেন বলে আমি আশা রাখি। এই বিল গৃহীত হওয়া মানে নাগরিকদের যে পরিষেবা তাকে অ্যাসিওয়ার করা।

[4-15 — 4-25 p.m.]

শুধু তাই নয়, আজকে অর্থনৈতিক পরিস্থিতি এমন একটা জায়গায় পৌঁচেছে যে প্রকৃতপক্ষে সম্পদ আহরণের জন্য শুধুমাত্র সরকারের উপরে নির্ভর করে লোক্যালি চেষ্টা করতে হবে। তাই স্থানীয় ভিত্তিতে পঞ্চায়েতি রাজ করে সম্পদ সংগ্রহের ব্যবস্থা করা হয়েছে। সেখানে মিউনিসিপ্যাল কর্পোরেশনগুলো যাতে সেই জায়গায় প্রকৃতপক্ষে পদক্ষেপ হিসাবে ব্যবস্থা নিতে পারে এবং সেখানে এই বিলের ভেতরে যে অ্যাসেসমেন্টের কথা বলা হয়েছে সেখানে যাতে ঠিকমতো ব্যবস্থা নেয় এবং খুশিমতো যাতে করতে না পারে যাতে ডিরেল না হয়, দুর্নীতি না হয় এবং মিনিস্টার যাকে দিয়ে অ্যাসেস করাবেন তিনি যেন দুর্নীতিগ্রস্ত

না হন। মন্ত্রী মহাশয় যাতে যেভাবে পরিকাঠামো গড়ে তোলার ব্যবস্থা করবেন সভায় বলে সেটা অ্যাসিওর করেন। আপনার উদ্দেশ্য মহৎ এবং বিরোধী দলের সদস্যরা আশঙ্কা যে করেছেন সেটা যেন দূর হয় এবং তাদের শুভবুদ্ধি হয়। এই কথা বলে এই বিলকে সমর্থন করে এবং সর্বসম্মতিক্রমে যাতে এটা গৃহীত হয় তার আবেদন রেখে সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পৌরসভার ভারপ্রাপ্ত মন্ত্রী যে বিল এখানে দি ওয়েস্ট বেঙ্গল সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড সেকেন্ড অ্যামেন্ডমেন্ট বিল ১৯৯০-৯৪ এনেছেন আমি তার বিরোধিতা করছি। শুধু বিরোধিতা নয়, আমাদের পক্ষ থেকে ডাঃ মানস ভূঁইয়া যে সংশোধনী এখানে রেখেছেন তাতে আমি সহমত পোষণ করে কিছু বলতে চাই। এই বিলটি এত তাড়াতাড়ি করার কোনও দরকার ছিল না, আজকে অধিবেশন না থাকলে তো এই বিলটা আসতে পারত না। শুধুমাত্র আইনকে রক্ষা করার জন্য ৬ মাসের মধ্যে বিধানসভা ডাকতে হয় তাই অধিবেশন ডাকা হয়েছে। সুতরাং প্রথম থেকেই এর বিরোধিতা করে বলতে চাই যে, এই বিলটি আলোচনা করার জন্য সার্কুলেশন করা হোক এবং আগামী মার্চ মাস অবধি স্থগিত রাখা হোক। এই দাবি রেখেই বলছি যে, আরও দুটি বিল আছে যথা মিউনিসিপ্যাল অ্যামেন্ডমেন্ট বিল এবং মিউনিসিপ্যাল ইলেকশন বিল--১৯৯০-৯৪, সেগুলো নিয়ে আলোচনায় অংশগ্রহণ করে বলেছিলাম যে এই সেন্ট্রাল ভ্যালুয়েশন বিল তৈরি করে পৌরসভারগুলোর উপরে অনর্থক জোর করে চাপ দেওয়া হচ্ছে, পৌরসভাগুলোর নিজস্ব স্ট্রাকচার আছে, নিজস্ব মেশিনারি আছে, সেই মেশিনারি দিয়ে [illegible] ভ্যালুয়েশন অ্যাসেস করা হয় এবং ঘরবাড়ির ভ্যালুয়েশন অ্যাসেস করা হত। কিন্তু সেখানে আপনারা ভোটাধিক্যের জোরে এবং সংখ্যাগরিষ্ঠতার জোরে এই সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড করে তার অধীনে সেন্ট্রাল ভ্যালুয়েশনের ব্যবস্থা করলেন। কিন্তু আমি আপনার কাছে জানতে চাই যে, এই সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড যে কাজ করছে তাতে কতটা কাজ শেষ করতে পেরেছে এবং কতটা পরিপূর্ণ রূপায়ণ-এর হতে পেরেছে সেটা একটু দেখুন। আজকে ট্রান্সপোর্ট মিনিস্টার একটি বিল এনে রেভিনিউ সংগ্রহ করতে চাইছেন। আমরা নিশ্চয় দায়িত্বশীল সদস্য হিসাবে বিরোধীদলের সদস্য হলেও সরকারের উপাজন হোক এটা আমরা চাই। উপার্জন ছাড়া সরকার চলতে পারে না। কিন্তু উপার্জন করতে হবে বলে বোঝা [illegible] চাপিয়ে দিলাম সেটা ঠিক নয়, আজকে আমরা দেখতে পাচ্ছি যে বিভিন্ন দপ্তরে জোর করে ট্যাক্সের বোঝা চাপিয়ে দেওয়া হচ্ছে।

সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড যেখানে গিয়েছে সেখানেই তারা যথেচ্ছাচারভাবে ভ্যালুয়েশন অ্যাসেসমেন্ট করেছে এবং জোর করে সেটা চাপিয়ে দিয়েছে। এবং বলা হচ্ছে এর দ্বারা পৌরসভাগুলি স্বয়ংসম্পূর্ণ হচ্ছে, যেহেতু পৌরসভাগুলির টাকার দরকার আছে। বিভিন্ন পৌরসভায় যাদের বাড়িগুলি অ্যাসেসমেন্ট করা হচ্ছে সেগুলি ঠিকমতো হচ্ছে না বলে আজকে রাজ্যে মামলার সংখ্যা বেড়েছে। শুধু তাই নয়, বিভিন্ন [illegible] করা হয়েছে পুরনো দিনের যারা মানুষ, মধ্যবিত্ত মানুষ, নিম্নমধ্যবিত্ত মানুষ যাদের দু-একটা ঘর আছে, যারা সেই ঘর ভাড়া দিয়ে নিজেদের সংসার চালাত, তাদেরকে সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ডের ট্যাক্সের চাপে তাদের অবস্থা খারাপ হয়ে গেছে। তাই সেদিন যে বিরোধিতা আমরা করেছিলাম আজকে

সেটা আপনারা কম্পালসারি করে দিচ্ছেন পৌরসভাগুলির উপর। আপনারা কম্পালসারি করে বলে দিচ্ছেন সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ডকে ডাকতে হবে। তারাই অ্যাসেসমেন্ট করবে। সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড যে ট্যাক্স ধার্য করবে রেভিনিউ-এর জন্য তাকে পুনর্বিবেচনা করার ক্ষমতা পৌরসভাগুলির থাকছে। আমরা জানি, যে পৌরসভা এলাকায় বসবাস করি সেই পৌরসভার সাথে দীর্ঘদিন ধরে আমি যুক্ত আছি, আজকে ট্যাক্স নির্ধারণের জন্য- সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ডের কাছে যাচ্ছে, কিন্তু এর আগে প্রতি ৫ বছর অন্তর মিউনিসিপ্যাল ডাইরেক্টোরেট থেকে ভ্যালুয়ার পাঠানো হত, তারা একই কায়দায় কর নির্ধারণ করতেন, আমাদের সেই অভিজ্ঞতা আছে। আমি মনে করি সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড যে কাজ করছে সেটা সঠিক কাজ নয়, তাছাড়া আমাদের জটুদা এখানে একটা বিষয় উল্লেখ করেছেন, সেন্ট্রালি কথাটার উপর আমাদের যে সংশোধনী দেওয়া হয়েছে, কারণ আপনাদের দলের লোকেরা প্রচার করছেন যে এই ট্যাক্সটা চাপাচ্ছে সেন্ট্রাল থেকে, তারা জোর করে এটা চাপিয়ে দিচ্ছে, তার জন্যই আমরা এই সংশোধনীটা এনেছি। আজকে এখানে যে সংশোধনীটা এসেছে সেখানে বলা হচ্ছে আপনারা সেন্ট্রাল ভ্যালুয়েশনের পরিবর্তে স্টেট ভ্যালুয়েশন বোর্ড কথাটা ব্যবহার করুন। আপনারা বলছেন কোয়ালিফাইড ভ্যালুয়ার পাচ্ছেন না, অন্তত পক্ষে ১০ বছরের অভিজ্ঞতা আছে এমন কোয়ালিফাইড ভ্যালুয়ার, সার্ভেয়ার তাকে নিযুক্ত করার কথা ; গত সংশোধনীতে বলা হয়েছিল। কিন্তু আমরা মনে করি যে বিষয়টা এখানে তড়িঘড়ি করে করা উচিত নয় সেটা হচ্ছে, ডিপ্লোমা ও ইঞ্জিনিয়ারদের ২টি ভাগে ভাগ করে বলার চেষ্টা করেছেন। যারা বি. ই. পাশ করে ইঞ্জিনিয়ার আছেন তাদেরকে একদিকে রাখুন, আর যারা ডিপ্লোমা করে ইঞ্জিনিয়ার হয়েছেন তাদেরকে আর একদিকে রাখুন। এর সঙ্গে অভিজ্ঞতাটা যোগ করতে হবে। যদি কেউ ইঞ্জিনিয়ারিং পাশ করেন তার ক্ষেত্রে বি. ই. হলে ২ বছর এবং ডিপ্লোমা সিভিল ইঞ্জিনিয়ার হলে ৫ বছর করা উচিত। সেইজন্য বলব এইগুলি আরও ব্যাপকভাবে প্রচার করা দরকার, যদি রাখতেই হয় সেজন্য এটাকে সার্কুলেশনের জন্য পাঠানো হোক আজকে তড়িঘড়ি করে এটাকে পাস করানোর ব্যবস্থা চলবে না, এই দাবি আমরা মন্ত্রীর কাছে রেখেছি।

[4-25 — 4-35 p.m.]

এই কথা বলতে চাই, যদি আপনারা এটাকে পাস করিয়ে নিয়ে যান এবং যদি অ্যামেন্ডমেন্ট মেনে দশ বছরের অভিজ্ঞ ইঞ্জিনিয়ারদের ছেড়ে এই সার্ভেয়ারদের দিয়ে সার্ভে করাতে চান তাহলে রিলাক্সেশন দিয়ে এই বিলকে ব্যাপকভাবে সার্কুলেট করা হোক এবং মার্চ মাস পর্যন্ত এটা পদ্ধতি রেখে জনগণের মতামত নেওয়া হোক এই কথা বলে আমি বিলের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি বুঝতে পারলাম না, আমাদের বিরোধী বন্ধুরা কেন এই সংশোধনী বিলের বিরোধিতা করছেন। এটা খুবই সামান্য বিল। গত বছর পয়লা অক্টোবর এই সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ডের যে আইন সেই আইনটাকে আমরা সংশোধন করেছিলাম। সেই সংশোধনীতে আমরা বলেছিলাম বিভিন্ন ছোট ছোট পৌরসভাগুলিকে এই ভ্যালুয়েশন করতে কিছু সমস্যা হচ্ছে। আমাদের সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড এত বেশি

জনপ্রিয়তা লাভ করেছে, এমনকি কংগ্রেস পরিচালিত পৌরসভাগুলিও সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ডের সচিবের কাছে আবেদন করছে আমাদের পৌরসভাগুলিকে বিজ্ঞানভিত্তিক মূল্যায়ন করে দিন। তার ফলে আমাদের অসুবিধা হচ্ছিল। যাতে কিছু রেজিস্টার্ড ভ্যালুয়ারদের দিয়ে আমরা এই কাজটা করতে পারি তার ব্যবস্থা আমরা করেছিলাম সেইজন্য এই সংশোধনী আমরা এনেছিলাম। তারপর আমরা কাগজে বিজ্ঞাপন দিয়েছিলাম। ৪৬ জন রেজিস্টার্ড ভ্যালুয়ার আবেদনপত্র জমা দিয়েছিল। তার মধ্যে ছয়জন মাত্র অ্যাপিয়ার হয়েছিল, তার মধ্যে সবাইকে আমরা নিতে পারিনি। সেইজন্য দুটো গ্রেডে আমরা এটাকে ভাগ করেছি। গ্রেড ওয়ান এবং গ্রেড টু। কোয়ালিফিকেশনের ক্ষেত্রে আমরা বলেছি বি. ই.-র ক্ষেত্রে দুই বছর এবং এল. সি.-র ক্ষেত্রে পাঁচ বছর। আগে এটা দশ বছর ছিল সেটা কমিয়ে পাঁচ বছর করা হয়েছে। কাজের সুবিধার জন্য এই সামান্য সংশোধনী। এরজন্য আবার মানসবাবু একটা সংশোধনী এনেছিলেন। সেই সংশোধনীতে বললেন ৩১শে মার্চ পর্যন্ত জনগণের মতামত চাওয়া হোক। মাননীয় সদস্যরাই তো এখানে মতামত দিয়েছেন। আর এই সংশোধনী তাড়াহুড়ো করে আনা হয়নি। গত অধিবেশনে এটা আনার কথা ছিল, কিন্তু সময়াভাবে সেটা আনা যায়নি। প্রশ্ন হচ্ছে অনেক সদস্য বললেন সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড নাম থাকার জন্য অনেক লোক মনে করছে এবং অনেক বামফ্রন্ট পরিচালিত পৌর বোর্ডের পক্ষ থেকেও বলা হচ্ছে এটা কেন্দ্রীয় সরকারের। বামফ্রন্ট পরিচালিত পৌর বোর্ড এই কথা বলে মানুষকে কেন বিভ্রান্ত করবেন এটাতো রাজ্যের ব্যাপার নয়। স্টেট থাকলেই কি সেটা রাজ্যের হয়ে যায়। যদি বলা হয় সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, এটা কেন্দ্রের, সেখানে রাজ্যের কোনও অধিকার থাকবে না, সেটা তো হতে পারে না। যদি তাই হয় তাহলে সেন্ট্রাল এভিনিউয়ের নাম পরিবর্তন করে স্টেট এভিনিউ করে দেওয়া যেতে পারে। মানসবাবু একজন বিচক্ষণ মানুষ তিনি এই রকম সংশোধনী আনবেন এটা আশা করা যায় না। অনেকে এখানে বললেন এই সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ডের মাধ্যমে নাকি মানুষের উপর বেশি করে করের বোঝা চাপিয়ে দেওয়া হয়েছে।

প্রথমত আপনারা জানেন, করের বোঝা কারা চাপান। করের বোঝা কি? কে চাপায়? আপনারাই তো চাপান। টেলিফোনে চাপিয়েছেন, রেলে চাপিয়েছেন, এটা সমস্ত ক্ষেত্রেই হচ্ছে। আমি আপনাদের কাছে, সমস্ত বিধায়ককে এরকম একটা হ্যান্ডবুক দিয়েছিলাম, এটা আমরা প্রত্যেক মাননীয় সদস্যকেই দিয়েছিলাম, আমি জানি না, এটা পড়েছেন কিনা। সৌগতবাবু নিশ্চয়ই পড়েছেন ভালভাবে, কেননা তিনি আলোচনা করেছেন। এখানে দেখছি ইংলিশ বাজার মিউনিসিপ্যালিটি, তাদের ভ্যালুয়েশন করা হয়েছে। সেখানে কি দেখা গেছে? সেখানে ২৫ হাজারের উপরে যে সমস্ত বাড়ির ভ্যালুয়েশন করা হয়েছে, এদের সংখ্যা হচ্ছে মাত্র ৮ শতাংশ। কিন্তু ওদের কর প্রদান করতে হচ্ছে কত? মোট ডিম্যান্ডের ৬৫ শতাংশ কর প্রদান করতে হচ্ছে। এই ৬৫ শতাংশের উপর সেন্ট্রাল ভ্যালুয়েশন করা হয়েছে যে সমস্ত গৃহ বা সম্পত্তি আছে। আবার দেখি, ইংলিশ বাজার পৌরসভাতে ৬০ ভাগ যারা কর দিত, তাদের ভ্যালুয়েশন হচ্ছে মাত্র দু'শ থেকে দু হাজার পর্যন্ত, তাদের কর দিতে হচ্ছে মাত্র ১৮ শতাংশ। তাহলে, সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড যখন কর নির্ধারণ করে, সেই কর নির্ধারণ তারা অত্যন্ত বিজ্ঞান ভিত্তিক ভাবেই করে। যাদের আয় বেশি, তাদের সম্পত্তির প্রকৃত মূল্যায়নের

ভিত্তিতে সেই কর নির্ধারিত হয়। বরঞ্চ আগে যে ভাবে কর নির্ধারিত হয়। বরঞ্চ আগে যে ভাবে কর নির্ধারিত করা হত সেই কর নির্ধারণের ব্যাপারে অনেক ক্ষেত্রে দেখা যায় যারা স্বল্পবিত্তের মানুষ, নিম্নমধ্যবিত্তের মানুষ, মধ্যবিত্তের মানুষ, তাদের উপর করের বোঝা চাপত। কিন্তু সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড আসার পরে করের বোঝা চাপেনি। তাদের উপরই চাপবে, যাদের সম্পত্তি বা জমির-পরিমাণ বেশি। এই যে বললেন হাওড়া, হাওড়ার ক্ষেত্রে অম্বিকাবাবু জানেন, তিনি ছিলেন আমাদের সঙ্গে, সেখানে আমরা দেখেছি এত বড় বাড়ি হয়েছে, এত সম্পত্তির মালিক সেখানে আছে, কিন্তু হাওড়ার কর আদায় হয় মাত্র এক কোটি টাকা। কারণ সেখানে প্রকৃত মল্যায়ন হয়নি। আমরা ঠিক করেছিলাম হাওড়াতে ১০টি ওয়ার্ডে সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ডের দ্বারা কর নির্ধারণ করা হবে। আমরা নতুন করে ভ্যালুয়েশন করার সিদ্ধান্ত নিয়েছি। কিন্তু দেখি, ৫৯টি পৌরসভাতে ইতিমধ্যেই কেউ কেউ বলেছে, সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ডের কাজের মধ্যে দিয়ে প্রকৃতপক্ষে সত্যি সত্যি এই সিদ্ধান্তগুলো রূপায়িত হচ্ছে কি না, এই প্রশ্ন তুলেছেন। ভাল কথা প্রশ্ন তুলেছেন, আমি শুধু বলছি ইতিমধ্যে ৫৯টি পৌরসভাতে এই মূল্যায়নের কাজ শেষ হয়ে গেছে, নতুন কর চালু হয়েছে। তার ফলে দেখা গেছে পুরনো আমলে যেখানে কর ডিমান্ড ছিল ১৪ কোটি ৩৪ লক্ষ টাকা, সেখানে এই ৫৯ পৌরসভাতে নতুন কর নির্ধারণ করার ফলে ৩৯ কোটি ৮৩ লক্ষ টাকা মোট ডিমান্ড সেখানে দাঁড়িয়েছে। কিন্তু এই যে ডিমান্ড বেড়েছে, সেটা এই নয় মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত মানুষের উপর এটা আনা হয়েছে। আমাদের নীতি, সাধারণ বস্তিবাসী মানুষ, যাদের ১০০ টাকার নিচে সম্পত্তির মূল্যায়ন হবে তারা সম্পূর্ণ ভাবে করের আওতা থেকে মুক্ত। কিন্তু কর প্রদান করতে হবে কাদের? যাদের বেশি আয় যাদের অনেক বেশি সম্পত্তি তাদের দিতে হবে। আরও ২৭টি পৌরসভাতে এই ভাবে আমাদের কাজ চলছে। আসানসোল এবং শিলিগুড়ি পৌর কর্পোরেশনে এই কাজ চলছে এবং সেই কাজ খুব অল্প সময়ের মধ্যেই সেখানে শেষ হয়ে যাবে। কেউ কেউ বলেছিল, এর ফলে পৌরসভাগুলির অধিকারে হস্তক্ষেপ করা হয়েছে। অধিকারের হস্তক্ষেপ করা হচ্ছে না, প্রতিনিটি পৌরসভাতে এই মূল্যায়নে কর নির্ধারণ করা হবে, তার পূর্ণ অধিকার তাদের আছে রিভিউ কমিটিতে যাওয়ার জন্য এই রিভিউ কমিটি গঠিত হবে কাদের দ্বারা? এটা গঠিত হবে পৌরসভার ক্যান্ডিডেটদের দ্বারা। শুধু যে ওয়ার্ড আছে, সেই ওয়ার্ড এর কাউন্সিলররা থাকবে। স্বাভাবিকভাবেই এই রিভিউ করার অধিকার তাদের রয়েই গেল। যে কোনও নাগরিক যদি এই রিভিউ কমিটিতে গিয়ে জানতে চান, যেতে পারেন, এই ব্যাপারে পূর্ণ অধিকার তাদের আছে।

[4-35 — 4-45 p.m.]

সেজন্য রিভিউ কমিটিতে ব্যবস্থা রাখা হয়েছে। এই রিভিউ কমিটিতে যাওয়ার প্রত্যেকের অধিকার আছে। এর আগে ছিল যে রিভিউ কমিটিতে যাবার আগে নতুনভাবে যে কর নির্ধারণ করা হয়েছে সেইভাবে কর প্রদান করে রিভিউ কমিটিতে যেতে হবে, এখন সেটা পরিবর্তন করে করা হয়েছে যে কেউ রিভিউ কমিটিতে যাবার সময় পুরাতন হারে কর দিয়ে রিভিউ কমিটিতে যেতে পারেন এবং তাদের কাছে আবেদন করতে পারেন। কাজেই খুবই স্বাভাবিকভাবেই বলতে পারি যে সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ডের উদ্দেশ্য এটা নয় যে মানুষের উপর অতিরিক্ত করের বোঝা চাপানো। এটা অত্যন্ত বৈজ্ঞানিক পদ্ধতিতে করা হয়েছে, এর

মধ্যে অবৈজ্ঞানিক কিছু নেই। বৈজ্ঞানিকভাবে যাতে কর নির্ধারণ করা যায় সেইজন্যই এটা করা হয়েছে। আর এটা সেন্ট্রাল গভর্নমেন্টের ব্যাপারও নয়। মানসবাবু যে ব্যাখ্যা দিয়ে সংশোধনী এনেছেন আশা করি তিনি সেটা প্রত্যাহার করে নেবেন এবং সকলেই এই বিলকে সমর্থন করবেন। আমাদের পশ্চিমবাংলার বাইরের অনেক রাজ্য-এর পৌরসভার প্রতিনিধিরাও আসছেন এই সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ডের কাজকর্ম দেখতে। কর্ণাটক, অন্ধ্রপ্রদেশ তারা চাইছেন এখানকার সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ডের মতোন তাদের রাজ্যের জন্য বোর্ড করতে এবং এ ব্যাপারে তারা সহযোগিতা চাইছেন। আশা করি সকলে এই বিলকে সমর্থন করবেন। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Dr. Manas Bhunia that the Bill be circulated for the purpose of eliciting public opinion by the 31st March, 1995 was then put and lost.

The motion of Shri Ashok Bhattacharya that the West Bengal Central Valuation Board (Second Amendment) Bill, 1994, be taken into consideration was then put and agreed to.

### Clause-1

**Mr. Deputy Speaker :** There is one amendment to Clause-1 of Dr. Manas Bhunia which is out of order.

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** স্যার, আপনি ঐ চেয়ারের ক্ষমতা প্রয়োগ করে সরাসরি কি করে হাতুড়ি পিটে আমার অ্যামেন্ডমেন্টটাকে আউট অব অর্ডার দিলেন সেটা আপনার কাছে জানতে চাইছি। এই ওয়েস্ট বেঙ্গল সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড (সেকেন্ড অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯৪ তার জায়গায় আমি বলেছি, It should be read as West Bengal State Valuation Board (Second Amendment) Bill, 1994 রিজন ইজ, শাসক দল বিভিন্ন জায়গায় এ ব্যাপারে প্রচারকে এমন তুঙ্গে নিয়ে গিয়েছেন অপপ্রচারের মাধ্যমে যে মনে হচ্ছে কেন্দ্রীয় সরকারের নির্দেশেই এটা হচ্ছে যেহেতু সেন্ট্রাল কথাটা এর মধ্যে আছে। ওরা স্যার, কেন্দ্রের ঘাড়ে দোষ চাপাতে চাইছেন। অশোকবাবু সহজভাবে বললেন আর আমি ভাল ছাত্রের মতোন তা মেনে নেব তা হয় না। স্যার, কি করে আউট অব অর্ডার হল আপনার কাছে তা জানতে চাইছি।

**শ্রী সৌগত রায় ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, একটা অ্যামেন্ডমেন্টকে আপনি আউট অব অর্ডার বলতে পারেন কখন Amendment does not affect the very purpose for which the Bill is brought. এই সেন্ট্রাল কথাটার জায়গায় State Valuation Board করেছেন। Purpose of the Bill এতে এফেক্ট হচ্ছে না। It is just nomenclature or title. It is not affecting the functioning of the Valuation Board at all. আমরা চাই সেন্ট্রাল কথাটা ব্যবহার না হয়ে স্টেট কথাটা ব্যবহার করা হোক। এটা কি আউট অব অর্ডার হতে পারে, এটা নেগেটিভ অ্যামেন্ডমেন্ট নয়, সুতরাং আউট অব অর্ডারের প্রশ্ন নেই।

**Mr. Deputy Speaker :** The main bill is the West Bengal Central Valuation Board (Second Amendment) Bill, 1994. the purpose of the Bill is to change certain provisions of the Act for the parent act. You cannot change the title of the Bill.

..(noise and interruption)..

Let me finish. The purpose of the Bill is to amend the West Bengal Central Valuation Board act. This is the purpose. Nautrally if you give another title it will be a different thing. So it is out of order.

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** আপনি যে রুলিং দিয়েছেন, তার উপর বলার কিছু নেই, কিন্তু উই ক্যান প্রপোজ এবং আমি মনে করি আমি যে অ্যামেন্ডমেন্ট প্রপোজ করেছি এটা আউট অব অর্ডার হতে পারে না। কারণ সৌগত রায় মহাশয় যে বক্তব্য রাখলেন, সেটা তিনি ঠিকই বলেছেন।

### Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

### Clauses 2 to 5 and Preamble

The question that clauses 2 to 5 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Mr. Deputy Speaker :** Now the Hon'ble Minister-in-Charge may move the motion for passing of the Bill

**Shri Ashoke Bhattacharya :** Sir, I beg to move that the West Bengal Central Valuation Board (Amendment) Bill, 1994, as settled in the Assembly, be passed.

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি আপনার চেয়ার থেকে আপনার ক্ষমতা প্রয়োগ করলেন আর মাননীয় মন্ত্রী আপনার মাধ্যমে বলে গেলেন। উনি আমার অ্যামেন্ডমেন্ট সম্বন্ধে যে কথা এখানে রেখেছেন, আমি তার তীব্র বিরোধিতা করছি। এই কারণে, কারণ আমাদের দৃষ্টিভঙ্গি এটা নয়, এটা আমাদের বাস্তব অভিজ্ঞতা, আপনারা কৌশল করে পশ্চিমবাংলায় বেঁচে আছেন, এবং নির্বাচনের বৈতরণি পার হচ্ছেন, কখনও শব্দ ব্যবহার করে, কখনও আইন ব্যবহার করে, কখনও বেআইনি পদক্ষেপ গ্রহণ করে কৌশলে বেঁচে আছেন। বারবার যেটা আমি বলতে চেয়েছি সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড এটার বদলে ওয়েস্ট বেঙ্গল ভ্যালুয়েশন বোর্ড এটা করার জন্য অ্যামেন্ডমেন্ট দিয়েছি। আমি করতে চেয়েছি সরাসরি এই শব্দ যেখানে যেখানে আছে সেটার পরিবর্তন চেয়েছিলাম। এটা আমাদের বাস্তব অভিজ্ঞতা, আমাদের মাননীয় সদস্য জটু লাহিড়ি যা বলেছেন এবং আমরা যা দেখেছি, শুনেছি, প্রত্যক্ষ ভাবে তার শরিক হয়ে বলছি, আপনাদের মন্ত্রীরা বলছেন ময়দানে দাঁড়িয়ে,

বন্ধুগণ, কেন্দ্রের সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড, কেন্দ্রের চাপানো ভ্যালুয়েশন আপনাদের ঘাড়ে চেপেছে।

[4-45 — 4-55 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে আমাদের মন্ত্রী মহাশয়কে বলি যে এই ধরনের দৃষ্টিভঙ্গির মধ্যে না গিয়ে সর্বশেষে আমি এইটুকুই বলতে চাই যে ভ্যালুয়েশন অ্যাক্টের মাধ্যমে ট্যাক্স বৃদ্ধি করে ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলার নাম গোলাপ ফুলের মতো প্রস্ফুটিত করেছেন। তার ফলে পশ্চিমবঙ্গকে আপনারা শ্মশানে পরিণত করেছেন এবং সেই সাথে প্রতিদিন এখানে ৫/৭ টা করে খুন হচ্ছে। এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** এই বিলের নাম হচ্ছে ওয়েস্ট বেঙ্গল সেন্ট্রাল ভ্যালুয়েশন অ্যাক্ট ১৯৯৪। আপনারা এখানে বার বার একটা কথাই বলছেন যে আমরা এখানে ১৭-১৮ বছর ক্ষমতায় আছি। এই ধরনের কিছু ঠুনকো কথা বলে, কিছু হালকা কথা বলে, কিছু রাজনীতি করে চলেছেন। আমরা মিউনিসিপ্যালিটিগুলিতে ভোটে জিতেছি, পঞ্চায়েত এর ভোটে জিতেছি, লোকসভায় জিতেছি, বিধানসভায় জিতেছি। এই কথা বলে আপনারা পশ্চিমবাংলার সাধারণ মানুষকে বোকা বানাবেন না। আপনারা মানুষকে বোকা বলে মনে করতে পারেন, কিন্তু আমরা মানুষকে বোকা বলে মনে করি না।

The motion of Shri Ashoke Bhattacharya that the West Bengal Central Valuation Board (Second Amendment) Bill, 1994, as settled in the Assembly, be passed, was then put a Division taken with the following results :

**AYES**

Abdul Haque, Shri

Abu Ayes Mondal, Shri

Acharya, Shri Prabhat

Adak, Shri Kashinath

Anisur Rahaman, Shri

Bagdi, Shri Bijoy

Basu, Shri Nihar Kumar

Barman, Shri Jogesh Chandra

Bera, Shri Bishnupada

Bhattacharjee, Shri Buddhadeb

Biswas, Shri Chittaranjan

**Mr. Deputy Speaker :** The main bill is the West Bengal Central Valuation Board (Second Amendment) Bill, 1994. the purpose of the Bill is to change certain provisions of the Act for the parent act. You cannot change the title of the Bill.

..(noise and interruption)..

Let me finish. The purpose of the Bill is to amend the West Bengal Central Valuation Board act. This is the purpose. Nautrally if you give another title it will be a different thing. So it is out of order.

**ডাঃ মানস ভূঁইয়া ঃ** আপনি যে রুলিং দিয়েছেন, তার উপর বলার কিছু নেই, কিন্তু উই ক্যান প্রপোজ এবং আমি মনে করি আমি যে অ্যামেন্ডমেন্ট প্রপোজ করেছি এটা আউট অব অর্ডার হতে পারে না। কারণ সৌগত রায় মহাশয় যে বক্তব্য রাখলেন, সেটা তিনি ঠিকই বলেছেন।

### Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

### Clauses 2 to 5 and Preamble

The question that clauses 2 to 5 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Mr. Deputy Speaker :** Now the Hon'ble Minister-in-Charge may move the motion for passing of the Bill

**Shri Ashoke Bhattacharya :** Sir, I beg to move that the West Bengal Central Valuation Board (Amendment) Bill, 1994, as settled in the Assembly, be passed.

**ডাঃ মানস ভূঁইয়া ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি আপনার চেয়ার থেকে আপনার ক্ষমতা প্রয়োগ করলেন আর মাননীয় মন্ত্রী আপনার মাধ্যমে বলে গেলেন। উনি আমার অ্যামেন্ডমেন্ট সম্বন্ধে যে কথা এখানে রেখেছেন, আমি তার তীব্র বিরোধিতা করছি। এই কারণে, কারণ আমাদের দৃষ্টিভঙ্গি এটা নয়, এটা আমাদের বাস্তব অভিজ্ঞতা, আপনারা কৌশল করে পশ্চিমবাংলায় বেঁচে আছেন, এবং নির্বাচনের বৈতরণি পার হচ্ছেন, কখনও শব্দ ব্যবহার করে, কখনও আইন ব্যবহার করে, কখনও বেআইনি পদক্ষেপ গ্রহণ করে কৌশলে বেঁচে আছেন। বারবার যেটা আমি বলতে চেয়েছি সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড এটার বদলে ওয়েস্ট বেঙ্গল ভ্যালুয়েশন বোর্ড এটা করার জন্য অ্যামেন্ডমেন্ট দিয়েছি। আমি করতে চেয়েছি সরাসরি এই শব্দ যেখানে যেখানে আছে সেটার পরিবর্তন চেয়েছিলাম। এটা আমাদের বাস্তব অভিজ্ঞতা, আমাদের মাননীয় সদস্য জটু লাহিড়ি যা বলেছেন এবং আমরা যা দেখেছি, শুনেছি, প্রত্যক্ষ ভাবে তার শরিক হয়ে বলছি, আপনাদের মন্ত্রীরা বলছেন ময়দানে দাঁড়িয়ে,

Ray, Shri Dwijendra Nath

Ray, Shri Subhas Chandra

Saha, Shri Kripa Sindhu

Saren, Shri Subhas Chandra

Sarkar, Shri Nayan

Sarkar, Shri Sisir Kumar

Sen Gupta, Shri Dipak

Singh, Shri Lagan Deo

Soren, Shri Khara

**NOES**

Banerjee, Shri Ambica

Banerjee, Shri Prabir

Bapuli, Shri Satya Ranjan

Bhunia, Dr. Manas

Das, Shri Sailaja Kumar

Gyan Singh Sohanpal, Shri

Lahiri, Shri Jatu

Mitra, Shrimati Sabitri

Roy, Shri Saugata

Zainal Abedin, Dr.

**Abst :**

Sarkar, Shri Deba Prasad

Purkait, Shri Prabodh

Ayes being 50 and Noes 10 the motion was carried.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মিঃ ডেপুটি স্পিকার, একটা পয়েন্ট অব অর্ডার তুলতে চাই: আমাদের তরফ থেকে আজকে বিলের টাইটেলের উপর যে অ্যামেন্ডমেন্ট দেয়া হয়েছিল, আপনি তাকে আউট অব অর্ডার বলেছেন। কিন্তু উই ওয়ান্ট টু চেঞ্জ দি টাইটেল অব দি বিল, আপনি প্রোসিডিয়রটা বলে দিন যে কি প্রকারে আমরা অ্যামেন্ডমেন্ট দেব? আমরা অ্যামেন্ডমেন্ট দিয়ে চেঞ্জ করতে পারব, না এর জন্য আমাদের নন-অফিসিয়াল লেজিসলেশন-এর প্রোপজাল আনতে হবে? এটা আপনি বলে দিন। আপনি আরও বলুন যে, অন হোয়াট

গ্রাউন্ড অ্যামেন্ডমেন্ট আউট অব অর্ডার আপনি করে দিলেন? আই ওয়ান্ট টু চেঞ্জ দি টাইটেল অব দি বিল, তার জন্য আমাব কি স্কোপ আছে, আপনি ওয়েটা, মেথড'টা বলে দিন। প্রোসিডিয়রটা বলে দিন, হাউ শুড আই ব্রিং অ্যাবাউট এ চেঞ্জ ইন দি টাইটেল অব দি বিল? আপনাকে এটা বলতে হবে, তা না হলে আপনি ওটা ঐ ভাবে করতে পারেন না। রুল ৮১, ইট রিলেটস টু ক্লজেস। আপনি যখন হাউসে বিল রেখে কোয়েশ্চেন পুট করেন তখন বলেন, 'পুট টাইটেল অ্যান্ড প্রিয়েমবল্—দেয়ার ইজ নো অ্যামেন্ডমেন্ট টু দি টাইটেল অ্যান্ড প্রিয়েমবল্। আপনি একথা আজকেও বলেছেন। এখন আমরা যদি টাইটেল অ্যামেন্ডমেন্ট দিই এবং আপনি যদি অর্ডার দেন যে, ওটা আউট অব অর্ডার, তাহলে টেল আস বাই হুউচ মেথড দি অপোজিশন ক্যান চেঞ্জ দি টাইটেল অব দি বিল? আপনি এটা বলে দিন।

**শ্রী দীপক সেনগুপ্ত ঃ** ডেপুটি স্পিকার, স্যার, প্রশ্নটা হচ্ছে বিলটা পাস হয়ে গেছে এবং ওদের অ্যামেন্ডমেন্টের আগে যে অবস্থাই থাক না কেন, এখন আর তা নিয়ে আলোচনা হতে পারে কি? যে বিল পাস হয়ে গেছে তা নিয়ে আর কোনও আলোচনা হতে পারে না।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** অপোজিশন লিডার কিছু বলতে চেয়েছিলেন, আমি ওকে বলতে বলেছিলাম। উনি খুব ভাল-ভাবেই জানেন যে, একটা বিল পাস হয়ে গেলে, সেই বিল সংক্রান্ত কোনও বিষয়ে কোনও রুলিং বা অর্ডার হয়ে গেলে সেই অর্ডার নিয়ে আর কোনও আলোচনা করা যায় না, যেতে পারে না। যে অর্ডার হয়ে গেছে, সেটাকে আর আলোচনায় আনা যায় না।

[4-55 — 5-05 p.m.]

**The West Bengal Municipal (Second Amendment) Bill, 1994**

**and**

**The West Bengal Municipal Elections (Amendment) Bill, 1994**

**Mr. Deputy Speaker :** The West Bengal Municipal (Second Amendment) Bill, 1994 and the West Bengal Municipal Elections (Amendment) Bill, 1994 are taken up together. Both the Bills would discussed together but moved separately.

**The West Bengal Municipal (Second Amendment) Bill, 1994**

**Shri Ashoke Bhattacharya :** Sir, I beg to introduce the West Bengal Municipal (Second Amendment) Bill, 1994.

(Secretary then read the Title of the Bill.)

**Shri Ashoke Bhattacharya :** Sir, I beg to move that the West Bengal Municipal (Second Amendment) Bill, 1994, be taken into consideration.

**Mr. Deputy Speaker :** There is one amendment to the Bill by Dr. Manas Bhunia on the circulation for the purpose of eliciting public

pinion. Dr. Manas Bhunia may now move your motion.

**Dr. Manas Bhunia :** Sir, I beg to move that the Bill be circu-
ited for the purpose of eliciting public opinion by the 31st March,
995.

**The West Bengal Municipal Elections (Amendment) Bill, 1994**

**Shri Ashok Bhattacharya :** Sir, I beg to introduce the West
engal Municipal Elections (Amendment) Bill, 1994.

**(Secretary then read the title of the Bill)**

**Shri Ashok Bhattacharya :** Sir, I beg to move that the West
engal Municipal Elections (Amendment) Bill, 1994 be taken into Con-
ideration.

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একই কথা যেটা আগে বলেছিলাম সেই থাই বলছি। এত তড়িঘড়ি করার কার্যত কোনও দরকার নেই। আমাদের কার্য বিবরণীর ধ্যে আনতে হবে বলে সেই মানসিকতা নিয়ে এই বিল নিয়ে এসেছেন। মাননীয় উপাধ্যক্ষ হাশয়, আমাদের হাতে অনেক সময় ছিল। সুতরাং বিস্তারিতভাবে পর্যালোচনা করে, নসাধারণের মতামত নিয়ে, বিভিন্ন ফেরামের মতামত নিয়ে এটা আমরা করতে পারি। তাই ামি আমার এই অ্যামেন্ডমেন্ট গ্রহণ করার জন্য মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি এবং াবি করছি দরকার হলে এই মিউনিসিপ্যাল অ্যামেন্ডমেন্ট বিল যেটা এনেছেন সেটা আমরা িলেক্ট কমিটিতে রেফার করতে পারি। আমাদের হাতে সময় আছে, আমি বিলটি বিস্তারিতভাবে াড়েছি এবং দেখেছি, এমন কিছু গুরুত্বপূর্ণ, জরুরি বিষয় নেই যাতে করে এই সরকার াখনই স্তব্ধ হয়ে যাবে, হৃদস্পন্দন বন্ধ হয়ে যাবে, কর্মচারিদের মাহিনা দেওয়া যাবে না, কাজ ন্ধ হয়ে যাবে। তা যদি না হয় তাহলে তড়ি-ঘড়ি করে কর্মবীর সাজার মানে হয় না। তাই র্মবীর মন্ত্রী মহাশয়কে বলি, পশ্চিমবঙ্গের মানুষের, পৌরসভা এলাকার নাগরিকদের এবং ার্বিকভাবে সমস্ত স্তরের মানুষের মতামত যাতে প্রতিফলিত হয় তার দিকে নজর রেখে ামার এই অ্যামেন্ডমেন্ট গ্রহণ করুন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উনি আমাকে কর্মবীর বললেন। কিন্তু াত্যি-সত্যি যদি আমি এই অ্যামেন্ডমেন্ট বিল না আনি তাহলে বিরাট-বিরাট সমস্যা হচ্ছে। মস্যা হচ্ছে, আগামী জুন মাসে নির্বাচন করতে হবে, সাংবিধানিকভাবে এই নির্বাচন করতে ামরা বাধ্য। ২ নম্বর হচ্ছে, নির্বাচন যদি করতে হয় তাহলে আমাদের আইনে আছে ম্মপক্ষে পৌরসভার ওয়ার্ড সংখ্যায় সেইভাবে নির্ধারিত করতে হবে। আমরা ক্লাসিফিকেশন রেছি, ক্যাটেগরি করেছি। এই ক্যাটেগরি করার ক্ষেত্রে পৌরসভাগুলিকে আমরা একেবারে রতে পারছি না। তার কারণ হচ্ছে, অনেকগুলি পৌরসভা নির্বাচন হয়ে গেছে। সেইজন্য ামি বলেছি, ফেজ-ওয়াইজ করার জন্য। আইনের সংশোধন যদি না আনি তাহলে বিভিন্ন তুন পৌরসভাগুলি, নোটিফায়েড এরিয়া অথরিটিগুলি ওয়ার্ড নির্ধারণ করতে পারব না। সইজন্য বাধ্য হয়ে এই সংশোধনী বিল আনা হয়েছে। প্রতিটি পৌরসভাগুলির ক্ষেত্রে দেখবেন,

একজিকিউটিভ অফিসার, ফিনান্স অফিসার দিতে হয়। আগে ছিল, কিন্তু নতুন আইনে লেখা ছিল, কমন ক্যাডার সার্ভিস করবে, আমরা করতে পারি না, কমন ক্যাডার সার্ভিস অবশ্যই দরকার। এখন দেখতে পাচ্ছি, কমন ক্যাডার না হলে একজিকিউটিভ অফিসার প্রদান করতে পারছি না।

একজিকিউটিভ অফিসারদের ইন্টারভিউ নিয়েছি, আমরা, প্যানেল করেছি দিতে পারছি না, এখন যদি দিতে হয় মিউনিসিপ্যালিটির মধ্যে থেকে একজিকিউটিভ অফিসার, ফাইনান্স অফিসারের মাইনে দিতে হবে। সেজন্য আমরা এই সংশোধনী এমনভাবে কমন ক্যাডার সার্ভিস হওয়ার সাপেক্ষে যতদিন না হচ্ছে ততদিন পর্যন্ত একটু ধরে রেখেছি, আমরা এনেছি যাতে করে সরকার অবিলম্বে একজিকিউটিভ অফিসার, ফাইনান্স অফিসার, হেলথ অফিসার এবং ইঞ্জিনিয়ারদের দেবার দায়িত্ব সরকারের নিজের, এইগুলি আমাদের খুব প্রয়োজন। তারপর সংবিধানে আছে ৩ লক্ষর উপরে প্রতিটি পৌরসভায় ওয়ার্ড কমিটি করতে বাধ্য। আমাদের অ্যাক্টে 'মে' লেখা আছে ওটা 'শ্যাল' করতে হবে। সংবিধানের নিয়মে আমরা করতে বাধ্য এ ছাড়া আরও কতকগুলি বিষয় আছে, যেমন ধরুন বিলে নূতন ইলেকশন নির্বাচন হল, নির্বাচন হওয়ার পরে কাউন্সিল সুবিধা গ্রহণ করতে পারে না। চেয়ারম্যান ইন কাউন্সিল যে সুবিধা নেবেন সেই বিষয়টা আইনে নেই। যদি জুন মাসে নির্বাচন করতে হয়, নির্বাচন ইনক্লুশন, ডিলিমিটেশন, রোটেশন এবং রিজারভেশন ইত্যাদি আছে সমস্ত কিছুই আমাদের দিন ক্ষণ ঠিক করতে হবে, এই অবস্থায় আইন সংশোধন না করে কোনও মতে সংবিধানের উপর আমাদের যে দায়িত্ব অধিকার এবং আনুগত্য সেটা পালন করতে পারি না। তড়িঘড়ি করে নয়, কর্মবীরত্ব দেখাবার প্রয়োজন নেই, জনগণের দায়িত্বে করতে হবে। সেই অধিকার পালন করার জন্য ৩১শে মার্চের মধ্যে প্রতিটি পৌরসভায় পূজার পরে প্রতিটি পৌর প্রধানদের সম্মেলন করে মতামত নেব। আপনি বলছেন আমি অনুরোধ করব যে সমস্ত অঞ্চলে সম্মেলন করব সেখানকার বিধায়কদের আমন্ত্রণ জানাব, আপনারাও আপনাদের মতামত দেবেন, যাতে করে আইনটাকে ভাল ভাবে কার্যকর করতে পারি। বলিষ্ঠ সংশোধনী এনে সংশোধন করতে হবে, অন্যান্য রাজ্যে প্রতিটি পৌরসভা এবং পঞ্চায়েতে ভোট হচ্ছে না, ৭৩তম, ৭৪তম সংবিধান হওয়ার পরে আমরা সকলকে বলেছি, কেন্দ্রীয় সরকারকে বলেছি যে আমরা করব, আমরা করতে চাই, আমরা নিয়েছি, কেননা আমরা কমিটেড টু দি পিপল। সেজন্য এই সংশোধনী বিলটি আনা হয়েছে এবং আপনাদেরও মতামত আশা করছি।

**শ্রী সৌগত রায়ঃ** স্যার, মাননীয় মন্ত্রী যে দুটি বিল নিয়ে এসেছেন সেটা এই সরকার কিভাবে ফাংশন করে তার একটা উদাহরণ আমি এনেছি। মাত্র কয়েক মাস আগে আমাদের যখন বাজেট সেসন ছিল তখন একটা ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল বিল ১৯৯৪ নিয়ে এসেছিলেন, সেটা ১৩ই জুলাই' ১৯৯৪ চালু হয়ে গেছে এবং ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যামেন্ডমেন্ট বিল, ১৯৯৪-এর ব্যাপারে ২৮শে জুলাই থেকে আমাদের নতুন বিল চালু হয়ে গেছে। এই দুমাসের ৩ মাসের মধ্যে এনে দেখিয়েছেন অনেক এরর, এবং ওমিশান ও কমিশান আছে। তার জন্য শর্ট সেসন একটা বিল নিয়ে আসতে হল। আমি বার বার বলেছি মন্ত্রী মহাশয়ের আগের বিলটি দেখেছিলাম উনি, একটা কাজ করার চেষ্টা করেছেন মিউনিসিপ্যাল ইলেকশনের আগেকার বিলটি বেশ ডিটেলড ছিল, একটা বিলে এত ডিটেলড থাকার দরকার

ছিল, তখন প্রশ্ন তুলেছিলাম উনি আবার একটা ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যামেন্ডমেন্ট বিল এনেছেন।

[5-05 — 5-15 p.m.]

আমার প্রথম প্রশ্ন, এই ছয় মাসের মধ্যে অ্যামেন্ডমেন্ট বিল আনার প্রয়োজন হল কেন? আমার দ্বিতীয় প্রশ্ন, উনি পারপাস বলেছেন, দ্বিতীয় বিল—মিউনিসিপ্যাল ইলেকশন (অ্যামেন্ডমেন্ট) বিল যদি ধরি, সেখানে ডিলিমিটেশন কিভাবে হবে বা কনস্টিটিউয়েন্সি কিভাবে করা হবে এসব নিয়ে একটা অ্যামেন্ডমেন্ট এনেছেন। সেখানে উনি বলেছেন—After consideration of the views of the Municipality, divide, in such manner as it thinks fit, such municipal area into such number of wards as may be determined by the State Government in this behalf. এখানেতেই সি.পি.এম.-এর সমস্ত মিসচিফ লুকিয়ে রয়েছে। স্টেট সিলেকশন কমিশন নোটিফাই করবেন যে কিভাবে কনস্টিটিউয়েন্সি ভাগ হলো। কে সেটা ঠিক করবেন? সেটা করবেন স্টেট গভর্নমেন্ট। অশোকবাবুর দপ্তর ডিলিমিটেশন কিভাবে হবে সেটা ঠিক করবেন। এবং সেই ডিলিমিটেশনের কাজ অলরেডি শুরু করে দিয়েছেন। ইতিমধ্যে গোপনে বিভিন্ন জায়গায় তারা ডিলিমিটেশনের কাজটা শুরু করেছেন। এর আগে আমরা দেখেছি, ডিলিমিটেশনের ব্যাপারে তাঁরা বিরোধী দলকে চিঠি দিতেন, কিন্তু এখনও পর্যন্ত ডিলিমিটেশনের ব্যাপারে তারা কাজকে ডাকেননি। আরও বলেছেন, ক্যালকাটা কর্পোরেশনের ব্যাপারে, Provided that the number of wards in the municipal areas of the Calcutta Municipal Corporation and the Howrah Municipal Corporation and the boundaries of the wards shall be such as is provided in the Calcutta Municipal Corporation Act. কলকাতা কর্পোরেশনে এর নাম্বার কমছে না। আগের বার বলেছিলাম যে, সবচেয়ে ক্রুশিয়াল জিনিসগুলি মন্ত্রী নিজের হাতে রেখে দিয়েছেন সো দ্যাট হি ক্যান পে পলিটিক্স। কলকাতার কনস্টিটিউয়েন্সিগুলির মধ্যে কিছু সিট শিডিউল্ড কাস্টদের জন্য রিজার্ভ হবে, কিন্তু সেই সিট কিভাবে রিজার্ভ হবে সেটা এ্যাজ ডিটারমাইন্ড বাই দি স্টেট গভর্নমেন্ট। এক-তৃতীয়াংশ সিট মহিলাদের জন্য রিজার্ভ হবে, কিন্তু কোন সিট কিভাবে রিজার্ভ হবে বা কোন ফর্মূলায় সেটা করা হবে, পুরোপুরি সেটা নিজের হাতে রেখে দিয়েছেন। এখন যে ডিলিমিটেশনের কাজ শুরু হয়েছে, আমাদের লোকেরা বলছেন, যেখানে সি.পি.এম. স্ট্রং সেখানে নয়শত সিট হচ্ছে এবং যেখানে সি.পি.এম. দুর্বল সেখানে তিন হাজারে মিউনিসিপ্যাল ওয়ার্ড হচ্ছে। কোনও মিউনিসিপ্যালিটিতে ইউনিফর্মিটি নেই পপুলেশন প্যাটার্নে। কোন যুক্তি নিয়ে কোন লজিকে এসব করছেন? যেমন রাজপুর মিউনিসিপ্যালিটি, সেখানে হেরে যাবেন বলে সোনারপুরের অংশ সেখানে ঢুকিয়ে দিলেন, জলপাইগুড়ি জেলার ডাবগ্রাম নিয়ে শিলিগুড়ি মিউনিসিপ্যাল কর্পোরেশন করলেন। এর চেয়ে আরবিট্রারি আর কি হতে পারে? এটা শুরু হয়েছিল, তখন আপনি মন্ত্রী হননি, কলকাতায় হেরে যাবেন বলে বানতলা এবং ধাপাকে জুড়ে দিয়ে ক্যালকাটা কর্পোরেশনে ১০০ নম্বর ওয়ার্ড এবং গার্ডেনরিচ, বেহালা এবং যাদবপুরকে নিয়ে ১৪১ নম্বর ওয়ার্ড করার মধ্য দিয়ে। এই আর্বিট্রারি ডিলিমিটেশন পাওয়ার আপনাদের হাতে থাকবার আমরা সম্পূর্ণ বিরোধী। স্টেট গভর্নমেন্টের এটা করা উচিত নয়। স্টেট ইলেকশন কমিশন করেছেন, কিন্তু তাকে ঠুঁটো জগন্নাথ করে দিয়েছেন। কিভাবে প্রপার কমিশনড হয় সেটা কি

পার্লামেন্ট বা অ্যাসেম্বলীর ক্ষেত্রে দেখেননি? ডিলিমিটেশনের ক্ষেত্রে কমিশন আমরা ১৯৭৫ সালে দেখেছি। একটা ফুল ফ্রেজেড জুডিশিয়াল কমিশন ঠিক হয় সেখানে এবং তাঁরা এ-ব্যাপারে মানুষের কাছে মতামত নেন। সেটা একটা সেপারেট ইলেকশন কমিশন। আপনারা ডিলিমিটেশনের ব্যাপারে আর্বিট্রারিলি স্টেট গভর্নমেন্টের হাতে ক্ষমতা রেখেছেন জাস্ট টু স্যুট দি পলিটিক্যাল পারপাস অফ সি.পি.এম.। তারজন্য ডিলিমিটেশনের ব্যাপারে এখানে যা বলেছেন তার আমি সম্পূর্ণভাবে বিরোধিতা করছি। আপনি কাউকে না জানিয়ে ইতিমধ্যে মিউনিসিপ্যালিটিগুলির ক্ষেত্রে ডিলিমিটেশনের কাজ যেভাবে শুরু করে দিয়েছেন তার আমি তীব্র বিরোধিতা করছি। মূল আইনটা অনেকটাই রিপ্রেজেন্টেশন অফ পিপলস্ অ্যাক্টের মতো ছিল। সেখানে কিছু ডিফেক্ট ছিল ড্রাফ্টিংয়ে। এখন একজনকে ডেকেছেন—তরুণ দত্তকে, যবে সেসন করতে চাইছেন, যদিও হিজ ইমপার্শিয়ালিটি ইজ নট বিয়ন্ড কোয়েশ্চেন। এবারে আপনি বলেছেন যে ইলেকশন এক্সপেনসেস দিতে হবে If the commission is satisfied that a person has failed to lodge an account of election expenses with the time and in the manner required by or under this act etc. etc. the commission shall by order published in the Official Gazatte, declare him to be disqualified and such person shall be disqualified for a period of three years from the date of the order. এটা আমাদের অ্যাসেম্বলি এবং পার্লামেন্টে দাঁড়িয়ে যেটা দিতে হয় সেটা আপনি এখানে নিয়ে এসেছেন। সুতরাং এই যে The West Bengal Municipal Election (Amendment) Bill, 1994 সেটা এনেছেন, এর পারপাসটাকে আমি কঠোরভাবে সন্দেহ প্রকাশ করছি। আমি মনে করছি যে এটা আপনি পুরোপুরি অন্যায় করেছেন, যেটা আমি আপনার কাছে ভাল করে বুঝতে চাই যে আপনি এই ইলেক্টোর‍্যালের ক্ষেত্রে কি করবেন? আমাদের এর আগে যে অ্যামেন্ডমেন্ট ছিল তাতে নির্বাচন কমিশনের ইলেকটোর‍্যাল রোল আপনারা ব্যবহার করবেন। তার কারণ দুটোতেই ১৮ বছর হচ্ছে বয়স সীমা। আপনাদের এটা ঠিক করা ছিল, বুদ্ধদেববাবু আইন এনেছিলেন। আপনারা নির্বাচন কমিশেনের এই রোলটা ব্যবহার করবেন, এটা কথা ছিল। কিন্তু আজকে আইনের পজিশনটা অ্যানোম্যালিস হয়ে গেছে। আপনার স্টেট ইলেকশন কমিশন, তারা কি প্রত্যেক মিউনিসিপ্যালিটির জন্য আলাদা ইলেকটোর‍্যাল রোল তৈরি করবে? না, তারা পুরোপুরি গ্রহণ করবে এবং যদি ইলেকটোর‍্যাল রোল তৈরি করে, সেই ইলেকটোরাল রোল যখন ভাগ করবে ইনওয়ার্ড তখন কি প্রসেসে ভাগ করবে, এই ব্যাপারে এখনও আপনার আইনে কভার করেনি। ২।১টি কথা ইলেকটোর‍্যাল রোল সম্পর্কে আছে। কিন্তু ইলেকটোর‍্যাল রোল প্রিপারেশনের ব্যাপারে ডিটেলস আপনারা এই আইনের মধ্যে, এখন পর্যন্ত যে আইন করেছেন, আমরা যা স্টাডি করেছি, এখনও পর্যন্ত আনতে পারেন নি। আপনি যে বিলটা এনেছেন, ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল সেকেণ্ড (অ্যামেণ্ডমেন্ট) বিল, লোকে ভাববে যে খুব হোলি পারপাস এটা আনা হয়েছে। আপনি বরো কমিটি তৈরি করেছেন। কলকাতা শহরে বরো কমিটি আছে। আপনি হয়ত জানেন যে ১১টা ওয়ার্ড নিয়ে কলকাতায় বরো কমিটি তৈরি হয়েছে এবং আমাদের এখানে প্রায় ১৩টি বরো কমিটি আছে। হোয়াট ইজ দি পজিশন? বরো কমিটিতে এটা কাউন্সিলরের ফান্ড হচ্ছে সারা বছরে এক লক্ষ টাকা। বরো কমিটি ঐ সারা বছরের জন্য এক লক্ষ টাকা এ্যালট করে। অর্থাৎ সারা বছরে ১ লক্ষ টাকা ১১ জনের

জন্য যদি হয় তাহলে মাসে সেটা এক লক্ষ টাকা কিছু কম হয়। অর্থাৎ টোটাল বরোর জন্য ১ লক্ষ টাকার কম হয়। সেটা বরো কমিটিতেই ডিসাইড করে। আপনি খুব ডিসেন্ট্রালাইজেশন করেছেন। সমস্ত পাওয়ারটা কর্পোরেশনের মেন জায়গায় রয়ে গেছে এবং এই বরো কমিটির ফাংশানিং আমরা দেখলাম। কর্পোরেশানের আসল ফাণ্ড হচ্ছে রোড ফাণ্ডে, বস্তি ফাণ্ডে, ওয়াটার সাপ্লাই ফাণ্ডে। আর বরো কমিটিতে নামকা ওয়াস্তে একটা ঘরে করে দেওয়া হয়েছে। আপনি বলছেন যে বরো কমিটিকে আপনি ডিসেন্ট্রালাইজেশন করে দিয়েছেন। দিস ইজ এ টোটাল আই ওয়াস টু দি পিপল বলে আমি মনে করি। আপনি ওয়ার্ড কমিটি করেছেন। ওয়ার্ড কমিটি, বরো কমিটি, এগুলি করেছেন, কিন্তু আলটিমেটলি তার মাধ্যমে কি টাকা আপনি খরচ করবেন সেটা যদি ঠিক না করেন তাহলে এগুলি জাস্ট একটা শো হচ্ছে। আপনারা গণতন্ত্রের কথা বলেছেন। উইদাউট পাওয়ার গণতন্ত্রের কথা বলার কোনও মানে আছে? আপনি সেটা ক্লিয়ারলি বলছেন না। অশোকবাবু, আজকে হোল প্রবলেম যা দাঁড়িয়েছে, আপনারা নামে ডিসেন্ট্রালাইজেশনের কথা বলছেন। আমি আপনাকে বলব যে যদি ডিসেন্ট্রালাইজেশন সত্যি হয় তাহলে স্টেট গভর্নমেন্টের আয়তন ছোট হওয়া উচিত, পৌরসভা, পঞ্চায়েতের কর্মচারির আয়তন বেশি হওয়া উচিত ছিল। সেটা কি হয়েছে? আপনার পৌরসভাগুলিতে আন্ডার স্টাফ, সেখানে যোগ্য লোক নেই এবং বেতন পাচ্ছে না। অথচ আপনার রাজ্য সরকার দিনের পর দিন স্ফীত হচ্ছে। আপনি একটা আর্টিকেল দিয়েছেন যে ওথ অব সিক্রেসি আপনি করছেন। এটা ভাল কথা। এটা নিয়ে কারো আপত্তি থাকতে পারে না। এটা একটা টেকনিক্যাল ম্যাটার। এটা আইনে করার দরকার ছিল কিনা সে ব্যাপারে আমার নিজের যথেষ্ট সন্দেহ আছে। আপনি রুলসের মধ্যে ফর্ম অব ওথ ইনক্লুড করতে পারতেন। দ্বিতীয় কথা হচ্ছে, মিটিং যেটা ডাকা হবে, ডি. এম মিটিং ডাকবেন। সেই মিটিংটা কি ভাবে ডাকবে সেটা বলেছেন। এটা প্রসিডিউর্যালের ব্যাপার। সেটাতে আমার বলার কিছু নেই। মিটিংয়ের কোরাম কি হবে, ওয়ান-থার্ড মেম্বার হলে কোরাম হবে, এটা আপনি আইনে বলেছেন। এটাও প্রসিডিউর্যালের ব্যাপার, এটাতেও আমার বলার কিছু নেই। কিন্তু আপনি বিচার করে দেখুন, বিধানসভায় এখন ৪০ জনের বেশি মেম্বার থাকছে না। তাহলে পৌরসভায় ওয়ান-থার্ড থাকতে হবে। আপনি এটা সব সময়ে এনসিওর করতে পারবেন? এই ব্যাপারটা আপনি দেখুন।

[5-15 — 5-25 p.m.]

নেকস্ট যে ইমপর্টেন্ট পয়েন্টটা আপনাকে বলতে চাই সেটা হলো আপনি কমন ক্যাডার অফ অফিসারস তৈরি করবেন বলেছেন। মিউনিসিপ্যাল অ্যাডমিনিসট্রেটিভ সার্ভিসে একটা চাকুরির ব্যাপারে টিল ডেট মিউনিসিপ্যালিটি আপনার প্রায়র পারমিশন ছাড়া কোনও পোস্ট ক্রিয়েট করতে পারবে না, কোনও অ্যাপয়েন্টমেন্ট দিতে পারবে না। নতুন পোস্ট যদি ক্রিয়েট করতে হয় তাহলে বর্তমানে যত কর্মচারী আছে তার ১ পারসেন্ট নতুন পোস্ট নিজে নিজে ক্রিয়েট করতে পারবে। অর্থাৎ ১০০টি কর্মচারী থাকলে ১টি পোস্ট ক্রিয়েট সে করতে পারবে। মিউনিসিপ্যালিটিগুলির আর্থিক অবস্থা খুব খারাপ, এটা ঠিক। রাজ্য সরকারের আর্থিক অবস্থা অত্যন্ত খারাপ সেখানে মিউনিসিপ্যালিটি তো দূরের কথা, যতক্ষণ না মিউনিসিপ্যাল ফিনান্স কমিশন বসাচ্ছেন, যতক্ষণ না রায় দিচ্ছে কিভাবে ডিভলিউশন অফ

মানি অ্যাণ্ড ডিভলিউশন অফ পাওয়ার হবে ততক্ষণ পর্যন্ত এই সমস্যাটা থাকবে। প্র্যাকটিক্যালি আপনি তো মিউনিসিপ্যালিটির হাত-পা বেঁধে দিয়েছেন। প্রতিটি মিউনিসিপ্যালিটিকে আপনি বলছেন যে এতোগুলো অফিসার নিয়োগ করতে পারবে, তারপর বলছেন প্রতিটি ক্ষেত্রে রাজ্য সরকারের পারমিশন লাগবে। Until the cadre of common municipal service for the State is constituted, the Board of Councillors may, at a meeting, determine which of the officers referred to in Sub-section (1) of this Section are necessary for a Municipality and with the prior sanction of the State Government create posts of such officers and fix the salaries. প্রতিটি ক্ষেত্রে প্রায়র স্যাংশন অফ দি স্টেট গভর্নমেন্ট লাগবে। তার মানে এলিমেন্ট অফ ডিসক্রিশন আপনার কাছে নিতে এলো এবং সেই এলিমেন্ট অ·· ডিসক্রিশন এই রাজ্যের ক্ষেত্রে এলিমেন্ট অফ ডিসক্রিমিনেশন হচ্ছে। কংগ্রেস মিউনিসিপ্যালিটিগুলি আপনাকে বার বার বলছে মাইনে দিতে পারছি না। তার মানে আপনি ঠিকমতো টাকা কংগ্রেস মিউনিসিপ্যালিটিগুলিকে দিচ্ছেন না। জিয়াগঞ্জের মিউনিসিপ্যালিটি তো এই কারণে রিজাইন করতে বাধ্য হল। বিকজ দে আর নেট গেটিং মানি। রাজ্য সরকারের তো বজ্র আঁটুনি, সেটা আরও কড়া করলেন। এই ব্যাপারে আমাদের গভীর আপত্তি আছে। সেখানে স্টেট গভর্নমেন্ট একজিকিউটিভ অফিসার নিয়োগের ক্ষেত্রে এই ব্যবস্থা তো অলরেডি আছে, এটা আবার আইন করে করতে যাচ্ছেন কেন জানি না। আপনি এটা বার বার বলছেন যে সংবিধান মেনে করা হচ্ছে, ক্ষমতার বিকেন্দ্রীকরণ করা হচ্ছে। এটা তো আপনি রাজনীতিগতভাবে ছড়াচ্ছেন। কিন্তু আসলে আপনি ডিসক্রিশনের নাম করে ডিসক্রিমিনেশন করছেন। ডিলিমিটেশনটা আপনি এক-তরফা ভাবে করছেন। আসলে কিন্তু কন্সটিটিউশন লেটারের যে স্পিরিট সেই স্পিরিটটা আপনি ফলো করছেন না। সেই জন্য আপনাকে আমি বলব মিউনিসিপ্যালিটিগুলির এই যে ভগ্ন দৈন্যদশা, যেখান থেকে এই অ্যাপ্রোচ দিয়ে মিউনিসিপ্যালিটিগুলিকে উদ্ধার করা যাবে না। তার জন্য যে অ্যাপ্রোচ এই আইনের মাধ্যমে আপনার কাছে দেখব বলে আশা করেছিলাম সেটা দেখতে পাচ্ছি না। যেহেতু এই বিলগুলি বেশিরভাগ প্রসিডিউরাল, সেইজন্য আমি বিলগুলির বিরোধিতা করছি না, কিন্তু সমর্থনও জানাতে পারছি না।

**শ্রী বিশ্বনাথ মিত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে পৌর অ্যামেন্ডমেন্ট বিল যেটা মাননীয় পৌরমন্ত্রী এনেছেন তাকে আমি সমর্থন করছি। আমাদের বিরোধী দলের বক্তারা বিরোধিতার নামে এই বিলের সমালোচনা করলেন, তাঁরা যে মূল গণতন্ত্র সম্প্রসারিত করার ক্ষেত্রে বিরোধিতাটা করলেন তার আমি বিরোধিতা করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি সৌগতবাবুর বর্ক্তৃতা শুনলাম। ওনার বক্তব্য হল এক তরফাভাবে সব কিছু করা হচ্ছে। এটা আমাদের এখানে বলে রাখা হয়েছে বিশেষ করে ইলেকটোরাল রোল করার ক্ষেত্রে এটা কি পৌরসভা বাদ দিয়ে হবে? সেটা কংগ্রেস পরিচালিত পৌরসভা হোক, বামফ্রন্ট পরিচালিত হোক, নির্দল দ্বারা পরিচালিত পৌরসভা হোক পৌরসভাকে বাদ দিয়ে এটা হবে না।

সুতরাং এই প্রশ্নটা তোলা অবান্তর বলে আমাদের মনে হয়েছে। দ্বিতীয় কথা যেটা উনি বলেছেন, যেমন এক তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকতে পারবেন কিনা? পুরনো যে আইন, বঙ্গীয় পৌর আইন, সেখানে এক তৃতীয়াংশ সদস্যকে উপস্থিত থাকতে হবে বলা আছে। এই

নিয়ম চলে আসছে। এটা নতুন কিছু নয়। সেই বিষয়টিকেই পরিষ্কার করে তুলে ধরা হয়েছে। তৃতীয়তঃ যে প্রশ্ন তোলা হয়েছে—গণতন্ত্রের কথা বলছেন? ১৯৭৭ সালে পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার গঠিত হবার আগে পৌরসভাগুলোর কি অবস্থা ছিল? শুধু পশ্চিমবঙ্গ নয়, সারা দেশের পৌর অবস্থাটা কি আছে? তখন নির্বাচন হত? আমাদের এখানে নির্বাচন হত না। পৌর বোর্ডগুলোকে ভেঙে দিয়ে প্রশাসক নিয়োগ করা হত? সারা দেশে এই অবস্থা। এটা হচ্ছে ইতিহাস। এটা শুধু পশ্চিমবাংলায় নয়, সারা ভারতবর্ষের ইতিহাস। এমনকি এই যে নতুন আইনটা হল, নগরপালিকা বিল যেটা কেন্দ্রীয় সরকার সম্প্রীতি নিলেন, যার উপরে আমাদের এই অ্যামেন্ডমেন্টগুলো করতে হয়েছে, এই নগরপালিকার যে কনসেন্ট সেটা পশ্চিমবঙ্গ থেকে ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার তৈরি হবার পর থেকে যে কর্মসূচিগুলো নেওয়া হয়েছিল তারই উপরে ভিত্তি করে করা হয়েছে। যেমন ১৮ বছর বয়সে ভোটাধিকার পৌরসভার ক্ষেত্রে নেওয়া হয়েছিল। তখন কারা বিরোধিতা করেছিল যাতে সেটিকে আটকে দেওয়া যায়? সেটি কংগ্রেসের পক্ষ থেকে আটকে দেওয়া হয়েছিল। আপনারা কি ভুলে গেছেন, চার বছর অন্তর পৌরসভার ভোট করার কথা? বামফ্রন্ট সরকার আসার পর নির্দিষ্ট সময় অন্তর পৌরসভার ভোট করার ব্যবস্থা করেছেন, পদ্ধতি এবং নিয়মগুলো মেনে বামফ্রন্ট সরকার করছে। আর সেজন্যই আপনাদের গায়ের জ্বালা ধরেছে। আপনাদের সময়ে নিয়ম কানুন মেনে চলেন নি। তখন মাত্র ৫৫ পয়সা পৌর উন্নয়ন খাতে ব্যয় করেছেন। আর আজকে উন্নয়ন খাতে ৪২ টাকা ব্যয় করা হচ্ছে। আপনারা কি এটাকে অস্বীকার করতে পারেন? পৌরসভার জন্য যে ব্যবস্থাগুলো করা হয়েছে, এগুলো তো কখনও ছিল না। আপনারা বললেন যে বিভিন্ন গ্রামাঞ্চলকে পৌরসভার সাথে যুক্ত করে দেওয়া হচ্ছে কিনা। নগরোন্নয়নের ক্ষেত্রে বামফ্রন্ট সরকারের যে ভূমিকা, আমি একটা উদাহরণ দিলে সেটা পরিষ্কার হয়ে যাবে। ১৯৭৭ সালের আগে আমাদের রাজ্যে বিভিন্ন শহরগুলোর ক্ষেত্রে ১.১৮ কোটি লোক বাস করতো যেখানে, সেখানে তা বেড়ে আজকে হয়েছে ১.৮৭ কোটি। নগরোন্নয়ন করতে গেলে শহরাঞ্চলে এবং পার্শ্ববর্তী যে অঞ্চল আছে শহরের ভেতরে, সেগুলোকে আর্বানাইজেশান না করলে নগরোন্নয়ন কিভাবে হবে? হাওয়ার উপরে হবে? আপনারা বললেন যে এটা উদ্দেশ্য প্রণোদিত। আপনারা নগরোন্নয়ন করতে চান না, এটা বললে কি ভূল বলা হবে? আজকে আমরা এই যে নতুন আইন, এটাকে দ্বিতীয় অ্যামেন্ডমেন্ট করেআমাদের রাজ্যে নগরোন্নয়নের ক্ষেত্রে বাস্তবায়িত করার চেষ্টা করছি। আপনারা বলছেন বৈষম্য। আপনারা কি এই রকম আইন করতে পারতেন? নদীয়া জেলায় নগরপালিকা সম্মেলন হল যে শহরে, সেখানে পৌরসভা ১.৪ কোটি টাকা জমা দেয়নি।

[5-25 — 5-35 p.m.]

সেখানে পৌরকর্মিদের প্রভিডেন্ট ফান্ডের টাকা জমা দেওয়া হচ্ছে না। হার্ডকোর টাকা জমা দিচ্ছে না অথচ অন্য খাতে টাকা ব্যয় করা হচ্ছে। এমন কি সেখানে কর্মচারিদের বেতন পর্যন্ত দেওয়া হয় না। ওরা কোনও দৃষ্টান্ত পর্যন্ত স্থাপন করতে পারেনি। পৌরসভাগুলো নিজেদের স্বার্থ কায়েম করতে চাইছে এবং সেখানে সরকার থেকে যে টাকা দেওয়া হচ্ছে সেই টাকা পৌরসভাগুলো আত্মসাৎ করছে। এমন কি এইসব পৌরসভাগুলোতে যে আই. ডি. এস. এম. টি.-র যে টাকা দেওয়া হয়েছে সেই টাকার সঠিক রূপায়ণ হয়নি। এবং স্পেশ্যাল

গ্রান্ট পাচ্ছে অথচ সেগুলো খরচ করছে না।

**শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, আজকে মাননীয় পৌরমন্ত্রী দুটি বিল এখানে এনেছেন। তার একটি হচ্ছে ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল ইলেকশন (অ্যামেন্ডমেন্ট) বিল, ৯৪ এবং দি ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল (সেকেন্ড অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯৪। The first amendment Bill was passed and that has been converted to the act and enforced in West Bengal on 11th July, 1994. এই বিলটি যখন তৈরি হয় তখন এটি সিলেক্ট কমিটিতে পাঠানো হয় এবং ওই কমিটিতে আমি মেম্বার ছিলাম। এই নগরপালিকা বিলটি নিয়ে বহু ডিসকাশন হয়েছিল এবং যে উদ্দেশ্য নিয়ে এই সেন্ট্রাল গভর্নমেন্ট এই নগরপালিকা বিল তৈরি করেছিলেন তা নিয়ে আলোচনা হয়েছিল। কিন্তু পরবর্তী সময়ে আমরা দেখলাম এই বিলের যে ডাইরেকশন ছিল সেগুলো অমিট করে আনা হল। এই বিলে Reservation of the seats for women and Scheduled Castes and Scheduled Tribes. এবং সেখানে এম. এল. এ. উইল বি দা মেম্বার অফ দি মিউনিসিপ্যালিটি এবং সেখানে বোর্ড অফ কমিশনারস অফ দি মিউনিসিপ্যালিটি থাকবে বলা ছিল। কিন্তু পরবর্তীকালে যখন এটাকে বিধানসভাতে আনা হল তখন দেখলাম যে অনেকগুলো সেকশন এই বিলের থেকে অমিশন করা হয়েছে। সেখানে এম. এল. এদের রাখার কথা ছিল, কিন্তু এই বিলে এম. এল. এদের মিউনিসিপ্যালিটিতে রাখার কোনও ব্যবস্থা থাকল না। এই বিলটা এখনই পাস করার কোনও দরকার ছিল না। ফার্স্ট অ্যামেন্ডমেন্ট পরে এমন কিছু ছিল না যে আবার এর সেকেন্ড অ্যামেন্ডমেন্ট আনতে হবে। ইলেকশন কমিশনারের ডিলিমিটেশন করে দেওয়া হয়েছে। ইলেকশন কমিশনার ইলেকশন চালাবেন, ভোটার লিস্ট তৈরি করবেন কিন্তু তারই মধ্যে কতগুলো ক্ষেত্রে তার ডিলিমিটেশন করে দেওয়া হয়েছে।

Election Commissioner is appointed by the State Government and he will be directed delimit the words with a political view. যে সমস্ত ওয়ার্ডগুলিতে দেখা যাচ্ছে কংগ্রেসি সমর্থক বেশি, সেই সমস্ত ওয়ার্ডগুলিকে আলাদা করে ওয়ার্ড সৃষ্টি করে আপনি আপনার পারপাস সার্ভ করলেন। ডিলিমিটেশনকে অ্যাবসলিউট অথরিটি যদি ইলেকশন কমিশনের থাকে, ইলেকশন কমিশন কোনও পদ্ধতিতে, কোথায় কি ভাবে এই কথা আপনার বলা নেই। সেইগুলির ডিলিমিটেশনের সাজেশন কারা দেবে—আপনাদের ক্যাডার? আপনাদের ক্যাডার যেখানে আছে, আপনার দল যেখানে আছে, সেই দলের মাধ্যমে আপনি সাজেশন দিয়ে ইলেকশন কমিশনের কাছ থেকে ডিলিমিটেশন নিয়ে যেটা পাস করানো হল, এটা একটা পলিটিক্যালভিউ ছাড়া কিছু নয়। এই ডিলিমিটেশন এখানে যেটা আমরা শুনছি, এটা অনেক জায়গায় আরম্ভ হয়ে গেছে এবং এর সমস্ত প্রস্তুতি পর্ব আপনার দলের মধ্যে ক্যাডারদের মধ্যে চুপি চুপি আরম্ভ হয়ে গেছে, কোথায় কি ভাবে ভাগ করা হবে। ইলেকশন কমিশনার আন্ডার দি সেন্ট্রাল অফ স্টেট গভর্নমেন্ট, টি. এন. শেষন উনি ইলেকশন কমিশনার, সেই পাওয়ার ইলেকশন কমিশনারের নেই; সেই পাওয়ার তাকে দেওয়া হয়নি, হি উইল বি গাইডেড বাই দি স্টেট গভর্নমেন্ট, হি উইল বি গাইডেড বাই দি পার্টি। অতএব একটা উদ্দেশ্য নিয়ে আপনি এই ডিলিমিটেশন পাওয়ার ইলেকশন কমিশনারের হাতে দেওয়ার জন্য এই সংশোধনী এনেছেন। আমি আপনার কাছে অনুরোধ করব, এই বিলের মাধ্যমে

ডিলিমিটেশন পদ্ধতি কি হবে, কত পপুলেশনের উপর ডিলিমিটেশন হবে, কত ভোটার এর উপর ডিলিমিটেশন হবে, আপনি এইগুলি যদি ক্লিয়ারলি নিয়ে আসতেন তাহলে আমরা সকলে জানতে পারতাম ; এই পদ্ধতিতে ইলেকশন কমিশনার ডিলিমিটেশন করবে। আমাদের এম. এল. এ. সৌগতবাবু বলেছেন, ইলেক্টোরাল প্রসেস এর ব্যাপারে, আপনারা যখন এই ইলেক্টোরাল রোল তৈরি করলেন, ভোটে ইলেকশন কমিশন থাকবে না, স্টেট গভর্নমেন্ট মাধ্যমে যে ভোটার লিস্ট তৈরি হয়েছে, তার মধ্যে আজ অবধি যে ভোটার লিস্ট এর রূপ আমরা দেখেছি, ১২ বছর আগে মানুষ মারা গিয়েছে সে এখনও ভোটার লিস্টের মাধ্যমে বেঁচে আছে। এটা ইলেক্টোরাল রোল দি স্টেট গভর্নমেন্ট অফিসার, এদের দিয়ে আপনারা এটা তৈরি করিয়েছেন। এই ব্যাপারে টি. এন. শেষন বলছেন, ইলেক্টোরাল রোলস তৈরি করতে গেলে কোনও অফিসার যদি কোনও প্রকার কারচুপি করে, কোনও পিপিলস রিপ্রেজেন্টেশন অ্যাক্ট এর ৩২ সেকশনে তাহলে তার পানিশমেন্ট হবে। আপনাদের কি ইলেকশন কমিশনারের সেই পাওয়ার আছে? আপনারা ইচ্ছামতো ইলেক্টোরাল রোল তৈরি করবেন, আপনাদের ইচ্ছামতো ডিলিমিটেশন হবে, অতএব আমরা চাই এটাকে ইলেকশন কমিশনারের মতো করা হোক, ইলেকশন কমিশনারের মাধ্যমে হোক, যেমন টি. এন. শেষন স্ট্রিক্টলি এখানে ইলেকশনের কাজ করেছে, আপনি সেই রকম পাওয়ার অন্তত ইলেকশন কমিশনারকে দেবেন। এই আশা আমি রাখি। এই বিলের কিছু অংশ ভাল আছে, কিছু অংশ খারাপ আছে, তাই এটাকে সম্পূর্ণ বিরোধিতা না করে আমি এটা ছেড়ে দিচ্ছি, এই বলে আমার বক্তব্য শেষ করছি।

[5-35 — 5-45 p.m ]

**শ্রী মহঃ ইয়াকুব ঃ** স্যার, দ্বিতীয় পৌর সংশোধনীতে যে দুটো অ্যামেন্ডমেন্ট এসেছে সেটা আমি সমর্থন জানাচ্ছি এবং দু-একটা কথা বলছি। বিশেষ করে বিরোধী বন্ধুরা মরার আগে ভূত হয়ে যাচ্ছেন। আগামী বছরে বিভিন্ন পৌরসভায় নির্বাচন হওয়ার কথা এবং আগে থাকতেই তারা আঁচ করতে পেরেছেন যে পায়ের তলায় তাদের মাটি সরে যাচ্ছে। বিরোধী দলের মাননীয় সদস্য সৌগত রায় মহাশয় বক্তব্য রাখতে গিয়ে বলেছেন বোরো কমিটিগুলো ১১ জন সদস্য নিয়ে তৈরি হয়েছে। কিন্তু তা ঠিক নয়, ১০ জনকে নিয়েই বিভিন্ন বোরো কমিটিগুলো তৈরি হয়েছে এবং কলকাতা শহরে ১৫টি বোরো কমিটি আছে এবং প্রত্যেক বোরো কমিটিকে এক লক্ষ করে টাকা দেওয়া হয়। কিন্তু উনি উল্টোপাল্টা কথা বলে হাউসকে বিভ্রান্ত করার চেষ্টা করেছেন। এম. এল. আই. সি.-দের মধ্যে জল সরবরাহই বলুন, বা জলনিকাশিই বলুন, রাস্তাঘাট বলুন, সমস্ত কিছুর জন্য টাকা দেওয়া হয়। কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের আমি একজন সদস্য এবং আমার বিরোধী বন্ধুরাও সেখানে আছে। সেখানে আলোচনা করেই সমস্ত সিদ্ধান্ত নেওয়া হয় এবং সমদৃষ্টিভঙ্গি নিয়ে এই কাজ করার চেষ্টা করা হয় এবং কোনও বৈষম্য নেই। যদি বৈষম্য থাকত তাহলে আমাদের নয় নম্বর বোরো কমিটির চেয়ারম্যান বার বার অভিযোগ আনতে পারতেন। কিন্তু সেখানে তা নেই। কিন্তু সৌগতবাবু এই হাউসকে বিভ্রান্ত করার চেষ্টা করেছেন। আজকে রুর‍্যাল এলাকা আস্তে আস্তে ডেভেলপ হচ্ছে, জনসংখ্যা বাড়ছে, যার জন্য শহরাঞ্চল বাড়াতে হচ্ছে। স্বাভাবিকভাবেই ডিলিমিটেশনের প্রয়োজন আছে এবং সেই এলাকাগুলোকে পৌরসভার আওতার মধ্যে আনা দরকার এবং আমরা মনে করি বর্তমান সরকার যে সিদ্ধান্ত নিয়েছে তা সঠিক

সিদ্ধান্ত। ডি-লিমিটেশনের কাজ করা দরকার আছে বলে আমরা মনে করি। আর দ্বিতীয়ত, বিরোধী সদস্যরা সমালোচনা করতে গিয়ে অনেক কথা বলেছেন এবং হাউসকে বিভ্রান্ত করার চেষ্টা করেছেন। আমরা মনে করি এই বিল সঠিক সময়ে এসেছে তাই এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** মাননীয় চেয়ার পারশন মহাশয়, মাননীয় মন্ত্রী যখন এই অ্যামেন্ডমেন্টের কথা বলতে উঠলেন হাসি লাগল। উনি বললেন যে, সংবিধানের প্রতি দায়িত্ব পালনের জন্য এই সংশোধনী। এই কথা শুনে হাসি লাগল। যে ভাবে পশ্চিমবাংলায় ভোট হয়, প্রত্যেকেই জানেন, সেই অবস্থার পরিপ্রেক্ষিতে যখন মন্ত্রী মহাশয় বললেন, সংবিধানের প্রতি দায়িত্ব পালনের জন্য এই সংশোধনী, হাসিটা স্বাভাবিক। কারণ হচ্ছে যে, সিলেক্ট কমিটির কাছে বিলটা প্রথম গেল ২৮শে জুলাই। ২৮শে জুলাই নতুন মিউনিসিপ্যাল অ্যাক্ট পাস হওয়ার পরে সেই আইনকে সামনে রেখে এখনও পর্যন্ত কোনও ভোট হয়নি। তবে মেন কি কারণ ঘটল এখুনি এই মুহূর্তে দু' মাসের মধ্যেই অ্যামেন্ডমেন্ট হয়ে নিজেরা সংখ্যা গরিষ্ঠ আছেন বলে সেই বিল পাস করিয়ে ভোটে যাওয়া। যেহেতু এই বিল পাস হাওয়ার পর কোনও নির্বাচন হয়নি। আমরা সরাসরি এই বিলের বিরোধিতা করছি না। কিন্তু একটা অনুরোধ করব মন্ত্রী মহাশয় কে যে, আজকে দেখলাম এই বিলে বলা হয়েছে যে পৌরসভাগুলি আছে তাদের পাঁচটি ক্যাটাগরিতে ভাগ করা হয়েছে—এ. বি. সি. ডি. এবং ই। অর্থাৎ একটা পপুলেশন-এর উপর ভিত্তি করে কোথাও ১৫, কোথাও ২০, কোথাও ২৫, কোথাও ৩০, কোথাও ৩৫। মনে হয়, এই যে ভাগ করা হয়েছে, এই ক্যাটাগরি ভাগ করে পৌরসভার প্রতি বৈষম্য করা হবে। কেননা আমরা যারা পৌর এলাকায় থাকি আমরা মনে করি এই ক্যাটাগরি সিস্টেম তুলে দেওয়া উচিত। ১৫, ২০, ২৫, ৩০ বা ৩৫ যাই হোক না কেন। প্রত্যেক পৌরসভাগুলো যেন রাজ্য সরকারের সুনজরে থাকে। তা সে কংগ্রেস শাস্তি হোক আর বামফ্রন্ট শাস্তি হোক। মনে হয়, ক্যাটাগরি ভাগ করলে সেই সব পৌরসভাগুলো একটা বৈষম্যে ভুগতে পারে। যেমন—আসানসোল কর্পোরেশন, আছে, শিলিগুড়ি কর্পোরেশন আছে, পানিহাটি পৌরসভা বা বরাহনগর পৌরসভা আছে। আমার বিধানসভা কেন্দ্রে গোবরডাঙ্গা পৌরসভায় ১১টা ওয়ার্ড আছে। যে সমস্ত পৌরসভার আয়তন কম, ছোট তারা স্বভাবতই মনে করবে বড় পৌরসভাগুলি অনেক বেশি আর্থিক সুবিধা পাবে। আর যেসব পৌরসভার আয়তন কম সেগুলি কম সুবিধা পাবে। কাজেই আজকে আমরা কি দেখছি? আপনি বলছেন এই সংশোধনীতে ওয়ার্ডটা কি ভাবে ভাগ হবে। যেটা ইলেকশন কমিশন করবে এবং মন্ত্রী হিসাবে পৌর দপ্তর করবে। কিন্তু আমি একটা কথা পরিষ্কারভাবে বলতে পারি, আজকে আপনারা কিভাবে ওয়ার্ড ভাগ করবেন। সৌগতবাবু বলেছেন, কোথাও দেখছি ১ হাজার লোক নিয়ে ওয়ার্ড তৈরি হচ্ছে আবার কোথাও ৩ হাজার লোক নিয়ে ওয়ার্ড তৈরি হচ্ছে। এটা পরিষ্কার যে, বিভিন্ন পৌরসভায় ওয়ার্ড ভাগ করতে গিয়ে আপনারা নিরপেক্ষ দৃষ্টিভঙ্গি নিচ্ছেন না। আমি দায়িত্ব নিয়ে বলছি, আমার পৌরসভা গোবরডাঙ্গায় ১১টা ওয়ার্ড আছে, সেখানে আপনাদের কোনও চিহ্ন নেই। এই ১১টার মধ্যে ৭ টাতেই আমরা জিতেছি বাকি ৪ টাতে আপনারা আছেন। আপনারা ভালো ভাবে জানেন সেখানে আগামীবারও ভোট হলে ওখানে পাবেন না। সেখানে আপনাদের ক্যাডাররা হেল্প করছে, সেখানে বলছে, ৪টে আছে

ওয়ার্ডে বামফ্রন্ট আছে, সেখানে ওয়ার্ড ভেঙে ৮টা করা হোক। আর আমাদের ৭টা ওয়ার্ড আছে, সেগুলো ভাঙার দরকার নেই। সেখানে আপনাদের ৪টে ওয়ার্ড স্ট্রেন্থ ৪টে আছে, ৮টা পেলে আপনারা ক্ষমতায় আসবেন। কংগ্রেস ৭টা পেয়ে, একটা সিট কম পেয়ে পৌরসভা গঠন করবে। সেজন্য মনে হয়, ওয়ার্ড যে সমস্ত পৌরসভা ওয়ার্ড ভাগের ক্ষেত্রে যে সমস্ত পৌরসভা আছে আপনারা Election commissioner আপনারা দপ্তর থেকে আমাদের কোনও আপত্তি নেই। কিন্তু পাশাপাশি সেই পৌরসভাকে ডেকে পৌর প্রধানকে ডেকে আমাদের ডেকে প্রত্যেকের মতামত নেওয়া হোক। শুধু আমাদের মতামত নিতে হবে না। এই সমস্ত জায়গায় আপনাদের সমর্থক আছে, ইলেকশন কমিশন আছে কিম্বা জেনারেল পিপল আছে, সমাজের যারা তারা আছে, প্রত্যেককে ডেকে নিয়ে যদি একটা কনভেনশন টাইপ করে প্রত্যেকটা পৌরসভাকে সরকারের তরফ থেকে কনভেনশন, সেমিনার করে, সিমপোজিয়াম করে যেন ভাগ করা হয়। আজকে একটা কথা বলতে পারি, এইভাবে যদি ভাগ হয় তাহলে মনে হয় আমরা কিছুটা সুবিচার করতে পারব পৌরসভাগুলির প্রতি। তা না করে শুধু মাত্র যদি রাজ্য নির্বাচনী দপ্তর অথবা পৌরদপ্তর তারা নিজেরাই দায়িত্ব নিয়ে ওয়ার্ড ভাগ করেন, তাহলে টোটালি পলিটিক্যাল হবে। ফলে আগামী দিনে আমরা নিশ্চয় দেখতে পারব যে ওয়ার্ড ভাগের ক্ষেত্রে আপনারা ঠিক আমাদের প্রতি সুবিচার করছেন। পাশাপাশি দেখা যাচ্ছে পৌরসভা ভাগ করতে গিয়ে আপনারা বলছেন এস. টি., এস. সি., মহিলা কোটা ভাগ করবেন। কিন্তু পঞ্চায়েতে আমরা দেখলাম আপনারা নাম্বার করলেন—১, ৩, ৫, ৭। এই ভাবে ভাগ করলেন। সেখানে মহিলা, এস. টি. হবে। আপনারা এখানে সিস্টেম করলেন। এখনও পর্যন্ত আপনার দপ্তর সুস্পষ্ট ভাবে কোনও কথা বলছেন না। কোনও ওয়ার্ড কিভাবে ভাগ হবে, ওয়ার্ড এস. সি. হবে, কত পপুলেশন হবে—এ সম্বন্ধে কোনও কিছু উল্লেখ করতে পারছেন না। পাশাপাশি মজার ব্যাপার একটা সিভিক অ্যামিনোটিভ পেতে গেলে যে আর্থিক সঙ্গতির প্রয়োজন, কোনও পৌরসভারই সেই আর্থিক সঙ্গতি নেই। কিন্তু আজ কি দেখছি? মূলত দিল্লি থেকে যে টাকা পাঠিয়েছেন, নেহেরু রোজগার যোজনার, সেই টাকা যদি কোনও কারণে কেন্দ্রীয় সরকার কম পাঠায় বা বন্ধ করে দেয় তাহলে আপনাদের পৌরসভাগুলি চলবে না। আপনারা সিস্টেম করেছেন আই. ডি. এস. এম. টি. এখান থেকে নাম পাঠাচ্ছেন দিল্লিতে। দিল্লি স্যাংশন করছে, টাকা আসছে। সেই সিস্টেমে মাসু আছে, হাঙকো আছে। আজকে প্র্যাকটিক্যালি যে পৌরসভাগুলি আছে, যে সামান্য ট্যাক্স আদায় হচ্ছে ফ্রম দি পিথন, সেই টাকা মাইনে দিতে শেষ হয়ে যাচ্ছে। সেই জন্য আবেদন করব আগামী দিনে পৌরসভা চালাতে গেলে একটা নিরপেক্ষ দৃষ্টিভঙ্গি আপনারা গ্রহণ করুন, যাতে পশ্চিমবঙ্গের পৌরসভার মানুষ নিশ্চিন্তে বাস করতে পারেন। সেইজন্য বিরোধিতা না করে আমার বক্তব্য শেষ করছি।

[5-45 — 5-55 p.m.]

**শ্রী তপন হোড়ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, The West Bengal Municipal (Second Amendment) Bill, 1994 and The West Bengal Municipal Election Bill, 1994. এই বিল দুটিকে পূর্ণ সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলছি। স্যার, মূল বিল দুটি ১৯৯৩ এবং ৯৪ সালে এখান থেকে অনুমোদিত হওয়ার পর অভিজ্ঞতার ভিত্তিতে মাননীয় মন্ত্রী মহাশয় দেখেছেন যে এর আরও সরলিকরণ করা প্রয়োজন। ইমপ্লিমেন্ট

করতে গিয়ে কিছু বাস্তব অসুবিধা দেখা দেওয়ার দরুন তিনি আজকে এই বিল দুটি নিয়ে এসেছেন। কাজেই এই বিল দুটি অভিজ্ঞতা প্রসূত। সেই কারণে পুনরায়, এই বিল দুটিকে সমর্থন জানাচ্ছি। স্যার, আমরা দেখলাম যে কংগ্রেসের পক্ষ থেকে এই বিলের বিরোধিতা করে নানান রকমের কথা বলা হয়েছে। আমি ওদের বলব, একটু লজ্জাসরম যদি থাকে তাহলে নিজেদের দিকে একটু তাকান। কৃষ্ণনগরে 'নগরপালিকা' এইসব করেছেন এবং তারমধ্যে দেখেছি যে মমতা কংগ্রেস বলে কংগ্রেসের যারা এখানে আছেন তারা সেখানে যাননি। তারা এখানে নাকি কিছু গঠনমূলক উপদেশ দিলেন এবং বিরোধিতা করার জায়গায় চলে গেলেন। স্যার, এদের বিষয়টা পশ্চিমবাংলার মানুষরা জানেন। আমি যে জায়গা থেকে নির্বাচিত হয়ে এসেছি সেই বীরভূম জেলার বোলপুরে, ঐ সিউড়িতে ওরা নিজেদের মধ্যে ঝগড়াঝাটি করে নিজেদের চেয়ারম্যানকেই উৎখাত করে দিলেন। বোলপুর একটা আন্তর্জাতিক শহর দেশ বিদেশ থেকে মানুষরা সেখানে যান, কবিগুরুর পীঠস্থান, সেই বোলপুর শহরটাকে ওরা একবারে ডকে তুলে দিয়েছেন। আমার জেলার মৃদু অভিযোগ আছে। আমরা সমস্ত লেফট কমিশনাররা বার বার রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলেছি যে ঐ বস্তি উন্নয়নের টাকাই হোক, বাস স্ট্যান্ডের টাকাই হোক, আরও বিভিন্ন উন্নয়নমূলক খাতের টাকাই হোক, যা এখান থেকে পাঠানো হচ্ছে সমস্ত টাকাই সেখানে মাহিনা দিতে চলে যাচ্ছে। কোনও টাকাটাই সেখানে প্রপ্রার ইউটিলাইজেশন হচ্ছে না। শুধু বোলপুর বা সিউড়ির ক্ষেত্রেই নয়, পশ্চিমবঙ্গের আরও যেসব মিউনিসিপ্যালিটি ওরা চালান সেইসব মিউনিসিপ্যালিটির ক্ষেত্রেই আমাদের এই হচ্ছে অভিজ্ঞতা। যেসব মিউনিসিপ্যালিটিগুলি ওরা চালাচ্ছেন সেগুলিকে ডকে তুলে দিচ্ছেন আর এখানে এসে বক্তৃতা করে মানুষকে বিভ্রান্ত করছেন। পশ্চিমবঙ্গের মানুষ কখনও এসব বরদাস্ত করবেন না। আমরা জানি যে ডিসেন্ট্রালাইজেশনের সঙ্গে সঙ্গে অর্থ, কর্মচারী এবং কাজ করার জন্য ইনফ্রাস্ট্রাকচার প্রয়োজন। এসব ক্ষেত্রে অল্প সময়ের মধ্যে মাননীয় মন্ত্রী মহাশয় যেভাবে ধাপে ধাপে এগুচ্ছেন এবং সমস্ত সমস্যাগুলি উপলব্ধি করে সমস্যার সমাধানের চেষ্টা করছেন তা দেখার পর কোনও কান্ডজ্ঞান থাকলে আশা করি ওরা মাননীয় মন্ত্রী মহাশয়ের বিলের বিরোধিতা করবেন না। ওদের বলব, ডিসেন্ট্রালাইজেশনের মানেটা বুঝুন। এক্ষেত্রে পশ্চিমবঙ্গে যা কাজ হয়েছে তা ভারতবর্ষের মধ্যে গর্ব করে বলার মতোন। ভারতবর্ষে যেসব রাজ্যে কংগ্রেসিরা আছেন সেখানে পশ্চিমবঙ্গের মতোন ওরা মিউনিসিপ্যালিটি ও পঞ্চায়েতের নির্বাচন করেননি। এই পশ্চিমবঙ্গে যখন ওরা ছিলেন তখন এই মিউনিসিপ্যালিটি এবং পঞ্চায়েতগুলিকে ওরা কুক্ষিগত করে রেখেছিলেন। বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসে এখানে সর্বস্তরে নির্বাচন করেছেন। কংগ্রেসিদের বলব, মূল জিনিসটা উপলব্ধি করুন। এটা উপলব্ধি করতে না পারলে আজকে যেখানে ৪০ জন আছেন সেখানে আগামীদিনে ১০ জন আসবেন কিনাও সন্দেহ। এই বলে পুনরায় বিল দুটিকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রবোধ পুরকায়েত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পৌরমন্ত্রী তিন ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল সেকেন্ড অ্যামেন্ডমেন্ট বি, ৯৪ এবং ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল ইলেকশন বিল, ৯৪ এই দুটো বিল এখানে উপস্থিত করেছেন। কিন্তু এই বিলটার মূল বিল কিছুদিন আগে এই সভাতে পাস করিয়ে নেওয়া হয়েছে। কিন্তু আজকে সঙ্গে সঙ্গে এই দুটো

বিলের উপর অ্যামেন্ডমেন্ট আনতে হয়েছে এবং প্রথম বিলটা যখন উপস্থিত করেছিলেন তখন এই বিষয়গুলো তার নজরে ছিল না। তার কারণ তিনি এখানে বললেন সংবিধানের নিয়ম অনুসারে এই সংশোধনী তিনি আনতে বাধ্য হয়েছে। কয়েক মাস আগে যে বিলটা উপস্থিত হয়েছিল তখন বিষয়টা আপনার ভাবনায় ছিল না। এখানে যে সংশোধনীগুলো উপস্থিত করা হয়েছে তাতে দেখা যাচ্ছে মূল বিলটার চরিত্রগত এবং মূলগত পরিবর্তন এটা চেপে গিয়ে যে ভাবে সংশোধনী এনেছেন তাতে দেখা যাচ্ছে নির্বাচন কমিশনের অনেকখানি আওতা থেকে এই নির্বাচনী পরিচালনা করবার ক্ষমতা রাজ্য সরকার হাতে নিয়ে নিচ্ছেন, এই রকম উদ্দেশ্য থাকছে এই বিলের মধ্যে তিনি বলেছেন নির্বাচন আসন্ন, সেই নির্বাচন করবার আগে যে ওয়ার্ডগুলোর লোক সংখ্যা বৃদ্ধি পেয়েছে তার জন্য ভৌগোলিক অবস্থা পুনর্গঠন করে ওয়ার্ডের সংখ্যা বাড়াতে হবে। এখানে তিনি স্পষ্ট ভাবে, কি ভাবে ওয়ার্ডগুলো তৈরি হবে বা ওয়ার্ডের কত জনসংখ্যা হলে তৈরি হবে সেটা তিনি বলেননি। এখানে নির্বাচন কমিশনের দায়িত্ব তৈরি হবে বা নির্বাচন কমিশন যে ডিলিমিটেশন করবেন, নির্বাচন কমিশনার উপর এমন ভাবে দায়িত্ব দেওয়া দরকার। যাতে স্পষ্ট ভাবে রাজনৈতিক দলের প্রভাব মুক্ত হয়ে পৌরসভার অবস্থান অনুসারে পুনর্গঠন করবার দায়িত্ব, স্বায়ত্ব শাসনের যে বিষয়টা বলেন যে বামফ্রন্ট সরকার স্বায়ত্ব শাসনে ক্ষমতা সম্প্রসারিত করছেন, কিন্তু এখানে কমিশনারের উপর সেইভাবে যদি দায়িত্ব না দেন, এটা যদি সরকারি নিয়ন্ত্রণের থাকে অর্থাৎ শাসক দলের নিয়ন্ত্রণ এবং প্রভাব মুক্ত করে তাকে দায়িত্ব পালন করবার অধিকার যদি না দেন তাহলে উদ্দেশ্য ব্যাহত হবে। এখানে উল্লেখ করেছেন যারা নির্বাচন ব্যয়ের হিসাব দাখিল না করবে এবং তাদের মধ্যে যদি কোনও ত্রুটি থাকে তাহলে আগামী তিন বছরের জন্য তিনি নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না। সেই হিসাব কত টাকা খরচের মধ্যে হবে, তার সীমা কি সেটা উল্লেখ করেননি। তা ছাড়া আপনি বলেছেন মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন আছে, সেখানে তার দায়িত্বটা আপনি অনেকটা খর্ব করবার চেষ্টা করছেন। কারণ এখানে যে কত সংখ্যক কর্মচারীকে সরাসরি বেতন দেবার দায়িত্ব সরকার নিচ্ছেন—

[5-55 — 6-05 p.m.]

এর ফলে দেখা যাবে যে সার্ভিস কমিশনের যে নীতি নির্দিষ্ট আছে সেটা কার্যত অকেজো হয়ে যাবে। তাই আমি সর্বশেষ বলতে চাই মাননীয় মন্ত্রী সরকার যাতে পুরনো ভাবে তার দায়িত্ব পালন করতে পারেন সেদিকে নজর দেবেন। এখানে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অমিয় পাত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে দুটো বিল নিয়ে আজকে সভায় আলোচনা হয়েছে এই বিল দুটোর মূল কন্সেপ্ট এসেছে পশ্চিম বাংলার যে সম্প্রসারিত গণতন্ত্র যে গণতন্ত্রের কাছ থেকে অভিজ্ঞতা নিয়ে কেন্দ্রীয় সরকার নগরপালিকা এবং পঞ্চায়েতিরাজ আইনটা গোটা দেশে ছড়িয়ে দেওয়ার চেষ্টা করছেন। কেন্দ্রীয় সরকারকে ধন্যবাদ দিচ্ছি পশ্চিমবাংলার অভিজ্ঞতা তারা গোটা দেশে সম্প্রসারিত করছেন। আজকে বিরোধীদের বক্তব্য শুনলাম একটা কথা তারা যেভাবে বললেন তাতে স্বাভাবিকভাবে বিভ্রান্ত করলেন, ডিলিমেটেশন-এর প্রশ্নে যে কথা বলা আছে তার অপব্যাখ্যা করে গেলেন। সৌগতবাবু একটা

অপব্যাখ্যা করে গেলেন। ওখানে কোথাও একথা বলা নেই যে, ডিলিমিটেশন সমস্ত ক্ষমতা রাজ্য সরকারের হাতে থাকবে। বিলটিতে খুব পরিষ্কারভাবে বলে দেওয়া আছে যে, রাজ্য সরকার কেবল মাত্র এটা ঠিক করে দেবেন যে কতগুলি ওয়ার্ড হবে। কিন্তু কি হবে না হবে কোনওটা বাদ যাবে গ্রাম যুক্ত হবে, কোনও এলাকা যুক্ত হবে এর সবই করবেন কমিশন এবং ইলেকশন কমিশন যাতে নির্বাচিত বডিজগুলির কাছ থেকে ওপিনিয়ন সিক করতে পারে তার কথা এখানে খুব স্পষ্ট ভাবে লিখে দেওয়া আছে। এখানে ভূপেনবাবু বলছেন যে, আগে ওটা দলীয় অভিমত পার্লামেন্টারি ডেমোক্রাসি মূল কনসেপ্টটা কি? প্রধানমন্ত্রী একটা দলেরই লোক হন, মুখ্যমন্ত্রী তো একটা দলের লোক হন কংগ্রেসতো আর এর উর্ধ্বে উঠতে পারে না, কংগ্রেস এমনকি রাজ্যপালের পদগুলিতেও দলীয় কোন্দল ব্যবহার করছেন, আমাদের জয়নালবাবুর সাথে ঝগড়াঝাটি হচ্ছে, রাষ্ট্রপতি পদকেও দলীয় কোন্দল হিসাবে ব্যবহার করেন। জয়নাল, সত্যবাবুদের কবে দেখব রাজ্যপাল হয়ে গেছেন, এই কারণে ওরা ব্যবহার করেন এই সব পদগুলি। কিন্তু মূল বিষয়টি যেটা হচ্ছে যে পলিটিক্যাল পার্টির ওপিনিয়ন স্থির করার কথা কোথাও বলা নেই। বলা আছে নির্বাচিত পৌরসভাগুলি তাদের ওপিনিয়ন পাঠাবে এবং নির্বাচন কমিশন সেই ওপিনিয়নের ভিত্তিতে ডিলিমিটেশন করবে কিন্তু নাম্বার অব ওয়ার্ডস কত হবে এটা রাজ্য সরকার বলে দেবে। এটকু বন্ধন থাকা উচিত বলে আমি মনে করি। ওই যে টি. এন. শেষন ভদ্রলোক আছেন ফিনান্সিয়াল ইম্প্লিকেশন কি হতে পারে সে দিকে তার খেয়াল নেই পরিচিতি পত্র করতে গেলে কত টাকা লাগতে পারে সেদিকে তার খেয়াল নেই, তিনি বললেন অমুক তারিখের মধ্যে এটা করতে হবে এই ভাবে চলতে পারে না একটা দেশে এইভাবে টাকা যোগাতে পারছে না বলে ইমপ্লিমেন্টেড হচ্ছে না। সেই জন্য কমিশনকে বলে দেওয়া আছে যেহেতু একটা ফিনান্সিয়াল ইমপ্লিকেশন আছে সেইহেতু কতগুলি ওয়ার্ড হবে এটুকুই রাজ্য সরকার বলে দেবে। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে দুটো ব্যাপারে ধন্যবাদ দিতে চাইছি একটা হচ্ছে এবার মিউনিসিপ্যালিটির লোক নিয়োগ করার সময়ে সরকারের স্যাংশন না থাকলে কোনও লোক নিয়োগ করা যাবে না। এর ফলে আরেকটি বহরমপুর যাতে না হতে পারে তার ব্যবস্থা আপনি করেছেন বলে আপনাকে ধন্যবাদ কারণ সেখানে উন্নয়নের দিকে কোনও লক্ষ্য নেই, সরকারের কাছ থেকে গ্র্যান্ট-ইন এইড-এর যে টাকা পাওয়া যায় তাতে লোক নিয়োগ করে দাও। ওই টাকা নিয়ে পলিটিকস করো, ওই টাকা নিয়ে ক্ষমতায় থাকার চেষ্টা করো। আরেকটি প্রভিসন এখানে এনেছেন তার জন্য আপনাকে ধন্যবাদ দিতে চাইছি। সেটা হচ্ছে, কোনও মিউনিসিপ্যালিটি তারা যদি কোরাপ্ট প্র্যাক্টিসের মধ্যে থাকেন সরকারি নিয়ম কানুন না মানেন, তাহলে আপনারা কৈফিয়ত চাইলে তারা যদি না দেন তাহলে আপনারা ডিসমিস করতে পারেন। এটা থাকা উচিত বলে আমরা মনে করি। এই প্রভিসন আনার জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি এবং এই বিল দুটি সবাই সর্বান্তকরণে গ্রহণ করবেন এই আশা রেখে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী তুলসী ভট্টরাই ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পৌর বিষয়ক মন্ত্রী মহোদয় যে দুটি বিল আজকে এখানে পেশ করেছেন তাকে আমি সর্বতোভাবে সমর্থন করে দু' চারটি কথা উপস্থিত করব। এই বিল দুটির উপরে আমাদের দলের বিভিন্ন সদস্য দীর্ঘ আলোচনা করেছেন। আমি বিস্তারিত আলোচনার মধ্যে আর যাচ্ছি না, আমি শুধু বিশেষ দু'টি বিষয়ে এখানে আলোচনা করতে চাই।

দি ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল (সেকেন্ড অ্যাডেমেন্ট) বিল, ১৯৯৪-র ২২ নং ধারার উপর যে সংশোধনীটি আনা হয়েছে তাতে রাজ্যের পাহাড়ি অঞ্চলের বিষয়ে খুবই শক্ত মনোভাবের পরিচয় দেওয়া হয়েছে, এর জন্য আমি খুশি। এখানে আমরা দেখছি

In sub-section (2) of Section 198 of the principal Act, after clause (t), the following clause shall be inserted :—

"(tt) special provision for buildings in the Hill areas."

আমি দার্জিলিং জেলার ধ্বস নিয়ে এখানে অনেকবার অনেক কথা বলেছি। দার্জিলিং, কার্শিয়াং, কালিম্পঙ এবং মিরিক টাউনে বিনা অনুমতিতে বে-আইনিভাবে যখন তখন মিউনিসিপ্যালিটির এবং সরকারের জমি জবর দখল করে বাড়ি তৈরি করা হয়। কোনও রকম সয়েল টেস্ট না করে বে-আইনিভাবে বাড়ি তৈরি করার ফলেই ধ্বস নামে এবং সেই ধ্বসে বাড়ি ঘর যেমন নষ্ট হয় তেমন মানুষও মারা যায়, গত কয়েক দিন আগে দার্জিলিং এবং কার্শিয়াং-এ ধ্বসে মানুষ মারা গেছে। এই অবস্থায় এই সংশোধনীতে বলা হচ্ছে দার্জিলিং পাহাড়ী অঞ্চলে বাড়ি তৈরি করতে অবশ্যই সয়েল টেস্ট করতে হবে এবং উপযুক্ত কর্তৃপক্ষের আগাম পারমিশন নিতে হবে। এই যে স্পেশ্যাল প্রোভিসন এখানে করা হচ্ছে, এর জন্য আমি খুব খুশি আমি মনে করি ওখানে সরকারি প্রতিনিধি, দার্জিলিং গোর্খা হিল কাউন্সিলের প্রতিনিধি এবং নির্বাচিত নগরপালিকার প্রতিনিধিদের নিয়ে একটা কমিটি করা দরকার। সেই কমিটি বিচার করবে, কোনও জায়গায় বাড়ি তৈরি হতে পারে, কোনও জায়গায় হতে পারে না। এটা করলে ধ্বস অনেকটা আমরা ঠেকাতে পারব। সে জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, এরকম একটা কমিটি তিনি গঠন করার ব্যবস্থা করুন। তাহলে ঠিক লোকেরা ঠিক জায়গায় বাড়ি তৈরির প্ল্যান পাস করতে পারবেন।

দ্বিতীয়ত ২৮ নং-এ যেটা করা হচ্ছে—দার্জিলিং গোর্খা হিল কাউন্সিল ১৯৮৮ সালের অ্যাক্ট অনুযায়ী তৈরি হয়েছে। এই হিল কাউন্সিলের মধ্যে চারটে মিউনিসিপ্যালিটি পড়ছে। কিন্তু তারা চাইলেও দার্জিলিং গোর্খা হিল কাউন্সিল তাদের কোনও টাকা দিতে পারে না। কোনও অসুবিধায় পড়লে কোনও রকম সাহায্য করতে পারে না। এই পরিপ্রেক্ষিতে এখানে একটা ভাল জিনিস করা হচ্ছে—দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদের কাছে দার্জিলিং মিউনিসিপ্যালিটি, কার্শিয়াং মিউনিসিপ্যালিটি বা কালিম্পঙ মিউসিপ্যালিটি, মিরিক নোটিফায়েড এরিয়া অথরিটি চাইলেই সঙ্গে সঙ্গে তারা টাকা দিতে পারবে, টেকনিক্যাল অ্যাসিস্টেন্স দিতে পারবে। এর ফলে মিউনিসিপ্যালিটিগুলোর কাজের কিছু অগ্রগতি হবে এবং উন্নয়ন কাজের কিছু অগ্রগতি ঘটবে বলে আমি মনে করি। এখন দার্জিলিং গোর্খা পার্বত্য পর্ষদের হাতে প্রচুর টাকা দেওয়া হয়, যা দিয়ে ওরা বিভিন্ন কাজ করে, কিন্তু মিউনিসিপ্যালিটিগুলোকে রাজ্য সরকারের টাকার উপর নির্ভর করে থাকতে হচ্ছে। এখন যে ব্যবস্থা হতে চলেছে এতে নগরপালিকাগুলোর কাজ কিছু এগিয়ে যেতে পারবে বলে আমরা আশা করছি।

এই দুটি ব্যাপারের সাথে সাথে মিউনিসিপ্যাল ইলেকশন বিলে মিউনিসিপ্যালিটিগুলোর অফিসার এবং কর্মী নিয়োগের ক্ষেত্রে সরকারি পারমিশনের যে ব্যবস্থা করা হচ্ছে সে সম্বন্ধে মাননীয় বিধায়ক অমিয় পাত্র বলেছেন, 'এটা না হলে রাজ্যে আরও কয়েকটা মিউনিসিপ্যালিটির

বহরমপুর মিউনিসিপ্যালিটির মতো অবস্থা হবার সম্ভাবনা আছে।' সুতরাং এই সমস্ত কিছুর পরিপ্রেক্ষিতে আমি এই বিলকে সর্বতোভাবে আর একবার সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় পৌরমন্ত্রী মহাশয় যে দুটো বিল আমাদের সামনে উপস্থিত করেছেন সেই বিল দুটির সম্বন্ধে আলোচনা করার আগে আমি দু' একটি কথা বলতে চাই। আমার আগে অমিয় পাত্র, বিশ্বনাথ মিত্র প্রভৃতি শাসক দলের সদস্যরা এই বিলের উপর আলোচনার সুযোগ নিয়ে অহেতুক আমাদের কংগ্রেস দলের পরিচালিত কতগুলো পৌরসভার বিরুদ্ধে বিষোদগার করেছেন।

[6-05 — 6-15 p.m.]

আমি এই কথা বলতে চাই, ওরা তুলেছে জিয়াগঞ্জের পৌরসভার কথা, ওরা তুলেছে কৃষ্ণনগর পৌরসভার কথা, ওরা তুলেছে বহরমপুর পৌরসভার কথা। ওরা বলেছেন কংগ্রেস পরিচালিত পৌরসভাগুলির ইলেক্ট্রিসিটির বিল বাকি আছে। আমরা জানি, মাননীয় মন্ত্রী মহাশয় এখানে মন্ত্রী হওয়ার আগে উনি একটি পৌরসভার চেয়ারম্যান ছিলেন। সুতরাং উনি ভাল করেই জানেন এবং আমি নিজেও একটি পৌরসভার সঙ্গে যুক্ত থেকে জানি যে, খুব কমই পৌরসভা আছে যে পৌরসভা পি. এফের টাকা নিয়মিত দিতে পারে। খুব কম পৌরসভা আছে যারা রাস্তায় আলো জ্বালাবার জন্য রাস্তার স্ট্রিট লাইটের টাকা নিয়মিত দিয়ে থাকে। তাই বলছি, অহেতুক বিষোদগার করবেন না। কারণ অধিকাংশ পৌরসভা টাকার অভাবে ধুঁকছে। যেমন, কংগ্রেস পরিচালিত পৌরসভাগুলি ধুঁকছে, তেমনি মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টি দ্বারা পরিচালিত পৌরসভাগুলি ধুঁকছে টাকার অভাবে। তাই বলছি, অযথা বিষোদগার করবেন না। এখানে মাননীয় সদস্য শ্রী অমিয় পাত্র মহাশয় বললেন এখানকার পৌরসভাগুলির পরিচালনার দৃষ্টিভঙ্গি দেখে কেন্দ্রীয় সরকার নগরপালিকা আইন করেছেন। রাজ্য নির্বাচন কমিশন সম্পর্কে আলোচনা করতে গেলে প্রথমে যার নাম আমাদের মনে পড়ে তিনি হচ্ছেন প্রয়াত প্রধানমন্ত্রী শ্রী রাজীব গান্ধী। যেমন সংবিধান সংশোধনের মধ্যে দিয়ে ভারতবর্ষের লোকসভা এবং বিধানসভার নির্বাচনগুলি ৫ বছর অন্তর অ্যাপ্লিকেশন করার ক্ষেত্রে বাধ্যতামূলক করা হয়েছে, ঠিক তেমনি পঞ্চায়েত এবং পৌরসভাগুলির নির্বাচন ৫ বছর অন্তর অন্তর করার ক্ষেত্রে বাধ্যতামূলক করা হোক এটা শ্রী রাজীব গান্ধী চেয়েছিলেন। কিন্তু তখন আপনারা এর বিরোধিতা করেছিলেন। আমি এই বিল পড়ে দেখেছি এবং আগেকার বিলও পড়ে দেখেছি। পৌরসভাগুলিকে ৫টি ক্যাটেগরিতে ভাগ করা হয়েছে। আগেকার পৌরসভাগুলি ৩টি ক্যাটেগরিতে ভাগ করা ছিল। এক্ষেত্রে নিশ্চয়ই মাননীয় মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাব। বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্ট ১৯৩২ পরিবর্তন করে দি ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্ট ১৯৯৩ করে খোল-নলচে বদল করা হয়েছে। এটা নিশ্চয়ই অভিনন্দন জানাব। এক্ষেত্রে ৫টি ক্যাটেগরিতে পৌরসভা আপনি তৈরি করেছেন। কোনও পৌরসভা কত ওয়ার্ডের সংখ্যা হবে সেই সর্বচ্চো সংখ্যা বেঁধে দিয়েছেন। আপনি সর্বনিম্ন করেছেন ১৫, তারপরে ২০, ২৫, ৩০ এবং ৩৫। যদি (ডি) ক্যাটেগরি ধরে নিই, সেই (ডি) ক্যাটেগরিতে কত ওয়ার্ড হবে। যার জনসংখ্যা ২০ থেকে ৭৫ হাজার হবে সেখানে ২০ সংখ্যা বেঁধে দিয়েছেন। ধরুন, এখন

একটা পৌরসভার সর্বচ্চো জনসংখ্যা ৫০ হাজার। সেখানে কি ২০টি ওয়ার্ড করবেন? সেই জায়গায় কি বিধি-নিষেধ আছে সুস্পষ্টভাবে বলুন। আপনি ওয়ার্ড ডিলিমিটেশনের ব্যাপার বলেছেন। রাজ্য সরকার ওয়ার্ডের সংখ্যা নির্ধারিত করবে। নির্বাচন কমিশন ওয়ার্ড ডিলিমিটেশন করবে। সেই ওয়ার্ড ডিলিমিটেশনের মাধ্যমে আগামীবছর পৌরসভাগুলির নির্বাচন হবে। সেই নির্বাচন করার কত দিন আগে আপনি সংখ্যা নির্ধারণ করবেন এবং ডিলিমিটেশনের কাজ শেষ করবেন মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে সুস্পষ্টভাবে একথা জানতে চাই? এই সংখ্যা এবং ডিলিমিটেশনের ক্ষেত্রে নিজ নিজ এলাকায়, রেসপেকটিভ এলাকায় বিধায়কগণকে যুক্ত করবেন কিনা? বিলে যে অ্যামেন্ডমেন্ট করেছেন সেখানে একটা জিনিস দেখে বিস্মৃত হয়েছি। আগে কি ছিল? আগে ছিল, The chairman shall be the Executive Head of the Municipality and the Municipal administration shall be under his control। তার পরিবর্তন এনে সেই জায়গায় আপনি বলেছেন, The Executive officer shall be the principal Executive Officer of the Municipalities। এখানে মিউনিসিপ্যালিটির চেয়ারম্যানের অধিকারকে খর্ব করা হচ্ছে কিনা? আমি মনে করি অধিকার খর্ব করা হচ্ছে। এই জায়গাটা চিন্তা করতে হবে। আপনি বলেছেন, নির্বাচনের পর যারা কাউন্সিলার নির্বাচিত হবেন, তাদের মধ্যে থেকে যিনি চেয়ারম্যান এবং ভাইস-চেয়ারম্যান হবেন তাকে মন্ত্রগুপ্তির শপথ পাঠ করতে হবে এবং এই শপথ পাঠ করাবেন জেলার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, কিম্বা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটর নিচের সতের এস. ডি. ও.। তারা কাকে মন্ত্রগুপ্তির শপথ বাক্য পাঠ করাবেন—চেয়ারম্যানকে।

অন্যদের ক্ষেত্রে কি বলেছেন? অন্যদের ক্ষেত্রে বলেছেন যে, চেয়ারম্যান তাদের করিয়েছেন। আমি করি না ; যেমন করে চেয়ারম্যান মন্ত্রগুপ্তির শপথ পাঠ করান, জেলা শাসক, মহকুমা শাসক, মন্ত্রী সেই ব্যবস্থা রাখার দরকার আছে। যে জায়গায় আপনি বলেছেন যে অফিসারদের নিয়োগের ক্ষেত্রে—নিশ্চয় এখানে আজকে কোনও পৌরসভা পৌর প্রতিষ্ঠান যে একজিকিউটিভ অফিসার আছেন অথবা সেই জায়গায় হেলথ অফিসার আছেন কোনও অফিসার রাজ্য সরকার থেকে নিয়োগ করা হয়েছে, তাদের নিয়োগ করার পরে তাদের নিয়োগের জন্য যে টাকা বহন করা হয় পৌরসভাগুলিতে সেখানে বলা হয়েছে নো অ্যাপয়েনমেন্ট শ্যাল বি মেড উইদাউট প্রায়র স্যাংশন অফ দি স্টেট গভর্নমেন্ট। এমন কি একটি পৌর বোর্ড করতে পারবে না। এমন কি যেখানে এক পার্সেন্ট পৌরসভা এবং পৌর বোর্ডগুলির হাতে নিয়োগ করার ক্ষমতা ছিল সেখানে সেই অধিকারও কেড়ে নিচ্ছেন। সেখানে আপনি বলছেন রাজ্য সরকারের কাছ থেকে প্রায়র স্যাংশন নিতে হবে। সেই ক্ষেত্রে দেখা গেছে যেমন দলবাজির নমুনা দেখা গেছে, কারণ, আমরা অভিযোগ দেখেছি, আমরা জানি, যে পৌরসভাগুলি চলে তাদের টাকা দেওয়ার ক্ষেত্রে সেই জায়গায় আর্থিক সাহায্য দেওয়ার ক্ষেত্রে গ্র্যান্ট দেওয়ার ক্ষেত্রে সেই জায়গায় বৈষম্য দেখেছি পশ্চিমবঙ্গের বিভিন্ন কংগ্রেসে পরিচালিত পৌরসভার ক্ষেত্রে স্যাংশনের ক্ষেত্রে সেই বৈষম্য দেখা দিচ্ছে। সেজন্য আজকে আপনার কাছে বলব যে অধিকারগুলি পৌরসভাগুলির হাতে ছিল যে অধিকার পৌরসভাগুলি ভোগ করত ১ পারসেন্ট এমপ্লয়িজ নিয়োগ করবার ক্ষমতা পৌরসভাকে দেওয়া ছিল সেই ক্ষমতা সেই দায়িত্ব দেওয়া থেকে সরাসরি বঞ্চিত করা হল। আর একটা জিনিস আপনার কাছে রাখতে চাই। সমস্যা

শুধু কংগ্রেস পরিচালিত পৌরসভাতেই নয় সেখানে আপনাদের দলের পরিচালিত যে পৌরসভা তাতেও বহু জায়গায় এটা করেছেন। যে দল ক্ষমতায় থাকে প্রায় সব জায়গাতেই কিছু ক্যাজুয়েল ওয়ারকার কাজ করে থাকে। দিস ইজ রিয়েলিটি। আপনাদের দ্বারা যে পৌরসভা পরিচালিত হয়, সেখানে ক্যাজুয়েল কর্মি আছে, তাদের ভাগ্যে ভবিষ্যতে কি হবেন, অতীতে ১৯৮১-তে যে পে-কমিশন হয় তখন আপনারা বললেন ঐ পর্যন্ত যে ক্যাজুয়েল কর্মী তাদের স্থায়ি করে দিয়ে নিয়োগ করা হবে। তাহলে এখানে একটা হেডলাইন যে ক্যাজুয়েল কর্মীরা তাদের ঐ জায়গায় সীল হয়ে গেছে, অন্যত্র কোথাও যাবার রাস্তা নেই। তাদের নিয়োগ করার কোনও ব্যবস্থা সরকার থেকে নেবেন? কতগুলি ক্যাজুয়েল কর্মীর টেকনিক্যাল ব্যাপার আছে, সেখানে আপত্তি করবার কিছু নেই। তাই এর সমর্থন না করলেও বিরোধিতা করার মতো কিছু নেই। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে আমার বলার সময়ে বলেছি, তবুও আর একবার বলতে চাই আমাদের বিরোধীদলের মাননীয় সদস্যদের সমালোচনার জবাবে। আমি বলছি সংবিধানের মধ্যে কিছু বিষয় আছে, আর সংবিধানের মধ্যে যা আছে আমরা অনুসরণ করতে বাধ্য। একটা বিষয়ে কিছু বাদ গিয়েছিল বলে সেগুলি সংশোধন করে নিচ্ছি। তার মধ্যে এক থেকে তিন লক্ষ জনসংখ্যা অধ্যুষিত এলাকায় আমরা বাধ্যতামূলকভাবে একটা ওয়ার্ড কমিটি করেছি, সাংবিধানিক মতে আমরা করতে বাধ্য, সেভাবে একটা সংশোধন আনা হয়েছিল, বাকি কিছু সংশোধন আমাদের আনতে হচ্ছে। আমাদের কাজ করতে গিয়ে একটা প্র্যাকটিকাল প্রবলেম, বাস্তব সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। বিবিধ পৌরসভাগুলিতে এটা হচ্ছে এবং তার জন্যই সংশোধন আনতে হচ্ছে। কিছু কথা আগে বলেছি, যেহেতু এই আইনে কিছু রুলস তৈরি করা হয়নি। বিল্ডিং প্ল্যান কি হবে, মিউটেশন কি হবে সেটা আইন নেই, সেজন্য যতক্ষণ পর্যন্ত না নূতন রুলস্ তৈরি হচ্ছে ততক্ষণ পর্যন্ত বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্টে যে ফিজ বা চার্জ আছে সেটা এখানে প্রযোজ্য হবে, এটা না করলে মিউনিসিপ্যালিটিগুলিকে নানা অসুবিধার সম্মুখীন হতে হবে।

[6-15 — 6-25 p.m.]

আগে একজিকিউটিভ অফিসার এবং ফিনান্স অফিসার সম্বন্ধে বলেছি। সৌগতবাবু বলেছিলেন যে, আগে পৌরসভাগুলির ক্ষেত্রে ডিলিমিটেশনের সময় পৌরসভাগুলির মতামত নেওয়া হত, কাজেই এখন নেবেন না কেন। কিন্তু আমি বলছি, এখানে শুধুমাত্র স্টেট ইলেকশন কমিশন ঠিক করবেন যে, ডিলিমেটেশন কিভাবে হবে এবং সেক্ষেত্রে পৌরসভাগুলির মতামত তারা নেবেন, কিন্তু ওয়ার্ড সংখ্যা কি হবে সেটা ঠিক করে দেবেন সরকার। এছাড়া স্টেট ইলেকশন কমিশনের উপর হস্তক্ষেপ করা হয়নি। আগে ছিল, রোটেশন কিভাবে হবে সেটা ঠিক হবে বাই দি নোটিফিকেশন বাই দি কমিশন। সেক্ষেত্রে এখন বলেছি—মে বি প্রেসক্রাইবড। রুলস-য়ে এটা রেখেছি। ভূপেনবাবু প্রশ্ন করেছেন যে, স্টেট ইলেকশন কমিশনার উইল বি গাইডেড বাই হুম। সেটা বাই এ পলিটিক্যাল পার্টি, অর বাই কংগ্রেস পার্টি, অর বাই সি. পি. এম. পার্টি, তার বাই দি অ্যানাদার পার্টি কিনা। ভূপেনবাবু, আই ক্যান অ্যাসিওর ইউ, স্টেট ইলেকশন কমিশন উইল নট বি গাইডেড বাই দি পলিটিক্যাল পার্টি। স্টেট

ইলেকশন কমিশন উইন বি গাইডেড বাই হিমসেলফ। স্টেট ইলেকশন কমিশন উইল বি গাইডেড বাই দি অ্যাক্টস অ্যান্ড রুলস। সেজন্যই আমরা সমস্ত কিছু অ্যাক্টস অ্যাণ্ড রুলস এর মধ্যে প্রভাইড করেছি, কোনও নোটিফিকেশনের ব্যাপার রাখিনি। স্টেট ইলেকশন কমিশন সম্পূর্ণভাবে আইনের ভেতরে রুলস-এর. মধ্যে কাজ করবেন। এখানে আর একটি প্রসঙ্গ কেউ কেউ তুলেছেন। তারা বলেছেন যে, কংগ্রেস শাসিত পৌরসভাগুলিকে নাকি বঞ্চনা করা হচ্ছে। কংগ্রেস পার্টি কয়েক দিন আগে নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে পঞ্চায়েত সম্মেলন এবং কৃষ্ণনগরে নগরপালিকা সম্মেলন করলেন। এখানে জয়নাল সাহেব রয়েছেন, উনি কি বলতে পারবেন, ভারতবর্ষে আর কোন রাজ্য আছে যেখানে কংগ্রেস পার্টি পঞ্চায়েত এবং নগরপালিকা সম্মেলন করতে পারেন? কোনও রাজ্য পাবেন না যেখানে নির্বাচিত পঞ্চায়েতি-ব্যবস্থা কাজ করছে, কাজেই সেখানে সম্মেলন করারও প্রশ্ন আসে না। এর থেকেই প্রমাণ হয় যে পশ্চিমবঙ্গে পঞ্চায়েত এবং পৌর-ব্যবস্থা কতখানি সফল হয়েছে। সৌগতবাবু পৌরসভাগুলিকে বঞ্চনা করা হচ্ছে বলে বলছিলেন। আমার কাছে একটা বই আছে, গভর্নমেন্ট অফ ইণ্ডিয়ার বই একটা। তাতে বলেছে যে, পশ্চিমবঙ্গে কংগ্রেস পরিচালিত পৌরসভাগুলিকে এতটুকু বঞ্চনা করতে চান না সরকার, সমস্ত পৌরসভাগুলিকে সমান দৃষ্টিভঙ্গিতে দেখা হয় এখানে। কংগ্রেস শাসিত কর্ণাটক, মধ্যপ্রদেশ, অন্ধ্রপ্রদেশের আর্বান পপুলেশন আমাদের রাজ্যের আর্বান পপুলেশনের সমান, কিন্তু নেহরু রোজগার যোজনায় যেখানে আমাদের দিচ্ছেন ১০ কোটি টাকা সেখানে ঐ রাজ্যগুলিকে যথাক্রমে দিচ্ছেন ১৬, ১৭ এবং ২৯ কোটি টাকা। আমরা কোনও পৌরসভাকে বঞ্চনা করছি না, বরং আমাদের বঞ্চিত হতে হচ্ছে কেন্দ্রীয় নীতির কারণে। কাজেই সমস্ত মিউনিসিপ্যালিটিগুলির কাজ হবে কেন্দ্রীয় নীতির বিরুদ্ধে লড়াই করা। এখানে আই. ডি. এস. এম. টি. প্রকল্পে আমাদের আরও সাত-আটটি পৌরসভাকে নিতে হবে যার মধ্যে চারটি পৌরসভা কংগ্রেসের। এখনও পর্যন্ত যে ৪৮টি পৌরসভাকে এই প্রকল্পের মধ্যে অন্তর্ভূক্ত করেছি তারমধ্যে ১৭টি পৌরসভা কংগ্রেস এবং রাজনৈতিক দল পরিচালিত। সুতরাং এইভাবে আমরা বিচার করি না। ওয়ার্ডের সংখ্যাও আমরা ঐভাবে নির্ধারণ করি না। ক্লাসিফিকেশন অফ ওয়ার্ড—মহিলা সিট হবে কিনা, শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবদের জন্য সিট হবে কিনা সেটা সম্পূর্ণভাবে রুলসের মধ্যে দিয়ে হবে। পঞ্চায়েত রুলস যেভাবে হয়েছে সেভাবেই আমরা রুলস করবো। ওয়ার্ডের সংখ্যা যেটা নির্ধারিত হবে সেটা আমার বা আপনার কথায় কিছু হবে না ; সেজন্য একটা নিয়ম আমরা করেছি। প্রতিটি পৌরসভায় এ. বি. সি. ডি. এবং ই.—এই যে ৫ট ক্লাসিফিকেশন আছে, ৯ থেকে শুরু করে ৯, ১০, ১১, ১২ থেকে শুরু করে একেবারে ৩৫ পর্যন্ত ওয়ার্ড হবে এবং সম্পূর্ণ ভাবে জনসংখ্যার ভিত্তিতে ওয়ার্ডের সংখ্যা নির্ধারিত হবে। এটাতে আমাদের ইচ্ছা, আপনাদের ইচ্ছা বা কোনও রাজনৈতিক ইচ্ছার প্রশ্ন নেই। আর একটি বিষয় আমি এখানে রেখেছি। সেটা হচ্ছে, দুটো গুরুত্বপূর্ণ বিষয় এখানে আছে। দার্জিলিংয়ের হিল মিউনিসিপ্যালিটিতে যে ভাবে ভূমিক্ষয় হচ্ছে, সেখানে যত্র তত্র বে-আইনি বাড়ি তৈরি হচ্ছে, সিংকিং জোনকে মান্য হচ্ছে না। আমরা ভেবেছি যে সেখানে বিশেষ আইন দরকার। আমাদের সমতলের মতো বিল্ডিং আইন দিয়ে দার্জিলিংয়ে সম্ভব নয়। কাজেই এই মুহূর্তে দার্জিলিংকে যদি বাঁচাতে হয়, দার্জিলিং, কালিম্পংকে যদি বাঁচাতে হয়, কার্শিয়াংকে যদি বাঁচাতে হয় তাহলে বে-আইনি বাড়ি নির্মাণ আমাদের বন্ধ করতে হবে, যেখানে সেখানে বাড়ি নির্মাণ আমাদের প্রতিহত করতে হবে। সেই কারণে

সয়েল টেস্টিংয়ের ব্যবস্থা সেখানে করতে হবে। আমরা একটা হাই পাওয়ার কমিটি করব দার্জিলিংয়ের জন্য। তার মধ্যে জিওলজিস্ট থাকবেন, অন্যান্য এক্সপার্টস থাকবেন, ইকনমিস্ট থাকবেন, আরও অন্যান্য লোক থাকবেন। তারা একটা রেকমেন্ড করবেন যে কি ধরনের বিল্ডিংস রুলস দার্জিলিং, কালিম্পং এবং কার্শিয়াংয়ের জন্য হতে পারে। সেজন্য আমরা সেই বিল্ডিং রুলসে প্রভিসন এখানে রেখেছি। আর তার পাশাপাশি দার্জিলিং গোর্খা হিল কাউন্সিল, তারা পার্বত্য এলাকার পৌরসভাগুলিকে কিছু কিছু টেকনিক্যাল এবং ফিনান্সিয়াল সাহায্য করতে চায়। আমরা সেই প্রভিসনও এখানে রেখেছি। জরুরি কিছু প্রয়োজন হলে তারা যাতে সেই সহযোগিতা সেখানে করেন। এটা আমরা করেছি। এর মধ্যে রাজনৈতিক কোনও উদ্দেশ্য নেই। সামগ্রিক ভাবে, গণতান্ত্রিক ভাবে পরিচালনা করার যে নীতি, বিকেন্দ্রীকরণ করার যে নীতি সরকারের আছে, সেই নীতির প্রতিফলন আমরা এই আইনে এবং সংশোধনীতে ঘটিয়েছি। আমাদের বিরোধী পক্ষের সদস্যরা যে কোনও কারণেই হোক, কেউ এর বিরোধিতা করেছেন, কেউ সমর্থন করেছেন, আমি আশা করব যে সকলকে নিয়ে আমাদের রাজ্যের পৌরসভায় ব্যবস্থাকে আমরা শক্তিশালী করতে পারব। ডিলিমিটেশনের একটা কথা উঠেছে। আমরা বলেছি যে জুন মাসের মধ্যে আমাদের শেষ হচ্ছে। আর একটা কথা বলতে আমি ভুলে গেছি। এটা একটা জায়গায় আছে যে আমাদের চেয়ারম্যান হচ্ছেন অ্যাপয়েন্টিং অথরিটি কর্মচারিদের ক্ষেত্রে। আপনারা আবার দেখবেন যে সেখানে চেয়ারম্যানকে অ্যাপিলেট অথরিটি করা হয়েছে। আমরা এখানে চেয়ারম্যানকে না করে বোর্ড অব কাউন্সিলরসকে অ্যাপিলেট অথরিটি করেছি।

আমরা একটা সিদ্ধান্ত করেছি। রাজ্য স্টেট অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইব্যুনাল যখন হবে তখন তার জন্য একটা আলাদা বেঞ্চ তৈরি করা হবে, মিউনিসিপ্যাল অ্যাসেসমেন্ট ট্রাইব্যুনাল। মিউনিসিপ্যালিটির ছোট-খাটো যে বিষয়গুলি, কর্মচারী সংক্রান্ত যে বিষয়গুলি আছে সেগুলি যাতে মিউনিসিপ্যাল অ্যাসেসমেন্ট ট্রাইব্যুনালের মধ্যে অন্তর্ভুক্ত করতে পারি। আর ডিলিমিটেশনের কাজ যেটা বলেছেন, সেই ডিলিমিটেশনের কাজ, ইনক্লুশনের কাজ আরও ৩ মাস পর্যন্ত চলবে। ইনক্লুশনের ব্যাপারে কেউ কেউ বলেছেন যে ভোট জেতার জন্য বামফ্রন্ট সরকারের পৌরসভাগুলি ইনক্লুশনের জন্য আবেদন করেছে। এটা কিন্তু ঠিক নয়। নৈহাটি পৌরসভা আবেদন করেছে। কন্টাই পৌরসভা আবেদন করেছে। কন্টাইয়ের এম. এল. এ. কন্টাই পৌরসভার ইনক্লুশনের জন্য আবেদন করেছেন। তমলুক পৌরসভাও আবেদন করেছেন ইনক্লুশনের জন্য। আবার বামপন্থী পৌরসভাও ইনক্লুশনের জন্য আবেদন করেছে। বিভিন্ন এলাকা থেকে এই আবেদন করা হয়েছে। আপনিতো নগর উন্নয়নকে বেঁধে রাখতে পারেন না। এটা বাড়তে পারে সবং বাড়লে নগরের মধ্যে সেটা অন্তর্ভুক্ত করতে বাধ্য। সেই কারণে এই ইনক্লুশনের কাজ শেষ হলে, তারপরে ডিলিমিটেশন, তারপরে রোটেশন, তারপরে রিজার্ভেশনগুলি হবে। সমস্তগুলিই হবে নীতির ভিত্তিতে, আইনের ভিত্তিতে। ঐ যে বলেছেন ওয়ান পারসেন্ট রিজার্ভেশন—ওয়ান পারসেন্টের যে বিষয়টা বলেছেন—ওয়ান পারসেন্ট কেন সমস্ত ক্ষেত্রে পৌরসভাগুলিকে আমরা অধিকার দিয়েছি, তাকে খর্ব করার কোনও কারণ নেই। এই কথা বলে আপনাদের সকলের সমর্থন আশা করে আমার বক্তব্য শেষ করছি।

## The West Bengal Municipal (Second Amendment) Bill, 1994

The motion of Dr. Manas Bhunia that the Bill be circulated for the purpose of eliciting public opinion by the 31st March, 1995, was then put and lost.

The motion of Shri Ashoke Bhattacharya that the West Bengal Municipal (Second Amendment) Bill, 1994, be taken into consideration, was then put and agreed to.

[6-25 — 6-35 p.m.]

### Clauses 1-29 and Preamble

The question that clauses 1-29 and Preamble do stand part of the Bill was then put agreed to.

**Shri Ashoke Bhattacharya :** Sir, I beg to move that the West Bengal Municipal (Second Amendment) Bill, 1994, as settled in the Assembly, be passed.

**ডাঃ মানস ভূঁইয়া ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় তার জবাবি ভাষণে কয়েকটি প্রসঙ্গ উত্থাপন করেছেন এবং তার উত্তর দেওয়া দরকার। নগরপালিকা এবং পঞ্চায়েতরাজ এই কন্সেপ্ট পশ্চিমবঙ্গ সরকারের নয়, এটা ভারত সরকারের এবং রাজীব গান্ধী এই স্বপ্ন দেখেছিলেন। অশোকবাবুর দল রাজ্য সভায় এই বিলের বিরুদ্ধে ভোট দিয়েছিলেন, মনে পড়ে অশোকবাবু? আপনি তখন শিলিগুড়ি মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান। আপনার দল বিরোধিতা করেছিল রাজ্যসভায় এই পঞ্চায়েতরাজ এবং নগরপালিকা বিলের কন্সেপ্টের উপর। রাজ্যসভায় সেই বিলটা হেরে গিয়েছিল এক ভোটে। আর একটা বিষয় হল আপনি চ্যালেঞ্জ করেছেন ডাঃ জয়নাল আবেদিন সাহেবের সঙ্গে যে সারা ভারতবর্ষে একটা রাজ্য দেখাতে পারবেন যেখানে সম্মেলন করা গিয়েছে? প্রতিটি রাজ্য পশ্চিমবাংলা বাদ দিয়ে, ভারত সরকারের পঞ্চায়েতরাজ এবং নগরপালিকা বিলের কন্সেপ্ট গ্রহণ করেছেন এবং তার ভিত্তিতে এগোচ্ছে। আর আপনারা জোরচুরি করে তাকে বহিষ্কার করে কেন্দ্রের নগরপালিকা এবং পঞ্চায়েতরাজ কন্সেপ্টে গ্রহণ না করে নিজেদের মনোমতো একটা আইন তৈরি করে তড়িঘড়ি করে একটা নির্বাচন করে নিলেন।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** থার্ড রিডিং-এ বলতে হবে সেটা আপনার জানা উচিত। এখানে এইগুলি বলা যায় না।

**ডাঃ মানস ভূঁইয়া ঃ** বলছি স্যার। আপনি বলেছেন স্টেট ইলেকশন কমিশনার যেটা হয়েছে সেটা অ্যাবভ পলেটিক্স, কোনও রাজনৈতিক দলের নিয়ন্ত্রণে নয়। এই জায়গায় আমাদের খুব আপত্তি আছে। রাজ্যের যিনি ইলেকশন কমিশনার নিযুক্ত হয়েছেন আপনার সরকারের দ্বারা, সেই ব্যাপারে সঙ্গতিপূর্ণ আলোচনার জন্য প্রস্তাব নিয়ে এসেছেন। আমাদের অভিজ্ঞতাটা কি? তিনি রিটায়ারের পর আপনাদের প্রসাদ নিয়ে শিল্প নিগমের চেয়ারম্যান হয়েছিলেন।

বর্ধমানের ডি. এম. ছিলেন এই ভদ্রলোক, সাঁইবাড়ির অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে তাকে ইলেকশন কমিশনার করেছেন। এই তরুন দত্ত আপনাদেরই রাজনৈতিক প্রডাক্ট, আপনাদের পদলেহনকারি একটা অফিসার। রিটায়ার করার পর ভারতবর্ষের কোনও রাজ্যের কোনও অফিসারকে স্টেট ইলেকশন কমিশনার করা হয়নি। আপনি নক্কারজনক ভাবে এই তরুন দত্তকে স্টেট ইলেকশন কমিশনার করেছেন। উনি তো আপনাদের প্রসাদ নিয়ে বেঁচে আছেন। টি এন. শেষনের সঙ্গে তার তুলনা করবেন না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ওনারা বঞ্চনার ইতিহাস তৈরি করেছেন। আজকে চারিদিকে ডিলিমিটেশনের ব্যাপারে উনি একটা কচি খোকার মতো কথা বলছেন। ইতিমধ্যে নির্দেশ পাঠিয়ে দিয়েছেন। অমিয় পাত্র মহাশয় বলছিলেন রাজনৈতিক দলের সঙ্গে কনসাল্ট করার কথা নয়। ঠিক আছে। কিন্তু আমাদের ২৬টি চেয়ারম্যান আছে পশ্চিমবাংলায় ১০৬টি মিউনিসিপ্যালিটির মধ্যে, একটা চেয়ারম্যানের সঙ্গে কনসাল্ট করা হয়েছে? একটা চেয়ারম্যান দেখাতে পারবেন? কোনও নির্বাচিত কমিশনের সঙ্গে কনসাল্ট করা হয়েছে দেখাতে পারবেন? গোপনে আপনাদের অফিসারদের নিয়ে দলের মাধ্যমে নির্দেশ চলে গিয়েছে, ডিলিমিটেশন এজ পার এ. বি. সি. ডি.-ই পপুলেশন অ্যান্ড অ্যাজ পার এরিয়া ইজ কনসার্ন। এই জায়গায় আমাদের আপত্তি। হাউসকে বিভ্রান্ত করা যাবে না। আপনারা গণতন্ত্রের ধ্বজাধারী হয়ে সব চেয়ে বেশি গণতন্ত্রকে হত্যা করেন। তাই আমাদের প্রতিবাদ। তাই আমরা বলেছি এই বিল পাবলিক অপিনিয়নের জন্য পাঠানো হোক।

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** আমি বলছি যে একটা মিউনিসিপ্যালিটিতে দেখাতে পারবেন যে ডিলিমিটেশনের কাজ শুরু হয়েছে? কোনও মিউনিসিপ্যালিটিতে ডিলিমিটেশনের কাজ শুরু হয়নি। যে চিঠি আমরা দিয়েছি তাকে বলে ইনক্লুশন। ইনক্লুশনের অ্যান্ড ডিলিমিটেশন ইজ নট সেম। তাতে আমরা বলেছি ৩১শে আগস্টের মধ্যে কারও কোনও ইনক্লুশন প্রপোজাল আছে কিনা সেটা পাঠাও। যারা পাঠিয়েছে তাদের করছি, যারা পাঠায়নি তাদের করছি না। আর ডিলিমিটেশনের ক্ষেত্রে আমরা কি বলেছি? নাম্বার অফ ওয়ার্ড ফিকসেশন করে দেবে নর্মসের ভিত্তিতে জনসংখ্যার ভিত্তিতে। বাদবাকি ডিলিমটেশনের কাজ শুরু হয়নি। তাই কনসাল্ট করবার কোনও প্রশ্ন নেই। আর ডিলিমিটেশনের ক্ষেত্রে মিউনিসিপ্যালিটিগুলির সঙ্গে যাতে কনসাল্ট করা হয় তার জন্য এই আইনটা করলাম, তার জন্য এই আইনের সংশোধন। আর একটা কথা আপনারা বলেছেন। তরুন দত্ত শেষন বড় কথা নয়, স্টেট ইলেকশন কমিশনার গাইডেড হবেন আইনের দ্বারা, তার নিজের দ্বারা নয়।

আর একটা কথা হচ্ছে আপনি বলছেন, রাজীব গান্ধীর সময়ে এই আইন তৈরি করা হয়েছিল। বেশ, ভাল কথা। তখন কেন আমরা বিরোধিতা করেছিলাম? তখন একটা উদ্দেশ্য ছিল। সেই আইনের মধ্যে এমন প্রভিসন ছিল, রাজ্যের তালিকায় যা লেখা আছে—মিউনিসিপ্যালিটিজ, আর্বান যে লোক্যাল বডিজ অ্যান্ড আদার লোক্যাল বডিজ ইত্যাদি যেগুলো আছে, সেগুলো সম্পূর্ণ ভাবে রাজ্য তালিকা ভুক্ত—রাজ্যের সেই তালিকাকে কেন্দ্রের তালিকাতে নিয়ে যাওয়া হয়েছিল। পঞ্চায়েত এবং পৌর আইনকে সম্পূর্ণ ভাবে তারমধ্যে নিয়ে যাওয়া হয়েছিল বলে আমরা তখন এর বিরোধিতা করেছিলাম। আপনি বলছেন যেহেতু নগরপালিকা বিল এই মুহূর্তে কার্যকর হয়েছে, সেজন্য কংগ্রেস শাসিত রাজ্যগুলিতে নির্বাচন করা সম্ভব হয়নি। এপ্রিল মাসে সংবিধান সংশোধন আইন পাস হয়েছে। রামেশ্বর ঠাকুর

বলেছিলেন এবং উপস্থিত প্রত্যেক পঞ্চায়েত মন্ত্রী সিদ্ধান্ত করেছিলেন যে এই আইন পাশ হওয়ার ছ'মাসের মধ্যে নির্বাচন করা হবে। ছ'মাসের তো হয়ে গেছে। অন্ধ্রপ্রদেশে নির্বাচন হয়েছে? কর্ণাটকে নির্বাচন হয়েছে? কেরালাতে নির্বাচন হয়েছে আমাদের সময়ে, আপনাদের সময়ে হয়নি। হিমাচল প্রদেশে নির্বাচন হয়েছে? রাজস্থানে নির্বাচন হয়েছে? মধ্যপ্রদেশে শুধুমাত্র নির্বাচন হয়েছে। বলুন তো, আসামে নির্বাচন হয়েছে? আপনারা কোনও রাজ্যে নির্বাচন করতে পারেননি। আর একটি কথা হচ্ছে, পৌরসভার নির্বাচন করার জন্য নগরপালিকা আইনের প্রয়োজন ছিল না। ইতিপূর্বে রাজ্যেই পৌর আইন ছিল, যদি নির্বাচন করবার মতো রাজনৈতিক সদিচ্ছা আপনাদের থাকত, তাহলে আপনারা ভারতবর্ষে কংগ্রেস পরিচালিত প্রতিটি রাজ্যে নির্বাচন করতে পারতেন। সদিচ্ছা ছিল না বলেই নির্বাচন করলেন না। সেজন্য আইন বড় কথা নয়।

The motion of Shri Ashoke Bhattacharyya that the West Bengal Municipal (Second Amendment) Bill, 1994, as settled in the Assembly, be passed was then put and agreed to

**The West Bengal Municipal Elections (Amendment) Bill, 1994**

The motion of Shri Ashoke Bhattacharya that the West Bengal Municipal Elections (Amendment) Bill, 1994 be taken into consideration was then put and agreed to.

**Clause 1 - 21 & Preamble**

The question that Clauses 1 to 21 and the Premble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Ashoke Bhattacharya :** Sir, I beg to move that the West Bengal Municipal Elections (Amendment) Bill, 1994, as settled in the Assembly, be passed.

**ডাঃ মানস ভূঁইয়া ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মন্ত্রী বললেন যে আমরা নাকি গণতন্ত্র মানি না। আমরা নির্বাচন করি না। আমরা যদি মানুষের গণতান্ত্রিক রায়কে মেনে নিতে না পারি, এই বীর পুঙ্গবদের দল '৭২ সালে বিধানসভা বয়কট করেছিল, সেদিন এই বাঁদিকে যারা বসে আছেন—আর. এস. পি.—তারা এখানে এসেছিলেন এই কথা অস্বীকার করতে পারেন? আমরা গণতন্ত্রকে মর্যাদা দিই বলে প্রধান সি. পি. এম. দলের অনুপস্থিতিতে পঞ্চায়েত আইন তৈরি করেও আমরা নির্বাচন করিনি। কারণ আমরা যদি নির্বাচন করতাম, তাহলে একতরফা ভাবে বিনা প্রতিদ্বন্দ্বিতায় আমরা জয়ী হতাম। কংগ্রেস গণতন্ত্রে বিশ্বাসী বললেন, ছ'মাসের মধ্যে নির্বাচন হয়েছে, উনি জানেন না, অন্ধ্রপ্রদেশে বিধানসভার নির্বাচন আগত।

কর্ণাটক রাজ্যের বিধানসভার নির্বাচন আগত রাজস্থানে আপনাদের বি. জে. পি. সরকার, বন্ধু সরকার, সেখানেও নির্বাচন হবে। মধ্যপ্রদেশে পঞ্চায়েত নির্বাচন করে দিয়েছি, পাঞ্জাবে

এবং করব। এই কনসেপশন এসেছে মহাত্মা গান্ধীর, এই কনসেপশন এসেছে রাজীব গান্ধীর, এই কনসেপশন এসেছে নরসিমা রাওয়ের। জ্যোতিবাবুর মাথায় আসেনি, আপনাদের অনেক আগেই ১৯৭২ সালে আমরা এই বিষয়ে চিন্তা ভাবনা করেছি এবং রূপায়ণের চেষ্টা করেছি। সুতরাং এই জিনিসটা মাননীয় মন্ত্রীর বোঝা উচিত বলে মনে করি।

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য ১৯৭২ সালের মন্ত্রিত্বের কথা বললেন, ওই সালটার কথা বলবেন না। ১৯৭২ কথা সকলেই জানেন, সুতরাং ওই সালের কথা বলে এই পবিত্র বিধানসভাকে অপবিত্র করবেন না।

The motion of Shri Ashoke Bhattacharya that the West Bengal Municipal Elections (Amendment) Bill, 1994, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 6-37 p.m. till 11 a.m. on Tuesday, the 21st September, 1994, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Wednesday, the 21st September, 1994 at 11-00 a.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 18 Ministers, 11 Ministers of State, and 168 Members.

[11-00 – 11-10 a.m.]

## Starred Questions
## (to which oral answers were given)

### লেকচারারের শূন্য পদ

*৪২। (অনুমোদিত প্রশ্ন নং *৪) **শ্রী আব্দুল মান্নান ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) হুগলি জেলায় রিষড়া বিধানচন্দ্র কলেজে কোন্ কোন্ বিষয়ে কতগুলি লেকচারারের পদ শূন্য আছে; এবং

(খ) শূন্য পদগুলি পূরণের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ**

(ক) ঐ কলেজে ইংরাজিতে দুইটি ও বাংলায় একটি পদ শূন্য আছে।

(খ) কলেজ "কলেজ সার্ভিস কমিশনকে" শূন্য পদের জন্য অধ্যাপকের নাম সুপারিশ করার জন্য আবেদন জানিয়েছে বাংলা ও ইংরাজির ক্ষেত্রে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, দয়া করে জানাবেন কি, এই যে ২টি ইংরাজি লেকচারারের পদ এবং বাংলার লেকচারারের পদ খালি আছে, এটা কতদিন যাবৎ খালি আছে, এখন ক্লাশ ইউনিট-এ প্রত্যেকটি অধ্যাপকের লেকচারারের জন্য সীমা বেঁধে দেওয়া থাকে, তাহলে এইগুলি এখন কারা নিচ্ছেন?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্যকে জানাতে চাই, বিভিন্ন কলেজে যখন কোনও অধ্যাপকের পদ খালি হয় তখন কলেজের পক্ষ থেকে কলেজ সার্ভিস কমিশনের কাছে শূন্যপদ পূরণের জন্য অধ্যাপকের নাম চাওয়া হয়। কলেজ সার্ভিস কমিশন তাদের কাছে যে

প্যানেল আছে বিভিন্ন বিষয়ের, সেই প্যানেল থেকে তারা নামগুলি পাঠান। এই কলেজের ক্ষেত্রেও তারা চেয়েছেন কিন্তু কলেজ সার্ভিস কমিশন তারা নাম পাঠাতে পারেননি। তার একটা কারণ হচ্ছে, অনেকদিন ধরে ইংরাজির প্যানেল যেটা ছিল সেটা শেষ হয়ে গেছে অর্থাৎ ইংরাজির প্যানেলে আর পাঠানোর মতো কোনও নাম নেই। ইতিমধ্যে আপনারা জানেন ইউ.জি.সি. আমাদেরকে বলে যে তোমরা স্টেট লেবেলে এলিজিবিলিটি টেস্ট করো তারপরে ঐ টেস্ট না হওয়া পর্যন্ত যাতে লোক না নেওয়া হয় সেইদিকে লক্ষ্য রাখো। আমরা সেই বন্দোবস্তগুলি করেছি, একটু সময় লাগছে। আপনারা অ্যাসেম্বলিতে সেই বিল পাস করে দিয়েছেন এবং সেই অনুযায়ী এখন দরখাস্ত ইত্যাদি পৌঁছেছে, নভেম্বর মাসের শেষে পরীক্ষা হবে এবং নতুন প্যানেল হবে। কতদিন ধরে খালি আছে জানতে চাইছিলেন, সেই সম্বন্ধে বলি এটা খালি আছে অনেকদিন ধরে এবং তার কারণ হচ্ছে ইংরাজির যে প্যানেল সেই প্যানেল দীর্ঘদিন খালি আছে।

**শ্রী আব্দুল মান্নান** : আমি জানতে চাইছিলাম এই যে পদগুলি খালি আছে, এই ক্লাশগুলি কারা নিচ্ছেন? অধ্যাপকদের তো ক্লাশ নেওয়ার সীমা বেঁধে দেওয়া আছে, এখন তাহলে এই ক্লাশগুলি কারা নিচ্ছেন?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী** : এই পদগুলি খালি আছে ১ বছরের উপর, তার কারণ ইংরাজির প্যানেল শেষ হয়ে গেছে। কিন্তু এই ক্লাশগুলির জন্য সাধারণত কলেজ পার্টটাইমার নিয়ে নেন, এখন কলেজ আমাদেরকে জানাননি তারা কিভাবে এটা করছেন। সাধারণত যখন এইরকম হয় তখন দেখা যায়—যখন সব ক্লাসগুলি চলে—কলেজ পার্টটাইমার হিসাবে লোক নিয়ে নেন। কিন্তু এখন যে অবস্থা আছে নতুন প্যানেল না হওয়া পর্যন্ত আইনত কলেজ সার্ভিস কমিশন সুপারিশ না করলে ওরা অধ্যাপক নিতে পারবেন না। সেইজন্য আমরা বন্দোবস্ত করেছি যাতে এই পদগুলো পূরণ করা যায়।

**শ্রী আব্দুল মান্নান** : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন এক বছরের বেশি সময় ধরে এই পদগুলো খালি পড়ে আছে। কলেজ কর্তৃপক্ষ পার্ট টাইমারদের দিয়ে ক্লাশ নিচ্ছে কিনা সেই খবরও আপনার কাছে নেই। একটা সেশনের এক বছরে বেশি সময় ধরে অধ্যাপক নেই এমন অবস্থায় ছাত্র-ছাত্রীরা কাটিয়ে দিচ্ছে। পার্ট টাইমার যদিও বা আসেন সেখানে বেশিদিন থাকেন না। ক্লাশগুলো কেউ নিচ্ছে না, এদিকে রুটিন অনুযায়ী ক্লাশগুলো চলছে। মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি এই শূন্যপদগুলো পূরণ করতে আর কত দিন সময় লাগবে।

**শ্রী সত্যসাধন চক্রবর্তী** : কলেজ সার্ভিস কমিশন ইতিমধ্যে সিদ্ধান্ত নিয়েছে নভেম্বর মাসে ইউ.জি.সি-র সঙ্গে আলাপ-আলোচনা করে স্টেট লেভেলে এলিজিবিলিটি টেস্ট নিয়ে পরীক্ষা হবে। আমরা কলেজ সার্ভিস কমিশনকে অনুরোধ করেছি এবং তারা সেইভাবেই কাজ করছে। এই পরীক্ষার পরে প্যানেল তৈরি করে শিক্ষক নেওয়া হবে।

**শ্রী রবীন দেব** : মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি কলেজ সার্ভিস কমিশন কোনও কলেজে নাম পাঠালে সেই কলেজ কর্তৃপক্ষ তাকে রিক্রুট করার জন্য বা তাকে

মনোনীত করার জন্য যদি ব্যবস্থা না নেয়, তাহলে কী ব্যবস্থা আপনার দপ্তর নিয়েছে?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী:** মাননীয় সদস্যকে জানাচ্ছি যে দু-একটি ক্ষেত্রে এইরকম ঘটনা ঘটেছে। কলেজ সার্ভিস কমিশন থেকে অধ্যাপকদের নাম সুপারিশ করা হয়েছে, কিন্তু কলেজ পরিচালক মন্ডলী তাতে অনীহা প্রকাশ করেছে, তাদের অসুবিধা আছে বলে তারা তাদের নিয়োগপত্র দিতে পারছেন না। এইসব ক্ষেত্রে ক্ষমতাটা কলেজ সার্ভিস কমিশনের। তবে যদি দেখা যায় কোনও কলেজ কর্তৃপক্ষ সম্পূর্ণভাবে তা অগ্রাহ্য করছে এবং কলেজ সার্ভিস কমিশন থেকে আমাদের কাছে পাঠানো হয়েছে তাহলে এক্ষেত্রে আমরা ব্যবস্থা নিই। কিন্তু আমাদের দপ্তরে কলেজ সার্ভিস কমিশন থেকে কিছু আসেনি।

**শ্রী সুব্রত মুখার্জি:** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে একটা জেলার একটা কলেজ সম্পর্কে প্রশ্ন করা হয়েছে। কিন্তু আমার প্রশ্নটা আলাদা আপনি উত্তর নাও দিতে পারেন, আবার ইচ্ছা করলে দিতেও পারেন। পশ্চিমবঙ্গে টোট্যাল লেকচারারের পোস্ট কতগুলো ফাঁকা আছে? বার বার আপনার দপ্তরের আলোচনার সময় আমরা বলেছি, বিশেষ করে গভর্নমেন্ট কলেজগুলোতে লেকচারারের পোস্ট বেশি ফাঁকা আছে। বহু ছেলেমেয়ে আমাদেরকে রিকোয়েস্ট করছে, তারা কলেজ সার্ভিস কমিশন থেকে পাশ করে বসে আছে, কিন্তু তাদের নিয়োগ করা হচ্ছে না। একটা সেলফ কন্ট্রাডিকটরি উত্তর হয়ে যাচ্ছে কি করে।

**শ্রী সত্যসাধন চক্রবর্তী:** মাননীয় সদস্য যে প্রশ্ন করলেন গোটা পশ্চিমবাংলাতে লেকচারারের পোস্ট কতগুলো খালি আছে সেই ব্যাপারে আমি মাননীয় স্পিকার মহাশয়ের কাছে সময় চেয়েছি। বিভিন্ন কলেজ থেকে আমাদের ডাটা কালেক্ট করতে হবে। তারপর আমি এই হাউসে উত্তর দেব। বিভিন্ন কলেজ থেকে উত্তর না এলে এটা বলা যাবে না। একটা নির্দিষ্ট সময়ে কতগুলো পোস্ট খালি আছে এটা একটা প্রসেসের ব্যাপার।

**শ্রী সুব্রত মুখার্জি:** প্রত্যেকটি কলেজে লেকচারারের পোস্ট খালি পড়ে আছে। কলেজে ক্লাশগুলো হচ্ছে না, এমনকি অনেক কলেজে প্রিন্সিপাল নেই। হেড অফ দি ডিপার্টমেন্টকে দিয়ে প্রিন্সিপালের কাজ চালানো হচ্ছে। এটা একটা দুর্ভাগ্যজনক ব্যাপার। আপনি নিজে একজন অধ্যাপক তা সত্ত্বেও এইরকম ঘটনা বার বার হচ্ছে।

**শ্রী সত্যসাধন চক্রবর্তী:** আমি ব্যাপারটা আগেই বলেছি, কোনও কলেজের পদ শূন্য হলে তারা কলেজ সার্ভিস কমিশনকে জানান। কলেজ সার্ভিস কমিশন তাদের সুপারিশগুলো সেখানে পাঠান এই প্রক্রিয়াটা চলছে। এটা এ রকম নয় যে বন্ধ আছে কিন্তু কিছু কিছু বিষয় বন্ধ আছে। এই জন্য যে প্যানেল শেষ হয়ে গেছে। বাংলার ব্যাপারে দীর্ঘদিন বন্ধ ছিল মামলার জন্য। আলাপ-আলোচনা করার পরে আমরা সেখানে বন্দোবস্ত করেছি। বাংলাতে যেখানে যেখানে খালি ছিল সেখানে অধিকাংশ জায়গায় নাম চলে গেছে এবং যাবে। প্রিন্সিপালের ব্যাপারটা এই হাউসে বার বার আলোচনা করেছি। এ ব্যাপারে কলেজ সার্ভিস কমিশন অ্যাডভারটাইস করেছে এবং যেখানে যেখানে সম্ভব পাঠিয়েছেন। কিন্তু কিছু কিছু প্রার্থী আছেন যারা মফস্বলে নিয়োগপত্র দেওয়ার পরেও দেখা যাচ্ছে সেখানে যাচ্ছেন না। আবার

নতুন করে অ্যাডভারটাইসমেন্ট করা হয়েছে, কলেজ সার্ভিস কমিশন ইন্টারভিউ নিয়েছে। এটা একটা প্রসেস চলছে। খালি হচ্ছে আবার লোক পাঠানো হচ্ছে। আবার যেখানে শূন্য পদ সৃষ্টি হচ্ছে সেখানে কলেজ সার্ভিস কমিশন থেকে লোক পাঠানো হচ্ছে।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি বললেন যে, রিষড়ার বিধানচন্দ্র কলেজ সহ বিভিন্ন কলেজ লেকচারারের পদ শূন্য আছে দীর্ঘদিন ধরে। যে সমস্ত কলেজে বিভিন্ন বিষয়ে একজন মাত্র অধ্যাপক আছেন সেখানে সমস্যা আরও চরম। সেক্ষেত্রে আপনার দপ্তর, যে সমস্ত শিক্ষকরা ছুটি নেন বা অসুস্থ হয়ে যান বা অন্য কারণে লেকচারারের পদ শূন্য থাকে এবং ছাত্ররা খুব সাফার করে, সেক্ষেত্রে আপনার দপ্তর কি করছে? আমি যে কেন্দ্র থেকে নির্বাচিত সেখানকার বিবেকানন্দ কলেজে এই সমস্যা দীর্ঘ দিনের। যেখানে ওয়ান সাবজেক্ট টিচার সেখানে আপনার দপ্তর কি করছে? যেখানে যেখানে এই ধরনের কলেজগুলি আছে দ্রুত সেখানে লেকচারার নিয়োগের ব্যাপারে স্টপ গ্যাপের বা ডেপুটেশন ভ্যাকান্সিতে সেকেন্ডারি স্কুল, হায়ার সেকেন্ডারি স্কুলগুলোতে যেভাবে নিয়োগ করা হয় সেখানেও এরকম কোনও ব্যবস্থা গ্রহণ করেছেন কি না বা গ্রহণ করছেন কি না?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্য ঠিকই বলছেন, আমাদের বিশেষ করে যে নতুন কলেজগুলো খোলা হয়েছে সেখানে বিভিন্ন বিষয়ে একজন করে অধ্যাপক নিয়োগ করা হয়েছে। আমরা এই সমস্ত কলেজগুলোতে ওয়ার্ক লোডের ভিত্তিতে যেখানে যেখানে অতিরিক্ত অধ্যাপকের পদ আছে তা পূরণ করার জন্য উদ্যোগ গ্রহণ করেছি। আমরা খতিয়ে দেখতে চাই সেই কলেজগুলোতে ওয়ার্কলোড কি রকম। কেননা ইউ.জি.সি-তে বলা আছে ওয়ার্কলোড দেখে যেখানে যেখানে অতিরিক্ত শিক্ষক প্রয়োজন সেখানে অতিরিক্ত শিক্ষক, বা অধ্যাপক দেবেন।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় আপনি বলেছেন এবং বিস্তারিতভাবে প্রশ্নগুলির ব্যাখাও দিয়েছেন, কিন্তু আমার প্রশ্ন হল, আপনি যত দিন উচ্চশিক্ষা মন্ত্রী হয়েছেন এই প্রশ্নটা বারে বারেই এসেছে এবং তিন থেকে চার বার এই হাউসে আলোচনাও হয়েছে। অধ্যাপক, শিক্ষক নিয়োগের ক্ষেত্রে আমার প্রশ্ন হ'ল—এই নিয়োগ না করার ধারাবাহিকতা আর কতদিন চলবে?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্যকে আমি একটা কথা বলছি, যেটা চলছে সেটা নিয়োগের ধারাবাহিকতা এবং আগামীদিনেও যেটা চলবে সেটা নিয়োগের ধারাবাহিকতা। আর শূন্য পদ পূরণ করা যাবে আগামী এই পরীক্ষা হয়ে যাওয়ার পরে। যে বাকি যেখানে অসুবিধা হচ্ছে, আমি যদি মাননীয় সদস্যকে বলি, আচ্ছা প্যানেল শেষ হয়ে গেছে আর কি করে অধ্যাপক নিয়োগ করা যাবে?

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** একটা সেকেন্ড প্যানেল তৈরি করেননি কেন। যদি ফার্স্ট প্যানেল এ্যাকজস্ট হয়ে যায়, সেকেন্ড প্যানেল এ্যাকজস্ট হয়ে যায় তাহলে থার্ড প্যানেল-এর ব্যবস্থা করতে পারেন। যেমন পি.এস.সি-র মতো। নিয়মটাকে মেনে নিতে হবে। আমি জানতে চাইছি

আপনি কি উদ্যোগ নিয়েছেন বিষয়টা সমাধানের জন্য? ইউ.জি.সি-র সঙ্গে কথা বলে একটা সুষ্ঠ সমাধানের রাস্তা বার করবেন কি?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** আপনাদের দুটি ক্ষেত্রেই বলছি। গভর্নমেন্ট কলেজে নিয়োগের ক্ষেত্রে ইউ.জি.সি. নতুন এই সমস্ত নানান শর্ত দেওয়ার ফলে আমরা রিক্রুটমেন্ট রুলস চেঞ্জ করে পি.এস.সিকে জানিয়ে দিয়েছি। এটা হবে। আপনাদের জানাচ্ছি, ইতিমধ্যেই আপনারা হাউসে নতুন নিয়োগের ক্ষেত্রে বিল পাশ করেছেন, আমাদের বিল আনতে হয়েছে। ইউ.জি.সি. বলেছে স্টেট লেভেলে এলিজিবিলিটি স্টেট করো। তার ব্যবস্থা হয়েছে, কমিটি হয়েছে। সেখানে দরখাস্ত আহ্বান করা হয়েছে। এখন পরীক্ষার বন্দোবস্ত করা হচ্ছে। এটা একটা বড় পরিবর্তন— কোয়ালিটেটিভ চেঞ্জ। তার জন্য আমাদের নতুন প্যানেল করতে একটু সময় লাগছে।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আচার্য প্রফুল্লচন্দ্র কলেজ, এ.পি.সি. কলেজ ফর কমার্স, নিউ ব্যারাকপুরে, এখানে পার্ট টাইমার আছেন। একজন কয়েকদিন আগে বোধহয় পার্মানেন্ট পোস্টে গিয়েছেন। এইসব কলেজে নানান ধরনের টিচারের দরকার হয়, লেকচারারের দরকার হয়। এইসব কলেজে যেখানে শিক্ষক নেই সে সম্পর্কে আপনার কাছে খবর আছে কিনা, থাকলে সেখানে তা পুরণ করাব ব্যবস্থা করবেন কিনা?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্যকে এই বলে আশ্বস্ত করতে পারি যে প্রত্যেকটি কলেজ যেখানে যেখানে শূন্য পদ আছে তাদের সঙ্গে আমাদের যোগাযোগ আছে। আমরা সেগুলি পুরণের জন্য উদ্যোগ নিয়েছি। যেখানে যেখানে প্রয়োজন আগামীদিনে সমস্ত জায়গায় আমরা শিক্ষক দেব।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** স্থায়ীভাবে নিয়োগ করার যে প্রক্রিয়ার কথা মাননীয় মন্ত্রী মহাশয় বললেন সেই প্রক্রিয়া যতদিন না সম্পূর্ণ হচ্ছে ততদিনের জন্য অ্যাডহক ভিত্তিতে পার্ট টাইম লেকচারারা নিয়োগ করার অনুমোদন কলেজ কর্তৃপক্ষকে দেবেন কি?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** যেখানে যেখানে পার্ট টাইম নিযুক্ত করা প্রয়োজন সেখানে কলেজগুলি নিজেরাই আমাদের সঙ্গে আলোচনা করে পার্টটাইমার নিযুক্ত করছেন। ইতিমধ্যে আমাদের অর্থমন্ত্রীর সঙ্গে আলোচনা চলছে। পার্টটাইমার হিসাবে যারা কাজ করেন তাদের বেতন খুবই কম। আমরা আলোচনা করে সেটাও যাতে বাড়ানো যায় সে সম্পর্কে আমরা আলোচনা করছি। কলেজগুলিতে যেখানে যেখানে পার্ট টাইমার প্রয়োজন সেখানে তারা পার্ট টাইমার নিতে পারেন আমাদের সঙ্গে আলোচনা করে এবং তারা নিয়েও থাকেন।

**শ্রী অমিয় পাত্র ঃ** আমরা দেখছি যেখানে অধ্যাপক নেই সেই সমস্ত কলেজে এই পার্ট টাইমারদের কথাটা ঘুরেফিরে আসছে। আমি নিজে একটি কলেজের গভর্নিং বডির সঙ্গে যুক্ত। এই পার্ট টাইম অধ্যাপকদের যে রেমুনারেশন দেওয়া হয় সেটা হচ্ছে মাসে ১।। শো টাকা বা তার কাছাকাছি। এই মাসে ১।। শো টাকাতে আজকাল বাড়ির কাজের লোকও পাওয়া যায় না। স্কিলড, আনস্কিলড কোনও লেবারও পাওয়া যায় না। কোনও লোকই মাসে ১।।

শো টাকাতে কাজ করে না। এখানে ভীষণ রকমের একটা বৈষম্য রয়েছে। আর এই পার্ট টাইমারদের কাজ অন্যদের সঙ্গে প্রায় একই রকমের। আমার মনে হয় একটা অপমানজনক ব্যাপার মাসে ১।। শো টাকা দেওয়া একজন এম.এস.সি বা এম.এ পাশ করা অধ্যাপককে। এ সম্পর্কে কোনও চিন্তা ভাবনা আপনি করছেন কি?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্য সঠিকভাবেই প্রশ্নটা তুলেছেন এবং মাননীয় সদস্যের সঙ্গে আমি একমত যে পার্ট টাইমারদের যে রেমুনারেশন দেওয়া হয় তা খুবই কম। এটা নিয়ে আমরা আলোচনা করছি, অধ্যাপক সমিতির সঙ্গেও আমাদের আলোচনা হয়েছে। এই পার্ট টাইমারদের রেমুনারেশন বাড়াবার উদ্যোগ আমরা নিয়েছি। কয়েকদিনের মধ্যেই নির্দিষ্ট ঘোষণা করতে পারব বলে আশা করি।

**শ্রী তুলসি ভট্টরাই ঃ** মাস চারেক আগে দার্জিলিং পাহাড়ী এলাকায় স্থানীয় লেকচারার নেবার ব্যাপারে কাগজে একটা অ্যাডভারটাইসমেন্ট বেরিয়েছিল এবং কিছু সংখ্যক লোক তার জন্য অ্যাপলিকেশন করেছিলেন। সেটা কোথায় গিয়ে পৌঁছেছে? সেখানে ল্যাঙ্গুয়েস্টিক মাইনরিটিদের লেকচারার হিসাবে নেবার জন্য কোনও ব্যবস্থা হয়েছে কি?

[11-20—11-30 a.m.]

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি, তিনি ঠিকই বলেছেন। পাহাড়ী এলাকার কলেজের জন্য কলেজ সার্ভিস কমিশন থেকে একটা বিজ্ঞপ্তি কিছুদিন আগে দেওয়া হয়েছে। কলেজ সার্ভিস কমিশনের চেয়ারম্যানের সঙ্গে এই ব্যাপারে আমার কথা হয়েছে। ওরা খুব শীঘ্র উত্তরবঙ্গে গিয়ে সেখানে অধ্যাপক নিয়োগের জন্য ব্যবস্থা নিচ্ছেন এবং খুব তাড়াতাড়ি সেটা করা হচ্ছে।

**শ্রী অজয় দে ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি, উনি লেকচারারের বিষয় নিয়ে আমাদের অবহিত করলেন, কিন্তু যে কলেজগুলো দীর্ঘদিন অধ্যক্ষ বিহীন অবস্থায় পড়ে রয়েছে, যেমন আমি বলতে পারি শান্তিপুর কলেজ সেখানে দীর্ঘদিন ধরে অধ্যক্ষের পদ খালি পড়ে রয়েছে, এর মধ্যে চার পাঁচ জন অধ্যক্ষের ইনচার্জ হিসাবে কাজ করে গেছেন, ওখানে এই অবস্থা চলছে, এই অধ্যক্ষ নিয়োগের ব্যাপারে আপনি কী চিন্তা ভাবনা করছেন?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্য নিশ্চয়ই শুনেছেন, এর আগে বলেছি, গভর্নমেন্ট কলেজের অধ্যক্ষ নিয়োগের জন্য নতুন একটা রিক্রুটমেন্ট রুলস তৈরি হয়ে গেছে এবং পাবলিক সার্ভিস কমিশনের সঙ্গে কথাবার্তা চলছে। সেইভাবে তারা বিজ্ঞপ্তি প্রকাশ করবেন এবং প্রাইভেট কলেজের অধ্যক্ষের ব্যাপারে নতুন করে কাগজে বিজ্ঞপ্তি দেওয়া হয়েছে কলেজ সার্ভিস কমিশনের পক্ষ থেকে এবং সেখানে নতুন প্যানেলের মাধ্যমে শূন্য পদ পূরণের ব্যবস্থা নেওয়া হয়েছে। একটা কথা আগেই বলেছি, সাধারণত গ্রামাঞ্চলের কলেজগুলোতে আমাদের অধ্যক্ষ পাবার ব্যাপারে অনেক অসুবিধা রয়েছে। অনেকে নিয়োগ পত্র পাবার পরও যান না। অনেক ক্ষেত্রে দেখা যায় কিছুদিন কাজ করার পর চলে আসছেন। কলকাতার কলেজে যারা

কাজ করেন, তাদের দু একজনকে নিয়োগ করেছি সরকারি কলেজে, তারা কিন্তু বিভিন্ন কারণে যেতে পারছেন না, সেইজন্য আমরা রিক্রুটমেন্ট রুলস চেঞ্জ করেছি। প্রাইভেট কলেজের ক্ষেত্রে আরও বেশি উদার করেছি যাতে আরও বেশি ক্যানডিডেট দরখাস্ত করতে পারেন। এই পরিবর্তনের ফলে আগামীদিনে শূন্য পদগুলো পুরণ করতে পারব।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে পশ্চিমবাংলার বিভিন্ন কলেজে তিনি অবিলম্বে পদ পুরণ করবেন সেই জন্য ধন্যবাদ। আমি একটা কলেজের সঙ্গে যুক্ত আছি, সেখানকার কলেজে বিভিন্নভাবে আমরা লক্ষ্য করছি নন-টিচিং স্টাফ না থাকার জন্য এবং পশ্চিমবাংলার বিভিন্ন কলেজে নন-টিচিং স্টাফ না থাকার জন্য খুবই অসুবিধার সৃষ্টি হচ্ছে। এই ক্ষেত্রে আপনার কী পরিকল্পনা আছে?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** কলেজের নন-টিচিং স্টাফ যেখানে অ্যাপ্রুভ পোস্ট ইত্যাদি আছে, সেখানে দিয়ে দিচ্ছি। কিন্তু কলেজে আমরা নন-টিচিং স্টাফের ব্যাপারে নতুন করে স্টাফ প্যাটার্ন তৈরি করছি। অনেকদিন আগের যে স্টাফ প্যাটার্ন ছিল, সেটার বদল করে আমরা একটা নতুন স্টাফ প্যাটার্ন করছি। তার ভিত্তিতে যেখানে যেখানে নন-টিচিং স্টাফ প্রয়োজন হবে সেখানে দিয়ে দেব।

**শ্রী সুকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন যে আপনি বললেন ভ্যাকান্সি ফিল আপ করার প্রসেস সম্পর্কে, কিন্তু আমরা জানি কলেজে পাস কোর্সের জন্য মিনিমাম দুজন লেকচারার থাকা দরকার এবং অনার্স কোর্সের জন্য তিন জন থাকা দরকার। কিন্তু আমরা দেখছি পাস কোর্সের জন্য একজন এবং অনার্স কোর্সের জন্য দুজন রয়েছে।

**শ্রী সুকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে প্রশ্ন যা আপনি বললেন ভ্যাকান্সি ফিল আপ এর ব্যাপারে আমরা জানি কলেজে পাস কোর্সে মিনিমাম দুজন লেকচারার পার সাবজেক্টে এবং অনার্স কোর্সে তিন জন লেকচারার পার সাবজেক্টে দরকার। কিন্তু আমরা বিভিন্ন পত্র পত্রিকায় লক্ষ্য করছি পাস কোর্সে যেখানে দুজন লেকচারার দরকার সেখানে একজন এবং অনার্স কোর্সে যেখানে মিনিমাম ৩ জন লেকচারার দরকার সেখানে দুজন চালাচ্ছেন। এক্ষেত্রে যেখানে সরকারি নিয়ম বাধ্যতামূলক সেক্ষেত্রে ভ্যাকান্সি কিভাবে আপনি ফিল আপ করছেন কি ভাবে সেটা দয়া করে বলবেন কি?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** আমি এর আগে অন্য একজন মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে বলেছিলাম যে আমরা প্রত্যেকটি ডিপার্টমেন্টের ওয়ার্ক লোড দেখেছি এবং সেই ওয়ার্ক লোডের ভিত্তিতে যত কটা পোস্টের প্রয়োজন আমরা সেগুলি দেব কিন্তু ওয়ার্ক লোড দেখতে হবে এই জন্য যে ইউ.জি.সি. এর তরফ থেকে আমাদের এখানে আছে যে একজন অধ্যাপক মিনিমাম কত ক্লাশ নেবেন। আমরা যে নতুন কলেজগুলো করেছি সেখানে ২ বছরের পাস কোর্স আছে অথচ এগারো বার ক্লাশ নেই। সেখানে দেখা যাবে হয়ত ওয়ার্ক লোড বার-চোদ্দ-ষোল টি পিরিয়ড সেখানে কিন্তু ইউ.জি.সি. এর নর্মস অনুসারে সপ্তাহে ১ জনকে ২৪টি ক্লাশ নিতে হবে। সুতরাং সেদিক থেকে আমরা যেখানে যেখানে ওয়ার্ক লোড

হয় সেখানে সেখানে দ্বিতীয় পদ জাস্টিফায়েড মনে হয় আমরা সেগুলো দিয়ে দেব।

* ৪৩-হেল্ড ওভার

**শ্রী সুব্রত মুখার্জিঃ** এই প্রশ্নটা হেল্ড ওভার কেন হল? স্যার, পয়েন্ট অফ অর্ডার আছে।

**Mr. Speaker:** The Minister had to leave for Jalangi. I have given him permission to leave. The question does not arise.

### কোনা এক্সপ্রেস ওয়ে

*৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *২১) **শ্রী অম্বিকা ব্যানার্জি ও শ্রী আব্দুল মান্নানঃ** নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) বিদ্যাসাগর সেতু ও দিল্লি রোডের সংযোগকারী 'কোনা এক্সপ্রেস ওয়ে' রাস্তাটির নির্মাণকাজ বর্তমানে কোন পর্যায়ে আছে;

(খ) উক্ত রাস্তা নির্মাণের জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ৩১শে মার্চ, ১৯৯৪ পর্যন্ত কত টাকা পাওয়া গেছে; এবং

(গ) ৩১শে আগস্ট, ১৯৯৪ পর্যন্ত খরচের পরিমাণ কত?

**ডঃ অসীমকুমার দাশগুপ্তঃ**

(ক) বিদ্যাসাগর সেতু ও দিল্লি রোডের সংযোগকারী 'কোনা এক্সপ্রেসওয়ে' রাস্তাটির মোট ৭.২ কিমি দৈর্ঘের মধ্যে প্রায় ২.২ কিমি রাস্তা তৈরির কাজ সম্পূর্ণ ও বাকি ৫ কিমি দৈর্ঘ্যের কাজ অসম্পূর্ণ ও বিভিন্ন পর্যায়ে আছে।

(খ) উক্ত রাস্তা নির্মাণের জন্য (প্রথম ১.১৩ কিমি দৈর্ঘ্য এইচ.আর.বি.সির (হুগলি রিভার ব্রিজ কমিশনার) কাছ থেকে ৩১শে মার্চ, ১৯৯৪ পর্যন্ত ১(এক) কোটি টাকা পাওয়া গেছে। বাকি খরচের দায়িত্ব সি.এম.ডি.এ. বহন করে।

(গ) ৩১শে অগাস্ট, ১৯৯৪ পর্যন্ত (১৯৭৮-৭৯ সাল থেকে) মোট খরচের পরিমাণ টা. ৬,০৬,৫১,৪৬৯

**শ্রী আব্দুল মান্নানঃ** মাননীয় মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি এই যে ৫ কি.মি. রাস্তা বাকি আছে এটা তৈরি করতে মোট কত টাকা ব্যয় হবে?

**ডঃ অসীমকুমার দাশগুপ্তঃ** আমরা মেগাসিটি প্রকল্পে এ বাবদ আর ১০ কোটি টাকা আপাতত প্রাথমিকভাবে বরাদ্দ করেছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহোদয় আপনি অনুগ্রহ করে জানাবেন কি এই কোনা এক্সপ্রেস যে রাস্তাতে আছে, একটা কেসের জন্য তার কিছুটা আটকে রয়েছে। আমরা জানি এক্ষেত্রে কাজ করতে গিয়ে আপনার অসুবিধা রয়েছে। কিন্তু পাঁচ কি.মি. রাস্তা তার সবটা কেসের মধ্যে নেই। সেই জায়গাটা শুরু না হওয়ার কারণ কি?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** আমাদের দুই ধরনের সমস্যা আছে। যেখানে কেস নেই সেখানে যাদের জমি বা বাড়ি আছে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করছি। ১১২টি পরিবারের পুনর্বাসনের জন্য রাস্তার ধারের জমি ভরাট করার কাজ শুরু করা হয়েছে। এবং এই পর্যায়ে জমিতে ৩৫টি চিকে প্রজা, ভাড়াটিয়া থাকায় তাদের জন্য বাড়ি তৈরি করে দিতে হচ্ছে। বাকি যে জায়গার কাজ আটকে আছে একটা কবর স্থান সংক্রান্ত এবং ব্যাপারটা মহামান্য হাইকোর্টের বিচারাধীন আছে। যদি আমরা সেখান থেকে এমন একটা আদেশ পাই যাতে কাজ করতে সুবিধা হয় তাহলে আমাদের মূল বাধাটা দূর হয়ে যাবে।

[11-30—11-40 a.m.]

**শ্রী মহঃ ইয়াকুব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, বিদ্যাসাগর সেতুর সংযোগকারী খিদিরপুর জংশনে যে ব্রিজটি আছে সেটির সংস্কারের কোনও পরিকল্পনা এবং বিদ্যাসাগর সেতুর সংযোগকারী খিদিরপুরের রাস্তাটি ওয়াইড করার কোনও পরিকল্পনা আছে কি?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** খিদিরপুর ব্রিজটি যাতে ট্রাক লোড বহন করতে পারে তার জন্য তার উন্নয়ন পরিকল্পনা সামগ্রিক পরিকল্পনার অন্তর্ভুক্ত।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, বিদ্যাসাগর সেতু ও দিল্লি রোডের সংযোগকারী 'কোনা এক্সপ্রেস ওয়ে'র সঙ্গে যুক্ত যে সমস্ত লিঙ্ক রোডগুলি আজ পর্যন্ত সঠিকভাবে গড়ে ওঠেনি এবং যেগুলি গড়ে না ওঠার জন্য আমরা দেখছি প্রতিদিন যান-বাহন আটকে থাকছে, সেতু করা সত্ত্বেও সেতুর উপকার মানুষ গ্রহণ করতে পারছে না, সেগুলি যাতে সঠিকভাবে গড়ে ওঠে—লিঙ্ক রোডগুলি যাতে ভালভাবে হয় তার জন্য আপনাদের কোনও মাস্টার প্ল্যানের পরিকল্পনা আছে কি?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** আমি বিস্তারিতভাবে উত্তর দিতে পারছি না। তবে আমাদের এ বিষয়ে যে পরিকল্পনা আছে তার দুটো অংশ আছে, একটা হচ্ছে, মূল রাস্তা কোনা এক্সপ্রেস ওয়ের কাজ শেষ করা এবং এর মধ্যে সবচেয়ে বড় সংযোগকারী রাস্তা ফোরসোর রোডটির উন্নতি সাধন করা। সেই কাজ আমরা গ্রহণ করেছি। এ ছাড়াও কিছু কাজ আমরা গ্রহণ করেছি, কিন্তু তা আমি একাই বিস্তারিতভাবে বলতে পারছি না।

**শ্রী পদ্মনিধি ধর ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, দিল্লি রোডের সঙ্গে বিদ্যাসাগর সেতুর সংযোগ কি করে হবে আমি জানি না! প্রশ্নটা প্রশ্নকর্তা এভাবে কি করে করলেন বুঝতে পারছি না এবং আপনিও কিভাবে উত্তর দিলেন তাও বুঝতে পারছি না! এটা বোধ হয় বোম্বে রোড বা ন্যাশনাল হাইওয়ে-৬ হবে। এখন আপনার কাছে আমার প্রশ্ন হচ্ছে, সেতু এবং রাস্তা

নির্মাণের পরিপ্রেক্ষিতে যে কমপেনসেশন দেয়ার ব্যাপারটা আছে, সেটা এখন কোন স্তরে আছে?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** প্রশ্নের প্রথম অংশটা মন্তব্য ধরনের। সেটার আমি প্রথমেই উত্তর দিয়ে রাখি। মাননীয় স্পিকার মহাশয় যে প্রশ্নগুলি গ্রহণ করেন সেগুলি তিনি যেভাবে গ্রহণ করে আমাদের কাছে পাঠান, আমরা সেভাবেই তার উত্তর দিই। মাননীয় স্পিকার মহাশয়, টেকনিক্যালি এটা ন্যাশনাল হাইওয়ে-৬, ভাবে রাখলেই বোধ হয় ভাল হ'ত। তবে প্রতিটি ন্যাশনাল হাইওয়ের সঙ্গে প্রতিটি ন্যাশনাল হাইওয়ের যোগ আছে। ঐ দুটি ন্যাশনাল হাইওয়ের ১৪/১৫ কিলো মিটারের মধ্যেই যোগ আছে। আর দু ধরনের কমপেনসেশনের ব্যাপার আছে। যেখানে ঠিকা-প্রজা, ভাড়াটিয়া আছে সেখানে তাদের জন্য আমরা বাড়ি তৈরির সিদ্ধান্ত নিয়েছি এবং এইচ.আই.টি.-র মাধ্যমে তা আমরা করব। আর পুনর্বাসনের জন্য এক কাঠা জমি এবং নগদ ১০ হাজার টাকা বরাদ্দ দেয়ার ব্যবস্থা হয়েছে। হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশনের সঙ্গে যোগাযোগ রাখছি, ওদের মাধ্যমে কাজ করব। এখানে একটা স্পর্শকাতর জায়গা আছে এবং সেটা মহামান্য হাইকোর্টের কাছে আটকে আছে। ওঁরা যে সিদ্ধান্ত করবেন সেই সিদ্ধান্ত অনুযায়ী আমরা কাজ করব।

**শ্রী সৌগত রায় ঃ-** এখনও সংযোগকারী রাস্তার ৫ কিলোমিটার বাকি এবং এরজন্য ১০ কোটি টাকা খরচ হবে, কবে শেষ হবে বলা যাচ্ছে না। এদিকে ১৫ বছর ধরে কাজ করে দ্বিতীয় হুগলি সেতুর ২০ পারসেন্ট ইউটিলাইজেশন হচ্ছে। সংযোগকারী রাস্তা কমপ্লিট না হলে ফুল ইউটিলাইজেশন হবে না। এর জন্য ৩৮৮ কোটি টাকা খরচ হয়েছে, টোট্যাল ফেলিওর অফ প্ল্যানিং। কানেকটিং রাস্তা না করে আপনি ব্রিজ ওপেন করলেন এত কোটি টাকা খরচ করে। এটা কি সত্যি—হ্যাঁ, আমি মানছি, কবরখানার জন্য একটা অংশ রাস্তার কাজ আটকে আছে, কিন্তু বাকি ৫ কিলোমিটার রাস্তা সবটাই কবরখানা নয়, সেটা হচ্ছে সংযোগকারী রাস্তা। সেই জায়গায় ড্রেনেজ ক্যানেল নতুন রাস্তায় খরচ করা হয়েছে কিনা? এখন যেটা খরচ করার কথা বললেন সেটা সরকারের খাম-খেয়ালিপনায় ড্রেনেজ ক্যানেল রোড নামে আর একটি রাস্তায় খরচ করা হয়েছে কিনা এবং তার জন্য সংযোগকারী রাস্তার কাজ দেরি হয়েছে কিনা?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** আমার কাছে এইরকম কোনও তথ্য নেই।

**শ্রী নির্মল দাস ঃ** কেন্দ্রীয় সরকারের সেন্ট্রাল রোড ফান্ড থেকে এই রাজ্যের কি পরিমাণ অর্থ পাওনা এবং সেই অর্থ না পাওয়ার জন্য কি এক্সপ্রেস হাইওয়ে বা যে সমস্ত পরিকল্পনা নেওয়া হয়েছে সেগুলি কি ব্যহত হচ্ছে? যে টাকা প্রকৃতপক্ষে কেন্দ্রীয় সরকার এখান থেকে উঠিয়ে নেয় তার পরিমাণ কত সেটা জানা আর আমরা কত টাকা পেয়েছি এবং কত টাকা পাওনা সেটা দয়া করে অবহিত করান?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমার ধারণা, মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় এ সম্পর্কে বিধানসভায় বলেছেন। তবুও আমি আমার স্মৃতিশক্তি থেকে বলছি, এটা

খুবই ক্ষতি হয়ে যাচ্ছে, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে অন্তত ৩০ কোটি টাকা পাওনা এই মুহূর্তে, তার থেকে বেশিও হতে পারে।

**শ্রী জটু লাহিড়ী ঃ** কোনা বাই পাস ১২ আনা অর্থাৎ ৭৫ ভাগ আমার কেন্দ্র দিয়ে গেছে। দীর্ঘ ১৭।১৮ বছর ধরে এই রাস্তার জন্য যাদের জায়গা এবং বাড়ি নেওয়া হয়েছে তারা কিন্তু নোটিশ পেয়ে ঝুলে রয়েছে। এর আগের পৌরমন্ত্রী, বুদ্ধদেববাবুর সঙ্গে ঐ এলাকার সমস্যার ব্যাপারে তার কাছে আবেদন করতে গিয়েছিলাম। উনি সেদিন বলেছিলেন এই ব্যাপারে সহযোগিতা করতে। কারণ কেন্দ্রীয় সরকার নাকি বলেছেন ১৯৯৪ সালে কোনা বাইপাশ না হলে, ১৯৯৪ সালের পর আর কোনও টাকা দেবে না। আমার প্রশ্ন, আপনি দ্বিতীয় হুগলি সেতু করে দিয়েছেন, টোটাল ৪টি অল্প পরিসর রাস্তা আন্দুল রোডের উপর পড়েছে। মৌরী স্টেশনে ক্রস গেটিং পড়লে মাইলের পর মাইল জ্যাম হয়ে যাচ্ছে। সুতরাং কোনা বাইপাশ না হলে বিদ্যাসাগর সেতুর কোনও মূল্যায়ন হয়না। সেখানে কবর স্থানের নাম করে, হাইকোর্টের নাম করে ১৮ বছর কাটিয়ে দিলেন। হাইকোর্টের নাম করে অনাদিকাল তো চলতে পারে না। আমার প্রশ্ন, কতদিনের মধ্যে এবং কিভাবে করতে পারবেন বলে সিদ্ধান্ত নিয়েছেন কি?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** খুবই সহজ একটা উত্তর। যদি আমরা মহামান্য হাইকোর্টের নির্দেশ পাই তবে এখন থেকে ১ বছরের মধ্যে এই কোনা এক্সপ্রেস ওয়ের মূল কাজ শেষ করার উদ্যোগ নেব—একথা আমি বলে বিধায়ককে আশ্বস্ত করছি।

### নূতন মাধ্যমিক বিদ্যালয়ের অনুমোদন

*৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫০) **শ্রী বুদ্ধদেব ভকত ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

আদিবাসী অধ্যুষিত অঞ্চলের জন্য নূতন মাধ্যমিক বিদ্যালয়ের অনুমোদন দেবার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ**

আদিবাসী অধ্যুষিত এলাকায় বিদ্যালয় স্থাপনে এই সরকার সব সময় অগ্রাধিকার দিয়ে থাকে। তবে রাজ্যের যে কোনও প্রান্তে নূতন মাধ্যমিক বিদ্যালয় অনুমোদন দেওয়ার বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

**শ্রী বুদ্ধদেব ভকত্ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন—আমাদের পিছিয়ে পড়া আদিবাসী অধ্যুষিত এলাকা বেলপাহাড়ীর এক একটি অঞ্চল ২০ কি.মি. লম্বা এবং ২০ কি.মি. চওড়া, পাহাড়, জঙ্গলে ভর্তি এবং হাতীর উপদ্রব প্রচন্ড, বিশেষত বাঁশপাহাড়ী, ওঁদলচোয়া এইসব এলাকায় বিরাট ট্রাইব্যাল এলাকা ৯০ ভাগ আদিবাসী এবং তফসিলি উপজাতি বাস করে। ওঁদলচোয়া দুটি জুনিয়ার হাইস্কুল ছাড়া কোনও হাইস্কুল নেই, বাঁশপাহাড়ী

পুরুলিয়া বাঁকুড়ার বর্ডারে একটি হাইস্কুল আছে ২০ থেকে ২৫ কিলোমিটার এর ব্যাসার্ধ চওড়াও তাই। বামফ্রন্ট সরকার পিছিয়ে পড়া সমাজের যে উন্নতি করতে চান, সেই দৃষ্টিভঙ্গির মধ্যে দিয়ে আজকে ঐ সব অঞ্চলে আরও কিছু প্রাইমারি এবং উচ্চ মাধ্যমিক স্কুল করবেন কিনা বা করার কোনও পরিকল্পনা আছে কিনা জানাবেন কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** মাননীয় সদস্য যে সমস্যাগুলির কথা বললেন সেই সমস্যা সম্পর্কে কোনও বিতর্ক নেই। ওঁদলচোয়ার কথা আমার মনে আছে। গত কয়েক বছর আগে আমরাই বিদ্যালয়ের অনুমোদন দিয়েছিলাম, তা ছাড়াও ঐ এলাকায় আরও কয়েকটি নিম্ন মাধ্যমিক ও প্রাথমিক বিদ্যালয় করা হয়েছে, আমাদের আমলেই করা হয়েছে। গত ৩ বছরে ৪৩৪টি মাধ্যমিক বিদ্যালয় করা হয়েছে। আদিবাসী অধ্যুষিত, তফসিলি জাতি এবং আর্থিক দিক থেকে পশ্চাদপদ মানুষ যেখানে বসবাস করেন এইসব এলাকায় যখন নূতন বিদ্যালয় করার সুযোগ আসবে তখন আপনার ঐ এলাকার দিকে দৃষ্টি রেখে করা হবে।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় সাধারনভাবে মাধ্যমিক বিদ্যালয়ের বিষয়ে সরকারের দৃষ্টিভঙ্গির কথা বললেন, এই বিষয়ে আপনার কাছে আমার প্রশ্ন ১৯৫০-৫২ সাল থেকে যে সমস্ত জুনিয়ার হাইস্কুলগুলি কাজ করে চলেছে এবং তাদের ছাত্র-ছাত্রীরা খুব ভাল ফল করছে বিভিন্ন বিদ্যালয়ের মাধ্যমে স্কুল ফাইনাল পরীক্ষা দিয়ে, সেই স্কুলগুলি অগ্রাধিকার পাচ্ছে না। এই বিষয়ে সরকারের গৃহীত নীতি কি? জুনিয়ার হাইস্কুল থেকে মাধ্যমিক বিদ্যালয়ে উন্নত করণের ক্ষেত্রে সরকারের গৃহীত নীতি কিভাবে ঠিক করা হয়?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** মাননীয় সদস্য জানেন, গত ১৯৭৫ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের কাছে যে সমস্ত জুনিয়ার বিদ্যালয় হাইস্কুল করার আবেদন করেছিলেন সেই সমস্ত বিষয়গুলি বিবেচনা করা হয়েছে। গত ৩ বছরে ২৩৪টি জুনিয়ার হাইস্কুলকে হাইস্কুল করা হয়েছে, এই জুনিয়ার হাইস্কুলগুলির হিনটার ল্যান্ডে পশ্চাদ ভূমিতে কতগুলি প্রাথমিক বিদ্যালয় আছে, তাদের ছাত্র সংখ্যা কত, ধর্ম ও ভাষাগত সংখ্যালঘু আর্থিক দিক থেকে পশ্চাদপদ মানুষদের কথা বিবেচনার মধ্যে রেখে বিচার করা হয়েছে। এইরকম সুযোগ পায়নি এইরকম বিদ্যালয় যদি থাকে মাননীয় সদস্য তার নাম বললে আমরা বিবেচনা করব।

**শ্রী সুশীল বিশ্বাস ঃ** আপনি বলছিলেন, ১৯৫০ সালের পরের জুনিয়র হাইস্কুলগুলিকে অনুমোদন দেবেন। আমার জানবার বিষয় হল, সরকারের একটা নীতি ছিল, প্রত্যেক গ্রাম পঞ্চায়েত এলাকায় অন্ততপক্ষে একটা করে হাইস্কুল হবে। কংগ্রেসের প্রতিষ্ঠা ১৯৮৫ সাল থেকে, সেই সময়কার একটি স্কুল আমার বিধানসভা কেন্দ্রে রয়েছে, কিন্তু স্কুলটি আজও অনুমোদন পায়নি। ঐ স্কুলটি কি অনুমোদন পাবে?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** প্রত্যেক গ্রাম পঞ্চায়েত এলাকায় একটি উচ্চ মাধ্যমিক স্কুল করা হবে এই ঘোষণা করা হয়নি, তবে যাতে হয় তার চেষ্টা করছি।

**শ্রী জটু লাহিড়ী ঃ** অনেক অর্গানাইজড প্রাইমারি স্কুল দীর্ঘদিন ধরে চলছে, বিশেষ করে

আমার এলাকায় এরকম একটি স্কুল সতের আঠারো বছর ধরে চলছে, কিন্তু আজ পর্যন্ত আপনার দপ্তরে অনেক যাতায়াত করে অনুমোদন পাওয়া যায়নি। ঐ সমস্ত অর্গানাইজড স্কুলগুলিকে অনুমোদন দেবার কথা চিন্তা করছেন কিনা?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** প্রশ্নটি মুল প্রশ্নের সঙ্গে সঙ্গতিপূর্ণ নয়, তবুও উত্তর দিচ্ছি। অর্গানাইজড স্কুল সরকার পক্ষ থেকে গ্রহণ করা হবে না এবং এটাই সরকারের দৃষ্টিভঙ্গি এবং সেটা উচ্চ আদালত এবং সুপ্রিম কোর্ট অনুমোদিত।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** আমার বিধানসভা কেন্দ্রের অর্ধেক জনসংখ্যাই হচ্ছে পশ্চাদপদ, তফসিলি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত। সেই সাতনার একটি বিদ্যালয়কে উচ্চ বিদ্যালয় হিসাবে স্বীকৃতি দেবার জন্য আপনি এর আগে শিক্ষামন্ত্রী থাকবার সময় থেকে বলে আসা হচ্ছে। এ-ব্যাপারে ডি.এমও অনুমোদন চেয়েছেন এবং ডি.আইও অনুকুল রিপোর্ট পাঠিয়েছেন। কথা হল, পরিদর্শক টিম যদি এক্ষেত্রে সুপারিশ না করেন, ডি.এম. এবং সভাধিপতি সুপারিশ করলে সেটা বিবেচনা করা হয়। স্কুলটির নাম ছাতনা বাসুলী বালিকা বানিপীঠ জুনিয়র হাইস্কুল, এটাকে হাইস্কুল করবার ব্যাপারে সুপারিশ পাঠানো হয়েছে। তাদের সুপারিশ কি বিবেচনা করে দেখছেন?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** জেলা পর্যায়ে পরিদর্শকগণ যে প্রতিবেদন পাঠাচ্ছেন তার সংখ্যা এত বেশি যে, আমাদের আর্থিক ক্ষমতার মধ্যে দিয়ে সেসব সুপারিশ কার্যকর করতে তিন-চার বছর লেগে যাবে। কাজেই সেই রিপোর্ট বিবেচনাধীন রয়েছে, অগ্রাধিকারের ভিত্তিতে বিবেচনা করছি।

**শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ** অর্গানাইজড স্কুলকে সরকার অনুমোদন দেবেন না বলেছেন, কিন্তু যেসব অর্গানাইজড স্কুল বেকার ছেলেমেয়েরা পরিচালনা করছেন তাদের স্থায়ী নিয়োগের কোনও সিদ্ধান্ত নিয়েছেন কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** বেকার সমস্যা এবং কর্মসংস্থানে বিষয় মূলত চিন্তা করবে পরিকল্পনা দপ্তর, শ্রম দপ্তর। স্কুলের অনুমোদনের সময় কর্মসংস্থানের বিষয়টা চিন্তা করে সেটা করা হয় না, শিক্ষার দৃষ্টিকোণ থেকে সেটা বিচার করা হয়। সংগঠিত বিদ্যালয় সম্পর্কে বিশেষ করে প্রাথমিক বিদ্যালয় যেগুলি সেগুলির স্বীকৃতি দেওয়া হবেনা। এটা সরকারের ঘোষণা এবং হাইকোর্ট এবং সুপ্রীমকোর্টে এই সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

[11-50—12-00 a.m.]

### ও.বি.সি.-র তালিকা

*৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩৪) **শ্রী ফজলে আজিম মোল্লা ও শ্রী আব্দুল মান্নান ঃ** তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** সার্টিফিকেট কিভাবে দেওয়া হবে, সার্টিফিকেট দেওয়ার যে পদ্ধতি সেই পদ্ধতি এখানে লে করা হবে। মাননীয় সদস্যরা সেখান থেকে জানতে পারবেন।

(গোলমাল)

**শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ও.বি.সি-র ব্যাপারে আগে কেন্দ্রীয় সরকার তৈরি করেছে।

(গোলমাল)

স্যার, ওদের চুপ করতে বলুন। আপনারা তো ভি.পি. সিং-এর সরকারকে এই করে উল্টে দিয়েছেন। আপনাদের লজ্জা লাগে না?

(গোলমাল)

বিধানসভায় আপনাদের এই জিনিস করা শোভা পায় না।

[12-00—12-10 P.M.]

আমার অতিরিক্ত প্রশ্ন মাননীয় মন্ত্রী মহাশয়-এর কাছে, আমি জানতে চাইছি যে, তফসিলি জাতি এবং আদিবাসীদের ক্ষেত্রে তাদের পরিবারের তফসিল সার্টিফিকেট আছে কিনা এটা যেমন দেখেন, এখানে যে ও.বি.সি. লিস্ট বেরিয়েছে ১৪ এবং ১২, এবং পরে আরও যাদের নাম বেরোবে, তাদের সার্টিফিকেট দেওয়ার ব্যাপারে কি পদ্ধতি অবলম্বন করবেন? তফসিলি জাতি এবং আদিবাসীদের ক্ষেত্রে পরিবার দেখে যেমন ভেরিফাই করেন, এখানে কি সেইরকম করা হবে?

(গোলমাল)

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** আমরা সার্টিফিকেট দেবার জন্য সার্টিফিকেটের যে প্রোফর্মা, সার্টিফিকেট যেভাবে দেওয়া হবে, তার ল্যাঙ্গোয়েজ কি হবে এবং প্রোফর্মা ডি.এম. এবং এস.ডি.ও.দের কাছে পাঠিয়ে দিয়েছি।

(গোলমাল)

আমরা ডি.এম.দের কাছে এবং এস.ডি.ও.দের কাছে সার্টিফিকেট দেওয়ার জন্য যে প্রোফর্মা সেটা পাঠিয়ে দিয়েছি। কিন্তু হয়ত এটা হতে পারে কোনও এস.ডি.ও. বা ডি.এম.-এর কাছে তা যায় নি। সেজন্য আমি বলছি, এখানে টেবিলে এটা লে করব মাননীয় সদস্যরা যাতে এটা জানতে পারেন এবং ডি.এম.রা যাতে অজুহাত না দেখাতে পারেন। সেজন্য এই অধিবেশনে শেষ হওয়ার আগেই এই টেবিলে লে করব।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** নীতিগতভাবে কংগ্রেস এবং বি.জে.পি. ও.বি.সি'র বিরুদ্ধে। এটা

কমিউনিটিকে এই কমিশন রেকমেন্ড করেছেন। আগে যে ১৪টি কমিউনিটিকে ঘোষণা করা হয়েছিল তাতে ৫৩ লক্ষ ও.বি.সিকে তালিকাভুক্ত করা হয়েছে। কিন্তু এর আগে ১৯৮০ সালের ৩০শে আগস্ট বিনয় চৌধুরির নেতৃত্বে যে কমিটি হয়েছিল তারা রিপোর্টে বলেছিলেন যে এখানে কোনও ব্যাকওয়ার্ড ক্লাশ নেই। কিন্তু এখন দেখা যাচ্ছে সুপ্রীম কোর্টের নির্দেশে কমিশন বসানোর ফলে ২৬টি কমিউনিটিকে ও.বি.সি হিসাবে ঘোষণা করা হল। তাহলেও বাকি ১৫১টি কমিউনিটি ডিপ্রাইভড হচ্ছে। এদের বঞ্চনা দূর করতে আর কত সময় লাগবে সেটা জানাবেন কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** মাননীয় সদস্য যে প্রশ্ন তুলেছেন তার মধ্যে প্রথম প্রশ্নে উত্তর আমি দিচ্ছি না যেহেতু সরাসরি প্রাসঙ্গিক নয়। মন্ডল কমিশনের প্রতিবেদনের দ্বিতীয় বিভাগে যে ১৭৭টি সম্প্রদায়ের নাম উল্লেখ করেছেন, আপনারা জানেন এই ১৭৭টি সম্প্রদায়ের মধ্যে এমন অনেক সম্প্রদায় আছে যারা তফসিলি জাতি বলে বিবেচিত, উপজাতি বলে বিবেচিত। ইতিপূর্বে তারা সেইভাবে স্বীকৃত। তাই তারা অন্য কোনও স্বীকৃত শ্রেণীর মধ্যে যেতে পারে না। এইরকম সম্প্রদায়ের নাম এই ১৭৭টি সম্প্রদায়ের মধ্যে আছে। আবার এমন অনেক সম্প্রদায়ের নাম এই ১৭৭ সম্প্রদায়ের মধ্যে আছে যাদের অস্তিত্ব পশ্চিমবাংলায় নেই। এক-একটা সম্প্রদায়ের বিভিন্ন পদবী আছে। এই কোন কোন পদবী সম্প্রদায় হিসাবে ১৭৭টি তালিকার মধ্যে আছে। এখানে অনগ্রসর শ্রেণী বলে যারা বিবেচিত হতে পারে সেটা ঠিক করার জন্য আমরা কমিশন করেছি। সুপ্রিম কোর্টের যে বিচার, তার যে জাজমেন্ট সেই জাজমেন্টের ভিত্তিতে কমিশন করেছি। কমিশন বিচার বিবেচনা করে যে নামগুলি পাঠাবেন, যে সম্প্রদায়ই পাঠান সেইভাবে আমরা মেনে নিচ্ছি। কমিশনের উপর খবরদারি করার কোনও অধিকার আমাদের নেই।

**শ্রী আব্দুল মান্নান ঃ** এই যে ৫৩ লক্ষর কথা বলেছেন তাদের আপনারা সার্টিফিকেট ইস্যু করেছেন কিনা জানতে চাই। শিডিউল কাস্ট এবং শিডিউল ট্রাইবদের সার্টিফিকেট দেওয়া হচ্ছে। সেই সার্টিফিকেট দেওয়ার ব্যাপারে কতকগুলি পদ্ধতি আছে। আমি জানতে চাই ও.বি.সি-দের মধ্যে কেউ সার্টিফিকেট পেয়েছে কিনা? যদি পেয়ে থাকে এই ও.বি.সি-দের কি পদ্ধতিতে সার্টিফিকেট ইস্যু করছেন এবং তার জন্য কত সময় লাগছে। এই পর্যন্ত কত সার্টিফিকেট ইস্যু করা হয়েছে?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** এটা আমাকে জানাতে হলে সমগ্র রাজ্যের জেলা শাসকদের কাছ থেকে সংগ্রহ করতে হবে। এখন এই মুহূর্তে এই তথ্য আপনাদের জানানো আমার পক্ষে সম্ভব হচ্ছে না। আপনারা নোটিশ দিলে বলে দিতে পারব।

(গোলমাল)

**শ্রী আব্দুল মান্নান ঃ** আমি জানতে চাই ইস্যু করেছেন কিনা এবং কি পদ্ধতি নিয়ে করেছেন।

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** সার্টিফিকেট কিভাবে দেওয়া হবে, সার্টিফিকেট দেওয়ার যে পদ্ধতি সেই পদ্ধতি এখানে লে করা হবে। মাননীয় সদস্যরা সেখান থেকে জানতে পারবেন।

(গোলমাল)

**শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ও.বি.সি-র ব্যাপারে আগে কেন্দ্রীয় সরকার তৈরি করেছে।

(গোলমাল)

স্যার, ওদের চুপ করতে বলুন। আপনারা তো ভি.পি. সিং-এর সরকারকে এই করে উল্টে দিয়েছেন। আপনাদের লজ্জা লাগে না?

(গোলমাল)

বিধানসভায় আপনাদের এই জিনিস করা শোভা পায় না।

[12-00—12-10 P.M.]

আমার অতিরিক্ত প্রশ্ন মাননীয় মন্ত্রী মহাশয়-এর কাছে, আমি জানতে চাইছি যে, তফসিলি জাতি এবং আদিবাসীদের ক্ষেত্রে তাদের পরিবারের তফসিল সার্টিফিকেট আছে কিনা এটা যেমন দেখেন, এখানে যে ও.বি.সি. লিস্ট বেরিয়েছে ১৪ এবং ১২, এবং পরে আরও যাদের নাম বেরোবে, তাদের সার্টিফিকেট দেওয়ার ব্যাপারে কি পদ্ধতি অবলম্বন করবেন? তফসিলি জাতি এবং আদিবাসীদের ক্ষেত্রে পরিবার দেখে যেমন ভেরিফাই করেন, এখানে কি সেইরকম করা হবে?

(গোলমাল)

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** আমরা সার্টিফিকেট দেবার জন্য সার্টিফিকেটের যে প্রোফর্মা, সার্টিফিকেট যেভাবে দেওয়া হবে, তার ল্যাঙ্গোয়েজ কি হবে এবং প্রোফর্মা ডি.এম. এবং এস.ডি.ও.দের কাছে পাঠিয়ে দিয়েছি।

(গোলমাল)

আমরা ডি.এম.দের কাছে এবং এস.ডি.ও.দের কাছে সার্টিফিকেট দেওয়ার জন্য যে প্রোফর্মা সেটা পাঠিয়ে দিয়েছি। কিন্তু হয়ত এটা হতে পারে কোনও এস.ডি.ও. বা ডি.এম.-এর কাছে তা যায় নি। সেজন্য আমি বলছি, এখানে টেবিলে এটা লে করব মাননীয় সদস্যরা যাতে এটা জানতে পারেন এবং ডি.এম.রা যাতে অজুহাত না দেখাতে পারেন। সেজন্য এই অধিবেশনে শেষ হওয়ার আগেই এই টেবিলে লে করব।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** নীতিগতভাবে কংগ্রেস এবং বি.জে.পি. ও.বি.সি'র বিরুদ্ধে। এটা

ওদের মেকি কান্না। মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার সাপ্লিমেন্টারি হল, ১৪টি সম্প্রদায়ের ক্ষেত্রে আপনি বলছেন ৫৩ লক্ষ। বাকি যে ১২টি সম্প্রদায় তাদের সংখ্যা আনুমানিক কত লক্ষ হবে? এত সার্টিফিকেট নিয়ে কথা হচ্ছে, আমরা এম.এল.এ., আমাদের সার্টিফিকেট দিতে হয়, সেজন্য জানতে চাইছি যে কোর্ট থেকে এফিডেভিট করলে সহজভাবে কাজটি হবে কিনা? ও.বি.সি-দের সার্টিফিকেট কত সহজভাবে করা যায়, এই ব্যাপারে বামফ্রন্ট সরকার কি চিন্তা করছেন তা আপনি আমাদের কাছে এনলাইটেন করুন? সেজন্য এই ব্যাপারে আপনার কাছে এই প্রশ্নটি রাখলাম।

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে আমি জানাচ্ছি যে, আগে যে ১৪টি সম্প্রদায় ছিল, আপনারা জানেন যে এই সম্প্রদায়ের ভিত্তিতে জনসংখ্যা গণনা হয়েছে ১৯৩১ সালে। তারপর সম্প্রদায় ভিত্তিতে আর কোনও গণনা হয়নি। একমাত্র তফসিলি জাতি এবং আদিবাসীদের ক্ষেত্রে সম্প্রদায়গতভাবে লোক গণনা হয়েছে। ১৯৩১ সালে সর্বশেষ যে গণনা হয়েছে তারপর আর সম্প্রদায়গতভাবে কোনও গণনা হয়নি। সেজন্য আমরা ১৯৩১ সালকে বেস ধরে এটা প্রোজেকশন করেছি। যদিও পশ্চিমবঙ্গের ক্ষেত্রে অনেক লোক অন্য রাজ্যে চলে গেছেন এবং অন্য রাজ্য থেকে পশ্চিমবঙ্গে অনেকে এসেছেন, পূর্ববাংলা থেকেও অনেকে এখানে এসেছেন। সেজন্য ১৯৩১ সালের হিসাব ধরে আমরা এই হিসাব বের করছি। আমরা ১২টি যে তালিকা পেয়েছি তা ১৯৩১ সালের ঐ হিসাব অনুযায়ী। আমরা সেই ভিত্তিতে একটি হিসাব করব, যদিও সেটি বিজ্ঞানসম্মত হিসাব নয়। কিন্তু এছাড়া অন্য কোনও উপায় আমাদের নেই। আমরা সোমবার যে হিসাব পেয়েছি তার প্রোজেকটেড ফিগারের হিসাব আমরা করব। সার্টিফিকেট পাওয়ার পদ্ধতি যাতে আপনারা জানতে পারেন, সেজন্য আমি টেবিলে লে করব।

**শ্রীমতী সাবিত্রী মিত্র ঃ** মাননীয় মন্ত্রী বললেন যে কিছু কিছু জায়গায় তাঁরা এই প্রোফর্মা পাঠিয়েছেন। আপনি বলবেন কি, কোন কোন মহকুমা এবং কোন কোন জেলায় আপনি এই প্রোফর্মাগুলো পাঠিয়েছেন, এবং এর মধ্যে 'লোহার', যারা কর্মকার, তারা এই ও.বি.সি-তে তালিকাভুক্ত হবে কিনা?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** মাননীয়া সদস্যকে জানাই যে তালিকা আমরা দিয়ে দিয়েছি। পশ্চিমবঙ্গের সমস্ত মহকুমায়, সমস্ত জেলা শাসকের কাছে বিজ্ঞপ্তি পাঠিয়ে দিয়েছি।

**শ্রীমতী সাবিত্রি মিত্র ঃ** আপনি বললেন যে আপনি কিছু কিছু জায়গায় পাঠিয়েছেন কিন্তু সমস্ত জায়গায় পৌছায় নি।

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** আমি বলেছি যে, যদি কোনও মহকুমা না পেয়ে থাকে আমার কাছে যোগাযোগ করলে ব্যবস্থা করব। আমি আবার বলছি, সমস্ত জেলায়, সমস্ত মহকুমাতে পাঠিয়েছি এবং সমস্ত বিস্তারিত তথ্য টেবিলে লে করব।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন ডি.এম এবং এস.ডি.ও-র কাছে পাঠিয়েছি।

আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি যে, কলকাতার ক্ষেত্রে এই ব্যাপারে কোনও অফিসারের কাছে পাঠিয়েছেন এটা আমাদের জানার দরকার। দ্বিতীয়ত সার্টিফিকেট দেওয়ার ক্ষেত্রে একই সাথে ও.বি.সি. এবং সি.এস.সি-র ব্যাপারে কি একই নির্দেশ দিয়েছেন যে ৫০ বছর ধরে চেনেন এইরকম শর্ত চেয়েছেন এবং এটা কি করে সম্ভব সেটা দয়া করে জানান।

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** সার্টিফিকেট দেওয়ার দায়িত্ব কলকাতার ক্ষেত্রে দক্ষিণ ২৪ পরগনার ডি.এমের উপরে এবং এস.ডি.ও-র উপরে। আমরা গত বিধানসভাতে এই আইনও পাস করে দিয়েছি এই সভাতে যে দক্ষিণ ২৪ পরগনার ডি.এম কলকাতার পাশাপাশি তফসিলি জাতি এবং উপজাতি সম্প্রদায়কে এই সার্টিফিকেট দেবে। ও.বি.সি-র তালিকাভুক্ত যারা হবেন তাদেরও সার্টিফিকেট দেবে দক্ষিণ ২৪ পরগনার জেলা শাসক এবং অতিরিক্ত জেলা শাসক।

**Mr. Speaker :** Though the question hour is over, I will take three more questions on this issue.

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় খুবই স্পর্শকাতর উত্তর দিচ্ছে এবং আমরাও প্রশ্ন করছি। এই প্রসঙ্গে জানাই যে, আমার কাছে যে খবর আছে তাতে সারা ভারতবর্ষের রাজ্যগুলোর তুলনায় পশ্চিমবঙ্গ সর্বক্ষেত্রে পিছিয়ে আছে। ভারত সরকার ও বি.সি-র জন্য প্রায় ৮ কোটি টাকা ফাইনান্স করেছে। সুতরাং মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি যে, এমনিতেই তালিকা তৈরি করতে সময় লাগছে এবং কমিশন এখনও রিপোর্ট দেয়নি এবং পশ্চিমবঙ্গে 'মাহিষ্য' এবং 'মাহাতো' সম্প্রদায় এই কমিশনের তালিকায় ইনক্লুড হয় নি। সারা ভারতবর্ষ একদিকে আর পশ্চিমবঙ্গ একদিকে সুতরাং প্রতিদ্বন্দ্বীতার ক্ষেত্রে, চাকুরিতে ভর্তি হওয়ার ক্ষেত্রে পশ্চিমবঙ্গের ছেলে মেয়েরা পিছিয়ে যাচ্ছে। সুতরাং তালিকা দ্রুত তৈরি করে যাতে কমিশন পাঠায় সেই ব্যাপারে আপনারা কি কি পদক্ষেপ নিচ্ছেন?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** মাননীয় সদস্য যে বললেন যে পশ্চিমবঙ্গের ছেলে-মেয়েরা পিছিয়ে আছে এটা ঠিক নয় বরং আমি তথ্য দিয়ে প্রমাণ করতে পারি যে পশ্চিমবঙ্গের ছেলে-মেয়েরা চাকুরি, শিক্ষা এবং গবেষণামূলক বৃত্তিতে এগিয়ে আছে। আর 'মাহিষ্য' এবং 'মাহাতো' এই দুটি সম্প্রদায়ের ব্যাপারে যতটুকু তথ্য জেনেছি তাতে বলতে পারি যে তাদের একপক্ষ স্মারকলিপি জমা দিয়েছে এবং আরেক পক্ষ ও বি.সির অন্তর্ভুক্ত হতে চাইছে না বলে স্মারকলিপি জমা দেয় নি। তবে আমরা ওসব মানব না। আমাদের মুখ্যমন্ত্রী এখানে বলে দিয়েছেন যে কমিশন যে সুপারিশ করবে সেটা গ্রহণ করবেন। সেই কারণে আমরা কমিশনকে বলেছি যে আপনারা বিলম্ব করবেন না, দ্রুত সুপারিশ পাঠান তাহলে আমাদের পক্ষে কাজের সুবিধা হবে।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** কেন্দ্রীয় সরকার যে টাকা দিয়েছে তার কতটা ইউটিলাইজেশন হয়েছে?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** প্রজেক্ট অনুযায়ী টাকা ইউটিলাইজ হয়েছে।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** কেন্দ্রীয় সরকার তো ৮ কোটি টাকা দিয়েছেন?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** আমরা প্রকল্প অনুযায়ী খরচ করেছি।

[12-10—12-20 p.m.]

**শ্রী সুরেন্দ্রনাথ মাঝি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, দীর্ঘদিন ধরে দেশয়ালী মাঝি সম্প্রদায় ওরা তফসিলি জাতি ও উপজাতিতে অন্তর্ভুক্ত হওয়ার জন্য বিভিন্ন সময় আবেদন করেছিলেন কিন্তু দেখা যাচ্ছে, যে ওরা তফসিলি জাতি ও উপজাতির মধ্যে অন্তর্ভুক্ত হয়নি এবং ও.বি.সি.র মধ্যে স্থান পায়নি। মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব ওরা বিভিন্ন দিক থেকে সামাজিক দিক থেকে আর্থিক দিক থেকে পিছিয়ে, এই সম্প্রদায়কে ও.বি.সি. কিংবা উপজাতিতে অন্তর্ভুক্ত করার জন্য আবেদন করেছিলেন, সেই বিষয় নিয়ে আপনারা কি বিবেচনা করবেন?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** তফসিলি জাতি ও উপজাতির ব্যাপারে অন্তর্ভুক্ত করার অধিকার রাজ্য সরকারের নেই, এই কমিশনেরও নেই। সেটা করবে কেন্দ্রীয় সরকার। কোনও সম্প্রদায়কে তফসিলি জাতি হিসাবে অন্তর্ভুক্ত করার একমাত্র অধিকার কেন্দ্রীয় সরকারের, তারা এই ব্যাপারে সিদ্ধান্ত নিতে পারেন। অন্যান্য সম্প্রদায়রা ও.বি.সি.র ক্ষেত্রে যেটা রাজ্য সরকার করবে সেটা হচ্ছে আমাদেরকে কমিশন যে সুপারিশ করবে সেই অনুযায়ী করা হবে, ইতিমধ্যে মুখ্যমন্ত্রী বলেছেন এটা মেনে নেবেন। আদিবাসীদের বা তফসিলিদের এই তালিকাকে যুক্ত করার অধিকার রাজ্য সরকারের নেই, এটা কেন্দ্রীয় সরকারই করতে পারে। আপনারা যদি বলেন সেটা কেন্দ্রীয় সরকার বিবেচনা করবেন, এটার অধিকার তাদেরই আছে।

**শ্রী নরেন হাঁসদা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার ভাল লাগছে, আমাদের মাননীয় মন্ত্রী ও.বি.সি.দের স্বার্থ রক্ষার স্বার্থে এই আলোচনার অবতারণা করছেন। এই ব্যাপারে একটা কথা বলছি, একটা গাধাকে যদি আপনি স্বচ্ছ জল খেতে দেন, তাহলে সে খাবে না, ঐ গাধা চারিদিক থেকে জঞ্জাল এনে স্বচ্ছ জলকে ঘোলা করে দুর্গন্ধযুক্ত জল খাবে, এদের অবস্থাও হচ্ছে তাই। এই সি.পি.এম. সরকার বারবার বলেছে আমাদের এখানে ও.বি.সি. নেই, কিন্তু সেই ও.বি.সি. যে এখানে আছে সেটা আজকে এরা স্বীকার করতে বাধ্য হয়েছে। অর্থাৎ সি.পি.এম.-এর একটা গালে চুন লাগানো হল আর অন্য গালে কালি লাগানো হয়েছে, এদের এই মুখ দেখে ভাল লাগছে, এই হচ্ছে এদের আজকের অবস্থা।

## রাজ্য পরিকল্পনা খাতে ব্যয়

*৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *১১১) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৩-৯৪ আর্থিক বছরে রাজ্য পরিকল্পনা খাতে প্রস্তাবিত ব্যয় বরাদ্দের পরিমাণ কত ছিল; এবং

(খ) উল্লিখিত আর্থিক বছরে প্রকৃত ব্যয়ের পরিমাণ কত?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ**

(ক) ১৯৯৩-৯৪ আর্থিক বছরে রাজ্য পরিকল্পনা খাতে ব্যয় বরাদ্দ দুটি স্তরে স্থির হয়—প্রথম স্তরটি ১৫৫০.০০ কোটি টাকায় এবং দ্বিতীয় স্তর (Core Plan) স্থির হয় ১২১৪.০০ কোটি টাকায়।

(খ) ঐ বছরের খরচের সংশোধিত ব্যয় ধরা হয়েছে ১২১৭.০০ কোটি টাকা।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি ২টি স্তরের কথা বললেন, প্রথম স্তরে ১৫৫০, দ্বিতীয় স্তরে ১২১৪। আমার জিজ্ঞাস্য হচ্ছে এই যে ১৫৫০ প্রথম স্তর, এই স্তরে আপনি যেতে পারেননি, পরেরটা যেটা ১২১৪ তার থেকে যেটা বেশি হয়েছে আমার বক্তব্য প্রস্তাবিত যা আপনার বরাদ্দ, যোজনা বরাদ্দর ব্যাপারে অতীতে আমরা দেখেছি তার থেকে প্রকৃত ব্যয় কম হয়, এটা কেন হয়?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** সাধারনত কম হয় এটা ঠিক নয়, কারণ সপ্তম যোজনায় যে প্রস্তাবিত বরাদ্দ ছিল ৪১২৫ কোটি টাকা, তার প্রকৃত ব্যয় ১০৯ শতাংশ হয়।

এই বছরে কেন কম হয়েছে সেটা আমি নির্দিষ্টভাবে বলছি। প্রথমত এটা কম হয়নি, বেশিই হয়েছে। কিন্তু প্রথম স্তরের তুলনায় কেন কম হয়েছে সেটা আমি বলছি। প্রথম স্তরে যখন ব্যয়-বরাদ্দ স্থির হয় জানবেন শতকরা ৭০ ভাগ অর্থ রাজ্য সরকার দেন এবং ৩০ ভাগ অর্থ কেন্দ্রীয় সরকার দেন। পরিকল্পনা খাতে ব্যয়ের ধারাটা এইভাবে আসে। তবে একটা বছরের থেকে আরেকটা বছরে তফাত হয়। তখন যেটা ধরা হয়েছিল সেটা বলি—যোজনা কমিশনের আলোচনায় কনসাইনমেন্ট ট্যাক্স বাবদ ১৫০ কোটি টাকা ধরা হয়েছিল। এই আইনটাকে সংশোধন করার কথা ছিল, কিন্তু মুখ্যমন্ত্রীদের সর্বসম্মত সিদ্ধান্ত সত্ত্বেও কেন্দ্রীয় সরকার আইনটাকে সংশোধন করেননি। তাই ১৫০ কোটি টাকা যেটা পাওয়া যাবে বলে ধরা ছিল, সেখানে শূন্য টাকা পাওয়া যায়। ইন্সটিটিউশনাল লোন, এই ব্যাপারেও আলোচনা হয়। কতগুলো সর্বভারতীয় প্রতিষ্ঠান থেকে ঋণ নেওয়ার ক্ষেত্রে ১৮৪ টাকা লিপিবদ্ধ হয়, কিন্তু তার থেকে শূন্য টাকা পাওয়া যায়। যেগুলো সেন্ট্রালি স্পন্সর্ড স্কীম, কিন্তু রাজ্য তালিকাভুক্ত সেখানে যে টাকা ধরা হয়েছিল তার থেকে শূন্য কোটি টাকা পাওয়া যায়। এছাড়াও দুটো জিনিস লক্ষ্য করা যায়, কেন্দ্রীয় করের এই যে বিভাজ্য অংশ ধরা ছিল তার থেকে ১৬ কোটি টাকা আমরা কম পাই। আর কোল সেস থেকে আমরা ১৩০ কোটি কম পাই। মোট ৫২৫ কোটি টাকা কম হয়। রাজ্য সরকারের নিজস্ব কর সেটা ২৭৪ কোটি টাকা কম হয়। কিন্তু স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে উর্দ্ধগতি লক্ষ্য করা যায়। এখানে ৩০০ কোটি টাকা অতিরিক্ত পাওয়া যায়। আমাদের যেটা কম হয়েছিল ২৭৪ কোটি টাকা তাকে ছাপিয়ে অতিরিক্ত ২৬ কোটি টাকা সেখানে পাওয়া যায়। কিন্তু কেন্দ্রীয় ক্ষেত্রে ৫২৫ কোটি টাকা ঘাটতি একটা নেগেটিভ। আপনি ১৫৫০ থেকে যদি ৪৯৫ কোটি টাকা বাদ দেন তাহলে ১,০৫৫ কোটি

টাকা হবে। কিন্তু তার জায়গায় হয়েছে ১২১৭ কোটি। সুতরাং বৃদ্ধি হয়েছে। এটা সম্ভব হয়েছে পরিকল্পনা বহির্ভূত খাতে আমরা খরচ বাঁচাতে পেরেছি বলে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় এটা কি সত্য যে পশ্চিমবাংলার মাথাপিছু যোজনা ব্যয় সর্বভারতীয় এই যে গড় তার থেকে অনেক কম। যোজনা পর্ষদ বলেছেন ১৯৯৪-৯৫ সালে পশ্চিমবাংলার মাথাপিছু যোজনা ব্যয় ২৫১ টাকা। যেখানে সর্বভারতীয় গড় যোজনা ব্যয় ছিল ৪৬২ টাকা। তাহলে এত কম হওয়ার কারণ কি?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** যোজনা কমিশন আমাদের কাছে এই রকম কিছু বলেননি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** পশ্চিমবাংলার মাথাপিছু যোজনা ব্যয় সর্বভারতীয় গড়ের থেকে কম না বেশি।

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** সর্বভারতীয় কোনও গড় কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আমাদের জানানো হয়নি। তবে কেউ কেউ ডেভেলপমেন্ট এক্সপেন্ডিচারকে প্ল্যান এক্সপেন্ডিচারের মধ্যে ধরে। যদি তাই হয় তাহলে পশ্চিমবাংলা অনেক উঁচুতে।

[12-20—12-55 p.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, এই যে যোজনা ব্যয়, রাজ্যের উন্নয়ন ব্যায় যোজনা ব্যায়ের সূচক। সেদিক থেকে কার্যত তার অর্থ বিদ্যুৎ উৎপাদন বাদ দিলে এই পরিকাঠামো, সেটা একটু রাস্তা থেকে সরে গেলেই মারাত্মক অবস্থা। সেই মূলধনি ব্যয় বা যোজনা ব্যয় প্রয়োজনীয় নয় বলে আমরা মূলধনী ব্যয়টা বাড়াতে বলি। বিভিন্ন দপ্তর থেকে অভিযোগ আসে, প্ল্যানে যে বাজেটের টাকা কার্টল হয়েছে, ভবিষ্যতে তা যাতে না হয়, তার জন্য আপনার সরকার বিশেষ কোনও পদক্ষেপ নিয়েছেন কি না। আর্থিক সংস্কার, এসব কোনও পরিকল্পনা আছে কি না, জানাবেন কি?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** আপনি দুটো প্রশ্ন ক'রে ফেলেছেন, আমি দুটোরই উত্তর দিচ্ছি। একটা হচ্ছে, বিভিন্ন দপ্তর যোজনা ব্যয়ের বরাদ্দ থেকে ১০০ ভাগ পান নি। আপনারা সঠিক কথা বলেনি। অর্থাৎ, যোজনা বরাদ্দ হিসেবে যা ধরা ছিল, তাতে শতকরা ১০০ ভাগ বা ১০০ ভাগের ১ ২ এর বেশি ভেরিয়েশন হয় নি। কৃষি দপ্তর, প্রাণীসম্পদ বিকাশ দপ্তর, সমবায় দপ্তর, বন দপ্তর, খাদ্য দপ্তর, ক্ষুদ্র কুটির শিল্প দপ্তর, ইনফরমেশন অ্যান্ড কালচারাল অ্যাফেয়ার্স দপ্তর, সেচ দপ্তর, শিডিউল্ড কাস্ট অ্যান্ড ট্রাইব ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট, স্পোর্টস অ্যান্ড ইয়ুথ ওয়েলফেয়ার, জুডিসিয়ারি, ট্যুরিজম-এর শতকরা ১০০ ভাগ বা ১, ২ পারসেন্টেজের মতো কম আছে। ১০০ শতাংশের বেশি পেয়েছে, তার মধ্যে রাস্তা দপ্তর, পি.ডব্লু. ডিপার্টমেন্ট আছে। পরিকল্পনা খাতে যা ধরা ছিল, তার থেকে বেশি পেয়েছে পাওয়ার ডিপার্টমেন্ট আছে। সেখানে ধরা ছিল ৩৩১ কোটি টাকা, পেয়েছে ৩৩৭ কোটি টাকা। রুরাল ডেভেলপমেন্ট কেন্দ্রের অংশ নেই, রাজ্যের অংশ, ৮৩ কোটি ৬৯ লক্ষ টাকা ধরা ছিল, ১১৪ কোটি টাকা খরচ হয়েছে। ট্রান্সপোর্টে ধরা হয়েছিল ৩০ কোটি টাকা, ৭ কোটি

টাকা বেশি খরচ হয়েছে। হাউজিং এ যা ধরা হয়েছিল, তার থেকে বেশি হয়েছে। পি.এইচ.ই. জনস্বাস্থ্য ইঞ্জিনিয়ারিং দপ্তর ধরা হয়েছিল ২২ কোটি টাকা, হয়েছে ৩০ কোটি টাকা। মূল যে দপ্তর সেখানে ১০ ভাগ ক্রশ করার পরে। কটেজ অ্যান্ড স্মল ইন্ডাস্ট্রিজে গত বছর ক্রশ হয়েছে, কেননা, হলদিয়াতে খরচ করা হয়নি, এইগুলো মনে করার কারণ ঘটেনি। কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ, এডুকেশন এসবে কতগুলো পোস্ট ক্রিয়েট করার পর কতগুলোতে নিয়োগ করা যায় নি, সেটা এই বছরের ব্যয়ের মধ্যে আসবে। সুতরাং যে কথা সেখানে বলেছিলেন, সেই কথাটা সেখানে ঠিক নয়।

আর একটা কথা বলে রাখি, বলল, ডেভেলপমেন্ট প্ল্যান্ড এক্সপেন্ডিচারে ১৯৯২-৯৩ সালে ৫,২৫১ কোটি টাকা হয়েছে। অন্য রাজ্যের তুলনায় বলা ঠিক হবে না। তৃতীয়ত আপনি বলেছেন এ বছরে কি চিন্তা করছি? এই বছরটায় এই পর্যন্ত ৪০০ কোটি টাকার কিছু বেশি প্ল্যান্ড এক্সপেন্ডিচার হয়ে গেছে। আমরা মনে করছি, ৩১শে ডিসেম্বরের মধ্যে চেষ্টা করছি যদি সম্ভব হয় ২, ৩ পারসেন্ট খরচ ক'রে ফেলব। ৩১শে ডিসেম্বরের মধ্যে যাতে শেষ হয়, ১০০ ভাগ পরিকল্পনা করতে পারব। এবং যদি সম্ভব হয়, কিছু বেশিও হতে পারে। এই আমার উত্তর।

**Mr. Speaker :** Hon'ble members, I have one sad announcement to make. Shrimati Reba Sen former member, Legislative Council, has expired and her dead body has been brought to the Assembly premises. As such the House is adjourned for half an hour to pay respect to the departed soul. We have resume at 12.55.

(At this stage the House was adjourned till 12.55 p.m.)

(After adjournment)

[12-55 — 1-05 p.m.]

## Adjournment Motion

**Mr. Speaker :** To-day I have received two notices of Adjourment Motions. The first one is from Shri Saugata Roy on the subject of appeal to withdraw the 'Bharatbandh' called by some political parties in view of the disruption in economy and the second one is from Shri Abdul Mannan on the subject of alleged lathi charged by the Police on the road blockers on 20-02-94.

The subject matters of the Motions do not call for adjournment of the business of the House. The Member may call the attention of the Minister concerned through Calling Attention, Question, Mention etc.

I, therefore, withhold my consent to the Motion :

One Member may, however, read out the text of the Motion as amended.

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ, জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল ঃ-"বন্ধ কলকারখানা খোলার, রাজ্যে শিল্প স্থাপন, বেকারদের চাকরি, হাসপাতালে বিনা ব্যায় চিকিৎসার ব্যবস্থা চালু, রাস্তাঘাটের সংস্কার, প্রভৃতি ১৪ দফা দাবিতে এবং বামফ্রন্ট সরকারের জনবিরোধী নীতির বিরুদ্ধে প্রতিবাদ জানাতে প্রদেশ কংগ্রেস সেবাদল গতকাল ১১টা থেকে ২টা পর্যন্ত রাস্তা-রোকো আন্দোলনের ডাক দেয়। এই গণ আন্দোলনকে দমন করতে পুলিশ স্বেচ্ছাচারী কায়দায় অবরোধকারীদের উপর বেপরোয়াভাবে লাঠিচার্য করে এবং ২০ হাজারের উপর লোককে গ্রেপ্তার করে এবং ৪০০ জন মানুষ আহত হয়। তার মধ্যে ২০ জনের অবস্থা গুরুতর। অপর দিকে শাসকদল গতকাল একই সময়ে রাজনৈতিক উদ্দেশ্যে-এ রেল অবরোধ করলেও তার বিরুদ্ধে কোনও ব্যবস্থা দেওয়া হয়নি। রাজ্য সরকারের এই দ্বিমুখী কার্যকলাপের বিরুদ্ধে এই সভা তীব্র ধিক্কার জানাচ্ছে।"

## CALLING ATTENTION

**Mr. Speaker :** I have received eight notices of Calling Attention on the following subjects, namely :-

| | Subject | Name |
|---|---|---|
| i) | Reported defamation of Italian Consul-general at Mayurakshi Hotel of Bolpur. | Shri Tapan Hore |
| ii) | Reported death of one person under police custody at Joygaon of Jalpaiguri district | Shri Monohar Tirkey |
| iii) | Reported unavailability of A.R.V., A.D.S. in Walsh Hospital of Sreerampore | Shri Abdul Mannan |
| iv) | Latest state of affairs of Kanoria Jute Mill | Shri Dipak Mukherjee |
| v) | Appointment to the posts under I.C.D.S. in Krishnanagar of Nadia district | Shri Sushil Biswas |

| | |
|---|---|
| vi) *Reported increase in Snatching and other crimes in Maidan area of* Calcutta | Shri Saugata Roy |
| vii) Alternative Industrial policy of the State Government | Shri Nirmal Das |
| viii) Repairing of road from South Bishnupur to Raidighi and Krishnachandrapur to Radhakantapur before Puja | Shri Satya Ranjan Bapuli |

I have selected the notice of Shri Dipak Mukherjee on the subject of Latest state of affairs of Kanoria Jute Mill.

The Minister in charge may please make a statement to-day if possible or give a date.

**Shri Abdul Quiyom Molla :** On the 23rd instant.

## PRESENTATION OF REPORT

### Presentation of the Ninth Report of the Subject Committee on Health and Family Welfare, 1994-95

**Dr. Gouri Pada Dutta** (Chairman) : Sir, I beg to present the Ninth Report of the Subject Committee on Health and Family Welfare, 1994-95.

## MENTION CASES

**Mr. Speaker :** To-day I have with me 39 mention cases. So I request the members to be brief.

**শ্রী আব্দুস সালাম মুন্সি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের ও মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র কালিগঞ্জের যমপুকুর গ্রামে জলে আর্সেনিকের দূষণের ফলে প্রায় এক হাজার মানুষ আক্রান্ত হয়েছেন এবং তাঁর মধ্যে ১০ জন মারা গিয়েছেন। এবং পি.জি. হাসাপাতালে এখনও ৭/৮ জন ভর্তি আছে। কিন্তু আজ পর্যন্ত ঐ গ্রামে বিশুদ্ধ পাণীয় জলের কোনও ব্যবস্থা করা হয়নি। পি.এইচ.ই. একটা মিনি ডিপ টিউবওয়েল বসিয়েছে কিন্তু আজ পর্যন্ত সেটিকে চালু করা হয়নি। অবিলম্বে সেটিকে চালু করার ব্যবস্থা করা হোক। এছাড়া আর্সেনিকে আক্রান্ত মানুষগুলোর চিকিৎসার জন্য স্বাস্থ্য দপ্তর থেকে

অবিলম্বে স্পেশালিস্ট ডাক্তার কলকাতা থেকে নিয়ে গিয়ে ঐ গ্রামে ক্যাম্প করে চিকিৎসার ব্যবস্থা করা হোক এবং পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, অবিলম্বে সেই গ্রামে যে মিনি ডিপ টিউবওয়েল বসানো হয়েছে, সেটা চালু করার ব্যবস্থা করুন এবং আরও টিউবওয়েল বসানোর ব্যবস্থা করা হোক।

**শ্রী শীশ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি, আপনি বিষয়টা শুনুন। মহরম মাস সম্বন্ধে একটা কথা বেরিয়েছে পঞ্চম শ্রেণীর পাঠ্য পুস্তকে। তাতে লেখা আছে মহরম মাস সম্বন্ধে যে হজরত মহম্মদ জন্ম গ্রহণ করেছেন মহরম মাসে এবং মৃত্যু হয়েছে মহরম মাসে। সুতরাং এই মাসটা আনন্দের মাসও বটে। কিন্তু ঘটনা তা নয়। ঘটনা হচ্ছে হজরত মহম্মদের জন্ম হয়েছিল রবিউল আউয়াল মাসের ১২ তারিখে এবং মৃত্যু হয়েছিল রবিউল আওয়াল মাসের ১২ তারিখে। হজরত মহম্মদের মৃত্যুর পর খালিফা হলেন তাঁর বড় ছেলে ইমাম হাসান, কিন্তু এটা সহ্য হল না, হাজি মহম্মদের জামাতা মাবিবিয়ার। এটা হলো বিকৃত। সত্য ঘটনা হলো হজরত মহম্মদের নাতি হলেন ইমাম হাসান এবং জামাতা হলেন হজরত আলি, মাবিবিয়া নয়। যারা এই পঞ্চম শ্রেণীর পাঠ্য পুস্তক লিখেছেন তারা হলেন শ্রী জগন্নাথ মাহাত্তো, এম.এ.বি.টি., ললিত মোহন পাল, এম.এ.বি.টি., শ্রীমতী মীনা মজুমদার, এম.এ.বি.টি.। এই বইটা অবিলম্বে সিজ করে বাতিল করার ব্যবস্থা করা হোক এবং যারা এই পাঠ্য পুস্তক উদ্দেশ্য প্রণোদিতভাবে লিখেছেন তাদের বিরুদ্ধে শাস্তির ব্যবস্থা করা হোক।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পশু পালন দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কালকে উনি মাননীয় সদস্য মানস ভুঁইয়ার এক প্রশ্নের উত্তরে বললেন দুধের আকাল কলকাতা শহরে নেই। কলকাতা এবং বৃহত্তর কলকাতায় দুধের আকাল এমন দেখা দিয়েছে যে ২০/২৫ টাকা দরে মানুষকে আজকে দুধ কিনতে হচ্ছে। আমরা খাটাল অপসারণের বিরুদ্ধে নই, কিন্তু আগে একটা অল্টারনেটিভ ব্যবস্থা করুন, কলকাতা শহরে দুধ সরবরাহের ব্যবস্থা করুন। কলকাতার খাটালের উপর নির্ভর করে কলকাতার বহু শিশু বেঁচে রয়েছে, তাদের জন্য অলটারনেটিভ ব্যবস্থা না করে সম্পূর্ণভাবে রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে আজকে খাটাল উচ্ছেদ করলেন। কলকাতা শহর এবং কলকাতার বাইরের মানুষকে আজকে ২০/২৫ টাকা উপর দাম দিয়ে দুধ কিনতে হচ্ছে। যাদের এত টাকা দিয়ে দুধ কিনে খাওয়াবার ক্ষমতা নেই, তারা শিশুদের পাউডার দুধ কিনে খাওয়াচ্ছে, যেগুলো শিশুদের স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকারক। সুতরাং এই বিষয়ে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করার আবেদন জানাচ্ছি।

[1-05—1-15 p.m.]

**শ্রী দীপক মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্যার আপনি জানেন আমাদের এই রাজ্যে জুনিয়ার স্কুলকে মাধ্যমিক স্তরে উন্নীত করার ব্যাপারে অনেক দিন ধরে কোনও সরকারি পদক্ষেপ নানা কারণে নেওয়া যাচ্ছে না। অর্থ সঙ্কট এর অন্যতম প্রধান কারণ।. এখানে বর্তমান মাধ্যমিক শিক্ষা দপ্তরের মাননীয় মন্ত্রী আছেন। আমি তাঁর মাধ্যমে একটা বিষয়ে

অনুরোধ করব। বজবজ অঞ্চলে একটা হিন্দি ভাষী স্কুল আছে, তার নাম হচ্ছে জনতা বিদ্যামন্দির। এই স্কুলটি মাধ্যমিক স্তরে উন্নীত করার জন্য পূর্বতন মাননীয় শিক্ষা মন্ত্রী শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় উদ্যোগ নেবেন বলে কথা দিয়েছিলেন। এই স্কুলটিকে মাধ্যমিক স্তরে উন্নীত করলে এলাকার চটকল অঞ্চলের ছেলেমেয়েরা পড়াশুনার সুযোগ পাবে। এজন্য বিশেষ ব্যবস্থা গ্রহণের সনির্বন্ধ অনুরোধ জানাই।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের স্বাস্থ্য কেন্দ্রগুলিতে রাজনীতি কিভাবে হস্তক্ষেপ করে অস্বাস্থ্যকর পরিবেশ সৃষ্টি করেছে তার প্রতি আমি স্বাস্থ্য দপ্তরের দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্বাস্থ্য দপ্তর থেকে প্রতিটি সাবস্টেশন, সাবসিডিয়ারি হেলথসেন্টার, রুর‍্যাল হেলথ সেন্টারে একটি করে ভিজিটিং কমিটি করা হয়েছে। এই কমিটিতে ৩ জন করে স্থানীয় সি.পি.এম. ক্যাডারের মেম্বার রাখা হয়েছে। স্বাস্থ্য দপ্তরের একটা সার্কুলার যাওয়ার ফলে প্রাথমিক হাসপাতালে, রুর‍্যাল হাসপাতাল এবং প্রাইমারি হেল্‌থ সেন্টারে ৩ জন করে যারা সি.পি.এমের লোকাল কমরেড, ভিজিটিং কমিটি সদস্য হিসেবে সারা দিন হাসপাতালে বসে থাকে। সেখানে কাকে ভর্তি করা হবে কাকে ছেড়ে দেওয়া হবে, কোথায় রাখা হবে, ডাক্তাররা কিভাবে ইনজুরি রিপোর্ট দেবে এই হচ্ছে তাদের কাজ। দিনরাত সেখানে এই হচ্ছে। এই ব্যাপারে আমি একটা হাসপাতালের কথা বলি। যেমন রায়দিঘি হাসপাতাল। সেখানে স্বাস্থ্যরক্ষার নামে একটা লোক বাংলোতে ঘর নিয়ে বসে আছে। ৪ মাসের মধ্যে স্বাস্থ্য কেন্দ্রে জীবনদায়ী কোনও ওষুধ নেই। কুকুরে কামড়ের কোনও ওষুধ নেই। হাসপাতালকে এভাবে রাজনীতির ক্ষেত্রে পরিণত করা হয়েছে। হাসপাতালে চিকিৎসার কোনও ব্যবস্থা নেই। উপরন্তু রাজনৈতিক হস্তক্ষেপের ফলে সারা পশ্চিমবঙ্গের হাসপাতালগুলি চরম বিপর্যয়ের মুখে। আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। কারণ স্বাস্থ্য মন্ত্রীকে বলে কিছু হবে না এবং সরকার যাতে অবিলম্বে এই অর্ডার ক্যানসেল করে ভিজিটিং কমিটিতে স্থানীয় বিধায়কদের মেম্বার করেন সেজন্য আমি অনুরোধ করছি।

**শ্রীমতী আরতি দাশগুপ্ত ঃ** মাননীয় স্পিকার মহাশয় আপনার মাধ্যমে আমি শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। বর্তমান কেন্দ্রীয় সরকারের শিল্পনীতি এবং অর্থনীতির জন্য রাষ্ট্রায়ত্ত শিল্পগুলি এক এক করে রুগ্ন হয়ে যাচ্ছে বা বন্ধ হয়ে যাচ্ছে। কিন্তু সেই প্রসঙ্গে আমি বলছি না। আমি বলছি এই সমস্ত প্রতিষ্ঠানে যে সমস্ত মহিলা কাজ করেন তাদের প্রতি কোনও আইনকানুন না মেনে, এখানে শিল্পের নিয়মে যে আগে আসবে সে শেষে যাবে সেই নিয়ম না মেনে তাদের গোল্ডেন হ্যান্ডশেক বা বিদায় নীতিতে তাদের চলে যাবার জন্য বলা হচ্ছে। অন্য কোনও জায়গায় যেতোই না। কিন্তু পশ্চিমবঙ্গের শিল্পের এই প্রতিষ্ঠানগুলিতে মহিলাদের যেভাবে রিটায়ার করতে বলা হচ্ছে, তাদের যেভাবে কাজের থেকে বঞ্চিত করা হচ্ছে তার বিরুদ্ধে মহিলা সমাজের প্রতিবাদ ছাড়াও ট্রেডইউনিয়ন প্রতিবাদ করলেও কোনও ফল হচ্ছে না। এজন্য আমি শ্রমমন্ত্রীর কাছে বলেছি মহিলারা একে কাজ পাননা, তার উপর যদি কোনওরকম একটা কাজ পান তো তাদের টাকা পয়সা দিয়ে বিদায়নীতির নামে গোল্ডেন হ্যান্ডশেক দিয়ে তাদের এভাবে বঞ্চিত করা অত্যন্ত অন্যায় হচ্ছে। এ ব্যাপারে আমরা বার

বার কেন্দ্রীয় মন্ত্রীর কাছে ট্রেড ইউনিয়ন থেকে ডেপুটেশন দিয়েছি, কিন্তু কিছু হয় নি। সেজন্য এখন আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রম মন্ত্রীর কাছে আবেদন করছি, তিনি এই ব্যাপারটা নিয়ে প্রধানমন্ত্রী এবং কেন্দ্রীয় শ্রম মন্ত্রীকে বলুন। ধন্যবাদ।

**শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষা দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয় এখানে উপস্থিত আছে। আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি ওঁর দৃষ্টি আকর্ষণ করছি। ঘটনাটা হচ্ছে—কয়েক বছর আগেই সরকার বলেছিলেন, 'মাস পয়লা শিক্ষকদের বেতন দেয়া হবে।' আমি দায়িত্ব নিয়ে বলতে পারি আমাদের নর্থ ২৪-পরগনা জেলার কোনও স্কুলেই ১৫ তারিখের আগে বেতন হয় না। গত চার মাস আগে বামফ্রন্ট সরকার কর্মচারিদের জন্য একটা ডি.এ. ঘোষণা করেছে, কিন্তু মাধ্যমিক শিক্ষকরা এখনো পর্যন্ত তা পান নি। জানি না কবে পাবেন! এছাড়া মন্ত্রী বলছেন,—অবসর প্রাপ্ত শিক্ষকদের সময় মতো পেনশন দেবার ব্যবস্থা করা হয়েছে। অথচ আমরা দেখছি ২ লক্ষ'র ওপর শিক্ষক অবসর গ্রহণ করার পরে দীর্ঘদিন ধরে পেনশন পাচ্ছেন না। এই অবস্থায় আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি মাধ্যমিক শিক্ষকদের স্বার্থের দিকে তাকিয়ে তাঁদের মাস পয়লা বেতন দেবার ব্যবস্থা করুন। যখনই সরকার কর্মচারিদের জন্য ডি.এ. অ্যানাউন্স করবে তখনই যাতে মাধ্যমিক শিক্ষকরাও তা পেতে পারেন তার জন্য ব্যবস্থা গ্রহণ করুন। আর অবসর প্রাপ্ত শিক্ষকরা যাতে অবসর গ্রহণের সাথে সাথেই পেনশন পেতে পারেন তার জন্য ব্যবস্থা গ্রহণ করুন। যেসব অবসর প্রাপ্ত শিক্ষকদের পেনশন আটকে আছে তাঁদের দ্রুত পেনশন দেবার ব্যবস্থা করুন।

**ডঃ নির্মল সিন্‌হা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমরা সবাই জানি এ বছর বিশেষ করে আমাদের দক্ষিণ ২৪-পরগনা জেলায় প্রচন্ড বৃষ্টিপাত হয়েছে। আমি জ্ঞানত এত বৃষ্টি কখনো দেখি নি—মে, জুন, জুলাই, আগস্ট এবং সেপ্টেম্বর মাসের গত পরশু দিন পর্যন্ত প্রতিদিন বৃষ্টি হয়েছে। ফলে আমাদের জেলার রাস্তাগুলো সব ড্যামেজ হয়েছে। এটা ঠিকই পূর্ত বিভাগের ইঞ্জিনিয়াররা রাস্তাগুলো মেরামত করার জন্য চেষ্টা করছে। দক্ষিণ ২৪-পরগনায় বর্তমানে পঞ্চায়েতের সাহায্যে নিকাশি ব্যবস্থা ভালভাবে গড়ে ওঠার ফলে এখন পর্যন্ত এত বৃষ্টি হওয়ার সত্ত্বেও বড় রকমের কোনও দুর্ঘটনা ঘটে নি। এর জন্য আমি আমাদের সরকারকে অভিনন্দন জানাচ্ছি। কেন্দ্রীয় সরকারের বিভিন্ন জনবিরোধী নীতির বিরুদ্ধে গোটা দেশের জনগন যে আন্দোলনে সোচ্চার হয়ে উঠেছে, সেই আন্দোলনের অংশ হিসাবে গতকাল 'রেল রোকো' আন্দোলনকে বানচাল করার উদ্দেশ্যে কংগ্রেসের পক্ষে গতকাল 'রাস্তা রোকো'-র নামে আমাদের দক্ষিণ ২৪-পরগনার অতি বৃষ্টিতে বিধ্বস্ত রাস্তাগুলোকে আরও বিধ্বস্ত করে ফেলা হয়েছে। এই অবস্থায় আমি মাননীয় পূর্ত মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি—অন্যান্য জেলার সঙ্গে কোনও তুলনার মধ্যে না গিয়ে, দক্ষিণ ২৪-পরগনার বিশেষ অবস্থার কথা চিন্তা করে রাস্তা মেরামতের জন্য সেখানে একটু বেশি টাকা বরাদ্দ করুন।

**শ্রীমতী সাবিত্রী মিত্র ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি

আকর্ষণ করে আমার মালদা জেলার একটা গুরুত্বপূর্ণ ঘটনা এই হাউসের সামনে উত্থাপন করছি।

স্যার, আমাদের রতুয়া ১ নং ব্লকের দেবীপুর অঞ্চলের হরিণকোলা গ্রামে ১৫.১.৯৪ তারিখে রাত্রি ১২-টার সময় জাহির আলি এবং মজিবুর রহমান যখন একটা গ্রামীণ বিচারের কাজ শেষ করে বাড়ি ফিরছিল তখন সি.পি.এম-এর ক্যাডাররা তাদের আক্রমণ করে। এখানে একজন মাননীয় সদস্যা আছেন, তিনি তাঁর ক্যাডারদের কি শিক্ষা দিয়েছেন জানি না! তারা যখন রাত ১২-টার সময় বাড়ি ফিরছিল তখন সি.পি.এম ক্যাডার হেজার আলি, আবদুল মালেক, শিশ মহম্মদ, সায়েদ আলি, ইলিয়াস সমতে ২০/২৫ জন লোক জাহির আলিকে নৃশংসভাবে হত্যা করে এবং মজিবুর রহমানকে গুরুতরভাবে আহত করে। সে এখন হাসপাতালে মৃত্যুর সঙ্গে লড়াই করছে। তাই আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের কাছে এই ঘটনায় হস্তক্ষেপ এবং তদন্ত দাবি করছি এবং ঐ বিধায়িকাকে তাঁর ক্যাডারদের শিক্ষা দিতে অনুরোধ করছি।

[1-15—1-25 p.m.]

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বলেছিলেন, পার্টিকুলারলি মেনশনের সময়ে ৬জন মন্ত্রী উপস্থিত থাকবেন। এখন আপনি বেঞ্চের অবস্থা দেখুন, টোটাল কতজন মন্ত্রী আছেন?

**মিঃ স্পিকার ঃ** আপনি বসুন। আমি চিফ হুইপকে বলছি যাতে মন্ত্রীরা আসেন তার ব্যবস্থা করতে।

**শ্রী নাসিরুদ্দিন খান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের পশ্চিমবাংলার সর্বত্র হাসপাতালের হাল খুবই বেহাল। আমাদের আমতলা রুর‍্যাল হাসপাতালে আজ থেকে ১০।১২ বছর আগে একটি এক্সরে মেশিন এসেছিল। কিন্তু অপারেটরের অভাবে সেই মেশিনটি পড়ে থেকে জং ধরে গেল। লক্ষ লক্ষ টাকার মেশিন পড়ে থেকে থেকে নষ্ট হয়ে গেল। আমি বার বার এই হাউসে এই বিষয়ে আপনার মাধ্যমে স্বাস্থ্যদপ্তরকে অনুরোধ জানিয়েছি যে অন্ততপক্ষে এই মেশিনটি ঐ হাসপাতালে যদি চালু না করা হয় তবে অন্যত্র অপসারণ করা হোক, তা নাহলে লক্ষ লক্ষ টাকার সম্পত্তি নষ্ট হয়ে যাবে এবং সেটা হয়েও গেছে। আমি বারবার অনুরোধ করছি, অবিলম্বে এর ব্যবস্থা করা হোক।

**শ্রী সুভাষ নস্কর ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই সময়ে চারিদিকে নদীবাঁধ ভাঙনের ফলে গ্রাম বিপন্ন। এলাকার লোকজনের অবস্থা চরম পর্যায়ে গিয়ে দাঁড়িয়েছে। আমরা দেখতে পাচ্ছি, শুধুমাত্র গঙ্গা, পদ্মা বা ভাগিরথী নদী নয়, সুন্দরবনের বিরাট অংশ জুড়ে নদীর ভাঙনের ফলে গ্রামের পর গ্রামের মানুষ ভূমিহীন হয়ে গেছে, বিকল্প কোনও ব্যবস্থা নেই তাদের পুনর্বাসনের জন্য। যেখানে ভাঙছে, পশ্চিমবঙ্গ সরকারের সেচ দপ্তর সেখান থেকে জমি নিয়ে নতুন করে রিঙ বাঁধ দিচ্ছে। কিন্তু বাস্তবে দেখা যাচ্ছে, যারা ভূমিহীন হয়ে যাচ্ছে

তারা ক্ষতিপূরণ পাচ্ছে না। এর ফলে বিক্ষোভ দানা বেঁধে উঠছে। গ্রামের পর গ্রামের মানুষ যদি এইভাবে ভূমিহীন হয়ে যায় তাহলে এই বিক্ষোভ আগামী দিনে সাংঘাতিকভাবে ছড়িয়ে পড়বে। সুতরাং এ ব্যাপারে মাস্টার প্ল্যান তৈরি করা হোক, পরিকল্পনা গ্রহণ করা হোক যাতে নদী বাঁধগুলি স্থায়ীভাবে মেরামত করা যায়। এই ক'টা মাস এলাকার মানুষ ভীষণ ভয়ে রাত কাটায়। এক-একটা কোটালের সময় মানুষের চোখের ঘুম কেড়ে নেয়। তারা সারারাত জেগে কোটালের সময় নদী বাঁধ পাহারা দিয়ে বেড়ায়। কারণ বাঁধ ভেঙে গেলে সারা সুন্দরবনবাসীদের কাছে সাংঘাতিক বিপর্যয় নেমে আসবে। তাই আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে দাবি করছি, এই বাঁধগুলিকে রক্ষা করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হোক।

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়া জেলায় এখন পর্যন্ত মোট ১৬টি কলেজ আছে। এইসব কলেজগুলিতে ছাত্র-ছাত্রীর সংখ্যা ৮০ থেকে ৮২ হাজারের মতন কিম্বা আরও বেশি হবে। মহিলা ছাত্রীর সংখ্যা প্রায় ৪০ হাজারেরও বেশি। এক-একটি কলেজে ৫ হাজার ৫ জন ছাত্র-ছাত্রী পড়াশুনা করে। কিন্তু হাওড়া জেলায় একটিমাত্র মহিলা কলেজ আছে, বিজয়ানন্দ ভট্টাচার্য গার্লস কলেজ। তাই আমি আপনার মাধ্যমে দাবি করছি, উলুবেড়িয়া মহকুমায় একটি গার্লস কলেজ স্থাপন করা হোক।

**শ্রী আবু আয়েস মন্ডল ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় সমাজ কল্যাণ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্ধমান জেলার মন্তেশ্বরে মন্তেশ্বর পরিবার শিশু কল্যাণ বিভাগের বিভিন্ন কেন্দ্রগুলি ১৯৫৮ সাল থেকে ১৯৬২ সালের মধ্যে নির্মিত হয়েছিল। দীর্ঘ ৩০/৩২ বছর ধরে সেই সব গৃহগুলির কোনও সংস্কার করা হয় নি। তাদের দেওয়াল এবং ছাদ ঝরে ঝরে পড়ছে। সেখানে ৩ থেকে ৬ বছর বয়সের শিশুদের কর্মসূচি চলে, সেই সব কর্মসূচি খুবই ঝুঁকি নিয়ে পালন করতে হচ্ছে, অবিলম্বে শিশু পরিবার কল্যাণ প্রোজেক্টের গৃহগুলি সংস্কার করা দরকার, ঐ ভবনগুলি অবিলম্বে যাতে মেরামত করা হয় সেজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী নরেন হাঁসদা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। ঝাড়গ্রামের মাণিকপাড়া কলেজ সম্পর্কে বলতে চাই। উচ্চ শিক্ষা নিতে গেলে অনার্স একটা বাধ্যতামূলক হয়ে দাঁড়িয়েছে। কিন্তু মাণিকপাড়া বিবেকানন্দ কলেজে কোনও সাবজেক্টে অনার্স নেই। অনতিবিলম্বে প্রত্যেকটি সাবজেক্টে যাতে অনার্স কোর্স চালু করা হয়, কারণ অনার্স কোর্স যদি চালু করা না হয় তাহলে মুশকিল হবে। ওটা চালু করা অত্যন্ত প্রয়োজন, কাজেই অবিলম্বে প্রতিটি বিষয়ে অনার্স কোর্স চালু করার জন্য আমি দাবি করছি।

**শ্রী তপন হোড় ঃ** মিঃ স্পিকার স্যার, আপনার মাধ্যমে আমি একটি বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেটা হচ্ছে পশ্চিমবঙ্গে যতগুলি জেলা আছে সমস্ত জেলাতেই অ্যাডমিনিস্ট্রেটিভ বিল্ডিং আছে, শুধুমাত্র আমাদের জেলাতেই অ্যাডমিনিস্ট্রেটিভ

বিল্ডিং নেই। দীর্ঘদিন, ১৫/১৬ বছর ধরে শিউড়িতে অ্যাডমিনিস্ট্রেটিভ বিল্ডিং অসমাপ্ত অবস্থায় পড়ে রয়েছে। পাশাপাশি বোলপুরে জমি থাকা সত্ত্বেও অ্যাডমিনিস্ট্রেটিভ বিল্ডিংয়ের জন্য এস্টিমেট পাঠানো সত্ত্বেও—বোলপুরে একটা গুরুত্বপূর্ণ শহর—সেখানেও অ্যাডমিনিস্ট্রেটিভ বিল্ডিং করা যাচ্ছে না। এটা খুবই সেনসিটিভ ইস্যু, স্পর্শকাতর ব্যাপার, বীরভূমে অ্যাডমিনিস্ট্রেটিভ বিল্ডিং প্রশাসনিক ভবন থাকবে না সেটা আমাদের এবং রাজ্য সরকারের পক্ষে খুবই ডিসক্রেডিট। শিউড়ির বুকে যাতে অবিলম্বে অ্যাডমিনিস্ট্রেটিভ বিল্ডিং চালু হয় এবং বোলপুরে অ্যাডমিনিস্ট্রেটিভ বিল্ডিং অনুমোদিত হয় সেজন্য আপনার মাধ্যমে রাজ্য সরকারের কাছে দাবি জানাচ্ছি।

[1-25—1-35 p.m.]

**শ্রী জটু লাহিড়ী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়া শহরের সমস্ত রাস্তাঘাট ভয়ানকভাবে জীর্ণ হয়ে পড়েছে, বিশেষ করে শরৎচন্দ্র চ্যাটার্জি রোড, রামচরণ ঘোষ স্ট্রীট এবং মাকড়দহ রোড ও নেতাজী সুভাষ রোড। এই রাস্তাগুলিতে চলার অবস্থা নেই। যে গাড়িগুলি যা মনে হয় ঠিক নৌকোর মতো দুলতে দুলতে যাচ্ছে। আবার বর্ষার সময়ে জলে ভর্তি থাকে, বাসের ইঞ্জিন পর্যন্ত ডুবে যায়। তারপর হাওড়া কর্পোরেশনের মেয়র এমন অবস্থা করেছেন, যে ২/৩ বছর ধরে ঠিকাদারদের কোনও টাকা পয়সা দিচ্ছেন না, ফলে কোনও কন্ট্রাক্টার এক ফুট রাস্তার কাজ করছে না। হাওড়া কর্পোরেশনে অচল অবস্থার সৃষ্টি হয়েছে। ফলে কোনও রাস্তাই তৈরি হচ্ছে না। সঙ্গে সঙ্গে সমস্ত হাওড়া শহরে রাস্তার আলোগুলি একটার পর একটা নিভে যাচ্ছে। দীর্ঘদিন ধরে ঠিকাদাররা টাকা পাচ্ছেন না, সি.ই.এস.সিও টাকা পাচ্ছে না। ফলে হাওড়া শহরে জনজীবন স্তব্ধ হতে চলেছে। তার জন্য পৌরমন্ত্রীর কাছে আবেদন, অবিলম্বে যেন এদিকে তিনি নজর দেন। বর্তমান মেয়র কোনও কাজ করছেন না। তাঁকে কোনও কাজের কথা বলতে গেলে রাজ্য সরকার কোনও টাকা দিচ্ছেন না বলছেন এবং বলছেন যে, যে টাকা দেন সেটা মাইনে দিতেই চলে যায়। তার জন্য কন্ট্রাক্টররা সেখানে অবস্থান করছেন টাকা আদায় করবার জন্য। দুই তিন বছর তাদের কোনও টাকা দেওয়া হয়নি যার জন্য সেখানে কোনও রাস্তা মেরামত হচ্ছে না।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে নগর উন্নয়ন দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ইতিপূর্বে বলেছি যে, ই.এম.বাইপাশের সঙ্গে পার্ক স্ট্রীট কানেকটরকে চওড়া করবার জন্য সি.এম.ডি.এর পক্ষ থেকে দ্রুততার সঙ্গে ব্যবস্থা নেওয়া হয়েছে, কিন্তু ৪ নম্বর রেল-ব্রিজ সম্প্রসারণ করবার কাজটা এখনও করা যায়নি, কারণ রেল-ব্রিজের পাশে যারা রয়েছেন তাদের বিকল্প বাসস্থানের ব্যবস্থা করবার দায়িত্বটা ঐ ডিপার্টমেন্টকে গ্রহণ করতে হবে। তার পাশের তিলজলা, তপশিয়া এবং কসবার মানুষও প্রচন্ড দুর্ভোগের মধ্যে রয়েছেন, কারণ বন্ডেল গেট ফ্লাইওভার হয়নি। ঐ দায়িত্ব মেট্রোপোলিটন ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট নিয়েছেন এবং মেগাসিটি প্রকল্পে এর জন্য টাকা বরাদ্দ করা হয়েছে। কিন্তু এই কাজটা করবার জন্য রেল দপ্তর এবং নগর উন্নয়ন দপ্তরের একসঙ্গে বসাটা জরুরি। শারদোৎসব আসন্ন, তাই বন্ডেল গেট ফ্লাইওভার কাজ দ্রুততার সঙ্গে গ্রহণ

করবার জন্য দাবি জানাচ্ছি এবং অন্তর্বর্তী সময়ে সেখানে জনজীবন সচল রাখবার জন্য উপযুক্ত ব্যবস্থা নিতে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী শৈলজা দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি পরিবহন এবং অর্থ দপ্তরের মন্ত্রীদ্বয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই রাজ্যে চুঙ্গীর আদায়ের অন্যতম জায়গা হচ্ছে উলুবেড়িয়া। সেখানে প্রতিদিন রাস্তাজুড়ে হাজার হাজার লরি দাঁড়িয়ে থাকে। প্রতিদিন এন.এইচ-৬ দিয়ে বাস বা ট্যাক্সিতে যেসব যাত্রী যাতায়াত করেন তাদের ঐ লরির দ্বারা সৃষ্ট জ্যামজটের ফলে দুর্ভোগ ভুগতে হয়। আমার তাই দুই মন্ত্রীর কাছে দাবি, সেখানে চুঙ্গীর আদায়ের জন্য যেসব লরি আটকানো হচ্ছে সেগুলোকে ন্যাশনাল হাইওয়ের পরিবর্তে অন্যত্র দাঁড়াবার ব্যবস্থা করা হোক যাতে নিত্যযাত্রীদের দুর্ভোগ ভুগতে না হয়।

**श्री ममताज हसन :** मिस्टर स्पिकर सर, रामजीवनपुर कांलियरी जो हिरापुर कन्सटोय्नुन्सी के अन्दर्गत नोर्थ आसनसोल इलाके मे पड़ता है। वहाँ एक आदिवासी ग्राम. माँझीपाड़ा है जहाँ व लोगों को पीने के लिए पानी की कोई व्यवस्था नही हैं। जहाँ सरकार लोगो की सुविधा के लिए तरह-तरह से डेभलपमेन्ट का काम कर रही है। दुसरी ओर कई शाहरो मे स्टेट गवर्नमेन्ट आदिवासी की सुविधा के लिए बड़े-बड़े कदम उठाय जा रहे है। लेकिन हमारे विधान सभा केन्द्र मे लोगो को पीने का पानी नही मिल रहा है। एसे कई खेत्र है। मे इसके पहले भी इस हाउस मे कई वार सरकार का ध्यान आकृष्ट कर चुका हुँ पर कोई व्यवस्था नही हो रही है। अत: पी एच ई डी मंत्री इस ओर कदम उठाए।

**শ্রী অজয় দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে শান্তিপুরের প্রাচীন উৎসব হচ্ছে রাস উৎসব। আগামী ১৮ই নভেম্বর থেকে ২০শে নভেম্বর এই উৎসব চলবে। এই উৎসবকে কেন্দ্র করে ভারতবর্ষের বিভিন্ন রাজ্য এবং পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা থেকে হাজার হাজার মানুষ এখানে এসে সমবেত হয়। এর আগে এই সমস্ত দর্শনার্থীদের জন্য ১৯৭৪-৭৫ সালে স্যানিটেশন এবং অস্থায়ী আশ্রম শিবিরের ব্যবস্থা করা হয়েছিল। কিন্তু বছর বছর এই দর্শনার্থীদের সংখ্যা বাড়ছে এবং ব্যাপকভাবে এখানে মানুষ আসছে। তিনদিন ধরে এই উৎসব চলবে। এখানে জনস্বাস্থ্য দপ্তরের মন্ত্রী মহাশয় আছেন। আমি আপনার মাধ্যমে তার কাছে আবেদন করছি যে বিভিন্ন জায়গা থেকে যে সমস্ত দর্শনার্থী এখানে আসেন তাদের সুবিধার জন্য এখানে অস্থায়ী আশ্রম শিবির এবং স্যানিটেশনের ব্যবস্থা করা হোক এবং সেই সঙ্গে সঙ্গে এই মেলাকে জাতীয় মেলা হিসাবে ঘোষণা করার জন্য আমি রাজ্য সরকারের কাছে দাবি জানাচ্ছি।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের

বিশেষ করে পর্যটন, ক্রীড়া দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের উত্তরবঙ্গে বিখ্যাত সংগঠন নন্দীদেবী ফাউন্ডেশনের পক্ষ থেকে হিমালয়ের করচা পাহাড়ে প্রায় ২১ হাজার ফিট উঁচুতে আরোহণের জন্য স্বপন মজুমদারের নেতৃত্বে ১২ জন সদস্য ১৬ তারিখে পর্বতারোহন করেন। কিন্তু দুঃখের বিষয়, কলকাতা শহর এবং নগরের বিভিন্ন সংস্থা এই সমস্ত অ্যাডভাঞ্চারে অংশ গ্রহণ করে। এই অ্যাডভেঞ্চারের জন্য তাদের প্রচুর অর্থ খরচ হবে। কিন্তু তাদের কোনও অর্থ সাহায্য করা হয়নি। ভারত সরকারের পক্ষ থেকে এই ব্যাপারে মাত্র ১০ হাজার টাকা মঞ্জুর করা হয়েছে। পশ্চিমবঙ্গের ক্রীড়া মন্ত্রী সুভাষবাবুর কাছে এই সংগঠনের পক্ষ থেকে সাহায্যের জন্য আবেদন করা হয়েছে। কিন্তু আজ পর্যন্ত কোনও সাহায্য পাওয়া যায়নি। এই পর্বতারোহিরা যাতে রাজ্য সরকারের কাছ থেকে সাহায্য পান, আমি সেজন্য আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি।

**Shri Choudhury Md. Abdul Karim :** Sir, I rise to mention here incidents of murder of two Congress supporters at Chopra P.S., Islampur, this month. At Chopra P.S. one Mr. Ismail was stabbed to death by two managers of Maitryee Tea Garden on 5.9.94 in an altercation on wage demand. In another incident one Md. Safir of Elwabari P.S. of Islampur was beaten to death by C.P.I.(M) men on 15.9.94 on a land dispute. But I am sorry to inform you that the action of police is not satisfactory. Sir, the murder and killing in North Bengal district are not coming out in prominent dailies. So the police is found inactive and not sincere in taking prompt and proper action in this regard.

So, Sir, through you I request the Hon'ble Chief Minister to take necessary action against the murderers immediately, so that such incidents may not occur in Islampur.

[1-35—1-45 p.m.]

**শ্রীমতী আরতী হেমব্রম ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বাঁকুড়া জেলার ঝিলমিল রাস্তার উপর শিলাবতী নদীর উপর একটা ব্রিজ আছে। সেই ব্রীজের অবস্থা অত্যন্ত শোচনীয়। প্রথমত ব্রিজটি অত্যন্ত সংকীর্ণ এবং এই ব্রিজের উপর মোরাম মাটি ফেলে অনেক দূরপাল্লার বাস যাতায়াত করে। সেই ব্রিজটির যা অবস্থা তাতে যে কোনও সময় দুর্ঘটনা ঘটে যেতে পারে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে এই ব্রিজটি নির্মাণ করা হয় তার ব্যবস্থা তিনি যেন করেন।

**শ্রী দেবেশ দাস ঃ** স্যার, ভোটার তালিকায় যেভাবে নাম তোলা হচ্ছে তাতে গরীব মানুষেরা ভোট দিতে পারবে না। স্যার, আগামী ৭ই অক্টোবর নাম তোলার শেষ দিন। আমার বিধানসভা কেন্দ্রে খবর নিয়ে জানতে পারলাম ১০ ভাগ বুথে ভোটার তালিকায় নাম তোলবার কাজ শেষ হয় নি। যেখানে ৮৭০ জন এনুমারেটর দরকার সেটা ১৭৬ জন

এনুমারেটর ঠিক করা হয়েছে। আমার বিধানসভা কেন্দ্রে যেখানে ১১০ জন এনুমারেটর দরকার সেখানে মাত্র ২৭ জন এনুমারেটর আছে। নির্বাচন কমিশনের নির্দেশে যে সমস্ত জব ওয়ারকাররা কাজ করছে তারা ঠিকভাবে কাজ করতে পারছে না। তারা এই কাজে ঠিকভাবে অভ্যস্ত নয়। তার ফলে ভোটার তালিকায় নাম তোলার ক্ষেত্রে প্রচুর ভুল-ভ্রান্তি থেকে যাচ্ছে। পাকা বাড়িতে যে সমস্ত বড় লোকেরা থাকে তাদের নাম ঠিকভাবে উঠে যাচ্ছে। কিন্তু যে সমস্ত গরিব লোক বস্তীতে থাকে গাদাগাদি করে তাদের নাম ঠিকভাবে উঠছে না। এই ক্ষেত্রে নির্বাচন সংস্কারের নামে গরিবদের নির্বাচন থেকে সরিয়ে দেওয়া হচ্ছে।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীমকুমার দাশগুপ্ত মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বহু বিতর্ক হয়েছে এই হাউসে নন-ব্যাঙ্কিং ফাইনান্সিয়াল ইন্সটিটিউট এবং চিট ফান্ডগুলি নিয়ে। মাননীয় অর্থমন্ত্রী তাঁর সিদ্ধান্তের কথা বলেছেন, রিজার্ভ ব্যাঙ্কের সিদ্ধান্তের কথা বলেছেন। ইতিমধ্যে তাঁর নেতৃত্বে একটা সেল গঠন করে, পুলিশের নেতৃত্বে একটা সেল গঠন করে বেশ কিছু লোককে গ্রেপ্তার করা হয়েছে, সেই ব্যাপারে মামলাও হয়েছে। এই যে সমস্ত ব্যাপার ঘটেছে সেই ব্যাপারে এখনও আমরা অন্ধকারে আছি। পশ্চিমবাংলার লক্ষ লক্ষ গ্রামের মানুষ এবং শহরের মানুষ তাদের আয়ের জন্য লাভের জন্য এই নন-ব্যাঙ্কিং প্রতিষ্ঠানগুলিতে, চিট ফান্ডগুলির কাছে টাকা রেখেছি। এই সমস্ত চিট ফান্ডগুলি বন্ধ করে দেওয়া হয়েছে। এই সমস্ত সংস্থাগুলিতে আমানতকারী লোকগুলির কি হবে, তাদের ভবিষ্যত কি? আমরা দুর্ভাগ্যের সঙ্গে লক্ষ্য করছি মাননীয় অর্থমন্ত্রী তাঁর চেম্বারে বহুবার বহু মিটিং করেছেন, বহু প্রেস কনফারেন্স করেছেন, বহু বিবৃতি দিয়েছেন, কিন্তু বাংলার মানুষ জানতে পারছে না তারা টাকা ফেরত পাবে কিনা, এই ব্যাপারে সরকারের পদক্ষেপ কি, কিভাবে এগোচ্ছেন, কিভাবে তাদের সম্পত্তি বাজেয়াপ্ত হবে, মোড অফ পেমেন্টটা কিভাবে হবে। সারা বাংলার মানুষ এই ব্যাপারে অন্ধকারে রয়েছে। আপনি যে পদক্ষেপ গ্রহণ করেছেন তাতে আমি একমত, কিন্তু যেভাবে কাজ করছেন, যে কায়দায় অপারেশন করছেন তাতে আমি একমত হতে পারছি না। আমরা চাই যে সব কোম্পানি বেআইনি কাজ করছে তাদের ধরা হোক এবং আমানতকারীদের স্বার্থ রক্ষা করা হোক।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় তথ্য সংস্কৃতি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি এই হাউসে বারবার বলেছি, আমি আবার বলছি যাতে আপনি দায়িত্ব নিয়ে বিষয়টা দেখেন। উলুবেড়িয়া মানুষের কাছে, হাওড়া জেলার মানুষের কাছে ঐতিহ্য বহন করছে উলুবেড়িয়ার রবীন্দ্র ভবন। ২৫-৩০ বছর আগে এই রবীন্দ্র ভবন তৈরি হয়েছে, আজকে সেটা পড়ে যাওয়ার মতো অবস্থায় এসে দাঁড়িয়েছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় তথ্য সংস্কৃতি মন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি উলুবেড়িয়া মানুষের ঐতিহ্য বজায় রাখার স্বার্থে, হাওড়া জেলার মানুষের ঐতিহ্য বজায় রাখার স্বার্থে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের নামে রবীন্দ্র ভবনটিকে সংস্কার করার জন্য, উন্নতি সাধন করার জন্য অবিলম্বে তিনি যেন ব্যবস্থা নেন।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর

*দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার নন্দীগ্রাম তিন নম্বর ব্লকে এখনও বহু ভার্জিন মৌজা আছে যেগুলোতে এখনও বিদ্যুতের খুঁটি পর্যন্ত পড়েনি। যার জন্য রেপাড়াতে সাব-স্টেশনের* কাজ শুরু হলেও তা মন্থর গতিতে হচ্ছে। সেই কাজটি যাতে দ্রুতগতিতে হয় তার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। নরঘাট—নন্দীগ্রামে মোট ১১৪টি মৌজার মধ্যে কংগ্রেস আমলে মাত্র দু'তিনটি মৌজাতে বিদ্যুতায়িত হলেও সেখানে আলো জ্বলে না। এ পর্যন্ত মোট ১২০টি মৌজা আলোকিত হয়েছে। তার জন্য হরিখালির কাছে হলদী নদীর কাছে যে টাওয়ার করার কথা ছিল, সেটি এখনও শুরু হয়নি। অবিলম্বে এই কাজটি করার জন্য আমি মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী মনোহর তিরকেঃ** স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। অষ্টম তফসিলে নেপালী ভাষাকে স্বীকৃতি দেওয়া হয়েছে। পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে আমরা এই দাবি করেছিলাম। আমরা এজন্য কেন্দ্রীয় সরকারকে ধন্যবাদ দিয়েছি। কিন্তু দুঃখের বিষয় ডুয়ার্সে বহু নেপালী ভাষাভাষী লোক আছে, নেপালী ভাষার প্রচারের জন্য কোনও হাইস্কুল বা নতুন কোনও স্কুল সেখানে হয়নি। এবারে ডিস্ট্রিক্ট যে প্রাইমারি টীচারদের অ্যাপয়েন্টমেন্ট হয়েছে। কিন্তু যেখানে নেপালী ভাষাভাষি ছাত্ররা পড়ে সেখানে তাদের পাঠানো হয়নি। তার জন্য ওখানে মানুষের মধ্যে ক্ষোভ জমছে। নেপালী ভাষার পাশাপাশি বহু হিন্দি ভাষাভাষি ছাত্র আছে, তারা যাতে তাদের ভাষায় পড়তে পারে তার জন্য যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হোক।

**শ্রী সুধন রাহাঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়, যেটি এর আগেও বিধানসভায় উল্লেখ করেছিলাম, উল্লেখ করতে চাই। ১৯৮৯ সালে আমার নির্বাচন কেন্দ্র কান্দীতে একটি সাবসিডিয়ারি হেলথ সেন্টার স্থাপন করা হয়েছে। সেই সাবসিডিয়ারি হেলথ সেন্টারটির আজ পর্যন্ত উদ্বোধন করা হল না। কেয়ারলেস অবস্থায় এই হেলথ সেন্টারটি থাকার ফলে তার জানালা, দরজা, গ্রীল এমনকি বেসিন পর্যন্ত চুরি হয়ে যাচ্ছে। সি-এম-ও-এইচ কে এই ব্যাপারে বারবার করে বলেও কিছু ফল হয়নি। আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করেছিলাম যাতে এটির সত্বর উদ্বোধন হয়। বর্তমানে জলপাইগুড়িতে ডায়েরিয়া এবং ম্যালেরিয়াতে মানুষ আক্রান্ত হচ্ছে। ওখানে মাল ব্লকে এই রোগে ৩৭১ জন লোক মারা গিয়েছে। চিকিৎসা কেন্দ্র স্থাপন করার পর তার উদ্বোধন করা হচ্ছে না। সাধারণ মানুষ যাতে চিকিৎসার সুযোগ পেতে পারে তার জন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আপনার মাধ্যমে অনুরোধ করছি যাতে এটির উদ্বোধন হয়।

**শ্রী রনজিৎ পাত্রঃ** স্যার, আমি আপনার মাধ্যমে পূর্ত বিভাগের এবং গ্রামীণ উন্নয়ন বিভাগের মন্ত্রীদ্বয়ের দৃষ্টি আকর্ষণ করছি একটি বিষয়ে। মেদিনীপুর জেলায় দাঁতন এক নম্বর ব্লকে সনাকেনিয়া এবং খড়গপুর থেকে বেলদা পর্যন্ত এক্সপ্রেস ওয়েটি হয়ে আছে। বাকি রাস্তায় বড় বড় ডোবা সৃষ্টি হয়েছে। সেখান দিয়ে স্কুল-কলেজের ছাত্ররা যাতায়াত করতে পারছে না। গর্ত হওয়ার ফলে পরিবহন ব্যবস্থা একেবারে ভেঙে পড়েছে, কোনও গাড়ি যেতে পারে না, স্কুল-কলেজের ছাত্ররা, অফিসের নিত্যযাত্রীরা কেউই যেতে পারে না। এই রাস্তাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ রাস্তা। কারণ অন্ধ্রপ্রদেশ এবং ওড়িষ্যার সঙ্গে কলকাতার এটি একমাত্র

সংযোগকারী রাস্তা। কলকাতা থেকে যেসব পণ্য যায়, তার বেশির ভাগ এই রাস্তা দিয়ে যায়। আমি তাই মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি যাতে তিনি এই রাস্তাটিকে অবিলম্বে মেরামতের দিকে দৃষ্টি দেন।

[1-45—1-55 p.m.]

**শ্রী সুশীল বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি গভীর বেদনার সঙ্গে একটি বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলায় চুর্ণী নদীর উপরে ১৯৭৯ সালে তদানিন্তন মাননীয় রাজ্যপাল একটি ব্রিজের শিলান্যাস করেছিলেন। নদীয়া জেলার পাজনা, বাজিতপুর হয়ে একটি রাস্তা কৃষ্ণগঞ্জ হয়ে মাজদিয়া পর্যন্ত পৌঁছনোর কথা। কিন্তু রাস্তাটির কাজকর্ম পুরো বন্ধ হয়ে আছে। যেখানে মহামান্য রাজ্যপাল ব্রিজটির শিলান্যাস করেছিলেন, তার কাজ এখনও পর্যন্ত শুরু হল না। আজ দীর্ঘ ১৫ বছর হয়ে গেছে অথচ কাজ শুরু হল না। সেজন্য উক্ত এলাকায় মানুষের মধ্যে ক্রমান্বয়ে ক্ষোভ পুঞ্জীভুত হচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে এই বিষয়টা গুরুত্ব সহকারে দেখার জন্য অনুরোধ করছি এবং অবিলম্বে যাতে ব্রিজের কাজ শুরু হয় তার জন্য পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী নিত্যানন্দ অধিকারী ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে কৃষি দপ্তরের এবং ত্রাণ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, উত্তরবঙ্গের খরাজনিত পরিস্থিতি এখন আর খবর নয়, এটা সবাই স্বীকার করে নিয়েছে। এই পরিস্থিতিতে ত্রাণ এবং কৃষি এই দুই দপ্তরকে যৌথ দায়িত্বে এই পরিস্থিতির মোকাবিলা করা দরকার। প্রান্তিক চাষী, ক্ষেত মজুর. নিম্ন মধ্যবিত্ত মানুষদের স্বল্প মূল্যে চাল সরবরাহ করা উচিত। ভাদ্রমাস অতিক্রান্ত হয়েছে এখন এগ্রিকালচারাল গ্রুপ অর্থাৎ আগুরী ধান উঠে যাবার কথা কিন্তু সেই ধান উঠে নি। এইরকম পরিস্থিতির ফলে সমস্ত মানুষকে স্বল্প মূল্যে চাল সরবরাহ করা উচিত। ভাল কৃষকদের উচ্চ ফলনশীল সবজি বীজ, খারিপ শস্য, হাই ব্রিড শস্য এবং এছাড়া সরিষা, গম যব, তৈলবীজ, মিনিকিট ইত্যাদি সরবরাহ করা উচিত।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বাঁকুড়া জেলায় দারুণ বিদ্যুৎ সঙ্কট চলছে। এখানে এমন বিদ্যুতের অবস্থা যে মানুষ ক্ষুব্ধ হয়ে পড়েছে। গড়ে প্রায় প্রতিদিন ১২৫ থেকে ১৩০টি ট্রান্সফর্মার অচল হয়ে থাকে এবং সেগুলো সারাতে প্রায় দু মাস, তিন মাস, ৪ মাস সময় লেগে যাচ্ছে। কাজেই মানুষ সেখানে মাসের পর মাস অন্ধকারে থেকে যাচ্ছে। এবং ৮-১০ ঘন্টার বেশি সেখানে বিদ্যুৎ থাকছে না। আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর কাছে আবেদন রাখছি যে, তিনি যেন সরেজমিনে গিয়ে ওই অবস্থায় পর্যবেক্ষণ করেন এবং ট্রান্সফর্মার যেগুলো খারাপ হয়ে গেছে রিপ্লেস করে নতুন ট্রান্সফর্মার লাগান। সামনে পুজো এই সময়ে যেন বিদ্যুতের ঘাটতি না হয়।

**শ্রী শেখ খাবিরুদ্দিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নাকাশীপাড়ার থানার ও.সি অরুন দাসের

নেতৃত্বে এবং যোগ সাজসে চুরি, ছিনতাই, রাহাজানি, খুন খারাপি ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। নাকাশীপাড়ার শিবপুর গ্রামের কৃষক আন্দোলনের নেতা উত্তম মন্ডলকে খুন করা হল, কিন্তু পুলিশ অফিসারের যোগ সাজসে সমস্ত কেসটাই রেকর্ড করা হল না। কেস রেকর্ড না থাকার ফলে দোষী ব্যক্তিকে ধরার ক্ষেত্রে কাজের ব্যহত হচ্ছে। এমন কি চার্জ সিট পর্যন্ত জমা পড়ছে না। গ্রামের পঞ্চায়েত সদস্যকেও হত্যা করা হয়েছে। তার কোনও তদন্ত হয় নি। সুতরাং আমি আপনার মাধ্যমে দাবি করছি যে ওই দোষী পুলিশ অফিসারকে ধরা হোক এবং ব্যবস্থা নেওয়া হোক।

**শ্রী সৌগত রায়ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পরিবহন দপ্তরের অধীনে বেহালায় একটি ফ্লাইং ক্লাব আছে। এই ফ্লাইং ক্লাবের জন্য সরকারের ৩০ লক্ষ টাকা খরচ হয় এবং এই ক্লাব থেকে প্রতি বছর ৫ জন করে পাইলট বার হওয়ার কথা। কিন্তু ১৯৮৯ সালের পর থেকে এই বেহালা ফ্লাইং ক্লাব থেকে একজনও পাইলট বার হয় নি। এখানে যে দুটি প্লেন ছিল, তার মধ্যে দুটি প্লেনই খারাপ, সারাতে গেছে। ৫ বছর ধরে চীফ ফ্লাইং ট্রেনিং ইন্সট্রাক্টর নেই। রেডিও অফিসার নেই, রেডিও ইঞ্জিনিয়ারও চলে গেছেন। অথচ গভর্নমেন্ট ২ লক্ষ টাকা খরচ করে হ্যাঙ্গার তৈরি করেছিলেন। রানওয়ে তে কোনও প্লেন নেই। সুতরাং পাইলট হওয়ার কোনও অসম্ভবনাই এখানে নেই। বিহারে ফ্লাইং ক্লাব আছে, পাঞ্জাবে ফ্লাইং ক্লাব আছে, উড়িষ্যাতে আছে, উত্তর প্রদেশে আছে, যাতে বাংলা থেকে পাইলটের লাইসেন্স নিয়ে ২।৪ জন ছেলে চাকরি পেতে পারে সেটা দেখা দরকার। কিন্তু এই সরকারের আমলে এবং পরিবহন দপ্তরের ব্যর্থতায় পশ্চিমবাংলায় এই ব্যাপারে কিছু করা হচ্ছে না। আমি দাবি করছি এই ছেলেদের যাতে অন্য রাজ্যে ট্রান্সফার করে দেওয়া হয়, স্কলারশিপ দিয়ে তাদের ট্রেনিং এর ব্যবস্থা করা হয়, যাতে কমপক্ষে তারা পাইলটের লাইসেন্সটা পেতে পারে।

**শ্রী কমলেন্দু সান্যালঃ** মাননীয় অধ্যক্ষ, মাননীয় মন্ত্রী, অর্থমন্ত্রী মহাশয়, তেহট্টয় নতুন মহকুমা হবে, এখুনি দেখুন স্বার্থ। তেহট্ট হতে করিমপুর, তেহট্ট হতে পলাশী পথ-প্রসারনে ও উন্নয়নে বিপুল অর্থ প্রত্যাশী। তেহট্টঘাট হতে কুলগাছি ভায়া বর্নিয়া পরিকল্পনাখাতে আগামী বাজেট, করুন ভাবিয়া। জলঙ্গীর পর তেহট্ট-সেতু বাধা কোথায়? কিসের হেতু? রেলপথহীন, ভাবী মহকুমার দেখুন একটু স্বার্থ। সকলে আমরা প্রত্যাশী রব, পাব পরিকল্পিত অর্থ।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্রঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার ওখানে পুরনিগমের একটি হাসপাতাল আছে, সেখানে গত ১৮ বছর ধরে কোনও ডাক্তার যায়নি। সেখানে লোকে দরজা, জানালা খুলে নেবার চেষ্টা করছে। স্বাস্থ্যমন্ত্রীকে বহুবার বলেছি সেখানে কোনও ডাক্তার পাঠানো হচ্ছে না, যদি বা ডাক্তার সেখানে অ্যাপয়েন্টমেন্ট হচ্ছে, সেও আবার অন্য জায়গায় চলে যাচ্ছে। ১৮ বছর ধরে যেখানে কোনও ডাক্তার যাচ্ছে না, সেই জায়গাটাকে তাহলে ক্লোজড বলে ঘোষণা করা হোক, এই আবেদন আমি জানাচ্ছি।

**শ্রী চিত্তরঞ্জন বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলায় সীমান্ত বরাবর কৃষ্ণনগর শিকারপুর রোডের একটা গুরুত্বপূর্ণ রাস্তা ৪টি ব্লকের ভেতর দিয়ে গিয়েছে। বহু মানুষ এই রাস্তা দিয়ে মাল পরিবহন করছে, একমাত্র রাস্তা এই রাস্তাটির অবস্থা অত্যন্ত শোচনীয়। এই রাস্তার মেরামতি দীর্ঘদিন হয়নি, যার ফলে বাস চলাচলের পক্ষে অসুবিধা হচ্ছে। জলঙ্গীর ভাঙনে মুর্শিদাবাদ বহরমপুরের সঙ্গে নদীয়া জেলার সংযোগকারী রাস্তা বন্ধ হয়ে গেছে। সমস্ত জায়গার সঙ্গে সীমান্তকারী রাস্তার যোগ আছে। তাই মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে এই রাস্তা মেরামতি করা হোক, নাহলে আগামী দিনে ঐ এলাকায় যানবাহন চলাচল ব্যবস্থা সম্পূর্ণ বিপর্য্যস্ত হবে, এই আবেদন আমি জানাচ্ছি।

## STATEMENT UNDER RULE—346

**Mr. Speaker :** Now, The Hon'ble Finance Minister will make a statement.

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I rise to make this statement on the following decisions of the State Government :

1. The State Government has decided to set up a new University "West Bengal Animal Resource Development and Fisheries Science University". This new University will be developed for teaching, research and extension in Animal Resource, Veterinary, Dairy, Fishery and the allied subjects in West Bengal.

2. The new University will be a Multi Campus University from the following Campuses :

a) Belgachia,

b) Mohanpur,

c) Pailan, at South 24-Parganas and Junput at Midnapore.

A strong linkage will be maintained between this new University and Bidhan Chandra Krishi Viswa Vidyalaya. It has also been decided to add atleast one faculty viz., Faculty of Horticulture in Bidhan Chandra Krishi Viswa Vidyalaya.

3. The proposed new University will have three faculties :

i) Veterinary and Animal Sciences,

ii) Pisciculture and

iii) Dairy Technology.

Expected student capacity relating to these three faculties is around 800 (eight hundred).

This new University will contribute to a great extent to the development of research and education relating to Animal and Fisheries Resources in the State and also extend the fruit of this knowledge to practical field in order to help the growth of productive forces in these very important areas of development in the State.

## ZERO HOUR

[1-55—2-05 p.m.]

**Shri Ajoy De :** (Not present.)

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিদ্যুৎ দপ্তরের মন্ত্রী মহাশয়রে দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের বীরভূম জেলায় বিদ্যুতের যে চাহিদা এবং যেভাবে গ্রামাঞ্চলে পোলগুলো গেছে সেই অনুপাতে সেখানে ট্রান্সফর্মার নেই। এই ব্যাপারে আমরা বার বার জেলা পরিষদের কর্মাধ্যক্ষের সাথে আলোচনা করেছি। ট্রান্সফর্মার না থাকার ফলে বীরভূম জেলার বেশিরভাগ জায়গাতেই মাঝে মাঝে বিদ্যুৎ ঘাটতি দেখা যাচ্ছে।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** (নট প্রেজেন্ট)

**মিঃ স্পিকার ঃ** কমলেন্দুবাবু এই বিষয়টা জিরো আওয়ার হয়না এটা আউট অফ অর্ডার।

**শ্রী সুশীল বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিধানসভাতে বেশিরভাগ সদস্য হাসপাতালের ঘটনা উল্লেখ করেছে। নদীয়া জেলার কৃষ্ণনগরের হাসানগরের হাসপাতাল সম্পর্কে আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই হাসপাতালটি একটি সাবসিডিয়ারী হেলথ সেন্টার এবং এখানে তিনটি বেড আছে। এখান থেকে ৩২ কিলোমিটার পার হয়ে জেলা হাসপাতাল বা ব্লক হাসপাতালে যেতে হয় এবং সেটা কোনও রোগীর পক্ষে যাওয়া সম্ভব নয়। এই হাসপাতালটিকে যাতে বি.পি.এইচ.সি.তে উন্নীত করা যায় তার জন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এবং জল সরবরাহ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমি এর আগেও বলেছিলাম মালদহ জেলার হরিশচন্দ্রপুরে প্রতি বছর ক্যানসারের রোগীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে এবং সেখানে ক্যানসার রোগ নির্ণয়ের কোনও কেন্দ্র নেই বলে বার বার বলা হয়েছে। সেখানে টিউবওয়েলের জল থেকেই এটা হচ্ছে বলে মনে হচ্ছে। ওখানে টিউবওয়েলের জল পরীক্ষা করা এবং ক্যানসার রোগ নির্ণয়ের কেন্দ্র স্থাপন করার দাবি আমি জানাচ্ছি। প্রতি

বছর ওখানে ১০০ থেকে ১২৫ জন লোক এই রোগে মারা যাচ্ছে এবং অসংখ্য লোকের ক্যানসার ধরা পড়ছে। এই ব্যাপারে আপনি সত্ত্বর ব্যবস্থা গ্রহণ করবেন।

**শ্রী সৌগত রায়ঃ** স্যার, গত ১৫ই সেপ্টেম্বর ইনকাম ট্যাক্স অফিসাররা যাদবপুরের সি.পি.এমের একজন মহিলা কাউন্সিলারের বাড়িতে রেইড করেছেন এবং সেখান থেকে কিছু ডকুমেন্টস তারা পেয়েছেন। এটা খুবই আশ্চর্যের ব্যাপার, শাসক দলের একজন কাউন্সিলার এবং তার স্বামী, যিনি পার্টির হোল টাইমার তারা এই প্রোমোটারি বিজনেসের সঙ্গে যুক্ত। সেই কাউন্সিলারের দেওরও একজন বড় প্রোমোটার এবং তার তৈরি বাড়িতেই সেই কাউন্সিলার থাকতেন। সি.পি.এমের সঙ্গে প্রোমোটারদের লিঙ্ক আছে এইকথা আমরা বার বার বলেছি। গত ১৫ই সেপ্টেম্বর ঘটনাটা ঘটেছে এবং ১৬ তারিখের টেলিগ্রাফে বেরিয়েছে সি.পি.এমের নেতৃবৃন্দের সঙ্গে প্রোমোটারদের ঘনিষ্ঠ যোগাযোগ আছে। আমাদের দাবি এই ব্যাপারে নগরোন্নয়ন মন্ত্রী হাউসে একটা স্টেটমেন্ট দিন।

**শ্রী দেবেশ দাসঃ** গতকাল কংগ্রেসিরা শিয়ালদায় রাস্তা রোকো করতে গিয়ে দেখে যে তাদের দলের লোক আসেনি। দলের লোকের অভাবে ক্ষিপ্ত হয়ে কংগ্রেসিরা বোমা ছোড়ে। কিছু কংগ্রেস কর্মী এলাকার কংগ্রেস নেতা ও প্রাক্তন কাউন্সিলার দ্বিপরঞ্জন রাহার বাড়িতে বোমা আনতে যায়, তখন বোমা ফেটে যায় এবং তাতে একজন আহত হয়। কংগ্রেসি নেতা, কংগ্রেস কাউন্সিলরের বাড়িতে ঝুড়িঝুড়ি বোমা এখনও পাওয়া যাচ্ছে। ওরা এইভাবে রাজ্যের মধ্যে গোলমাল পাকাতে চাইছে। আমি অবিলম্বে স্বরাষ্ট্র মন্ত্রীর হস্তক্ষেপ চাইছি।

**শ্রী প্রবীর ব্যানার্জিঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে উচ্চ শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনি নিশ্চয়ই জানেন, উচ্চ মাধ্যমিকের পরীক্ষার ফল বেরিয়েছে। বিভিন্ন কলেজে ভর্তি চলছে। কিন্তু আমার জেলায় অভিযোগ পেয়েছি, গোবরডাঙা কলেজে অনেকে ভর্তি হতে পারছে না। এবং আমি দায়িত্ব নিয়ে বলতে পারি, সেখানে ইউনিয়ন টাকা-পয়সা নিয়ে ভর্তি করছে। যাদের মেরিট আছে তারা ভর্তি হতে পারছে না। সেখানে মন্ত্রীও আছে। গোবরডাঙা কলেজে বি.এড.এ ছাত্র ছাত্রীদের ভর্তি করা হচ্ছে ইউনিয়নের কোটার মাধ্যমে। তাই আমি মন্ত্রীকে অনুরোধ করছি অবিলম্বে এটা বন্ধ করা হোক, একর্ডিং টু মেরিট যাতে ভর্তি হতে পারে তার জন্য ব্যবস্থা করা হোক।

**শ্রী নির্মল দাসঃ** আপনার মাধ্যমে বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিদ্যুতের কিছু উন্নতি হয়েছিল, কিন্তু পূজোর আগে যেভাবে লোডশেডিং চলছে—আমার এলাকা আলিপুরদুয়ার, কুচবিহারে বিদ্যুতের অবস্থা সাংঘাতিকভাবে বিপর্যস্ত হয়ে পড়েছে। আমি আবেদন করছি, ডঃ শঙ্কর সেন মহাশয় যিনি অত্যন্ত কৃতিত্বের সঙ্গে মোকাবিলা করছেন, তিনি একটা ব্যবস্থা নিন। আমার কথা হচ্ছে, হাসপাতাল তারপর বিভিন্ন প্রতিষ্ঠান যাতে বিদ্যুৎ থেকে বিচ্ছিন্ন না হয় তার জন্য যেন একটা ব্যবস্থা হয়—এই আবেদন করছি। বিদ্যুৎবিহীন অবস্থায় হাসপাতালে অপারেশনের কাজ বিঘ্নিত হয়। এটার একটা ওয়ে আউট করা দরকার। ইমার্জেন্সি, এসেন্সিয়াল যে জায়গাগুলো আছে, সেইগুলোতে যাতে নিয়মিত বিদ্যুৎ সরবরাহ করা হয়, সেইজন্য বিশেষ ব্যবস্থা টেকনিক্যাল ইঞ্জিনিয়াররা করুন। এবং ডঃ সেন নিজে একজন বিখ্যাত

ইঞ্জিনিয়ার তিনি এই ব্যবস্থা করবেন, সেই আবেদন করছি।

**শ্রী নাসিরুদ্দিন খান ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে বারবার স্বাস্থ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি—আমার কনস্টিটিউয়েন্সি মুরুটিয়ায় একটা হাসপাতাল আছে, সেই হাসপাতালের দুরাবস্থা কেউ যদি চোখে না দেখে তাহলে কল্পনা করতে পারবে না—সেখানকার সমস্ত জানালা-দুয়ার খুলে চুরি হয়ে গেছে। সেখানে একটা মেথর পাহারা দেয়। এটা অবিলম্বে বন্ধ করে দেওয়া হোক। ঐ হাসপাতালের জায়গাটা, বিল্ডিংটা অন্য কাজে ব্যবহৃত হবে। এই বিষয়ে ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি স্বাস্থ্যমন্ত্রীর কাছে বারবার অনুরোধ করেছি, আজও করছি।

[2-05 — 2-15 p.m.]

**শ্রীমতী সাবিত্রী মিত্র ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র চাঁদমনি ওয়ান, টু, দুটো অঞ্চল সমেত ৯টা অঞ্চলে আন্ত্রিক ব্যাপক আকারে ছড়িয়ে গেছে। এক বাড়িতেই ৪ জন মারা গেছে। এই পর্যন্ত মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে ১৫। ঐ এলাকায় ডাক্তাররা সহজে যেতে পারছে না, যাতায়াতের অবস্থা ভাল নেই। পঞ্চায়েত মন্ত্রীর কাছে আমার এই আবেদন যে, আপনি দয়া ক'রে বলুন আপনাদের জেলা পরিষদ জওহর রোজগার যোজনার যে প্রচুর টাকা নিচ্ছে, তা দিয়ে পানীয় জলের ব্যবস্থাটা যাতে সুষ্ঠভার্বে করা হয় এবং ওখানকার মানুষ যেখানে এর মধ্যেই ১৬ জন আন্ত্রিকে মারা গেছে, এরকম একটা ভয়াবহ অবস্থা থেকে তাদের উদ্ধার করুন। এই ব্যাপারে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** ধন্যবাদ স্যার, আমার একটা প্রশ্ন ছিল। আজকে সহযোগকারী রাস্তা—নতুন বিদ্যাসাগর ব্রিজ তৈরি হ'ল। অনেক ঘটা ক'রে উদ্বোধন করা হ'ল। কোটি কোটি টাকা খরচ হ'ল। আপনি যদি ঐ ব্রিজ দিয়ে যান, তাহলে দেখবেন কিভাবে এর উভয়পার্শ্ব আগাছায় ভর্তি হয়ে গেছে, একটা জঙ্গলের রূপ ধারন করেছে। আমার পরিষ্কার বক্তব্য, যদি এই সপ্তাহের মধ্যে এই ব্রিজ আগাছা থেকে মুক্ত না হয়, জঙ্গল মুক্ত না হয়, তাহলে আমরা ঐ ব্রিজ, ঐ অঞ্চলের যারা অধিবাসী তারা নিজেরাই শ্রম দান ক'রে ঐ আগাছা পরিষ্কার ক'রে দেব। এই বিষয়ে আপনার অনুমতি প্রার্থনা করছি।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, মেদিনীপুর জেলার ভুপতিনগর থানার অফিসার ইনচার্জ বা বড়বাবু করে এমন একজন লোককে বসানো হয়েছে যে সেখানে অপোজিসন পার্টি কোনও আন্দোলন করলেই তাদের ভাগ্যে জোটে লাঠি। এমন কি অফিসে গিয়ে দেখা করে কিছু বলতে গেলেও তিনি রেগে ওঠেন। অপোজিশনদের প্রতি তার এই ব্যবহারের বিষয় মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি, এ কোন রাজত্বে আমরা বাস করছি? এখানে কি অপোজিশন দলের গণতান্ত্রিক আন্দোলন করার কোনও অধিকার থাকবে না? সরকারি দল তো মুখে অনেক কথাই বলেন যে এখানে গণতান্ত্রিক আন্দোলনের উপর পুলিশ হস্তক্ষেপ করবে না অথচ এই অবস্থা সেখানে আমরা

দেখতে পাচ্ছি। এর প্রতি আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[2-15—2-35 p.m.(including adjournment)]

**শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে বিধানসভার সকল মাননীয় সদস্যের দৃষ্টি আকর্ষণ করছি। আর.সি.আই—রিহ্যাবিলেটেশন কাউন্সিল অব ইন্ডিয়া অ্যাক্ট, ১৯৯২ এটা হচ্ছে ভারতবর্ষে প্রতিবন্ধীদের জন্য যে সমস্ত নন গভর্নমেন্টাল অর্গানাইজেশন কাজ করছেন—স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান—তাদের এই আর.সি.আই-এর রেজিস্ট্রেশন না করালে তারা কোনওরকম ট্রেনিং, শিক্ষা বা রিহ্যাবিলিটেশনের কাজ প্রতিবন্ধীদের জন্য করতে পারবেন না। যদি তারা তা করেন তাহলে এক হাজার টাকা জরিমানা, এক বছর জেল হবে। দিল্লির প্রায় একশো স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান এর বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছেন। ইন্ডিয়ান এক্সপ্রেস, টাইমস অব ইন্ডিয়ার মতোন ন্যাশনাল পেপারগুলিও এর বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছেন। এখানে সৌগতবাবুরা আছেন, তারাও যেমন অনেক স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত এবং তা পরিচালনা করেন তেমনি আমরাও অনেক স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত এবং তা পরিচালনা করি। কাজেই প্রতিবন্ধীদের সেবা করার কাজ যেখানে ব্যাহত হচ্ছে সেখানে আমি মনে করি সকলের দলমত নির্বিশেষে তার প্রতিবাদ করা উচিত। আমাদের সকলের বলা উচিত এই আর.সি. অ্যাক্ট, ১৯৯২, এটা প্রত্যাহার করা হোক। এ বিষয়ে সকল মাননীয় সদস্যের প্রতি আমি আবেদন জানাচ্ছি যে তারা সকলে এগিয়ে এসে এই আইন প্রত্যাহারের দাবি জানান। ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশনও এর বিরুদ্ধে মত প্রকাশ করেছেন। আমি আবার বলছি, প্রতিবন্ধীদের সেবা করার কাজ যাতে ব্যাহত না হয় তার জন্য ঐ অ্যাক্ট প্রত্যাহার করা হোক। আমি আশা করি স্যার, আপনিও যেমন আমার কথাকে সমর্থন করবেন তেমনি সকল সদস্যই এটা সমর্থন করবেন। প্রতিবন্ধীদের জন্য যাতে আমরা সকলে কাজ করতে পারি তার জন্য আবেদন রেখে শেষ করছি।

## LEGISLATION

### The West Bengal Government Premises (Tenancy Regulation) (Amendment) Bill, 1994

**Shri Gautam Deb :** Sir, I beg to introduce the West Bengal Government Premises (Tenancy Regulation) (Amendment) Bill, 1994.

(Secretary then read the Title of the Bill)

**Shri Gautam Deb :** Sir, I beg to move that the West Bengal Government Premises (Tenancy Regulation) (Amendment) Bill, 1994, be taken into consideration.

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সাধারণভাবে এই বিলের আমরা যে খুব একটা আপত্তি করছি তা নয় এবং মাননীয় মন্ত্রী মহাশয় যেভাবে মোটামুটি তার দপ্তরটা

চালাচ্ছেন তাতে এই বিলটার দরকার আছে বলেই আমরা মনে করি। আমরা দেখছি, বহু জায়গাতেই এই ফ্ল্যাটগুলি যা বিলি হচ্ছে বা অ্যালটমেন্ট হচ্ছে—এখানে অবশ্য আপনার করার কিছু নেই—আপনাদের পার্টি অফিস থেকে হচ্ছে। নিজে আপনি অবশ্য চেষ্টা করছেন একটু নিউট্রাল হওয়ার কিন্তু বেশিরভাগই দেখছি আপনাদের পার্টির লোকরা এইসব ফ্ল্যাটে ঢুকছে। এটা ঠিকই যে, যে উদ্দেশ্যে বিলটা এনেছেন এটার দরকার ছিল এবং আগেই হওয়া উচিৎ ছিল। তার কারণ, অনেক ঘরের সংবাদ আমি জানি সেগুলির তালা খুলতে পারেন নি বলে, অকুপাই করতে পারেন নি বলে সেগুলি নষ্ট হয়ে গিয়েছে। কনস্ট্রাকশন নষ্ট হয়ে গিয়েছে। আমি সেদিক থেকে মনে করি এই বিলটা আনতে একটু দেরি হয়ে গেছে। একটা জায়গায় আমার একটু আপত্তি আছে, যদি এটা গ্রহণ করেন, আপনি বলেছেন, 'পিরিয়ড'। কনসিডারেবল পিরিয়ডের মধ্যে অকুপাই করে নেবেন। এটা হলে আপনি করবেন কী, সি.পি.এম.এর লোক হলে তার জন্য হয়তো দু বছর কনসিডারেবল পিরিয়ড হবে আর নন-সি.পি.এম. হলে হয়তো এক সপ্তাহের মধ্যে ব্যবস্থা নেবেন। সেইজন্য আমি মনে করি, এই কথাটার মধ্যে একটু ফাঁক থেকে যাচ্ছে। আর একটা কথা, যেটা বলতে চাইছি সেটা হচ্ছে ডিস্ট্রিবিউশন সিস্টেমটা ঠিকমতো হচ্ছে না। তাছাড়া আপনি বলেছেন পুরানো যে সমস্ত বাড়ি তার মেন্টিনেন্স হচ্ছে না, তার থেকে ইনকাম হচ্ছে না। বহু জায়গায় বাড়ি বিক্রি করে দেবার কথা বলেছেন। কিন্তু বিক্রি করে দেবার যদি সিদ্ধান্ত নেন তাহলে বিক্রি করে দিন। যারা মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত তাদের আয়ের সীমানার মধ্যে রেখে স্ল্যাব সিস্টেমে বিক্রি করে দিন, ডিসপোজ অফ করে দিন। আমি আর একটা বিষয় অনুরোধ করব, আপনি এই ডিস্ট্রিবিউশনের ব্যাপারে যদি হাউজ থেকে একটা কমিটি করেন, তাহলে ভাল হয়। কারণ অনেক অভিযোগ আসে, আপনি তো সকলকে খুশি করতে পারেন না, আগে যিনি ছিলেন তিনি তো সর্বনাশ করে গেছেন, তুলনামূলকভাবে আপনি ভাল করবার চেষ্টা করছেন। কিন্তু আপনি একটা ফাঁক রেখেছেন, বলেছেন একজায়গায় তিন মাসের কথা, আবার কনসিডারেবল টাইমের কথাটাও বলেছেন শেষ দিকে। আর একটা হল এখনও বহু ফ্ল্যাট আপনি ডিস্ট্রিবিউট করছেন না, আপনি যোগ্য লোককে ডিস্ট্রিবিউট করুন। এটাই অনুরোধ করছি। তার জন্য একটা কমিটি করুন। কারণ যে ধরনের অভিযোগ উঠেছিল, যার জন্য সুভাষবাবুর হাত থেকে সল্টলেক কেড়ে নেওয়া হল আলটিমেটলি। এমনও দেখা গেছে এক সময়, কড়েয়াতে এক ভদ্রলোক ছিলেন, তিনি যা করে গেছেন—হয়তো একজন শিক্ষক ফ্ল্যাট চাইছেন, তার পার্টির লোক, তার কাছ থেকে পর্যন্ত টাকা চেয়েছিলেন। এই অভিযোগও উঠেছিল। সুতরাং আমি এই বিলটা সমর্থন করছি, এটা দ্রুত রূপায়ণ করুন। যেগুলো ড্যামেজ হয়ে গেছে সইগুলোকে রিপেয়ার করুন এবং যেগুলো বিক্রি করা প্রয়োজন, সেইগুলোকে বিক্রি করার ব্যবস্থা করুন। এই বলে আমি বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী তানিয়া চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী গৌতম দেব আনীত বিলকে স্বাগত জানাচ্ছি। আমি অন্তত আমাদের বিরোধী দলের বিধায়ক মাননীয় সুব্রত মুখার্জি মহাশয় এই বিলকে সমর্থন করেছেন এবং সমর্থন করতে গিয়ে তাঁর কিছু বলার নেই, সেই কথা ঘোষণা করেছেন। ভাল কাজ করার ক্ষেত্রে একই জাতীয় সহযোগিতাকে আমি নিশ্চয় অভিনন্দন জানাচ্ছি। স্যার আজকের গৃহ সমস্যার দিনে কিছু সুবিধাভোগী মানুষ নিজের

বাসস্থান থাকা সত্ত্বেও সরকারি ফ্ল্যাট নিচ্ছেন, প্রভৃত টাকার বিনিময়ে হাত বদল করছেন, ব্যবসার প্রয়োজনে ব্যবহার করছেন, এমতাবস্থায় ওই সুবিধাভোগীদের হাত থেকে ফ্ল্যাট উদ্ধারের জন্য এই আইন আবশ্যিকভাবে অনস্বীকার্য। কিন্তু স্যার, যে কথা মাননীয় বিধায়ক সুব্রত মুখার্জি বললেন যে, নির্দিষ্ট সময় সীমা বেঁধে দেওয়া হয়নি এবং আমার মনে হয় তিনি তাৎক্ষণিকভাবে পড়ার জন্য তিনি এর উত্তর খুঁজে পান নি। আমার বিরোধী দলের বন্ধু যিনি দীর্ঘ দিন নেতৃত্বে আছেন, যখনই কোনও বিষয়ের উপর বলেন তখন তাঁর কাছে যথেষ্ট যত্নশীলতা আমরা আশা করি। গৃহ সমস্যা সম্পর্কে আমাদের সরকার যথেষ্ট সচেতন তা আমরা লক্ষ্য করছি। বর্তমানে শুধু আমাদের সরকারের নিজ উদ্যোগেই নয়, কোনও ক্ষেত্রে যৌথ উদ্যোগে, কোনও ক্ষেত্রে কো-অপারেটিভকে উৎসাহিত করছে।

(At the Stage the House was adjourned till 2-35 p.m.)

[2-35—2-45 P.M.] (after Adjournment)

স্যার বিলকে সমর্থন করতে গিয়ে আমরা সবাই একটা বিশেষ পরিস্থিতির মুখোমুখি হলাম। এখন অনেকে আমাকে বলছেন উড়িষ্যা যাত্রা করে বলতে, কিন্তু আমি সেখান থেকে আর বলছি না, আমি তারপর থেকেই বলছি। গৃহ সমস্যার সমাধানে আমাদের সরকার নিজ উদ্যোগে বা কো-অপারেটিভ সোসাইটির উদ্যোগে নতুন নতুন ফ্ল্যাট বাড়ি বানিয়ে গৃহহীন মানুষদের একটু মাথা গোঁজার স্থান করে দেবার জন্য চেষ্টা করছেন। ইতিমধ্যেই সাড়ে আট হাজার থেকে ৯ হাজার ফ্ল্যাট তৈরি হয়েছে সরকারের প্রত্যক্ষ বা পরোক্ষ উদ্যোগে। আমরা দেখেছি আমাদের হাউসিং ডিপার্টমেন্ট দীর্ঘদিন ধরে শহর কেন্দ্রিক ছিল। প্রধানত শহরের নিম্ন আয়ের এবং মধ্য আয়ের মানুষদের জন্য বাড়ি-ঘর করত এবং এছাড়া সরকারি কর্মচারিদের জন্য সরকারি আবাসন ছিল। কিন্তু আজকে আমরা দেখছি একটা নতুন চেহারা নিয়ে এই ডিপার্টমেন্ট আমাদের সামনে এসে উপস্থিত হয়েছে। আমাদের বিরোধী বন্ধুরা মুখে অনেক কথা বলেন—গ্রামীণ দরিদ্র মানুষের জন্য যন্ত্রণা বোধ করে মুখে অনেক কথা বলে কুম্ভীরাশ্রু ত্যাগ করেন। ২৮ বছর ধরে এখানে ওঁরা এই কাজ করেছেন এবং এখনো সর্ব ভারতীয় ক্ষেত্রে এই কাজ করে চলেছেন। বাস্তবে ওঁরা গ্রামীণ দরিদ্র মানুষদের জন্য কোনও দিন কোনও কাজ করেন নি এবং এখনো করছেন না। সে জন্যই আমরা দেখছি ভূমি সমস্যার সমাধানে কৃষকদের হাতে জমি দেয়ার প্রশ্নটা (আমাদের আমলে) একমাত্র পশ্চিম বাংলায় গতি পেয়েছে। ফলে এর পাশাপাশি গ্রামীণ মানুষের জীবন-যাত্রার এখানে ক্রমশ উন্নতি ঘটছে। গ্রামের গরিব মানুষদের বাড়ি-ঘর সম্বন্ধে এত দিন আমাদের ধারনা ছিল রবীন্দ্রনাথের 'পোস্ট মাস্টার' গল্পের বাড়ি ঘরের মতো—ভাঙা-চোরা ঘর-বাড়ি আর কুঁড়ে ঘর। এই চিত্রই ভাবতে আমরা অভ্যস্ত ছিলাম। কিন্তু আজকে আমরা কি দেখছি? হাড়কো প্রকল্পের সহায়তা নিয়ে আমাদের সরকার নতুন উদ্যোগ গ্রহণ করেছেন গ্রামীণ মানুষের ক্ষেত্রে। ৩০ কোটি টাকার সম্পত্তি ২০ হাজার বেনিফিসিয়ারীর হাতে তুলে দিয়েছেন দীর্ঘমেয়াদী সুদে, দীর্ঘমেয়াদী ঋণে এবং অল্প সুদে ব্যবস্থা করেছেন। এটা অবশ্যই একটা নব-দিগন্ত। আমি আশা করি, বিরোধী-দলের বন্ধুরা নিশ্চয়ই একে স্বাগত জানাবেন এই উদ্যোগকে। আমি নিজে শহরাঞ্চলের মানুষ, আমি নিজে আমার এলাকার ক্ষেত্রে উপলব্ধি করেছি যে মাননীয় মন্ত্রী মহাশয় জমি

পাওয়ার ক্ষেত্রে একটা দৃঢ় পদক্ষেপ গ্রহণ করেছেন। এক্ষেত্রে আমি সত্যিই আনন্দিত। আমি লক্ষ্য করলাম, বাই-পাশের পার্শ্ববর্তী জমি দখল করে উনি উদ্যোগ গ্রহণ করেছেন। আমাদের এলাকায় ইতিবাচক কাজ করে যাবেন, কোর্টের বাঁধন ভেঙে ওনার লক্ষ্যে পৌঁছতে পারবেন সেই আশা আমি রাখছি। এর মধ্যে যে কথাটা দুঃখের সঙ্গে বলতে হচ্ছে, এল.আই.জি এবং এম.আই.জিতে অনেক মানুষ বসবাস করছেন। এখন আর নতুন করে উনি উদ্যোগ নিতে পারছেন না। এটা আমি নিশ্চয়ই বলব না যে আনন্দের কথা-সাধারন মানুষের কাছে। কিন্তু পাশাপাশি একথাও সত্য, ভারতবর্ষের আজকে যে অর্থনৈতিক অবস্থা, আমাদের দেশ যে ভয়াবহ ঋণগ্রস্থ অবস্থায় পৌছেছে। সেই জায়গায় দাঁড়িয়ে একটা রাজ্য সরকারের পক্ষে সম্ভব নয় বিরাট ভরতুকি দিয়ে এল.আই.জি এবং এম.আই.জি স্কীমে বাড়িগুলি তৈরি করা। আজ পর্যন্ত ১৬ হাজার ফ্ল্যাট সরকারের আছে। সেক্ষেত্রে আমরা লক্ষ্য করছি, সেখান থেকে সরকারের আয় হচ্ছে দেড় থেকে ২ কোটি টাকা। হোয়ার অ্যাজ রক্ষনাবেক্ষণের জন্য সরকারের ৬।৭ কোটি টাকার মতন খরচ হচ্ছে। ভারতবর্ষের মতন এই ঋণগ্রস্থ দেশে এই বিরাট পরিমাণ ভরতুকি দেওয়া একটা রাজ্য সরকারের পক্ষে অবশ্যই অসুবিধাজনক—এটা আমি অনুভব করছি, যদিও আজকে মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত মানুষের কাছে খুবই অসুবিধা হবে—এটা আমরা জানি। অবশ্য আপনাদের নিশ্চয়ই স্মরণে আছে, মাননীয় মুখ্য মন্ত্রী মহাশয় যখন এই ডিপার্টমেন্টের দায়িত্বে ছিলেন তখন তিনি একটা প্রস্তাব রেখেছিলেন এবং সেই ব্যাপারে একটা সিদ্ধান্ত নেওয়া হয়েছিল, যারা এল.আই.জি এবং এম.আই.জিতে আছেন তাদের ভাড়া বাড়ানো হোক। সেটা কিন্তু তৎক্ষণাৎ অযথা চাপিয়ে দেওয়ার গোছের ছিল না। তার জন্য একটা কমিটি তৈরি করা হয়েছিল এবং আমি যতদূর জানি সেই কমিটির রিপোর্টও নাকি জমা পড়েছে। আমি শুনেছি সেখানে এমন বক্তব্য রাখা হয়েছে না লাভ, না ক্ষতি। আচমকা লাভ করা উদ্দেশ্য নয়। এটা অবশ্যই ধন্যবাদ জানানো উচিত। আচমকা বেশি ভাড়ার চাপে পড়তে হবে না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের আনীত এই বিলটিকে অভিনন্দন জানাচ্ছি, স্বাগত জানাচ্ছি। কেননা এর মধ্য দিয়ে আজকে যেসব অতি লোভী মানুষের হাতে বাড়িঘরগুলি কেন্দ্রীভূত হচ্ছে তার থেকে কিছু মানুষ লাভবান হবেন। আমি যে অঞ্চলে বাস করি, সেই অঞ্চলে দেখেছি, কিছু মানুষ আজকাল বাড়িঘর তৈরি করেছেন। কিন্তু আগে তিনি যে ফ্ল্যাট দখল করেছিলেন সেই ফ্ল্যাটটি তালা দিয়ে রেখেছেন। এর মধ্যে কিছু ডাক্তার আছেন এবং অন্যান্য জীবিকার সাথে যুক্ত মানুষও আছেন। তাদের ছেলেরা অর্থবান মানুষ হয়েছেন, কিন্তু ঘর ছাড়েননি। এই পরিস্থিতি আমি লক্ষ্য করেছি। সুতরাং আমি আবার অভিনন্দন জানাচ্ছি, ধন্যবাদ জানাচ্ছি এই বিল আনার জন্য। এই বিলের মাধ্যমে কিছু মানুষ উপকৃত হবেন এই ভরসা রেখে মাননীয় মন্ত্রী মহাশয়ের আনীত বিলটিকে আবার সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[2-45—2-55 p.m.]

**শ্রী সৌগত রায়ঃ** স্যার, মাননীয় মন্ত্রী যে The West Bengal Government Premises (Tenanses Registration) (Amendment) Bill. 1994 এনেছেন সেটা আমার মনে হয়েছে বারে বারে সুপারফ্লাস লেজিসলেশন, একটা ফ্ল্যাট খালি করার জন্য

বিধানসভায় আইন এনে সেই পদক্ষেপ নিতে যাচ্ছেন আমি জানিনা কি দরকার ছিল। এর আগে আমরা শুনেছি বামফ্রন্ট সরকারের আমলে লোককে ফ্ল্যাট থেকে বার করে দেওয়া হয়েছে। আমাদের মাননীয় সদস্য শ্রী জ্ঞানসিং সোহনপাল একটা ফ্ল্যাটে থাকতেন, তাঁকে বলা হল যে এটা গভর্নমেন্ট এমপ্লয়ীদের ফ্ল্যাট, উপর থেকে তাঁর মালপত্র ফেলে দেওয়া হল। মাননীয় গৌতমবাবু তাঁকে বলেছিলেন যে একটা বিকল্প ফ্ল্যাট দেবেন, কিন্তু এখন পর্যন্ত পারেন নি। যাঁরা তালা দিয়ে রাখেন সরকার তাঁদের উচ্ছেদ করার চেষ্টা করছেন, লোকে হাইকোর্টে বা কোর্টে এসে ফ্ল্যাটে তালা চাবি দিয়ে না রাখেন তার জন্য এই বিশেষ আইনটা আনা হয়েছে। আমি মাননীয় গৌতমবাবুকে জিজ্ঞাসা করছি কটা ফ্ল্যাটে এইরকম অবস্থা হয়েছে, ১৬ হাজার ফ্ল্যাটের মধ্যে, যার জন্য আইন নিয়ে এসে নিজের হাতকে জোরদার করতে হল এটা বললে আমরা বুঝতে পারি যে প্রবলেম কত সিরিয়াস, কত ফ্ল্যাট রয়েছে। কত আনঅকুপায়েড ফ্ল্যাট রয়েছে সেটা বুঝতে পারি। আবাসন মন্ত্রীর কাছে সব সময়ে লোকরা আসছেন বিশেষ করে যেহেতু সরকারি ফ্ল্যাট লোকে একবার পেলে ধরে নেয় যে ফ্ল্যাট ফর লাইফ, সারা জীবন থাকবে, পরে সরকার আইন করে মালিকানা হস্তান্তর করে দেবেন। কলকাতার আশে পাশে ফ্ল্যাট পাবার জন্য লোকের চাপ একটু হয়, আর উনি যখন রাজনৈতিক দলের প্রতিনিধি তখন সব চেয়ে বেশি চাপ তাঁর পার্টি থেকে আসে। আপনাদের সিস্টেমেটিক পার্টি, পার্টি লিস্ট করে দেয় সিনিয়ারিটি ওয়াইজ অমুক অমুককে ফ্ল্যাট দেবে। আপনি দেখছেন নূতন হাউসিং তৈরি হচ্ছে না, চাপা পড়ে রয়েছে, উপায় কি, কত ফ্ল্যাট তৈরি করবেন? কান্তি বিশ্বাস মহাশয় যেমন ৬৫ থেকে ৬০ বছর করেছেন কারণ কিছু জায়গায় খালি হলে পার্টির লোককে ঢোকাবেন। প্রবলেম কি খুবই বাস্তব, এ জন্য আইন নিয়ে আসতে হল? এই প্রবলেম এত বড় নয়। আইন নিয়ে এসেছেন, সেখানে প্রভিসনও নিয়ে এসেছেন। এখানে ছাড় দেওয়া হয়, কোন কোন ক্ষেত্রে ছাড় দেওয়া হয়। ছাড় যে দেবেন, সেখানে কি বলছেন "Provided that if the prescribed authority is satisfied that the circumstances, under which such Government premises remains under lock and key for more than thre consecutive months or the tenant or any member by his family is not ordinarily a resident of such government premises, are beyond the control of the tenant, it may allow the tenancy to subsist." তার মানে গভর্নমেন্ট বলছেন ৩ মাস যে ফ্ল্যাট লক অ্যান্ড কি থাকছে তার টেনেনসি অটোমেটিকেলি সীজ করে যাচ্ছে। কিন্তু যদি সরকার মনে করেন তাহলে ৩ মাসের পরে সরকার রেখে দিতে পারেন, অর্থাৎ এটাও হয়, ওটাও হয় দুটোরই রাস্তা খুলে রাখলেন। যে ফ্ল্যাটগুলি খালি করা হয় করবেন, যেগুলি বেশি আছে অথবা যেগুলি রাখলেন এর সঙ্গে আইনের—ফ্ল্যাটের, ফ্ল্যাট অফ ল এটা ভেবে দেখবেন। মাননীয় সুব্রতবাবু এর আগে বললেন এই ব্যাপারে। একজন প্রাক্তন চীফ সেক্রেটারি পরের দিন পাবলিক সার্ভিস কমিশনে গিয়ে ২৮/১, গড়িয়ায় তাঁর ফ্ল্যাট পেয়েছিলেন, তিনি সল্টলেকে জমি নিয়েছেন সল্টলেকে জমি নেবার সময় বলতে হয় আমার অন্যত্র কোথাও জমি নেই তাই সল্টলেকে জমি নিচ্ছি। তিনি জমি নিয়ে বাড়ি করেছেন, ভাড়া দিয়েছেন আবার গড়িয়ার ঐ সুন্দর ফ্ল্যাটে বাস করছেন। সেটা কিসের মধ্যে পড়বে উনি বিচার করে বলতে পারবেন। সেজন্য মাননীয় গৌতমবাবুকে বলতে চাই অর্ডিনারী আইনে যেখানে এর আগে ফ্ল্যাট খালি

করিয়েছেন এখন এমন কি এমারজেন্সি হল ২/৪টি হাইকোর্টের মামলা ছাড়া যার জন্য আইন আনতে হল? এটা আমাদের কাছে পরিষ্কার নয়। হাউসিং ডিপার্টমেন্টের আলোচনায় বার-বার বলেছি হাউসিংয়ের ক্ষমতায় খুব ডিসঅর্গানাইজেশন ওয়ে রয়েছে। এই সরকারের হাউসিংয়ে ৩টি দপ্তর, একটি হাউসিং ডিপার্টমেন্ট ফ্ল্যাট, একটি লেবার ডিপার্টমেন্ট ফ্ল্যাট আছে, বেলঘড়িয়া ঐসব অঞ্চলে, কলকাতা শহরে সবচেয়ে বড় ফ্ল্যাট সি.আই.টি.তে যেগুলি লোভনীয় ফ্ল্যাট। ৩টি আলাদা ডিপার্টমেন্টের হাতে যদি ফ্ল্যাট থাকে সরকারের হাতে কিছু ফ্ল্যাট সেটা পুল করা যায় না, এর ফলে বিভিন্ন দপ্তরের বিভিন্ন লোককে ধরতে হয়। এটা আমি বার বার বলেছি, আবার বলছি সমস্ত সরকারি আবাসন একটা সেন্ট্রালাইজ অথরিটির আন্ডারে নিয়ে আসা দরকার। আপনি ফ্ল্যাট বানান, ওভার অল সরকারের হাতে কিছু হাউসিং আছে, সেটা একটা জয়েন্ট সেক্টার করার দরকার আছে বলে আমার মনে হয়। লাস্ট যেটা বলছি শ্রীমতী তানিয়া চক্রবর্তী মাননীয়া সদস্যা যেটা বলেছেন ফ্ল্যাটের ভাড়া বাড়াবার একটা সিদ্ধান্ত হয়েছে, কারণ ৬/৭ কোটি টাকা ফ্ল্যাট তৈরি করতে খরচ হয় কিন্তু ভাড়া বাবদ আদায় হয় মাত্র ২ কোটি টাকা। সুতরাং ভাড়া বাড়াবার প্রস্তাব এসেছে। আমি মানলাম, লোকসান করে সরকার হাউসিং চালাতে পারেন না। ঐ কড়েয়া রোডের হাউসিং বিক্রি করবার সিদ্ধান্ত নিয়েছেন মেনটেনেন্স যাতে করতে না হয়। কিন্তু অন্যান্য হাউসিংয়ে গিয়ে দেখবেন, সেখানে মেনটেনেন্সের যা অবস্থা তাতে কোনও বাড়ি টিকতে পারে না। হেস্টিংস হাউসিংয়ে গিয়ে দেখবেন, সেখানে ছাদ ফুটো হয়ে জল পড়ছে, বারান্দার চাঙর ভেঙে পড়ছে, দরজা-জানালা ভেঙে যাচ্ছে। গভর্নমেন্ট প্রপার্টিগুলি সময়ের সঙ্গে সঙ্গে ডেপ্রিশিয়েট করছে, তার উপর মেন্টেনেন্সের অভাবে ডেপ্রিশিয়েট করছে। এই আইনবলে হয়তো দু'চারজনকে ফ্ল্যাট দেবেন, কিন্তু সেখানে মেনটেনেন্সের ব্যাপারটা থাকবে না? প্রতিটি হাউসিংয়ে কেয়ারটেকার থাকেন, কিন্তু অধিকাংশ সময়, হাউসিং এর লোকেরা অভিযোগ করেন, বলা সত্ত্বেও মেনটেনেন্সের ব্যাপারটা দেখাশুনা কেয়ারটেকার করেন না। কোনও হাউসিংয়ে গিয়ে দেখবেন, সেখানে সিঁড়িতে আলো জ্বলে না, জলের পাম্প চলে না, কোলাপসিবল গেট বন্ধ হয় না। এর ফলে হাউসিং এস্টেটের আবাসিকদের প্রচন্ড অসুবিধা ভোগ করতে হচ্ছে। ভাবতে হবে যে, যারা গভর্নমেন্ট ফ্ল্যাট নিয়েছেন তারা সেগুলো আর ছাড়বেন না এবং মারা গেলে পরিবারের লোকদের সেটা তিনি দিয়ে যাবেন। কাজেই যদি খালি করতে না পারেন, সেগুলো রিজনেবল প্রাইসে তাদের কাছে বিক্রি করে দিন, সেক্ষেত্রে মেন্টেনেন্সের ব্যাপারটা তারা কো-অপারেটিভ সোসাইটির মতো কিছু একটা করে চালাতে পারলে চালাবেন। হাউসিংগুলিতে সরকারি কর্মচারী কিছু রাখা হয়েছে, কিন্তু তারা ন্যুনতম মেনটেন্সের দিকটা দেখেন না। এছাড়া গভর্নমেন্টের দু'চারটি হাউসিং রয়েছে, যেমন—মন্ত্রীর কড়েয়া হাউসিং, আর একটি হাউসিং যেখানে বুদ্ধদেববাবু থাকেন—পাম এভিন্যু, এগুলো ভি.আই.পি. হাউসিং। এছাড়া অন্য এল.আই.জি. এবং এম.আই.জি. হাউসিংগুলিতে যান, সেখানকার ফ্ল্যাটগুলির একটা প্যাথেটিক কনডিশন। এটা ঠিক, পলেটিকাল এবং জেনারেল পিপলের ফ্ল্যাটের ডিমান্ড একটা সরকার মেটাতে পারেন না। হাউসিংয়ে বেশি রয়েছেন রাজনৈতিক দলের নেতারা। অবশ্য তাদেরও আশ্রয় দরকার। যে কোনও কারণেই হোক, সরকার তাদের ফ্ল্যাট দেন, কিন্তু তারপর মেনটেন্সের দিকটা আর দেখা হয় না। অর্থাৎ হাউসিং সম্পর্কে সরকারের ক্লিয়ার কাট পলিসি কিছু নেই। কাজেই এই আইন এনে কিছু লাভ হবে না। এটা ঠিকই কেউ যদি অ্যালটেড ফ্ল্যাটে না থেকে তালা দিয়ে রেখে দেন সেটা

সরকার সহ্য করতে পারেন না এবং তারই জন্য আইনটা এনেছেন, কিন্তু দেখা দরকার এরকম কেস কটি আছে। হাউসিংয়ে থাকেন, অথচ সল্টলেকে জমি পেয়েছেন এরকম লোক কতজন আছেন সেটাও দেখা দরকার। কারণ জমি এবং বাড়ি যখন এত লিমিটেড তখন এরকম ডুয়াল ফেসিলিটিজ কারা নিয়েছেন এটা আমাদের কেয়ারফুলি দেখা দরকার। আর সুব্রতবাবু তো বলেছেনই—এটা তালা ভাঙ্গার দিন। শ্রীমতী তানিয়া চক্রবর্তী বলছিলেন, বিরাট হাউসিং নাকি করেছেন এই সরকার, কিন্তু ইন্দিরা আবাস যোজনায় যে পরিমাণ টাকা খরচ হয়েছে, পশ্চিমবঙ্গ কিন্তু সেক্ষেত্রে ৫০ পারসেন্টে পৌঁছাতে পারেনি। এখানে হাউসিং ডিপার্টমেন্ট, সি.আই.টি., হাডকো—বিভিন্ন সংস্থা রয়েছে এবং সবচেয়ে বেশি টাকা হাউসিং সেক্টরে এসেছে, কিন্তু ফেসিলিটিজ বাড়াতে পারেননি। ন্যাশনাল হাউসিং ব্যাঙ্ক এত টাকা দিয়েছে, কটি হাউসিং করেছেন? আমরা কিছু করতে পারিনি। হাউসিংয়ের ব্যাপারে আমরা

[2-55—3-05 p.m.]

অনেক পিছিয়ে আছি। কাজেই আপনার এই দপ্তরকে শুধু ফ্ল্যাট বিলির দপ্তরে পরিণত না করে, আরো বাড়ি তৈরি করার দপ্তরে পরিণত করবেন। এই কথা বলে এই বিলের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**श्री मो. याकुव :** डिपुटी स्पिकर सर, हमारे माननीय मंत्री गोतम देव ने यहाँ जो हाउसिंग विल पेश किए है मै इस विल का तहेदिल से स्वागत करता हुँ, समर्थन करता हुँ। हमारे फाजिल दोस्त वहुत सारी बाते कही। वह तो वही हुआ भड़क भारी, भीतर खाली। हम मुवारकवाद देते है। मुल्क की आजादी के 45 साल बाद इन्सान की जो सवसे जरुरी चीजे है रोटी, कपड़ा और मकान। इन्सान को सवसे पहले रोटी की आवश्यकता होती है फिर कपड़ा की ओर फिर मकान की। और यही विल इसी को मद्देनजर रखते हुए मकान के बारे मे गोतम वावु वाय वाजु की नीति के तहत तल्लात जरुरी आज रहने के लिए मकान की जो आव्शयकता समहे है। तथा नंय कदम उठाए है। नई-नई स्कीमे बना रहे है। ओर इस विल के माध्यम से मंत्री का ध्यान पुराने हाउजिगं की ओर दिलाउगा। जिसपर कारवाई करने की जरुरत है ओर मुशकिलो को आसान वनाने मे सहुलियेत होगी। वहुत सारे एसे टेनेन्ट है हमारे जो गुजर चुके है और उनके मकान मे दुसरे लोग रह रहे है। यह शिलशिला वन्द होना चाहिए जो जरुरतमन्द है उनको मकान मिलना चाहिए। एसे भी है जो जमीन लेकर अपना आलीशान मकान बना लिए है ओर दुसरे लोग को अपना मकान मे रखो हुए है, रिस्तेदारो को, ससुराल के या ओर दुसरे लोग हैं उनको वो वहा रख देते है। एसा

शिलशिला चल रहा है, यह खत्म होना चाहिए। वहुत से ऐसे भी लोग है जो हाउसिंग से मकान तो ले लिए है लेकिन देखने पर पता चलेगा वहाँ अलीगढ़ी ताला लटक रहा है। दो-महीने चार महीने ही नही वहुत तो एसे है जो एक-दो वर्ष से वन्द पड़े है। यहभी गलत वात है। इस ओर ध्यान देने जरुरत है। जो सही मे जरुरत मन्द है उसे मकान मिले यह दैखना होगा। इस विल का मे समर्थन करता हुँ।

कुछ लोग तो एसे करते है जैसे सरकारी माल, दरिया मे डाल। तो यह सिस्टम वन्द करना होगा। जरुरत मन्द मकान के भट रहे है ओर कोई मकान लेकर ताला लटकाए हुए है यह वहुत ही जघन्य वात है यह तो चलना ही नही चाहिए। मै तो एसा ही समझता हुँ साथ-ही-साथ इस विल का एकाएक वार फिर समर्थन करते हुए मंत्री महोदय का ध्यान दिलायुगा कि हमारे वहुत से साथी वहुत सारे एम एल ए नई-नई शादी किए है उन्हे मकान नही मिल रहा है। उन लोगो को मकान मिले यह वात कहते हुए मे अपनी वात समाप्त करता हुँ।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী যে বিল এনেছেন নীতিগতভাবে সেই বিলকে সমর্থন করছি। খুব স্বাভাবিক আমাদের রাজ্যে যখন বাসস্থানের সমস্যা অত্যন্ত সমস্যা সঙ্কুল, বিশেষ করে শহর এলাকায় এই সদস্য যখন আরও বেশি তখন কোনও মানুষ ইচ্ছাকৃতভাবে দিনের পর দিন সরকারি কোনও বাসস্থান তালা লাগিয়ে দেবে অথচ বসবাস করবে না, এটা ঠিক নয়। এই ব্যাপারে যে প্রশ্নগুলি দেখা দেবে প্রশাসনিক ক্ষেত্রে সেই ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয়কে সাবধান হতে অনুরোধ করব। কারণ দেখা গিয়েছে সরকারি স্তরে যে নিয়ম নীতিগুলি নির্ধারণ করা হয় তার কার্যকর রূপ দেওয়ার ক্ষেত্রে বহুবিধ সমস্যা এসে দেখা দেয়। সেন্স অফ ডিসক্রিমিনেশন এবং দৃষ্টিভঙ্গির তফাতের জন্য এই আইনকে ইমপ্লিমেন্ট করতে গিয়ে যেন ব্যক্তি ভিত্তিক সিদ্ধান্তের হেরফের না হয় সেটা দেখতে হবে। যে প্রশ্নটা আজকে খুব আলোচিত হচ্ছে সারা ভারতবর্ষে এবং পশ্চিমবাংলাতেও সেই বিষয়ে আপনাকে উদ্যোগ নিতে হবে। আপনি উদ্যোগ নিয়েছেন, তার জন্য আপনাকে সাধুবাদ জানাচ্ছি। কিন্তু এখনও অবধি সঠিকভাবে তাকে এপ্রপ্রিয়েট করতে পারেন নি সেই সিচুয়েশনকে The prevailing facilities could not be provided properly. আপনি উদ্যোগ নিয়েছেন ঠিকই, কিন্তু আপনি উদ্যোগ নেওয়া সত্ত্বেও ল্যাক অফ কো-অর্ডিনেশন বিটুইন ডিফারেন্ট ডিপার্টমেন্ট এখনও অবধি আপনি সেটাকে কার্যে রূপান্তরিত করতে পারছেন না। এই বিষয়ে আমি আপনাকে আবেদন করব যে, নগর উন্নয়ন দপ্তর এবং আপনার দপ্তর এবং সি.এম.ডি.এ এলাকা ভিত্তিক যে সমস্ত সি.আই.টি বাসস্থান রয়েছে সেই সমস্ত বিষয়টাকে আপনার আভারে নিয়ে এসে একমুখী একটা দৃষ্টিভঙ্গি নিয়ে সমস্যা সমাধানের

কথা ভাবতে হবে। তা না হলে অসুবিধা হবে। তার কারণ আপনি একটা দৃষ্টিভঙ্গি নিয়ে ভাবছেন এবং সেই অনুযায়ী আপনি পদক্ষেপ নিচ্ছেন, আর একটা দপ্তর তার দৃষ্টিভঙ্গি নিয়ে ভাবছে এবং সেই অনুযায়ী সে পদক্ষেপ নিচ্ছে। ফলে যে কথাগুলি আলোচনা করছি, সরকার যেটা ভাবছে তার সার্থক রূপায়ণ করা সম্ভব হচ্ছে না বা হবে না। সুব্রত মুখার্জি মহাশয় একজন সিনিয়ার মেম্বার, তিনি যে কথা বলেছেন সেটা আমাদের মনে রাখতে হবে যে, যেন শুধু তালা ভাঙার বিল না হয় এটা। এর সঙ্গে আমি ভাবতে বলব সেটা হল যে দীর্ঘ দিন ধরে যারা আছেন বা থাকবেন তাঁরা যদি এই ধরনের বাড়িগুলি কিনে নিতে চান—যে সিদ্ধান্ত আপনি ইতিমধ্যে গ্রহণ করেছেন বিভাগীয়ভাবে সেটা যাতে ইমপ্লিমেন্টেড হয় সেটা দেখুন। আমাদের রাজ্যে সব চেয়ে কম বাসস্থান আমরা করতে পেরেছি। সৌগতবাবু যে কথা বলেছেন সেটা একটু ভেবে দেখবেন। আপনি শহরের ঘটনা ভাবছেন জেলা স্তরে বা গ্রামের কথা ততটা ভাবছেন না। আপনি কিন্তু সমগ্র বাংলার আবাসন মন্ত্রী। আপনার দৃষ্টিভঙ্গি শহর কেন্দ্রীক হয়ে গেছে। আপনার দৃষ্টিভঙ্গি ক্যালকাটা সেন্ট্রিক হয়ে গিয়েছে। এই কলকাতা কেন্দ্রীয় চিন্তা ভাবনার ফলে কলকাতা কেন্দ্রীক কনজেশন হয়ে যাচ্ছে। আপনি কলকাতা ছেড়ে রবীনবাবুর রাজারহাটে করুন। রবীনবাবুর রাজারহাটকে সল্টলেক করার চেষ্টা করুন। জানিনা সেখানে রবীনবাবু জমি দেবেন কিনা, নাকি বাধা দেবেন। আপনি আপনার পরিকল্পনা জেলায় পৌছে দিন। হাওড়ার আশেপাশের অঞ্চল ডেভেলপ করুন যেরকম আপনি শিলিগুড়ি ডেভেলপ করার উদ্যোগ নিয়েছেন। আপনি আলিপুরদুয়ার ডেভেলপ করার উদ্যোগ নিন, জলপাইগুড়ি ডেভেলপ করার উদ্যোগ নিন, আপনি মেদিনীপুর, খড়গপুর ডেভেলপ করার উদ্যোগ নিন। মানুষ সেখানে বসবাস করার জন্য যাবে। এটা আপনি ভাববেন। কারণ আজকে

[3-05—3-15 p.m.]

শুধুমাত্র সরকারি কেন্দ্রিক প্রকল্প বা বামপন্থী চিন্তাধারা থেকে মুক্ত হবার চেষ্টা করছেন। আমরা দেখছি, জানালা খুলছেন, দরজা খুলছেন। ভাল, ব্যক্তিগত উদ্যোগ আপনারা গ্রহণ করছেন, ব্যক্তিগত উদ্যোগকে আহ্বান জানাচ্ছেন। তারই পাশাপাশি, স্টেট ব্যাঙ্ক হাউজিং, ফিনান্সিয়াল কর্পোরেশন ইত্যাদি যে উদ্যোগগুলো রয়েছে, আমাদের ন্যাশনাল হাউজিং ফিনান্স কর্পোরেশন যেগুলো আছে তাদের সঙ্গে এবং খুব বন্ধু পিয়ারলেস হাউজিং কর্পোরেশনের সঙ্গে সরকার নাকি যুক্ত হচ্ছেন, এগুলোকে ছড়িয়ে দেওয়া দরকার। এটা করলে মানুষের খুব কম টাকায় আমরা দিতে পারব। আমি আপনার কাছে আবেদন করব যে, লো ইনকাম গ্রুপ যারা খুব কম আয়ের মানুষ, তাদের কথা আপনি টপ প্রায়োরিটি দিয়ে চিন্তা করবেন। আমি আপনাকে আর একটি কথা বলব যে, যারা উচ্চবিত্ত, তাদের ক্ষমতা আছে। তারা যোগাড় করে নেবে। কিন্তু নিম্নবিত্ত যারা, তাদের কথা বেশি করে ভাবতে হবে। আজকে 'কনসিডারেবল পিরিয়ড' এই জায়গায় আমাদের আপত্তি আছে। একটা জায়গায় আপনাকে ভাবতে হবে, একটা ফাঁক থেকে যাচ্ছে। আমি সমর্থন করেও বলছি, যেমন ধরুন, একজন মানুষ অসুস্থ হয়ে পড়লেন। তাঁরা স্বামী-স্ত্রী একত্রে বসবাস করেন। স্ত্রীকে বাইরে চিকিৎসার জন্য নিয়ে যেতে হল। দীর্ঘদিন চিকিৎসার জন্য তাঁকে বাইরে থাকতে হল। তাঁর চাকর নেই, ছেলেপুলে কেউ নেই। এই অবস্থায় তাঁকে তালাচাবি দিয়ে যেতে হল। এইরকম লোকের জন্য এই বিলে

কোনও প্রভিসন আপনি রাখেন নি। এটা হচ্ছে ফাঁক। এটা আপনাকে ভাবতে হবে। স্পেশ্যাল কোনও সিচুয়েশনে বিশেষ কোনও জায়গায় বিপজ্জনক অবস্থা যাতে সৃষ্টি না হয়, সেট আপনাকে ভাবতে হবে। তালা ভেঙে আপনার লোক ঢুকবে, এই জায়গায় বিশেষ পরিস্থিতি যাতে সৃষ্টি না হয়, তার জন্য আপনাকে ভাবতে হবে। আপনার কাছে আমাদের আবেদন থাকবে, আপনি মালিকানাধীন কিছু বাসস্থানের যে প্রকল্প গ্রহণ করছেন, ইন্সটলমেন্টের ভিত্তিতে যে উদ্যোগ আপনি গ্রহণ করছেন, সেগুলো যাতে আরও বেশি করে তৈরি করা যায় সেই ব্যাপারে আপনি উদ্যোগ গ্রহণ করুন। তাহলে এটি একটি ভাল দিক বলে বিবেচিত হবে। এই বিলকে বিরোধিতা করার কিছু নেই। আমি মনে করি এই বিলটি সঠিক। কারণ আমাদের এই ক্রাইসিসে, যেখানে মানুষ থাকার জায়গা পাচ্ছে না, সেই জায়গায় কোনও এক জায়গায় বাসস্থানকে ব্যবহার না করে কেউ ফেলে রেখে দেবে, এটি একটি ক্রিমিনাল অফেন্স। বিলটি আপনি যথা সময়েই এনেছেন। কিন্তু যে জায়গাগুলোতে ফাঁক থেকে গেল, আমি আশা করব যে, আপনি সেখানে খুব কশাসলি পদক্ষেপ নেবেন। আপনার দপ্তরের বিভিন্ন অফিসাররা তড়িঘড়ির কোনও ভুল পদক্ষেপ যেন না নিয়ে ফেলেন, সেদিকে আপনি একটু নজর রাখবেন। এই বিলকে বিরোধিতা করার আমার কিছু নেই। আপনি ভালই করেছেন এই বিল নিয়ে এসে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ক্ষীতি গোস্বামী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই মাননীয় মন্ত্রী মহাশয়কে বিশেষভাবে অভিনন্দন জানাচ্ছি এই বিল আনবার জন্য। আরও বেশি করে অভিনন্দিত করছি যে তিনি একটা মানবিক দৃষ্টিভঙ্গি থেকে বিষয়টিকে দেখবার চেষ্টা করেছেন। যান্ত্রিকভাবে ব্যাপারটা ভাবলে এটাই মনে হয় যে যারা বে-আইনিভাবে দখল করে আছে, তাদের তালা ভেঙে গভর্নমেন্ট তাড়াতাড়ি পজেশন নেয়। এই প্রশ্নগুলো খুব যান্ত্রিকভাবে ভাবলে এসে যায়। যারা দীর্ঘদিন ধরে একটা জায়গায় বসবাস করছেন এবং একই এলাকায় বহু মানুষ একসঙ্গে বসবাস করছেন, তাঁদের পরস্পরের মধ্যে একটা সামাজিক সম্পর্ক গড়ে ওঠে। তাঁদের ছেলেমেয়েরা একই সঙ্গে পড়াশোনা করছে। তাদের পরস্পরের মধ্যে সামাজিক দিক দিয়ে, পাড়াগতভাবে একটা সম্পর্ক গড়ে ওঠে। তখন যান্ত্রিকভাবে যখন বলা হয় যে, তুমি উঠে যাও, তখন এটা এসে যায় যে তাকে উঠে যেতে বলা হচ্ছে। এইসব বাড়ি থেকে তাদের চলে যেতে হবে। নিম্ন আয়ের মানুষ যারা তারা কোথায় যাবেন, কোথায় বাসা পাবেন এবং স্বভাবতই তারা কোথায় দাঁড়াবে তার কোনও রাস্তা করে দেওয়া যায় কিনা এইরকম নানা ধরনের প্রশ্ন আজকে উঠে দাঁড়াতে পারে। আইন অফেন্স হিসাবে যারা এখানে অন্যায়ভাবে ফ্ল্যাট দখল করে রেখে দিয়েছেন সেই সমস্ত ক্ষেত্রে মন্ত্রীকে কঠিনভাবে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। সেখানে মন্ত্রী মহাশয় যে সিদ্ধান্ত নিয়েছেন তা সঠিকভাবেই নিয়েছেন। তিনি একেবারেই সরাসরি তুলে দেবার চেষ্টা করেন নি, পাশাপাশি একটা প্রভিসনও রেখেছেন। এই প্রভিসন রাখার ফলে যে ফাঁক ফোঁকর থেকে যাচ্ছে বলে সন্দেহের তীর নিক্ষেপ করেছেন তাতে আমার মনে হয় মানবিক দৃষ্টিভঙ্গির দিকটা বজায় রেখেই এই বিলটি আনা হয়েছে। মাননীয় মন্ত্রীকে অত্যন্ত সুদক্ষতার সঙ্গে এই সমস্যার মোকাবিলা করতে হচ্ছে। আজকে আমাদের এই বিলের যে লক্ষ্যস্থল তাতে অনেক তলার মানুষেরা সমস্যা সঙ্কুলের মধ্যে যারা রয়েছে তাদের কাছে এই সমস্যা একটা বিরাট সমস্যা এবং তাদের কাছে নিঃসন্দেহ এই বিল অবমাননাকর

হয়ে যাবে। কিন্তু তা সত্ত্বেও বলতে হচ্ছে, আজকে দীর্ঘদিন ধরে যারা এই সব ফ্ল্যাটে আছে তাতে এত কম বিল তারা দেন যে এই টাকাতে সরকারের পক্ষে মেনটেনেন্স করা সম্ভব হয় না। এর ফলে ওইসব ফ্ল্যাট বাড়িতে প্যাসেজের লাইট থাকে না, বাথরুম ভেঙ্গে পড়ছে সারানোর ব্যবস্থা হয় না। কেননা বহু স্বল্প আয়ের লোক বাস করে, তাদের পক্ষে এইসব রিপেয়ার করা সম্ভব হয় না। এবং সরকার থেকে এই অল্প টাকাতে অর্থাৎ যে টাকা এরা দেয় সেই টাকা দিয়ে মেনটেন করা সম্ভব হন। সেই কারণে সরকার এই সমস্ত ফ্ল্যাট বিক্রি করার সিদ্ধান্ত নিয়েছেন। এখানে ২০ বছর ধরে যারা অকোপায় করে আছেন এবং ভাড়া দিচ্ছেন তাদের একটা ধারণাই জন্মে গেছিল যে এটার মালিকানাস্বত্ব তাদেরই দিয়ে দেওয়া হবে। সেখানে মাননীয় মন্ত্রী মহাশয় একটা অফার দিয়েছেন যে, যারা এইসব ফ্ল্যাট কিনতে চান তারা কিনে নিতে পারেন এবং তারাই এই সমস্ত বাড়ি মেনটেন করবেন। সরকার থেকে যেমন এদের উঠিয়ে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে তেমনি এদের অন্য পথ ধরার সিদ্ধান্ত দিয়ে দিয়েছে এবং খুব সুস্পষ্টভাবে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। যে পরিস্থিতিতে এটা আনা হয়েছে তাতে বলছি যে, অস্ত্র যেমন দেওয়া হয়েছে তেমনি অস্ত্র থাকার ফলে অস্ত্র সংবরণ করার জায়গাও রেখে দিতে চাইছেন। তারা প্রয়োজন হলে এইসব বাড়ি কিনে নিতে পারেন। সুতরাং এই যে জটিল অবস্থার মধ্যে দাঁড়িয়ে এই বিলটি আনতে হয়েছে এর জন্য মন্ত্রীকে যথেষ্ট চিন্তা ভাবনা করতে হয়েছে। ভাড়া প্রথা কেড়ে নেওয়ার ফলে বহু লোকের সমস্যা দেখা দেবে এবং বহু লোকের নাভিশ্বাস উঠবে এবং মন্ত্রীর উপরে তার প্রভাব পড়বে। বহু তাঁর বন্ধু বান্ধব এর জন্য তার কাছে নিশ্চয় দরবার করবেন। কিন্তু তা সত্ত্বেও তিনি যে কঠিন, কঠোর সিদ্ধান্ত নিতে পেরেছেন এবং বিলের মধ্যে একটা ব্যালেন্স রাখতে পেরেছেন এর জন্য তাঁকে ধন্যবাদ জানাই। তিনি তরুণ মন্ত্রী, তারুণ্যের ধর্মই হচ্ছে কাজ করা এবং সেইদিক দিয়ে তিনি একটা দৃষ্টান্ত স্থাপন করতে পেরেছেন তার জন্য আমরা গর্বিত।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এই বিলটি শেষ হতে মনে হয় একটু সময় লাগবে। এই বিলটি ২০ মি শেষ হওয়ার কথা কিন্তু আমি আরও ১৫ মি সময় চেয়ে নিচ্ছি, ১.৫ মি. সময় বাড়িয়ে দিলাম। আশা করি এতে সবার সম্মতি আছে।

(সবার সম্মতি নিয়ে সময় বাড়ানো হল)

[3-15—3-25 p.m.]

**শ্রী গৌতম দেব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে যে অ্যামেন্ডমেন্ট এনেছি এটা খুবই ছোট অ্যামেন্ডমেন্ট। এটা সরকারি বাড়ি অর্থাৎ রাজ্য সরকারি কর্মচারিরা যে বাড়িতে থাকেন সেই সংক্রান্ত ব্যাপার নয়। এখানে এল আই জি, এম আই জি ফ্ল্যাট পশ্চিমবঙ্গে ২০ হাজারের মতো। এর মধ্যে ৫-৬ হাজার দুর্গাপুর এবং আসানসোলে। আর বাকি সব কলকাতায় এবং তার পাশাপাশি জায়গায়। এখানে এল আই জি, এম আই জি ফ্ল্যাটগুলো আছে তার যে টেনেন্সি অ্যাক্ট আছে সেই অ্যাক্ট অনুযায়ী এখানে অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে। অর্থাৎ এখানে টেনেন্ট কারা হতে পারবেন, কি ক্রাইটেরিয়া এবং টেনেন্সি টার্মিনেট কোন

*পর্যায়ে হবে, এই বিষয়ে যে আইনটা ছিল, সেখানে একটা নতুন কথা ঢোকানো হচ্ছে এবং ঢোকানো হচ্ছে কেন, সেই কারণটাও আপনারা এইমস অ্যান্ড অবজেকটিভে দেখেছেন। আপনারা বললেনও এবং সকলেই প্রায় জিনিসটা সমর্থন করছেন। শুধু কোর্ট কেস ছাড়া। এমনি* এভিকশনে আমরা কেন করতে যাব? আমিও হয়ত অফিসারদেরকে দু-এক সময় বলেছি—একটা মানুষকে ঘর থেকে রাস্তায় ফেলে দিয়ে তার পরিবারবর্গ সমেত, রাস্তা থেকে আর একটা পরিবারকে ঘর দিয়ে শেষ মেস গভর্নমেন্টের কি লাভ—শেষ মেস তো গভর্নমেন্টের কোনও লাভ হল না, সারা দেশের বিবেচনার ক্ষেত্রে। ফলে এভিকশনটা আমরা ঐভাবে করিও না। এভিকশন হচ্ছে, আপনি সল্টলেকে জমি পেয়েছেন, বাড়ি হয়ে গেছে, এখনও ফ্ল্যাট আপনি রেখে দিয়েছেন তালা চাবি দিয়ে, মাঝে মাঝে টিউশানি করতে আসেন। বাড়িতে চলে গেছেন, এখনও পরীক্ষার খাতা দেখার জন্য আসেন। বাড়িটা আপনাকে দেওয়া হয়েছিল, নতুন বাড়ি করে আপনি চলে গেছেন এখানে আর একটা লোককে বেশ কিছু টাকায়—হাজার টাকায়—বন্দোবস্ত করে পিছনের দরজা দিয়ে ঢুকিয়ে গিয়েছেন, কিন্তু সে বাড়িতে আপনার নামে থাকে। এই কেসগুলিই হচ্ছে এভিকশন। আদার ওয়াইজ জেনুইন টেনেন্ট এভিকশন করার তো প্রশ্নই ওঠে না। সেইজন্য সেক্ষেত্রেও বুঝবেন গভর্নমেন্টর গ্র্যাটিচুড কি। এইরকম উল্টোপাল্টা লোক যদি ঢুকে থাকে তাহলেও—আগে একটা সিদ্ধান্ত হয়েছিল ভেবে-চিন্তে সরকার একটা সিদ্ধান্ত করেছিলেন, ৮০ সাল পর্যন্ত একনাগাড়ে যারা আছেন, তারা যদি এটার কাগজপত্র দেখাতে পারেন, তারা অন্যায়ভাবেই ঢুকুন আর যে ভাবেই ঢুকুন, ৮০ সাল পর্যন্ত তারা এক নাগাড়ে ছিলেন সেটা দেখাতে পারলেই, ভোটারলিস্ট দিস দ্যাট তাকে রেগুলারাইজ করে দেওয়া হবে। এই পর্যন্ত করা হল। বাকিটা আমরা করছি। এই এভিকশন আমরা শুধু করেছি। এই ব্যাপারে দপ্তরের ওনারা বললেন, এভিকশন করতে গেলে সমস্যা সৃষ্টি হতে পারে। সেইভাবে আমরা বলেছি, করতে হবে। পুলিশকে আমরা ডেকেছি, এস.পি.কে ডেকেছি, এভিকশন আমরা শুরু করেছি। সরকারি কর্মচারিরা যেখানে থাকেন, সেখানেও শুরু করেছি। এমন কি বড় বড় অফিসাররা যেখানে থাকেন, হাইকোর্টের এক্স জাস্টিস যেখানে থাকেন—বড় বড় অফিসার, বড় বড় পুলিশ অফিসার, আমরা নিশ্চয় এর জন্য সময় দিয়ে এগুচ্ছি; তারপরে এল.আই.জি., এম.আই.জি. করছি। কিন্তু অবস্থাটা দেখুন, ১৪৩১টি ফ্ল্যাট এর মধ্যে ২০৬টি হাইকোর্টের মামলাতে আটকে গেল, অর্থাৎ প্রত্যেকটি ফ্ল্যাটে হাউসিং ডিপার্টমেন্ট মনে করল যে অন্যায়ভাবে তারা আছেন, যার থাকার কথা নয়। এভিকশন নোটিশ দিয়েছিলেন এই ১৪৩১টি ফ্ল্যাটেই, ২০৬টি মামলাতে আমরা ১৪৩১টিতে আটকে দিয়েছি, আমরা কিছু করতে পারছি না। প্রতিটি ক্ষেত্রে আমরা মনে করেছি, গভর্নমেন্টের যে এভিকশনের নিয়ম আছে তাতে এই লোকটিকে এভিকট করা যায়, কিন্তু কিছু করতে পারছি না। তা সত্ত্বেও লক্ষ্য করেছি,—আর এটা আইনের মধ্যে ছিল না—এই যে ৩ মাস, ৪ মাস যেটা সুব্রতবাবু বলেছেন, এটা উনি তাড়াতাড়ি দেখেছেন, অর্থাৎ ঐটা এইমস প্রাপ্ত অবজেকটিভে দেখেছেন, কনসিডারেবিল পিরিয়ড কি, এটা আইনে নেই। আইনে স্পষ্ট লেখা আছে, ৩ মাস মানে ৩ মাস। কনসিডারেবিল পিরিয়ড মানে মন্ত্রী মনে করলেন ৭ দিন, ৯০ দিন, এটা নয়, আইনে পরিষ্কার এটা উল্লেখ আছে। এইটা আইনে ছিল না বলে, যদি লক গ্র্যান্ড কি করা থাকে—এটা আমরা দু-একটা ধরেছিলাম, কিন্তু কোর্ট বলছে, এটা আপনি হয়ত পারেন না, কারণ এটা আপনার টার্মস গ্র্যান্ড পিরিয়ডে উল্লেখ নেই। এইজন্য জিনিসটা আমরা পরিষ্কার

লিখছি। তবুও মানসবাবু যে জিনিসটা বলেছেন, সেটা ভেবে চিন্তে আমরা এটা লিখেছি। প্রভাইডেড বলে লিখেছি, কারণ এটা সঠিক। একটা ফ্যামিলি স্বামী, স্ত্রী, পুত্র নিয়ে ভাড়াটিয়া হিসাবে তিনি আছেন, মন্ত্রীর চিকিৎসার জন্য তিনি চলে গেলেন ভেলোরে বা বাইরেতে, ৫ মাস ধরে চিকিৎসা করাতে হবে, স্বামীকে খেতে হবে, বাচ্চা নিয়ে চলে গিয়েছেন, ৫ মাস ঘরটা বন্ধ—ঘর কি কেড়ে নেবেন? ফিরে এসে দেখবে ঘর নেই, এটা কখনও হতে পারে না। সরকার একজনকে উচ্চ শিক্ষার জন্য বিদেশে পাঠিয়েছেন, স্বামী স্ত্রী তারা চলে গেছেন, কি অন্য কোনও কারণে চলে গিয়েছেন, এটাতো কখন হতে পারে না, সেইজন্য সেইসব ক্ষেত্রে আমরা বলেছি—অবশ্যই এইগুলি—অর্থাৎ ইনটেনশন অফ দি অ্যাক্ট কি, কোনও জেনুইন লোককে হ্যারাস না করা। যারা এখানে থাকেন না, অন্য জায়গায় চলে গেছেন, কাউকে না জানিয়ে সেইরকম ঘরে আমরা লোক ঢুকিয়ে দেব। মন্ত্রী মশাইকে জানিয়ে যেতে হবে না, কেউ যদি এস্টেট ম্যানেজারকে জানিয়ে যায় যে আমরা চার মাস থাকব না, বা একটা চিঠি দিয়ে গেলেন, তাহলে সেখানে আমরা লোক ঢোকাবো না। মোদ্দা কথা হচ্ছে ঘর নেব, আর ফেলে রাখব বা ভাড়া খাটাব সেটা হবে না। চিফ মিনিস্টারের হাতে আগে যখন হাউজিং দপ্তরটা ছিল, তখন তিনি ডিসিসন নিয়েছিল আর ভাড়ার বাড়ি বানানো হবে না। আমার কাছে শত শত লোক আসে—বিশেষ করে মঙ্গলবার ও বুধবার—ভাড়ার বাড়ি পেতে আর ওনারশিপ ফ্ল্যাট পেতে। যারা আসে তাদের মধ্যে তিনজন আসে ভাড়ার বাড়ি পেতে, আর দু'জন আসে ওনারশিপ ফ্ল্যাট পেতে। মানে ২:১ রেশিও। ভাড়ার বাড়ি তো আর বানানো হচ্ছে না, এটা বন্ধ হয়ে গেছে। তখন আমি মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করেছিলাম, তখন আমি বলেছিলাম, আট কোটি, নয় কোটি টাকা বছরে খরচ, আর দু কোটি টাকা আয়। যোলো, সাতারো হাজার লোককে রাখতে সাত কোটি লোকের রাজ্যে প্রতি বছরে সাড়ে ছয় কোটি টাকা গভর্নমেন্ট তহবিল থেকে যাচ্ছে। This is to much for a poor country like us. বিধানচন্দ্র রায়ের আমলে আগে যা ছিল নো কস্ট নো প্রফিট, এখন সেটা কুড়ি, তিরিশ বছরে বাড়তে বাড়তে জিনিসটা এমন জায়গায় গিয়ে পৌঁছেছে যে এখন আর কিছু করা যাচ্ছে না। আমি মুখ্যমন্ত্রীর সঙ্গে এই ব্যাপারে আলোচনা করেছিলাম কিছুটা ভাড়া বাড়িয়ে, কিছুটা অন্য করে যে বেসিসে ভাড়ার বাড়িগুলো হয়েছিল বিধানবাবুর আমলে বা পরে নো প্রফিট, নো লস বেসিসে, কাছাকাছি একটা জায়গায় যদি আনা যায়। বহু লোকের কথা হচ্ছে, ২৩ টাকা বা ৫০ টাকার ভাড়ার বাড়ি দরকার নেই, আপনি মশাই ৩০০ টাকা ৪০০ টাকার ভাড়ার বাড়ি দিন, আমরা তিন লক্ষ টাকার বাড়ি করতে পারছি না। আমরা এই ব্যাপারে আলোচনা করছি, আমরা হয়ত কিছুদিনের মধ্যে এটা ঘোষণা করতে পারব। এই সেশনেই ইচ্ছা ছিল, পারলাম না। কমিটি আলাদা করে এক বছর ধরে খেটে ভাড়ার বাড়ির ব্যাপারে একটা রিপোর্ট তৈরি করেছে। নো প্রফিট নো লস, আগে যা ছিল, সেই একই অবস্থায় এখন ভাড়া কত হওয়া উচিৎ সেই ব্যাপারে তারা রিপোর্ট দিয়েছে। গভর্নমেন্ট কতটা গ্রহণ করবে, কতটা গ্রহণ করবে না এবং বিভিন্ন রাজনৈতিক দলের মতামত নিয়ে এটা আমরা করব। এটার জন্য কোনও আইন লাগবে না, একজিকিউটিভ অর্ডার দিয়েই আমরা কাজ শুরু করতে পারব। আর দ্বিতীয়ত বিক্রির ব্যাপারটা, সেটা আপনারা জানেন, আমি আগেও বলেছি, এখনও বলছি, কোনও হাউজিং এস্টেটের ৭০ পারসেন্ট টেনেন্টস তারা যদি রাজি হন, আমরা সেই এস্টেট মালিকানা তাদের হাতে দিয়ে দেব। তা নাহলে

*৫০ পারসেন্ট রাজি হলেন, আর ৫০ পারসেন্ট রাজি হলেন না, ৫০ পারসেন্ট ভাড়া থাকলেন, আর ৫০ পারসেন্ট মালিক হলেন তাহলে ম্যানেজ করা যায় না।* আমরা চাই, বেশিরভাগ লোক যদি রাজি হয় তাহলে আমরা তাদের ওনারশিপে দিয়ে দেব। মানিকতলা, কড়েয়া এবং সি.আই.টি রোডে আমরা চেষ্টা করছি। আমরা ভাড়া বৃদ্ধি করে, আমরা জিনিসটাকে একটা নতুন জায়গায় আনতে চাইছি। রিগার্ডিং ডিস্ট্রিবিউশন সুব্রতবাবু ঠিকই কথা বলেছেন। পাঁচটা বা সাতটা বাড়ি যদি বছরে বেরোয় তাহলে নানান জায়গা থেকে লোক আসবে, ইনফ্লুয়েনশিয়াল লোক এবং নন-ইনফ্লুয়েনশিয়াল লোক। মানুষ যে অ্যাপ্লাই করছে তার একটা রেজিস্ট্রি থাকবে। আমি যে তলায় বসি তার উপরের তলায় এস্টেট ম্যানেজারের অফিস। কিন্তু আমি দেখলাম কোনও রেজিস্ট্রি নেই। মানুষ একটা ফর্ম নিয়ে যাচ্ছে, ফিলআপ করছে, একটা স্ট্যাম্প মারছেন, কিন্তু তার কোনও রেজিস্ট্রি নেই। তার কারণটা হচ্ছে ওরা বলছে, বছরে দুটো কি চারটে ফ্ল্যাট খালি হয়, সে মন্ত্রী একে ওকে দিয়ে দেন। এই দুচার জনের জন্য আর রেজিস্ট্রি কি মেইনটেইন করতে যাব। আমি মন্ত্রী হওয়ার পরে বলেছি রেজিস্ট্রি আপনাকে মেইনটেইন করতে হবে। আর আমি চেষ্টা করব, কতটা কি পারব না পারব জানিনা, আমি যে রাজনৈতিক দলের লোক সেই রাজনৈতিক দলের নেতাদেরও বলে দিয়েছি, পাঁচটা ফাঁকা ফ্ল্যাট যদি আমি বার করতে পারি, তাহলে তিনটে ফ্ল্যাট চোখ বুঁজে, ঐ ১৯৬৬-৬৭ সালে যারা অ্যাপ্লাই করেছিল, পৃথিবীতে যার মুরব্বী কেউ নেই, যে নেতা চেনে না, কিছু চেনে না, শুধু তার কাছে একটা স্লিপ আছে, সে ১৯৬৭ সালে অ্যাপ্লাই করেছিল নাম থাকবে সবার উপরে। অবশ্য ১৯৬৭ সালে করার পর ইতিমধ্যে যদি সে বাড়ি-ঘর না করে তাহলে সে পাবে।

[3-25—3-35 p.m.]

অবশ্য আমি বুঝতে পারছি পার্লামেন্টারী ডিমোক্রাসির স্বার্থে দুটো—একটা রাজনৈতিক দল, বিরোধী দল নানা কারণে দরকার হয়। মন্ত্রী এসেছেন তার প্রাইভেট সেক্রেটারি এসেছেন তাঁদের জন্য হয়তো দুটো-একটা রাখা হয়েছে আমি সেইভাবে চেষ্টা করেছি। যদিও ইতিমধ্যে স্পিকার মহাশয় বলেছেন—জ্ঞান সিং সোহন পালের জন্য একটা ফ্ল্যাটের ব্যবস্থা করে দিতে আমি এক মাস সময় নিয়েছি। বেলগাছিয়াতে একটা বড় ফ্ল্যাট আছে সেটা জ্ঞানসিং সোহন পালের জন্য ব্যবস্থা করে দেব। কিন্তু ওনার বেলগাছিয়াতে যেতে অসুবিধা আছে, বলেছেন অ্যাসেম্বলির আশেপাশে হলে ভাল হয়। কিন্তু এখানে আমাদের হাউসিং-এর কোনও ফ্ল্যাট নেই। বেলগাছিয়ায় খুব ভাল জায়গায় সবচেয়ে বড় ফ্ল্যাট ওটা, কিন্তু সেখানে যেতে ওনার অসুবিধা আছে বলেছেন। তারপর ওটা চেঞ্জ করে সাবিত্রী মিত্রকে দিয়ে দিয়েছি, মুখ্যমন্ত্রী বলেছিলেন যাকে সুবিধা দিয়ে দাও। কথা হচ্ছে আমি সেটা চেষ্টা করি। ইতিমধ্যে যতগুলো ফ্ল্যাট দিয়েছি তা কারো রেকমেন্ডেশনে দিইনি, স্ট্রেট দিয়েছি। মঙ্গলবার, বুধবারেও দিয়েছি। আমি যে পার্টি করি তাতে কেউ বলেননি যে পাঁচটা ফ্ল্যাট বার হলে আলিমউদ্দিন স্ট্রীট থেকে যাকে বলা হবে তাকেই দেওয়া হবে। এটা হয় না। কেউ কখনো বলতে পারে না ৫টা ফ্ল্যাট ফাঁকা হয়েছে, সি.পি.এম. পার্টি থেকে বলেছে এইগুলো দিয়ে দাও। আমাকে কখনও বলেনি। স্বাধীনতা সংগ্রামী এবং আরও অনেককে দেওয়া হয়েছে। যখন মুখ্যমন্ত্রী জ্যোতি বসু

সাবিত্রী মিত্রের কথা বললেন, তিনি এই কথা বলেছিলেন 'অমুকের জন্য পারলে দিও'। আমি যেটা মুখ্যমন্ত্রী এবং অন্য সবাইকে বলেছি যে, এই সিস্টেমে ২।৪টে মাত্র ফ্ল্যাট এখন আমাদের। বাড়ি যদি না বাড়াতে পারি তাহলে এটাতে কিছু হবে না। এখন সাড়ে তিনটে বাজে, চারটের সময় আমরা বাইপাসের উপর পিয়ারলেস হাসপাতাল ও সত্যজিৎ রায় ফ্লিম ইনস্টিটিউট-এর কাছের ২৭২ বিঘা জমির দখল নেব। সেখানে কিছু বর্গাদার ছিলেন তাদের কাউকে ১ কাঁঠা, কাউকে দেড় কাঁঠা জমি দিয়ে আজকে অনুষ্ঠানের মাধ্যমে পজেশন নেব। সেখানে আমরা পরে বাড়ি তৈরি করব। সেটা এম.এল.এ-রাও পাবেন এবং নন্ এম.এল.এ-রাও পাবেন। মানসবাবু একটা ছোট ফ্ল্যাটে ছিলেন তখন ওনার ফ্যামিলি ছোট ছিল এখন ফ্যামিলি বড় হওয়াতে বড় ফ্ল্যাট দরকার। এখন এই বিলে অ্যামেন্ডমেন্ট হবে সেটা আপনারা সকলে সমর্থন করবেন এটা আশা করছি।

The motion of Shri Gautam Deb that the West Bengal Government Premises (Tenancy Registration) (Amendment) Bill, 1994 be taken into consideration, was then put and agreed to.

### Clauses 1, 2 and Preamble

The question that clauses 1, 2 and the Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Gautam Deb:** Sir, I beg to move that the West Bengal Government Premises (Tenancy Registration) (Amendment) Bill, 1994 as settled in the Assembly, be passed.

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় বক্তব্য যা রেখেছেন আমি তার খুব একটা বিরোধিতা করিও নি, করছিও না। আমি তার কাছে কয়েকটা জিনিস জানতে চাইছি যেটার উত্তর উনি দেন নি। প্রথম কথা হ'ল, সৌগতবাবুও বলেছেন, আমিও বলেছি যেটার জবাব উনি দেন নি যে মেন্টেনেন্সের ব্যাপারটা সাংঘাতিক খারাপ। উনি অনেক বড় বড় পরিকল্পনা নিয়েছেন। রবিনবাবুর ওখানেও শুনলাম যে একটা বিশাল উপনগরীর মতন করছেন। এসব ভাল জিনিস। কিন্তু বজবজের কাছে যদি যান দেখবেন যে সেটা যেন নরকের মতন হয়ে আছে। কোনও মানুষ সেখানে থাকতে পারেন না। সেখানে গাছ গজিয়ে উঠেছে বাড়িতে বাড়িতে, স্যুয়ারেজ সিস্টেম বলে কিছু নেই। এ সম্পর্কে কোনও জবাব মাননীয় মন্ত্রী মহাশয় দিলেন না। দ্বিতীয়ত, আমরা নিজেদের মধ্যে যেটা আলোচনা করছিলাম, মাননীয় মন্ত্রী মহাশয় বক্তৃতায় যেটা বললেন যে যদি সত্যিকারের দরকার হয়, তিন মাস/চার মাস বাইরে গিয়েছে, কেউ হয়ত ৫ মাসের জন্য লেখাপড়া করতে গিয়েছে বা ডাক্তারি করতে গিয়েছে তাহলে সেটা কনসিডার করবেন। মুখে যেটা বললেন আইনে তার প্রভিসন রাখেন নি। রেখেছেন সেটার কোনও নির্দিষ্ট সীমা নেই। সেই প্রভিসনটা সমস্ত আপনার হাতে রেখেছেন। আমাদের আপত্তি হ'ল এখানেই। যে মুহূর্তে আপনি আপনার হাতে রেখে দেবেন সেই মুহূর্তে ম্যানুপুলেশন করার একটা সুযোগ থাকবে। এটা আপনি চিন্তা করে দেখুন।

তৃতীয়ত, আপনি অনেক কাজ করছেন, আপনি কাজ করুন আপনার সুনাম হবে। এই যে ইন্ডিভিজুয়াল লোকরা আপনার কাছে রিকোয়েস্ট করে, কোনও সময় পায়, কোনও সময় পায়না এবং এমন কি চিফ মিনিস্টার পর্যন্ত যেতে হয়—সাবিত্রী মিত্রের কথা আপনি বললেন। রিয়েলি, আমরা সবাই মিলে পারসিউ করেছি। ও বাচ্চা নিয়ে ঘুরছিল, ওটা হয়ে গেছে। কিন্তু অ্যাট দি সেম টাইম আমি জানি মানস ভুঁইয়া, তার ডাক্তারখানা, তার সবং-এর কাজ, তাঁর চিফ হুইপের কাজ—সব ঐ একটা ঘরে। আপনার কাছে তাই আমি অনুরোধ করছি, আপনি একটা নতুন জিনিস করুন। ওখানে যারা পাবেন সে তো পাবেনই তা ছাড়া আপনি একটা ব্লক এম.এল.এ.-দের জন্য করে দিন। এটা সব পার্টির এম.এল.এ.-দের জন্য। আমি কলকাতায় থাকি আমার দরকার নেই কিন্তু আপনি এম.এল.এ.-দের জন্য একটা করুন। আর যেটা আছে সেটা তো একটা নরক। নো প্রাইভেসি, রাথরুমে ঢুকলে পিছলে পড়ে যেতে হয়। কোনও মানুষ সেখানে থাকতে পারেন না। কোনও স্টেটে আজকে এই অবস্থা নেই। সুতরাং ফ্যামিলি কোয়ার্টার হিসাবে অ্যাট লিস্ট ওয়ান রুম বা টু রুম এক একটা ফ্ল্যাট করে দিন এম.এল.এ.-দের জন্য। আপনি একটা বড় জায়গা নিয়েছেন, খুব সুন্দর জায়গা, এখন কসবা অনেক উন্নত হয়েছে খালি রবিনবাবুর কিছু মস্তান আছে এই যা উৎপাত, তাছাড়া এমনিতে কোনও উৎপাত নেই। আপনাকে বলছি, দয়া করে আপনি এটা করুন। ইট উড বি অন রেকর্ড। কিড স্ট্রিটের খুব ভাল একটা সুনাম নেই। আমরা এম.এল.এ., আমাদের খুব লজ্জা করে কিড স্ট্রিটের রাস্তা দিয়ে রাত্রিবেলায় হাঁটতে। এরকম একটা লজ্জাজনক জায়গায় আমরা আছি। থাকার জায়গা তো খারাপ, রাত্রেও খারাপ। আর আপনাদের সরকার তো আরও খারাপ করেছে। প্রকাশ্যে রেড জোন এরিয়া হয়ে গিয়েছে ওটা। সেইজন্য আপনাকে অনুরোধ করব, আপনার অনেক কাজের মধ্যে এটাও আপনার মাথায় রাখবেন।

[3-35—3-45 p.m.]

**শ্রী গৌতম দেব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কথাটা হচ্ছে, সৌগতবাবু যেটা বলেছেন সেটা ঠিকই। এটা আমরা দাবি করছি না যে এই ২০ হাজার বাড়ি যেগুলি ৬০-এর দশকে, ৭০-এর দশকে তৈরি হয়েছে সেগুলি ওয়েল মেন্টেন্ড। সত্যই নয়। যে জন্য বলেছিলাম সে সময় যে এগুলি বিক্রি করে দিন, মেন্টেন করতে পারবেন না। আর এই যে ভাড়া বৃদ্ধির সুপারিশ আমাদের কাছে এসেছে তাতে একথাটাও স্পষ্ট লেখা আছে যে ৩০ পারসেন্ট টাকা আমাদের এই বাড়িগুলির মেন্টেনেন্সের জন্য লাগবে। সেটা ধরে এই ভাড়া বৃদ্ধির কথা বলা হয়েছে। এই ভাড়া বৃদ্ধি ছাড়া মেজর রিপেয়ার বলতে যা বোঝায় সেটা করা খুব ডিফিকাল্ট। আমার কাছে ৫০ লক্ষ টাকা বা ১ কোটি টাকা দিয়ে প্যাচ ওয়ার্ক করা যায় শুধু কলকাতায়, দুর্গাপুর, আসানসোল সেখানে করা মুশকিল। সেই জন্য ভাড়া বৃদ্ধির ব্যাপারে সিদ্ধান্ত নিতে পারবে বলে আশা করছি। কারণ ২৩/২৪ টাকা ভাড়া থাকবে না, এটা বাড়বে। সেটা এই বছর করতে পারলে ভাল হতো, অবশ্য আগামী বছর একটা হিউজ পরিমাণ টাকা ইন কমপ্যারিজন টু আদার ইয়ার্স, অনেকটা টাকা এই বাড়িগুলোর মেন্টেনেন্সের জন্য খরচ করতে পারব। আর সরকারি আইনে 'প্রোভাইডেড' ঐভাবে লেখা হয়, আপনিও তো মন্ত্রী ছিলেন, আপনি তো জানেন। সরকারি দপ্তরকে একটা জায়গায় বিশ্বাস করতে হবে, মন্ত্রী বলে

ব্যাপার, একটা সেক্রেটারি, ডেপুটি সেক্রেটারি, একজন জয়েন্ট সেক্রেটারি, এইরকমভাবে একটা সিস্টেম ফাংশন করছে, কী করবেন আপনি? আর যেটা বললেন এম.এল.এ.-দের ব্যাপারটা, আগেও এই কথা উঠেছিল, এটা মাননীয় স্পিকার এবং বিভিন্ন দলের লোক এবং মুখ্যমন্ত্রী এক সঙ্গে কথাবার্তা বলে কীভাবে করা যায় সেটা দেখে করবেন। আর এম.এল.এ. হোস্টেল আমরা চালাই না। এই ব্যাপারে চীফ হুইপ একটু ভাবছেন, মুখ্যমন্ত্রী, স্পিকার, অপোজিশন লিডার সকলে মিলে বসে আলোচনা করুন। কারণ আমরা হয়তো করে দিতে পারি, টাকা পয়সা ধার করে দিতে পারি, কিন্তু কীভাবে জিনিসটা করা হবে, কোন ডিপার্টমেন্ট এটা চালাবে কারণ এম.এল.এ. হোস্টেল আমরা চালাই না। সুতরাং কীভাবে হবে সেটা আলোচনা করে ব্যবস্থা গ্রহণ করা হবে।

The motion of Shri Gautam Deb that the West Bengal Government Premises (Tenancy Registration) (Amendment) Bill, 1994, as settled in the Assembly, be passed was then put and agreed to.

## The West Bengal State Election Commission (Amendment) Bill, 1994

**Shri Ashoke Bhattacharya :** Sir, I beg to introduce the West Bengal State Election Commission (Amendment) Bill, 1994.

(Secretary then read the Title of the Bill)

**Shri Ashoke Bhattacharya :** Sir, I beg to move that the West Bengal State Election Commission (Amendment) Bill, 1994 be taken into consideration.

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটা খুব দুর্ভাগ্যের বিষয় এবং এই হাউসকে অবমাননার বিষয়, আমি মন্ত্রীকে ছোট করে দেখছি না, কিন্তু এই বিলটা গতবারে যখন মূল বিল এসেছিল গত ৮ই মার্চ তারিখে এই বিধানসভায় তখন আমরা আশা করেছিলাম যে বিলটা যেটা সার্কুলেট হয়েছে সেটা মিনিস্টার ইন চার্জ জ্যোতি বসু মেম্বার ইনচার্জ তার নামে হয়েছিল। মুখ্যমন্ত্রী সেদিনও এই বিলটা উত্থাপন করে আলোচনা করবেন এই আশা করেছিলাম। কিন্তু সেদিনও মুখ্যমন্ত্রী তাঁর সময়ের অভাবের জন্য আসতে পারলেন না, অশোকবাবু সেদিন উত্থাপন করেছিলেন এবং আলোচনা হয়েছিল এবং বিলটা পাস হয়েছিল। আজকেও যে অ্যামেন্ডমেন্ট বিলটা সার্কুলেট হয়েছে আমাদের মধ্যে সেটাও মেম্বার ইনচার্জ জ্যোতি বসু তাঁর নামে থাকলেও এই বিলটা মাননীয় রাষ্ট্র মন্ত্রী ডিরেক্টলি মিউনিসিপ্যাল অ্যাফেয়ার্স মিনিস্টার হিসাবে এটা উত্থাপন করছেন এবং আলোচনায় অংশ গ্রহণ আমাদের করতে হচ্ছে। এটা দুর্ভাগ্যের ব্যাপারই প্রাইজে মুখ্যমন্ত্রীকে মেম্বার ইনচার্জ বলা হচ্ছে কিন্তু তিনি আসছেন না। যদি আজকে তাঁর কোনও সময় না থাকে তাহলে এই বিলটা আগামীকাল আলোচনা করা যেতে পারত।

এটা একটা বিধানসভার প্রতি অবমাননা। এটাকে গুরুত্বহীনভাবে দেখা উচিত নয়। বিলটাতে যে অ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছেন এমনিতেই এই অ্যামেন্ডমেন্ট আনতে হত। কারণ কতগুলো টেকনিক্যাল ব্যাপার আছে। সেইরকম রাজ্য সরকারের পরিণত বুদ্ধির অভাব আছে। কারণ এই বিলের অ্যামেন্ডমেন্ট নিয়ে আসা হয়েছিল মাত্র ৬ মাস আগে, ৮ই মার্চ ১৯৯৪ তারপর আবার ১৩ই সেপ্টেম্বর বিলটি সারকুলেট করলেন। অর্থাৎ ৬ মাসের মধ্যেই আবার অ্যামেন্ডমেন্ট-এর প্রয়োজনীয়তা অনুভব করলেন। এই বিলগুলি নিয়ে আসার জন্য রাজ্য সরকারের অর্থের অপচয় হচ্ছে। বিধানসভার অমূল্য সময় নষ্ট হচ্ছে। রাজ্য সরকারের কার্যকারিতার মধ্যে পরিণত ছাপের অভাব রয়েছে বলেই ৬।৭।৮ মাসের মধ্যে আবার অ্যামেন্ডমেন্ট নিয়ে আসতে হয়েছে। আমরা রাজ্য সরকারকে বলেছি, যে স্টেট ইলেকশন কমিশন গঠন করতে গেলে আইনের প্রয়োজন। এই আইন তৈরি করার ব্যাপারে রাজ্য সরকারের অনীহা আছে। রাজ্য সরকার চাইবেন যে এইরকম একটা স্টেট ইলেকশন কমিশনের মাধ্যমে নিউট্রাল, বা ইমপার্শিয়াল নির্বাচনী ব্যবস্থা চালু হোক পঞ্চায়েত এবং পৌরসভাগুলিতে। কেন্দ্রীয় সরকারের ৭৩ তম, ৭৪ তম অ্যামেন্ডমেন্ট করার পর রাজ্য সরকার এই বিল নিয়ে আসতে বাধ্য হল। সেখানে তারা কি করে করলেন? স্টেট ইলেকশন কমিশনকে উদারভাবে কাজ করার সুযোগ দেওয়া হোক। গোড়া থেকে যে লোক বহু সমালোচিত, যে লোকটা শুধু বামফ্রন্টেরই নয় সি.পি.এম দলের সঙ্গে, সরকারের সঙ্গে, একাত্ম হয়ে গেছেন, যে লোকটার আইডেনটিটি সি.পি.এমের বাইরে নয়, বর্ধমানের সব থেকে ন্যাক্কার জন্য ১৬ই মার্চ ৭০ সালের সাঁইবাড়ির ঘটনা যার সঙ্গে জড়িত, যে লোকটা বহু নিন্দিত, বহু সমালোচিত, সেই লোকটাকে আপনারা মুখ্য সচিবের পদ পর্যন্ত দিয়ে দিলেন, রিটায়ার করার পরও এইরকম ধামাধরা তাঁবেদার লোককে ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশনের চেয়ারম্যান করতে বললেন এবং তাকে অবলাইজ করার জন্য এই পদ দিলেন। আরেকজনকে যখন আপনারা অনেকেই ভাবী মুখ্যমন্ত্রী হিসাবে ভাবছেন, তিনি তাকে স্টেট ইলেকশন কমিশনের চেয়ারম্যান করে দিলেন। স্টেট ইলেকশন কমিশন গঠন করার ক্ষেত্রে আপনারা আপনাদের ধামাধরা লোককে বসিয়েছেন। আগে বললেন যে স্টেট ইলেকশন কমিশনের চেয়ারম্যানকে অপসারণের ক্ষমতা আপনারা কমিশনকে দিয়েছেন। আমাদের সৌভাগ্য যে কেন্দ্রীয় সরকার আপনাদের সেই অন্যায় দাবি মেনে নেন নি। ৬ মাস হয়ে গেল স্টেট ইলেকশন কমিশন

[3-45—3-55 P.M.]

অ্যাক্ট তৈরি হয়েছে, চেয়ারম্যান অ্যাপয়েন্ট করেছেন, কিন্তু কোনও ইনফ্রাস্ট্রাকচার তৈরি করেন নি। যাদের দিয়ে কমিশন কাজ করাবে তাদের ঠিক করেন নি। এই পরিস্থিতির মধ্যে স্টেট ইলেকশন কমিশনকে নির্বাচন পরিচালনা করতে হবে। '৯০ সালে রাজ্যে ৭৪-টি মিউনিসিপ্যালিটির নির্বাচন হয়েছিল, আবার তাদের নির্বাচনের সময় হয়ে গেছে এবং কলকাতা কর্পোরেশনেরও নির্বাচনের সময় হয়ে গেছে। কেন্দ্রীয় সরকারের নতুন তৈরি করা নগরপালিকা বিলের ভিত্তিতে আপনাকে আইন করতে হয়েছে ভারতবর্ষের একটা অঙ্গ রাজ্য হিসাবে। সেই আইনে মহিলাদের জন্য, শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবদের জন্য রিজার্ভেশনের ব্যবস্থা করতে বলা হয়েছে। এই সমস্ত কাজ স্টেট ইলেকশন কমিশনকে পরিচালনা করতে হবে। স্টেট ইলেকশন কমিশন এখন পর্যন্ত কি কাজ করেছে? সামনে পৌরসভাগুলোর নির্বাচন

এসে গেল ওয়ার্ড—ডিলিমিটেশনের ব্যাপারে কার কাছে গিয়ে আমরা প্রতিকার চাইব? আপনারা কেন্দ্রীয় সরকারের অনেক সমালোচনা করেন। কিন্তু কেন্দ্রের কংগ্রেস সরকার এখনও পর্যন্ত নির্বাচন কমিশনকে পকেটস্থ করার চেষ্টা করে নি, করে না। তাই তো চীফ ইলেকশন কমিশনার শেষন দাপটের সঙ্গে কথা বলতে পারেন এবং প্রয়োজনে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধেও কথা বলতে পারেন। কিন্তু এখানে স্টেট ইলেকশন কমিশনের চেয়ারম্যানের আপনাদের বিরুদ্ধে শেষনের মতো কোনও কথা বলবার ক্ষমতা নেই। যে কাজ করতে শেষন লজ্জা পান, সে কাজ করতে স্টেট ইলেকশন কমিশন গর্ব বোধ করেন। সে জন্যই তাঁকে সেখানে বসানো হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনারা মিউনিসিপ্যাল ইলেকশন বিল পাস করেছেন, কিন্তু তার কি রুলস ফ্রেম করেছেন? আমরা তো কিছুই জানি না। যেসব পৌরসভায় আপনাদের চেয়ারম্যান আছে সেসব পৌরসভার ওয়ার্ড-ডিলিমিটেশন হয়ে গেছে। অথচ আমাদের যেখানে যেখানে চেয়ারম্যান আছেন সেখানে সেখানে আমরা কিছুই জানতে পারছি না। মানুষ জানতে পারছে না তার সিটটা কোন কোন পাড়া নিয়ে, কোন কোন রাস্তা নিয়ে, পঞ্চায়েতের কোন কোন অংশ তার এলাকার সঙ্গে যুক্ত হয়েছে। এমন কি এটাও জানতে পারছে না যে, তার সিটটা মহিলাদের জন্য সংরক্ষিত কিনা, শিডিউল্ড কাস্টের জন্য সংরক্ষিত কিনা, শিডিউল্ড ট্রাইবের জন্য সংরক্ষিত কিনা বা শিডিউল্ড কাস্ট মহিলার জন্য বা শিডিউল্ড ট্রাইব মহিলা প্রার্থীর জন্য সংরক্ষিত কিনা! মানুষকে আপনারা অন্ধকারে রেখে দিয়েছেন। আপনারা মিউনিসিপ্যাল নির্বাচন করতে চলেছেন, অথচ সেখানে স্টেট ইলেকশন কমিশনের কোনও ভূমিকাই দেখতে পাচ্ছি না। এখানে পৌরসভা এবং পঞ্চায়েতের নির্বাচন পরিচালনার জন্য একটা সংস্থা তৈরি হয়েছে—ধামা ধরা বা তল্পি বাহককে সেখানে বসিয়েছেন—তার তো একটা ভূমিকা থাকবে? আমরা তার কোনও ভূমিকাই দেখতে পাচ্ছি না। যিনি যত বড় তল্পি বাহকই হোন না কেন, তিনি অন্তত নিউট্রালিটি শো করবেন তো, তাও আমরা দেখছি না! আমরা জানি আপনারা সব সময় আপনাদের বশংবদ অফিসারদের দিয়ে নির্বাচন কার্য পরিচালনা করান। অথচ মুখে মুখ্যমন্ত্রী থেকে শুরু করে সব মন্ত্রীরাই বড় বড় কথা বলেন। আপনারা বলেন কংগ্রেস আমলে পঞ্চায়েত নির্বাচন হয় নি, মিউনিসিপ্যাল নির্বাচন হয় নি। অশোকবাবু, আপনি এখন পার্বত্য এলাকার দায়িত্বে আছেন। অথচ আপনি হিল এরিয়ায় পঞ্চায়েত নির্বাচন করতে পারলেন না কেন? সংবাদপত্রে সরকারের পক্ষ থেকে বিবৃতি দিয়ে বলা হয়েছে, 'একটা মেজর পার্টি যদি নির্বাচনে না অংশ গ্রহণ করে, যদি তারা নির্বাচন বয়কট করে তাহলে নির্বাচন করে কি হবে? নির্বাচন প্রহসনে পরিণত হবে।' আপনারা দার্জিলিং-এ পঞ্চায়েত নির্বাচন করলেন না কেন, না, মেজর পার্টি নির্বাচন বয়কট করবে। ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত উপ-নির্বাচন থেকে আরম্ভ করে আপনারা সমস্ত নির্বাচন বয়কট করেছিলেন। যে যুক্তিতে আপনার দার্জিলিং-এ পঞ্চায়েত নির্বাচন করতে চাইছেন না, সেই একই যুক্তিতে আমরা সেদিন পৌর নির্বাচন করি নি। আমরা সেদিন যে যুক্তিতে নির্বাচন করতে পারিনি সেটা যদি অন্যায় হয়, তাহলে সেই একই যুক্তিতে আজকে দার্জিলিং-এ পঞ্চায়েত নির্বাচন করতে না পারার জন্য আপনারা কি করে সাধুবাদ আশা করতে পারেন? কোন লজ্জায় আপনারা সাধুবাদ আশা করতে পারেন? আপনারা ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত বিধানসভা বয়কট করেছিলেন। যাইহোক, মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল নিয়ে এসেছেন এই অ্যামেন্ডমেন্টের কোনটাই বাধা দেওয়ার মতন কিছু নেই। সব সেকশনগুলি নিয়ে

আসার দরকার আছে। অবজেক্টস অ্যান্ড রিজিন্স-এ যা বলেছেন ঠিকই আছে। কিন্তু আমি যেটা বারবার বলতে চাচ্ছি সেটা হচ্ছে, এই যে ইলেকশন কমিশন বিল তৈরি করেছেন, নির্বাচন করার জন্য একটা পরিকাঠামো তৈরি করার দরকার পরিচালনা করার জন্য? টোটাল নির্বাচন পরিচালনা করার ক্ষেত্রে এই পরিকাঠামো ইমপারসিয়ালি করুন। কিন্তু আজকে আমরা দেখতে পাচ্ছি, স্টেট ইলেকশন কমিশন আলিমুদ্দিন স্ট্রীটের ডায়রেকশন নিয়ে চলার মতন পর্যায়ে চলে গেছে। এর অফিস কোথায় হয়েছে বলুন? স্টেট ইলেকশন কমিশনার কোথায় বসছেন বলুন? এর ইনফ্রাস্ট্রাকচার কি তৈরি হয়েছে বলুন? এর সেক্রেটারি কোথায় বসেন বলুন? কি ফোন নাম্বার? কোনও কমপ্লেন যদি করতে হয়, কোথায় কমপ্লেন করব? পৌরসভার নির্বাচন পরিচালনা করার জন্য অল পার্টি মিটিং ডেকেছেন কি? কবে ডেকেছেন? যদি না ডেকে থাকেন, কবে ডাকবেন বলুন? পার্লামেন্টে ডিলিমিটেশন বিল এসেছে। উইন্টার সেশনে পাস হবে সুপ্রীম কোর্টের জজকে দিয়ে কমিশন বসিয়ে। এর আগেও বসেছে। সেখানে সমস্ত পার্টির বক্তব্য শোনা হয়। ভোটার লিস্ট যখন তৈরি হয় তখন সমস্ত পলিটিক্যাল পার্টির সঙ্গে আলোচনা করে করা হয়, স্টেট লেভেলে, ডিস্ট্রিক্ট লেভেলে, ব্লক লেভেলে, এমন কি বুথ লেভেলে পর্যন্ত আলোচনা হয়। আজকে নগরপালিকা বিলের মাধ্যমে যে নির্বাচনগুলি হবে সেই নির্বাচনগুলি পরিচালনা করার জন্য সুষ্ঠুভাবে, সমস্ত রাজনৈতিক দলকে নিয়ে কেন আজকে আলোচনা করা হবে না? কেন অন্ধকারে নির্বাচন পরিচালনা করার জন্য নামছেন? নির্বাচনকে প্রহসনে পরিণত করার জন্য চেষ্টা করছেন? স্টেট ইলেকশন কমিশনের অফিস আলিমুদ্দিন স্ট্রীটের ব্রাঞ্চ অফিসে পরিণত করেছেন। এরজন্য যে অ্যামেন্ডমেন্ট এনে সুযোগ নিচ্ছেন—যেভাবে আজকে কমিশনের অফিস দলের ব্রাঞ্চ অফিসে তৈরি করেছেন— তার বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই এই বিলটিকে সমর্থন করছি। মান্নান সাহেব কি বললেন তা আমি জানি না, তবে আমি অনেকদিন ধরে এই সভায় আছি। আমাদের দেশে পার্লামেন্টারি সিস্টেম যেটা আছে লোকসভা থেকে আরম্ভ করে বিধানসভাগুলি পর্যন্ত, তাতে দেখা যায় এবং এইরকম বহু ঘটনা হয়েছে, কোনও মেম্বার যিনি দায়িত্বপ্রাপ্ত তার সই করা কোনও বিল যদি সার্কুলেটেড হয়, সেই বিলে তিনি নাও থাকতে পারেন, তার অনুপস্থিতিতে মাননীয় অধ্যক্ষ মহাশয়ের অনুমতি নিয়ে আর একজন মেম্বার সেটা উপস্থিত করতে পারেন। লোকসভায় সেটা আছে এবং রাজ্য বিধানসভাতেও আছে, ওদের আমলেও ছিল, আমাদের আমলেও আছে। এই হচ্ছে পার্লামেন্টারি সিস্টেম। সুতরাং কেন এই ব্যাপারে বিতর্ক উঠলো তা আমি বুঝতে পারলাম না। দ্বিতীয় কথা হচ্ছে, ওরা মানে কংগ্রেসিরা খানিকটা ভয় পেয়েছেন। কেন ভয় পেয়েছেন জানি না। আমার মনে হয়েছে এই বিল প্রথম আমাদের রাজ্যে এসেছে। আমি যদি ভুল না করে থাকি তাহলে বলব সারা ভারতবর্ষে এইরকম কোনও স্টেট এই যে এইরকম অ্যামেন্ডমেন্ট দিতে পেরেছেন। এইরকম স্টেট ইলেকশন কমিশন আলাদাভাবে অন্য কোনও রাজ্যে তৈরি হয়েছে এইরকম নিয়ম অনুযায়ী তা আমার জানা নেই, হয়নি। ৭৪ তম সংবিধান সংশোধন বিলের মধ্যে যে অ্যাক্ট হয়েছিল সেই অনুযায়ী আমাদের যে স্টেট ইলেকশন অ্যাক্ট তাতে প্রভিসন রাখা আছে।

[3-55 — 4-05 p.m.]

এখন মুশকিলটা হচ্ছে এই ভাল যেটা হবে সংশোধন যেটা হবে তাতে সরকারের সঙ্গে—এই যে নির্বাচন কমিশন যেটা হচ্ছে—তার সঙ্গে সরাসরি সম্পর্ক থাকছে না। এরা এত আতঙ্কিত কেন হল জানিনা, সরাসরি হবার সুযোগ নেই। নিরপেক্ষ নির্বাচন হবে, ট্রান্সপারেন্ট হবে বলা যেতে পারে, এক অর্থে গণতন্ত্র অনেক বেশি সম্প্রসারিত হবে, এই সম্প্রসারিত গণতন্ত্র আমাদের রাজ্যে আমরা ইতিমধ্যে প্রতিষ্ঠিত করেছি। এখন এই সম্প্রসারিত গণতন্ত্র সম্পর্কে মাননীয় মান্নান সাহেব বা কংগ্রেসিদের ধারণা খুব অস্পষ্ট, গণতন্ত্র বিরোধী। আমাদের রাজ্যের সর্বত্র বিশেষ করে মিউনিসিপ্যালিটি বলুন, পঞ্চায়েত বলুন, আজকে প্রতিষ্ঠিত হয়েছে, সব রিলেটেড ব্যাপার, আপনারাও তো দুদিন ধরে পঞ্চায়েত সম্মেলন করলেন, ভারতবর্ষে আপনাদের হাই কমান্ডকে বলতে পারবেন যে এটাতে আমরা গর্বিত আমরা এমন একটা রাজ্যে বাস করি পঞ্চায়েত ব্যবস্থা গণতন্ত্র বিকেন্দ্রীকরণ, আমরা নির্বাচিত হয়েছি, তামাম ভারতবর্ষে এই অবস্থা কোথাও হয় নি। আপনারা দুদিন ধরে নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে সম্মেলন করেছেন। আমরা যখন ১০ বছর ধরে ত্রিপুরায় ছিলাম তখন সেখানে জেলাপরিষদ, স্বশাসিত পরিষদ এদের নির্বাচনের ব্যবস্থা করেছিলাম, আপনারা আসার সঙ্গে সঙ্গে সমস্ত ব্যবস্থাটা ভেঙ্গে দিলেন। মিউনিসিপ্যালিটি বা পঞ্চায়েতে নির্বাচন করে না, কারণ গণতন্ত্রকে ওরা ভয় পায় কিন্তু এই ব্যবস্থাটা আমরা এখানে করেছি। আমরা নাও করতে পারতাম, এই যে অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে রাজ্য মনে করলে নাও করতে পারেন। প্রচলিত যা ব্যবস্থা আছে তাতে বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্ট, সেই বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্ট ধরে সমস্ত নির্বাচন হোত, কলকাতা, হাওড়া, চন্দননগর সমস্ত জায়গাতেই সেখানকার কর্পোরেশন বা মিউনিসিপ্যাল অ্যাক্ট অনুযায়ীই হোত, এখন সেগুলি সব তুলে দিয়ে শুধু ওয়েস্টবেঙ্গল স্টেট ইলেকশন কমিশন অনুযায়ী একটা আইনের আওতায় আনা হয়েছে, যেখান থেকে সমস্ত নির্বাচনগুলি পরিচালিত হবে, পঞ্চায়েতগুলি ঠিকভাবে পরিচালিত হবে, পঞ্চায়েত নির্বাচনগুলি রুল অনুযায়ী হবে, এটাই বলতে চাই এটা শুধু আমাদের রাজ্যেই হয়েছে, অন্য কোথাও হয় নি। কেন বিরোধিতা করছেন বুঝতে পারি না, বিরোধিতা করার জন্য সমালোচনা করার জন্য এইগুলি করছেন? এটা ঠিক যে এই অবস্থা হলে নিরপেক্ষতার ভিতরে—যেহেতু নরসীমার সঙ্গে সরাসরি সম্পর্ক থাকবে না—ওয়ার্ড ডিলিমিটেশন বলুন, ওয়ার্ড বিভাজন বলুন অবস্থা অনুযায়ী সব নিজেরা করতে পারবেন। একটা কথা অ্যাবিউজড করলেন—চীফ ইলেকশন কমিশনার শেষন আছেন—যে বিভিন্ন চীফ ইলেকটোরাল অফিসার নিয়োগ করলে কার সঙ্গে পরামর্শ করে করবেন, সরকারের সঙ্গে পরামর্শ করবেন না, সরকারের সঙ্গে পরামর্শ না করে কি করে অ্যাপয়েন্টমেন্ট দেবেন? এই সব বিবেচনা করে আমাদের সরকার এইরকম একটা দৃষ্টান্ত স্বরূপ একটা ব্যবস্থা করেছেন। নিরপেক্ষভাবে সেখানে ইলেকটোরাল অফিসার নিয়োগ করবেন স্বাভাবিকভাবে সরকারের সঙ্গে পরামর্শ করে এটা করবেন। নিরপেক্ষতা থাকবে, সততা, নিষ্ঠা নিয়ে এটা করবেন। যেহেতু সারা ভারতবর্ষের সব কিছুই দৃষ্টান্ত বিহীনভাবে চলছে এটাই প্রথম—আমি আশা করব যেভাবে বিলটি এসেছে, কংগ্রেসিদের শিক্ষা নিতে বলব, সত্যই যদি গণতন্ত্র প্রেমী হন—তাদের শাসিত সমস্ত রাজ্যগুলিকে পশ্চিমবঙ্গের পদাঙ্ক অনুসরণ করতে বলব, তাদের অবহিত করার জন্যই এই বিলটি আনা হয়েছে। খুবই উল্লেখযোগ্য পদক্ষেপ

*পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের পক্ষেই সম্ভব গণতন্ত্র প্রেমী, গণতন্ত্রকে সম্প্রসারিত করতে চান, নির্বাচনকে নিরপেক্ষ করতে ট্রান্সপারেন্ট করতে এনেছেন সেজন্য এই বিলটিকে সাধুবাদ* এবং সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[4-05—4-15 p.m.]

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মাননীয় মুখ্যমন্ত্রীর পরিবর্তে এই বিলটি পেশ করেছেন। মাননীয় রবিনবাবু মাননীয় আব্দুল মান্নানের সমালোচনায় একটু রেগে গেছেন। নিশ্চিতভাবে প্রথাগতভাবে মন্ত্রীর পরিবর্তে অন্য কোনও মন্ত্রী এটা পেশ করতে পারেন। কিন্তু দুঃখের সঙ্গে লক্ষ্য করলাম, যে দিন থেকে হাউস শুরু হয়েছে, এই শরৎকালীন অধিবেশনে রাজ্যের মুখ্যমন্ত্রী—তিনি সর্বভারতীয় নেতা, ঘুরে বেড়ান, গণতন্ত্রের রীতি-নীতির প্রতি বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখান—একদিনের জন্যও হাউসে আসা প্রয়োজন মনে করেননি। (... সরকার পক্ষ থেকে প্রতিবাদ ধ্বনি না, তিনি হাউসে এসেছেন ...) একবার এসে চাঁদমুখ দেখিয়ে চলে গেছেন, কিন্তু আজকে হাউসে থেকে গণতন্ত্রের প্রতি মর্যাদা দিতে মুখ্যমন্ত্রীর নিজের এটা পেশ করা উচিত ছিল। যেটা হচ্ছে এটা অমর্যাদাকর। এর আমি তীব্র ধিক্কার জানাচ্ছি, অশোকবাবুর বিলটা পেশ করাটার। আমি আবার রিইটারেট করছি এটা। তবে গণতন্ত্রের কথা বললেই ওরা ভারতবর্ষের কথা তুলে ধরবেন। ১৯৭৩ সালে পঞ্চায়েত অ্যাক্ট পাস হয়েছিল, আর নগরপালিকা বিলের কনসেন্টও রাজীব গান্ধীই এনেছিলেন। কিন্তু ঐ মার্কসিস্ট পার্টি—অশোকবাবুদের দল—সেদিন রাজ্য সভায় বি.জে.পি. এবং জনতা পার্টির সঙ্গে হাত মিলিয়ে নগরপালিকা বিলের বিরুদ্ধে ভোট দিয়েছিলেন, আনতে দেননি সেটা। আপনারা গণতন্ত্রের বিরোধী, মানুষের অধিকারকে সেদিন আপনারা স্বীকৃতি দিতে দেননি। তারপর প্রধানমন্ত্রী শ্রী নরসিমা রাও আবার ৭৩ এবং ৭৪তম সংবিধান সংশোধনী এনে সারা ভারতবর্ষের গ্রাম্য এলাকার ৮০ ভাগ মানুষ এবং শহর এলাকার ২০ ভাগ মানুষের স্বপ্নকে সংবিধানগত স্বীকৃতি দিলেন। এটা কম গর্বের কথা নয়! আর 'স্বরাজ'! এটাও মহাত্মা গান্ধীর কথা, মার্কসের কথা নয়। 'গ্রামীণ স্বরাজ', এটা গান্ধীজির কথা, কংগ্রেসের কথা, মার্কস বা লেনিনের কথা নয়। মার্কসবাদী বন্ধুদের এই দৈনতা দেখে আমার দুঃখ হয়। ওরা গণতন্ত্রের বিরোধী। ওরা বিধানসভাকে শূয়রের খোঁয়ার বলেছেন, এই আজাদী ঝুটা হ্যায় বলেছেন। ওরা চিরকাল গণতন্ত্রের বিরোধী। এই ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামে ওরা পিছন থেকে ছুরি মেরেছে। ওদের ইতিহাস কলঙ্কের। ভারতবর্ষের ইতিহাসে ওদের ভূমিকা দেশদ্রোহীর, গণতন্ত্র-বিরোধী। ব্রিটিশের চাটুকারীতা করে ওরা নেতাজীকে তোজোর কুকুর বলেছেন। চল্লিশ বছর লেগেছে সেই নেতাজীকে ওদের দেশপ্রেমিক বলতে। ১৭ বছর ধরে পুলিশ ও প্রশাসনকে হাতে নিয়ে ওরা গণতন্ত্রের টুটি টিপে রেখেছেন। তাই আমার খুব বেদনা হয়, ক্ষোভ হয়, দুঃখ হয় যখন দেখি যে, কোনও এক মার্কসবাদী গণতন্ত্রের কথা বলছেন। আজকে রাশিয়ার দিকে তাকিয়ে দেখুন, ৭৫ বছর বাদে সাইবেরিয়ার বরফ ফুঁড়ে স্ট্যালিনের ইতিহাস বেরিয়ে আসছে। আপনারা ৭২ সালের নির্বাচনে পরাজিত হয়ে বিধানসভা বয়কট করেছিলেন, গণতন্ত্রের মর্যাদা দেননি। আমাদের ৪২ জন সদস্য তবুও আমরা বিধানসভায় আছি। আমরা গণতন্ত্রের মর্যাদা দেই। বিরোধী দল না থাকলে কোনও একটা শাসকদল একপেশে নির্বাচন করতে

পারেনা বলে কংগ্রেস সেদিন নির্বাচন করেনি। কংগ্রেস গণতন্ত্রে বিরোধীদের মর্যাদা দিয়েছে। আর আপনারা গণতন্ত্রকে খুন করতে চান গণতন্ত্রের মন্দিরে প্রবেশ করে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রবীনবাবু তার প্রশ্নের উত্তর পেয়েছেন। আর একটা কথা হচ্ছে, তরুণ দত্ত মহাশয়কে স্টেট ইলেকশন কমিশনার করা হল। এই ভদ্রলোক কে? তিনি মার্কসবাদী কমিউনিস্ট পার্টির পা চাটা গোলাম। বর্ধমানে সাই বাড়ির ঘটনা যখন ঘটে তখন তিনি সেখানকার ডি.এম ছিলেন। বর্ধমানে যখন ছেলের গলা কেটে তার রক্ত মায়ের মুখে মাখিয়েছে তখন তিনি সেই জেলার ডি.এম ছিলেন। সেই তরুন দত্তকে এনে ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশনের চেয়ারম্যান করতে হল। কেন, আর দ্বিতীয় কোনও অফিসার পাওয়া গেলনা? এমন কি ব্যাপার ঘটল যে সেই ভদ্রলোককে আদর-যত্ন করে তুলে এনে সেখানে বসাতে হল? আবার সেই তরুণ দত্তকে স্টেট ইলেকশন কমিশনার করা হল। এখানেই বোঝা যায় যে ডাল মে কুছ কালা হ্যায়। এখানেই বোঝা যায় সমগ্র সিস্টেমটাকে কুক্ষিগত করা হচ্ছে। একটা পা চাটা গোলামকে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির সরকার স্টেট ইলেকশন কমিশনার করে বসিয়ে রেখেছেন। এখানেই আমাদের আপত্তি, এখানেই আমাদের প্রতিবাদ। এই হচ্ছে হঠকারী মার্কসবাদী কমিউনিস্ট পার্টির পদ্ধতি এবং তার প্রতিফলন, তার চিত্র ফুটে উঠেছে তরুণ দত্তের নিয়োগের মধ্যে দিয়ে। এই জায়গায় আমাদের প্রতিবাদ। এই যে বিল এনেছেন, এটা আপনাদের আনতে হত। কারণ এতে কন্সটিটিউশনাল কমিটমেন্ট আছে। এর বাইরে আপনাদের যাবার পথ নেই। সমস্ত নির্বাচনী আইনকে এক করে উনি এই আইন এনেছেন। এটা আপনাকে জানতে হবে, প্রভিসন আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে কথা বার বার বলা হয়েছে যে আমরাই একমাত্র করেছি, ভারতবর্ষের আর কোনও রাজ্য করেনি, এটা ঠিক কথা নয়। কর্ণাটক করে ফেলেছে, উড়িষ্যা করে ফেলেছে। উনি বললেন যে এই নতুন বিলে নির্বাচন হয়েছে। আমরা বলি না, কখনই নয়। যখন নগরপালিকা বিল পাস হয়েছে, যখন পঞ্চায়েতরাজ পাস হয়েছে, যখন ৭৩ এবং ৭৪ তম কন্সটিটিউশন্যাল অ্যামেন্ডমেন্ট পাস হয়েছে এবং নির্বাচন হবার কথা সেই বিধি মোতাবেক, তার আগেই এখানকার কর্মবীর সরকার কেন্দ্রীয় সরকারের সংশোধনীকে বাইপাশ করে নিজেদের স্বার্থ চরিতার্থ করার জন্য একটা বিল এই বিধানসভায় সংখ্যা গরিষ্ঠের জোরে পাস করিয়ে নির্বাচন করিয়ে নিলেন। তারপরে এই অ্যামেন্ডমেন্ট আনতে হচ্ছে কেন? ঐ ৭৩ এবং ৭৪ তম অ্যামেন্ডমেন্টকে মর্যাদা দিতে গিয়ে নতুন করে আনতে হচ্ছে। এটা সাংবিধানিক বাধ্য-বাধকতা। অন্যান্য রাজ্যগুলি যারা সংবিধানকে মর্যাদা দেয়, সংবিধানকে মেনে চলে তারা সেইভাবে করছে। আর এরা সংবিধানের সমস্ত রীতিনীতিকে কুকুরের ল্যাজে বেঁধে ঘোরায়। এরা হাইকোর্টের অর্ডারকে কুকুরের ল্যাজে বেঁধে ঘোরায়। এরা জজকে মারতে যায়। অনিল বোস, এম.পি জজকে মারতে গিয়েছিল আরামবাগে। এটাতো আপনাদের ইতিহাস। অন্যান্য রাজ্যগুলি সংবিধানের বাধ্য-বাধকতা মেনে নিয়ে নতুন করে নির্বাচনে যাচ্ছে, আর এরা অন্য পথ দিয়ে আগে-ভাগে বিল পাস করে নির্বাচনে চলে গেছে এবং গিয়ে বলছে যে ভারতবর্ষের অন্যান্য রাজ্য তো করেনি। এটাতো বিপদজনক কথাবার্তা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি একজন আইনজীবী। আপনার সবই জানা আছে যে এদের চরিত্র কি। আপনি তো নেতাজীর ভক্ত। আপনার নেতাজীকে, আমাদের নেতাজীকে এরা তো জোর কুকুর বলেছিল। আপনি জানেন যে এরা ৪০ বছর পরে নেতাজীর গলায় মালা পরিয়ে বলছে, 'হে দেশপ্রেমিক, আমাদের ক্ষমা কর,

আমরা ভুল করেছি।' কমিউনিস্টরা সব কিছু একটু দেরিতে বোঝেন। সাংবিধানিক সংশোধনের পরে পি.ভি. নরসিমা রাওয়ের নগরপালিকা বিলের যে বাধ্য-বাধকতা সেটা এখন বুঝতে পেরেছে। অন্য রাজ্যগুলি যেটা আগে বুঝেছে, সেটা এরা এখন বুঝছে। তাই ভারতবর্ষ আজকে যে পথে চলছে, আপনাদেরও সেই পথে চলতে হবে। এই বিলের বিরোধিতা করার কোনও অবকাশ নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা খুশি যে এরা দেরিতে হলেও এটা বুঝেছে এবং সেই পথে চলছে। সারা ভারতবর্ষের প্রেক্ষাপটে, জাতীয় কংগ্রেসকে, কেন্দ্রীয় সরকারকে, কংগ্রেসের ভাব-ধারাকে, গান্ধীজির স্বরাজকে, পি.ভি. নরসিমা রাও এবং রাজীব গান্ধীর পঞ্চায়েত রাজ এবং নগরপালিকা বিলকে অসম্মান করার এক্তিয়ার আর যার থাক, মার্কসবাদী কমিউনিস্ট পার্টির নেই। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী যে বিল এনেছেন সেটার বিরোধী পক্ষই আপত্তি করতে পারল না, আমার আপত্তির কোনও প্রশ্ন আসে না। আমি এই বিলকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। এই প্রসঙ্গে একটা কথা বলি যে, বিল মন্ত্রী তৈরি করেন না, আমলারা তৈরি করেন। মূল বিল ৮ই মার্চ ১৯৯৪ সালে পাস হয়েছে। তার আগে পঞ্চায়েত অ্যাক্ট এবং রুল পাস হয়েছিল। এখন এই বিলের উপর আলোচনা করতে গিয়ে বিরোধী পক্ষ ধান ভানতে শিবের গীত গাইলেন। এখানে এই "প্রেসক্রাইবড" কথাটা না লেখা থাকলে ওঁরা এতো বাজে কথা বলতে পারতেন না, সরকারকে এত গালাগালি খেতে হত না। সেইজন্য ওঁরা এখানে ধান ভানতে শিবের গীত গাওয়ার সুযোগ পেয়ে গেলেন। যাইহোক পরবর্তীকালে একসঙ্গে এই আইন আনা হয়েছে। মাননীয় সদস্য মানস ভুঁইয়া এবং মান্নান সাহেবে তরুণ দত্তকে নিয়ে পড়লেন। এই ব্যক্তি যখন চিফ সেক্রেটারি ছিলেন তখন ওঁদের মুখ দিয়ে একটা কথাও বার হয় নি।

(এ ভয়েস ঃ সেই সময়ও অনেক কথা বলেছি)

না, একটা কথাও বলেন নি। যখন তিনি চিফ সেক্রেটারি ছিলেন আমি অনেক কংগ্রেসিকে দেখেছি তাঁর কাছে তেল লাগাতে। স্টেট ইলেকশন কমিশন আইনের মাধ্যমে চলবেন, এই ক্ষেত্রে তাঁর নিজস্ব কিছু করার নেই। প্রথমে তো কংগ্রেস এই শেষনের বিরুদ্ধে গিয়েছিল। এখন কংগ্রেস দেখছে কিছু উপায় নেই, তাই শেষনকে নিয়ে তাঁরা নাচছে। প্রথমে শেষনের বিরুদ্ধে তাঁরা বহু কথা বলেছিলেন, তারপর যখন দেখলো শেষনকে বাগে আনা যাবে না তখন তাঁকে তেল লাগাচ্ছেন। যখন দেখছে শেষন লাগাম ছাড়া হয়ে গেছেন, হাতের বাইরে চলে গেছেন তখন তাঁর কাছে গিয়ে তেল লাগাচ্ছেন যেমন মাননীয় নরসীমা রাও শৃংগেরী মঠের শঙ্করাচার্যের কাছে গিয়ে প্রনাম জানালেন। আর হাটে হাঁড়ি ভাঙবেন না। তরুণ দত্ত যেই হোক না কেন তাঁকে তো আইনের মাধ্যমে চলতে হবে। এই জায়গায় বসাতে গেলে অফিসারের অ্যাবিলিটি দেখতে হয়। সরকার অ্যাবিলিটি দেখেছেন, এক্সপিরিয়েন্স দেখেছেন, এই সব দেখে তাঁকে বসিয়েছেন। এই ব্যাপারে আপনাদের আতঙ্কিত হবার কারণ নেই। তবে সরকারি কর্মচারিরা আর কংগ্রেসের পক্ষে যাবে না। যাই হোক আমি কয়েকটি কথা মন্ত্রী মহাশয়ের কাছে রাখতে চাই। স্টেট ইলেকশন কমিশন আপনি করেছেন, সমস্ত দায়িত্ব তাঁকে দিয়েছেন। বিরাট পঞ্চায়েতের নির্বাচনের দায়িত্ব, মিউনিসিপ্যালিটি জনসাধারণের দায়িত্ব এবং

জেনারেল ইলেকশনের দায়িত্ব তাঁর। কিন্তু এই স্টেট ইলেকশন কমিশনের সেই ইনফ্রাস্ট্রাকচার আমরা দেখছি না। আর একটা কথা হলো এখন ডিলিমিটেশন হচ্ছে এই ডিলিমিটেশনের ভিত্তিতে ভোটার লিস্ট তৈরি হচ্ছে। পঞ্চায়েতে নতুন করে ডিলিমিটেশন হচ্ছে। এই ডিলিমিটেশন করার সময় কারো মত নেওয়া হচ্ছে না, কোনও রাজনৈতিক দলের মত নেওয়া হচ্ছে না। বি.ডি.ও-রা বসে সব কিছু করছেন, তাদের উপর সব কিছু দায়িত্ব দেওয়া আছে। গ্রাম পঞ্চায়েত ইলেকশন হবে, সেই ভিত্তিতেই বিধানসভার ভোটার লিস্ট হবে। এই ব্যাপারে তারা কারও কথা শুনছেন না, ডি.এম.-এর কিছু করার নেই। এখানে বলা আছে ডিভিশন অফ এ গ্রাম পঞ্চায়েত Division of a Gram into constituencies, lack of seats, assignment of serial numbers for the constituencies and the seats and reservation of seats. আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছ থেকে জানতে চাই, আশা করি উনি তাঁর জবাবি ভাষণে আমাদের জানাবেন যে, এই যে নতুন ডিলিমিটেশন করা হচ্ছে, পঞ্চায়েত স্তরে এবং বিধানসভার যে ভোটার লিস্ট তৈরি হচ্ছে সেখানে যদি কোনও ভুল থাকে বা জনগণের আপত্তি থাকে তাহলে কার কাছে গিয়ে অ্যাপিল করবে? এই জবাবটা যদি আমি পাই তাহলে খুশি হব। এই কথা বলে বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-15—4-25 p.m.]

**শ্রী নির্মল দাস ঃ** স্যার, এখানে 'দি ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকশন কমিশন' যে বিলটি আনা হয়েছে, আমি প্রথমেই এই বিলটিকে সমর্থন করছি। আমি বুঝতে পারলাম না যে, এখানে কংগ্রেসের পক্ষ থেকে যদিও বলা হয়েছে যে তাঁরা এই মহান কাজ করেছেন, অথচ সমস্ত বক্তব্যটাই রেখেছেন আশঙ্কা প্রকাশ করে, যদির উপরে ভিত্তি করে। এখানে তো ৭৩তম অ্যামেন্ডমেন্ট যেটা বলা হয়েছে সেটা কার্যকর হয়েছে। দ্বিতীয়ত, আপনাদের প্রতি আনুগত্য নেই অতএব যিনি স্টেট ইলেকশন কমিশনার হয়ে আসবেন তাঁর প্রতি নোট অব ইন্টারোগেশন রাখা, এটা তো সাংঘাতিক ব্যাপার। রাজ্যের যে নির্বাচন, বিশেষ করে পঞ্চায়েত, পৌরসভার নির্বাচন পরিচালনার জন্য রাজ্য সরকার যে ব্যবস্থা নিয়েছেন, এখানে সমর্থন না করার কোনও কারণ নেই। ব্যাপারটা হচ্ছে কংগ্রেসের বুট পালিশ যে করবে না, কংগ্রেসকে যারা তৈল মর্দন করবে না তাদের বিরোধিতা করার চেষ্টা করা, এটা অত্যন্ত দুভার্গ্যজনক ঘটনা। আমরা বরঞ্চ খুশি হতাম, যিনি নির্বাচন কমিশনার হয়ে আসছেন, তিনি পারমানেন্ট নন। নির্বাচন কমিশন যাতে পরিচ্ছন্নভাবে নির্বাচন পরিচালনা করতে পারেন, তার জন্য আপনাদের যে ভূমিকা থাকা দরকার, সেই ভূমিকা পালন করবেন এটা আমরা আশা করেছিলাম। কিন্তু তা না করে আপনারা উল্টোপাল্টা কাজ করে যা করছেন সেটা একজন ব্যক্তিকে কেন্দ্র করে করছেন বলে আমি মনে করি। নির্বাচন পরিচালনার ব্যাপারে কংগ্রেসের অতীতে যে সমস্ত রেকর্ড আছে তা আমরা জানি। ওঁদের যাঁরা পছন্দের লোক, ওঁদের অঙ্গুলি হেলনে কাজকর্ম করবেন বলে মনে করেছেন, তাঁদেরই ওঁরা পছন্দ করেছেন। এর আগে অনেক ডি.এম. এবং অনেক মহকুমা শাসকের ভূমিকা সম্পর্কে আমরা জানি। শেযনের ব্যাপারটি হচ্ছে একটা আন্ডারস্ট্যান্ডিংয়ের ব্যাপার। মাঝে মাঝে ওঁরা যেটা দাবি করেন, সমস্তই হচ্ছে সাজানো নাটক। আসল যিনি নাটকের গুরু, নিত্যানন্দ প্রধানমন্ত্রী—তাঁর সঙ্গে ওঁর খুব

ভাল সম্পর্ক। কোথায় যেতে হবে, কোথায় থামতে হবে, সমস্ত ব্যাপারটাই হচ্ছে সাজানো, নাটকীয় ব্যাপার। তাই এখানে রাজ্য সরকার যে ব্যবস্থা নিয়েছেন, আমি বলব একজন কৃতি এবং অভিজ্ঞ অফিসারকে স্টেট ইলেকশন কমিশনার হিসাবে নিয়োগ করেছেন। আমি মনে করি এটা যথাযথ হয়েছে। আমি বিরোধী দলের সদস্যদের বলব, তিনি যাতে নিরপেক্ষ ও পরিচ্ছন্ন নির্বাচন পরিচালনা করতে পারেন তার জন্য তাঁরা সহযোগিতা করুন। নিরপেক্ষ ও পরিচ্ছন্ন নির্বাচন এটা নির্ভর করছে আপনাদের উপরে। আপনারা নির্বাচন কমিশনারের উপরে একটা প্রেসার দিয়ে রেখেছেন, বলছেন যে, আপনাদের কথা যদি না শোনেন তাহলে তাঁকে উল্টে দেবেন। কিন্তু এটা সম্ভব হবে না। আমাদের পিছনে জনসমর্থন আছে। নির্বাচন কমিশনার তরুণ হলেন, না প্রবীণ হলেন সেটি আসল বিষয় নয়। এখানে জনগণ সজাগ। আপনারা কত কায়দা করেছেন এখানে যাতে নির্বাচন ভণ্ডুল করা যায়। আপনাদের অর্জিত পাঁজা হাইকোর্টে গিয়েছিলেন, এইসব আমরা জানি। যখনই দেখেছেন নির্বাচনে বিপর্যয় অবশ্যম্ভাবী, তখনই আপনারা এই সমস্ত কাজ করেছেন। সেজন্য আমরা আশা করব, সংবিধান গৃহীত হবার পর যে নির্দেশ এখানে এসেছে, সেই অনুযায়ী রাজ্য সরকার চলছে। ইনফ্রাস্ট্রাকচারের যে কথা বলছেন, সেই ইনফ্রাস্ট্রাকচার গড়ে উঠবে। ইলেকশন কমিশনার অল্পদিন হল অ্যাপয়েন্টেড হয়েছেন, সুষ্ঠুভাবে সবই গড়ে উঠবে। গণতান্ত্রিক পরিবেশকে বজায় রাখার জন্য যে পরিবেশ দরকার—এটাকে গ্রাস রূট লেভেলে ছড়িয়ে দিতে হবে—তার জন্য রাজ্য সরকার ৭৩তম সংবিধান সংশোধনের জন্য যা গ্রহণ করেছেন সেটাকে আমি মনে করি যথাযথ হয়েছে। এটা যাতে শক্তিশালী হয় তার জন্য আমরা সকলেই সহযোগিতা করব এবং আশা করব যে, আপনারাও সহযোগিতা করবেন। এই কথা বলে আপনাকে ধন্যবাদ জানিয়ে, এই বিলটি যিনি এনেছেন তাঁকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই পশ্চিমবঙ্গে রাজ্য সরকারের নির্বাচনী কমিশন আইনের সংশোধনী এই বিল এখানে যে উত্থাপিত হয়েছে সেই প্রসঙ্গে দু-একটি কথা বলতে চাই। তারপরে বিরোধীদের বক্তব্যের জবাবের ভিত্তিতে কয়েকটি কথা বলব। এই বিলের আইনটি নির্বাচন কমিশন আইনটি পৌরসভা দপ্তর বা পঞ্চায়েত দপ্তরের আইন নয়, এই আইনটা স্বরাষ্ট্র দপ্তরের এবং তাদের পক্ষ নিয়েই এই বিলকে আমরা উত্থাপন করেছি। পশ্চিমবঙ্গে রাজ্য নির্বাচনী কমিশন আইন যখন বিলাকারে পেশ করা হয়েছিল সেই সময়ে আমাদের রাজ্যে বঙ্গীয় পৌর আইন প্রচলিত ছিল তখনও পর্যন্ত ৭৪তম সংবিধান সংশোধন অনুযায়ী পশ্চিমবঙ্গে রাজ্য পৌর আইন তখনও কার্যকর হয় নি। কলকাতা, হাওড়া, শিলিগুড়ি এবং আসানসোল কর্পোরেশন আইন যে আছে সেই আইনের ৭৪তম সংবিধানের সংশোধন রেখে সংশোধন করা হয় নি। সেই কারণে যেসব নির্বাচনী কমিশন আইনের মধ্যে পৌর নির্বাচন পরিচালনা বিষয়ে উল্লেখ করা ছিল। তবে পৌর নির্বাচনগুলো পরিচালিত হত বঙ্গীয় পৌর আইনের দ্বারা বা বিভিন্ন পৌর আইনের দ্বারা। কিন্তু এই আইনগুলো পশ্চিমবঙ্গ পৌর আইন হয়েছে পরে এবং ৭৪তম সংবিধান সংশোধন সঙ্গতি রেখেই যে আইন করেছিলাম সেটা জুন থেকে কার্যকর হয়েছে। সেই সময়ে পৌর আইন সংক্রান্ত যে সমস্ত ব্যবস্থা ছিল এবং নির্বাচন সংক্রান্ত যে সমস্ত বিষয়গুলোর উল্লেখ ছিল সেই বিষয়গুলো ওমিট করে দেওয়া হয়েছে, বাদ দেওয়া হয়েছে। সেই কারণে নির্বাচন কমিশন

আইনের মধ্যে এই পৌর নির্বাচন পরিচালন বিষয়, পৌর নির্বাচন আইনের বিষয়টি এখানে জানবার প্রয়োজন দেখা দিয়েছে। সেই কারণে যে সংশোধনী করা হয়েছে এবং এই সংশোধনীতে বলা হয়েছে যে, প্রতিটি ওয়ার্ডের জন্য একজন করে, এক একটি কনস্টিটিউয়েন্সিতে একজন করে প্রতিনিধি নির্বাচিত হবেন পৌরসভার ক্ষেত্রে কিন্তু পঞ্চায়েতের ক্ষেত্রে দেখা যাচ্ছে যে, যদিও আইনে এটা উল্লেখ করা ছিল কিন্তু তবুও পঞ্চায়েত যেহেতু গ্রাম পঞ্চায়েত লেবেলেই ২টি করে আসন থাকবে সেইজন্য এই আইনটার সংশোধন করবার প্রয়োজন হয়। প্রয়োজন হয়েছে বলেই আমরা একটা বা দুটি পর্যন্ত এই কথাটি উল্লেখ করেছি। এছাড়া অনেকগুলো ক্ষেত্রে বলা হয়েছে যে, স্টেট ইলেকটোরাল কমিশন যখন পৌর বা পঞ্চায়েত নির্বাচন পরিচালনা করবেন তখন তারা স্টেট ইলেকটোরাল কমিশনের যে রুলস সেই মোতাবেকই করবেন এটা হতে পারে না, সেই কারণে আমরা এখানে উল্লেখ করেছি স্টেট ইলেকশন কমিশন যখন পঞ্চায়েত নির্বাচন পরিচালনা করবেন তখন পঞ্চায়েত নির্বাচনের যে রুলস বা পঞ্চায়েত ইলেকশনের যে রুলস সেই রুলস মোতাবেকই করবেন। যখন পৌরসভা বা পৌর কর্পোরেশন নির্বাচন করবেন তখন ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল আইন বা তার রুলস মোতাবেকই করবেন। এই কয়েকটি কারণেই সংশোধন করবার প্রয়োজন দেখা দিয়েছে। এখানে যে মূল আইনের উল্লেখ করা আছে সেটা ঠিকই ৭৩তম সংবিধান সংশোধন অনুযায়ী এই নির্বাচন কমিশন আইন আমরা করেছি। প্রত্যেকটি রাজ্যেই এটা করতে হবে, এটা করতে বাধ্য। এখন থেকে প্রতিটি জেলাতে একজন করে অফিসার থাকবেন তাকে যেমন বলা হবে ডিস্ট্রিক্ট মিউনিসিপ্যাল ইলেকশন অফিসার, তেমনি একজন করে ডিস্ট্রিক্ট মিউনিসিপ্যাল ইলেকটোরাল রেজিস্টার থাকবে। আর থাকবে প্রতিটি মিউনিসিপ্যাল লেবেলে বা প্রতিটি ওয়ার্ড লেবেলে একজন করে রিটার্নিং অফিসার, ঠিক তেমনিভাবে পঞ্চায়েত-এর ক্ষেত্রে থাকবে ডিস্ট্রিক্ট পঞ্চায়েত অফিসার, ডিস্ট্রিক্ট পঞ্চায়েত ইলেকটোরাল রেজিস্ট্রেশন অফিসার। এইভাবেই এই আইনের বিষয়গুলো এখানে উল্লেখ করা হয়েছে।

[4-25—4-39 p.m.]

ঠিক তেমনিভাবে পঞ্চায়েতের ক্ষেত্রে থাকবেন ডিস্ট্রিক্ট পঞ্চায়েত ইলেকশন অফিসার, ডিস্ট্রিক্ট পঞ্চায়েত রেজিস্ট্রেশন অফিসার এবং বিভিন্ন কেন্দ্রে রিটার্নিং অফিসার, এইভাবে আমরা আইনে এই বিষয়গুলি উল্লেখ করেছি। এই কথা বলতে গিয়ে আমাদের বিরোধী সদস্যারা কয়েকটি কথা বলেছেন, যেমন বলেছেন এর পরিকাঠামো তৈরি করা হয়েছে কিনা, আবার বলেছেন অফিস নেই, এই কথাটা সঠিক নয়। নির্বাচন কমিশন হিসাবে যেমন আমরা তরুণ দত্তকে মনোনীত করেছি, ঠিক তেমনিভাবে রাজ্যে নির্বাচন কমিশনের অফিস হয়েছে, ১৮ নম্বর রডন স্ট্রীটে। তাঁর একজন সচিবকে নিয়োগ করা হয়েছে, তার নাম বি. কে. বিশ্বাস, ডেপুটি সচিবও নিয়োগ করা হয়েছে, আরও কয়েকজন কর্মচারীও আছেন। এরপরে দেখছি আরও কয়েকটি কথা কেউ কেউ বলেছেন, দার্জিলিঙে গোর্খা হিল কাউন্সিল নিয়ে। এই রাজ্যে নির্বাচন কমিশনার তারা নির্বাচন পরিচালনা করবেন। শুধুমাত্র পঞ্চায়েত ও পৌর সভায়। দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদের নির্বাচন হবে দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদের যে আইন সেই আইনে। এই কথা বলতে গিয়ে মান্নান সাহেব বলেছেন, আমরা দার্জিলিঙে পঞ্চায়েতি নির্বাচন করছি না, তার কারণ হচ্ছে মূল পার্টি হুমকি দিচ্ছে বলে। কিন্তু এই

*বিষয়টা ঠিক নয়, পঞ্চায়েতের কিছু সংশোধনের প্রয়োজন আছে, সেটা পরবর্তী অধিবেশনে আনব। দার্জিলিং-এ পঞ্চায়েতের ক্ষেত্রে টু টায়ার নির্বাচন হবে, যেহেতু সেখানে থ্রী টায়ার নেই,* জেলা পরিষদকে সমস্ত ক্ষমতা দেওয়া হবে,—দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদকে। সেইজন্য আমরা যেটা চাইছি দার্জিলিঙ গোর্খা পার্বত্য পরিষদ এবং রাজ্য সরকার উভয়ে যদি ঐক্যমতের ভিত্তিতে নির্বাচনের সিদ্ধান্ত করতে পারে তাহলে ভাল, যদি সিদ্ধান্ত আসতে না পারে তাহলে স্বাভাবিকভাবে পঞ্চায়েতি নির্বাচন কার্যকর করা যাবে না। সেইজন্য দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদের সঙ্গে আলোচনা চলছে। আপনারা কেউ কেউ এখানে বলেছেন, গতকালও বলেছেন ডিলিমিটেশন আইন, ডিলিমিটেশনটা এই নির্বাচন কমিশন করবে, ডিলিমিটেশনের কোনও কাজ কোনও পৌরসভায় এটা স্থির হয়নি। পঞ্চায়েতের ক্ষেত্রে ডিলিমিটেশনটা হবে পঞ্চায়েতের আইন অনুযায়ী। সেখানে স্টেট ইলেকশন কমিশনের প্রশ্ন নেই। কিন্তু পৌরসভার ক্ষেত্রে ডিলিমিটেশনটা করবে নির্বাচন কমিশনার, গতকাল এই ব্যাপারে একটা সংশোধনী বিল এখানে পেশ করেছিলাম সেটা গৃহীত হয়েছে। আপনারা একটা ভুল করেছেন, নগরপালিকার উপর আলোচনার জন্য কৃষ্ণনগরে একটা সম্মেলন করেছিলেন, ঐ সম্মেলন করার আগে যদি আপনারা আমাদের কাছে আসতেন, আমার অফিসারদের কাছে কিংবা আমার কাছে আসতেন তাহলে আমরা আপনাদেরকে একটু ট্রেনিং দিয়ে দিতাম, আপনারা নগর পালিকার সম্বন্ধে কিছু জানেন না, ওখানে সি.পি.এম.-এর নামে কয়েকটা গালাগালি করে চলে এলেন, সেখানে কিছু বলতে পারেননি। আপনারা যদি আমাদের কাছে আসতেন তাহলে ভালভাবে বুঝিয়ে দিতে পারতাম। মানসবাবু গতকালও বলেছেন, আবার আজকেও বলছিলেন নগরপালিকা বিল নিয়ে রাজীব গান্ধীর কথা, গান্ধীজীর কথা, আমি গতবারে পুজোর সময় গুজরাটে গিয়েছিলাম, সবরমতি আশ্রমে গিয়েছিলাম—সেখানে পঞ্চায়েতের কাজকর্ম কিভাবে চলছে সেটা দেখবার ভাগ্য কিন্তু তারা আমাকে বললেন গান্ধীজির জায়গাতেই নির্বাচিত পঞ্চায়েত নেই। এই কয়েকটি কথা বলে, এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Ashoke Bhattacharya that the West Bengal State Election Commission (Amendment) Bill, 1994, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 to 4 and Preamble**

The question that clauses 1 to 4 and Preamble do stand part of the Bill, were then put and agreed to.

**Shri Ashoke Bhattacharya :** Sir, I beg to move that the West Bengal State Election Commission (Amendment) Bill, 1994, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় মন্ত্রীর বক্তব্য শুনে আমার খুব হাসি পেল। যে রাজনৈতিক দল কৃষ্ণনগরে নগর পালিকা সম্মেলন করেছে তাদের উনি কটাক্ষ করেছেন। আমাদের পঞ্চায়েতিরাজ সম্মেলন এবং নগরপালিকা সম্মেলন

ওদের আতঙ্ক সৃষ্টি করেছে। ওনার কাছ থেকে আমাদের এইসব ব্যাপারে শিক্ষা নিতে হবে না। যে মিউনিসিপালিটি বিল আপনারা এনেছেন এটা কিন্তু আপনারা আনতে বাধ্য হয়েছেন। আপনাদের নিজের ইচ্ছা অনুযায়ী আপনারা এটা আনেননি, কেন্দ্রীয় মন্ত্রী বক্তৃতা দিতে গিয়ে সেটা ওখানে বলেছেন। আমরা তো জানি পার্লামেন্টের বিলটাকেই আপনারা ফলো করেছেন। মন্ত্রী মহাশয় আপনি জানবেন ছাত্ররা মাস্টারমশাইয়ের কাছে শেখে, কিন্তু মাস্টারমশায়রা ছাত্রদের কাছে শিখতে চায় না। সুতরাং আপনাদের কাছ থেকে আমরা এই ব্যাপারে কিছু শুনতে চাই না। আপনি আজকে বলুন ক্যাটাগরিকালি কোনও মিউনিসিপালিটির ডি-লিমিটেশন এখনো হয়নি, এটা নির্বাচন কমিশন করবেন। আমরা ভেবেছিলাম আমাদের দলের পক্ষ থেকে এই ব্যাপারে মুখ্যমন্ত্রীর কাছে ডেপুটেশন দেব। যেন আমাদেরকে অন্ধকারে রেখে এই ডি-লিমিটেশন না হয়। আপনাদের দলের চেয়ারম্যানরা নিজেদের মধ্যে মিটিং করে এই ডি-লিমিটেশন ঠিক করে নিয়েছে। আপনাদের দলের কিছু কিছু মিউনিসিপালিটি যে মিটিং করেছেন তার প্রসিডিং আমার কাছে আসে। আর দুদিন হাউস আছে আপনি বলুন ডি-লিমিটেশনের ব্যাপারে মিটিং ডাকা হবে। আপনি বলুন ঐগুলো ঠিক হয়নি এবং যেগুলো হয়েছে সেগুলো ঠিক নয়। আমি আপনাকে বলব এবং আপনি পরবর্তীকালে দেখবেন আপনাদের চেয়ারম্যানরা যেগুলো ঠিক করে নিয়েছে সেগুলোই ঠিক হবে। আপনি প্রত্যেকটি মিউনিসিপ্যালিটির চেয়ারম্যানকে নোটিশ দিন কোনও ডি-লিমিটেশন হয়নি, যদি কেউ করে থাকে সেটা অ্যাকসেপ্ট হবে না। অল পার্টি মিটিং এবং ইলেকশন কমিশনের গাইড লাইন মেনে এটা ঠিক হবে। আপনারা একটা যুক্তি দিয়ে বোঝালেন এই কারণে দার্জিলিঙে পার্বত্য পরিষদের নির্বাচন করেননি। আপনারা কিন্তু ঘিসিং-এর চাপে পড়ে পিছিয়ে এসেছেন। ঘিসিংকে তোয়াজ করতে গিয়ে আপনারা সেখানে পঞ্চায়েত নির্বাচন করেননি। ১৯৭২ সালে আপনারা নির্বাচন বয়কট করলেন বলেই তো আমরা তখন পঞ্চায়েত নির্বাচন করতে পারিনি। তাহলে আপনারা কেন আমাদের সমালোচনা করেন। আর আপনি আমাকে একটু ভুল বুঝেছেন আমি পার্বত্য পরিষদের নির্বাচন নিয়ে কোনও কথাই বলিনি।

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** এ বিষয়ে মান্নান সাহেব যা বললেন, গতকাল এই বিষয়টা মানসবাবুও বলেছিলেন, আমি আবার বলছি। ৩১শে আগস্ট পর্যন্ত পৌরসভাকে বলা হয়েছে নতুন করে কোনও এলাকা অন্তর্ভুক্ত করার আবেদন থাকলে করতে পারেন। আমি এটা প্রতিটি পৌরসভাকে দেখিয়েছিলাম। তিন মাসের মধ্যে সমস্ত রকম দেখা হবে তারপর তার ইনক্লুশন হবে। আমরা যা করছি, ওয়ার্ড নোটিফিকেশন আইন অনুযায়ী ইনক্লুশন করেছি। ওয়ার্ড নাম্বার ফিক্স আপ করে দেওয়ার পরে এটা আরও দেরি হবে। পৌরসভাগুলি প্রস্তাব গ্রহণ করবে এবং স্টেট ইলেকশন কমিশনার ডি-লিমিটেশন করার আগে পৌরসভাগুলির মতামত নেবে। চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন স্টেট ইলেকশন কমিশন।

আরেকটা ব্যাপার হচ্ছে মতামত। গতকাল পর্যন্ত যে আইনটা ছিল সেটা হচ্ছে স্টেট ইলেকশন কমিশনার সুয়ো-মোটো নিজেরাই করবে। কতকগুলো আইনের সংশোধনীতে বলেছে, এইগুলো করার আগে মিউনিসিপ্যালিটি একটা মতামত নিতে পারে এবং তাদের বক্তব্য, তাদের মতামত, প্রস্তাব ইলেকশন কমিশনারের কাছে পাঠাতে পারেন। এটা কোনও জায়গায়

দেখাতে পারবেন না ডি-লিমিটেশন দিয়েছি। নির্বাচন যখন জুন মাস নাগাদ আবার হবে তার আগেই আমরা এই সংক্রান্ত সমস্ত বিষয়টা আমাদের এই অল পার্টি মিটিং ডেকে সেই মতামত আমরা নেব। আর গোর্খা পার্বত্য পরিষদ সম্বন্ধে যেটা বললেন ৭৬তম সংবিধান সংশোধনী এবং ৭৪তম সংবিধান সংশোধনীর মধ্যে দু'টো গুরুত্বপূর্ণ বিষয় লেখা আছে। সংবিধানে যাই থাকুক না কেন গোর্খা পার্বত্য পরিষদের আইন, পাওয়ারস অ্যান্ড ফাংশনস এই সংবিধান সংশোধনীর দ্বারা এফেক্ট করা যায় না। অর্থাৎ সাংবিধানিকভাবে গোর্খা পার্বত্য পরিষদ এবং ষষ্ট তফসিলে যে সমস্ত সায়ত্ত্ব-শাসিত পরিষদ আছে, আসাম এইগুলোকে ফুললি প্রটেকটেড করা হয়েছে। কনস্টিটিউশনে বলা হয়েছে ডিস্ট্রিক্ট লেবেলে পঞ্চায়েত ইলেকশন সেখানে হবে না। দু'টো পঞ্চায়েত ইলেকশন হবে, ডিস্ট্রিক্ট লেবেলে সমস্ত ক্ষমতা দেওয়া আছে। গোর্খা পার্বত্য পরিষদ যেখানে তাদের হাতে জেলা পরিষদের ক্ষমতা দেওয়া হয়েছে। সেখানে গোর্খা পার্বত্য পরিষদের মূল শক্তি জি.এন.এল.এফ কে যদি রাজি না করিয়ে নির্বাচনের দিন-ক্ষণ ঘোষণা করে তাহলে সমস্যা দেখা দেবে এবং পঞ্চায়েত পরিচালনা এবং পঞ্চায়েত ফাংশানিং-এর ক্ষেত্রে কিছু অসুবিধা দেখা দিতে পারে। এই জন্য আলাপ-আলোচনা করছি। এই আলাপ-আলোচনার মানে এই নয় যে, কাউকে তেল দেওয়া। এটা আমরা করছি সামগ্রিকভাবে, আমাদের রাজ্যের, দেশের স্বার্থে।

The motion of Shri Ashoke Bhattacharya that the West Bengal State Election Commission (Amendment) Bill, 1974, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 4.39 p.m. till 11.00 a.m. on Thursday, the 22nd September 1994 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Thursday, the 22nd September, 1994 at 11.00 a.m.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 27 Ministers, 13 Ministers of State and 207 Members.

[11-00 — 11-10 a.m.]

### Obituary Reference

**Mr. Speaker :** Hon'ble Members, before taking up the business of the day I rise to perform a melancholy duty to refer to the sad demise of **Shrimati Reba Sen,** member of the erstwhile West Bengal Legislative Council, who breathed her last on the 21st September, 1994 after prolonged illness. She was 73.

Born in 1921 in Calcutta, she was educated at Kamala Girls' H.E.School, Calcutta and Radha Sundari H.E.School and A.M. College in Mymensingh of undivided Bengal. She actively participated in the freedom struggle during British regime and had been associated with the revolutionary out fit, the Jugantar. She had to court prolonged sufferings including detention in prison on this account. She was also connected with many social and political organisations.

She was nominated to the West Bengal Legislative Council as a Congress member in 1962 and held that office till its abolition in 1969.

The State has lost a veteran political leader as well as an ardent social worker at the demise of Smt. Sen.

Now, I would request the Hon'ble Members to rise in their seats for two minutes as a mark of respect to the deceased.

(After two minutes)

Thank you, ladies and gentlemen.

Secretary will send the message of condolence to the members of the bereaved family of the deceased.

(Noise and interruptions)

**Mr. Speaker :** Mr. Abedin, I have called you.

## POINT OF INFORMATION

**ডাঃ জলনাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, কালকে ৬টা পর্যন্ত হাউস চলেছে আপনি দেখেছেন। আপনি এও দেখেছেন আজকের সংবাদপত্রে, মাননীয় মুখ্যমন্ত্রী এখানে আছেন যে উনি সন্ধ্যায় কি ঘটনা ওখানে ঘটিয়েছেন। কালকে উনি এখানে আসেননি, অ্যাসেম্বলি চলছে, আজকে নো কনফিডেন্স মোশন আছে আর উনি পুলিশকে হুকুম দিয়ে দিলেন গুলি করো স্টেশনে ছাত্রদের উপর, সাধারণ যাত্রীদের উপর। আমি আগেও আপনার মাধ্যমে বলেছি, আজকে একবার নয়, এই ১৭ বছর ধরে আমরা দেখতে পাচ্ছি। The Police has been rendered trigger-happy on a trivial and trifle cause. এটা মাননীয় মুখ্যমন্ত্রীর প্রশ্রয় ছাড়া তো হ'তে পারে না, যিনি একাধিকক্রমে হোম মিনিস্টারও বটে। আজকে আমরা জানতে চাই, সামান্য কয়েকদিন আগে পুলিশের যে কনফারেন্স হয়ে গেল তাতে তিনি বললেন যে তিনি গর্বিত পুলিশকে এই অধিকার দিয়েছেন, এই অধিকার দিয়েছেন ইত্যাদি পাল্টা কেউ কেউ আবার ওকে কমপ্লিমেন্ট দিয়েছেন মণীষী বলে। আজকে গোটা পশ্চিমবাংলায় যে অবস্থা দাঁড়িয়েছে, এভরি হয়্যার, এভরি বডি আজকে মানুষ অনিশ্চিত হয়ে গেছে। একসেপ্ট ফর হোম মিনিস্টার হিমসেল্ফ অ্যান্ড নো বডি এল্স। কারণ তাঁর পেছনে ১১টা গাড়ি ছোটে, অথচ এখানে পুলিশ খাতে ৪৪০ কোটি টাকা ব্যয় হয়, তার জন্য হোম মিনিস্টার এবং পুলিশ মন্ত্রীকে রক্ষা করতে পুলিশ ছুটছে। সংবিধানে জীবন নেবার কী অধিকার আছে, মানুষের প্রাণ নেবার কি অধিকার আছে? সংবিধান কি অধিকার দিয়েছে, যে কোনও সময়ে যে কোনও জায়গায়, যে কোনও পরিস্থিতিতে গুলি চলবে? এ মানুষগুলো কোথায়, সুলতান সিং, এই মানুষগুলো নটোরিয়াস। আজকে সবাই স্বভাবতই শুধু উত্তেজিত নয়, মর্মাহতও। নিন্দা উনি কালকে পর্যন্ত করেননি। এখনও একটু নাকি নিম রাজি হয়েছেন জুডিশিয়্যাল এনকোয়ারি দিতে। আজকে কোয়েশ্চেন আওয়ার আছে, আমরা এটা নষ্ট করতে চাইছি না। প্রথম কোয়েশ্চেনে গুলি চালানো সম্পর্কে রয়েছে। আজকে এই কোয়েশ্চেনের উপর ফুল মেজার দেওয়া হোক। আমরা এই প্রশ্নটার উপরই ফুল মেজার দিতে চাই। তারপর আমরা আলোচনায় যাব। আপনি নো কনফিডেন্স মোশন চার ঘন্টা সীমা বদ্ধ রেখেছেন, এটা ছয় ঘন্টা করে দিন এবং আমার নিবেদন মুখ্যমন্ত্রীর কাছে, উনি জুডিশিয়্যাল এনকোয়ারি দেবেন কি না, কারণ অ্যাজ এ হোম মিনিস্টার, তিনি ব্যর্থ। তাঁর বয়স হয়েছে, আমি জানি না, তিনি রিজাইন করতে রাজি আছেন কি না, হোম ডিপার্টমেন্ট তাঁকে ছাড়তে হবে। এই সুলতান সিং একজন নটোরিয়াস লোক, সুলতান সিং ছাড়া অন্য কোনও অফিসার

থাকলে এই ঘটনা ঘটত না। ওখান থেকে তাকে সাসপেন্ড করা হোক। ইউ হোল্ড এ বার, হাউস অব কমন্সে এই রকম একাধিক বিচার হয়েছে। হাউস হ্যাজ টেকেন দি চার্জ অব দি কোর্ট। এই রকম নজির আছে। আপনি সুলতান সিংকে ডাকুন এবং তাকে সাসপেন্ড করুন, যদি চীফ মিনিস্টার না করেন। যারা মারা গেছে, তাদের কমপেনসেশন দিতে হবে, পাঁচ দশ হাজার টাকা নয়, যুবকরা ছাত্ররা তাদের কেউ গুলি করে মারে? অপোজিশনে আমরা ৪২ জন। আজকে I speak with the strength of one crore eight lakh voters who have elected us M.L.As and being the Chief Minister, Jyoti Basu's party has secured one crore fourteen lakh votes only. Difference of six lakh votes only. I speak with the strength and with the blessing and support of one crore eight lakh people. আজকে সেইজন্য আমার দাবিগুলো মুখ্যমন্ত্রীকে দিচ্ছি, কোশ্চেন আওয়ার আমরা নষ্ট করতে চাইছি না। এই কোশ্চেন আওয়ারটা সীমাবদ্ধ রাখুন একটা কোয়েশ্চেনে। মুখ্যমন্ত্রী ঘোষণা করুন জুডিশিয়াল এনকোয়ারি করবেন কি না এবং হোম মিনিস্টার হিসাবে তাঁর পদত্যাগ চাই, সাসপেনশন অব অফিসার অ্যান্ড সুলতান সিং ইন পার্টিকুলার, হি ইজ নটোরিয়াস, এবং কমপেনসেশন, এই পাঁচটি বিষয়ে আমরা অ্যাডিকোয়েট গ্যারান্টি চাই। পলিটিক্যাল সাইডটা হাউজের বাইরে নেব। মুখ্যমন্ত্রী এখানে আছে, উই উইল সি দি অ্যান্ড অব ইট, আমরা নো কনফিডেন্স মোশন দিয়েছি। এই পজিটিভ ঘোষণা আমরা চাই। আরও নক্কারজনক কথা, জলঙ্গীতে পরগুদিন বুভুক্ষু মানুষগুলোর উপর লুঠপাট চলছে, দরজা জানালা লুট করা হচ্ছে, ওখানে অত্যাচার হচ্ছে, মানুষগুলোকে হেল্প দিতে পারছেন না, আপনাদের বলেছিলাম, অল পার্টি ডেলিগেশন পাঠাবার জন্য। আপনি পাঠালেন না। লেট দি চীফ মিনিস্টার অ্যানসার দিজ ফাইভ ডিমান্ডস। তারপর নেক্সট কোর্স আমরা ঠিক করব। আজকে মার্গারেট থ্যাচার ভারতের সম্বন্ধে বলেছেন এবং আমি অ্যাজ ইন্ডিয়ান, আই ফিল প্রাউড, তিনি বলেছেন, "That India was the powerhouse of stability with a non-political, military, an efficient rule of law and strong parliamentary democracy. কারণ জ্যোতিবাবু প্রত্যেক বছর লন্ডন যান। Sir, it is no doubt a complement. But, there should be no blacksheep here. So I would request you not to indulge such thing. The Chief Minister is here. You are the custodian of the House and also of the members. We want to know whether he will accede to the five demands or not?

[11-10 – 11-20 a.m.]

**Mr. Speaker :** Dr. Abedin, if I have understood you clearly, you want from me that today the questions should be taken up and if any question is taken up, that is only the first question. You want the first question to be taken up and after that the question hour be suspended. And your second request is that you want the time allotted for No-confidence to be extended from four hours to six hours and the debate

also be contined for six hours and that debate should continue after the question hour. That is the request—as far as I have understood you.

**Dr. Zainal Abedin :** Sir, there are many instances in other parliaments of the Commonwealth when the House is in session. Today, let the Chief Minister at least make a statement. [At] In the first instance, I have told you that the Chief Minister is present here. Let him answer whether he acceds to the demands of the Opposition or not. This is our first demand. But no other business by dropping this issue. The Chief Minister is here. Let him answer whether he acceds to the demands ?

**Mr. Speaker :** Dr. Abedin, the Chief Minister can answer to your questions in reply to the No-confidence motion. Now can he answer that earlier? (Noise) (At this stage, several Congress (I) Members rose to speak) I am talking to the Leader of the Opposition. In a parliamentary system, you will have to move a motion of No-confidence. The motion is moved first. Then the debate takes place and the Chief Minister replies there all the questions mentioned in the discussion on the No-confidence motion. But how do you take it up independent of the No-confidence motion. And you have just spoken of parliamentary democracy and the praise which Mrs. Margarett Thatcher has given to India. I have had the occasion and pleasure of meeting Margarett Thatcher and also dining with her when the last Commonwealth Conference was held in London. So we are happy that she has praised India—very good. But in a parliamentary system—in a form of debate—questions, answers will take place. How do you expect that the question hour takes place without debate ? where is the system ?

**Dr. Zainal Abedin :** Where is the system in all the parliaments that everyday the Chief Minister, being the Home Minister, has ordered the police to fire on the innocent people ?

**Mr. Speaker :** I am not on that question. That is the administrative matter. I am on the parliamentary side.

**Dr. Zainal Abedin :** Sir, destability is there. The parliamentary system will have to be moulded for the demands of the time and the incidents outside.

**Mr. Speaker :** I am on the parliamentary debate system. I am

not on the administrative side ; what the Chief Minister is doing in his administrative office, it is not our concern. Our concern is about the debate, not the action taken.

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় শিয়ালদহ স্টেশনে গতকাল পুলিশের গুলিচালানোর ঘটনাকে ধিক্কার এবং বিক্ষোভ জানানোর ভাষা আমাদের জানা নেই পুলিশ যেভাবে নির্বিচারে গুলি চালালো তাতে ৬ জনের মৃত্যু হয়েছে এবং গুরুতরভাবে আহত হয়েছে, তারা এখন মৃত্যুর সঙ্গে লড়ছে। শুধু এই ৮ জন গুরুতরভাবে আহত হয়নি ৫০ জনেরও বেশি আহত হয়েছে। পুলিশ কথায় কথায় এইভাবে নির্বিচারে গুলি চালাচ্ছে। আজ পশ্চিমবঙ্গের মানুষের জীবনের কোনও দাম আছে কিনা বামফ্রন্ট রাজত্বে তা জ্যোতিবাবুকে বলতে হবে। কেন পুলিশ এভাবে গুলি চালালো তার বিচার বিভাগীয় তদন্ত চাই। সুলতান সিং যেখানে যান সেখানেই এ ধরনের গন্ডগোল হয়। কেন এই ধরনের ঘটনা ঘটছে তার জবাব আজকে পরিষ্কারভাবে এই হাউসে দিতে হবে বিবৃতি দিতে হবে এবং কথায় কথায় গুলি চালনা বন্ধ হবে কিনা তার জবাব দিতে হবে। পুলিশ এর আগে বীরভূমের হরিহর পাড়ায় এবং তারাপুরে এইভাবে গুলি চালিয়েছে এবং যে কোনও সময়ে যে কোনও স্থানে যে কোনও মেলায়, যাত্রায়, উৎসবে পুলিশ নির্বিচারে গুলি চালাচ্ছে। আজকে রাজ্যে জনগণের জীবনের কোনও নিরাপত্তা নেই। সাট্টা, জুয়া, ডাকাতি, চুরি, ছিনতাই-এ মানুষের জীবন বিপর্যস্ত, অথচ এখানে জনগণের টাকায় পুলিশরাজ চলছে। আজকে হাউসের অন্য কোনও প্রোসিডিংসের আগে জ্যোতিবাবুকে জবাব দিতে হবে। পশ্চিমবাংলার জনগণের দাবি—গতকালের ঘটনার বিচার-বিভাগীয় তদন্ত করতে হবে, অ্যাডিকোয়েট কমপেনসেশন দিতে হবে এবং দোষী পুলিশ অফিসারদের শাস্তি দিতে হবে। গতকালের ঘটনার কোনও সন্তোষজনক জবাব না পেলে হাউস চালাবার কোনও নৈতিক অধিকারই থাকে না। সুতরাং সরকারের এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টিভঙ্গির ওপর সব নির্ভর করছে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের এই সরকারের বিরুদ্ধে নো-কনফিডেন্স মোশন দেয়া আছে রাজ্যের আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটায়। হাউস আগামীকাল হয়ে বন্ধ হয়ে যাবে। আবার কবে হাউস চলবে, আমাদের জানা নেই। যখন এই বিধানসভা চলছে তখন গতকাল অপ্রত্যাশিতভাবে একটা ঘটনা ঘটে গেছে এবং সেটা নিশ্চয়ই আপনি সংবাদপত্রের মাধ্যমে এবং অন্যান্য সূত্রের মাধ্যমে অবগত হয়েছেন। আপনি এটাও নিশ্চয়ই অবগত আছেন যে, বর্তমানে এ রাজ্যে পুলিশ যে কোনও ছোট-খাট আইন-শৃঙ্খলা প্রশ্নের পরিস্থিতিতে মোকাবিলা করার জন্য গুলি চালাতে শুরু করেছে। আপনি আমাদের কাস্টোডিয়ান, আপনি এ বিষয়ে হাউসে আমাদের বলার সুযোগ দিয়ে ভালই করেছেন, কেন না সারা পশ্চিমবাংলার মানুষের এটা জানার প্রয়োজন আছে—বর্তমানে পুলিশের ভূমিকা কোথায় গিয়েছে। আমরা দেখছি গণতান্ত্রিক আন্দোলনের ওপর পুলিশ গুলি চালাচ্ছে। আমরা দেখেছি গত বছর ২১শে জুলাই পুলিশ গুলি চালিয়ে ১২ জনকে খুন করেছে। গত

বছর যখন বারাসাতে আন্দোলন হয়েছিল তখনও পুলিশ গুলি চালিয়েছিল। আমরা সেসব ঘটনার প্রতিবাদ জানিয়েছি। আমরা চাই না বিধানসভায় কোনও গণ্ডগোল হোক, কিন্তু বিধানসভা যখন চলছে তখন পশ্চিমবাংলার ৮ কোটি মানুষের গণতন্ত্র রক্ষিত হবে কিনা, আমরা আমাদের গণতন্ত্রকে পুলিশের হাতে বিসর্জন দিয়ে দেব কিনা, পুলিশকে ভরসা করে বসে থাকব কিনা, এটাই আমরা বিধানসভায় জানতে চাই। আমি অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে চাই যে, এখানে যদি কোনও বিবেকবান মুখ্যমন্ত্রী এখন থাকতেন তাহলে তিনি তাঁর দায়িত্ব এড়িয়ে যেতেন না, তিনি দায়িত্ব কাঁধে নিয়েই বলতেন, 'আমার পুলিশ বার বার মানুষ খুন করছে, আমার পুলিশ বার বার গণতন্ত্র হত্যা করছে, সুতরাং আমি পদত্যাগ করছি।' আজকে এটাই আমরা আশা করেছিলাম। কিন্তু মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির কাছে এটা আশা করা যায় না। ওঁরা ১৭ বছরে ৬০০/৭০০ বার মানুষের ওপর গুলি চালিয়েছে, হাজার মানুষকে খুন করেছে। এমন কি লক্ আপে পর্যন্ত মানুষ খুন করেছে। এর জন্য পশ্চিমবাংলার বৃদ্ধ মুখ্যমন্ত্রীর কোনওরকম বিবেক যন্ত্রণা হয় না। পশ্চিমবাংলায় গণতন্ত্র থাকবে কিনা, আজকে পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী বলুন। আমরা জানি ওঁর কোনওরকম বিবেক যন্ত্রণা নেই। তথাপি ওঁর কাছে আমি দাবি করছি, উনি কলঙ্কের বোঝা মাথায় নিয়ে ক্ষমতা থেকে চলে যান। আমি জানি সংখ্যায় ওঁরা বেশি, সুতরাং নো কনফিডেন্স মোশনের ওপর ভোটে আমরা হেরে যাব। কিন্তু দিস ইজ এ নো কনফিডেন্স মোশন এগেন্সট দি কাউন্সিল অব মিনিস্টারস অ্যান্ড দি চীফ মিনিস্টার মাস্ট টেক দি রেসপনসিবিলিটি। আপনি আমাকে বলতে দিয়েছেন, তার জন্য আপনাকে ধন্যবাদ। বারাসাতে যখন আমার সামনে গুলি চলেছিল তখন আমার বিবেকের দংশন হয়েছিল। এখানে আমার সামনে ১২ জনকে গুলি করে মারা হয়েছিল, আমি নিজের চোখে যে দৃশ্য দেখেছি এবং আমি সে দৃশ্য এখনও ভুলতে পারছি না—মুখ্যমন্ত্রী দেখেননি, তিনি উপভোগ করেছেন। তাই আমি বলছি, আমাদের লীডার যেভাবে যে দাবিগুলো রাখলেন সেভাবে সেই দাবিগুলো মেনে নেওয়া উচিত। আশা করব মেনে নেবেন। ধন্যবাদ।

**Shri Gyan Singh Sohanpal :** Sir, I have heard with attention the observations from the Chair. It appears to me, Sir, that the Chair is confused otherwise why should there be an attempt to confuse the House ? It will be appreciated that when a notice of a no-confidence motion was given, it was not visualised that there would be another firing at Sealdah Station on the day the motion would be taken up for discussion. The no-confidence motion was meant to discuss failures of the Government on various fronts including firing in the State during the past five years.

[11-20 – 11-30 a.m.]

You will kindly recall that during the past five years, 1,084 police firings had taken place. 430 persons had been killed. More than 600

had been injured. Besides those, there were very many other issues [taking this] taken into account. They have given while giving the notice of motion for No-confidence. That had got nothing to do with the extraordinary situation that has subsiquently been created by the police firing at the Sealdah Station. Our Leader has rightly pointed out—which is placed before you, Sir. Five demands must be taken up and he has also submitted that the question hour be taken up. It is only after the question hour is over—that the Chief Minister must speak in respect of five demands which have been placed before you. And thereafter, the No-confidence Motion will be discussed with the submission made by the Leader of the Opposition that the time should be extended for six hours. I would submit that the submission of the Leader of the Opposition be taken into account and let the question hour start.

**Starred Questions**
**(to which oral answers were given)**

### পুলিশ কর্তৃক গুলি চালনা

*৫৬। (অনুমোদিত নং *৫) **শ্রী আব্দুল মান্নানঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা জানুয়ারি ১৯৯৩ থেকে ৩১শে জুলাই ১৯৯৪ পর্যন্ত পুলিশ কর্তৃক গুলি চালনার কতগুলি ঘটনা ঘটেছিল ; এবং

(খ) এই ঘটনায় কত জন পুলিশ ও অন্যান্য সাধারণ মানুষ নিহত হয়েছেন এবং কত জন আহত হয়েছেন?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) ২১২টি।

(খ)

| | নিহত | আহত |
|---|---|---|
| পুলিশ | ১ | ৭৬৫ |
| সাধারণ মানুষ | ৮৪ | ২৫৭ |

(এই সময়ে শ্রী দেবপ্রসাদ সরকার ওয়াক্-আউট করেন)

**শ্রী আব্দুল মান্নানঃ** মাননীয় পুলিশ মন্ত্রী বললেন মাত্র ১৯ মাসে ২১২টি পুলিশের গুলি চালনার ঘটনা ঘটেছে এবং ১ জন মাত্র পুলিশ মারা গেছে এবং তার বিনিময়ে ৮৪

জন মানুষ মারা গেছে এই রাজ্য সরকারের আমলে। আমি জানতে চেয়েছিলাম, ১৯৯৩ সালের ১লা জানুয়ারি থেকে ১৯৯৪ সালের ৩১শে জুলাই পর্যন্ত। আমার স্পেসিফিক প্রশ্নটা ছিল, ১লা জানুয়ারি ১৯৯৩ সাল থেকে ৩১শে জুলাই ১৯৯৪ সাল পর্যন্ত পুলিশের গুলি চালনায় কতজন পুলিশ মারা গেছে এবং কতজন মানুষ মারা গেছে? এখন প্রশ্নটা ২১শে জুলাই ১৯৯৩ সালে কতজন পুলিশ মারা গেছে এবং কতজন মানুষ মারা গেছে?

**শ্রী জ্যোতি বসু ঃ** ২১শে জুলাই ব্যাপারটা কি?

(নয়েজ)

**মিঃ স্পিকার ঃ** আপনার অতিরিক্ত প্রশ্নটা আবার করুন?

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় পুলিশ মন্ত্রী দয়া করে বলবেন কি—১৯৯৩ সালের ১লা জানুয়ারি থেকে ১৯৯৪ সালের ৩১শে জুলাই পর্যন্ত—কলকাতার বুকে অনেক আন্দোলন হয়েছে, বন্ধ হয়েছে, মানুষ বিক্ষোভে ফেটে পড়েছে, তার উপর ভিত্তি করে আপনি হাউসে স্টেটমেন্ট দিয়েছেন—এখন আমার জিজ্ঞাসা কতজন পুলিশ মারা গেছে, কত জন মানুষ মারা গেছে, কতজন ইনজিওর্ড হয়েছে?

**শ্রী জ্যোতি বসু ঃ** ২১শে জুলাইয়ের কথা তো বার বার বলেছি। এখানে আমি প্রথমেই বলেছি যে, আমরা রাইটার্স বিল্ডিংস দখল করতে দেব না, পুলিশ সেটা কাটাবার চেষ্টা করেছে, তাতে আমি অনেক হিসাব দিয়েছি সম্ভবত ২৫০ জন আহত হয়েছে, আর যারা বিরোধিতা করতে এসেছিল তার মধ্যে ১২ জন মারা গেছে। একই কথা কতবার করে বলব? আমি পরিষ্কার করে বলেছি যে বিচার বিভাগীয় তদন্ত আমরা দোব না, কারণ সংসদীয় গণতন্ত্রে নির্বাচন করে রাইটার্স বিল্ডিংসে আসা যায়, নির্বাচন ছাড়া আসা যায় না, সেজন্য বোধ করি কংগ্রেসেরও একটা অংশ এতে অংশ গ্রহণ করেছেন, সবই তো দিয়েছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** আমি কারণ জানতে চাইনি, তথ্যটা জানতে চাইছি। এটা লজ্জাজনক ঘটনা, আপনি যখন এখানে বলতেন এবং মাননীয় ডাঃ রায় ওখানে বলতেন তখন আপনি পুলিশের বিরুদ্ধে কথা বলেই ওখানে গেছেন। আপনার ট্রিগার হ্যাপী পুলিশ ১৯ মাসে ২১২ বার গুলি চালিয়ে মানুষকে মারছে, শুধু কলকাতায় নয়, হরিহরপাড়ায় পুলিশের গুলি চালনার প্রতিবাদে বন্ধ হয়েছিল, আগামীকালও এই পুলিশের বার বার গুলি চালনার প্রতিবাদে বন্ধ হবে। আপনি বলছেন ৭৬৫ জন পুলিশ আহত হয়েছে পুলিশ হাসপাতালে কিন্তু তার কোনও রেকর্ড পাওয়া যায়নি, আপনি পুলিশের এই গুলি চালনা এবং মানুষ খুন বন্ধ করার কি ব্যবস্থা করছেন।

**মিঃ স্পিকার ঃ** মিঃ মান্নান, পুট ইওর কোয়েশ্চেন।

**শ্রী আব্দুল মান্নান ঃ** শান্তিপুরে নিরীহ চাষীরা চাষের জন্য জল চাওয়ায় গুলি চলেছিল,

বীরভূমে ডাক্তারের বদলির প্রতিবাদ করায় গুলি চলেছিল।

[11-30 – 11-40 a.m.]

**শ্রী জ্যোতি বসু ঃ** আমি তো বলেছি দু-একটি ব্যাপারে জুডিসিয়ানে এনকোয়ারী বিচার বিভাগীয় তদন্ত করা হচ্ছে। বালীগঞ্জে নির্বাচনের পর নির্বাচনী এলাকার বাইরে যে ঘটনা ঘটল তার তদন্ত চলছে, আশা করছি শীঘ্র রিপোর্ট পাব। রাইটার্স বিল্ডিং অবরোধ বা দখলের ঘটনার ব্যাপারে ওরা জুডিশিয়াল এনকোয়ারী চেয়েছিলেন, কিন্তু সেটা পার্লামেন্টারী ডেমোক্র্যাসির বিপক্ষে, কারণ জোর করে রাইটার্স বিল্ডিং দখল করা যায় না।

(........নয়েজ অ্যান্ড ইন্টারপশন...........)

**মিঃ স্পিকার ঃ** আপনারা উত্তর শুনতে চান, কি চান না? এভাবে চললে হবে না। আপনারা বসুন।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** আমাদের বিচারে পুলিশ এবং সাধারণ মানুষ সকলেই মানুষ। যেসব ঘটনা ঘটছে এবং মানুষ মারা গেছেন সেসব ঘটনার পেছনে কি কি কারণ আছে যার জন্য পুলিশ গুলি চালিয়েছেন এবং মানুষ মারা গেছেন এটা আমি জানতে চাই।

**শ্রী জ্যোতি বসু ঃ** আপনার এটাই যদি প্রশ্ন হয় তাহলে আলাদাভাবে কেন প্রশ্নটা করলেন না? নির্দিষ্টভাবে যে প্রশ্ন করা হয়েছে তার উত্তর দিয়েছি। রাইটার্স বিল্ডিং দখল করার ব্যাপারে জবাব দিয়েছি। কোথায় কবে কেন গুলি চলেছে আলাদাভাবে জানতে চাইলে লিখে পাঠাবেন, জানিয়ে দেব। তবে বেশিরভাগ ক্ষেত্রে গুলি চলেছে সমাজবিরোধীদের বিরুদ্ধে এবং সবাই যে কংগ্রেসি সেটাও বলছি না।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন করতে চাই যে, গুলি চালাবার হুকুম দেবার ক্ষেত্রে একটা নির্দিষ্ট কোড আছে। ২১২টি কেসে গুলি চালাতে বলেছেন ঐ সময়ের মধ্যে ২১২টি কেসে কত রাউন্ড গুলি চলেছে বলবেন এবং সবটা যদি নাও বলতে পারেন, গুলি চালাবার হুকুম কে দিয়েছেন বলবেন। আপনি নিজে বলেছিলেন যে ২১শে জুলাই, ১৯৯৩ তারিখে গুলি চালাবার পর এখানে বিধানসভার কাছে আমাদের যুব কংগ্রেসের ডেপুটেশনের উপর আবার গুলি চলেছে। এখানে কে গুলি চালাবার হুকুম দিয়েছে সেটা তো বলতে পারবেন? এবং গুলি চালাবার পর পুলিশের প্রশংসা করেছেন একথা কি জানা আছে?

**শ্রী জ্যোতি বসু ঃ** কি যে প্রশ্ন! কি জিজ্ঞাসা করছেন বুঝতে পারলাম না। কয়েক বার—দু'শবার অর্ডার দিয়েছে গুলি চালনার এবং সব জায়গাতেই কেউ না কেউ অর্ডারটা দিয়েছেন বলেই গুলি চলেছে। কিন্তু দু'শবারের লিস্টটা তো সঙ্গে আনিনি। নির্দিষ্টভাবে জিজ্ঞাসা করা উচিত ছিল যে, কারা কারা কোথায় কোথায় গুলি চালনার অর্ডার দিয়েছেন।

**ডাঃ জয়নাল আবেদিনঃ** ২১শে জুলাই তারিখেরটা তো বলতে পারবেন?

**শ্রী জ্যোতি বসুঃ** আপনি বলেছেন, আমি নাকি গুলি চালাবার অর্ডার দিয়েছি। এর কি উত্তর দেব! কংগ্রেসিরা অসত্য কথা বলেন এটা জানি, কিন্তু বিরোধী দলের নেতা হয়ে যদি এভাবে অসত্য কথা বলেন! এটা কল্পনারও বাইরে। আপনারা চাইছেন সংবাদপত্র এটা বলুক যে, মুখ্যমন্ত্রী অর্ডারটা দিয়েছেন। আমি বাড়িতেই ছিলাম না, জানতে পারলাম ঘটনা ঘটে যাবার পরে। জানবার আগেই ঘটনাটা ঘটে গেল। তথ্য না জেনে লিডার অব দি অপোজিশন এটা কি করে বলেন? এই হচ্ছে কংগ্রেস দল। এই মানুষ হচ্ছে কংগ্রেসের লিডার অব দি অপোজিশন, আমি কি করব।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন প্রায় দুই শতবার গুলি চালাতে হয়েছে। অনেক সময়ে কংগ্রস দল থেকে প্রোভোকেশন সৃষ্টি করা হয়, বিভিন্ন চোর-ডাকাত ধরতে গুলি চালাতে হয়। কাজেই এই ধরনের কোনও প্রযুক্তি ব্যবহার করা যায় কিনা, যেমন—জল কামান যাতে মৃত্যুর হার কমানো যায়। এই বিষয়ে আপনি কিছু চিন্তা করছেন কিনা জানাবেন কি?

**শ্রী জ্যোতি বসুঃ** আমি এই ব্যাপারে দিল্লির কাছ থেকে খোঁজ-খবর নিয়েছি। এক এক জায়গায় ব্যবহার করা হয়েছে বলে আমাকে জানানো হয়েছে। তবে যদি বোমা ছোড়া হয়, পাইপগান ব্যবহার করা হয় তাহলে আমার মনে হয় জল কামান দিয়ে এগুলি ঠেকানো কঠিন।

**শ্রী সৌগত রায়ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, আপনি কবলেছেন যে জানুয়ারি থেকে আজ পর্যন্ত ২১২টি গুলি চলেছে এবং তাতে একজন পুলিশ এবং ৮৪ জন সাধারণ মানুষ মারা গেছে। এরআগে আপনি একটি প্রশ্নের উত্তরে বলেছিলেন যে ১৯৮৮ সাল থেকে ১৯৯৩ সাল পর্যন্ত এক হাজার ৮৪ বার গুলি চলেছে এবং তাতে ৪১৩ জন লোক মারা গেছে। তাহলে দেখা যাচ্ছে যে ৬।। বছরে ১২ শত ৯৬ বার গুলি চলেছে এবং টোটাল পিপল কিল্ড ইন লাস্ট সিক্স অ্যান্ড হাফ ইয়ার ইন পুলিশ ফায়ারিং ৪৯৭ জন। এই ৪৯৭ জন লোক যেখানে মারা গেছে তার মধ্যে একটা হচ্ছে পুলিশ, আর ৪৯৬ জন হচ্ছে সাধারণ মানুষ। এতগুলি ঘটনার পরে মাত্র তিনটি জায়গায় এখন পর্যন্ত জুডিশিয়াল ইনকোয়ারির অর্ডার দেওয়া হয়েছে। গতকাল শিয়ালদায় গুলি চলেছে এবং এখন পর্যন্ত ৬ জন মারা গেছে বলে জানা গেছে এবং ৫০ জনেরও বেশি আহত হয়েছে। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে জিজ্ঞাসা করতে চাই, এই যে পুলিশ ঘন ঘন গুলি চালাচ্ছে এবং প্রাকটিক্যালি অ্যাভারেজ দাঁড়াচ্ছে যে প্রায় প্রতি মাসে ১৫টি করে গুলি চালাবার ঘটনা ঘটছে। আমি মুখ্যমন্ত্রীর কাছে স্পেসিফিকভাবে জানতে চাই, এইগুলি চালানো ঘটনা এবং শিয়ালদায় গতকালের ঘটনার পরে আপনি কি একথা মনে করছেন যে আপনার পুলিশ আজকে ট্রিগার হ্যাপী হয়ে গেছে? আপনার প্রশ্রয় পেয়ে বিনা প্ররোচনায় যথেষ্ট কারণ না থাকা সত্ত্বেও পুলিশ এই যে গুলি

চালাচ্ছে, এটা নিয়ন্ত্রণ করার জন্য, পুলিশ অ্যাকশন সম্পর্কে ওভার অল জুডিসিয়াল কমিশন বসাবেন বা অন্য কোনও ব্যবস্থা নেবেন যাতে আপনার পুলিশ নিরীহ মানুষকে গুলি না করে যেমন—২১শে জুলাই গুলি করে ১৩টি তাজা প্রাণ নিয়েছিলেন?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমি মনে করি এই সবটা জড়িয়ে ৪শত, ৫ শত জুডিশিয়াল ইনকোয়ারী করা যায় না। বিশেষ কতবিশেষ ক্ষেত্রে কতকগুলি আমরা করছি, আর কতকগুলি আমরা করছি না। আমি আবার বলছি যে ২১শে জুলাই যেটা হয়েছিল সেটাতে আমরা করিনি, শতবার চাইলেও আমরা করব না। আর শিয়ালদা সম্পর্কে আমার কাছে রিপোর্ট আসতে আরম্ভ করেছে, আমি দেখব কি করা যায়। কালকে আমি আমার রিঅ্যাকশন বলেছি। সংবাদপত্রে অনেক কিছু বেরিয়েছে। তারপরে কংগ্রেসের কি ভূমিকা ছিল, সেখানকার ইউনিয়নের কাছ থেকে প্রতিবাদ এসেছে। সেখানে কংগ্রেসের ইউনিয়ন আই. এন. টি. টি. ইউ. সি'র পক্ষ থেকেও তারা বলেছে যে আমাদের উপরে হামলা হয়েছে, হকার্সদের উপরেও হামলা হয়েছে। অনেক যাত্রী ছিল তারাও মারা গেছে বলে খবর এসেছে। একজনকে এখনও আইডেনটিফাই করা যায়নি। এই সব সম্পর্কে জবাব দেব। কিন্তু আপনারা বলছেন যে পদত্যাগ করুন। পদত্যাগ করলে জবাব কে দেবে?

[11-40 – 11-50 a.m.]

**শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পুলিশের গুলি চালনার ফলে মানুষের মৃত্যু খুবই দুঃখজনক ব্যাপার। আপনি বলেছেন ২১২ বার গুলি চলেছে। এখন পরিস্থিতি দিনের পর দিন জটিল হয়ে যাচ্ছে। এখন আর আগের মতো অবস্থা নেই। সামাজিক অর্থনৈতিক অবক্ষয় চলছে, সামাজিক টেনশন বাড়ছে। এই পরিবর্তিত অবস্থার মধ্যে দাঁড়িয়ে বর্তমানে নির্দিষ্ট ঘটনাগুলি যে ঘটছে সেই ঘটনাগুলিকে ফেস করার জন্য পুলিশদের মধ্যে প্রয়োজনীয় শিক্ষা ব্যবসথার কোনও কর্মসূচি আপনার বিবেচনার মধ্যে আছে কি? এই যে ২১২ বার গুলি চলল তার মধ্যে কতকগুলি রাজনৈতিক কারণে এবং কতগুলি সমাজবিরোধীদের ঠেকাবার জন্য এই সংখ্যা থাকলে বলবেন?

**শ্রী জ্যোতি বসু ঃ** না, ট্রেনিং-এর ব্যবস্থা নেই। তবে পুলিশের আলাদা বাহিনী করতে হচ্ছে মাঝে মাঝে এই রায়টের অবস্থা ঠেকানোর জন্য। এই কথা ঠিক যে সব সময় বলা হয় একেবারে অনিবার্য কারণ না হলে গুলি যেন না চলে। এই ইন্সট্রাকশন সাধারণভাবে দেওয়া আছে। আর এই বিষয়ে এর বেশি কিছু বলার নেই। এই যে সমস্ত ঘটনা বলা হচ্ছে এর বেশির ভাগ ক্ষেত্রে সমাজবিরোধীরা রয়েছে। এনকুয়ারী সব ক্ষেত্রে হয়েছে। কিছু ক্ষেত্রে অ্যাডমিনিস্ট্রেটিভ এনকুয়ারী হয়েছে, কিছু ক্ষেত্রে জুডিশিয়াল এনকুয়ারীর নির্দেশ দেওয়া হয়েছে। অ্যাডমিনিস্ট্রেটিভ এনকুয়ারীর সঙ্গে জুডিসিয়াল এনকুয়ারী হতে পারে। জুডিসিয়াল এনকুয়ারীর রিপোর্ট যেটা আসবে সেটা আমাদের দেখতে হবে। আর এই ব্যাপারে নতুন করে কি বলার আছে? যদি সমাজবিরোধীরা এই ভাবে ঘটনা ঘটায় তাহলে তাদের যদি কোনও উপায় না

*থাকে তাহলে কি করবে? তারা নিজেদের আত্মরক্ষার জন্য, সরকারি সম্পত্তি রক্ষার জন্য তাদের যদি গুলি চালাতে হয় তাহলে কি করবে? গুলি চালানো নিশ্চয়ই উচিত নয়, এই বিষয়ে সন্দেহ কি আছে?*

**শ্রী নরেন হাঁসদা ঃ** এই কথা ঠিক যে পুলিশদের যখন রাইফেল দেওয়া হয় তখন তাদের ট্রেনিং দেওয়া হয়। স্বরাষ্ট্র মন্ত্রী বলেছেন ২১২ বার গুলি চলেছে আর লোক খুন হয়েছে ৮৪ জন। অর্থাৎ গুলি চালিয়েও খুন করতে পারেনি। যারা খুন করেছে তাদের কতজনকে পুরস্কৃত করা হয়েছে, তাদের কতজনকে প্রোমোশন দেওয়া হয়েছে যারা খুন করতে পারেনি তাদের কতজনকে ডিমোশন দেওয়া হয়েছে এটা আমি জানতে চাই?

**মিঃ স্পিকার ঃ** নট অ্যালাউড।

**শ্রী আবু আয়েস মন্ডল ঃ** ওনারা এখানে বারে বারে ২১ জুলাই-এর ঘটনার কথা বলছেন, স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে প্রশ্ন জিজ্ঞাসা করার আগে আমি একটা কথা বলতে চাই। আজ পর্যন্ত যত ঘটনা ঘটেছে, কুমারগঞ্জ, গোপালগঞ্জ, উত্তর বারাসাত এই সমস্ত জায়গায় ওরা প্রথমে পুলিশের উপর সিরিয়াস আক্রমণ করেছেন। ওই ২১শে জুলাই সৌগতবাবু মঞ্চের উপর দাঁড়িয়ে বলেছিলেন—সমস্ত কাগজে বেরিয়েছে—আমাদের ৬০ হাজার, ওদের ২০০০, আক্রমণ চালাও। আমি স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে জানতে চাই ওঁরা এই যে গণতন্ত্রের নামে ভয়ঙ্কর অবস্থার সৃষ্টি করছে, গণতন্ত্রকে ধ্বংস করার চক্রান্ত করছে এই ব্যাপারে আপনি কোনও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করছেন কিনা জানতে চাই।

**মিঃ স্পিকার ঃ** নট অ্যালাউড।

[11-50 – 12-00 Noon.]

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে প্রশ্ন করতে চাই যে, সেদিন ২১শে জুলাই যেগুলি চালানো হল এবং ১২টি প্রাণ গেল এবং যেখানে গুলি চালানো হয়েছে সেটা রেড রোডে, যেখানে আশেপাশে কোনও সরকারি অফিস নেই বা কোনও দোকান নেই, এবং ওই গুলি চালানোর পরে ওই ১২টা বডির একটা বডি পাওয়া গেল মহামেডান স্পোর্টিং ক্লাবে এবং আরেকটি বডি পাওয়া গেল চেম্পোতে বিকলাঙ্গ অবস্থাতে। অমার প্রশ্ন সেই কারণে যে এই যে গুলি চালনা পুলিশ সেদিন সেটা কি তাদের সঙ্গ হয়েছিল?

**শ্রী জ্যোতি বসু ঃ** ২১ তারিখে কোনও উপায় ছিল না পুলিশের কাছে। আমরা আপনাদের রাইটার্স বিল্ডিংস দখল করতে দেব না যতক্ষণ না নির্বাচন হচ্ছে।

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন হচ্ছে যে, শিয়ালদহ এলাকায় আমরা দীর্ঘদিন ধরে লক্ষ্য করছি যে ওখানে একটা বিশেষ রাজনৈতিক আশ্রিত সমাজবিরোধীর ডেন হয়ে রয়েছে। ইতিপূর্বে বিভিন্ন সময়ে বিভিন্ন ঘটনার মধ্যে দিয়ে আমরা

দেখেছি এই রাজনৈতিক আশ্রিত সমাজবিরোধীদের কার্যকলাপ। শিয়ালদহ স্টেশনে এবং টিকিট পরীক্ষার যে ব্যাপার, যেখানে ভলেনটিয়ার নিয়োগ করা হয় সেখানে এই একটি বিশেষ রাজনৈতিক আশ্রিত সমাজবিরোধীরা সুযোগ পেয়ে থাকে এবং গতকালের ঘটনাও তারই ফলশ্রুতি। এই জায়গাটা এমন একটা জায়গা যেকোনও সময়ে যে কোনও ঘটনা ঘটে যেতে পারে। সুতরাং এটাকে রেড অ্যালার্ট জোন হিসাবে ব্যবহার করবার জন্য আপনি কলকাতা পুলিশকে অনুমতি দিয়েছেন কিনা এবং স্পেশ্যাল ভিজিলেন্স রাখার কোনও ব্যবস্থা করছে কিনা?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমি বলব, আমাদের সব রিপোর্ট আসছে। অনাস্থা প্রস্তাবের উপরে বক্তব্য রাখবার সময়ে আমি সব বলব। এখন পর্যন্ত যা খবর পেয়েছি তাতে ওখানে যেসব হকার্স ছিল তারা মারধোর খেয়েছে। ওখানে কংগ্রেস ইউনিয়নের হকার্সও ছিল, তারা শুধু বলেছিল যে তাদের উপরে এইভাবে হামলা হলে তারা ট্রেন বন্ধ করে দেবে, পুলিশের বিরুদ্ধে হামলা করার কথা কিছু বলেনি। আমি সমস্ত বিষয় খবর পেয়ে উত্তর দেব।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** এই ঘটনা যখন ঘটল আমি তখন সেখানে, আমি একটা মিটিং করছিলাম এবং দেখলাম ঘটনাটা। পরে ইউনিয়নের সঙ্গে আলোচনাও করলাম। আমি যা দেখলাম তাতে পরিষ্কারভাবে বলা যেতে পারে এটা ঠিক জালিয়ানওয়ালাবাগের ঘটনার মতো এখানে ঘটল। আপনারই মদতপুষ্ট সুলতান সিং, যিনি এখন বেলে পোস্টেড, কিন্তু আপনারই ট্রেন্ড এবং আপনাকেই সার্ভ করেন, তিনি কোলাপসিবিল গেট বন্ধ করে দিয়ে গুলি চালালেন। আপনারা নিজেদের কিছু গুন্ডা বাহিনীকে কুলি করে ওখানে পাঠিয়েছেন। রেলের তো লাল ড্রেস পরা কুলি। আর আপনারা নীল, সবুজ এইসব রঙ্গের জামা পড়া কুলি নামিয়েছেন। এইভাবে সিপিএমের গুন্ডাবাহিনীকে দিয়ে নীল সবহুজ ড্রেস পরিয়ে কুলি বানিয়ে চালিয়ে দিচ্ছেন। আসলে আগামী ২৪ তারিখে হকার্স উচ্ছেদ করবার কথা সেই কারণে আগেভাগেই এইভাবে হামলা করে একটা নাটকীয় ঘটনা ঘটানো হল এবং গুন্ডাবাহিনী নামানো হল। লগন দেওয়া সিংয়ের গুন্ডাবাহিনী দিয়ে এইসব কাজ করানো হল এইসমস্ত বিষয়ে আপনার কী মতামত?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমার যা বলার পরে বলব, ইতিমধ্যে কংগ্রেস লীডার প্রদীপ ঘোষের কাছ থেকে খোঁজ নিয়ে নেবেন।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আমি একটি অতিরিক্ত প্রশ্ন করতে চাই। গতকাল যে ঘটনা ঘটল তা একটা মর্মান্তিক ঘটনা এবং এই ঘটনার মূল নায়ক হচ্ছে শান্তিপুর কলেজের শঙ্কর চক্রবর্তী মহাশয়।

এই শঙ্কর চক্রবর্তীর সম্বন্ধে আমি জানি। বিশ্বভারতীর নিমাইসাধন বসুর নাম ভাঙিয়ে জাল সার্টিফিকেট ইস্যু করে কাজ থেকে টাকা নিয়েছেন, এই নিয়ে শান্তিনিকেতনে বহু হৈচৈ

হয়েছে, একজন অধ্যাপক রিসার্চ করার নাম করে একটা শিক্ষা প্রতিষ্ঠান বিশ্বভারতী সঙ্গে রবীন্দ্রনাথের নাম, সেখানে এই রকম অসামাজিক কাজকর্ম করতে পারে। তাই আমি আপনার কাছে ক্যাটিগোরিকালি প্রশ্ন করতে চাই এই অধ্যাপক সমাজে ইনি একটি কলঙ্ক। এই শঙ্কর চক্রবর্তী মহাশয়কে কালকের ঘটনায় যিনি মূল নায়ক তাকে গ্রেপ্তার করার পরিকল্পনায় আছে কিনা জানাবেন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** এই প্রশ্নের কি উত্তর দেব। উনি সুনির্দিষ্ট যে প্রশ্ন করেছেন সেই ব্যাপারে বলি, আমার কাছে যা রিপোর্ট এখন অবধি এসেছে তাতে তাকে পাওয়া গিয়েছে, তাকে গ্রেপ্তার করা হয়েছে। তবে ঐ প্রফেসর হচ্ছেন কংগ্রেসের লোক। একেবারে দুর্নীতিগ্রস্ত, সৌগতবাবুর বন্ধু।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই, প্রায় ১২ শতবার গুলি চলেছে, সাড়ে ৬ বছরে। ২১২ বার গুলি চালিয়েছে আপনার পুলিশ ১৯ মাস এর মধ্যে ২১শে জুলাই এর ঘটনার সম্বন্ধে আপনি বলছেন রাইটার্স বিল্ডিং দখল করতে গেলে পুলিশ গুলি চালাবে, ভাল কথা। আপনার কাছে আমার জিজ্ঞাস্য ২১শে জুলাই ১২ জন লোক মারা গিয়েছে আপনার হিসাবে, আমরা জানি ১৩ জন মারা গিয়েছে। আপনি ভুল তথ্য দিয়েছেন হাউসকে। পুলিশ বাহিনীর বিরুদ্ধে যারা রাইটার্স বিল্ডিংস দখল করতে গিয়েছিল তাদের আক্রমণে আপনার কতজন পুলিশ বোমায়, পাইপ গানে আহত হয়েছে বা মারা গিয়েছে, আপনি এই ব্যাপারে হাউসকে মিসলিড না করে সত্য ঘটনা পরিবেশন করুন।

**শ্রী জ্যোতি বসু ঃ** এর উত্তর তো আগেও দিয়েছি। স্বরাষ্ট্র দপ্তর এর যখন বাজেট হয়, আমার যতদূর মনে পড়ে তখন বলা হয়েছিল ৫৩ জন থেকে ৬০ জন পুলিশ আহত হয়েছিলেন। বোমা, পিস্তল, পাইপ গান এর আঘাতে পুলিশ আহত হয়। বিপ্লব করতে গেলে আরও অস্ত্র আনতে হবে। পাইপ গান দিয়ে দখল করে নেবেন রাইটার্স বিল্ডিংস, এই জিনিস চলে না, এতে হবে না।

**শ্রী দীপক সেনগুপ্ত ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমার একটি অতিরিক্ত প্রশ্ন আছে, একদিকে যেমন সমাজবিরোধীদের অত্যাচারে পুলিশকে গুলি চালাতে হয়েছে, তেমনি এই পুলিশকে কোনও কোনও সময়ে তথাকথিত শান্তিপ্রিয় গণতান্ত্রিক আন্দোলনকে হিংসাশ্রয়ী আন্দোলনে পরিণত করবার জন্য পুলিশকে গুলি চালাতে হয়েছে কিনা, হয়ে থাকলে এই ধরনের গণতান্ত্রিক আন্দোলন উদ্যোগী কারা ছিলেন?

**শ্রী জ্যোতি বসু ঃ** আগে রিপোর্ট পাইতো, তারপর বলব। কি করে বলব রিপোর্ট না এলে। তবে প্রফেসর গ্রেপ্তার হয়েছ, অন্যান্যরা যারা ছিল সংগঠিত হয়ে তাদেরকে আমরা চিহ্নিত করতে পারিনি। ঐ এলাকায় সমাজবিরোধী যারা ঘোরাফেরা করেন তারা হচ্ছেন কংগ্রেসের। ওদের কংগ্রেসের একজন রেলওয়ের লিডার, তিনি সেখানে বলেছেন আমরা রেল

বন্ধ করে দেব যদি এইভাবে সমাজবিরোধীরা আমাদের উপর আক্রমণ করে। একটা ঘটনার উপর নির্ভর করে কিছু বলা যাবে না, আমাকে সবটা দেখে বিচার করতে হবে।

[12-00 – 12-10 p.m.]

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী একটা প্রশ্নের উত্তর দিতে গিয়ে বলেছেন বিরোধীদলের নেতা অসত্য কথা বলেছেন এবং রাগত স্বরে উনি বলেছেন বিরোধী দলের নেতার যদি এই অবস্থা হয় তাহলে কি উত্তর দেব। বিরোধীদলের নেতা খুব ক্যাটাগরিক্যালি বলেছিলেন যে সমস্ত গুলি গুলো চলেছে সেই গুলি চালানোর নির্দেশ কে দিয়েছে। আপনি তো নির্দেশ দেননি, কিন্তু কোন স্পেসিফিক অফিসার গুলি চালানোর নির্দেশ দিয়েছিল এবং কোন ক্ষেত্রে আপনি তাদের জাস্টিফাই করেছেন আর যদি জাস্টিফাই না করে থাকেন তাহলে সেই কনসার্নড অফিসারের বিরুদ্ধে ডিপার্টমেন্টাল কি অ্যাকশন নিয়েছেন।

**শ্রী জ্যোতি বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ব্যাপারে আপনি হাউসের রেকর্ডটা দেখে নেবেন আমি কি বলেছিলাম, বিরোধীদলের নেতা পরিষ্কারভাবে বলেছেন যে আমি গুলি চালাবার অর্ডার দিয়েছি। এটা তো অসত্য কথা। আমি রাত নটার সময় ঘটনাটা জেনেছিলাম। আমি তখন এক জায়গায় ছিলাম, আমি ডাক্তার দেখাতে গিয়েছিলাম। সেখানে তখন রাত্রিবেলায় আমার কাছে খবরটা আসে। তিনটের সময় ঘটনাটা ঘটেছে। সেই প্রফেসর নানান লোক জড়ো করেছে, তারপর টীয়ার গ্যাস, গুলি, লাঠি চলেছে। তারপরে আমি রিপোর্ট পেয়েছি। তবে বিরোধীদলের নেতাকে আমি বক্তব্য প্রত্যাহার করতে বলছি না। কারণ ভবিষ্যত প্রজন্মের এটা দেখা উচিত বিরোধীদলের নেতা কি ধরনের কথা বলেছিলেন।

**শ্রী শক্তি বল ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি ২১২ বার এই রাজ্যে গুলি চলেছে এবং তার মধ্যে ৯০ ভাগ জায়গায় সমাজ বিরোধীরা জড়িত এবং আমি আপনার কাছে এই প্রশ্নটা করতে চাই, এইসব সমাজ বিরোধীরা যাতে করে কোনও রকম উস্কানিমূলক কাজ না করে বা উত্তেজনা সৃষ্টি না করে, অশান্তি সৃষ্টি করতে যাতে না পারে তার জন্য পূর্বাহ্নে কিছু ব্যবস্থা গ্রহণ করা যায় কিনা এবং সেই ৯০ ভাগ সমাজ বিরোধীদের বিরুদ্ধে কি শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করেছেন? শিয়ালদহের ঘটনায় সমাজ বিরোধীরা জড়িত আছে কি না এবং সেইসব লোকেদের বিরুদ্ধে কি কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী জ্যোতি বসু ঃ** শিয়ালদহের সম্বন্ধে সব রিপোর্ট এখনও পাইনি। আশা করি এগুলো বিকেলের মধ্যে পেয়ে যাব, পরে আলোচনার সময় জানাব। এই সমাজ বিরোধীদের জন্য আমাদের সাবধানতা অবলম্বন করতে হবে। কিন্তু দুর্ভাগ্যবশত তাদের পিছনে কিছু কিছু ক্ষেত্রে কংগ্রেসিরাও আছে, তারা উস্কানি দিয়েছে। আমাদের সেদিকে নজর রেখে চলতে হবে।

**শ্রী সাধন পান্ডে ঃ** স্যার, মাননীয় মুখ্যমন্ত্রীর বক্তব্য শুনে মাঝে মধ্যে সত্যিই আমরা অবাক হয়ে যাই। শ্যামপুকুর সাট্টার ব্যাপার নিয়ে সি. পি. এমের লোকেরা থানা আক্রমণ

করল, তাহলে সমাজ বিরোধীদের নিয়ে কারা চলে? লালবাজার থেকে মাত্র ১৮ কিলোমিটার দূর, যেখানে রশিদ খানের বাড়ি সেখান থেকে সারা পশ্চিমবাংলায় বোমার মশলা সাপ্লাই হত, তাহলে সেই ঘটনার সঙ্গে কি আমরা যুক্ত? মেয়ো রোড যেটা রাইটার্স থেকে দেড় কিলোমিটার দূর সেখানে মানুষ মারা গেল, অথচ উনি বলছেন তারা রাইটার্স দখল করতে এসেছিল। আমাদের লীডার বলেছেন মুখ্যমন্ত্রীর পদ থেকে নয়, হোম মিনিস্টারের পদ থেকে উনি পদত্যাগ করুন। স্যার, পুলিশ মন্ত্রী হিসাবে উনি জবাব দেবেন, এতগুলো লোক মারা গেল প্রত্যেকটি ক্ষেত্রে গুলি মাথায় লেগেছে, বুকে লেগেছে এবং পেটে লেগেছে পায়ে লাগেনি, এই হচ্ছে ড্রামা।

আপনি কি কোনও দিন কোনও অফিসারকে ডেকে বলেছিলেন, তোমাদের শাস্তি হওয়া দরকার। কোনও পায়ে গুলি না করে বুকে মাথায় গুলি করেছেন? পায়ে গুলি করার নির্দেশ দেওয়া সত্ত্বেও কেন পুলিশ এখনও বুকে মাথায় গুলি করছে? আপনি তো উত্তর দিয়েছেন। কিন্তু কালকেও মাথায় গুলি করা হয়েছে। এর জুডিসিয়ারি এনকোয়ারী হওয়া দরকার। আমার প্রথম প্রশ্ন পুলিশ মন্ত্রী হিসাবে আপনি পুলিশ কর্তাদের বলেননি কোনও বুকে মাথায় গুলি করো না? এই প্রশ্ন কি আপনি পুলিশের কর্তাদের করেছেন? এটা জানতে চাই।

**শ্রী জ্যোতি বসু ঃ** সাধারণভাবে পুলিশের নিয়ম হচ্ছে—এটা বারে বারে তাদের বলতে হয় যাতে করে সব ঠেকানো যায়। তাদের আহত করতে পারে কিন্তু উপর দিকে গুলি যাতে না হয়, মৃত্যু যাতে না হয় সেটা বলে দেওয়া হয়েছে। কিন্তু সব ক্ষেত্রেই যে রক্ষিত হয়েছে এটা বলতে পারি না।

**শ্রী নির্মল মুখার্জি ঃ** মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে প্রশ্ন, গতকাল যে ঘটনা ঘটে গেল শিয়ালদায়, সে সম্বন্ধে ইস্টার্ন রেলওয়ের অথরিটি বিশেষত শিয়ালদা ডিভিসনের অথরিটির কাছ থেকে এ সক্রান্ত কোনও রিপোর্ট পাওয়া গেছে কিনা, গেলে সেটা কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** না এখনও পর্যন্ত অথরিটির কাছ থেকে কোনও রিপোর্ট পাওয়া যায়নি, বিকেলের মধ্যে পাওয়া যাবে, পাওয়া গেলে আমি আপনাদের জানাব।

**শ্রীমতী সাবিত্রী মিত্র ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী ১৭ বছর আগে যখন আপনি ক্ষমতায় এসেছিলেন তখন বলেছিলেন যে, গণতান্ত্রিক আন্দোলনের উপর আপনি গুলি চালাবেন না। কিন্তু নদীয়াতে আমরা দেখলাম পুলিশ কৃষকদের উপর নির্বিচারে গুলি চালিয়েছে, বারাসাতে, কুমারগঞ্জে এবং ২১ জুলাই কলকাতায়ও পুলিশ গুলি চালিয়েছে। আজকে ছাত্র, কৃষক, সাধারণ মানুষের উপর আপনার পুলিশ গুলি চালাচ্ছে। তাই আমি আপনার কাছে জানতে চাই, এই যে পুলিশ গুলি.চালাচ্ছে, আপনি কি এই গুলি চালনাকে সমর্থন জানান? যদি সমর্থন না করেন তাহলে আজকে যে সমস্ত পুলিশ অফিসার গুলি চালিয়েছেন তাদের প্রতি আপনি কি কি শাস্তিমূলক ব্যবস্থা নেবার কথা আপনি বলেছেন? আপনি বলেছেন, পায়ে গুলি মারা উচিত

বুকে গুলি মারা উচিত নয়। তা সত্ত্বেও আপনার পুলিশ বুকে গুলি মারছে। তাহলে কি এটা আমাদের মানতে হবে যে পশ্চিমবঙ্গের প্রশাসনে পুলিশ পুলিশমন্ত্রীর কথা শোনে না?

**শ্রী জ্যোতি বসু ঃ** পুলিশের সব কিছু ইনকোয়ারী হচ্ছে। যেখানে শাস্তি দেবার সেখানে আমরা শাস্তি দিয়েছি, যেখানে শাস্তি দেবার নয় সেখানে দিইনি। রিপোর্টে যেটা করার সেটা করেছি।

**শ্রী সমর হাজরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী বলেছেন যে, ১৯৯৩-৯৪ সালে ৮৪ জন সাধারণ মানুষ এবং ১ জন পুলিশ মারা গেছে। এরা কি সরকারি সুযোগ পেয়েছে, যদি পেয়ে থাকে তাহলে কি ধরনের সুযোগ পেয়েছে?

**শ্রী জ্যোতি বসু ঃ** অঙ্কের হিসাবটা আমার কাছে নেই, চাইলে দিতে পারি, অনেকবার দেওয়া হয়েছে।

**শ্রী সুভাষ নস্কর ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয় আমার একটা অতিরিক্ত প্রশ্ন ১৯৮৩ সালে পুলিশ বাসন্তিতে গুলি চালিয়েছিল। মাননীয় মুখ্যমন্ত্রীকে জানিয়েছিলাম নিরপেক্ষ তদন্তের নির্দেশ দিতে। তিনি শাস্তি দিয়েছিলেন এবং ক্ষতিপূরণের ব্যবস্থা করেছিলেন। আমার নির্দিষ্ট প্রশ্ন এই ক্ষেত্রে, যদি প্রমাণিত হয় পুলিশের গুলি চালনাটা অপরাধ সেখানে ক্ষতির পরিমাণ কি ভাবে ঠিক করেন আর যেখানে পুলিশ বাধ্য হয়ে গুলি চালায় সেখানে কি ভাবে ক্ষতির পরিমাণটা ঠিক করেন?

**শ্রী জ্যোতি বসু ঃ** না, এই ভাবে নয়। অনেক জায়গায় অপরাধের ক্ষেত্রে মামলা হয়েছে, গন্ডগোল চলছে। কিছু কিছু ক্ষেত্রে মানবতার দিক থেকে বিচার করে তাদের কিছু কিছু পয়সা-কড়ি দিয়েছি ; এতে নির্দিষ্ট কোনও নিয়ম নেই যে দিতেই হবে।

[12-10 – 12-20 p.m.]

**শ্রী বুদ্ধদেব ভকত্ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন, গত ১৯৯২-৯৩ সাল থেকে আমাদের ঝাড়গ্রাম মহকুমায় ঝাড়খন্ডি এবং কংগ্রেসিদের দ্বারা ২০ জন মানুষ মার্ডার হয়েছেন, মারা গেছেন এবং এই ঝাড়খন্ডি ও কংগ্রেসের গুন্ডারা পাশের রাজ্য বিহার থেকে এখানে আসে রাত্রের অন্ধকারে ও অতর্কিতে তারা খুন করে চলে যায়। আমার এলাকায় আজ পর্যন্ত একটারও অ্যারেস্ট করতে পারেনি। আমার প্রশ্ন, বিহারের সরকারের সঙ্গে যোগাযোগ করে কি ভাবে উক্ত খুনিদের অ্যারেস্ট করা যায় তারজন্য কোনও পরিকল্পনা করেছেন কিনা? গত পরশুদিন রাত্রে বেলপাহাড়ির সোঁদাপাড়ায় এরকমভাবে একজনকে গুলি করে খুন করা হয়েছে। এ সম্পর্কে বিহার সরকারের সঙ্গে যোগাযোগ করে যাতে উক্ত আসামীদের ধরা যায় তারজন্য কোনও পরিকল্পনা করবেন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** এসব প্রশ্ন এর থেকে আসে না। তবুও প্রশ্ন করছেন, স্পিকার

মহাশয় অ্যালাউ করছেন, আমি বলছি। এটা ঠিকই ঝাড়খন্ডিদের বিহারে ওদের শক্তি বেশি আছে বলে ওখানের সঙ্গে যোগাযোগ করে আমাদের পশ্চিমবঙ্গে গন্ডগোল সৃষ্টি করে, ওখানকার ঝাড়খন্ডি যারা আছে, এ কংগ্রেসের দোসর তারা। তবে বিহারের সঙ্গে যোগাযোগ মাঝেমাঝে করেছি। আরও কটা করতে হবে। কারণ ঐ দিক থেকে সব লোক চলে আসে।

**শ্রী দেওকিনন্দন পোদ্দার ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে আমি একটি নির্দিষ্ট প্রশ্ন করছি। ২১শে জুলাই যে গুলি চালানো হ'ল তার হুকুম কে দিল? গণতান্ত্রিক আন্দোলনে আইন অমান্যে মানুষকে যদি ধরা হয় তাহলে রাইটার্সের নির্দেশ ছাড়া ছাড়া যায়না—আমার ২৫/৩০ বছরের অভিজ্ঞতা এটাই। এই গুলি চালানোর নির্দেশ গণতান্ত্রিক আন্দোলনকে আটকাবার জন্য সেটা কার নির্দেশে রাইটার্স বিল্ডিং থেকে দেওয়া হয়েছে? পুলিশ, প্রশাসন কিম্বা মুখ্যমন্ত্রী নিজে কিম্বা মুখ্যমন্ত্রীর দপ্তর থেকে হুকুমটা দিয়েছেন কিনা দয়া করে সেটা মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** তাহলে শিয়ালদহ হচ্ছে গণতান্ত্রিক আন্দোলন। আর ২১শে জুলাই যেটা হয়েছিল এই ৩০ বার আমি বললাম যে গণতান্ত্রিক আন্দোলন করে রাইটার্স বিল্ডিং দখল করা বোমা ছুঁড়ে, পাইপগান ব্যবহার করে, মানুষকে উত্তেজিত করে—এটাকে আমরা, আমাদের সরকার গণতান্ত্রিক আন্দোলন মনে করে না। এটা অগণতান্ত্রিক আন্দোলন। কংগ্রেসের এক অংশের নেতৃত্ব থেকে এটা করা হয়েছে। সেই অফিসারের নাম আমার মনে নেই।

(গোলমাল)

অফিসার সেখানে অর্ডার দিয়েছিল আর কোনও উপায় না থাকাতে। লালাবাজারের সঙ্গে কন্টাক্ট করে গুলি চালানোর অর্ডার হয়েছিল।

## Starred Questions
### (to which written answers were laid on the Table)

### কলকাতার পরিবেশ দূষণ রোধে মাস্টার প্ল্যান

*৫৭। (অনুমোদিত নং *৮৮) **শ্রী তপন হোড়ঃ** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কলকাতা শহরের পরিবেশ দূষণ রোধ করতে একটি মাস্টার প্ল্যান রচনা করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত মাস্টার প্ল্যানের রূপরেখা কি?

**পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ও (খ) উদ্যোগ নেওয়া হয়েছে।

## উগ্রপন্থীদের বিরুদ্ধে এ-রাজ্যে ভিন্ন রাজ্যের পুলিশী অভিযান

*৫৮। (অনুমোদিত নং *৩৫) **শ্রী ফজলে আজিম মোল্লা ও শ্রী আব্দুল মান্নান ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত পাঁচ বছরে পাঞ্জাব, আসাম বা অন্য রাজ্যের উগ্রপন্থীদের ধরতে সংশ্লিষ্ট রাজ্যের পুলিশ কর্তৃপক্ষ এ-রাজ্যে কোনও অভিযান চালিয়েছিলেন কি না ;

(খ) চালিয়ে থাকলে, সংশ্লিষ্ট রাজ্যের পুলিশ-কর্তৃপক্ষ রাজ্য সরকারের নিকট আগাম কোনও অনুমতি নিয়েছিলেন কি না ; এবং

(গ) ঐ ধরনের অভিযানের ব্যাপারে রাজ্য সরকার সংশ্লিষ্ট রাজ্য সরকারদের বা কেন্দ্রীয় সরকারের নিকট কোনও প্রতিক্রিয়া জানিয়েছেন কি না এবং জানালে তা কি?

**স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) কেবলমাত্র পাঞ্জাব পুলিশ অভিযান চালিয়েছিলেন।

(খ) ১০টি অভিযানের মধ্যে ৪টি অভিযানে রাজ্য সরকারের অনুমতি আগে নেওয়া হয়নি।

(গ) হ্যাঁ।

রাজ্য সরকার কেন্দ্রীয় সরকার ও পাঞ্জাব সরকারের নিকট ক্ষোভ জানিয়ে।

## পতিত জমিতে বনাঞ্চল

*৫৯। (অনুমোদিত নং *১২৪) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** বন-বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পতিত জমিতে বনাঞ্চলে উন্নয়ন করার ব্যাপারে রাজ্য সরকার কোনও পরিকল্পনা গ্রহণ করেছেন কি না ; এবং

(খ) করে থাকলে, কেন্দ্রীয় সরকারের তরফ থেকে এই পরিকল্পনার জন্য কোনও আর্থিক সাহায্য পাওয়া গিয়েছে কি?

**স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ।

**মন্ত্রী ও বিধায়কদের বার্ষিক আয়/সম্পত্তির হিসেব**

***৬০।** (অনুমোদিত নং *১৬১) **শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায়ঃ** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) রাজ্যের সমস্ত মন্ত্রী ও বিধায়কদের বার্ষিক আয়, সম্পত্তি এবং দায়-এর হিসেব বিধানসভায় দাখিল করার ব্যাপারে সরকার কোনও সিদ্ধান্ত নিয়েছেন কি?

**স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

না। তবে রাজ্যে সমস্ত মন্ত্রীদের প্রতি বৎসর ৩১শে মার্চের মধ্যে মুখ্যমন্ত্রীর নিকট নিজ নিজ সম্পত্তি ও দায়-এর হিসেব পেশ করার ব্যবস্থা আছে।

**পুরুলিয়ার গ্রামীণ জল সরবরাহ প্রকল্প**

***৬১।** (অনুমোদিত নং *৬১) **শ্রী সুরেন্দ্রনাথ মাঝি ঃ** জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় বর্তমান বছরে নতুন কোনও গ্রামীণ জল সরবরাহ প্রকল্পের পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কোথায় এবং প্রকল্পের বর্তমান রূপ কি?

**জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) বলরামপুর এবং তৎসংলগ্ন মৌজার জন্য একটি গ্রামীণ জলসরবরাহ প্রকল্প পরিকল্পনার পর্যায়ে আছে। কুমারী বাঁধের জল এই প্রকল্প ব্যবহারের যথাযথ অনুমতির জন্য সেচ ও জলপথ বিভাগকে লেখা হয়েছে।

**গয়েশপুরে বারোমাসা বাঁধ**

***৬২।** (অনুমোদিত নং *২২০) **শ্রী অজয় দে ঃ** গ্রামীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) শান্তিপুর থানার গয়েশপুর অঞ্চলে বারোমাসা বাঁধ নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, সেটি বর্তমানে কোন পর্যায়ে আছে?

**গ্রামীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) হাজারতলা থেকে গয়েশপুর বটতলা পর্যন্ত যোগাযোগকারী (এপ্রোচ) বাঁধ ও বারোমাসা স্লুইস গেট নামে একটি স্কীম ১৯৯৪-৯৫ সালের বার্ষিক পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়েছে।

## TADA Detenues

***63.** (Admitted Question No. *43) **Shri Gyan Singh Sohanpal :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) the total number of persons arrested in West Bengal under Terrorist Disruptive Activities (Prevention) Act since its enactment ;

(b) the total number of TADA detenues in West Bengal jails as on date ;

(c) how many among those mentioned in(b) were booked by Calcutta Police ; and

(d) whether persons arrested in connection with the Bowbazar bomb blast have also been included among those mentioned in (c) ?

**Minister-in-charge of the Home (Police) Deptt.**

(a) 537

(b) 12 (twelve)

(c) 6 (six)

(d) Yes.

## রঘুনাথপুরে জলসরবরাহ প্রকল্প

**৬৮।** (অনুমোদিত নং *১১২) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** গত ২৪।২।৯৪ তারিখে প্রদত্ত *১৯৬ নং (অনুমোদিত প্রশ্ন নং *৬৬৭) প্রশ্নোত্তরের পরিপ্রেক্ষিতে জনস্বাস্থ্য কারিগরি বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় রঘুনাথপুর এলাকায় পাণীয় জলসরবরাহ-প্রকল্পের ব্যাপারে নিযুক্ত পরামর্শদাতার প্রতিবেদনের যে প্রতিলিপি পাঠানো হয়েছিল তার উপর ফেডারেল রিপাবলিক অব জার্মানীর কোনও প্রতিক্রিয়া পাওয়া গেছে কি না ; এবং

(খ) পেলে, তা কি?

**জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) পরামর্শদাতা-সংস্থার অন্তবর্তী তথ্যের ভিত্তিতে এবং রাজ্য সরকারের সঙ্গে আলোচনাক্রমে জার্মান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক (কে. এফ. ডব্লু) ভুগর্ভস্থ জলের অবস্থান এবং ঐ জলের গুণগতমান আরও পরীক্ষা নিরীক্ষার জন্য একই পরামর্শদাতা সংস্থাকে (কনসালটেন্ট) নিযুক্ত করেছে। এই নিযুক্তির উদ্দেশ্য হল পুরুলিয়া জেলার রঘুনাথপুর এলাকার সঙ্কটজনক জলের উৎস সম্পর্কে আলোকপাত করা। এই পরামর্শদাতা সংস্থা সংশ্লিষ্ট প্রকল্পের অনাময় এবং স্বাস্থ্যশিক্ষা বিষয়ে প্রতিষ্ঠানিক কাঠামো নিরূপণ করবে এবং এরই সাথে স্থানীয় বেসরকারি সংস্থার এই বিষয়ে যোগ্যতাও পরিমাপ করবে। এছাড়া কে. এফ. ডব্লু. এই সংস্থাকে এই প্রকল্পের পরিচালন ও রক্ষণাবেক্ষণের খরচ সুবিধাভোগী কর্তৃক বহনের সম্ভাব্যতা যাচাই করতে বলেছে। পরামর্শদাতার দল এখনও কাজ চালিয়ে যাচ্ছে।

## জওহর রোজগার যোজনা

*৬৫। (অনুমোদিত নং *৯) **শ্রী আব্দুল মান্নান ঃ** গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি ঃ

(ক) ১৯৯৩-৯৪ আর্থিক বছরে কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে জওহর রোজগার যোজনার খাতে কত অর্থ বরাদ্দ করেছেন ;

(খ) বরাদ্দকৃত অর্থের মধ্যে কত পরিমাণ অর্থ ৩১.৩.৯৪ তারিখ পর্যন্ত রাজ্য সরকার পেয়েছেন ; এবং

(গ) ঐ সময়ে হুগলি জেলা পরিষদ ঐ বাবদ কত অর্থ পেয়েছে?

**গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৩-৯৪ আর্থিক বছরে কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে জওহর রোজগার যোজনার মূল খাতে ২১৩৯০.২২ লক্ষ টাকা বরাদ্দ করেছে।

(খ) বরাদ্দ কৃত অর্থের মধ্যে ১৯৪৭৮.১১ লক্ষ টাকা ৩১.৩.৯৪ তারিখ পর্যন্ত রাজ্য

সরকার পেয়েছেন।

(গ) ঐ সময়ে হুগলি জেলা পরিষদ উক্ত খাতে ১৩৬৬.১৭ লক্ষ টাকা পেয়েছে। তার মধ্যে ১৫৯২.৯৪ লক্ষ টাকা কেন্দ্রীয় সরকার থেকে পাওয়া।

**রাজ্যে রিভার অ্যাকশন প্ল্যান**

***৬৬।** (অনুমোদিত নং *১২৫) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এ পর্যন্ত রাজ্যে কতগুলি নদীতে রিভার অ্যাকশন প্ল্যানের আওতায় আনার প্রস্তাব করা হয়েছে ; এবং

(খ) তন্মধ্যে কতগুলির ক্ষেত্রে অনুমোদন পাওয়া গেছে?

**পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

এই রাজ্যে দামোদর নদকে National River Action Plan-এর আওতায় আনার প্রস্তাব করা হয়েছে।

এযাবৎ কোনও নদীর ক্ষেত্রেই অনুমোদন পাওয়া যায়নি।

**সাট্টার আড্ডায় পুলিশি অভিযান**

***৬৭।** (অনুমোদিত নং *১০৬) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বৌবাজারে বোমা বিস্ফোরণের পর কলকাতা পুলিশ শহরের বিভিন্ন এলাকায় সাট্টা-জুয়ার আড্ডায় বিশেষ অভিযানের কর্মসূচি নিয়েছে ; এবং

(খ) সত্যি হলে

(১) ৩১শে মার্চ, ১৯৯৪ পর্যন্ত পুলিশ কতগুলি অভিযান চালিয়েছে ;

(২) অভিযানগুলিতে কতজন ব্যক্তি ধরা পড়েছে ; এবং

(৩) ধৃত ব্যক্তিদের মধ্যে কত জনের বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগ আনা হয়েছে?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) (১) ৯৪২ টি।

(২) ২,১৮৮ জন।

(৩) ৬৮ জনের বিরুদ্ধে।

**পার্বত্য অঞ্চলে পঞ্চায়েত নির্বাচন**

***৬৮।** (অনুমোদিত নং *১৬৩) **শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

ঘোষণানুযায়ী দার্জিলিং জেলার পার্বত্য অঞ্চলে পঞ্চায়েত নির্বাচন ১৯৯৪ সালে অনুষ্ঠিত হবে কি না?

**পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

দার্জিলিং জেলার পার্বত্য অঞ্চলে পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত হওয়ার বিষয়ে কোনও সরকারি ঘোষণা করা হয়নি। সুতরাং এই সম্বন্ধে কোনও বিশেষ দিন বা সময় স্থির করার প্রশ্ন এখনই উঠছে না।

**শব্দদূষণ**

***৬৯।** (অনুমোদিত নং *২৪৯) **শ্রী অজয় দে :** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতাসহ ভারতবর্ষের বিভিন্ন প্রধান শহরে শব্দদূষণ-সংক্রান্ত কোনও পরিমাপ তালিকা আছে কি না ;

(খ) থাকলে, তা কি ; এবং

(গ) শব্দদূষণ-রোধে রাজ্য সরকার কি কি ধরনের ব্যবস্থা গ্রহণ করেছেন?

**পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

হ্যাঁ।

(খ) ও (গ) এই প্রশ্ন দুটির উত্তর সভায় উপস্থাপিত করা হল।

**শব্দদূষণ সংক্রান্ত পরিমাণ তালিকা**

| শহর | আবাসিক এলাকা | | বাণিজ্যিক এলাকা | | শিল্প এলাকা | | শব্দহীন এলাকা | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | দিঃ৫৫* | রাঃ৪৫* | দিঃ৬৫* | রাঃ৫৫* | দিঃ৭৫* | রাঃ৭০* | দিঃ৫০* | রাঃ৪০* |
| কলকাতা | ৭৯ | ৬৫ | ৮৭ | ৬৭ | ৭৮ | ৬৭ | ৭৯ | ৬৫ |

| শহর | আবাসিক এলাকা | | বাণিজ্যিক এলাকা | | শিল্প এলাকা | | শব্দহীন এলাকা | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | দিঃ৫৫* | রাঃ৪৫* | দিঃ৬৫* | রাঃ৫৫* | দিঃ৭৫* | রাঃ৭০* | দিঃ৫০* | রাঃ৪০* |
| দিল্লি | ৬০ | — | ৭১ | — | ৭৩ | — | ৬৫ | — |
| মাদ্রাজ | ৬৬ | ৪৮ | ৭৮ | ৭১ | ৭১ | ৬৬ | ৬৩ | ৪৯ |
| ব্যাঙ্গালোর | ৬৭ | ৫০ | ৭৬ | ৫৭ | ৭৪ | ৫৩ | ৬৭ | — |
| হায়দ্রাবাদ | ৬৫ | ৪৬ | ৭৬ | ৬৫ | ৭০ | ৫৬ | ৭০ | ৫৬ |
| জয়পুর | ৬৬ | ৪৬ | ৭৭ | ৭২ | ৬৯ | ৬৩ | ৭১ | ৬০ |

শব্দদূষণরোধ Calcutta Police এবং Subarban Police Act. অনুযায়ী পুলিশ প্রশাসন সচেষ্ট আছেন এবং শব্দদূষণ আইন লঙ্ঘনের জন্য পুলিশ কর্তৃপক্ষ জানুয়ারি '৯৪ থেকে জুন '৯৪ এই ছয়মাসে ৩৪১০ জন ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজ্জু করেছেন এবং প্রত্যেককেই শাস্তি দেওয়া হয়েছে।

শব্দদূষণ রোধে বিবাদিবাগ রাইটার্স বিল্ডিং, রাজভবন, হাইকোর্ট বিধানসভা ভবন এবং কলকাতা পৌরসভার মধ্যে অবস্থিত হাসপাতালগুলির আশেপাশে ১০০ মিটার এলাকাকে শব্দহীন এলাকা বলে ঘোষিত হয়েছে।

কলকাতার সমস্ত সরকারি ও বেসরকারি বাস, ট্রাক ইত্যাদি যানবাহন হতে এয়ার বর্ন কলকাতা পুলিশের হস্তক্ষেপে সরানো হয়েছে।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** I have received one notice of Adjournment Motion from Shri Saugata Roy on the subject of reported police firing at Sealdah Station on 21.9.94.

The Member will get ample opportunity to raise the matter during the discussion of Motion of No-confidence in the Council of Ministers today.

I, therefore, withhold my consent to the Motion.

The Member may, however, read out the text of the Motion.

**Shri Saugata Roy :** Mr. Speaker Sir,

This Assembly do now adjourn its business to discuss a definite

matter of urgent public importance and of recent occurrence, namely—

The Police firing in Sealdah Station yesterday in which 6 persons were killed and at least 40 persons were injured, most of them ordinary, innocent passengers and students. The incident took place after a college teacher was detained by a ticket collector and a section of the crowd went on a rampage and caused damage to the R.P.F. and catering booths and furniture and other equipment at the station. The incident has once again demonstrated the tigger-happy nature of the police in West Bengal. A students' strike has been called in the State against the firing; we demand a judicial enquiry into the firing and adequate compensation to the families of those killed and injured.

## CALLING ATTENTION

**Mr. Speaker:** I have received three notices of Calling Attention on the following subjects, namely—

| | |
|---|---|
| i) Reported death of Six persons by police firing at Sealdah Station on 21.9.94 | : Shri Gyan Singh Sohanpal, Shri Sukumar Das, Shri Sailaja Das, Shri Tapan Hore, Shri Saugata Roy, Shri Abdul Mannan, Shri Nirmal Das, Shri Manohar Tirkey, Shri Chowdhury Md. Abdul Karim Shri Ajoy De and Shri Lakshman Chandra Seth |
| ii) Reported untrace of a patient from Nilratan Sarkar Hospital | : Shri Sushil Biswas |
| iii) Urge for construction of a bye-pas from Ganrapota to Petrapol in North 24-Parganas District | : Shri Bhupendranath Seth |

I have selected the notice of Shri Bhupendranath Seth on the

subject of urge for construction of a bye-pass from Ganrapota to Petrapol in North 24-Parganas district. The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** The Statement will be made on tomorrow.

**শ্রী সুব্রত মুখার্জিঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা পয়েন্ট অব ইনফরমেশন আপনার কাছে রাখছি। গতকাল যে ঘটনা ঘটেছে, নক্কার জনক ঘটনা ঘটেছে যেভাবে নির্বিচারে গুলি চালানো হয়েছে, আজকে সকালেও আমার কাছে সংবাদ এসেছে, আরও তিন জন মারা গেছে, আরও মরতে চলেছে এবং পুলিশ তাদের ডেড বডিগুলো গায়েব করার চেষ্টা করছে। আমি এখনই এন. আর. এস. থেকে আসছি, আরও মারা যাবে, কারণ ৫০-৬০ জন সিরিয়াসলি ইনজিয়োর্ড, পুলিশ ডেড বডিগুলো লুকোবার চেষ্টা করছে। এখানে স্বাস্থ্যমন্ত্রী আছেন, তাঁকে বলি ওখানে রক্ত পাওয়া যাচ্ছে না, ডাক্তাররা অ্যাটেন্ড করছে না। এই নারকীয় ঘটনার প্রতিবাদে আমরা আগামী কাল সকাল ছয়টা থেকে ২৪ ঘন্টা বন্ধ ডেকেছি। আমার অনুরোধ আপনি আগামীকাল এখানে কোনও কাজকর্ম রাখবেন না। আপনি কৌশল করে মন্ত্রীকে বলে দিলেন ভূপেন শেঠের উত্তর আগামী কাল দেবেন। কালকে হাউস বন্ধ থাকুক। আমরা ২৪ ঘন্টার বন্ধ ডেকেছি। আমরা খবর পেয়েছি যে কালকের বন্ধ প্রতিরোধ করার জন্য সি. পি. এম. এর ক্যাডার বাহিনী রাস্তায় নামাচ্ছেন। যদি এই জিনিস হয় তাহলে রক্ত গঙ্গা বইবে পশ্চিমবাংলার বুকে।

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** The Minister-in-charge of the Home (Police) Department will make a statement on the subject of reported death of one person and serious injury to two others from fire at Brindaban Basak Lane in North Calcutta under Jorabagan P.S. (Attention called by Shri Ambica Banerjee and Shri Deba Prasad Sarkar on the 16th September, 1994.

**Shri Jyoti Basu :** Mr. Speaker, Sir, I rise to make the following statement in response to the Calling Attention Notice given by Sarbashrre Deba Prasad Sarkar and Ambica Banerjee, regarding an incident of burning of slum in Brindaban Basak Street of North Calcutta because of fire in an adjacent godown of Kerosin Oil on the 15th September, 1994.

Enquiry reveals that in the evening of September 15, 1994, one Kerosene Oil Tanker bearing No.WMQ-5766 parked in front of a shop

at 5, Brindaban Basak Street, Calcutta-700 005, to deliver kerosene oil. There was no electricity in the shop at that time. The nephew of the owner named Matadin Show was supervising the decantation of kerosene oil under the light of a kerosene lamp. All on a sudden, the kerosene lamp fell from his hand on to the rubber delivery pipe and in the process fire broke out in the oil tanker which quickly grew in size and moments thereafter engulfed the adjacent bustee.

20 fire tenders were pressed into service to extinguish the fire. The operation was supervised by the Director of fire Services. At about 22.30 hrs. the fire was completely extinguished. One charred body identified as Jiban Kumar Roy, aged 70 years was recovered from the debris of the bustee. Matadin Show, nephew of the owner of the shop and one Ashoke Ram, an employee of the said shop received server burn injuries. Subsequently, Matadin show succumbed to burn injuries in hospital.

As a result of the fire, 12 huts were gutted including the kerosene oil shop. One Printing Press owned by Kashi Nath Das, one tailoring shop and one gold-smith shop were also gutted. Altogether 65 inhabitants of the bustee were evacuated and given shelter temporarily at Oriental Seminary School at 465, Rabindra Sarani. They were later shifted to the C.M.C School at Brindaban Basak Street.

A case has been registered at Jorabagan PS on September 16, 1994, against the owner of the shop, and others. investigation in the case is proceeding.

[12-20 – 1-00 p.m.] (Including adjournment)

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now the Minister-in-charge of the Home (Police) Department will make a statement on the subject of reported assault on Hon'ble Judge of the Family Court by some lawyers on the 14th September 1994.

(Attention called by Shri Dipak Mukherjee on the 19th September, 1994)

**Shri Jyoti Basu :**

Mr. Speaker, Sir,

I rise to make the following statement in response to the Calling

Attention Notice given by Shri Dipak Mukherjee regarding the assault on Hon'ble Justice S.N. Ganguly, Hon'ble Judge of the Family Court by Congress(I) supported Lawyers on the 14th September, 1994, and steps taken by the Government.

After several years, the much needed Family Court was notified by the State Government and was scheduled to start operation from September 12, 1994. A programme for inauguration was accordingly drawn up at 4.00 P.M. on September 12, 1994, on the first floor of the new building of Bankshall Court. Several dignitaries were invited to attend the programme. However, the formal inauguration was cancelled. The Court commenced functioning as scheduled at 10.30 A.M. on Septebmer 12, 1994. Mr. Justice S. N. Ganguly presided.

At 1.30 P.M. when Mr. Justice Ganguly was in his chamber, a group of advocates led by Shri Ashok Deb, Advocate and Shri Debyendu Biswas, a Lawyer of Alipore Court and a Congress(I) Councillor entered into the chamber of told the Judge that they would not allow him to run the affairs of the Court and function as Judge, Family Court. Later at 1.50 P.M., when the Court was in session, a group of lawyers and other Congress(I) supporters led by Ashok Deb, barged into the Court room in a very aggressive and threatening manner and demanded that Mr. Justice Ganguly should vacate the Court and go home. They shouted slogans continuously against the Judge and the State Government. When Mr. Justice Ganguly declined to oblige they jumped into the platform in the Court room and started dragging him out by the neck and the hands. In his written complaint Mr. Justice has stated thus :- "When I declined to step down from the Ejlash, Shri Ashok Deb and other lawyers came up to me and started dragging me by my neck and hands. They also assaulted me by fists and blows, causing bleeding injury on my person. Thereafter they dragged me forcibly from the Ejlash to my chamber and there I was again assaulted by them. Thereafter, they physically lifted me from my seat and began to drag me out from the Court Room. I found that a group of persons mostly appearing to be lawyers ransacked the Court Room and my chamber and also the dias which was set up for the proposed inaugural function of the Family Court. Thereafter, they physically lifted me and brought me downstairs and forcibly pushed me inside a taxi called by some of them at the gate of the Bankshall Court".

Mr. Justice Ganguly has also stated in his written complaint thus :- "The persons who manhandled me in this fashion declared that if I dared to come back in the Court, at any time today, or on any other day subsequently, I would have to face dire consequences. They also caused extensive damage to the Court property and public property."

Subsequently, these agitators led by these two Congress(I) leaders vent their wrath on all the furniture, fixtures and fittings of the Family Court premises which were all damaged beyond repair.

This entire incident was seen by the Court staff, members of the public and many other persons who had assembled there. This was, indeed, a vile and shocking incident and needs to be condemned by all sections of society.

An FIR was lodged at the Hare Street Police Station. Ashok Deb was named in the FIR. Ashok Deb and Dibyendu Biswas were subsequently placed under arrest and released on bail and PR bond respectively.

I am constrained to observe in this connection that it was most unfortunate that the police failed to anticipate this diabolical and preplanned attack on Mr. Justice Ganguly. Investigation into the incident is proceeding and Government will initiate all actions that are required not only to ensure that the Family Court functions without hindrance but also to see that the culprits are brought to book.

The Family Court is now functioning normally. Police potection has been provided to Mr. Justice Ganguly and other security arrangements have been made to protect people attending the Family Court.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now, the Minister-in-Charge of the Irrigation and Waterways Department to make a statement on the subject of massive erosion in the embankment of the River Padma in Jalangi Block of Murshidabad district.

(Attention called by Dr. Manas Bhunia, Shri Saugata Roy, Shri Lakshman Seth, Shri Tapan Hore, Shri Nirmal Das, Shri Mazammel Haque and Shri Sisir Sarkar on the 20th September, 1994.)

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ**

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

বিগত ১৬.৯.৯৪ তারিখ থেকে মুর্শিদাবাদ জেলার জলঙ্গী ব্লকে পদ্মা নদীর ডানতীরে পশ্চিমবঙ্গের দিকে ভয়াভহ ভাঙ্গন দেখা দেয়। জলঙ্গী থানার অন্তর্গত জলঙ্গী বাজার এলাকা এবং তৎসংলগ্ন জনপথটিই মূখ্যত পদ্মার এই ডানতীরের ভাঙ্গন কবলিত হয়ে পড়ে। জলঙ্গী বাজার এলাকায় পদ্মার এই ভাঙ্গনের বিস্তৃতি দৈর্ঘ্যে প্রায় ২.০০ কি. মি.। নদীর ভাঙ্গন বলি কত অঞ্চলে জনসাধারণের ও সরকারি সম্পত্তির ক্ষয়ক্ষতির পরিমাণ বিপুল এবং ব্যাপক। এলাকার জনজীবন কোথায় আংশিকভাবে এবং বিশেষ বিশেষ জায়গায় সম্পূর্ণরূপে বিপর্য্যস্ত।

সর্বশেষ পাওয়া খবর অনুযায়ী ক্ষয়ক্ষতির পরিমাণ নিম্নরূপ ঃ-

(ক) জলঙ্গী বাজারের উপর অবস্থিত জলঙ্গী হাই স্কুল-এর বাড়িটি (আংশিক দোতলা পাকাবাড়ি) পদ্মা গর্ভে বিলীন।

(খ) জলঙ্গী গ্রাম-পঞ্চায়েত অফিসটি নদী গর্ভে নিশ্চিহ্ন।

(গ) জলঙ্গী থানার পুলিশ ব্যারাকগুলি নদীগর্ভে নিমজ্জিত।

(ঘ) জলঙ্গী ব্লকের বেশ কিছু চাষের জমি পদ্মার ভাঙ্গনে নদী গর্ভে।

(ঙ) জলঙ্গী বাজার এলাকায় বহু বসতবাড়ি (কাঁচা এবং পাকা) নিশ্চিহ্ন প্রায় ৫০০টি পরিবার গৃহহারা।

(চ) ভাঙ্গতে ভাঙ্গতে পদ্মা নদী জলঙ্গী—করিমপুর রাজ্য সরকের অতি কাছে প্রায় বিপজ্জনক দূরত্বে (৩০।৪০ মিটারের মধ্যে) এসে গিয়েছে।

ক্ষয়ক্ষতির রিপোর্ট এখনও আসছে। আরও দুই একদিন না গেলে, ক্ষয়ক্ষতির ব্যাপকতা সম্পর্কে সুনির্দিষ্টভাবে কিছু বলা সম্ভব নয়। আমি নিজে গত ১৯.৯.৯৪ তারিখে ভাঙ্গন কবলিত জলঙ্গী বাজার এলাকা সরেজমিনে দেখে এসেছি। জলঙ্গী বাজার সংলগ্ন আশেপাশের জয়কৃষ্ণপুর, মুরাদপুর ইত্যাদি গ্রামগুলিতে কমবেশি ভাঙ্গন কবলিত। তবে ঐ জায়গাগুলিতে ভাঙ্গনের তীব্রতা জলঙ্গী. বাজারের তুলনায় অপেক্ষাকৃতভাবে কম। ভাঙ্গন কবলিত মানুষের দুরবস্থা এবং এক কথায় অবর্ণনীয়। অবস্থা এতই ভয়াভহ যে সমগ্র জলঙ্গী শহরটির অস্তিত্বই আজ বিপন্ন হয়ে পড়েছে।

একথা বলাই বাহুল্য যে নদীর জল না কমা পর্যন্ত ভাঙ্গন প্রতিরোধে কোনও স্থায়ী কার্যকর ব্যবস্থা গ্রহণ করা সম্ভব নয়। তবে নদীর ভাঙ্গন-এর আরও অগ্রগতি তথা তীব্রতা

সাময়িকভাবে প্রতিহত করার জন্য তাৎক্ষণিক ব্যবস্থা হিসাবে পর্কুঁপাইন (বাঁশের খাঁচার মধ্যে বোল্ডার) নদীগর্ভে ফেলার কাজ চলছে। আমার বিভাগের গঙ্গা অ্যান্টি ইরোশন ডিভিসন-এর নির্বাহী বাস্তুকার জলঙ্গীতে থেকে এই কাজ করাচ্ছেন ও দেখাশোনা করছেন, পদ্মার ডানপাড়ের ভাঙ্গন প্রতিরোধকল্পে দীর্ঘমেয়াদী ব্যবস্থা হিসাবে একটি পরিকল্পনা প্রটেকশন টু দি রাইট ব্যাঙ্ক অফ্ গঙ্গা। পদ্মা অ্যাট জলঙ্গী—অ্যাট জলঙ্গী বাজার টাউন শিপ্ ইন পি. এস. জলঙ্গী। ডিস্ট্রিক্ট-মুর্শিদাবাদ আমার বিভাগের আছে। আগামী শুখা মরশুমে (অর্থাৎ বর্তমান বর্ষার পরে) প্রকল্পটির কাজ হাতে নেওয়ার পরিকল্পনা ছিল। কিন্তু ইত্যবসরেই এই প্রবল ভাঙ্গন দেখা দিল। এখন, পরিবর্তিত পরিস্থিতিতে প্রকল্পটির উপযোগিতা এবং যথার্থতা সম্পর্কে নুতনভাবে মূল্যায়ন করা প্রয়োজন। কলকাতা থেকে বিভাগীয় উচ্চপদাসীন ইঞ্জিনিয়ার ও নদী বিজ্ঞানী সম্বলিত একটি বিশেষজ্ঞ পাঠানো হয়েছে। তাঁরা সরেজমিনে তদন্তের পর বর্তমানে যে তাৎক্ষণিক কাজকর্ম হাতে নেওয়া হয়েছে সেইগুলি এবং দীর্ঘ মেয়াদী ব্যবস্থা হিসাবে ভাঙ্গন প্রতিরোধের প্রস্তাবিত প্রকল্পে কি কি পরিবর্তন সাধন বাঞ্ছনীয় সে সম্পর্কে তাঁদের মতামত জানাবেন। এই বিশেষজ্ঞ দলের প্রতিবেদন এবং সুপারিশ অনুসারে ব্যবস্থা গ্রহণ করা হবে।

পশ্চিমবঙ্গ সরকারের তরফে জলঙ্গী অঞ্চলে ভাঙ্গনে ক্ষতিগ্রস্ত জনসাধারণের প্ল্যান ও সাময়িক পুনর্বাসনের কাজ দ্রুততার সঙ্গে শুরু করা হয়েছে। জেলা প্রশাসনের প্রাণশিবির খোলা হয়েছে জলঙ্গীর বি. ডি. ও. অফিসে। চিঁড়ে, গুড়, গম, মিল্ক পাউডার ইত্যাদি ত্রাণসামগ্রী বিতরণ করা হচ্ছে। এখনও পর্যন্ত পাওয়া খবর অনুসারে ৩,০০০টি ত্রিপল ৫০ মেট্রিক টন গম, ১১ কুইন্টাল চিঁড়ে ও গুড় এবং ১ মেট্রিক টন মিল্ক পাউডার বিতরণ করা হয়েছে। এছাড়াও ত্রাণ দপ্তর জরুরি ভিত্তিতে অব্যবস্থা মোকাবিলার জন্য ৪.০০ লক্ষ টাকা মঞ্জুর করেছেন। জলঙ্গীতে পদ্মার জনিত এই সমস্যার স্থায়ী সমাধান করতে রাজ্য সরকার বদ্ধ পরিকর। আমি রাজ্য সরকারের তরফ থেকে ভাঙ্গন কবলিত জনগণের প্রতি আন্তরিক সমবেদনা ও সহমর্মিতা জ্ঞাপন করছি। আমি আশা রাখি যে জলঙ্গী ভাঙ্গনে ক্ষতিগ্রস্থ জনসাধারণ এই প্রাকৃতিক বিপর্যয়ের সময় ধৈর্য সহকারে অবস্থার মোকাবিলা করবেন এবং রাজ্য সরকারের বিভিন্ন বিভাগের কর্ম্মীবৃন্দ জরুরিকালীন ভিত্তিতে যে কাজকর্ম করেছেন তাতে সকলের সহযোগিতা আমরা পাব।

## PRESENTATION OF REPORT

### Presentation of Ninth Report of the Subject Committee on Power and Commerce & Industries, 1994-95

**Shri Santasri Chatterjee :** Sir, I beg to present the Ninth Report of the Subject Committee on Power and Commerce & Industries, 1994-95 on the West Bengal Tea Development & Corporation Limited.

**Presentation of the 2nd Report of the Committee of Privileges, 1994-95**

**Shri Anil Mukherjee:** Sir, I beg to present the 2nd Report of the Committee of Privileges, 1994-95.

## LAYING OF REPORTS

**The 69th Annual Report and Accounts of the Westinghouse Saxby Farmer Ltd. for the year 1990-91.**

**Shri Prabodh Chandra Sinha:** Sir, with your kind permission, I beg to lay the 69th Annual Report and Accounts of the Westinghouse Saxby Farmer Ltd. for the year 1990-91.

**The 30th Annual Report and Audited Accounts of the Durgapur Chemicals Ltd. for the year 1992-93.**

**Shri Prabodh Chandra Sinha:** Sir, with your kind permission, I beg to lay the 30th Annual Report and Audited Accounts of the Durgapur Chemicals Ltd. for the year 1992-93.

**The 9th Annual Report and Accounts of the Shalimar Works (1980) Ltd. for the year 1989-90.**

**Shri Prabodh Chandra Sinha:** Sir, with your kind permission, I beg to lay the 9th Annual Report and Accounts of the Shalimar Works (1980) Ltd. for the year 1989-90.

**Mr. Speaker:** Dr. Abedin, I will now give a recess till 1 O'clock as there will be a meeting of Business Advisory Committee in my chamber. We will resume our business at 1 O'clock when the motion of no-confidence in the council of Ministers will be taken up. There will be another recess at 2 p.m. and we will meet again at 3 p.m.

(At this stage the House was adjourned till 1 p.m.)

After Adjournment

## PRESENTATION OF B. A. COMMITTEE REPORT

[1-00 - 1-10 p.m.]

**Mr. Speaker:** Today the B.A. committee met in my chamber

*during the recess. The B.A. Committee has decided that today's* four hours allotted time for No-confidence Motion be extended to six hours. It is also my jurisdiction to extend the time. Tomorrow's business is for two hours keeping one motion on non-official business for discussion. The House will sit on Saterday for five other non-official business from 10 a.m. without any recess.

**Dr. Zainal Abedin :** স্যার, আগামীকাল কি হাউস আছে?

**Mr. Speaker :** হ্যাঁ, আগামীকাল হাউস আছে।

Now I request the Parliamentary Affairs Minister to move the motion for acceptance of the House.

**Shri Probodh Chandra Sinha :** Sir, I beg to move that the report of the B.A. Committee as presented in the House just now be adopted.

The motion was then put and agreed to.

## MOTION OF NO-CONFIDENCE IN THE COUNCIL OF MINISTERS

Mr. Now I call upon Dr. Zainal Abedin to move his motion.

**Dr. Zainal Abedin :** Sir, I beg to move that this Assembly expresses its want of confidence in the Council of Ministers.

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা জানি এই সরকারের যে সংখ্যা, মাননীয় জ্যোতিবাবুর নেতৃত্বে বামফ্রন্ট সরকারের এই হাউসে যে সংখ্যা তাতে নো কনফিডেন্স মোশন পাস করা আমাদের পক্ষে সম্ভব নয়। তথাপিও বার বার আমাদের এই মোশন আনতে হয় এবং যে প্রকারে মাননীয় জ্যোতিবাবু এখানে শাসন চালাচ্ছেন প্রতিদিন একটা করে নো কনফিডেন্স আনলেও এই সরকারের প্রতি ধিক্কার জানানোর এর চেয়ে বেশি প্রকাশ আমরা করতে পারব বলে মনে করি না। প্রতিদিন ঘটনা ঘটছে। এই হাউসে এই সরকারের বিরুদ্ধে নো কনফিডেন্স মোশন করার পরে অন্য আলোচনা করা দরকার। এই সরকার দিনের পর দিন এমন ঘটনা ঘটাচ্ছে তাকে হোয়াট ইজ দি পারপাস অফ দিস লেজিসলেটিভ অ্যাসেম্বলি? ফার্স্ট লেজিসলেশন, আইনের শাসন থাকবে, দেন ট্যাকসেশন বাই কনসেন্ট উইল বি দেয়ার।

গাছতলায় গণআদালত বসিয়ে কংগ্রেসিদের কাছে থেকে হাজার হাজার টাকা চাঁদা জরিমানা নিচ্ছেন। হাউসে বাই কনসেন্ট ট্যাকসেশন মেজার উইল বি দেয়ার। ফার্স্ট ডিবেট অন গভর্নমেন্ট পলিসি, দেন স্ক্রুটিনি অফ দি অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড একজামিনেশন। একজামিনেশন এখানে দরকার পড়েছে যেহেতু মাননীয় মুখ্যমন্ত্রী অশীতিপর বৃদ্ধ, আজকে

তিনি খুনের, গুলি চালাবার হুকুম দিতে দিতে এমন সিদ্ধহস্ত হয়ে গেছেন যে, কখন থাকবেন জানেন না। আজকে প্রশ্নোত্তরকালে সাপ্লিমেন্টারিতে এই প্রশ্ন এসেছে যে, গুলি করবার ক্ষেত্রে পুলিশের একটা নিয়ম আছে যে, বিলো দি বেল্ট গুলি করতে হবে। কিন্তু উনি বলে দিয়েছেন যে, মাথায়, বুকে বা পেটে গুলি করতে হবে—শুট টু কিল। ওঁর আর কি বাসনা আছে সেটা আমরা জানতে চাই। আজকে পুলিশ কোথায় গিয়ে পৌঁছেছে আপনাদের রাজত্বে? ডাঃ রায়ের আমলে একাধিকবার বলেছেন—'এটা কি পুলিশ রাজ?' কংগ্রেস রুলের শেষ সময়ে ১৯৭৬-৭৭ সালে রাজ্য পুলিশ খাতে ব্যয়-বরাদ্দ ছিল ৩০ ক্রোড়স, আর এই বছর পুলিশ খাতে ব্যয়-বরাদ্দ ধরছেন ৪৪০ ক্রোড়স আউট অফ ৯২০ ক্রোড়স, এই রাজ্যের মোট বাজেট বরাদ্দের। এবং আবার সাপ্লিমেন্টারী আনবেন তাও জানি, কিন্তু পুলিশের নির্বিচারে গুলি চালাবার অভ্যাস প্রত্যাহার করবে কিনা জানি না। আপনি বলেছেন—'এটা রেকর্ডে থাকুক।' আপনার মতো পুলিশ মন্ত্রীর কার্যকলাপের রেকর্ডও থাকুক। বারবার বলেন—'এটা হয় কেন? এতে বিরোধী দলের হাত রয়েছে।' ১৯৪৭-এর পর ১৯৬৬-৬৭ পর্যন্ত কতবার গুলি চলেছে এবং তাতে কতজন মারা গেছেন বলুন তো! ১৯৬৭ থেকে ১৯৯৪ পর্যন্ত সময়ের মধ্যে কংগ্রেস ক্ষমতায় ছিল মাত্র পাঁচ বছর। কার্যত মাঝের পাঁচ বছর বাদ দিয়ে ১৯৬৭ সাল থেকে প্রথম এবং দ্বিতীয় যুক্তফ্রন্ট সরকারের আমল মিলিয়ে আপনারাই একটানা ক্ষমতায় রয়েছেন। এই সময়ের মধ্যে কতবার গুলি চলেছে সেটাও বলুন। আজকে এটা প্রমাণিত করবার চেষ্টা করছেন যে, ঐ গুলি চালনা অনিবার্য ছিল। অন্যদিকে পুলিশ ইউনিয়নের মিটিংয়ে গিয়ে আপনি বলছেন—'পুলিশের Association গড়তে দিয়ে আমি গর্বিত।' আপনার এই প্রশ্রয় দানে তারা কতখানি উত্তেজিত হয়ে গুলি চালিয়েছে সেকথা জানতে চাই আদার দ্যাট স্বপন চক্রবর্তী, বালিগঞ্জ ইলেকশনে যে মারা গিয়েছিল। আজকে যারা গুলিতে মারা গেছেন তাদের কাউকে কি আপনি ক্ষতিপূরণ দিয়েছেন। গুলি করে মেরে ফেলবেন, হয়ত সে ফ্যামিলির একমাত্র আর্নিং মেম্বার, তাদের কমপেনসেশন দেবেন না? বোমা, গুলির কথা বলছিলেন, কিন্তু ১৭ বছরের রাজত্বকালে ডাকাত ধরতে গিয়ে নয় বা হেরোয়িন ধরতে গিয়ে নয়, আন্দোলনকারীদের ঠেকাবার সময় পুলিশ তাদের পাইপগান বা বন্দুকের গুলি খেয়েছে তার হিসাবটাও আমরা চাই। আপনি পুলিশকে ট্রিগার হ্যাপী করে দিয়ে মুনিঋষি হতে চাইছেন, কিন্তু জানবেন, পুলিশ দিয়ে অ্যান্টি-সোশ্যালই হওয়া যায়। আজকে আপনারা ক্ষমতায় দাঁড়িয়ে রয়েছেন এক শ্রেণীর পুলিশ এবং অ্যান্টি-সোশ্যালদের মদতে। তার প্রমাণ হচ্ছে, সাট্টাডন রশিদ খান।

[1-10 – 1-20 p.m.]

আজকে তিনি যে বিবৃতি দিয়েছেন জেল থেকে এবং বারবার যা দিয়েছেন জেল থেকে এবং বারবার যা দিচ্ছেন, আপনার সাহস হয়নি জুডিসিয়াল ইনকোয়ারী কিম্বা সি. বি. আই ইনকোয়ারী করতে দেওয়ার। আপনার দল পুরোপুরি দায়ী একে তৈরি করার জন্য এবং এই সাট্টা ডনদের সর্বত্র আপনারা তৈরি করছেন। আপনাদের আমলে বেড়েছে এই সমস্ত অসামাজিক

কার্যকলাপ। আজকে আপনারা আইন-শৃঙ্খলার অবনতি ঘটিয়েছেন। আপনি এখানে বলবে যে এটা ডাকাতি এখানে হয়েছে, ওখানে অতটা খুন হয়েছে। কিন্তু গোটা বিশ্বের তুলনা ভারতবর্ষের চেহারা খুব উজ্জ্বল। আজকে মার্ডার, ডাকোইটি, মেজর ক্রাইম এগেনস্ট পারস প্রপার্টি গোটা ভারতবর্ষে গোটা বিশ্বের তুলনায় কম। আর আপনি বলবেন উত্তরপ্রদেশ মহারাষ্ট্রের কথা। এখানে কোনওদিন, অসৎ কাজ ছিল না, এখানে ক্রাইম ছিল না। আপনাদে আমলে ক্রাইম এগেনস্ট ওমেন বেড়ে গেছে এবং আপনার প্রত্যক্ষ প্রশ্রয়ে, আপনার দল এবং আপনাদের বিভিন্ন দলের প্রশ্রয়ে এই ক্রাইম এগেনস্ট ওমেন এখানে বেড়েছে। আজকে এর জবাব আপনি দেবেন। অন্য রাজ্য নয়, অন্য রাষ্ট্রের সঙ্গে তুলনা করলে ভারতবর্ষে অবস্থা কি? আমরা জানি যে আজকে সভ্য সমাজে আপনাদের স্থান নেই। রাশিয়ার পতন হয়েছে, সর্বত্র পতন হয়েছে, আজকে কমিউনিজম মুছে যাচ্ছে এবং আপনি এটা শুনতে পারলেন না। আপনি বছরে একবার করে বিলাস ভ্রমণ হোক কিম্বা এন. আর. আই-য়ের সঙ্গে আলাপ বা মদত করার জন্য হোক, লন্ডনে যান। পরশুদিন মার্গারেট থ্যাচার, ওখানকার প্রাক্তন প্রধানমন্ত্রী এখানে এসেছিলেন। আপনি দেখেছেন যে তিনি ভারতবর্ষের প্রশংসা করেছেন আমি সেকথা আপনার কাছে তুলে ধরেছি, আপনি সেটা বুঝলেন না। আপনারা ভারত সরকারের বিরুদ্ধে ২৯ তারিখে বন্ধ ডেকেছেন। আপনারা ২।৩টি বন্ধ ভারত সরকারের পলিসির বিরুদ্ধে বছরে ডেকে থাকেন। কিন্তু গোটা বিশ্বে ভারতবর্ষের অবস্থা কি? আজকে গোটা বিশ্বে ভারতবর্ষ যে মর্যাদায় প্রতিষ্ঠিত হতে চলেছে, যে প্রভাব রাজনৈতিক ভাবে আন্তর্জাতিক বাণিজ্যে বিস্তার করতে পেরেছে, আজকে সে জন্য আপনাদের গায়ে জ্বালা ধরেছে। আপনারা ঘুরিয়ে একটা বন্ধ ডেকে দিলেন। ২৯ তারিখে ভারতবন্ধ ২৪ ঘন্টার জন্য আপনারা ডেকে দিলেন। আজকে আরও একটা কথা এই সুযোগে বলে দিতে চাই। কালকে গুলি চালনার ফলে প্রদেশ কংগ্রেস থেকে সিদ্ধান্ত নিয়েছে বন্ধ ডাকার। আপনাদের ক্যাডার বাহিনী আছে। অসামাজিক সমাজ বিরোধীদের দ্বারা আপনারা ভর্তি হয়ে গেছেন। সুব্রত মুখার্জি এখানে বলেছেন যে লাল, নীল ব্যাজ বিতরণ করে সমাজ বিরোধীদের আপনারা প্রশ্রয় দিচ্ছেন। এই বন্ধকে আপনারা আঘাত করতে যাবেন না, ক্যাডার নামিয়ে মোকাবিলা করতে যাবেন না। আপনারা পারেন গ্রহণ করুন, তা নাহলে বাড়িতে ঘরে খিল দিয়ে বসে থাকুন। মানুষের ক্ষোভ প্রকাশ হতে দিন। এই কথা আমি আপনাদের জানিয়ে দিতে চাই। প্রধানমন্ত্রী থ্যাচার কি বলেছেন তার সামারীটা আমি জানিয়ে দিতে চাই। অতটা পড়বার সুযোগ নেই। ইট শুড বি রেকর্ডেড। দি ফর্মার প্রাইম মিনিস্টার অব ব্রিটেন মার্গারেট থ্যাচার ডিক্লারড দ্যাট ইন্ডিয়া ওয়াজ দি পাওয়ারহাউস অব স্ট্যাবিলিটি—আপনাদের গাত্রোজ্বালা হওয়ার কথা—উইথ এ নন-পলিটিক্যাল মিলিটারি, অ্যান এফিসিয়েন্ট রুল অব ল অ্যান্ড স্ট্রং পার্লামেন্টারি ডেমোক্রাসি। এখানে এগুলি হওয়ার কথা। আপনারা এখানে অটোক্রাসিতে যাচ্ছেন কেন? আপনি কি এই মনোভাব নিয়েছেন যে কংগ্রেসকে এলিমিনেট করে একদলীয় শাসন করবেন? কারণ আপনার দল থেকে বলতে শুরু করেছে, আপনাদের আচরণে গৃহযুদ্ধ নাকি আরও বাড়বে। এটা আমি বলিনি। যদি সংগঠিত আক্রমণ হয়, সংগঠিতভাবে প্রতিরোধ

করতে গেলে একটা ভায়োলেন্সের সৃষ্টি হয়। আপনাদের দল ফরোয়ার্ড ব্লক, আর. এস. পি, এরা চিৎকার করছে যে গৃহযুদ্ধের পরিবেশ তৈরি করছে সি. পি. এম। এর জবাব আপনি দেবেন।

(নয়েজ অ্যান্ড ইন্টারাপশন)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে জানতে চাই, আপনার কাছে জিজ্ঞাসা করছি যে পুলিশকে আজকে কোথায় নিয়ে গিয়েছেন? আপনি ডি. জি নিয়োগ করেছেন পুলিশের সর্বশ্রেষ্ঠ। তিনি এসে বললেন যে পুলিশ ক্রাইম রেকর্ড করেনা। আজকে যদি এই রেটে ক্রাইমের কম রেকর্ড করা হয় তাহলে পরবর্তীকালে আর পুলিশের প্রয়োজন হবে না।

আবার ঐ ডি. জি বলছে ১ বছর কার্যকাল করার পর, আমি পশ্চিমবাংলার মাটিতে মরতে চাই না। আমার আঘাত লেগেছে বাঙালি হিসাবে। এটা উনি অন্যায় বলেছেন। উনি মরতে চান না কেন? তাঁর সৎকার করার জন্য নাকি ৪ জনও লোক পাওয়া যাবে না। এই অবস্থা আপনাদের। পুলিশের সর্বোচ্চ ব্যক্তি ডি. জি এই কথা বলেছেন। এটা প্রচারিত হয়েছে, এটা এখনও কনট্রাডিক্ট হয়নি। আজকে এর জবাব আপনার কাছ থেকে চাই। এই অবস্থা কেন এখানে হল, পুলিশের ডি. জি বলছে, অন্যের কথা নয়। উনি মারা গেলে ৪ জন মানুষ পাওয়া যাবে না, আমার মনে হয় না বাংলার এতখানি অধঃপতন হয়েছে যে সৎকারে হাত লাগাবে না। বেঁচে থাকুক, সব মানুষই মরণশীল নির্দিষ্ট সময়ে মরতে হবেই। আজকে কোনও জায়গায় আপনারা এই জিনিসটাকে নিয়ে গিয়েছেন সেটা আপনাকে বলতে হবে। আজকে মুর্শিদাবাদে কি হল? মুখ্যমন্ত্রীর কাছে আমি গিয়েছি। আগের দিন বলেছি, ওরা আমাদের মারতে এসেছে বন্দুক নিয়ে, এখানে আমাদের কাজ করতে দিচ্ছে না বর্ষার সময়। বাস থেকে নামিয়ে কুড়ুল দিয়ে মারছে। ফোর্থ আগস্ট আপনাকে দিয়েছি, আজ ২২শে সেপ্টেম্বর চিঠির মাধ্যমে কোনও খবর তো পাইনি। ক্লাস নাইনের ছেলে বাড়িতে ঘুমোচ্ছে, দেখে সকাল বেলায় তার মৃতদেহ পড়ে আছে। এই ভাবে মৃত্যু হতে থাকবে? জলঙ্গী ভাঙনে পড়েছে, আমরা দুঃখিত। ৪০ দিনে ৩০ জন মানুষ মারা গেছে। আমাদের জেলা ভাগ করে দিয়েছেন দু-ভাগে আমাদের আপত্তি সত্ত্বেও। ১৮ দিনে ১৮ জন মানুষ মারা গিয়েছে দুটি জেলায়। সবগুলো খুন। প্রতিটি সি. পি. এম খুন করেছে। অভিযোগ করেছি, কোনও প্রতিকার নেই। বললে বলবে আপনারা পুলিশকে সাম্প্রদায়িক করে দিয়েছেন। আপনাদের কার্যকালে আপনাদের ডি. জি রিটায়ার করার পর দৌড়ে গিয়ে বি. জে. পি-র খাতায় নাম লেখাল। চলে যাওয়ার আগে যখন চাকুরিতে ছিল তখন কি তার মনোভাব ধর্ম নিরপেক্ষ ছিল? সেকুলার ছিল? আজকে সেকুলার পার্টি না হলে যদি রাজনীতি করতে না পারে, সেকুলার অফিসার না হলে রাজনীতি করতে পারে কি করে? সেটা আপনার কাছ থেকে জানতে চাই। এই ব্যাপারে লিখিত কমপ্লেন করেছি। এটা অস্বীকার করলে হয়ে গেল? কোনও তদন্ত হবে না? আমি কমপ্লেন করেছি, আমাকে তো বলতে হবে যে আপনার পুলিশ নট সেকুলার। তাকে জেলার

দায়িত্বে বসিয়ে দিয়েছেন। কোনও তদন্ত হবে না? যা অস্বীকার করবেন তাই হবে? এ ছাড়া তো কোনও পথ নেই, চাকুরি বাঁচাতে হবে। এই পুলিশের ব্যাপারে আপনাকে কমপ্লেন করেছিলাম বেহালার ব্যাপারে। বাবরী মসজিদ ধ্বংসের পর তাদের ডেকে এনে কিভাবে জয় সিয়ারাম বলিয়েছিল সেটা আপনাকে জানিয়েছিলাম। তাদের পাকিস্তানের চর বলিয়েছে, আপনার কাছে কমপ্লেন করেছি। তার কোনও উত্তর পাইনি। কারণ এইগুলির তদন্ত হয়নি। সেই জন্য বলি আপনার নিজের দুর্বলতা ঢাকবার জন্য গুলি করবার হুকুম দিয়ে দিয়েছেন। বলতে চাইলেন, আমার কাছে আর ঝামেলা করতে এসো না। এই প্রতিটি গুলির জন্য প্রত্যক্ষ পরোক্ষভাবে হোম মিনিস্টার হিসাবে আপনিই দায়ী। এই দায়িত্ব আপনি অস্বীকার করতে পারবেন না। মেদিনীপুরে রোজ খুন হচ্ছে। নদীয়া তো পাঞ্জাব হয়ে গেছে, প্রতিদিন খুন হচ্ছে। আমাদের কাউন্সিলর জিতেছেন জেল থেকে, আপনারা তাঁকে জেলে পুরে রেখে দিয়েছিলেন। হাইকোর্ট অর্ডার দিয়েছে আপনি তাঁকে সিকিউরিটি গার্ড দেবেন। আপনি তার গার্ড তুলে নিয়েছেন। আপনি বলুন সবাইকে আমি হাজির করে দেব, কবে তাদের খুন করবেন। আজকে পুলিশের কোনও বিচার হবে না? কোনও তদন্ত হবে না? তাহলে কি সেই দিন আপনার টনক নড়বে যে দিন পুলিশ মন্ত্রী সভার উপর গুলি চালাবে? আর ইউ ওয়েটিং ফর দ্যাট ডে? আপনি এর জবাব গুলি দেবেন। আপনি জুডিশিয়াল এনকুয়ারী করবেন কিনা বলবেন। ৫টি দাবি করেছি। শিয়ালদার ঘটনা ব্যাপারে আমাদের উল্লেখের কথা ছিল না, যেহেতু নো কনফিডেন্স নিয়ে আলোচনা হচ্ছে এই যে ঘটনা ঘটেছে এটা আপনি বাই ডিজাইন ঘটিয়েছেন কিনা এটাও তদন্ত হওয়া দরকার। আজকে আপনার কাছে জানতে চাই যে ৫টি দাবি করেছি, আপনি হোম মিনিস্টার হিসাবে পদত্যাগ করতে রাজি আছেন কিনা বলবেন। চিফ মিনিস্টার হিসাবে উত্তর দেবেন, তাতে কোনও অসুবিধা নেই। আপনি আরও থাকুন আপনি বলেছেন আরও ১৭ বছর থাকবেন—আপনাকে মানুষ যদি চায় নিশ্চয়ই থাকবেন। বাট রিমেম্বার সমাজবিরোধী এবং পুলিশের এক অংশ ছাড়া আপনার এখানে বসার কোনও সম্ভাবনা নেই। হাউসে ঢুকতে পারবেন না। ১৯৭২ সালে আপনারা পারেননি। আজকে বলি আপনার কাছে, আইনের শাসন আসুক। পুলিশের, প্রশাসন ছেড়ে এখন যে যড়যন্ত্র হচ্ছে তা হল জুডিসিয়াল এনকুয়ারীর উপর প্রভাব বিস্তার করা। আমরা দেখতে পাচ্ছি মানুষ এখানে যেন বিচার না পায় সেই ব্যবস্থা আপনি করছেন। ফিনান্স কমিশন বার বার কোর্ট স্যাংশন নিয়েছে, আদালতের স্যাংশন নিয়েছে। কিন্তু সেখানে আদালতের সংখ্যা বাড়ছে না। কেন?

[1-20 – 1-30 p.m.]

কেন এত পেন্ডিং কেস হচ্ছে? বোথ ক্রিমিন্যাল অ্যান্ড অ্যাপিলেটে আজকে বিচার ব্যবস্থা এত দেরি হচ্ছে কেন? আপনার এখানে ছাড়া তো আর কোথাও এটা হচ্ছে না? আজকে ইন এ ডেমোক্রেসি বা পার্লামেন্টারি ডেমোক্রেসির কথা বলবেন, হু ইজ দি কাস্টোডিয়ান অব পার্লামেন্টারি ডেমোক্রেসি? আজকে জুডিশিয়ালের কি অবস্থা? আপনি এখানে একটা

স্টেটমেন্ট দিলেন। কিন্তু এদের কথাটা তো জানতে হবে। আপনার আইনমন্ত্রী আপনাকে সাবধান করে দিলেন, আপনি আসবেন না। আরও যারা নেমতন্ন করেছিল তারা মার খাবে? এ তো পক্ষপাতিত্ব হয়ে যাচ্ছে। আপনার সতর্কতা নেই। এবারে আমি ড্রট'এর কথা আপনাকে বলছি। সেভেনটিন পারসেন্ট অব দি পপুলেশন ইন নর্থ বেঙ্গল। আগে পাঁচটি জেলায় এটা হত, আজকে সেখানে ছ'টি জেলায় হল। আপনি একটা বই, ইকনোমিক রিভিউ, আমাদের দিয়েছেন। এখানে যে চার্ট দিয়েছেন তাতে আমরা দেখছি যে মনসুন আগে যেটা ৩০ পারসেন্ট ছিল, আজকে ২০ পারসেন্ট করে বছরে বছরে বৃষ্টি কম হচ্ছে। আজকে পশ্চিমবঙ্গ ড্রট প্রোন হয়ে যাচ্ছে, বিকজ ফরেস্ট্রি ধ্বংস করেছেন। গাছগুলো যে কেটে নিচ্ছে সেদিকে আপনার নজর নেই। ওয়ান পারসেন্ট করে গাছ কেটে ফেলায় ইকোলজিক্যাল ইম্‌ব্যালান্স হয়ে যাচ্ছে। এরজন্য আপনি প্রিকোশন নেননি কেন? গাছ কাটা বন্ধ হচ্ছে না কেন? এর ফলে ইকোলজিক্যাল ডিস্টারব্যান্স হচ্ছে এবং কোথাও ৩০ পারসেন্ট বৃষ্টি কম হচ্ছে, কোথাও ৯০ পারসেন্ট কম হচ্ছে। দুর্ভাগ্যের বিষয়, কোথাও বন্যা হয়ে যাচ্ছে। ইরিগেশন পোটেনশিয়ালিটি আপনি কোথায়ও বাড়াননি। সেজন্য ঐ ছ'টি জেলায় মানুষ দিশেহারা এবং অসহায় হয়ে পড়েছে। আমি আপনার কাছে গিয়েছিলাম। আপনি বলেছিলেন কুচবিহারের জন্য ৫০ লক্ষ টাকা দেবেন। আপনি ৩ কোটি ৭২ লক্ষ টাকা দিয়েছেন ছ'টি জেলায়। সাত কোটি একুশ লক্ষ লোকের মধ্যে সেখানে এক কোটি মানুষ বাস করে। তাদের জন্য আপনি সাড়ে তিন কোটি টাকা দেবেন। এই টাকা দিয়ে সব হয়ে যাবে। আমার জেলা উত্তর দিনাজপুরে ষোল কোটি টাকার ক্রপ নষ্ট হয়ে গেছে। এটা যদি জুট ধরি, সেখানে মানুষ যে ব্যয় করেছে, ইট উইল বি এনাদার ফিফটিন ক্রোরস্। এই ছটি জেলায় দেড়শো থেকে দু'শ কোটি টাকার ফসল নষ্ট হয়েছে। সেখানে আপনি দিয়েছেন সাড়ে সাত কোটি টাকা। এতে প্রসাদ লাভ হবে? আপনাকে অ্যাসুরেন্স দিতে হবে এই মানুষগুলো ভবিষ্যতে কোথায় যাবে? এর জবাব আপনাকে দিতে হবে। আপনি ইরিগেশন পোটেনশিয়ালিটি বাড়াননি। কাগজে বাড়ানো এক কথা, আর অপারেট করা আর এক কথা। বাড়াননি বলে মানুষগুলো আজকে অসহায় হয়ে পড়েছে। এই জিনিস আমরা দেখতে পাচ্ছি। আমরা বুঝতে পারছি না, একদিকে যেমন প্রচন্ড খরা চলছে, আর একদিকে আবার গঙ্গার ভাঙনে ইরোশন হচ্ছে। আমরা প্রস্তাব দিয়েছি। পরশুদিন আমি তুলেছিলাম। মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই, একটানা সুহার্তো ছাড়া আর কোথাও নজির নেই একটানা চারটি টার্মে ১৭ বছর রাজত্ব করেছে কখনও হলার পাম্পগুলো রিপেয়ার হয়না। মায়াপুরে ইরোশন বন্ধ করা যায়। কিন্তু জলঙ্গীতে বন্ধ করা যায় না। সেচ দপ্তরকে এর জবাব দিতে হবে, কি ব্যবস্থা আপনি নিয়েছেন? অপোজিশনকে বা রাজ্যের মানুষকে কতখানি ইনভল্‌ভ করেছেন, এর উত্তর নেই। তাহলে চলে যাবে এই ইন্টারন্যাশনাল রিভার? আজকে নতুন কোনও ভাঙন নয়, এটা ধারাবাহিকভাবে চলছে ১৭ বছর ধরে। কিন্তু এর বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেওয়া হল না। আপনি ১৭ বছর ধরে এখানে ক্ষমতায় আছেন, তিস্তা প্রকল্প, ইট হ্যাজ বিকাম দি প্যারাডাইজ অব কনট্রাকটর্স। আমি একটামাত্র অভিযোগ পাঠিয়েছিলাম। তার উত্তর পেয়েছি তদন্ত হচ্ছে বলে। কিন্তু ফল জানতে পারিনি। একটানা

*১৭ বছর ক্ষমতায় আছেন, আমরা শুরু করেছিলাম তিস্তা প্রকল্প। এর কতখানি পোটেনশিয়ালিটি বাড়িয়েছেন তা আপনি বলতে পারবেন না। সেই জিনিস আমি বলতে পারি। আপনি যদি প্লানের কথা বলেন, স্বাধীনতার পর '৫১ সালের পর থেকে এখানে প্ল্যানিং কমিশন বাই রেজোলিউশন অব পার্লামেন্ট আমরা করছি।*

আজকে আপনার এখানে অষ্টম পরিকল্পনায়, ষষ্ঠ পরিকল্পনায় ১২০০ টাকা সারেন্ডার করেছেন। সপ্তম পরিকল্পনা এখনো ইমপ্লিমেন্ট হয়নি, কার্যকর ছোট হয়েছে। অষ্টম পরিকল্পনায় ১ হাজার ৯৬০ কোটি টাকার, এই পরিকল্পনার ৩ বছর চলে গেছে, খরচ হয়েছে ৩ হাজার ২০০ কোটি টাকা, আরও ৩ হাজার বেশি খরচ হবেও না। অর্থাৎ ২০ পারসেন্ট বাড়িয়ে দিলেও আপনারা সামাল দিতে পারবেন না, ইট রিমেন্ড সেম। আপনার প্রাইস লাইন ধরলেও ইউ আর রানিং আন্ডার প্ল্যান হলি ডে। এই পরিকল্পনায় রূপায়িত হচ্ছে না। সেখানে উড়িষ্যা একটা ছোট রাজ্য, তার ১০ হাজার কোটি টাকার পরিকল্পনা। মহারাষ্ট্রের ১ বছরে সাড়ে ৪ হাজার কোটি টাকার পরিকল্পনা, আর আপনারা বলছেন যে ১৫৫৪ কোটি টাকা ব্যয় করবেন। কিন্তু ওই টাকাও ব্যয় করতে পারেননি যার ফলে অল্টারনেটিভ করে রেখেছেন ১২১৪ কোটি টাকা। কিন্তু সেই টাকাও ব্যয় করতে পারেননি, ফলে হচ্ছে কি-গ্রোথ অ্যান্ড প্রোডাকটিভিটি তাও এখানে হচ্ছে না। নাইদার ইন এগ্রিকালচার নর ইন ইন্ডাট্রিজ সর্বত্র মার খাচ্ছে। এবং আমরাও মার খাচ্ছি। আপনি তো (জ্যোতিবাবু) এতবার বাইরে যাচ্ছেন, এতো লোককে নিয়ে বসছেন ইন্ডাস্ট্রির হাল তো ভাল করতে পারছেন না। ফলে হচ্ছে ৭০ লক্ষ বেকার, আরও কত যে বেকার আছে তা জানিনা। এই বেকারিই শেষ কথা নয়, এর ফিগারও নিশ্চয় আপনার কাছে দেওয়া আছে। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে যারা নাম লিখিয়েছিল তারা আর নাম লেখাচ্ছে না কারণ তারা কল পাচ্ছে না। কাজেই এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ ইজ নট এনি ইন্ডেক্স টু শো দি কত আনএমপ্লয়েড এখানে আছে। একটা কমিউনিটি তো চাইছেই না নাম লেখাতে কারণ তারা কল পাচ্ছে না। আপনাদের পরিকল্পনাতে ইকোনমিক গ্রোথ বলুন ইন্ডাস্ট্রিজ বলুন কোনওমতেই গ্রোথ হচ্ছে না। তার ফলে ইন্ডাস্ট্রিজ বাড়ছে না। আসলে এখানে শিল্প গড়ার কোনও ইনফ্রাস্ট্রাকচার নেই। এগ্রিকালচারেও মডার্নাইজেশন হচ্ছে না। আপনারা তো বলবেন আমরা এগ্রিকালচারে হায়েস্ট, পাঞ্জাবের সঙ্গে প্রোডাকটিভিটিতে ৫০ পারসেন্টও কি আপনারা পৌঁছতে পেরেছেন? অথচ এরপরেও আপনারা বলবেন হায়েস্ট। এখানে গম হয় না, কেবল ধানের উপরে নির্ভরশীল, সেখানে কত পরিমাণ ধান উৎপাদন হয় দেখুন। পাঞ্জাবের প্রোডাকটিভিটির কত দেখুন ৫০ পারসেন্টও আপনারা পৌঁছতে পারেননি। এখানে তো আবার কেউ গম খায় না। আসলে এখানে পোটেনশিয়ালিটি এক্সপ্লয়েট করা হয়েছে। ভারতবর্ষ অষ্টম পরিকল্পনায় ঠিক করেছে যে, প্রতি বছরে কোটি মানুষের কর্মসংস্থান দেবে, অর্থাৎ ওয়ার্ক, জব সৃষ্টি হবে ১ কোটি মানুষের। কাজেই প্রত্যেকটি মানুষেরই কর্মসংস্থান হবে, তাদের ওয়ার্কিং কন্ডিশন দেওয়া হবে। এই এমপ্লয়মেন্ট সার্টেন শিয়ালিটি দেওয়ার জন্য ১ কোটি মানুষের প্রতি বছর কর্মসংস্থান হবে। কিন্তু আপনারা এই ব্যাপারে সহযোগিতা

করছেন না। আপনারা ভরত বন্‌ধ ডেকে দিলেন এবং ইন্ডাস্ট্রিয়াল পলিসি এবং ইকোনমিক পলিসিটাকেই মানছেন না। ফলে হচ্ছে কি ভারত সরকার এমপ্লয়মেন্ট জেনারেট করছে আর পশ্চিমবঙ্গ করতে পারছে না। এখানে আপনার ১৭ বছর ১৭ লক্ষ লোকের কর্মসংস্থান হওয়ার কথা, সেখানে গত বছর পর্যন্ত ছিল ১ লক্ষ ৯৪ হাজার, এই এমপ্লয়মেন্ট দিয়েছেন। আসলে আপনাদের ১০ লক্ষ লোকের মাইনেই দিতে হয় ৩ হাজার ৮০০ কোটি টাকা, এতেই টাকা চলে যায়। আপনার প্রতি বছর যদি ১০ পারসেন্ট লোক রিটায়ার করেন তাহলে ১ লক্ষ লোকের কর্মসংস্থান হওয়া উচিত। অর্থাৎ ১৭ লক্ষ কর্মসংস্থানের ক্ষমতা আছে, সেখানে ১৭ লক্ষ লোকের কর্মসংস্থান হওয়া উচিত, কিন্তু আপনারা দিচ্ছেন লেস দেন টু লাক্স এমপ্লয়মেন্ট। কেন আপনারা এমপ্লয়মেন্ট দিতে পারছেন না? আপনি রি-এমপ্লয়মেন্ট করছেন কেন? চীফ সেক্রেটারিদের নিয়ে সুপার অ্যানুয়েশন করছেন কেন? চীফ সেক্রেটারিদের ব্যাপারে আমি দুটি নজির দিচ্ছি যাদের বিরুদ্ধে সবচেয়ে বেশি অভিযোগ সেই দুজন চীফ সেক্রেটারিকেই আপনারা রিটায়ার করার পরে একজনকে পি এস সিতে এবং আরেকজনকে ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশনে বসিয়ে দিয়েছেন। আপনারা আরও বসাতে চাইছেন কারণ এই মানুষগুলো সম্পর্কে বিরাট অভিযোগ রয়েছে ভিজিলেন্স কমিশনে। ইট ইজ ফ্রম রেকর্ড আই ক্যান সে। এদের রি এমপ্লয়মেন্টের সুযোগ দিচ্ছেন কেন? কেন এখনও এমপ্লয়মেন্ট হচ্ছে না যেখানে প্রতি বছর ১ লক্ষ করে লোক রিটায়ার করছে। আপনারা ন্যাচারাল কোর্সে অর্থমন্ত্রী ১০ লক্ষ লোকের মাইনে দেয়। সরকারি আধা সরকারি সব মিলিয়ে ৩০ লক্ষ লোকের মাইনে দেওয়া হয়। সেখানে ১ লক্ষ লোক যদি রিটায়ার করেন সেই জায়গায় ১ লক্ষ লোক তো নেবেন। আবার এখানে বলা দরকার যে ৭৩তম এবং ৭৪তম অ্যামেন্ডমেন্টের পরে আজকে ভিলেজ সেল্ফ গভর্নমেন্ট এখানে তৈরি হয়েছে। নগরপালিকা এবং পঞ্চায়েতিরাজ এখানে তৈরি হয়েছে এবং তাদেরকে ২৯টি কর্মের দায়িত্ব দেওয়া হয়েছে। তাহলে তো সরকারের কাজের ভলিয়ুম কমে যাওয়ার কথা। আজকে পঞ্চায়েত এবং নগর পালিকাগুলোতে এস্ট্যাব্লিশমেন্ট বাড়ছে, সরকারের প্রপোরশনেটলি কম হওয়ার কথা। নির্মল মুখার্জি এবং দেবব্রত বন্দ্যোপাধ্যায় যে সুপারিশ করেছেন আপনার দপ্তর কি সেটা কার্যকর করেছেন? সরকারি খরচ বাড়ছে এবং পঞ্চায়েতের স্টাফ বাড়ছে এই জিনিস আমরা বারেবারে দেখছি। এখানে ইন্ডাস্ট্রি হবে না। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, এখানে যদি এই ধরনের বন্ধ হতে থাকে তাহলে কিছু হবে না। এখানে মানুষের ওয়ার্ক কালচার নেই, এখানে প্রোডাকটিভিটি কোথায়? মহারাষ্ট্রে যেখানে সাড়ে ৬ হাজার, আমাদের সেখানে সাড়ে ৩ হাজারও হয় না। তিন হাজার ২০০ প্রোডাকটিভিটি মানুষ আসবে কেন এখানে টাকা লগ্নি করতে? এখানে ঘেরাও এবং বন্‌ধ এর এমন মিলিটেন্স টেররিজিম যে কিছু করা যাবে না, তবে সম্প্রতি আপনারা একটু সংযত করার চেষ্টা করেছেন। সেটা সাধু উদ্যোগ। কিন্তু এখনো যে চলছে না, চলবে না, মানছি না তার কনফাইন্ড করে রেখেছেন এই জিনিস কতদিন চলতে পারে? এই জিনিস আজকে চলতে পারে না। এই জিনিসটা আপনারা দেখছেন না।

[1-30 – 1-40 p.m.]

একটা ইন্ডাস্ট্রি করতে গেলে তো এমনি হয়না। ইনফ্রাস্ট্রাকচার দরকার। রোডস এখানে ৩২ হাজার কি. মি. পাকা ছিল, সেটা আপনাদের আমলে ৩৩ হাজার কি.মি. হয়নি। আপনার পূর্তমন্ত্রী জবাব দিয়েছেন ৫ হাজার কি.মি. রাস্তা করেছেন এই ১৭ বছরে। কোথায় এইগুলি, এইগুলিতে কি চলাচল করা যায়? এখন ৩২ হাজার কি.মি. সারফেস রোড আছে, একটাও নেগোসিয়েবিল নয়। ইভেন এন. এইচ. ৩৪ দিয়ে কোনও জায়গায় যাওয়া যায় না, মাছ চাষ করা যায় এই অবস্থায় আছে। একটা ব্রীজ করতে ২০ বছর লেগেছে, সেকেন্ড হুগলি ব্রিজ, বিদ্যাসাগর সেতু করতেই এত সময় লেগেছে। আমার একটা জানা কৃষমুন্ডিব্রিজ, মহানন্দা ব্রিজ এখনও তৈরি হল না. ২০ বছর সময় চলে গেল। আজকে এই জিনিস হচ্ছে। আপনারা পাওয়ার জেনারেট করছেন, ডিস্ট্রিবিউশন নেই, ট্রান্সমিশন নেই, আজকে মানুষগুলি কষ্ট পাচ্ছে, আপনারা কি করছেন? আপনারা ইনফ্লেটেড বিল দিয়ে মানুষগুলিকে ডিসকারেজ করছেন। আমরা এখানে যে জিনিসগুলি বলছি, এইগুলি আপনারা দেখবার চেষ্টা করুন। পাওয়ার জেনারেট করলেই হবে না, ট্রান্সমিশন করে মানুষের কাছে বিদ্যুৎ পৌঁছে দিতে হবে। রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশন ৭৩ পারসেন্ট বলে দিয়েছেন কাগজে কলমে, সেটা আর বাড়ছে না কেন? আমাদের বিদ্যুৎ মন্ত্রী শঙ্কর সেন মহাশয় এসে বিদ্যুৎ এর হাল কিছুটা ফেরাতে পেরেছেন বটে, কিন্তু রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশন কেন হবে না? যেখানে কোনও কোনও স্টেট হানড্রেড পারসেন্ট রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশন করেছে—এই জিনিসটা আপনাদের কাছে আমি জানতে চাইব। আপনি এখানে ইলেকশন কমিশন করেছেন,—আবার ঐ জিনিস কেন করলেন—আমার তো বুদ্ধিতে আসছে না, আপনি কেন রেজলিউশন আনছেন না যে একদলীয় শাসন চাই, অন্যদের চাই না। ইলেকশন কমিশন করছেন পেটোয়া লোকদের নিয়ে, ঐ একই লোক আর কোনও লোক নেই? বিচারালয় থেকে মানুষ নিয়ে এসে কাজ করেছিল বাংলাদেশ, আপনারা এখানে বিচারককে নিয়ে আসতে পারতেন, ফিনান্স কমিশন এদেরকে নিয়ে আসতে পারতেন। আপনারা সব ঐ বাধ্য, অনুগত, তাদের লোকদের এখানে বসাতে চাইছেন। আমার শেষ কথা,—আপনাদের কাছ থেকে জানতে চাইছি—স্বাস্থ্য তো এখানে নেই, প্রাকটিক্যালি এখানে তো লেখাপড়া এত ছিল, এত পাশ করেছে যে দিশেহারা হয়ে ঘুরে বেড়াচ্ছে। তারা বলছে আপনাদের মাস লিটারেসি প্রোগ্রাম—ইট ইজ এ হোক্স। দার্জিলিংটা এটা কিন্তু ভলকানোর দিকে যাচ্ছে। একবার বলেছিলেন বিরোধী দল মাইনে পায়, বিরোধিতা করছে এটার জন্য নয়। এটা কোথায় যাচ্ছে। বুদ্ধদেববাবু কোথায় গেল? কি রেজাল্ট? সংবিধান মানা হবে কি হবে না, এই জিনিসটা আপনি একটু সেনসিটিভলি দেখবেন। শেষ কথা বলি, আপনাদের এখানে দুর্নীতির কি অবস্থা। এই ব্যাপারে আমরা একাধিক তালিকা দেব দুর্নীতির তদন্ত করুন না, আমরা তো জবাব পাই না। আপনারা দুর্নীতি যদি বন্ধ না করেন তাহলে কোনও ভবিষ্যৎ নেই, কেউ এখানে আসবেন না। একটু অবস্থাটা ভাল রাখার চেষ্টা করুন। একটু নিউট্রালিটি রাখার চেষ্টা করুন। আজকে দুর্নীতি ভরে গিয়েছে। একটা এনকোয়ারি কমিশন

সিদ্ধার্থবাবুর সময় থেকে দাবি করছি, একটা করুন না। ঐ সি. পি. আই. আসুক, আর. এস. পি. আসুক, ফরোয়ার্ড ব্লক আসুক, ওরা এসে এনকোয়ারী কমিশন বসাক। আমরা থাকব না। এই তিন পার্টি থাকবে, একটা জজ থাকবে, একটু দিন না সুযোগ কার কত দুর্নীতি দেখা যাক। আমিও তো পাবলিক আন্ডারটেকিংস-এ কাজ চালিয়েছি, আজকে কোথায় কি হয়েছে—দুর্গাপুর, কল্যাণী—এই পাবলিক সেক্টারকে তুলে দিচ্ছেন। আমার শেষ কথা গ্যাটের বিরোধিতায় আপনারা এলেন কেন, গ্যাট বিরোধিতায় আপনারা বন্ধ ডেকেছেন, ১৫ই এপ্রিল সাইন হয়েছে লন্ডল অফ টাইমস এই কথা বলেছে। আজকে এই ইউরোপের দেশগুলি আমেরিকা থেকে আরম্ভ করে সব থর থর করে কাঁপছে, গ্যাটের যে সিদ্ধান্ত আছে, যে চুক্তি তৈরি হয়েছে, তাতে ওরা না মার খেয়ে যায়। আজকে একটা আর্টিকেলে লিখেছে মিঃ পিটার কেনা, তিনি বলছেন, এখন ভারতবর্ষে যদি ২ ডলারের মজুরি হয়, আমাদের ৯৫ ডলার থাকবে কি করে? গ্যাটের ফলে আমরা তো মানতে পারছি না, উই মাস্ট কাম ডাউন, আমাদের মজুরি কমাতে হবে, এদের মজুরি বাড়াতে হবে। ভারতবর্ষের এই সুযোগটাও বিরোধিতা করবেন? শেষ কথা, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, আপনার বয়স হয়েছে, আপনি বোঝেননা, আপনি ২৯ তারিখে তো বন্ধ ডেকেছেন, ভারতের অর্থনীতির বিরুদ্ধে গ্যাটের বিরুদ্ধে, এটা দেশদ্রোহীতার সমান। এই খেলা আপনি করবেন না। ভারতবর্ষ যখন এগিয়ে যায়, অতীতে আপনাদের রেকর্ড আছে, স্বাধীনতায় বিরোধিতা করেছিলেন, পার্টিশনকে সমর্থন করেছেন, নেতাজীকে কুলাঙ্গার করেছেন, আজাদীকে মানতে চাননা। ভারতের অর্থনৈতিক অগ্রগতিকে আপনি বাধা দেবেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি ৫টি প্রশ্ন রাখছি, এর জবাব দেবেন। এক নম্বর হচ্ছে, আপনি হোম মিনিস্টার হিসাবে পদত্যাগ করতে রাজি আছেন কিনা, কালকের ঘটনায়? আপনার আমলে যত পুলিশ বাহিনী হয়েছে তাদের এই ব্যর্থতার জন্য আপনি দায়ী। আপনি নিজে এর জন্য দায়ী, কোথাও প্রত্যক্ষ, কোথাও পরোক্ষভাবে। আপনার যে অফিসারগুলি গুলি চালিয়েছে ঐ সুলতান সিং অ্যান্ড আদারস এদেরকে সাসপেন্ড করতে আপনি প্রস্তুত আছেন কিনা, জানাবেন। আর দ্বিতীয়ত জুডিসিয়াল এনকোয়ারি দিতে আপনি রাজি আছেন কি না? যাদের মৃত্যু হয়েছে তাদের ক্ষতিপূরণ দিতে আপনি রাজী আছেন কিনা এবং যারা চিকিৎসাধীন আছেন তাদের চিকিৎসার ব্যবস্থা করতে আপনি প্রস্তুত আছেন কিনা? আর ভবিষ্যতে এই হঠকারি খেয়ালখুশিমতো গুলি চালনা থেকে বিরত হবেন কিনা? এখানে আইনের শাসন প্রতিষ্ঠিত হবে কিনা, সেই প্রতিশ্রুতির বয়ান আপনাকে দিতে হবে। আমরা আমাদের রাজনৈতিক প্রক্রিয়া এবং রাজনৈতিক কার্যকলাপের মধ্যে দিয়ে এগিয়ে যাব, একথা আপনাকে বলে দিতে চাই। সর্বশেষ বলতে চাই—''তোমারে বাধিবে যে, গোকুলে বাড়িবে সে।

**শ্রী পার্থ দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিরোধীপক্ষের তরফ থেকে একটি অনাস্থা প্রস্তাব আনা হয়েছে এবং তার উপরে আলোচনা আরম্ভ হয়েছে। আমি এই বিষয়ে অল্প দু-একটি কথা বলব। প্রথম কথা যেটা আমাদের সকলেরই জানা, যে আমাদের এখানে

বামফ্রন্টের যে সরকার, এই সরকার দীর্ঘদিন এখানে আছেন। এরা যে এখানে দীর্ঘদিন এখানে আছেন, এটা কিন্তু বার বার নির্বাচনের মধ্যে দিয়ে তারা এসেছেন। কাজেই কেউ জোর করে এখানে নেই। আমাদের মনে রাখতে হবে যে এখানে যাদের ভোটাধিকার আছে, তাদের বেশিরভাগের সম্মতিতেই এরা সরকারে আছেন। দ্বিতীয় যে বিষয়টার প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করব, যদিও এটা জানার কথা, এটা আলোচনা হওয়া ভাল। যেহেতু এই প্রসঙ্গটা উঠেছে, আমাদের এই দেশে সব থেকে বড় দুশ্চিন্তা যে বিষয় এবং সেগুলোর যেভাবে মোকাবিলা করা হয়েছে সেটা সারা দেশের মধ্যে এই রাজ্যটা একটা উদাহরণ। যেখানে এই বিষয়গুলোকে একটু অন্যরকমভাবে দেখা সম্ভব এবং যারা সরকারে আছেন তারা সেই ব্যাপারে দেখতে আগ্রহী। এর ফলটা ভাল হয়েছে। আমরা যে ব্যাপারটা নিয়ে খুব বেশি উদ্বিগ্ন, যেটার জন্য আমাদের উদ্বেগ, যেটার জন্য আমাদের উদ্বেগ মাঝে মাঝে বেড়ে যায়, আবার মাঝে মাঝে কমে যায়, সেটা হল আমাদের দেশের সাম্প্রদায়িক বিভাগ এবং সাম্প্রদায়িক বিদ্বেষ। এই সম্পর্কে অনেক কথা হয়েছে, আমি কোনও তিক্ত কথায় যাব না। কারণ এই ব্যাপারে আমাদের দেশের মানুষের মনের মধ্যে উদ্বেগ রয়ে গেছে। যখন বার বার একটা ঘটনা ঘটতে চলেছে, এই ব্যাপারে দলমতনির্বিশেষে সমস্ত রাজনৈতিক দল এক বাক্যে—অন্য কোনও ব্যাপারে যখন মতানৈক্য হওয়া কঠিন—সমস্ত মানুষ, সমস্ত রাজনৈতিক দল একমত হয়ে ভারতবর্ষের প্রধানমন্ত্রীকে ক্ষমতা দিলেন যে একটা বিপর্যয়কারী ঘটনা ঘটতে চলেছে এর মোকাবিলা করুন। কিন্তু সেই মোকাবিলা সেইভাবে করা হল না এবং তার যে প্রতিফলন তা আজকেও ধূমায়িত হচ্ছে। আমি কাউকে দোষ দেওয়ার জন্য বলছি না। এই রাজ্যটাই তার প্রতিফলন ফেলার ধারাবাহিক চেষ্টা চলছে। একেবারে নামকরা সাম্প্রদায়িক দলগুলো এখানে কিন্তু নির্বাচনে আসতে পারেনি, তারা নির্বাচিত হতে পারেনি। যাদের কিছুটা সাম্প্রদায়িক মানসিকতা আছে, তারা যেভাবে মানুষকে প্রভাবিত করলে পরে আরও অনেক নতুন ধরনের গন্ডগোল হতে পারে, সেটা কিন্তু এখানে হতে পারেনি। কাজেই এই ব্যাপারটা, এই রাজ্যে একটা উদাহরণ। একটা রাজ্য সরকার তার রাজনৈতিক প্রভাব, তার সাংগঠনি প্রভাব এবং সরকারে তার যে প্রশাসনিক প্রভাব।

[1-40 – 1-50 p.m.]

তার রাজনৈতিক প্রভাব, তার সাংগঠনি প্রভাব এ সরকারে তাদের প্রশাসনিক প্রভাব এই তিনটে যদি ধর্মনিরপেক্ষতার পক্ষে না হতো, এ কখনও করা যেত না। এটা প্রশংসা করতে হবে। এটা যদি প্রশংসা না করা হয়, এটার মধ্যে যদি ত্রুটি ধরার চেষ্টা করা হয় তাহলে সেটা দেশদ্রোহীতা করা হ'ল না? মানুষের অভিযোগ থাকলে ধরা যেতে পারে। আর একটা বড় বড় ব্যাপার নিয়ে আমাদের দেশের লোকেরা খুব উদ্বিগ্ন, সেটা হচ্ছে যে, ঐ বিভিন্ন ধরনের জাত ; অগ্রসর, অনগ্রসর, এটা-ওটা, কত রিজার্ভেশন হবে, কত হবে না ; চাকরি হবে কি হবে না এই নিয়ে কতদূর চলছে! সভ্য ভারতবর্ষে দেখছি তরুণেরা এতদূর বিভ্রান্ত যে, তারা নিজেরা প্রকাশ্যে আত্মাহুতি দিচ্ছে। তাদের নিয়ন্ত্রণ করার কেউ নেই আমাদের

ভারতবর্ষে। আমাদের এখানে বিভিন্ন মানুষ আছে, বিভিন্ন গোষ্ঠী আছে, বিভিন্ন ভাষা আছে, সম্প্রদায় আছে ; কিন্তু আজও এটা একটা ভয়ের ব্যাপারে পরিণত হ'তে পারেনি, ভবিষ্যতেও হ'তে পারবে না। এখানে মানুষের একটা অগ্রবর্তী চিন্তা আছে এবং সেই চিন্তার সহায়ক একটা সরকার আছে। এটা অস্বীকার করা ঠিক হবে না। ভারতবর্ষের সম্পদ এখানে সঞ্চিত হচ্ছে। ভারতবর্ষের এই যে ঐতিহ্য, এর থেকে কিছুটা শিক্ষা গ্রহণ করতে পারেন। এখানে অনেকগুলো দল মিলে সরকার চালাচ্ছে এটা একটা আশ্চর্য ঘটনা পৃথিবীতে, আমাদের দেশের আশ্চর্য ঘটনা। আমাদের বিরোধীপক্ষের অন্যতম প্রধান সমস্যা হ'ল তারা এক হ'তে পারল না। কাগজে বার হয়, সত্য অসত্যের মধ্যে যাচ্ছি না, এনার একটা দল প্রকাশ্যে গোপনে তাদের প্রতিযোগিতা, সেটা মেটানোর জন্য দিল্লি থেকে, নানা জায়গা থেকে লোক আসে, অনেক জায়গায় মেটে অনেক জায়গায় মেটে না ; ফলে প্রকাশ্যে মতবিরোধ হয়ে যায়। আমরা এখানে বামপন্থীরা অনেকদিন ধ'রে সরকার চালাচ্ছি। এমনভাবে কাগজে বার হয় যেন কালকেই শেষ হয়ে যাবে, কিন্তু চলছে। এর জন্য তো কাউকে কিছু ভাল কাজ করতে হয়েছে? তা না হলে এতগুলো দল এক জায়গায় থাকা সম্ভব নয়। এটা হ'ল এমন একটা রাজ্য ভারতবর্ষের মধ্যে, যেটার একটা বিরাট আন্তর্জাতিক সিমানা রয়েছে। সবাই জানে আন্তর্জাতিক সীমানা থাকা কতটা ভয়ের কথা। আর আজকের পৃথিবীতে যেখানে চোরাচালানকারী, মাদক দ্রব্যের কারবার, বেআইনি অস্ত্রের কারবার যারা করে, তারাই এই সমস্ত আন্তর্জাতিক সূচনাগুলো নিয়ন্ত্রণ করে এবং আরও অনেক জটিলতা হয়। ভারতবর্ষের যে সব রাজ্যগুলোকে আন্তর্জাতিক সীমানা নিয়ে থাকতে হয়, তাদের অত্যন্ত ভয়ের মধ্যে দিন কাটাতে হচ্ছে। যারা বিপজ্জনক ঘটনা ঘটাতে যাচ্ছে, সারা পৃথিবীর আলোচ্য বিষয়ে পরিণত হচ্ছে কি হবে না হবে। নিশ্চয়ই আমাদের কোনও কৃতিত্ব আছে আন্তর্জাতিক সীমানা নিয়ে। ফলে আন্তর্জাতিক সীমানা থাকার ফলে আমরা আইন-শৃঙ্খলার বিষয় নিয়ে, এখানকার সমাজবিরোধীদের কার্যকলাপের চাপে পড়িনি। এই সমস্ত বিষয় নিয়ে আলোচনা করা যাচ্ছে। সেইজন্য বড় বড় কাজের ব্যাপারে, প্রশ্নের মীমাংসার ব্যাপারে ভারতবর্ষের সবাই এক মত গ্রহণ করতে পারেনি। এটা দরকার। আমাদের এখানে একটি রাজ্যে, দার্জিলিং গোর্খা হিল কাউন্সিল গঠন ক'রে নির্বাচন করা হচ্ছে। ইতিমধ্যে দুবার নির্বাচন হয়ে গেল। সেখানে শান্তিপূর্ণভাবেই সব চলছে। মাঝে মাঝে অসুবিধা হয়, কিন্তু চলছে। ভারতবর্ষের অন্য রাজ্যে তো এই পরীক্ষা-নিরীক্ষা ভালভাবে হয়নি, সেইজন্য দরকার আছে। আমি অন্য প্রশ্নে যাব না, অন্য বক্তা আছে, বলবেন। আমি দু-একটি কথা বলি, শিল্পে একটা জটিল সমস্যা আছে, পশ্চিমবঙ্গের যে অর্থনীতি সেখানেও একটা জটিল সমস্যা আছে। কিন্তু এটা কি চিন্তা করছেন? আমাদের এখানে প্রধান যে শিল্প তা বরাবরই ছিল, নতুন কিছু নয়, এটা পরিবর্তিত অর্থনীতির উপর নির্ভরশীল।

তার বিকল্প কি হবে? এখানে যে শিল্পগুলি গড়ে উঠেছিল সমস্তই পুরানো শিল্প। এক সময় এইসব শিল্প ছিল ঐতিহ্যশালী আধুনিক শিল্প। যখন ভারতবর্ষে ঐ ধরনের শিল্প অন্য

জায়গায় হয়নি। কিন্তু তারপর তার আধুনিকীকরণ কি করে হবে, নতুন শিল্প কি করে গড়ে উঠবে, নতুনভাবে কর্মোদ্যোগ কি করে তৈরি হবে তারজন্য পরিকল্পনা দরকার ছিল না তা তো নয়। সেখানে পরিকল্পনার দরকার ছিল এবং ভারতবর্ষে পরিকল্পনাও ছিল। কিন্তু সেই পরিকল্পনার কত অংশ আমাদের রাজ্যটার উপর দৃষ্টি দিয়েছে? কেন্দ্রীয় বিনিয়োগকারী সংস্থাগুলি এই রাজ্যের প্রতি কি দৃষ্টি দিয়েছে? কি ভাবে এখানে নতুন অর্থনীতি গড়ে তোলা যায় তারজন্য কার কতটুকু সহানুভূতি এই রাজ্য পেয়েছে? এইসব কথা কি আমরা দলমত নির্বিশেষে বলতে পারিনা? আজকে সারা পৃথিবীতেই বিপর্যয়, আমাদের ভারতবর্ষেও বিপর্যয়। কেউ কেউ বলছেন এখন একটা নতুন যুগ এসেছে। সবকিছু যদি তুলে দেওয়া হয় বিশ্বের পুঁজিপতিদের হাতে তারা পুঁজি ঢালবে এবং এই দেশের অর্থনীতি ভাল হবে—একথা বলা হচ্ছে। ঠিক এই কথাটা আগে যে অর্থনীতি অনুসরণ করা হয়েছিল, আগে যে পরিকল্পনা অনুসরণ করা হয়েছিল তখন তার যারা প্রবক্তা ছিলেন বলেছিলেন এটা অবলম্বন করে আমরা উপরে উঠে যাব এবং এমন জায়গায় যাব যেখান থেকে আর আমাদের ফিরে আসতে হবে না। আন্তর্জাতিক প্রশংসা তখনও হয়েছিল ডাঃ আবেদিন। কাজেই এটা দিয়ে ঠিক হবে না যে সত্যি সত্যি একে অবলম্বন করে আমরা এগোতে পারব কিনা। আজকে ভারতবর্ষের চেহারাটা কি? এগুলো তো সব আপনারা করেছেন, আপনারা কি জানেন, সভা কি জানেন যে চুক্তি হয়েছে তাতে ভাল-মন্দ অনেক কথাই আছে। চুক্তির ভাষা কোন্‌টা ভাল কোন্‌টা মন্দ কাজে যতক্ষণ না প্রমাণিত হবে ততক্ষণ সেটা পরিষ্কার বোঝা যাবে না। কাজেই সেটা আমি বাদ দিচ্ছি। কিন্তু এই চুক্তির প্রথম পাতায় যে কথাটা লেখা আছে সেটা ক'জন জানেন? ফাইন্যাল অ্যাক্টে—এতে লেখা আছে এই চুক্তিতে যা লেখা হল তা যদি—ওখানে দেশগুলি যারা চুক্তি করছে তাদের বলা হচ্ছে পার্টি কোনও পার্টির কোনওরকম আইনের সঙ্গে কন্ট্রাডিক্টরি হয়, পরিপন্থী হয় তাহলে বিনা দ্বিধায় সেই পার্টির সেই আইন তা সে যত মূল্যবানই হোক না কেন তা নিজে থেকে পরিবর্তিত হবে। এর অর্থ হচ্ছে এটার যদি কোনও দেশের সংবিধানের সঙ্গে সামঞ্জস্য না থাকে তাহলে সেই সংবিধান নিজের থেকেই পরিবর্তিত হবে। এটা কি ভারতবর্ষের কোনও রাজনৈতিক দল—শাসকদল সহ—তাহলে এ ব্যাপারে কোনও রাজনৈতিক সিদ্ধান্ত গৃহীত হয়েছে? তাদের যে মঞ্চ আছে, ফোরাম আছে সেই ফোরামে কি এটা আলোচিত হয়েছিল? কংগ্রেস দল রেজোলিউশন করে এটা কি সমর্থন করেছিল? আজকে অনেকে সমর্থন করছেন দেখতে পাচ্ছি কিন্তু কংগ্রেস দল কি রেজোলিউশন করেছিল যে এই চুক্তি আমরা মেনে নেব এবং তাতে এটা থাকবে? এটা হচ্ছে একটা সর্বোচ্চ চুক্তি সারা পৃথিবীতে—অ্যাপেক্স চুক্তি। এর উপরে কোনও চুক্তি নেই, এর উপরে কোনও সংগঠন নেই এবং এই চুক্তির পরিপন্থী যদি হয় কোনও দেশের সংবিধান তাহলে সেই সংবিধান পরিবর্তিত হবে। অন্য কথায় পরে আসছি, আজকে ভারতবর্ষের অবস্থাটা কি? আমাদের এই ভারতবর্ষের এই যে অবস্থাটা এটা হল যারা বিদেশি কোটিপতি তারা যা চাইবেন তাই হবে। কি করে হবে? এটা একটা নতুন ধরনের দুর্নীতি। কিছুদিন আগে পার্লামেন্টে কথাবার্তা হল সিকিউরিটি স্ক্যামের উপর। এ সম্পর্কে যে রিপোর্ট তৈরি হয়েছিল

সেখানে কংগ্রেস দলের একজন খুব শ্রদ্ধেয় মানুষ তিনি তার সভাপতি ছিলেন এবং কংগ্রেস দলের সেখানে সংখ্যাধিক্য ছিল। এটা একটা সর্বসম্মত রিপোর্ট এর পাতায় পাতায় কি কথা লেখা আছে? কি ভাবে ভারতবর্ষটা চলছে? কি ভাবে ব্যাঙ্কিং ব্যবস্থা, অর্থনৈতিক সংস্থাগুলি চলছে? কি ভাবে প্রাইভেট বিজনেসের সঙ্গে তাদের দেনা-পাওনা চলছে, কি ভাবে কারা বেআইনিভাবে টাকা লেনদেনের সংগঠন তৈরি করে, কোনও কোনও ব্যক্তি তাদের সম্পর্ক কোথায় দেশে-বিদেশে এবং মন্ত্রীসভার সঙ্গে তাদের সম্পর্ক কি, অর্থ-দপ্তরের সঙ্গে তাদের সম্পর্ক কি, বিভিন্ন পাবলিক আন্ডারটেকিংয়ের সঙ্গে তাদের সম্পর্ক কি, চারটি বিদেশি ব্যাঙ্ক কি করে ভারতবর্ষে বেআইনিভাবে কাজ করে চলেছে—এইসব কথা তার প্রতিটি পাতায় তুলে ধরা হয়েছে এবং সেখানে ভারতবর্ষের চেহারাটা তাতে বোঝা যাচ্ছে। এতেও এত দৃষ্টি আকর্ষণ করেনি কিন্তু তার একটা সংক্ষিপ্তসার করে যখন অ্যাকশন টেকেন রিপোর্টটা এল দু'বছর পরে তখন সভার চক্ষু চড়কগাছ হয়ে গেল। তাদের বক্তব্য হচ্ছে ব্যাঙ্ক ব্যবস্থায় এই যে দুর্নীতি এটা কর্মচারিরা করেন না। সেখানে বেছে বেছেই লোক নেওয়া হয়, কমপিটিটিভ পরীক্ষার মাধ্যমে ভাল ছেলেদেরই নেওয়া হয়—তারার অন্যায় করেন না। কিন্তু এটা যাঁরা পরিচালনা করেন, এই পরিচালকমন্ডলী এর সমস্ত হচ্ছে রাজনৈতিক নিয়োগ এবং কিভাবে এক একটা পরিবার এক একটা ব্যক্তি দুর্নীতির সঙ্গে যুক্ত, তারা কি ভাবে মন্ত্রীসভার সঙ্গে নানানভাবে যুক্ত সমস্ত ছবির মতো দেখিয়ে দিয়েছে। তাতেও মির্ধা সাহেব বলেছেন—আমি কাগজে দেখেছি—'আমি সর্বসম্মত রিপোর্ট তৈরি করার জন্য সব কথা বলতে পারিনি।' নতুন ধরনের দুর্নীতি এবং এর হাত থেকে কারুর কোনও পরিত্রাণ নেই! তারা সব গ্রহণ

[1-50 – 3-00 p.m.] (Including adjournment)

করে নিচ্ছেন। এবং তারা যা বলছেন সেই ভাবে তো পরিকল্পনা তৈরি হচ্ছে, সব কিছু হচ্ছে? আর তারা যা বলছেন সেই অনুযায়ী সমর্থন করছেন। কবে থেকে আপনারা সমর্থন করতে শুরু করলেন? আপনারা তো প্রথমে জানতেনই না যে এই চুক্তিতে কী আছে, আলোচনায় কী আছে। পার্লামেন্টে কতকগুলো কমিটি হয়েছে, স্ট্যান্ডিং কমিটি। কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ-এর স্ট্যান্ডিং কমিটিতে যে ডিপোজিশন, সেখানে কংগ্রেস দলের সদস্যারা আমাদের বন্ধুরা আছেন, তারা বলবেন যদি সুযোগ পান তারা যে কথা বলেছেন যে প্রতিটি পদক্ষেপে চুক্তির সময় কি কি কথা হয়েছিল ভারতবর্ষের সঙ্গে অন্য যে তৃতীয় বিশ্বের দেশগুলো, বিশেষ করে ব্রাজিল এবং কয়েকটা ল্যাটিন আমেরিকান কান্ট্রি। তারা বলেছিলেন, আসুন আমরা আলাদাভাবে আলোচনা করি। মার্কিন দেশ থেকে পরিষ্কারভাবে বলে দিয়েছিল, আলাদা মিটিং কেউ আপনারা করবেন না। যদি করেন সাংঘাতিক রকমের তার কনসিকোয়েন্সেস হবে। এটা আমার কথা নয়, এ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ এর যে স্ট্যান্ডিং কমিটি তার ডিপোজিশনে আছে, আরও বহু কথা আছে, তাতে কী বলেছিল কংগ্রেস দলের তরফ থেকে যে ভাই কংগ্রেসের সদস্যগণ আপনারা শুনুন, আমাদের দেশের ভালর জন্য এই এই কথা মানিয়া লইতে হইতেছে এবং আমাদের মাথা নত করিয়া ইহারা যাহা বলিতেছে মানিয়া

লইতে হইতেছে, বলেছিলেন কোনদিন? কেন আপনারা সমর্থন করছেন? আমার কথা হচ্ছে এই বিষয়ে উনাদের বিরুদ্ধে বলার জন্য বলছি না, এর বিরুদ্ধে এই পশ্চিমবাংলা, এখানকার বামফ্রন্ট, এখানকার নেতৃত্ব, এরা দেশের মানুষকে বলছে, মাথা উঁচু করে দাঁড়াও। করতে অনেক কিছু হবে, আত্মত্যাগ অনেক করতে হবে। এটা যদি মার্কিন দেশের অর্থনীতির কাছে আত্ম সমর্পণ করি তাহলেও আমাদের সব যাবে আর আমরা যদি নিজেদের পায়ে দাঁড়াতে চাই, অনেক আমাদের ছাড়তে হবে এই বিষয়ে কোনও সন্দেহ নেই। অনেক ছাড়তে হবে। ছাড়াটা কঠিন, ত্যাগ করা কঠিন। কিন্তু এদের বৈশিষ্টটা, এখানে এই বামফ্রন্টের বৈশিষ্টটা এখানে যে মাথা নিচু করে সব জিনিস মেনে নেওয়া যাবে না। এটা মনুষ্যত্বের বিরুদ্ধে, দেশ প্রেমের বিরুদ্ধে—তাই মাথা উঁচু করে দাঁড়াতে হবে। সেইজন্য দেশের লোকরা ভালবাসে, অনেক কিছু তারা সোনাদানা পাচ্ছে, তা নয়, অনেক সুযোগ-সুবিধা তারা পাচ্ছে তা নয়। জনসংখ্যা বাড়ছে, জনসংখ্যার এত চাপ, প্রত্যেক স্কয়্যার কিলো মিটারে জনসংখ্যার এত চাপ, একটা কোনও সামান্য ঘটনা ঘটে গেল বড় বড় ঘটনা ঘটে যাচ্ছে। দলে দলে লোক এসে জড়ো হয়ে যাচ্ছে, বুঝতে পারছে না, তারমধ্যে কিছু মন্দ লোক আছে, তারা গন্ডগোল ঘটিয়ে দিচ্ছে, এত জনসংখ্যার চাপ এত সোজা ব্যাপারটা? কিন্তু তবুও লোকেরা ভালবাসছে, পছন্দ করছে। দেখছেন তো আবার নির্বাচন হল, আবার পৌরসভার নির্বাচন হল। আচ্ছা ভারতবর্ষের ঘটনাটা কী? এই যে শেষন সাহেব, যার সম্পর্কে অনেকরকম কথা হচ্ছে, উনার যে প্রধান বক্তব্য, সেটা কিন্তু সারা ভারতবর্ষে নির্বাচন পরিচালনাটা যে অন্যায়ভাবে হয়, সেটা তিনি বারেবারে বলছেন। এটা বামফ্রন্টের উপর কতটুকু পড়ছে, এদের তো এখানে একটা রাজ্য আর একটা ত্রিপুরা। আমি ধরে নিচ্ছি বামফ্রন্টকে উনি সমালোচনা করছেন। আর পুরো ভারতবর্ষটা? পুরো ভারতবর্ষটা কারা চালাচ্ছে? কাদের নেতৃত্বে সেখানে নির্বাচন হয়, তার বিরুদ্ধে যদি তাঁর কোনও সেনসাস থাকে, তাহলে সে তো কংগ্রেস দলের বিরুদ্ধে যাচ্ছে, কংগ্রেস দল এতদিন দেশটা পরিচালনার পরে এই যে নির্বাচনকে আরও সংস্কার করার দরকার, এই আওয়াজটা উঠেছে এবং অনেকে বলছেন এটা ঠিক, আমি নিজে শুনেছি, যদিও এখানে উদ্ধৃতি দেওয়া ঠিক নয়,—না, তারাও মনে করেন সত্যিই এ তো অন্যায়ভাবে হচ্ছে। এ'তো সব যাচ্ছে কংগ্রেস দলের নেতৃত্বের বিরুদ্ধে, এদের বিরুদ্ধে তো যাচ্ছে না, বামফ্রন্টের বিরুদ্ধে তো যাচ্ছে না? এটা তো আমাদের খুব ভালভাবে বুঝতে হবে। এটাই হল এদের ঐতিহ্য। আর দুটো কি তিনটে কথা বলব, কারণ আমার সময় শেষ হয়ে আসছে। এবারে হচেছ, দুটো জিনিস বলি, একটা হল সাক্ষরতা। আমি নিজে পড়াই, কাজেই আমাকে কেউ বলতে পারবে না যে এর মধ্যে কি আছে না আছে। আমি নিজের কথা বলব না, আমি মনের কথা বলব না, আমি সমীক্ষার কথা বলছি। কয়েকটি জেলাতে সমীক্ষা হয়েছে। বড় বড় সংগঠন সমীক্ষা করেছে, ইন্ডিয়ান স্ট্যাটিসটিক্যাল ইন্সটিটিউট তারা দুটি জেলা সমীক্ষা করেছে, বাঁকুড়া, বীরভূম, তেমনি হুগলিতে সমীক্ষা হয়েছে, বর্ধমানে সমীক্ষা হয়েছে, মেদিনীপুরে হয়েছে, আমি ওর মধ্যে যাচ্ছি না। বাঁকুড়া এবং বীরভূমের যে দুটো সমীক্ষা হয়েছে, তার সম্বন্ধে দুটো কথা বলি। ওরা প্রশ্ন করেছিল, যারা সাক্ষরতা কেন্দ্রে গিয়েছিল, পড়া শেষ

করেছে, তাদের একটা ভাগ। যারা সাক্ষরতা কেন্দ্রে গিয়েছিল পড়া শেষ করতে পারেনি, তাদের একটা ভাগ। যাদের সাক্ষরতা কেন্দ্রে যাবার কোনও দরকার হয়নি, তাদের একটা ভাগ। যারা সাক্ষরতা কেন্দ্রে যাবার যোগ্য কিন্তু যায়নি, তাদের একটা ভাগ। এত জিনিস সত্ত্বেও এখানে, আমাদের পশ্চিমবাংলায় এটা নেই এবং এটা আপনারা অস্বীকার করতে পারেন না। আজকাল যাকে বলে ট্রান্সফারেন্সি, তা সাংঘাতিক এত কাগজ রয়েছে, এক কাগজে এত কথা বেরচ্ছে—যা সত্য তার চেয়ে বেশি কথা বেরুচ্ছে। আমি কাগজের নাম বলব না, তাঁদের সঙ্গে আপনারা আছেন—দুর্নীতির কথা রোজ বেরুচ্ছে। বেরোক, তাতে কোনও ক্ষতি নেই, বেরুনো ভাল। এখানে যে লোকগুলোকে দুর্নীতিগ্রস্ত বলা হ'ল, দেশের লোক কিন্তু মনে করে না তারা দুর্নীতিগ্রস্ত। কেননা তা সত্ত্বেও তাদেরই ভোট দিচ্ছে। এর একটা উত্তর আছে,—আমার উত্তর নয়—উত্তরটা হচ্ছে, পশ্চিমবাংলায় বামফ্রন্ট যখন রাজনীতিতে আসে, তারা যখন মানুষকে রাজনীতিতে নামায়, তারা নিজেরা যখন রাজনীতিতে নেমেছে তখন এটা জেনেই নেমেছে যে, আমাকে কিছু দিতে হবে। পৃথিবীতে কি এরকম আর একটা দলও আছে, পৃথিবীতে এরকম আর একটা রাজনৈতিক শক্তি কি আছে যাদের সদস্যরা তাদের আদর্শের জন্য প্রতি মাসে তাদের আয়ের একটা অংশ সেখানে তারা দিয়ে দেবে তাদের দলীয় সদস্য পদ রাখতে? পৃথিবীতে একটাও আর আছে? এই জন্যই দুর্নীতি হওয়া সম্ভব নয়। কেউ কেউ দুর্নীতিগ্রস্ত হতে পারে, কিন্তু তাকে মোকাবিলা করার ক্ষমতা তারা রাখে।

এই যে অনাস্থা প্রস্তাব এসেছে—এটা ঠিকই আমাদের এখানে এই বামফ্রন্ট ক্ষমতায় আসার পর আমাদের এখানে যেটুকু পার্লামেন্টারি রিফর্মস হয়েছে তার ফলেই আজকে অনাস্থা প্রস্তাব আনার জন্য যেটুকু ন্যূনতম সদস্য সংখ্যার প্রয়োজন, সেটা থেকে আরম্ভ করে সব কিছু পরিবর্তিত হয়েছে। নিশ্চয়ই সম্মতি ছিল তাঁর, যাঁর আপনারা সব চেয়ে বেশি সমালোচনা করছেন। তাঁর কি সম্মতি ছিল না? সেজন্য আমার কথা হ'ল—আপনাদের জন্য নয়, আমাদের জন্য বলছি—আমাদের এটা উপলব্ধি করা দরকার যে, আমরা যারা বামফ্রন্টে আছি, আমাদের সস্তা সমালোচনা করা হচ্ছে, এতে বিচলিত হবার কিছু নেই। ত্রুটি যদি কিছু থাকে তা দূর করতে হবে। যে প্রতিশ্রুতি আমরা নিজেরা নিজেদের কাছে রেখেছি তাকে প্রতিফলিত করতে হলে তা মিলিতভাবে এবং রাজনীতি গতভাবে করতে হবে। তা যে হয়নি বা হচ্ছে না, তা নয়। তবুও আমাদের এবিষয়ে সজাগ থাকতে হবে।

এখানে আপনারা শিক্ষা সংস্কৃতির কথা বললেন। আমাদের এই রাজ্যে শিক্ষা এবং সংস্কৃতির বিষয়গুলোতে আমরা মানুষের সঙ্গে আছি, নাহলে এ রাজ্যকে বাঁচানো যেত না। অপরাধের কথা বলছেন! ছোট ছোট ছেলে-মেয়েরা আজকে নষ্ট হয়ে যাচ্ছে, এবিষয়ে আপনারা কি কিছু বলেন? কেন আমাদের রাজ্যের ছেলে-মেয়েদের কোনও উপকার হ'ল না? দিন নেই, রাত নেই তাদের চোখের সামনে যা তুলে ধরা হচ্ছে তাতো মানুষ মেনে নিতে পারে না। এই যদি চলে এতে মানুষের মনুষ্যত্ব থাকবে, মানুষের রুচি থাকবে, মানুষের প্রতি ভালবাসা

থাকবে? কিন্তু ওঁরা (রাজ্য সরকার) বিকল্প রাস্তা নিয়ে চলবার চেষ্টা করছেন, কিন্তু ওঁদের শক্তি কম। ওরা ওঁদের যে শক্তি তা নিয়ে কোনও শক্তিশালী বৈদ্যুতিক মাধ্যমের সঙ্গে কখনই প্রতিযোগিতায় পারবেন না। ওকে ঠেকাতে পেশাগত নৈপুন্যতা দিয়ে যে জিনিস তৈরি করে মানুষের কাছে তুলে ধরা দরকার সে জিনিস মানুষের কাছে তুলে ধরার মতো শক্তি তাঁদের নেই। সুতরাং সেটা ওঁরা পারবেন না। তবুও কিছু তুলে ধরছেন, গ্রামীণ সাধারণ মানুষের সংস্কৃতিকে নিজেদের চর্চার মধ্যে দিয়ে আজকে মানুষের কাছে নিয়ে যাওয়া হচ্ছে, আজও মানুষকে মাতানো যাচ্ছে। এ একটা কঠিন সংগ্রাম, সহজ সংগ্রাম নয় এটা যাঁরা করছেন তাঁরাই জানেন।

কাজেই আপনারা যে অনাস্থা প্রস্তাব এনেছেন তাতে বামফ্রন্টের আর একটু দায়িত্ববোধ বাড়বে। নিশ্চয়ই বামফ্রন্টের জনপ্রিয়তা যেমন আছে তেমনই থাকবে। তবে হ্যাঁ, কোনও কাজে কোনও ত্রুটি থাকলে তার সমালোচনা নিশ্চয়ই হবে। সেই সমালোচনা যদি আমাদের কোনও সংশোধনের পথ দেখায় তাহলে তা নিশ্চয়ই আমাদের গ্রহণ করতে হবে। আমি আপনাদের বলব, আপনারা যখন এখানে আলোচনা করবেন তখন নিশ্চয়ই ভাল দিকগুলো, যেগুলো ভবিষ্যতে কাজে লাগবে সেগুলো তুলে ধরবেন। অন্য বিষয় থাকলেও বলবেন। স্বাভাবিকভাবেই আমি অনাস্থা প্রস্তাবের বিরোধিতা করছি। সকলকে ধন্যবাদ।

**মিঃ স্পিকার ঃ** থ্যাংক ইউ। এখন বিরতি। আমরা আবার মিলিত হব তিনটের সময়।

(At the Stage the House was ajourned till 3-00 p.m.)

(After Adjournment)

[3-00 – 3-10 p.m.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার পূর্ববর্তী বক্তা, শ্রী পার্থ দের বক্তৃতা শুনছিলাম। উনি সারা ভারতবর্ষে কথা পশ্চিমবাংলার বিধানসভায় বলছিলেন। জে পি. সির রিপোর্ট থেকে আরম্ভ করে কোনও চুক্তি তিনি বাদ দেননি। আমি একটি কথা অত্যন্ত নিষ্ঠার সঙ্গে বলতে চাই, মুখ্যমন্ত্রী শ্রী জ্যোতি বসু বুঝেছিলেন যে এই লোকটিকে দিয়ে মন্ত্রিত্ব চলতে পারে না, তাই তিনি ওনাকে তাড়িয়ে দিয়েছিলেন। তার একটি কারণ, আমরা যখন পশ্চিমবাংলার কথা ভাববার চেষ্টা করছি, তখন উনি সেইদিকে না গিয়ে সারা ভারতবর্ষের দৃষ্টিভঙ্গির দিকটা দেখার চেষ্টা করলেন। যেমন, এখানে আমরা সবাই যেন ওদের পার্টি ক্যাডার হয়ে বসে আছি, উনি ওনার বক্তৃতা আমাদের শোনাচ্ছিলেন। ফুটপাথে দাঁড়িয়ে বক্তৃতা দেওয়ার অভ্যাস, সেইরকমভাবে উনি এখানে বক্তৃতা দিলেন। উনি আজকে যেখানে দাঁড়িয়ে বক্তৃতা দিলেন, সেখানে আমরা পশ্চিমবাংলার কথা প্রথমে ভাবছি। পশ্চিমবাংলা যদি না থাকে—যারা ভারতবর্ষের কথা ভাবছে তাদের ভাবতে দিন—কিন্তু আমরা যারা পশ্চিমবাংলায় বসে আছি তারা পশ্চিমবাংলার কথা ভাবছি। পশ্চিমবাংলা চলবে কিনা ভাবছি, পশ্চিমবাংলা

চলছে কিনা ভাবছি, পশ্চিমবাংলার ভবিষ্যতের কথা ভাবছি, পশ্চিমবাংলার মানুষের গণতান্ত্রিক অধিকার থাকবে কিনা সেটা ভাবছি, মার্ক্সীয় দর্শনে বিশ্বাসী আপনারা, মানুষের কথা ভাববার অবকাশ আপনাদের নেই, আপনাদের পার্টির কথা ভাবতে হয়। আজকে পশ্চিমবাংলায় জ্যোতি বসু ফ্যাসিস্ট কায়দায়, ফ্যাসিস্ট ভঙ্গীমায়, ফ্যাসিজমের মাধ্যমে সারা পশ্চিমবাংলা চালাচ্ছে এবং এই জিনিস বিগত ১৭ বছর ধরে চলছে। গণতন্ত্রের নামে ফ্যাসিবাদ কায়েম হয়েছে এবং এই ফ্যাসিবাদ কায়েম করার জন্য ওনার প্রথম হাতিয়ার হচ্ছে পুলিশ, তাই পুলিশকে হাতে রেখেছেন। এখানে এখন পুলিশমন্ত্রী তথা জ্যোতি বসু নেই। আমি একটি কথা এখানে দাঁড়িয়ে বলতে চাই, আপনারা ভাবুন, যদি প্রশাসন না থাকে, দেশে আইন-শৃঙ্খলা না থাকে, তাহলে সেই দেশে শিল্প, স্বাস্থ্য, বিদ্যুৎ প্রভৃতি কোনও ক্ষেত্রেই উন্নতি হতে পারে কিনা? আজকে পশ্চিমবাংলা থেকে শিল্পপতিরা বেরিয়ে যাচ্ছে কেন? আপনি তো এতবার ভারত চেম্বার অফ কমার্স, বেঙ্গল চেম্বার অফ কমার্সে গিয়ে শিল্পপতিদের বারবার আবেদন করছেন। তারা কিন্তু আপনার কথা বিশ্বাস করতে পারছেন না, কারণ বিশ্বাসযোগ্যতা আপনি হারিয়ে ফেলেছেন। হারিয়ে ফেলার সবচেয়ে মূল কারণ হচ্ছে আপনার পুলিশ প্রশাসন এবং আইন-শৃঙ্খলা। এরজন্য যদি কাউকে দায়ী করতে হয় তবে তিনি হচ্ছেন পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী তথা পুলিশমন্ত্রী। তার কারণ একটাই, ১৭ বছর ধরে তিনি একটা জায়গায় বসে আছেন, পুলিশ প্রশাসনকে তিনি ধ্বংস করেছেন নিজেদের পার্টি ক্যাডার তৈরি করার জন্য। কালকে যে ঘটনা ঘটে গেল, এই ঘটনায় মুখ্যমন্ত্রী থেকে আরম্ভ করে এখানে যারা বসে আছেন সকলের উচিত ছিল গতকালের ঘটনার দ্ব্যর্থহীন ভাষায় নিন্দা করা এবং তারপর আলোচনা করা উচিত ছিল। যেহেতু ওরা মার্কসিস্ট, মার্কসিজমে বিশ্বাসী, তাই ওরা দেশের কথা চিন্তা করে না। জ্যোতি বসু বর্ষীয়ান নেতা, তাকে সার্টিফিকেট দিচ্ছে কে? সি. পি. পুলিশ কমিশনার তিনি হলেন আমাদের পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী, তিনি হলেন পুলিশ মন্ত্রী। আজকে এখানে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রী নেই, উনি ডক্টরেট হয়েছেন, ইউনিভার্সিটি ডক্টরেট দেয়, পদবী দেয়, নানাভাবে খেতাব ইত্যাদি দেয়। ওঁকে কি দিল কে? পুলিশ অ্যাসোসিয়েশনে বক্তৃতা দেওয়ার জন্য সি. পি. দিচ্ছেন, এ আলোচনায় বলেছেন কি? 'এই শতাব্দে যে সব মণীষী উজ্জ্বলভাবে চিহ্নিত হবেন মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বসু তার মধ্যে একজন। তিনি হচ্ছেন উজ্জ্বল মণীষী, সেই হিসাবে চিহ্নিত। খুনী, খুনের রাজত্ব কায়েম করেছেন, ধর্ষনের রাজত্ব কায়েম করেছেন। নারীর ইজ্জত যেখানে লুণ্ঠিত হচ্ছে, শিল্পে, স্বাস্থ্যে উন্নতি হয়নি, যেখানে শুধু পশ্চিমবঙ্গ সারা ভারতবর্ষের বুকে একটা অত্যন্ত উৎশৃঙ্খল জায়গা বলে চিহ্নিত হয়ে গেছে সেখানে মাননীয় মুখ্যমন্ত্রী পুলিশ কমিশনারের কাছ থেকে সার্টিফিকেট নিচ্ছেন, পুলিশ কমিশনারের এই ধৃষ্টতা আছে কোথা থেকে? গায়ে মেখে নিলেন একটা কারণে, মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বসু তাঁর সীমাবদ্ধতার কথা জানেন, এখানে থাকতে গেলে পুলিশ প্রশাসনের সাহায্য ছাড়া থাকা যাবে না, পুলিশ প্রশাসন আপনাদের চাই, সেজন্য পুলিশ আপনাদের কিছু বললে কিছু যায় আসে না। উনি হলেন নির্লজ্জ মুখ্যমন্ত্রী। এই ঘটনা, ১৭ বছর পরে গত বছর তিনি বলছেন পুলিশ প্রশাসনের ইউনিয়ন করার জন্য আমি গর্বিত,

পুলিশের হেফাজতে জেলে খুন হল, পুলিশই একটা সমাজবিরোধী বলে চিহ্নিত হচ্ছে। পশ্চিমবঙ্গের পুলিশ এত খারাপ ছিল না, তাদের খারাপ করে দেওয়া হয়েছে। উনি সার্টিফিকেট দিচ্ছেন ইউনিয়ন করে দেওয়ার জন্য আমি গর্বিত। আজকে পশ্চিমবঙ্গের মাননীয় মুখ্যমন্ত্রীকে আমি একটি কথা বলতে চাই, উনি প্রতি কথায় কথায় বলেন কংগ্রেসি গুন্ডা, সমাজবিরোধী, ওনার বয়সটা বেশি হয়েছে, ভুলে গেছেন যে সমাজবিরোধীরা সরকার এবং রাজনীতির বাইরে থাকে। শ্রীধরের মামলা হয়েছে, পাবলিক প্রসিকিউটর একজন সি. পি. এমের লোক, তাকে ডিফেন্স করার জন্য রাখা হয়েছে। একজন পাবলিক প্রসিকিউটর, একজন ডিফেন্স করবে, তাদের বদলে যেই আর একজনকে দেওয়া হল যেহেতু তিনি জামিনে আপত্তি করেছেন সেজন্য সি. পি. এমের গুন্ডারা কোর্টের চত্বরে একজন আইনজীবীকে মারধোর করল। এই রকম দৃষ্টান্ত একটা নয়, শত শত আছে। আজকে শ্রীধরকে কারা রক্ষা করছে? আপনাদের কাছে দুটি ছোট্ট কথা বলব। ১৯৯৩ সালের ফার্স্ট জুন থেকে ৩১শে ডিসেম্বর পর্যন্ত রেপ হয়েছিল। নারী নির্যাতন ১৯৮১তে ১লা জুন থেকে আমাদের পশ্চিমবঙ্গের প্রশাসন খুব ভাল চলছে। ডেথ ইন লক আপ ১৭ বছরে ১৮০, ডেথ ইন ফায়ারিং ৩৫০ এসব পুলিশের মাধ্যমে হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমরা চাই পশ্চিমবঙ্গের উন্নতি হোক, এবং সবাই তাই চান, কিন্তু এই প্রশাসনের মধ্যে থেকে আজকে কোনও জায়গায় দাঁড়িয়েছে সেটা ভাববার দরকার আছে। মাননীয় মুখ্যমন্ত্রী একটু আগে বলবার সময়ে বলেছেন ২২শে জুলাই রাইটার্স বিল্ডিংস দখল করতে গিয়েছিল ২১শে জুলাই যে ঘটনা হয়েছিল তাতে আমাদের ১৩ জন মারা গিয়েছিল। আমি নিজে প্রত্যক্ষদর্শী একটি পুলিশের বোমার চিহ্ন ছিল না, কয়েকজনের গায়ে ইঁট লেগেছিল। চোখের সামনে দেখেছি। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী বললেন রাইটার্স বিল্ডিং দখল করছি। এত মূর্খ কে আছে যে লোক নিয়ে রাইটার্স বিল্ডিংস দখল করবে। মাননীয় মুখ্যমন্ত্রী পুলিশের গুলি চালনাটাকে জাস্টিফায়েড করার জন্য বলছেন রাইটার্স বিল্ডিংস দখল করছে। এই বয়সে জনসাধারণকে এই বলে বিভ্রান্ত করছেন। আজকে আমি বলতে চাই ১৯৯৩ সালের নভেম্বরে হরিহরপাড়ায় পুলিশ যে গুলি চালিয়েছে তার বিরুদ্ধে কি ব্যবস্থা করেছেন?

[3-10 – 3-20 p.m.]

পশ্চিমবঙ্গে একটার পর একটা গুলি চলছে, খুন হচ্ছে, নারী ধর্ষণ হচ্ছে এবং তার ফলে পশ্চিমবঙ্গে পুলিশ প্রশাসন আস্তে আস্তে জনসাধারণের চোখে ছোট হয়ে যাচ্ছে। যেখানে হাত দেওয়া যাচ্ছে সেখানেই দেখা যাচ্ছে, সি. পি. এম. সমাজবিরোধীরা সেটা সমর্থন করছেন। আজকে সি. পি. এম. সমাজবিরোধীরা শুধু ভোটই করে না বা রাজনীতি করে না ; পুলিশ কমিশনার বলেছেন যে একশ্রেণীর রাজনীতিক, পুলিশ প্রশাসন এবং সমাজবিরোধী, এরা আজকে এক হয়েছে। ঐসব সমাজবিরোধী কারা? তারা সব সরকার পক্ষের, একটাও বিরোধীদলের বলতে পারবেন না। আর ক্ষমতাসীন রাজনৈতিক দল যদি তাদের সমর্থন করে তাহলে পুলিশের ক্ষমতা আছে তাদের গ্রেপ্তার করবার? তারই জন্য পুলিশ তাদের গ্রেপ্তার

করতে পারে না, কারণ পুলিশ জানে টিকে থাকতে হলে তাদের কিছু বলা যাবে না। ইতিহাস দেখবেন, ঘেরাও কথাটা এদের সময়েই উঠেছিল। ১৯৯৩ সালের ৫ই ডিসেম্বর বীরভূমে ছাত্রদের উপর গুলি চলল। বীরভূমে টিয়ার গ্যাস নয়, গুলি চালানো হয়েছে। সেখানে একটি স্বাস্থ্যকেন্দ্রের সুপারিনটেনডেন্টকে ঘেরাও-মুক্ত করতে হবে। সেখানে পুলিশ গুলি চালিয়ে তিনজনকে মেরে ফেলল। আজকে পুলিশ প্রশাসনের জন্য টাকা বাড়ানো হচ্ছে, কিন্তু সঙ্গে সঙ্গে পুলিশকে একটা ক্যাডারভিত্তিক পার্টিতে পরিণত করবার জন্য যা যা করণীয় তাও করা হচ্ছে। দুঃখের সঙ্গে বলি, আমাদের তরফ থেকে অনাস্থা প্রস্তাব এসেছে, সুতরাং গণতন্ত্রের এই মন্দিরে এসব কথা বলতেই হবে, কিন্তু আজকে যদি মনে করেন যে, এভাবে চিরকাল চলবে, তা নয়। এরপর যে গণবিক্ষোভ, গণবিপ্লব ঘটবে সেটা কিন্তু সামলাতে পারবেন না। আজকে সমস্ত কমিউনিস্ট দেশগুলো ভেঙ্গে চুরমার হয়ে গেছে, পুলিশ দিয়ে বা মিলিটারি দিয়ে সেটা কিন্তু তারা ঠেকাতে পারেননি। আপনারাও ক্রমশ গণতান্ত্রিক ব্যবস্থাটা ধ্বংস করতে চাইছেন এবং তারজন্য যা যা করণীয় তাই করছেন। মমতা ব্যানার্জির মাথায় লাঠি মারবার জন্য যাকে ঠিক করেছিলেন সে কোন দলের? শ্রীধর কোন দলের বা বাদশা আলমই বা কোন দলের? আর রশিদের সঙ্গে যুক্ত থাকার ব্যাপারে তো এখানকার কয়েকজন সদস্যেরও নাম আছে সেটা অত্যন্ত পরিতাপের বিষয়। আজকের এই প্রস্তাবের দ্বারা আমরা পারব না। বিধানসভা থেকে বা ক্ষমতা থেকে আপনাদের তাড়িয়ে দিতে, কিন্তু পশ্চিমবঙ্গে একটার পর একটা যা দৃষ্টান্ত সৃষ্টি হচ্ছে রাজনৈতিক হত্যার মাধ্যমে তার ফলে সেই দিন ঘনিয়ে আসবে। রাজনৈতিক হত্যা ১৯৯৩ সালে হয়েছিল ১১০টি। ঐ ১১০ জনের মধ্যে পুলিশ ১০৬জনকে অন দি স্পট মেরে ফেলেন। ১৯৯৩ সালে ১৫৪টি ঘটনা ঘটেছে রাজনৈতিক সংঘর্ষের। কিসের পদধ্বনি এটা। আস্তে আস্তে মানুষ গণবিক্ষোভের দিকে এগিয়ে আসছেন। মমতা ব্যানার্জি আন্দোলন করছেন, মুখ্যমন্ত্রী বললেন ও একটা ছোট মেয়ে, কি আন্দোলন করবে? তাঁকে হত্যা করবার চেষ্টা পর্যন্ত করা হয়েছে, কিন্তু তাতে ব্যর্থ হয়েছেন। মনে রাখবেন, আজকে আপনারা যে বীজ বপন করছেন তার হাত থেকে আপনারাও বাঁচবেন না। শ্রীমতী নন্দরানী দল ওখানে দাঁড়িয়ে বলেছিলেন, তার কপি আমার কাছে আছে, তিনি ৩.৬.৯৪ তারিখে বলেছিলেন যে আমাদের দেশে ধর্ষণ হচ্ছে কিন্তু পুলিশ কেস নেয় না। ৭, ৮, ৯, ১০ বছরের মেয়েদের উপরে পাশবিক অত্যাচার হচ্ছে। এর ফলে জনগণের কাছে আমাদের মান-সম্মান চলে যাচ্ছে, আমরা মুখ দেখাতে পারছি না এবং বামফ্রন্টের ভাবমূর্তি নষ্ট হচ্ছে। এদের খুঁজে বের করতে হবে। এটা আমার কথা নয়। আপনাদের এই কথা প্রকাশ্যে বলার ক্ষমতা নেই, তাহলে আপনাদের পার্টি থেকে বের করে দেবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সরকার শুধু খুনীর সরকার নয়, এই সরকারকে রাষ্ট্রদ্রোহি সরকার যদি থাকে তাহলে এই সরকারকে সেই হিসাবে চিহ্নিত করা হোক। এই সরকার পশ্চিমবঙ্গের অর্থনীতিকে স্তব্ধ করে দিয়েছে, মানুষের স্বাস্থ্য সমস্যা,জনপথ সমস্যা, সমস্ত কিছু শেষ করে দিয়েছে। তাই বিরোধী দল থেকে সরকারের বিরুদ্ধে যে নো-কনফিডেন্স মোশন আনা হয়েছে, এটাকে শুধু আমি যে পূর্ণ সমর্থন করছি তা নয়, আজকে ৮ কোটি মানুষের সমর্থন এর পিছনে আছে।

কালকের ঘটনার পরে তারা ধীক্কার দিচ্ছে। আমরা বাংলা বন্ধের মাধ্যমে এটা প্রমাণ করে দেব যে পশ্চিমবাংলার মানুষ আপনাদের তাড়িয়ে দেবে। এই কথা বলে এই অনাস্থা প্রস্তাবকে আবার সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সৌগত রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ডাঃ জয়নাল আবেদিন যে অনাস্থা প্রস্তাব এখানে উত্থাপন করেছেন এই সরকারের বিরুদ্ধে, আমি তাকে পূর্ণ সমর্থন করছি। সরকারের পক্ষে মাননীয় সদস্য পার্থ দে এখানে বললেন যে আমরা নাকি ওদের দয়ায় এই অনাস্থা প্রস্তাব আনার অধিকার পেয়েছি। আমি ওদের মনে করিয়ে দেই। সি. পি. এম-এর নেতা প্রকাশ করাত ; পলিটব্যুরোর সদস্য, তিনি বলেছিলেন যে তিনি প্রোপোরশনাল রিপ্রেজেনটেশনে বিশ্বাস করেন। ১৯৯১ সালের নির্বাচনে আমরা ৩৫ পারসেন্ট ভোট পেয়েছিলাম। আনুপাতিক প্রতিনিধিত্ব যদি থাকে তাহলে ১০০ পাওয়া উচিত ছিল। সি. পি. এম ৩৬ পারসেন্ট ভোট পেয়েছিল অর্থাৎ ১০৫ হয়। কাজেই আমরা আপনাদের দয়া উপরে নেই, এটা মনে রাখবেন। তাও এমন একটা নির্বাচন ব্যবস্থায় যে নির্বাচন ব্যবস্থা সম্পূর্ণভাবে সরকারি কর্মচারী এবং পুলিশ দিয়ে বিকৃত করেছিলেন, জাল, জুয়াচুরীতে রূপান্তরিত করেছিলেন। তাই মুখ্যমন্ত্রী একমাত্র টি. এন. শেষনকে ভয় পেয়েছেন এবং আইডেনটিটি কার্ডের বিরুদ্ধে যাচ্ছেন। আমি আগেও বলেছি এবং এখনও বলছি যে শেষন যে কথা বলেছেন যে ১৯৯৫ সালের ১লা জানুয়ারির পরে নো আইডেনটিটি কার্ড, নো ভোট, আমরা দেখাব যে সি. পি. এম ফেয়ার ইলেকশন হলে পশ্চিমবঙ্গে কি অবস্থায় আসে। আমরা এই সরকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এনেছি। কিন্তু এই সরকার কি এই বিধান সভার কাছে রেসপনসিবল নয়? আমরা আগে শুনেছি যে রাশিয়ায় আয়রণ কার্টেন ছিল। চায়নাতে ব্যাম্বু কার্টেন আছে। আমাদের জ্যোতি বসুর জুট কার্টেন আছে। জ্যোতি বসুর গভর্নমেন্ট ইজ অ্যান এনিগম্যা র‍্যাগড ইন রিডলস। ভিতরে অন্ধকারের রাজা জ্যোতি বসু বসে আছেন, কি হয় তা জানা যায় না। বুদ্ধদেববাবু পদত্যাগ করেছিলেন। তিনি দুই নম্বর মন্ত্রী ছিলেন, ওর ঘরের পাশে বসতেন। বুদ্ধদেববাবু এই বিধানসভায় ফেস করলেন না, তিনি পালিয়ে গেলেন। তিনি বললেন না যে কেন তিনি পদত্যাগ করেছিলেন। কাগজে বের হল, বুদ্ধদেববাবু বলেছেন যে, চোরের মন্ত্রী সভায় আমি থাকতে চাইনা। সেই বুদ্ধদেববাবু বনবাসে যাবার পরে আবার সি. পি. এম-এর নির্বান পেয়ে মাথা মুড়ে এসেছেন। কোন কন্ডিশনে বুদ্ধদেববাবু ফিরে এসেছেন আমরা কি তা জানতে পারি? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে বলি, সি. পি. এম-এর প্রতিটি বিষয় অন্ধকারে ঢাকা। রসিদ খানের বাড়িতে বোমা বিস্ফোরণে ৬৭ জন লোক মারা গেল, কিন্তু রসিদ খান গ্রেপ্তার হল না। অভিযোগ ছিল যে বামফ্রন্টের মুখ্য সচেতক তার সঙ্গে যুক্ত। তিনি টাডায় অভিযুক্ত হবেন কিনা সেই ব্যাপারে পুলিশ কমিশনার তদন্ত করছিলেন। কিন্তু রিপোর্ট আজ পর্যন্ত আসেনি। সি. পি. এম-এর ৩ জন কাউন্সিলর সাসপেন্ড হলেন, তার কারণ জানা গেল না। গণতান্ত্রিক মহিলা সমিতির নেত্রী শ্যামলী গুপ্ত সাসপেন্ড হলেন, এখনও পর্যন্ত তা জানা গেল না। বুদ্ধদেববাবু কেন পদত্যাগ করলেন, তার বিরুদ্ধে দুর্নীতির কি অভিযোগ ছিল জানা গেল না। রসিদ খানের সঙ্গে সঙ্গে কাদের যোগাযোগ ছিল জানা

গেল না। জ্যোতিবসুর অন্ধকার রাজত্বে কিছুই জানা যায় না। আজকে কোন সি. পি. এম ক্ষমতায় এসেছে, যে সি. পি. এম-এর কাসী হাজরা, সাট্টা ডন, শ্যামপুকুরের, তাকে ধরতে গেলে পুলিশকে ঘেরাও করা হয়, নজরুল ইসলামকে মারা হয় সি. পি. এম-এর শিক্ষক নেতা জগদিন্দুবাবুর নেতৃত্বে, এই হচ্ছে সেই সি. পি. এম।

[3-20 – 3-30 p.m.]

কোন সি. পি. এম? যার কাউন্সিলার পার্থবাবুর কন্সটিটিউয়েন্সিতে মহুয়া ভট্টাচার্যের বাড়িতে ইনকাম ট্যাক্স রেড হয়, সেই পচা গলা সি. পি. এম! কোন সি. পি. এম? যার এম. এল. এ জগদীশ দাস আক্রমণ করে থানা অস্ত্র-সস্ত্র নিয়ে সঞ্জয় মুখার্জিকে তাড়াতে বাধ্য করেন সেই সি. পি. এম। নো কনফিডেন্স তো হয়ে গেছে যে দিন বুদ্ধদেববাবু বার হয়ে গেছে মন্ত্রিসভা থেকে। আমাদের আর নো কনফিডেন্স করার কি দরকার? পার্থবাবু একটা ভাল কথা বললেন যে আমরা এতো দল মিলে একটা স্থায়িত্ব রেখেছি। আপনারা ৯টি দল মিলে ৪৮ পারসেন্ট ভোট পেয়ে আপনারা এই সিট পেয়েছেন প্রোপোরশনেট রিপ্রেজেনটেশন নয় বলে। কিন্তু পার্থবাবু বলবেন কি জ্যোতি বসুর সরকারের স্থায়িত্ব মানে কি? জ্যোতি বসুর সরকারের স্থায়িত্ব মানে গুলি চালানোর স্থায়িত্ব। সাড়ে ৬ বছরে ৪৯৭ জনকে.......

**(মাননীয় সদস্য শ্রী দীপক মুখার্জি কিছু বলতে ওঠেন)**

স্যার, আপনি যদি দীপকবাবুকে না থামান তাহলে আমি জ্যোতিবাবুকে বলতে দেব না। তাঁকে আমি একটা লাইনও বলতে দেব না। আপনি ওঁকে চুপ করান, তা না হলে কি করে বক্তৃতা দেব? আমার কথা গায়ে লাগছে কার? তপন হোড়ের, সি. পি. এম-এর লোকেরা যার মাথা ফাটিয়ে দিয়েছিল। তিনি আজকে এই অবস্থায় রয়েছেন। জ্যোতিবাবুর সরকার মানে কার স্থায়িত্ব? জ্যোতিবাবুর সরকারের স্থায়িত্ব মানে পুলিশের গুলির স্থায়িত্ব। ১৯৮৮ সাল থেকে আজ পর্যন্ত পুলিশের গুলি চালনার ৫০৩ জন মারা গিয়েছে,গত কালকের গুলি চালনা নিয়ে। পুলিশ ১২৯৭ বার গুলি চালিয়েছে সাড়ে ছয় বছরে। ১২৯৭ বার গুলি চালিয়েছে এবং তার মধ্যে আহত হয়েছে হাজারেরও বেশি লোক। ৫০০ লোককে শুধু সাড়ে ৬ বছরে গুলি করে হত্যা করে এই জ্যোতিবাবুর সরকার রয়েছে। পার্থবাবু, জনসমর্থনের উপর আপনারা নেই, রিগিং এর উপর এবং পুলিশের গুলি চালনার উপর ত্রাস সঞ্চার করে আপনারা ক্ষমতায় রয়েছেন। জ্যোতিবাবুর সরকারের স্থায়িত্ব মানে কার স্থায়িত্ব? হ্যাঁ, স্থায়িত্ব হচ্ছে তাদের যারা আপনাদের পার্টির সুবিধাভোগী। জ্যোতিবাবুর স্থায়িত্ব মানে কি? সুলতান সিং গুলি চালিয়েছে, সল্ট লেকে প্রসাদতম বাড়ি করবে, ভিজিলেন্স হবে না। যে রচপাল সিং বারাসতে গুলি চালাল, আপনাদের পেটুয়া, সল্টলেকে প্রাসাদতম বাড়ি করবে, কোনও ভিজিলেন্স হবে না। আপনাদের সরকারের স্থায়িত্ব মানে কি? তরুণ দত্ত আপনাদের সেবা করে যাবে, রিটায়ারমেন্টের পর স্টেট ইলেকশন কমিশনার হবে। আপনাদের সরকারের স্থায়িত্ব মানে কি? জয়ন্ত রায়, মুখ্যমন্ত্রীর ভায়েরা-ভাই রিটায়ার করার পর ইন্ডিয়া পেপার পালপের চেয়ারম্যান

হবে। আপনাদের সরকারের স্থায়িত্ব মানে কি? দীপেন ঘোষ পার্লামেন্টে চলে যাবার পর ক্ষুদ্র শিল্প নিগমের চেয়ারম্যান হবে। আপনাদের সরকারের স্থায়িত্ব মানে কি? হীরেন স্যান্যাল রিটায়ার করার পর প্ল্যানিং বোর্ডের চেয়ারম্যান হবে। তার মানে আপনাদের সরকার হচ্ছে নেপোটিজিমের সরকার, স্বজন-পোষণের সরকার। আপনাদের স্থায়িত্ব মানে সেই স্থায়িত্ব। আপনাদের সরকারের স্থায়িত্ব মানে কি? আপনাদের সব কটা মন্ত্রী গ্রামে থাকত, সল্টলেকে বাড়ি করেছে। একা জ্যোতিবাবুর ছেলে নয়, একা অসীম দাসগুপ্ত নয়, পর পর মন্ত্রীরা করেছে। মন্ত্রী অচিন্ত্য রায়, সত্যসাধন চক্রবর্তী, প্রবীর সেনগুপ্ত থেকে শুরু করে রবীন দেব পর্যন্ত সল্টলেকে বাড়ি করেছে। সল্টলেকে বাড়ি করার স্থায়িত্ব। এই স্থায়িত্বের বিনিময়ে পশ্চিমবাংলাকে আপনারা কি দিয়েছেন? আপনারা দিয়েছেন পশ্চিমবাংলাকে একটা অন্ধকারের রাজত্ব। যে রাজত্বে পুলিশের লকআপ-এ সভ্য সমাজে হয় বলে আমার জানা নেই ১৯৪৭ সাল থেকে ১৯৯২ সাল পর্যন্ত পুলিশ কাস্টোডিতে ২১৪ জন লোক মারা গিয়েছে। ১৯৭৭ সাল থেকে ১৯৯২ সাল পর্যন্ত ২১৪ জন পুলিশ কাস্টোডিতে মারা গেছে এবং তার মধ্যে ৫৬ জনকে পিটিয়ে মারা হয়েছে। সুতরাং আপনাদের সরকারের স্থায়িত্ব মানে সুবিধাভোগিদের স্থায়িত্ব, আপনাদের সরকারের স্থায়িত্ব মানে দুর্নীতির স্থায়িত্ব। টেজারী কেলেঙ্কারীর তদন্ত হবে না। আলিপুর টেজারী কেলেঙ্কারীর তদন্ত হবে না, বেঙ্গল ল্যাম্প কেলেঙ্কারীর তদন্ত হবে না, ট্রাম কেলেঙ্কারীর তদন্ত হবে না, স্টেটবাস কেনা নিয়ে কেলেঙ্কারীর তদন্ত হবে না, গ্যাস টারবাইন কেনা নিয়ে কেলেঙ্কারীর তদন্ত হবে না, হাওড়া টেজারী কেলেঙ্কারীর তদন্ত হবে না।

হাওড়ার ট্রেজারী কেলেঙ্কারীর তদন্ত হবে না। আপনাদের সরকারের স্থায়িত্ব মানে কেলেঙ্কারীর স্থায়িত্ব। সরকারের যে কেলেঙ্কারী হয়, দুর্নীতি হয়, প্রশান্ত শূরের বিরুদ্ধে যে মাটি কেলেঙ্কারী হয় তার তদন্ত হয় না। এই হচ্ছে আপনাদের সরকারের স্থায়িত্বের মানে। এই বৃদ্ধ লোকটি ১৮ বছর থেকে কি লাভ হয়েছে? ওঁর নিজের ছেলে পুঁজিপতি হয়েছে। ওঁর নিজের ছেলের সল্টলেকে বাড়ি হয়েছে। কিন্তু বেকারিতে ভারতবর্ষের মধ্যে প্রথম স্থান লাভ করেছে। স্যার, শুনে রাখুন, পশ্চিমবাংলায় বেকার পঞ্চাশ লক্ষ। মহারাষ্ট্রে ৩১ লক্ষ, বিহারে ৩৫ লক্ষ, গুজরাটে মাত্র ১০ লক্ষ, কর্ণাটকে ১৪ লক্ষ, অন্ধ্রপ্রদেশে ৩২ লক্ষ, আর উত্তরপ্রদেশ যেটা জনসংখ্যায় আমাদের ডাবল, তাদের রেজিস্টার্ড বেকারের সংখ্যা ২৭ লক্ষ, আর পশ্চিমবাংলায় হচ্ছে ৫০ লক্ষ। এই হচ্ছে আপনাদের সরকারের স্থায়িত্বের মানে। আমি আপনাদের একটার পর একটা করে বলছি যে পশ্চিমবাংলাকে কোন জায়গায় আপনারা নিয়ে গিয়েছেন। পশ্চিমবাংলায় প্ল্যান আউট লে—এই যে পন্ডিত অর্থমন্ত্রী, এঁর প্ল্যান আউট লে ৯,৭০০ কোটি টাকা। সেখানে ওড়িষ্যার প্ল্যান আউট লে ১০ হাজার কোটি টাকা, মহারাষ্ট্রের ১৮,৫০০ কোটি টাকা, কর্ণাটকের ১২,৩০০ কোটি টাকা, আর পশ্চিমবাংলার ক্ষেত্রে হচ্ছে এইটথ্ ইন দি নাম্বার অব প্ল্যান আউট লে। আজকে বোঝা যাবে না। একদিকে মুখ্যমন্ত্রী একটানা ১৮ বছর ক্ষমতায় আছেন। তিনি ফরাসীদের হাতে গ্রেট ইস্টার্ন হোটেলকে তুলে দেবার পরিকল্পনা করেছেন শ্রমিকদের ছাঁটাই করে। আর পার্থবাবু, গ্রেট ইস্টার্ন নিয়ে বলছেন। গ্রেট ইস্টার্নের

প্রপার্টির মূল্য হচ্ছে ১৫০ কোটি টাকা, সেখানে মাত্র ২৭ কোটি টাকার বিনিময়ে ফরাসীদের হাতে তুলে দিচ্ছেন। এটিও একটি স্ক্যাম। পার্থবাবুর সাহস আছে মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে এই ব্যাপারে কথা বলার সাহস আছে এই ব্যাপারে সুভাষবাবুর কাছে জিজ্ঞাসা করার? গ্রেট ইস্টার্ন হোটেলকে তুলে দেবার ফলে এই রাজ্যের কি অবস্থা হচ্ছে দেখুন? ভারতবর্ষের সর্বত্র ইনভেস্টমেন্ট হচ্ছে (ইন ক্রোরস্) মহারাষ্ট্রে ইনভেস্টমেন্ট প্রোপোজাল হচ্ছে ১৬,৪৪৪ কোটি টাকা, আর পশ্চিমবাংলায় হচ্ছে ৭৫৬ কোটি টাকা—অর্থাৎ উই আর থার্টিন্থ ইন দি লিস্ট। ইউ. এন. আই. একটা লিস্ট পাবলিশ করেছে, তাতে বলছে যে মহারাষ্ট্রে ১৬,৪৪৪ কোটি টাকা, গুজরাটে ১২,০০০ কোটি টাকা, এম. পি.তে ৭,০০০ কোটি টাকা, আর পশ্চিমবাংলায় ৭৫৬ কোটি টাকা। গ্রেট ইস্টার্ন হোটেলকে ফরাসীদের হাতে তুলে দিচ্ছেন। মুখ্যমন্ত্রী বারবার করে বাইরে যাচ্ছেন। আমি তাঁকে জিজ্ঞাসা করছি ফরেন ডাইরেক্ট ইনভেস্টমেন্ট কত আনতে পেরেছেন—৪০০ কোটি টাকা। আর মহারাষ্ট্র এনেছে ১০,০০০ কোটি টাকা। মুখ্যমন্ত্রী লন্ডনে গিয়ে সেন্ট জেমস্ কোর্ট হোটেলে বিশ্রাম নেন। এখানে মুখ্যমন্ত্রী রতন টাটার তাজ বেঙ্গলে বিশ্রাম নেন। মুখ্যমন্ত্রী বাইরে গিয়ে ওখানে বিশ্রাম নেন। এখানে এন. আর. আই. ইনভেস্টমেন্ট, ফরেন ডাইরেক্ট ইনভেস্টমেন্ট আনতে পারছেন না। আমি জিজ্ঞাসা করতে চাই, হলদিয়া নিয়ে লোকেদের আর কতদিন ফেলে রাখবেন? আগে বলেছিলেন নিজেরাই করবেন। তারপর বলেছিলেন আর. পি. গোয়েঙ্কাদের নিয়ে করবেন। তারপর বললেন টাটাদের নিয়ে করবেন। টাটারা বাই বাই করে চলে গেছে। এখন ধরে এনেছেন পূর্ণেন্দু চ্যাটার্জিকে। সে হচ্ছে 'সোরস' গোষ্ঠীর একজন, যে পৃথিবীর কোথাও এই রকম প্রকল্প নিয়ে কোনও কাজ করেনি। আজকে ১৮ বছর পরে বলছেন যে এবারে হলদিয়া হবে। কবে হবে, দু'হাজার সালে হবে মুখ্যমন্ত্রী যখন শতবর্ষে পা রাখবেন? তাতে বাংলার ক্ষিধে মিটবে? তাহলে কি হবে? পশ্চিমবাংলায় ইন্ডাস্ট্রি হবে? রোড লেনথ্ পার ল্যাক অব পপুলেশন পশ্চিমবাংলা হচ্ছে লোয়েস্ট ইন দি কান্ট্রি। এক লক্ষ লোকের জন্য এখানে আছে ৯২ কি.মি. রাস্তা। মহারাষ্ট্রে আছে ২৮৭ কি. মি. রাস্তা, গুজরাটে ১৯১ কি. মি. রাস্তা আছে, তামিলনাড়ুতে ৩৫৮ কি. মি. রাস্তা আছে, আর পশ্চিমবাংলায় ১ লক্ষ পপুলেশনের জন্য আছে মাত্র ৯২ কি.মি. রাস্তা। পশ্চিমবাংলায় ৩৮০০০ গ্রাম আছে। তারমধ্যে ২২,২৯৪টিতে পাকা রোড নেই। সেখানকার লোকদের বর্ষার সময়ে কোমর সমান কাদা দিয়ে যেতে হয়। ভারতবর্ষে এই অবস্থা কোথাও নেই। ভারতবর্ষে অন্তত আটটি রাজ্যে কমপ্লিট ইলেক্ট্রিফিকেশন হয়েছে।

[3-30 – 3-40 p.m.]

ভারতবর্ষের ৮টি রাজ্যে ইলেক্ট্রিফিকেশন হয়েছে। মহারাষ্ট্র, গুজরাট, তামিলনাড়ু, অন্ধ্রপ্রদেশ, ইউ. পি. হয়েছে এবং পাঞ্জাবে ১০০ পারসেন্ট ইলেক্ট্রিফিকেশন হয়েছে। সেখানে আজ অবধি পশ্চিমবঙ্গে মাত্র ৭৩ পারসেন্ট ইলেক্ট্রিফিকেশন হয়েছে। পশ্চিমবঙ্গের পাওয়ার ইনস্টল ক্যাপাসিটি নাকি ভারতবর্ষের মধ্যে সপ্তম এবং এখানে শঙ্কর সেন নাকি মিরাকেল করেছেন। মহারাষ্ট্রের যেখানে ইনস্টল ক্যাপাসিটি হচ্ছে ৯ হাজার ৯০৫ মেগাওয়াট, পশ্চিমবঙ্গের সেখানে ৩ হাজার

১৩৯ মেগাওয়াট অর্থাৎ এখানে পাওয়ার ক্যাপাসিটি হচ্ছে ওয়ান থার্ড। আজকে জ্যোতি বসুর এবং তাঁর ছেলের চন্দন বসুর ১৮ বছরের স্থায়িত্ব ফুলে ফেঁপে উঠেছে। এর রেজাল্ট হচ্ছে যে, মন্ত্রীর সল্টলেকে বাড়ি করার স্থায়িত্ব বাড়ছে এবং এরফলে গ্রামে গ্রামে ইলেক্ট্রিসিটি হচ্ছে না, রাস্তা পাকাও হচ্ছে না। বিদ্যুতেরও ইনস্টল ক্যাপাসিটি নেই। তারপরে টেলিফোনের ক্ষেত্রে দেখা যাচ্ছে যে, পশ্চিমবঙ্গে প্রত্যেক ১ লক্ষ ৪৩ হাজার লোক পিছু একটি করে টেলিফোন। মহারাষ্ট্রে সেখানে ৬২ হাজার ৫০০, গুজরাটে ৪০ হাজার ৩০০, পাঞ্জাবে প্রত্যেক ৩৬ হাজার ৮০০জন লোক পিছু একটি করে টেলিফোন। পশ্চিমবঙ্গে ১ লক্ষ ৪৩ হাজার লোক পিছু একটি করে টেলিফোন। পশ্চিমবঙ্গ ট্যাক্স কালেকশন; ইন্টারনাল রিসোর্স জেনারেশনের ক্ষেত্রে ভারতবর্ষের মধ্যে ১৭ পারসেন্ট, সেখানে ওয়েস্ট বেঙ্গলে মাত্র ৮ পারসেন্ট। জ্যোতি বসুর চীফ মিনিস্টার থাকা অবস্থাতে এই হচ্ছে রাজ্যের হাল। সেখানে মহারাষ্ট্রে ৬টি চীফ মিনিস্টার হয়েছে, হরিয়ানাতে ৮টি চীফ মিনিস্টার পাল্টানো সত্ত্বেও ওখানে উন্নয়নের রাস্তা এগিয়ে যাচ্ছে। আর উনি (জ্যোতিবাবু) তো অনেক বণিক সভার মিটিং করে যাচ্ছেন। এই বণিকরা মুখ্যমন্ত্রী সম্বন্ধে মিচকি হেসে বলেন যে, মুখ্যমন্ত্রী বেশ ভালো ভালো কথা বলেন। তাঁকে ডিনারে ডাকব কিন্তু পয়সার ব্যাপারে আমরা কোনও ইনভেস্টমেন্ট করতে পারব না। বর্তমানে যে ইনভেস্টমেন্ট আছে সেগুলো প্রোটেক্ট করার জন্যই এবং আলিপুর বা বালিগঞ্জে থাকার জন্যে এবং সেগুলো প্রোটেক্ট করার জন্য আমাদের খুশি করতে হয়। উনি খেতে টেতে ভালোবাসেন তাই খুশি করব কিন্তু ইনভেস্ট করব মহারাষ্ট্রে গুজরাটে, কর্ণাটকে কিংবা তামিলনাড়ুতে। এমন কি করা স্থানেও ইনভেস্ট করব কিন্তু পশ্চিমবঙ্গে একটি ফুটো পয়সাও ইনভেস্ট করব না। সেখানে আমি আজকে বলতে চাই পশ্চিমবঙ্গ কোন জায়গায় বা কোন ক্ষেত্রে ভারতবর্ষের সঙ্গে কমপারেটিভ রেটে যেতে পেরেছে। আমাদের এই রাজ্যের জনসাধারণকে একদিকে গুলি করার ভয় দেখানো হচ্ছে আর অন্যদিকে বিপথে পরিচালিত করার চেষ্টা করছে। যে গ্যাট চুক্তির ফলে পৃথিবীর দরজা খুলে যাবে, বিভিন্ন রকমের ফরেন ট্রেড বেড়ে যাবে, হাজার কোটি টাকা আসবে, বিদেশের বাজারে ভারতের প্রোডাক্ট বিক্রি হয়ে যাবার সুযোগ হবে, সেখানে বন্ধ, বন্ধ ইত্যাদি করে বিরোধিতা করছেন। আপনারা গ্যাট চুক্তি নিয়ে চেঁচামেচি করছেন আর ফরাসী কোম্পানির কাছে পেছনের দরজা দিয়ে গ্রেট ইস্টার্ন হোটেলকে বিক্রি করে দিচ্ছেন। আসলে আপনারা কনফিউজড্। সুতরাং এরা না নরনারী, না ফিস না ফাউল বুঝতে পারছি না। আপনারা না ক্যাপিটালিস্ট না কমিউনিস্ট বুঝতে পারছি না। আসলে আপনারা হচ্ছেন অপারচুনিস্ট। এই কথা বলে এই লেফ্‌ট ফ্রন্টের বিরুদ্ধে যে অনাস্থা প্রস্তাব আমরা এনেছি তাকে সর্বান্তকরণে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

(গোলমাল)

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আমি তো সব বাদ দিয়ে দিয়েছি, যেসব ইন্ডিভিজুয়াল অভিযোগ নোটিশ ছাড়া এসেছে, আমি সেইগুলি সব বাদ দিয়ে দিয়েছি।

(At this stage the Congress(I) Members stood in thier seats)

(গোলমাল)

**শ্রী দীপক সেনগুপ্ত ঃ** হাউসকে আগে অর্ডারে আনুন, নাহলে কি বলব? ওদের যদি শোনবার ইচ্ছা না থাকে তাহলে ওরা বাইরে চলে যাক, বাইরে গিয়ে যে কথা বলার বলুক। স্যার, নো কনফিডেন্স মোশন ওরা এনেছেন। ওরা মুভার, ওদের জবাবও দিতে হবে; ওরা যদি না শুনতে চায় ওরা বাইরে চলে যাক। মিঃ ডেপুটি স্পিকার স্যার, এটা একটা অদ্ভুত ব্যাপার যে বিরোধী দল একটা অনাস্থা প্রস্তাব এনেছেন—তারাই আজকে আবার গতকাল কলকাতায় যে গুলি চালনার ঘটনা ঘটেছে সে সম্পর্কে প্রশ্ন তুলেছেন—

(গোলমাল)

(চীফ মিনিস্টারকে বলতে হবে, কতজন মারা গিয়েছে)

**Shri Subrata Mukherjee :** You ask the Chief Minister to tell us the number of death and we want to know exact figure of the casualty.

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** চীফ মিনিস্টার একটু পরে আসছেন, তিনি এসে হাউসে স্টেটমেন্ট করবেন, একটু পরে আসবেন, একটু বেরিয়েছেন। দীপকবাবু, আপনার বক্তব্য বলুন।

(গোলমাল)

(At this stage Shri Subrata Mukherjee, Dr. Manas Bhunia, Shri Saugata Roy, Shri Sailaja Kumar Das along with other Congress(I) members surrounded the Chair of Mr. Deputy Speaker.)

(গোলমাল)

**শ্রী দীপক সেনগুপ্ত ঃ** স্যার, এর মধ্যে বলার প্রশ্ন আসে না, ওদেরকে আগে অর্ডারে আনুন, এইভাবে বলা যায় না। ওদের মোশন ওদেরকে শুনতে হবে। মিঃ ডেপুটি স্পিকার, স্যার, একটু আগে সুব্রত মুখার্জি তিনি আবার বলেছেন যে, এই মুহূর্তে খবর পাওয়া গিয়েছে আরও ২ জন মারা গিয়েছে।

(At this stage Shri Sobhandeb Chattopadhyay snatched the mike from the table of Mr. Deputy Speaker)

**(ভয়েস মুখ্যমন্ত্রীকে আসতে বলুন)**

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আপনারা নিজেদের আসনে গিয়ে বসুন। প্লীজ টেক ইয়োর সিট।

[3-40 – 3-50 p.m.]

**Mr. Speaker :** Mr. Mukherjee, please take your seat. The House will continue. It is your motion, the debate will continue. Mr. Mukherjee, please take your seat, otherwise I will suspend you for the day. Mr. Mukherjee, for the last time. Please go and take your seat first. Mr. Dipak Sengupta, start.

**(স্পিকারের আসনের সামনে দাঁড়িয়ে সুব্রত মুখার্জি বলে যেতে থাকেন)**

**শ্রী দীপক সেনগুপ্ত ঃ** মি স্পিকার স্যার, আজকে বিরোধী দলের নেতা যে অনাস্থা প্রস্তাব এনেছেন এবং অনাস্থা প্রস্তাব আনতে গিয়ে বিরোধী দলের নেতা প্রথমে বলেছেন, যে তিনি পারলে পরে প্রতিদিনই নাকি বিধানসভা চলাকালীন এই সরকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনতেন এবং এই কথায় প্রমাণ করে যে প্রতিদিন অনাস্থা প্রস্তাব আনবার আগে শিয়ালদহে যে ধরনের ঘটনা ঘটেছে এই ধরনের ঘটনা ঘটাতেন। আমার নাম যখন ঘোষণা করা হয়েছে বক্তব্য রাখার জন্য তখন কংগ্রেস দলের কিছু সদস্য স্পিকার চেয়ারের কাছে গিয়ে চিৎকার করছিলেন। সুব্রতবাবু অভিযোগ করেছেন আজকে সকাল বেলায় তিনজন মারা গেছেন এবং একটু আগে আরও দুজন মারা গেছেন। কংগ্রেস দলের সদস্য অম্বিকাবাবু কিছু পত্রিকা তার নিজের দলের মধ্যে বিলি করছিলেন এবং তিনি মহানুভব ব্যক্তি এবং সেই পত্রিকার একটি কপি আমিও পেয়েছি। পত্রিকার একটি জায়গাতে লেখা আছে হাসপাতাল সূত্রের খবর আহতদের এখনও চিকিৎসা চলছে। সকাল বেলায় সুব্রতবাবু বলছিলেন যে তিনজনের মৃত্যুর খবর পেয়েছেন। মৃত্যু হয়েছে একথা কেউ অস্বীকার করছে না, গুলি চলেছে একথা কেউ অস্বীকার করছে না, কিন্তু তিনি ভুল খবর হাউসকে দিচ্ছেন। কালকে যখন এই ঘটনার কথা আমি প্রথমে শুনেছিলাম তখন আমার একরকম প্রতিক্রিয়া হয়েছিল এবং আজ আমার আরেকরকম প্রতিক্রিয়া হয়েছে। ওরা দেখছে বামফ্রন্ট সরকারকে যখন অন্য কোনও দিক থেকে দুর্নাম দেওয়া যাচ্ছে না তখন গুলিতে লোক মারা গেছে এই দুর্নামই দেওয়া যাক।

এই গুলিতে ফ্লাই ওভারের উপর লোক মারা গেছে। পুলিশ বুকে মাথায় গুলি করে কেন? এ কথা পরিষ্কার নিশ্চয়ই প্রতিনিয়ত মুখ্যমন্ত্রীকে বলবার দরকার নেই, প্রতিনিয়ত পুলিশ অফিসারদেরও বলবার দরকার নেই এই ধরনের জনতার উপর কোথায় গুলি চালাতে হবে তার নির্দেশ দেওয়ার। মানুষকে আহত করার জন্যই গুলি চালাতে হয়, গুলি চালানোর কারণ ছিল কিনা জানাতে হবে। আমি দেখেছি এই বিতর্ক কয়েকটি জায়গায় হয়েছে। আমি তো সবাইকে চিনি না, পরেশ পাল কাউন্সিলর বলেছে, তিনি যুব নেতাও না কি, আবার কোন গোষ্ঠীর জানি না, তিনি বলেছেন দোষী পুলিশের শাস্তি চাই। আবার পাশাপাশি তিনি বলেছেন, যে শিক্ষকের জন্য এই গন্ডগোল তাকে গ্রেফতার ক'রে কোমরে দড়ি বেঁধে কলকাতা শহরে ঘোরানো দরকার। তিনি ঠিক কথাই বলেছেন। বিদ্যা মানুষকে বিনয় দান করে, তাই তো শুনে আসছি। ভারতবর্ষের বিদ্যার ক্ষেত্রে একটা কথা আছে, বিদ্বান মানুষ বিনয়ী হয়।

একজন অধ্যাপক, যে কি না বিনা টিকিটে গাড়িতে চড়তে অভ্যস্ত, যার সম্পর্কে সংবাদ বেরিয়েছে সে কি না বিশ্ব ভারতীর উপাচার্যের সই জাল ক'রে ৩০ হাজার টাকা ডক্টরেট পাবার চেষ্টা করেছে, যে লোকটা কংগ্রেস দলের সঙ্গে যুক্ত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যখন এই নো কনফিডেন্সের আলোচনা শুরু হয়েছে, আমাদের এদিক থেকে মাননীয় সদস্য পার্থ দে বক্তৃতা রাখলেন, আমি আশা করেছিলাম যে পার্থবাবু অন্তত একটু লজ্জা প্রকাশ করবেন, কারণ পার্থবাবুর নামের পাশে একটা অধ্যাপক শব্দ আছে। এই কি আজকে অধ্যাপকের অবস্থা হয়েছে? পার্থবাবুর সেই লজ্জাবোধের কোনও অবস্থা ঘটেনি? 'বার্ড অফ সেম ফেদার ফ্লক টুগেদার' এটা ঠিক কথা। আর এই অধ্যাপক সৌগত রায়, ওখানে ঐ যে শঙ্কর চক্রবর্তী তার একটা সংস্কার এসে জুটেছে, যে কি না এখানে ঐ কথাই বলছেন, ভেবেছিলাম একটা ভাল বক্তব্য বলবেন, কিন্তু সেই ছেঁদো কথা, কবে কোথায় গুলি চলেছিল, কোন মন্ত্রী বাড়ী করেছিল। অচিন্ত্যবাবুকে বললেন, আপনি কি শ্বশুর বাড়ি থাকেন? শ্বশুরবাড়ি থাকলে বা কি? এসব কথা কেন বিধানসভায় বলবেন? আজকে অনাস্থা প্রস্তাবকে কেন্দ্র করে অনেক লোক এসেছে, সেটা চিন্তা ক'রে দায়িত্ববোধের পরিচয় দিন। আপনারা নিজেরাই দ্বিধাবিভক্ত। ঐ সত্য বাপুলি বক্তৃতা শুরু করলেন, বললেন সারা ভারতবর্ষে কি হচ্ছে। সেটা আমার জানার দরকার নেই। সত্য বাপুলি জানার দরকার নেই। তিনি এমন একটা দলের সদস্য যিনি কি না বলেন সর্ব ভারতীয় দল। সত্যবাবুর পরে সৌগতবাবু বলেছেন অনাস্থা প্রস্তাব আনার এক্তিয়ার আমাদের আছে, সদস্যদের সংখ্যায় নয়, প্রোপরশনাল রিপ্রেজেন্টেশনে।

মাননীয় স্পিকার স্যার, আমি যে দলকে রিপ্রেজেন্ট করি, সেই ফরোয়ার্ড ব্লক রাজনীতিতে আপাতদৃষ্টিতে একটা ছোট দল, কিন্তু চিন্তার দিক থেকে আমরা কিছু কিছু জায়গায় এগিয়ে ছিলাম। তার মধ্যে ১৯৫২ সনে আমাদের পার্টির ইলেকশন ম্যানিফেস্টোতে বলেছিলাম ভারতবর্ষে প্রোপরশনাল রিপ্রেজেন্টেশন হওয়া দরকার। তখন অনেকে আমাদের কটাক্ষ করেছেন এবং বলেছেন যেহেতু দলটা ছোট সেই জন্য প্রোপরশনাল রিপ্রেজেন্টেশনে যাচ্ছে। এটা ১৯৫২ সনের আলোচনা। আজকে মনে হচ্ছে পশ্চিমবাংলাতে কংগ্রেস দল ধীরে ধীরে ১৯৫২ সনের আমাদের দলের জায়গায় যাচ্ছে বলে এখন আস্তে আস্তে প্রোপরশনাল রিপ্রেজেন্টেশনের কথা বলছেন।

(গোলমাল)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অনাস্থা প্রস্তাব আনবার কোনও কারণ ছিল না। স্বল্প দশ দিনের জন্য একটা বিধানসভা হচ্ছে একান্তই সাংবিধানিক দায়-দায়িত্ব পালন করবার জন্য। রাজ্য যেমন চলছিল তেমনই চলছে, অনাস্থা প্রস্তাব আনার দরকার ছিল না। কালকে শিয়ালদায় একটা ঘটনা ঘটেছে সেটা নিয়ে ওরা বাজার গরম করার চেষ্টা করছেন।

[3-50 – 4-00 p.m.]

জয়নাল সাহেবের বক্তব্যটাই আমি মূল মূল্য দেব। সৌগতবাবুর বক্তব্যকে আমি মূল

মূল্য দেব না। এ সত্যবাবুর বক্তব্যের আমি সেই মূল্য দেব না। কারণ এত গোষ্ঠীদ্বন্দ্ব এখানে কার কথার মূল্য দেব বুঝতে পারছি না। কাজেই আমি জয়নাল সাহেবের বক্তব্যকে মূল মূল্য দেব। জয়নাল সাহেব বলেছেন যে পশ্চিমবঙ্গের একজন রিটায়ার্ড পুলিশ অফিসার তিনি চাকরি থেকে সরে গিয়ে বি. জে. পি. হলেন কেন? এটাই নাকি বামফ্রন্ট সরকারের শিক্ষা।

(গোলমাল)

আমাকে অম্বিকাবাবু দিয়েছেন। এখানে জয়নাল সাহেব বলছেন যেএকজন পুলিশ অফিসার তিনি রিটায়ার্ড করার পর কেন পশ্চিমবঙ্গে তিনি বি. জে. পি. হন? কেন তাকে সেকুলার করে তুলতে পারেননি? তো, একজন পুলিশ অফিসার ৩০/৩৫ বছর চাকরি করার পর রিটায়ার করছেন এবং ঘটনাচক্রে বামফ্রন্টের সরকারের সময় তিনি রিটায়ার করেছেন। অন্যদিকে ওরা বারবার বলেন আমি বক্তৃতা দিতে উঠে দাঁড়ালেই 'কমলবাবু' 'কমলবাবু'। এই একটা শব্দ বেরিয়েছে ওদের কাছ থেকে। এটাই ওদের একমাত্র আশ্রয়স্থল। তো, তিন বিঘাকে কেন্দ্র করে হ্যাঁ, একটা দ্বিমত হয়েছিল। সেই সময় ভারত সরকারের যে চুক্তি সেই চুক্তি যাতে কার্যকর না হয় তারজন্য বি. জে. পি.র সঙ্গে কণ্ঠ মিলিয়ে, সৌগতবাবু ভুলে যাবেন না আপনিও কুচবিহারে গিয়েছিলেন বি. জে. পি. এবং কমলবাবুদের সঙ্গে হাত মিলিয়ে তিন বিঘা চুক্তি যাতে কার্যকর না হয় তার জন্য আপনি চেষ্টা করেছিলেন। এ তো বি. জে. পিওয়ালারা আপনাদের মধ্যেই বসে আছেন। আপনারা সর্বভারতীয় দল নন। আপনারা উস্কানি দিয়েছেন। সত্যবাবু বললেন এই কারণে পার্থবাবু মন্ত্রী হননি। আবার পার্থবাবু যখন বক্তৃতা দিচ্ছিলেন তখন ওখান থেকে একজন বললেন পার্থবাবু এই কারণে আপনাকে মন্ত্রী করেনি। স্যার, আমি অবাক বিস্ময়ে পার্থবাবুর বক্তৃতা শুনছিলাম যে ঠিকই একটা মানুষ যিনি রাজ্যের শিক্ষামন্ত্রী ছিলেন, মন্ত্রিত্বের আস্বাদ কিছুদিন পেয়েছেন, তিনি মন্ত্রিত্ব থেকে সরে গিয়েছেন এবং এই বিধানসভায় দাঁড়িয়ে একটা প্রকৃত বামপন্থী হিসাবে কি ধরনের বক্তব্য রাখতে হয় তা আজকে পার্থবাবুর বক্তৃতা থেকে সেই শিক্ষা নিয়ে নিলাম। কাজেই মন্ত্রিত্ব আমাদের কাছে বড় কথা নয়। বুদ্ধদেববাবুকে টানছেন? শুনে রাখুন, বুদ্ধদেববাবু পদত্যাগ করেছিলেন একথা ঠিকই কিন্তু সর্বসাকুল্যে আবার একথাও বলছেন তার পার্টির চেয়ে ভাল পার্টি আর এখানে নেই। এতখানি নিষ্ঠা সহকারে তিনি এই বক্তব্য রেখেছেন। এটাতেই তো একটা পার্টি চলে। এটাতেই তো একটা বামফ্রন্ট সরকার চলছে। এটা সত্যিই একটা বিস্ময়ের কথা। চলবার ক্ষেত্রে কিছু ক্যাটালিক এজেন্ট আছে। আমাদের মধ্যে মতদ্বৈততা আছে, নেই তা নয়। মতদ্বৈততা তো থাকা স্বাভাবিক। নীতিগত সংগ্রামে, আদর্শগত সংগ্রামে এই চলতেই পারে। কিন্তু সাধারণ মানুষের ভাল করার জন্য, সাধারণ মানুষদের প্রতি দায়দায়িত্ব পালন করার জন্যই এই বামফ্রন্ট টিকে আছে। আমাদের মধ্যে সেই ধরনের খেয়োখেয়ি নেই। আপনারা আক্রমন করলে আমরা ঐক্যবদ্ধ হই এবং আপনারা সেই আক্রমণের একটা ব্যবস্থা করছেন। সামনে নির্বাচন আসছে কাজেই কিছু করে বাজার গরম করার আপনারা চেষ্টা

করছেন। আপনারা চাইছেন ভোটে ক্ষমতা দখল করতে। কাজেই স্যার, আমি বলব, এইভাবে ওদের অনাস্থা প্রস্তাব আনবার দরকার ছিল না। গ্যাট চুক্তির ওরা প্রশংসা করেছেন। এ বিষয়ে পার্থবাবু যা বলেছেন তারপর নতুন করে কিছু বলার সুযোগ আছে বলে মনে করি না। আমি রিপিটেশনের মধ্যে যাব না। স্যার, খুব একটা অদ্ভুত কথা দেখলাম খবরের কাগজে বেরুল যে নেদারল্যান্ড থেকে ৩০ হাজার টন গোবর এই ভারতবর্ষে আনতে হবে। তো আমার মনে হয় এটা ভাববেন না—কোনও কোনও জিনিস খুব সিমবলিক, আমার মনে হয় নেদারল্যান্ড সরকার বুঝেছেন যে ভারতবর্ষে আজকে যারা সরকার চালাচ্ছেন এদের মাথায় সেই গ্রে পদার্থটা নেই। ওরা ওখান থেকে ৩০ হাজার টন পাঠিয়ে দিচ্ছেন যারা দিল্লি থেকে এখানে গ্যাটের প্রস্তাবের পক্ষে বলছেন তাদের মাথায় পুরে দেবার জন্য।

এছাড়া গোবরের কোনও কারণ আছে? আমরা খাটাল উচ্ছেদ করে দিচ্ছি, আমাদের দেশে গোবরের অভাব? পাঠিয়ে দিচ্ছে ওরা? এইগুলো সব সিম্বলিক ব্যাপার বুঝে নিতে হয়। রামকৃষ্ণদেব বলেছিলেন টাকা মাটি, মাটি টাকা। কিছু ভাল মানুষ বুঝল টাকা রাখবার দরকার নেই। শুধু মাত্র টাকা দিয়ে দেবে মাটির মতো। আর কিছু ব্যবসায়ী বুঝল, রামকৃষ্ণদেব ঠিকই বলেছেন, টাকা দিয়ে জমি কিনে রাখ তাহলে পরে জমির দাম বাড়বে, টাকা হবে। সিম্বলিক কথা। নেদারল্যান্ড সরকারও আজকে সিম্বলিকভাবে গোবর পাঠাচ্ছে। দিল্লি থেকে এখান পর্যন্ত আনতে হবে আপনাদের মাথায় পুরে দিতে হবে। এই কথা বোঝেননি যে ভারতবর্ষের ৯০ কোটি মানুষের দেশ, এই বাজারে যদি বিদেশের সংস্থা বিনা প্রতিদ্বন্দ্বিতায় ঢুকতে পারে, কত বড় বাজারটা পাওয়া যাবে? সেই বাজারে ওরা ঢুকতে চাইছে, আপনারা সেই প্রস্তাবকে সমর্থন করছেন! ওরা বুঝে গেছে দেশটা কারা চালাচ্ছেন। আমরা সেখানে কিছু দেশ প্রেমিক মানুষ আছি, যাঁরা মানুষকে বোঝাবার চেষ্টা করছে, পারছে না। আমাদের দেশ প্রেম এবং আপনাদের দেশ প্রেম-এ ফারাক আছে। হ্যাঁ, আমাদের দেশ প্রেম এবং আপনাদের দেশ প্রেমে ফারাক আছে। আপনাদের দেশ প্রেম বলতে আপনারা বোঝেন যে দেশের ধনিক লোকেরা, আন্তর্জাতিক ধনতন্ত্রবাদীরা, তারা টিকে থাকুক, এটাই হচ্ছে আপনাদের বক্তব্য। এই অনাস্থা প্রস্তাবের কোনও কারণ নেই। কিন্তু কালকে যেহেতু শিয়ালদহে গুলি চালানোর পরেই এই হাউস বুঝেছে অনাস্থা প্রস্তাব নিয়ে আলোচনা করবার এবং এখানে কিছু কিছু ঘটনা ঘটেছে যেটা নিয়ে আমাদের বক্তব্যটা রাখা দরকার। আমরা দেখছি কংগ্রেসের সভাপতি সোমেন মিত্র বলেছেন পুলিশ নাকি ট্রিগার হ্যাপি হয়ে গেছে। আমার একটা জিনিস মনে হয়েছে, যেহেতু দীর্ঘকাল যাবৎ সরকারটা চলছে, পুলিশের মধ্যে আমাদের বিরোধী কিছু লোক সৃষ্টি হয়েছে, তা না হলে নির্দিষ্ট একটা অর্ডার থাকা সত্ত্বেও কি করে শিয়ালদহ থেকে গুলি চলে ফ্লাইওভারে, এত উঁচুতে দুটো লোক মারা যেতে পারে? ওরা লোক ডেপুট করে রেখেছে। সমস্তটা প্ল্যান্ড একজন অধ্যাপক বিনা টিকিটের যাত্রীকে নিয়ে শুধু গুলি চলল, কিছু লোক মারা গেল। আমরাও এটা চাই যে প্রকৃতপক্ষে এর একটা বিচার বিভাগীয় তদন্ত হওয়া প্রয়োজন। কেন এটা হয়েছে, যতদিন আসবে আমরা গ্রামাঞ্চলের প্রতিনিধি হিসাবে

দেখেছি গ্রামাঞ্চলের বাসিন্দা হিসাবে দেখেছি, যখনই নির্বাচন আসে তখনই সমাজ বিরোধীরা এই নির্বাচনকে কব্জা করবার জন্য তারা অগ্রনী হয়, তারা মদত পায়। আমি যে কথা বলছিলাম যে ঠিকই, এই বিষয়ে সম্পূর্ণভাবে একটা বিচার বিভাগীয় তদন্ত হওয়া প্রয়োজন এবং যত তাড়াতাড়ি সম্ভব এর রিপোর্টও পাওয়া দরকার। কারণ কালকের ঘটনা সম্পূর্ণভাবে ষড়যন্ত্রমূলক। আজকে যা যা বলছেন, আমাদের সমালোচনা করেন যে ভারত বন্‌ধ পুজোর আগে কেন ড'কছি, তারাই ঝট করে ডেকে দিলেন রাজ্যব্যাপী বাংলা বন্‌ধ ২৪ ঘণ্টার। ওদের দরদেরও কোনও মূল্য নেই, আর স্ববিরোধী কথাবার্তা বলতে ওদের কোনও অসুবিধা নেই। সেই জন্য বলি, এটার একটা পরিপূর্ণ তদন্ত হওয়া দরকার। পুলিশ যা রিপোর্ট করে স্বাভাবিকভাবে সেই রিপোর্টের উপর দাঁড়িয়ে বিধানসভায় রিপোর্ট পেশ হয়, কিন্তু সঙ্গে সঙ্গে এই কথা বলি, আজকে একটা অংশ মনে হচ্ছে—আমি আগেই বলেছি কালকে রাত্রের আমার প্রতিক্রিয়া এবং আজকে সকালে প্রতিক্রিয়া এই দুটো প্রতিক্রিয়াতে আমার পার্থক্য হচ্ছে, তাতে আমি এই কথা বুঝেছি যে গোটা জিনিসটার পেছনে কিছু ষড়যন্ত্রমূলক কাজ রয়েছে। সেইজন্য এটা হওয়া দরকার। এটা কংগ্রেস দাবি তুলেছে বলে নয়, এটা হওয়া দরকার। আমাদের বামফ্রন্ট সরকারের তরফ থেকে আমরা যে এই ব্যাপারে কতটা সিরিয়াস, এই ব্যাপারে জানাবার জন্য আমরা দেখেছি মুখ্যমন্ত্রী বিচার বিবেচনা করছেন এবং এই বিষয়ে

[4-00 – 4-10 p.m.]

আলোচনা করছেন। কিছু খবরের কাগজ বলল, 'চীন ঢুকে পড়েছে, তোমার ঢুকতে আপত্তি কোথায়?' খবরের কাগজ বলছে, 'বামফ্রন্ট সরকার এটাকে মদত দিচ্ছে, অতএব এটা গ্রহণযোগ্য।' কিন্তু ব্যাপারটা তা নয়—এক দিকে সরকারকে একরকম কাজ করতে হচ্ছে অপর দিকে দলগুলো তাদের মতো প্রকাশ করছে। কারণ আমরা সংবিধানের বাইরে তো চলে যেতে পারি না। পার্থবাবু বলেছেন, 'আমাদের আন্তর্জাতিক সীমানা রয়েছে, আজ ১৬ বছর হয়ে গেছে—বারবার আমরা ক্ষমতায় এসেছি, আমরা বাংলাদেশের মতো ভারতবর্ষ থেকে বিচ্ছিন্ন হয়ে আলাদা রাষ্ট্র তৈরি করব, এ কথা চিন্তাও করিনি।' করিনি, কারণ আমরা চাই ভারতবর্ষের মধ্যে থেকেই গোটা ভারতবর্ষের উন্নতি সাধন করতে, শুধু পশ্চিমবাংলার নয়। আমাদের সমুদ্রসীমা রয়েছে, আমরা আলাদা একটা রাষ্ট্র হয়ে থাকতে পারি। কিন্তু আমরা তা চাই না, ভারতবর্ষ ছেড়ে চলে যেতে চাই না। এই আদর্শকে সামনে রেখেই আমরা চলছি।

আজকে আমি একটা জিনিস পরিষ্কার বুঝতে পারছি যে, কালকে শিয়ালদহের ঘটনা না ঘটলে আজকে আপনারা বিধানসভায় অনাস্থা প্রস্তাবের আলোচনায় কিছুই বলতে পারতেন না। সেই সমস্ত বস্তা-পচা কথা—কোন মন্ত্রী কোথায় বাড়ি করেছেন, বানতলায় কি ঘটনা ঘটেছিল ইত্যাদিই শুধু বলতেন। খবরের কাগজে দেখেছি আপনাদের কি একটা কমিটি হয়েছে, কারা কারা সুযোগ নিয়েছেন, সুবিধা-ভোগী কারা ইত্যাদি বিষয়ে। আপনারা একজন

আর একজনকে তরমুজ বলছেন, খরমুজ বলছেন, বি. জে. পি. বলছেন। কাউকে লালের অংশ বলছেন, কে কোথা থেকে জমি পেয়েছেন, কে কোথা থেকে বাড়ি করেছেন ইত্যাদি নিয়ে ঝগড়া করছেন। আমরা ওসব কথা বলতে চাই না, আমাদের যে দায়িত্ব এখানে আছে সেটা আমরা পালন করতে চাই। কোথায় কোন সি. পি. এম কাউন্সিলরের বাড়ি ইনকাম ট্যাক্সের লোকেরা হামলা করেছে তা নিয়ে আমরা কোনও কথা বলি না। হামলা করে থাকলে, করেছে। তাদের কাছে সংবাদ থাকলে তারা হামলা করবে। তা নিয়ে তো আমরা প্রতিবাদ করছি না! কিন্তু কানোরিয়া জুট মিল বা অন্য জুট মিলের মালিকরা পি. এফ.-এর টাকা জমা না দেয়ার জন্য তাদের বিরুদ্ধে যখন আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হয় তখন আপনাদের মুখপত্র খবরের কাগজগুলো বলছে, "এ রকম করলে শিল্প উঠে যাবে।" অর্থাৎ পি. এফ.-এর টাকা কল-কারখানার মালিকরা মেরে দিক, পশ্চিমবাংলায় তাদের হেড কোয়ার্টার থাকলেও তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া যাবে না। এ ভাবে আপনারা দায়িত্ব পালন করতে পারেন না। একটু আত্ম-সমালোচনা করুন—৩৭%, ৩৮% ভোট পেয়েও কেন ক্ষমতায়

[4-10 – 4-20 p.m.]

আসতে পারেন না। সুব্রতবাবু, জেনে রাখুন আপনারা ভেবেছেন সেই ১২ ম্যানের বল দিয়ে বামফ্রন্ট সরকারকে উৎখাত করবেন? সেই ১২ ম্যান কমলবাবুকে দিয়ে, তা কিন্তু হবার নয়। এইভাবে ভরসা করল আপনারা ভুল করবেন। অজেকে কংগ্রেস এবং বি. জে. পি দুই ভাগ হয়ে গেছে। আপনাদের সংখ্যা আরও কমে যাবে। ভবিষ্যতে অনাস্থা প্রস্তাব আনতে গেলে মাননীয় স্পিকারকে সদস্য সংখ্যা ২০তে নামাতে হবে। এই কথা বলে যে অনাস্থা প্রস্তাব আনা হয়েছে তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী সাবিত্রী মিত্র ঃ** মাননীয় স্পিকার স্যার, আমাদের দলের নেতা যে অনাস্থা প্রস্তাব এনছেন তাকে আমি সমর্থন করি। আমার সময় খুব অল্প, তাই আমি কয়েকটি কথা বলতে চাই যেটা পশ্চিমবাংলার মানুষের বক্তব্য। আজকে পশ্চিমবাংলায় জিনিসপত্রের দাম বাড়লেও, পশ্চিমবাংলার মানুষের কোনও দাম নেই, কমে গেছে। কারণ আমাদের এই রাজ্যের মুখ্যমন্ত্রীর প্রতিটি পদক্ষেপ হচ্ছে রাজনৈতিকভাবে চিন্তা করা। তাকে কখন একটা পার্টির ক্যাডার বা সি. পি. এম. পার্টির বাইরে মুখ্যমন্ত্রী হিসাবে দেখতে পেলাম না। আজকে দুটি জিনিস পশ্চিমবাংলার মানুষের দরকার যেটা খুবই ইমপর্টান্ট। একটা হচ্ছে, খাদ্য এবং আর একটা হচ্ছে স্বাস্থ্য। আজকে খাদ্য দপ্তরের কি অবস্থা দেখুন, রেশনের আজকে বেহাল অবস্থা, রেশন সাপ্লাই বলতে কিছু নেই। গত ২ সপ্তাহ ধরে আমার এলাকায় রেশন পাওয়া যাচ্ছে না। রেশন কার্ড সাপ্লাই বন্ধ। মালদা জেলায় ২৪ হাজার লিটার কেরোসিন তেল সি. পি. এমের ক্যাডাররা মার্কেটে বিক্রি করে দিল। এ ব্যাপারে কি তদন্ত হল তা জানি না। গোটা খাদ্য দপ্তর দুর্নীতিতে ভরে গেছে। এই সরকার তাদের প্রোটেকশন দিচ্ছেন। পশ্চিমবাংলার সাধারণ মানুষ রেশন কার্ড দাবি করলে বলা হচ্ছে, তোমাকে রেশন কার্ড দিতে পারি, কিন্তু তুমি

রেশনের দাবি করতে পারবে না। আজকে পশ্চিমবাংলায় স্বাস্থ্য ব্যবস্থা ভেঙে পড়েছে। এখানে যারা সি. পি. এমের শ্রদ্ধেয় মাননীয় সদস্যরা আছেন তারা অনেক সময় মেনশন করে প্রবলেন হাসপাতালে ওষুধপত্র নেই। সবচেয়ে খারাপ লাগে, বর্তমানে কোনও মানুষের মৃত্যু হলে হাসপাতালে তার পোস্ট-মর্টেম রিপোর্ট লেখবার খাতা নেই। আজকে আমরা এই জায়গায় দাঁড়িয়ে আছি। আজকে হাসপাতালে বেশিরভাগ সময়ে পেশেন্টরা যায় না। কারণ ডাক্তাররা রোগীদের ভুল বুঝিয়ে নার্সিং হোমে নিয়ে যায়, অপারেশন করে হাজার হাজার টাকা লুটে নিচ্ছে এবং ডাক্তাররা হাসপাতালের বাইরে গিয়ে প্র্যাকটিশ করছে। প্রতিটি হাসপাতালের আজকে কি অবস্থা সেটা মাননীয় স্বাস্থ্যমন্ত্রী কি দেখেছেন? আজকে যে ডাক্তার মালদায় পোস্টিং সে কলকাতায় বসে মালদা থেকে বেতন পাচ্ছেন। এক্ষেত্রে কি ব্যবস্থা নিয়েছেন? আজকে স্বাস্থ্য ভেঙে পড়েছে, রেশন ব্যবস্থা ভেঙে পড়েছে আর প্রশাসনের কথা তো বাদ দিলাম, টোটাল অ্যাডমিনিস্ট্রেশন ফেলিয়োর। আজকে প্রশাসনের ক্ষেত্রে দেখলাম, মালদা জেলার গাজলে যারা চাষীদের জমির জন্য আন্দোলন করে, যারা শ্রমিক দরদী নেতা বলে দাবি করে, সেই পার্টির এল. সি. এসের একজন নেতা কৃষকের জমি দখল করে চাকমহম্মদের গর্ভবতী স্ত্রীকে পুড়িয়ে মারলেন। ঐ এল. সি. এমের মেম্বারকে অ্যারেস্ট পর্যন্ত করলেন না।

মাননীয় মুখ্যমন্ত্রীর দপ্তর এর জবাব দিলেন না। মালদায় গদাইয়ের চরে যে ধর্ষণ হয়েছিল গত বছর এই কেসের ব্যাপারে পরে মাননীয় মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করেছিলাম, মাননীয় মুখ্যমন্ত্রী আজ অবধি কোনও উত্তর দেননি, কেন আজকে এ কেসের আসামীদের অ্যারেস্ট করা হল না, কেন মালদার পুলিশদের চার্জশীট দেওয়া হল না, মাননীয় মুখ্যমন্ত্রী বলতে পারবেন? মাননীয় মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করেছিলাম, পুলিশ যে নির্বিচারে এই রকম গুলি চালাচ্ছে, আপনি এর প্রতিবাদ করতে সম্মত আছেন, আপনি এর নিন্দা করেন, না নিন্দা করেন না? মাননীয় মুখ্যমন্ত্রী কোনও রিপ্লাই দিলেন না, তাহলে কি আমাদের বুঝতে হবে যে, তিনি এটার সমর্থন করছেন। উনি বলেছেন পুলিশকে বলেছি বুকে নয়, পায়ে গুলি করতে বলেছি, কিন্তু তারা তা করেনি, তাহলে ধরে নিতে হবে পুলিশ মাননীয় মুখ্যমন্ত্রীর কথা শোনে না। টোটাল অ্যাডনিমিস্ট্রেশন ফেলিওর, আপনারা বেঁচে আছেন শুধু রিগিং করে, আর মানুষকে ভয় দেখিয়ে। যদি আগামী দিনে ভোট হয়, এবং টি. এন. শেষন বরাবর থাকেন তাহলে আপনারা বুঝতে পারবেন যে ভোট কাকে বলে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যদিও আমাদের এই সভা খুবই উত্তপ্ত এবং ঘটনাবহুল, এর মধ্যে অনাস্থা প্রস্তাব উত্থাপিত হয়েছে এবং আলোচনা চলছে এবং যে ঘটনা ঘটেছে গতকাল সেটা খুবই দুঃখজনক ঘটনা। সেই ঘটনার পরিপ্রেক্ষিতে যাঁরা অনাস্থা প্রস্তাব নিয়ে এসেছেন তাঁদের এখানে উত্তাপ সৃষ্টি করার ক্ষেত্রে বেশ খানিকটা সুবিধা মিলেছে। এ কথা অস্বীকার করা যায় না, এবং আমরা সকলে মিলে যেটা বলছি গতকালের

ঘটনা দুঃখজনক ঘটনা। যে মৃত্যুগুলি ঘটেছে সেগুলি অযথা মৃত্যু বলা যেতে পারে, কোনও কারণ ছিল না, গুলি চলেছে, মৃত্যু হয়েছে এবং পশ্চিমবঙ্গের সাধারণ মানুষ তাঁরা এই গুলি চালনাকে ভাল চোখে দেখেননি এগুলি নিয়ে ভাবা দরকার। এ কথা ঠিকই যে এইভাবে বিভিন্ন জায়গায় যখন তখন গুলি চালিয়ে দেয়, তার ফলে অযথা কিছু প্রাণ নষ্ট হয়ে যায়। এইভাবে চলা উচিত নয়, আর এটা বন্ধ হওয়া উচিত। জানি, মাননীয় বিরোধীপক্ষ এবং সরকার পক্ষের সকলেই ভাবছেন যে সমস্ত নিরীহ মানুষের প্রাণ গিয়েছে সেজন্য ভাবনা চিন্তা করতে হবে এবং কারণ অনুসন্ধান করতে হবে। আমার বক্তব্য হল সেগুলি নিয়ে গভীরভাবে তদন্ত করা দরকার। যাইহোক যে বিষয়টা নিয়ে সকলে মিলে আলোচনা হয়েছে সেটা হচ্ছে আমরা এই সরকারে থাকব কি থাকব না ওঁরা আমাদের দিকে আঙুল তুলে বলছেন, কি যোগ্যতার প্রশ্নে, কি আইশৃঙ্খলার প্রশ্নে বিভিন্ন প্রশ্নে আমরা দেখতে পাচ্ছি। এই সাধারণ ১৭ বছর যে কাজগুলি করেছেন তা মানুষের বিরুদ্ধে চলে গেছে, তাদের ক্ষমতা থেকে সরাতে হবে, এই কথাগুলি বলবার চেষ্টা করছেন। ওঁদের বক্তব্য যা বললেন আমরা বিষয়টা কি ভাবে দেখছি সেটা আমাদের বুঝতে হবে, জানতে হবে। আমরা কিছুদিন আগে দেখেছিলাম যে জিনিসটা কংগ্রেসিরা সাধারণতঃ করেন না সেই অদ্ভুত জিনিস,—অবশ্যই ভাল জিনিস—একদিক থেকে—এখানে একটা পঞ্চায়েতকে কেন্দ্র করে একটা সম্মেলন করলেন, কি কারণে করলেন হঠাৎ পঞ্চায়েত নিয়ে এ ধরনের ভাবনা কেন দেখা দিল? তৃণমূল থেকে মানুষদের তুলে এনে পঞ্চায়েতের ব্যাপারে মানুষকে বোঝাবার চেষ্টা করছেন। আমরা জানি ত্রিস্তর পঞ্চায়েতে যে পজেটিভ দিক গুলি রয়েছে সেগুলি অবলম্বন করে আমরা সাধারণ মানুষের কাছে যেতে পেরেছি। তাদের প্রয়োজন কোথায়, অভাব কোথায় সেই ইনফরমেশন তাদের কাছ থেকে সংগ্রহ করে তাদের প্রয়োজন মেটাবার ব্যবস্থা করে সীমিত ক্ষমতার মধ্যে থেকে সেটা বামফ্রন্ট সরকারের মধ্যে থেকে করা হচ্ছে বলে ওঁরা বারবার পরাজিত হচ্ছেন।

[4-20 – 4-30 p.m.]

মানুষের কাছে যেভাবে তারা সমর্থন আশা করেন সেটা তারা পাচ্ছেন না। তাহলে এর মধ্যে থেকে ধরে নেওয়া যায় যে, বিষয়টা নিয়ে তাদের ভাবতে হচ্ছে। সেখানে দাঁড়িয়ে বলতে হবে, বামফ্রন্ট সরকারের সাফল্য নিশ্চয়ই আছে এবং তার ভিতটা শক্ত। সেটা ভাঙ্গতে গেলে যে রণকৌশলের দরকার হবে সেটা ঠিক করবার জন্যই সম্মেলন ডেকেছিলেন তারা। এর থেকে প্রমাণিত হয় যে, পঞ্চায়েত ব্যবস্থার মাধ্যমে বামফ্রন্ট সরকার মানুষের মধ্যে পৌঁছে গেছেন এবং সেটা নিয়ে তাদের ভাবতে হচ্ছে। আমি শুধু এটা এইজন্য বলছিলাম যে, এটা বামফ্রন্ট সরকারের সাফল্যেরই স্বীকৃতি। গ্রামের মানুষের কাছে যাবার যে নীতি তাকে স্বীকৃতি দেবার জন্যই তারা পঞ্চায়েত সম্মেলন করেছেন বলে আমি মনে করি। ওরা আইন-শৃঙ্খলার কথা বলছেন এবং সেটা আইসোলেটভাবে বলবার চেষ্টা করেছেন। কিন্তু পশ্চিমবঙ্গ তো একটা আলাদা রাষ্ট্র নয়, আইন-শৃঙ্খলার প্রশ্নে সারা ভারতবর্ষেই তার অবমূল্যায়ন ঘটেছে। দেশের বিভিন্ন প্রান্তে বিভিন্ন পদাধিকারী এবং মন্ত্রী পর্যায়ের লোকেরাও বলছেন যে, মাফিয়ারা

এবং অসাধু ব্যবসায়ীরা সমস্ত জায়গা দখল করে রেখে দিয়েছে। এসব ঘটনা ঘটছে এবং সেটা থেকে এই রাজ্যই বাদ যেতে পারে না। এখানে নানা রাজ্য থেকে যেসব লোকেরা আসছে, কাজেই এখানে সমাজবিরোধী কার্যকলাপ বাড়বে না এটা কল্পনাও করতে পারি না। সুতরাং এখানে বিভিন্নভাবে পরিবেশ দুষিত করা হচ্ছে। এখানে বামফ্রন্ট সরকার সাধারণ মানুষের সাহায্য প্রশাসন চালাচ্ছেন। ভারতবর্ষের ক্ষেত্রে, সারা পৃথিবীর ক্ষেত্রেও এভাবে ক্ষমতায় থাকাটা একটা নজির সৃষ্টি করেছেন। আজকে দেশে সমাজবিরোধীদের প্রশ্রয় দেওয়া হচ্ছে দেওয়া হচ্ছে এবং তারজন্য বিভিন্ন জায়গায় আইন-শৃঙ্খলার প্রশ্ন উঠেছে, এটা অস্বীকার করা যায় না। কাজেই ভারতবর্ষের নিরীক্ষে বিষয়টা বিচার করতে হবে। আজকে কংগ্রেস শাসিত রাজ্যগুলির চেয়ে পশ্চিমবঙ্গের মানুষ অপেক্ষাকৃত ভাল পরিবেশের মধ্যে বসবাস করছেন, কাজেই ওদের অনাস্থা প্রস্তাব আনার কোনও অধিকার নেই। ওরা নির্বাচনের আগে বলেন—জিনিসপত্রের দাম কমিয়ে দেব, ঘরে ঘরে চাকরি দেব। মানুষের সামনে এভাবে মিথ্যা প্রচার করতে ওদের লজ্জা হয় না। আজকে তারাই সব মন্ত্রী হয়ে বসে আছেন। আমাদের দেশের সমস্ত কিছু আজকে সাম্রাজ্যবাদী শক্তির কাছে বিক্রি করে দিয়েছেন গ্যাট চুক্তির মাধ্যমে। শিল্পনীতি প্রসঙ্গে এখানে কথা উঠেছে। আজকে দেশের ৯০ কোটি মানুষকে সাম্রাজ্যবাদী শক্তির হাতে ছেড়ে দিয়েছেন।

আপনারা উন্নয়ন বলে চিৎকার করছেন। কিন্তু যে নীতি আগে গ্রহণ করেছিলেন, ১৯৫৬ সালে যে শিল্পনীতি ঘোষণা করা হয়েছিল, যে পরিকল্পিত অর্থনীতির কথা ঘোষণা করা হয়েছিল, সমস্ত কিছু আপনারা বিসর্জন দিয়েছেন। রাষ্ট্রায়াত্ত শিল্প ব্যবস্থা যেটা গড়ে উঠেছিল, সেখানে আমরা জানি যে ৩ লক্ষ কোটি টাকার বিনিয়োগ করা হয়েছিল। সেই রাষ্ট্রায়াত্ত শিল্পকে আপনারা প্রাইভেটাইজেশনের হাতে তুলে দেবার চেষ্টা করেছেন। আর আপনাদেরই দল এখানে এসে বামফ্রন্টের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এনেছেন। যারা দেশের প্রতি বিশ্বাসঘাতকতা করেছেন, এই দর্শনে যারা বিশ্বাসী তারা আজকে দেশাত্মবোধে উদ্বুদ্ধ হওয়ার কথা বলছেন। আজেক গোটা ভারতবর্ষ জুড়ে কংগ্রেস বিশ্বাসঘাতকার নীতি নিয়ে চলেছে। আর সেই কংগ্রেস আজকে অনাস্থা প্রস্তাব নিয়ে এসেছে। যারা চক্রান্তকারী, যারা ভারতবর্ষের গণতান্ত্রিক আন্দোলনকে স্তব্ধ করে দিতে চায়, তারা আজকে এই সব কথা বলছে। কাজেই আমি এই অনাস্থা প্রস্তাবের বিরোধিতা করছি। দেশের লক্ষ লক্ষ মানুষের কংগ্রেসের নীতির প্রতি কোনও আস্থা নেই, কেন্দ্রীয় সরকারের প্রতিও কোনও আস্থা নেই। এই কথা বলে অনাস্থা প্রস্তাবের আর একবার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**Shrimati Gillian Rosemary Hart:** Hon'ble speaker and fellow members of this House, at the outset I can say, to make it clear, that as a nominated member of this House, I am apolitical, I say this in a fair mind and would like to deliver a free speech.

I can say, our Government has always looked after the needs of

our community, and by getting their support and having been placed in this House, I am able to freely face the House. The problems which we face i.e., our community faces today, are a lot. I think the Government should look for more positive steps as a lot has been done in this State for the people. For example, in the matter of education, being a representative of an educational Institute, I can say this that we made recommendations to the Ashok Mitra Commission. Our Government looked into those recommendations and had taken note of some of them, and says, for example, that English language should be introduced at an earlier level, that people would absorb and thus they would learn one important language like English. Of course, other languages which are existing in our country have no inter-link with one another in other parts of the country. Therefore, it is necessary for children to be taught in one common language at an earlier level. So far I can say, a positive step has been taken by the Government.

Then, besides the policy, we find there is a lot of negative things in the state about the law and order. But when we look around to other parts of the country, we can find that our State is better than other states. There is worse situation in other States. In spite of that I think there are some cases here, which merit attention, for example, snatching at maidan and like that. However, our Government is looking into this and feel that these things would be stopped. We can say, in comparison to other States, West Bengal is good so far law and order situation is concerned.

Besides this, our Government has also taken steps to help other backward communities and to see that they can get reservation of jobs and other such positive things. Now, our Anglo-Indian community is a microscopic minority. I would request the Hon'ble Chief Minister and our Government not to forget this and not to overlook our community just because they are small in number. We have many contributions in this State as well as in this country. The other thing is that they expect that they will get all the positive things that are being done by this Government. In view of the above and looking at the positive aspects, I must say, I oppose the no-confidence motion that has been tabled in this House today. I am sure that our community has full confidence in our Government. Thank you.

[4-30 – 4-40 p.m.]

**শ্রী রঞ্জিত পাত্র :** মাননীয় স্পিকার মহাশয়, বিরোধীদলের সদস্য যে নো কনফিডেন্স বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে এনেছে আমি সেই নো কনফিডেন্সের বিরোধিতা করছি। আমরা এই বামফ্রন্ট সরকার নির্বাচনের মধ্যে দিয়ে বারে বারে আসতে পেরেছি। আজ মানুষের আমাদের প্রতি আস্থা আছে বলেই লক্ষ লক্ষ ভোটার এই বামফ্রন্ট সরকারের প্রতি আস্থা জ্ঞাপন করেছে সেইদিক থেকে কংগ্রেস সরকার জনগণের আস্থা অর্জন করতে ব্যর্থ হয়েছে। আমাদের দেশে একটা কথা আছে চালুনি বলে সূচকে তোর পেছনে কেন ছেঁদা তা এই কথাটি কংগ্রেসের ক্ষেত্রেও প্রযোজ্য। আপনারা বিগত ৩৫ বছর ধরে শাসন করে এসেছেন এবং রাজ্যটাকে শেষ করে দিয়ে গেছেন এবং যখনই গণতান্ত্রিক আন্দোলন আমরা করেছি তখনই তার উপরে বলিষ্ঠ হস্তক্ষেপ করা হয়েছে। সেখানে আপনাদের একটা ভুখা মিছিলও শান্তিপূর্ণ হয়নি। শান্তিপূর্ণ আন্দোলনের নামে অশান্তি সৃষ্টি করেছেন এবং এটাই আপনাদের মুখ্য উদ্দেশ্য। ১৯৬৬ সালে যখন খাদ্য আন্দোলন হয়, সেই মিছিলে লক্ষ লক্ষ ক্ষেতমজুর এই আন্দোলনের সামিল হয়েছিল এবং সেই আন্দোলনকে দমন করবার জন্য কলকাতার রাজপথকে আপনারা লালে লাল করে দিয়েছিলেন। এই সময়ে পুলিশের গুলিতে নুরুল হাসানের মতো যে কত লোক মারা গেছিল তার হিসাব নেই। আজকে তারাই কিনা বড়বড় কথা বলছেন। কোনও আন্দোলনে আপনারা পুলিশকে দিয়ে হামলা থামান নি? আজকে তারাই কিনা আইনশৃঙ্খলার কথা বলছেন। আপনারা তো অনেক কথা বললেন আমি একটা কথা জিজ্ঞাসা করি, ভারতবর্ষে তো সবচেয়ে বড় বিস্ফোরণ ঘটল বম্বেতে এবং এই বিস্ফোরণে অভিযুক্ত ব্যক্তিদের চক্রান্তকারীদের নামও খবরের কাগজে বেরিয়েছে। যাদের নাম বেরিয়িছে তারা কোন দলের লোক দয়া করে জানাবেন কি? আপনাদেরই হাতে রক্তে রাঙা হয়েছিল আগেকার আন্দোলন। কংগ্রেসি আমলে ক্ষেত মজুর, ভাগচাষীদের আপনারা উচ্ছেদ করেছেন, খুন করেছেন, আপনারা গরীবদের প্রতি এতটুকু সহানুভূতিশীল ছিলেন, বলুন তো! আপনারা আজকে বড় বড় কথা বলছেন? আজকে বামফ্রন্ট সরকারের আপনাদের দয়ায় আসেনি। আপনারা যখন ক্ষমতায় ছিলেন তখন পঞ্চায়েত বলে কিছু ছিল না, পঞ্চায়েতের ভোটই হত না। আমরা সেখানে ক্ষমতায় এসে তার বিকেন্দ্রীকরণ করে শুষ্ঠ পঞ্চায়েত ব্যবস্থা করেছি। শুধু ক্ষমতায় বিকেন্দ্রীকরণ নয়, এর মধ্যে দিয়ে তৃণমূল পর্যন্ত আমরা ক্ষমতা বিলি করতে সক্ষম হয়েছি।

আপনাদের সময় পঞ্চায়েতের কথা ভাবা তো মুস্কিলের ব্যাপার ছিল। এখন কংগ্রেস শাসিত যে রাজ্যগুলো আছে, সব জায়গায় কি পঞ্চায়েত নির্বাচন করতে পেরেছেন? আপনাদের মূল গাত্রদাহ এটা যে, এখানে পশ্চিমবঙ্গ গভর্নমেন্ট-এর মূল কৃতিত্ব এখানে পশ্চিমবঙ্গে সার্থক ভূমিসংস্কার করেছে। আপনাদের সময় যেটুকু আইন ছিল তা কার্যকর করেননি। আর, বামফ্রন্ট সরকার ক্ষমতায় আশা থেকে ভূমি-সংস্কার করে যে সমস্ত জমি জায়গা লুকিয়ে রেখেছিল, যেগুলো কার্যকর করতে দেননি এবং যে আইনটা প্রণয়ন করেননি নিজেদের

স্বার্থে ; সেই ভূমিবন্টন করা হয়েছে, গরিব মানুষের মধ্যে বিলি করা হয়েছে এবং সেচের মাধ্যমে পশ্চিমবাংলায় যে খাদ্য সমস্যা ছিল, সেই সমস্যার সমাধানের জন্য সেচ ব্যবস্থার মাধ্যমে রেকর্ড পরিমাণ উৎপাদন পশ্চিমবাংলায় হয়েছে। এই কথা অস্বীকার করা যাবে না। তাই পশ্চিমবাংলার মাটিতে ভূখা মিছিল দেখা যায়নি, যা আপনাদের সময় ঘটত ; ধীরে ধীরে তাদের মৃত্যুর দিকে এগিয়ে দিতেন, সেই কথাটা আজকে ভাবুন। নো কনফিডেন্স আনার আগে। আমরা শিক্ষায় দ্বাদশ শ্রেণী পর্যন্ত অবৈতনিক করেছি। আর, আপনাদের সময় কি ছিল? শিল্পের কথা বলছেন? পশ্চিমবাংলায় স্বয়ম্ভর শিল্পনীতি গড়ে তোলার ক্ষেত্রে প্রতিপদে কেন্দ্রীয় সরকার বাধা সৃষ্টি করছে। কৈ বিরোধীদের তো সেখানে দেখতে পাওয়া যায় না? পশ্চিমবাংলার কথা ভাবুন, যে সমস্ত লোক আপনাদের ভোট দেন, তাদের স্বার্থের কথা চিন্তা করুন একবার। আপনারা কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে আন্দোলনের কথা একবারও বলেননি। আপনারা পশ্চিমবঙ্গকে ভালবাসেন? পশ্চিমবাংলার মানুষকে ভালবাসেন? আমি বলব, আপনারা পশ্চিমবাংলার মানুষের সঙ্গে বিশ্বাসঘাতকতা করছেন। কেন্দ্রীয় সরকারের যে জনবিরোধী নীতি, যে গ্যাটচুক্তি, সেই চুক্তির বিরুদ্ধে কোনও কথা বলেননি, অন্ধের মতো নরসিমহা রাওয়ের সরকারের সপক্ষে সহযোগিতা করেছেন। নরসিমহা রাও সরকার, ভারতবর্ষের যে স্বয়ম্ভর অর্থনীতি, সেই অর্থনীতিকে বিদেশের কাছে বিক্রি ক'রে দেওয়ার যে চেষ্টা করছে, আপনারাদের দল যে কাজ কাছে, তার বিরুদ্ধে আন্দোলন করে, তার রিরুদ্ধে কাজ করার জন্য আপনাদেব দেখা পাওয়া যায় না। আপনাদের অন্ধের মতো কাজ করছেন, সমর্থন করছেন এই সমস্ত কাজ। আপনাদের শুনতে অনেক খারাপ লাগবে, আপনারা বলেছিলেন আপনাদের মাননীয় বিরোধী দল নেতা বলেছেন যে, এখানে যে সমস্ত ঘটনা ঘটেছে, দরকার হলে আর. এস. পি., সি. পি. এম., ফরোয়ার্ড ব্লক, সবাইকে নিয়ে তদন্ত করা হোক। আপনাদের উদ্দেশ্য বামফ্রন্টের মধ্যে বিরোধ সৃষ্টি করা, সেই চেষ্টা ক'রে লাভ হবে না। কেননা, আপনারা এমন একটা দল, যেখানে শত-সহস্র নেতা এবং এক নেতা এক কথা বলে, আর এক নেতা আর এক কথা বলে, আপনাদের কথার ঠিক নেই আপনারা আগে নিজের ঘর ঠিক করুন, নিজের দল ঠিক করুন, আপনারা বিভিন্ন সুরে কথা বলেন, আগে আপনারা নিজেরা ঠিক করুন কি বলবেন। আর একদিকে পশ্চিমবাংলার সাধারণ মানুষের সঙ্গে বিশ্বাসঘাতকতা করবেন কি না এটা আগে ঠিক করুন। আমি বলতে চাই পশ্চিমবাংলার লক্ষ লক্ষ মানুষ বিগত দিনের নির্বাচনের মধ্যে দিয়ে, তা বিধানসভা নির্বাচন বা পঞ্চায়েত নির্বাচন অথবা কর্পোরেশন নির্বাচনের মধ্যে দিয়ে বামফ্রন্টের প্রতি যে আস্থা স্থাপন করেছেন, সেই বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এনে আপনারা জনগণের রায়কে অপমানিত করেছেন, এ কথা বারবার ভাবা দরকার। সর্বশেষ বিরোধীদের আনীত এই অনাস্থা প্রস্তাবের বিরোধিতা ক'রে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ হৈমী বসু ঃ** মাননীয় স্পিকার স্যার, আমাদের নেতা ডঃ জয়নাল আবেদিন যে অনাস্থা প্রস্তাব এনেছেন, কনফিডেন্স অফ মোশনের বিরুদ্ধে, সেই প্রস্তাবকে সমর্থন ক'রে

আমি দু একটি কথা বলতে চাই। মিঃ স্পিকার স্যার, প্রথমেই আমি মাননীয় সদস্য রবীন মন্ডলকে অভিনন্দন জানাচ্ছি, সেদিন আমরা যখন দাঁড়িয়ে উঠেছিলাম আপনার সামনে, উনিও দাঁড়িয়ে উঠেছিলেন। অভিনন্দন জানাচ্ছি শ্রী রঞ্জিত পাত্রকে, তিনি এক মাত্র বলছেন, 'আপনাদের কোনও বক্তব্য নেই, শুধুমাত্র গতকাল যা ঘটে গেছে সেটা ঘটনাটা না ঘটলে কোনও বক্তব্য থাকত না। দিপকবাবু এত বড় বক্তা তিনি শেষে বললেন, পশ্চিমবাংলায় এমন কি ঘটনা

[4-40 – 4-50 p.m.]

ঘটছে, যার জন্য অনাস্থা প্রস্তাব আনার দরকার হয়েছে? আপনার সামনে আজকে Sir, here is Madam Gullian Rose Mary Hart—the nominated Hon'ble Member of the Anglo-Indian community. She has said that the Anglo-Indian Community is very happy. Everything—whatever this Government has done for them—are absolutely golden. I thank her for her beautiful speech and sweet choice. But, Sir, I have a question to her. She should remember that it is not the mercy of the Chief Minister of West Bengal or the Government of West Bengal that she is here. She is here because of the decision taken by the Central Government under the leadership of Pandit Jawharlal Nehru and she should not forget late Frank Antony. The credit goes to them that reservations are there for the Anglo-Indian Community in the State Assembly. Madam, are you sure that everthing is golden? You are an educationist. I will request you to ask your conscience about the curbs the vindictive curbs—which have been laid down on the Anglo-Indian schools. Are you happy with them? I am sure, no. You are not happy Outside the House the picture is different. Your community, including yourself—all the educations connected with the Anglo-Indian school—they requested, they deliberated with the Government. But they were not paid any heed to, and they have been forced to go to the court. I will not make any mention of it. Because it is sub-judice.

স্যার আমি তো বামফ্রন্টের মাননীয় সদস্যদের কথা বললাম, এবার একটা কথা বলি বিনীতভাবে আপনাদের সামনে সেটা হচ্ছে যে ইনাদের কাউন্সিল অব মিনিস্টার্স যা আছে, তাতে মিনিস্টারেরই কনফিডেন্স নেই মাননীয় মুখ্যমন্ত্রীর উপর। আমি তার ঘটনা আপনার সামনে উল্লেখ করছি, অন্যান্য ঘটনা অনেকে বলেছেন, আমি পুনরাবৃত্তি করব না। আমি শুধু দৃষ্টি আকর্ষণ করছি, কাউন্সিল অব মিনিস্টার্সের একজন মন্ত্রী তিনি—মাননীয় সদস্যদের একটা কথা বলি সেটা হচ্ছে যে কি কংগ্রেসের লোক, কি সি. পি. এম. এর লোক, কী ফরওয়ার্ড ব্লকের লোক, কি সি. পি. আই. এর লোক, কি আর. এস. পি.'র লোক বা নির্দল

সদস্য যারা আছেন, সাধারণ মানুষের উপকারের জন্য একটা আইন হয়েছে এবং এটা শুধু ভারতবর্ষের জন্য নয়, সারা পৃথিবীর সাধারণ মানুষ যাতে তারা ঠকে না যান কোনওভাবে, তারা যাতে সুষ্ঠুভাবে, ন্যায্যভাবে জীবন ধারন করতে পারেন সেই জন্য একটা বৈপ্লবিক পরিবর্তন আনার চেষ্টা করা হয়েছে একটা আইনের মাধ্যমে। সেই আইনটা হচ্ছে Protection of the rights of the consumers. Our hon'ble Chief Minister is a consumer. Mr. Speaker, Sir, you are a consumer. All the colleagues here are the consumers.

কিন্তু আমাদের মাননীয় মন্ত্রী মহাশয়, এখন উনি এমন অবস্থায় চলে গেছেন যে সুপ্রীম কোর্টকে পর্যন্ত ভায়লেট করছেন। সুপ্রীম কোর্টের একটা অর্ডার ছিল—আমি আপনার মাধ্যমে নোটিশ দিয়েছি, আমি সেই অর্ডারগুলো দিয়ে রেখেছি। গত ৭/১/৭৩ তারিখে মাননীয় সুপ্রীম কোর্ট ৮৮ সালের রিট পিশিন ১১৪১, ওর ৯০ এর রিট পিটিশন এবং ৭৪২তে আদেশ দেবার সময় নির্দেশ দিয়েছিলেন, যে সমস্ত জেলা কনজিউমার্স ফোরাম বা কোর্টে মাসিক অভিযোগ ১৫০-এর বেশি উপর্য্যুপরী ছয় মাস ধরে এইভাবে হলে সেখানে ফুল টাইম ডিস্ট্রিক্ট কনজিউমার্স ফোরাম করতে হবে এবং সময়ও বেঁধে দিয়েছিলেন।

কিন্তু এ জিনিস এখানে হল না। এখানে যে স্টেট কমিশন হল, ফোরাম হল ২ ঘন্টার, ১২-২টা আবার ২টা থেকে ৪টা কলকাতা জেলা ফোরাম হল, একই ঘরে। নথীপত্র রাখার ব্যবস্থা নেই। সমস্ত কিছু কাজে একটা বিশৃঙ্খল অবস্থা। মন্ত্রী বললেন যে আমাদের টাকা পয়সা নেই, সেজন্য আমরা পারছি না। কিন্তু স্যার সুপ্রিম কোর্টে উনি এফিডেফিট করলেন না। এই কথা এখানেই শেষ নয়। একটা অদ্ভুত জিনিস সৃষ্টি করেছেন ওদের ডিপার্টমেন্ট সেটা হচ্ছে যে ক্যালকাটা গেজেট নোটিফিকেশনে ৮-১২-৬৯-এ স্পষ্ট করে বলা আছে যে ক্যালকাটা ডিস্ট্রিক্ট ফোরাম হচ্ছে সি এম সি এরিয়া। হঠাৎ একটা ফতোয়া জারি, করে ক্যালকাটা ডিস্ট্রিক্ট ফোরামকে এক করে দেওয়া হল। তাই দক্ষিণ কলকাতার যেখানে মুখ্যমন্ত্রীর বাড়ি বা উত্তর কলকাতায় বাড়ি তারা বানের জলে ভেসে বেড়াচ্ছে। কোনও কারণ নেই, এর জন্য ব্যয়ের দরকার নেই। যেখানে দুটো কোর্ট করার দরকার সেখানে উনি কেটে সেটাকে ১।৩ ভাগ করে দিলেন। বিভিন্ন এন জি ও তাঁরা আপত্তি করলেন। ৯ ধারা সংশোধন হয়েছে এবং এতে বলা হয়েছে রাজ্য সরকার মনে করলে একই জেলায় একাধিক ফোরাম করতে পারেন। তা তাঁরা করলেন না। মাঝখান থেকে একটা অদ্ভুতভাবে কলকাতার ২।৩ অংশের মানুষ তাঁরা এর থেকে ডিপ্রাইভ করলেন। কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী এ. কে. অ্যান্টনী আমাদের মুখ্যমন্ত্রীর কাছে একটা চিঠি পাঠালেন। সেই চিঠির তারিখ হচ্ছে ১.২.৯৩। মুখ্যমন্ত্রী সেই চিঠিটি ২২.২.৯৩ তারিখে খাদ্যমন্ত্রীর কাছে পাঠিয়ে দিলেন। খাদ্যমন্ত্রী সেই চিঠিটিকে ২৫.২.৯৩ তারিখে রিসিভ করলেন। কিন্তু আজও সেটাকে কিছু করলেন না।

সেটা আপনি ঠিক করে নেবেন। সমস্ত কাগজপত্র আছে। উনি হচ্ছেন সিভিল সাপ্লাইস মিনিস্টার। শুধু এই নয় উনি করলেন কি, ইচ্ছা মতো একটা স্টেট কাউন্সিল তৈরি

করলেন, অবশ্য সেটা করার ওঁনার অধিকার আছে। ১১ জুলাই তারিখে ভক্তা আইনের যে ইংরাজি ভাষ্য তাকে যারা বাংলায় অনুবাদ করলেন তাঁদের মানস উৎকর্ষ পুরস্কার করলেন। সেই সমাজসেবী সংস্থা ইউনিট ওকনজিউমা রস গাউডেন্স ফোরামকে বাদ দিয়ে দিলেন। ১১ তারিখে তাঁদের নাম দিলেন, আর ২০ তারিখে তাঁদের নাম খারিজ করা হল। শুধু তাই নয় স্যার, শেষ করার আগে একটা কথা বলি একই নামে দুজন লোক ওঁনার কাউন্সিলে রয়েছে। ডাক্তারদের ধরে নিয়ে আসা হচ্ছে। তাঁদের বিরুদ্ধে কেস হচ্ছে। ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাশোসিয়েশন রিপ্রেজেনটেটিভ যদিও তিনি কাউন্সিলে নেননি। গভর্নমেন্টের বডি ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাশোসিয়েশন রিপ্রেজেনটেটিভ নেননি। ডক্টর জোতির্ময়ের মতো লোক—ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাশোসিয়েশন তাঁকে পর্যন্ত তাঁরা নেননি।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** মিঃ স্পিকার, স্যার, আমি প্রথমেই ডাঃ হৈমী বসুকে ধন্যবাদ জানাই এই কারণে যে, ওঁনার ছেলে আমাদের মুখ্যমন্ত্রীর কোটায় ডাক্তারী পড়ার সুযোগ পেয়েছে।

**মিঃ স্পিকার ঃ** এটার কি কোনও পারসোনাল এক্সপ্ল্যানেশন আছে?

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** আমার পারসোনাল এক্সপ্ল্যানেশন হচ্ছে আমি একটা কথা বললাম। কিন্তু উনি সেটাকে অন্যভাবে নিলেন। সুতরাং উনি যে অনাস্থা প্রস্তাব আনলেন আমি এর তীব্র বিরোধিতা করছি।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পক্ষ থেকে যে অনাস্থা প্রস্তাব আনা হয়েছে তাকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাই। আজকে বামফ্রন্ট সরকারের আমলে সারা রাজ্য জুড়ে যে সামগ্রিক প্রশাসনিক ব্যর্থতা লেখা দিয়েছে তার বিরুদ্ধে অনাস্থা প্রকাশ করতেই আজকে এখানে এই অনাস্থা প্রস্তাব আনা হয়েছে।

[4-50 – 5-00 p.m.]

আজকে পশ্চিমবাংলা লক্ষ লক্ষ বেকার যুবক-যুবতীতে ভরে গেছে। রাজ্যের যে দিকে তাকান দেখতে পাবেন শুধু ভাঙাচোরা রাস্তা। মফঃস্বল শহরগুলোয় ঘন ঘন লোডশেডিং। সম্প্রতি মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে— উচ্চ-মাধ্যমিক ভর্তি হবার জন্য ছাত্র-ছাত্রীরা হন্যে হয়ে ঘুরে বেড়াচ্ছে। যে সমস্ত ছাত্র-ছাত্রীরা এবারে উচ্চ-মাধ্যমিক পাশ করেছে তারাও কলেজে ভর্তি হবার জন্য জন্যে হয়ে ঘুরছে। এর ফলে মানুষের মধ্যে ক্ষোভ, বিক্ষোভ দানা বাঁধছে। এই সমস্ত কিছুর বিরুদ্ধে প্রতিবাদ জানাতে এবং কালকে শিয়ালদহ স্টেশনে পুলিশের লাঠি, গুলি চালনার প্রতিবাদেই এই অনাস্থা প্রস্তাব পেশ করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে সময়ে আমরা এই অনাস্থা প্রস্তাব পেশ করেছি সে সময়ে সাময়িকভাবে সারা রাজ্যে, বিশেষ করে মেদিনীপুর জেলার এবং নদীয়া জেলার বিভিন্ন প্রান্তে যখন তখন মানুষের ওপর পুলিশের লাঠি গুলি চলছে এবং তার সাথে মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টি যুক্ত

হয়ে সন্ত্রাস চালাচ্ছে। আজকে সকালে যে আলোচনা হয়েছে তাতে মাননীয় মুখ্যমন্ত্রী বার বার একটা কথা বলবার চেষ্টা করেছেন, শাসক দলের সদস্যরাও বলবার চেষ্টা করেছেন যে, গতকালের শিয়ালদহের ঘটনা সমাজবিরোধীদের ঘটনা। সুতরাং তাতে কংগ্রেসের কি বলবার আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি এই প্রসঙ্গে একটা কথা জিজ্ঞাসা করতে চাই, যদি সমাজবিরোধীরা কোনও অন্যায় করে থাকে, কোনও দুর্নীতিমূলক কাজ করে থাকে তাহলে সমাজ-বিরোধীদের শায়েস্তা করবার জন্য মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বসু তথা স্বরাষ্ট্র মন্ত্রীর প্রশাসনের কি অন্য কোনও ব্যবস্থা নেই, সেখানে কি তাদের ভাগ্যে জুটবে শুধুই লাঠি আর গুলি! আজকে ঐ লাঠি চালনার বিরুদ্ধেই আমরা প্রতিবাদ জানাচ্ছি এবং তার জন্যই আজকে এই অনাস্থা প্রস্তাব এনেছি। মাননীয় সদস্য দীপক সেনগুপ্ত বললেন, 'কে এই শঙ্কর চক্রবর্তী? শঙ্কর চর্কবর্তী কংগ্রেসের মানুষ।' তাই যদি হয়ে থাকে এবং তিনি যদি অন্যায় করে থাকেন তাহলে তাঁর সাজা হোক। তাঁকে জেলে পোরা হোক। কিন্তু তার পরিবর্তে ছ-ছ'টা তাজা প্রাণ নেওয়া হ'ল কেন? সে জবাব দিতে হবে। আপনারা ভেবেছেন সংখ্যা-গরিষ্ঠতার জোরে যা খুশি তাই করবেন, তা হতে পারে না। ইতিহাস থেকে শিক্ষা নিন। ইতিহাস কাউকে ক্ষমা করে না। ইতিহাসে আপনাদের দিনও শেষ হবে। কালকের শিয়ালদহ স্টেশনের ঘটনা জেনারেল ডায়ারের জালিয়ানওয়ালাবাগের হত্যা-কান্ডের কথা স্মরণ করিয়ে দেয়। শিয়ালদহ স্টেশন চত্বরের কোলাপসেবল গেট বন্ধ করে গুলি চালানো হয়েছে, লাঠি পেটানো হয়েছে, নির্মম প্রহার করা হয়েছে নিজেদের মার্ক্সবাদী পরিচয় দিয়ে একে আপনারা সমর্থন করবেন? নিজেদের মার্ক্সবাদী সাজিয়ে মার্ক্সবাদের তকমা লাগিয়ে মার্ক্সবাদের, সাম্যবাদের গান গাইতেন। কংগ্রেস আমলে ১৯৭৭ সাল পর্যন্ত আমরা আপনাদের সেই গান শুনেছি—শৃঙ্খল ভাঙার গান শুনেছি, জেল ভেঙে বন্দিদের মুক্ত করার গান শুনেছি। জেল ভেঙে বন্দিদের মুক্ত করার স্লোগান কি আপনারা দেন নি? তাহলে আজকে আপনাদের লজ্জা করে না? আমরা সন্তুষ্ট হতাম, খুশি হতাম যদি বিধানসভার শুরুতেই আজকে মুখ্যমন্ত্রী এখানে দাঁড়িয়ে কালকের ঘটনার জন্য দুঃখ প্রকাশ করতেন। এই অবস্থায় আমার রবীন্দ্রনাথের একটা কবিতার কথা মনে পড়ছে—''মুহূর্তে তুলিয়া শির একত্রে দেখি সবে যার ভয়ে তুমি ভীত, সে অন্যায় ভীরু তোমা চেয়ে যখনি জাগিবে তুমি তখনি সে পালাইবে ধেয়ে। যখন দাঁড়াবে সম্মুখে তার, তখনি সে—পথ কুক্কুরের মতো সংকোচ সন্ত্রাসে যাবে মিশে। দেবতা বিমুখ, কেহ নাই সহায় তার, মুখে করে আস্ফালন—জানে সে হীনতা আপনার মনে মনে।
''

**মিঃ স্পিকার ঃ** মিঃ শৈলজা দাস, আপনি এখানে কবিতা পড়লেন। মাঝে মাঝে কমলেন্দু সান্যালও কবিতা পড়েন। এখানে তাহলে একদিন একটা কবির লড়াই-এর ব্যবস্থা করে দিলে হয়।

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** মাননীয় স্পিকার স্যার, বিরোধীদলের নেতা যে অনাস্থা প্রস্তাব উত্থাপন করেছেন সেই অনাস্থা প্রস্তাবের উত্থাপনের ভঙ্গী দেখে এটা পরিষ্কার যে সেই অনাস্থা

প্রস্তাব পশ্চিমবাংলার রাজনীতির কোনও পটভূমির পরিবর্তন ঘটাবে না। তার অনাস্থা প্রস্তাবের ল্যাঙ্গুয়েজ ১ লাইনে এনেছেন। তার থেকে আরও বেশি প্রমাণিত হয় এই অনাস্থা প্রস্তাবের কোনও মূলগত ভিত্তি নেই। এখন অ্যাসেম্বলি সেশন চলছে, অনাস্থা প্রস্তাব তোলা যায়, অতএব একটা অনাস্থা প্রস্তাব তুলে দিলাম এই দৃষ্টিভঙ্গি নিয়ে অনাস্থা প্রস্তাব এনেছেন। প্রকৃতপক্ষে যিনি আজকে বিরোধীদলের নেতা, যিনি আজকে অনাস্থা প্রস্তাব এনেছেন, পশ্চিমবাংলার মানুষের মতোন আমরা সবাই জানি, ১৬ জন এম. এল. এর আস্থা এি বিরোধীদলের নেতার উপর নেই। তারা প্রকাশ্যে কাগজে বিবৃতি দেন। সুতরাং যার উপর দলের আস্থা নেই। সেই দলের হয়ে উনি রুটিন এক্সাসাইজের মতোন মশা, মাছি কামড়ালে জ্বালা হয়, কিন্তু অবজ্ঞা করতে হয় সেইভাবে অনাস্থা প্রস্তাব এসেছে এবং তার বিবৃতির গুরুত্ব অনেকটা পেয়ে গেছে গতকালের শিয়ালদহ্ স্টেশনের ঘটনা থেকে। কিছুদিন আগে কৃষ্ণনগরে প্রদেশ কংগ্রেস কমিটির দ্বারা আয়োজিত নগরপালিকা সম্মেলন হয়। ঐ সম্মেলনের কংগ্রেসের ১ জন নেতা (কেন্দ্রীয়) তার বক্তৃতায় বলেছিলেন বামফ্রন্ট সরকারের ছুটি করে দেবেন। ওদের নেতাদের চাকরি পরমেশ্বর নেতা রাখেন। তিনি দরকার হলে ছুটি করে দেন। সেইজন্য উনি একই ভঙ্গীতে মনে করেছেন আমাদের সরকারকে ছুটি করে দিতে পারেন। তার বক্তৃতা শুনে অনেকে উত্তেজিত হয়েছিলেন। তার মধ্যে একজন ভদ্রলোক বিশেষভাবে উত্তেজিত ছিলেন যার নাম শঙ্কর চক্রবর্তী, যিনি নগরপালিকা সম্মেলনের অন্যতম সংগঠক, তিনিই গতকাল শিয়ালদাহ স্টেশনে দাঁড়িয়ে একটা দুঃখজনক ঘটনার সূত্রপাত ঘটিয়ে দিলেন। কংগ্রেস দলের কাছে আমার জিজ্ঞাস্য এটা কারা ঘটালো? আপনারা বলছেন এই কাজ সমর্থন করছেন না। কেউ ভুলেও এইকথা বলছেন না যে পুলিশ যা করেছে তা ঠিক করেছে। কিন্তু রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত হয়ে যে ব্যক্তির প্ররোচনায় এই দুঃখজনক ঘটনা ঘটে গেল সেটা নিয়ে রাজনীতি করবার জন্য আগামীকাল আপনারা ২৪ ঘন্টা বাংলা বন্ধ ডেকে দিলেন? একটা দায়িত্বপূর্ণ বিরোধীদলের কোনও দৃষ্টিভঙ্গি এই বন্ধ ডাকার মধ্যে প্রতিফলিত হয়েছে? আমরা যারা বামপন্থী করছি, আমাদের এটা বলতে কোনও অসুবিধা নেই, আমরা সাদাকে সাদা বলব, কালোকে কালো বলব। আজকে যদি এই ঘটনায় প্রমাণিত হয়—প্রাথমিক ঘটনার মধ্য দিয়ে যে ইঙ্গিত পাওয়া যাচ্ছে গতকালের শিয়ালদহ স্টেশনে পুলিশ বাড়াবাড়ি করেছে, আমরা দায়িত্বে থেকে কোনওরকম দ্বিধা হবে না তার সমালোচনা করা বা তার বিরুদ্ধে উপযুক্ত শাস্তি নেওয়ার। কিন্তু পুলিশ উপযুক্ত ব্যবস্থা নেওয়ার বদলে বাড়তি কিছু কাজ করে ফেলেছে যা নিয়ে সমালোচনা করা উচিত। মাননীয় স্পিকার স্যার, আমাদের বিরোধীদলের সদস্যদের কাছে জানতে চাই, পুলিশের আর একটা ভূমিকার সমালোচনা করবেন না? কালকে শিয়ালদহ স্টেশনের ঘটনায় পুলিশের ভূমিকার সমালোচনা করেছেন, কিন্তু পুলিশ আর একটা খারাপ কাজ যেটা ২দিন আগে করেছে তার সমালোচনা করবেন না? কংগ্রেসের আইনজীবী সেলের নেতা যাকে আমরা সমাজবিরোধী নেতা বলে জানি সেই অশোক দেব মাননীয় বিচারপতির কলার ধরে চেয়ার থেকে নামিয়ে লাথি মেরে যখন তাকে ট্যাক্সিতে তুলে দিলেন তখন পুলিশ কি ভূমিকা নিয়েছিলেন তার সমালোচনা একবারও

করলেন না? শিয়ালদহ কোর্টে অশোক দেব যে ঘটনা ঘটালো তাতে পুলিশ যে ভূমিকা পালন করল এক্ষেত্রে পুলিশের শাস্তির প্রয়োজন ছিল এবং ঐ অসাধু গুন্ডার বিরুদ্ধে আপনাদের সমালোচনা করা উচিত। যা অন্যায় তাকে আমরা অন্যায় বলে মানব। কিন্তু আপনারা একবারও আপনাদের বক্তৃতার সময়ে এই কথা বললেন না। সৌগতবাবু একটু গলা কাঁপিয়ে বক্তৃতা দিলেন, কিন্তু একবারও একথা বললেন না, বানতলায় যে ঘটনা ঘটেছিল, সেই ঘটনার তদন্তের পর আমরা দোষী ব্যক্তিদের শাস্তি দিলাম—এই কথা একবারও অনাস্থা প্রস্তাব উত্থাপন করতে গিয়ে বললেন না। বালিগঞ্জে উপনির্বাচনের দিন পুলিশ গুলি চালালো, এই ঘটনার পরিপ্রেক্ষিতে ইউসুফ কমিশনের কাজ যখন চলছে তখন আপনাদের দলের নেতাকে চারবার ডাকার পর পঞ্চমবার তিনি এলেন এবং তিনি এসে ইউসুফ কমিশনের রিপোর্ট যাতে তাড়াতাড়ি প্রকাশ করা না হয় সেই ব্যাপারে উদ্যোগ নিয়েছেন। আপনি বলুন কোন দলের নেতা, কোন দলের? সেই সময়কার প্রদেশ কংগ্রেসের সভাপতি যিনি ছিলেন

[5-00 – 5-10 p.m.]

সেই ভদ্রলোক আজ পর্যন্ত ইউসুফ কমিশনে হাজির হলেন না, অথচ তিনি হলেন মুখ্য অভিযোগকারী। গুলি চালনা হয়েছে, পুলিশ গুলি চালিয়েছে, আমাদের সরকার আপনাদের দাবি মেনে তদন্ত কমিশন বসিয়েছেন আপনাদের নেতা এবং মন্ত্রী সেই তদন্ত কমিশনের সামনে হাজির হলেন না যাতে ইউসুফ কমিশন রিপোর্টটা তাড়াতাড়ি না দিতে পারেন। এই তো আইন শৃঙ্খলা সম্বন্ধে আপনাদের বিরোধীদলের দায়িত্ববোধ। অনেকগুলি কথা এখানে বললেন, আমি অবশ্য জানিনা তার মধ্যে একটা কথার অর্থ—মাননীয় সৌগতবাবুর বক্তৃতা আমি খুব মনোযোগ দিয়ে শুনেছি এবং শুনে থাকি, একটা লাইনের অর্থ আমি বুঝে উঠতে পারলাম না। পশ্চিমবঙ্গের রাজনীতিতে একটা নৈতিক উন্নতি একটা নুতন টক ইংরাজিতে যাকে বলে কয়েন আপ করা, একটা নুতন রাজনৈতিক কথা এখানে ভেসে বেড়াচ্ছে। কংগ্রেসের অভ্যন্তরীণ রাজনীতিতে কথাটার মানে হচ্ছে সি. পি. এমের সুবিধা বোধ,—আমি ভুল বললে মাননীয় কংগ্রেসের সদস্যারা আমাকে সংশোধন করে দেবেন—মাননীয় সৌগতবাবুর এই জেট সেট বক্তৃতার মধ্যে একটা কথা আমার কানে আটকে গেছে যে সি. পি. এম সরকারের স্থায়িত্ব মানে সি. পি. এমের সুবিধাভোগিদের স্থায়িত্ব, ওটা আমাদের বলছেন না মাননীয় সুব্রতবাবুদের লক্ষ্য করে বলছেন এটা আমি ঠিক বুঝতে পারিনি, পরবর্তী সময়ে আমাদের বুঝিয়ে দিলে আমাদের পক্ষে বুঝতে সুবিধা হয় যে আসলে আপনারা কি কথা বলতে চাইছেন এখানে দাঁড়িয়ে? মাননীয় সত্য বাপুলি বক্তৃতা করে গেলেন যে শ্রীধরের হয়ে এক আইনজীবী আদালতে দাঁড়িয়েছেন এতে নাকি প্রমাণিত হয় সমাজ বিরোধীদের মদত দিচ্ছে বামপন্থী ফ্রন্ট। মাননীয় সত্যবাবু নেই, সুব্রতবাবু আছেন একটু দয়া করে বলুন তো যে কুখ্যাত প্রদীপ কুন্দলিয়ার হয়ে আদালতে আইনজীবী কে দাঁড়িয়েছিলেন? কতকগুলি নিরীহ লোক বেহালার ভেজাল তেল খেয়ে মারা গেল কোন আইনজীবী ঐ যে ভেজাল দিয়েছে যে তেলের মালিক তাদের পক্ষে দাঁড়িয়ে ছিলেন? আমরা সবাই তাঁর নাম জানি, তিনি কংগ্রেসের

নেতা শ্রী ভোলানাথ সেন। একজন আইনজীবী দাঁড়িয়েছেন বলে আমরা যদি সমাজ বিরোধীদের পক্ষে তাহলে স্বীকার করুন প্রদীপ কুন্দলিয়া, ভেজাল তেলের মালিকের পক্ষে আপনারা কংগ্রেসের দলেও দাঁড়িয়েছেন। এই দায়িত্ব জ্ঞান হীন মন্তব্য করে রুটিন মতো বিধানসভা চললে একটা অনাস্থা প্রস্তাব তুলে দিয়ে যা খুশি বলে দেবার মধ্যে দিয়ে বিরোধী পক্ষের রাজনৈতিক জ্ঞানহীনতার বহিঃপ্রকাশ ঘটে। আপনাদের বিরোধীদলের নেতাও বলেছেন মাননীয় সৌগতবাবুও বলেছেন, দুর্নীতির কথা বলেছেন। আমি সুনির্দিষ্টভাবে জানাতে চাই আজকে বিধানসভাতে দাঁড়িয়ে বলুন এই রকম একটি দুর্নীতির কথা যে কথা আপনারা এবং আপনাদের হয়ে কোনও খবরের কাগজ উল্লেখ করেছে যে এই বিধানসভাতে পরিপূর্ণভাবে আলোচনা হয়নি? মাননীয় বিরোধীদলের সদস্যরা আমাদের মতোই খবরের কাগজ পড়েছেন। আমাদের এখনও এই দুর্দশা হয়নি। দিল্লিতে খাদ্যমন্ত্রী মাননীয় কল্পনাথ রাই দুর্নীতির অভিযোগের পোস্টের সামনে দাঁড়াতে পারেননি বলে রাজ্যসভা থেকে ছুটে পালিয়েছেন, এই হচ্ছে আপনাদের কেন্দ্রীয় দলের চরিত্র। আপনারা দুর্নীতির কথা কি বলেন? মাননীয় জয়নালবাবু আপনাদের দলের নেতা জানেন, প্রভাকর রাও আমাদের দলের প্রধানমন্ত্রীর ছোট ছেলে, জানেন তো, রামেশ্বর ঠাকুর আপনাদের দলের নেতা, শঙ্করানন্দ আপনাদের দলের নেতা ভুলে যাননি তো? নীতিগতভাবে আজকে দুর্নীতির বিরুদ্ধে কথা বলবার কোনও নৈতিক জায়গায় আপনারা দাঁড়িয়ে নেই। বক্তৃতা দিতে গিয়ে আমাদের সমালোচনা করতে গিয়ে বক্তৃতা দিয়ে যাচ্ছেন দিন। মাননীয় সৌগতবাবু বললেন যে আমরা কারও দয়াতে অনাস্থা প্রস্তাব উত্থাপন করিনি, কারণ প্রকাশ করাত বলেছেন প্রোপরশনাল রিপ্রেজেনটেশন আনুপাতিক ভিত্তিতে যদি নির্বাচন হত ৪০ পারসেন্টের বেশি বিধায়ক নাকি কংগ্রেসের হত, এই কথাটা বলতে গিয়ে মাননীয় সৌগতবাবু ভুলে জান যে আনুপাতিক প্রতিনিধিত্ব হলে দিল্লির লোকসভাতে আপনাদেরও মাত্র ২৯ পারসেন্ট সিট হত। তাহলে মাননীয় পি. ভি নরসিংহরাওকে দেশের প্রধানমন্ত্রী হয়ে বসে থাকবার কোনও সুযোগ দিত না।

আমরা নির্দিষ্টভাবে আপনাদের কাছ থেকে জানতে চেয়েছিলাম যে, আমাদের সরকারের পারফর্মেন্সের কোন জায়গায় আপনাদের অভিযোগ, আমাদের রাজ্যের কৃষির বিষয়ে কোথায় আপনাদের আপত্তি। আমাদের রাজ্যের শিল্পায়ন নিয়ে, হলদিয়া পেট্রো-কেমিক্যালস নিয়ে অনেক কথা বলে গেলেন সৌগতবাবু। তার আগে আমি মাননীয় সদস্য জিজ্ঞাসা করছি, হলদিয়া পেট্রো-কেমিক্যালস হোক—এটা চান, কি চান না? এখানে গ্রেট ইস্টার্ন হোটেল নিয়ে বক্তৃতা করেছেন। দয়া করে বলুন তো, আড়াইশ কোটি টাকার ইস্কোকে যারা তিনশ কোটি টাকায় মুকুন্দকে বিক্রি করে দেন, কোন মুখে একটি কারখানার টাকা-পয়সা হস্তান্তরের বিষয়ে তারা প্রশ্ন তোলেন? তাই আমি জানতে চাই, আমাদের সরকারের কোন জায়গায় আমাদের সমোলোচনা, কৃষির ক্ষেত্রেই বা কিসের সমালোচনা? অনেক চেঁচিয়েছেন, গালাগাল দিয়েছেন, কিন্তু এখনও পর্যন্ত সে বক্তব্য রাখেননি। জয়নাল সাহেব বলছিলেন যে, এখানে ইরিগেশন পোটেনশিয়াল বাড়ানো হয়নি। তিস্তা প্রকল্পের কথা বলছিলেন তিনি। কিন্তু এ-ব্যাপারে কেন্দ্রীয় সরকারের

ভূমিকা কি সেটা কি ভুলে গেছেন? উপযুক্ত সময়ে ভাইটাল ইনফর্মেশন ভুলে যাওয়া—এই রাজনৈতিক অভ্যাসটা কবে থেকে অর্জন করেছেন? গল্পের গরু নাকি গাছে চড়ে। এখানে জয়নাল সাহেবের বক্তৃতাও গাছে উঠবে। বলেছেন, পশ্চিমবঙ্গে ৩০ পাসসেন্ট বৃষ্টি নাকি আমাদের জন্য কমে যাচ্ছে। কোথা থেকে তিনি পারসেন্টেজটা পেলেন জানি না। হয়ত এক সময় শুনব, পশ্চিমবঙ্গে ৯০ পারসেন্ট বৃষ্টিপাত বামফ্রন্ট সরকার থাকবার জন্য কমে গেছে। এই যদি বিরোধী দলের বক্তৃতার নমুনা হয় তাহলে ১৬জন যে অনাস্থা এনছেন সেই যে উপযুক্ত অনাস্থা এনেছেন সেটা যে উপযুক্ত অনাস্থা সেটা মনে করি না। আজকে পশ্চিমবঙ্গে যে রাজনৈতিক স্থায়িত্ব রয়েছে তারই পরিপ্রেক্ষিতে এই অনাস্থা প্রস্তাবের বিরোধিতা করে ওঁদের চ্যালেঞ্জ করছি। সুব্রতবাবু বক্তৃতা দিতে গিয়ে বলছিলেন যে, আগামীকালের বাংলা বন্‌ধকে ব্যর্থ করবার জন্য কোনও চক্রান্ত করলে রক্তগঙ্গা বইবে। কিন্তু সুব্রতবাবুর এই বক্তৃতা সৌগতবাবুকে কতটা সহায়তা করবে? একজন কংগ্রেস নেতা, তিনি গতকালের দুঃখজনক মৃত্যু নিয়ে বিধানসভার ফ্লোরকে ব্যবহার করছেন মঞ্চ হিসাবে। আজ সকালে খবর পেলাম, আরও দুজন মারা গেছেন। এরাই হচ্ছেন দায়িত্বশীল রাজনৈতিক দলের লোক! মাননীয় স্পিকার মহাশয়, একবার সুব্রতবাবুকে একটি কথা বলায় উনি উষ্মা প্রকাশ করেছিলেন। আমি বলেছিলাম—উনি তৃতীয় শ্রেণীর রাজনীতিক। কিন্তু আমার বলা উচিত, উনি চতুর্থ শ্রেণীর রাজনৈতিক, কারণ এই বিধানসভাকে উনি মঞ্চ হিসাবে ব্যবহার করছেন। সুব্রতবাবু বলছিলেন যে, পুলিশ এতবার গুলি চালিয়েছে এবং তাতে একজন মারা গেছেন, অতএব জ্যোতিবাবুকে পদত্যাগ করতে হবে। কিন্তু পুলিশের হাতে বন্দুক বা রাইফেল দেওয়া আছে কেন? ওয়াগন-ব্রেকাররা ওয়াগান ভাঙ্গতে গেলে যত দুঃখই হোক গুলি চলবে, সমাজবিরোধীরা বিশৃঙ্খলা সৃষ্টি করলে গুলি চলবে। এই একটি ঘটনার মধ্যে দিয়ে তিনি আর একটি ঘটনা আড়াল করতে চাইলেন। একশবার গুলি চালনার ব্যাপারে মুখ্যমন্ত্রী প্রশ্নোত্তর কালে বলেছেন যে, এরমধ্যে ৯০ বার গুলি চলেছে সমাজবিরোধীদের দমন করবার জন্য। সমাজবিরোধীদের নিশ্চয়ই আপনারা অনুমোদন করেন না, আর এই সমাজবিরোধীদের দমন করবার জন্যই পুলিশের হাতে ৯০ বার রাইফেল গেছে। আপনাদের বিক্ষোভ হতে পারে বাকি ১০ ভাগের বিষয় নিয়ে, কারণ সেটা রাজনৈতিক প্রেক্ষাপটে ঘটেছে। কাজেই সংখ্যাতত্ত্ব দিয়ে সবটাকে রাজনৈতিক ঘটনা হিসাবে চালিয়ে দিয়ে মহৎ সাজবার যে আপ্রাণ চেষ্টা করছেন সেটা অসাধু প্রচেষ্টা। তাই স্থূল রাজনৈতিক স্বার্থে আনীত এই অনাস্থা প্রস্তাবের আমি বিরোধিতা করছি।

[5-10 – 5-20 p.m.]

মাননীয় স্পিকার মহাশয়, গোটা দেশজুড়ে আজকে যে পটভূমিকায় আমরা দাঁড়িয়ে আছি, আমার মনে হয় আমাদের এই রাজ্য সরকার ভারতবর্ষের ভবিষ্যতের আশা হিসাবে টিকে আছি। মাননীয় বিরোধী দলের নেতারা অনাস্থা প্রস্তাব তুলেছেন। এটা পার্লামেন্টারি ডেমোক্রাসির পক্ষে প্রয়োজনীয় একটা জিনিস। সেজন্য এরা এটা তুলেছেন। আমাদের পশ্চিমবঙ্গে সেই সুযোগ আমরা সকলে মিলে তৈরি করেছি। কারণ আজকে পার্লামেন্টারি ডেমোক্রাসিটা

গোটা দেশের বুকে বিপন্ন। আমরা সবাই জানি যে ১৯৯০ সালে পি. ভি. নরসিমা রাওয়ের যে সরকার, সেই সরকার মাইনরিটি সরকার ছিল। আমরা সকলে এও জানি যে মাঝখানে কোনও নির্বাচন হয়নি অথচ সেই সরকার মেজরিটি সরকার হয়ে গেছে টাকা বিনিয়োগ করে কিছু এম. পি কেনা-বেচা করে। দেশের কেন্দ্রে যদি আজকে পার্লামেন্টারি ডেমোক্রাসি এইভাবে বিপন্ন হয় তাহলে আমাদের পশ্চিমবঙ্গের বুকে আমাদের বিরোধীদল, যতই তাদের দায়িত্বজ্ঞানহীন অনাস্থা প্রস্তাব হোক, যতই তার গুরুত্ব হোক, যতই বিরোধী পক্ষের নেতারা তার পক্ষে বলুন না কেন, এই অধিকার তাদের টিকিয়ে রাখতে হবে। প্রতি সেশনে আমাদের বিরুদ্ধে ওরা অনাস্থা প্রস্তাব তুলবেন, এইভাবে আমরা আলোচনা করব, এটাই হচ্ছে গণতন্ত্রকে প্রতিষ্ঠা করার পথ। তবে শঙ্কর চক্রবর্তী আর একটা নুতন করে তৈরি করবেন না, আর একটা অশোক দেব নতুন করে তৈরি করবেন না, রাস্তায় সমাজবিরোধী নামাবেন না যাতে আর একটা দুঃখজনক পুলিশের গুলি চালনার ঘটনার মুখোমুখি আমাদের বিধানসভাকে না হতে হয়, এই গ্যারান্টি আপনারা দেবেন। এটাতে দেশের কাছে আমাদের পশ্চিমবঙ্গের মর্যাদা বাড়বে। আজকে সেই জায়গায় দাঁড়িয়ে এই বিধানসভা থেকে একটা অবিবেচনা প্রসূত বাংলা বন্ধ আপনারা ডেকে দিয়েছেন। আমি আপনারাদের কাছে অনুরোধ করব যে এই দায়িত্বজ্ঞানহীন পথে আপনারা যাবেন না, এটা প্রত্যাহার করে নিন। বিরোধী দল হিসাবে নর্মালিটি ফিরিয়ে আনতে সাহায্য করুন। এই কথা বলে এই অনাস্থা প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সাধন পান্ডে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে অনাস্থা প্রস্তাব এখানে এসেছে, এটা মনে করার কোনও কারণ নেই যে আমরা কম সংখ্যক সদস্য। আমরা কম সংখ্যক থাকতে পারি কিন্তু বাংলার অধিক মানুষ, লক্ষ লক্ষ মানুষ আমাদের এই অনাস্থা প্রস্তাবের প্রতি সমর্থন জানিয়ে বামফ্রন্ট সরকারের ১৮ বছরের জঙ্গলের অবসান চাচ্ছে। এই সরকারের কি ম্যানুফ্যাস্টো ছিল, আর কি ম্যানিফ্যাস্টো নিয়ে ওরা কাজ করছে? প্রতিদিন দেখছি যে শিল্পপতিদের সঙ্গে জ্যোতিবাবু আঁতাত করছেন। এই ম্যানিফ্যাস্টো নিয়ে ওরা চলছে কিনা আমি জানিনা। তবে ওদের ফ্রন্টের আর. এস. পি এবং অন্যান্য দল বলছে যে জ্যোতিবাবু আমাদের সঙ্গে আলোচনা করছেন না, আলোচনা না করে একাই সিদ্ধান্ত নিচ্ছেন। স্যার, এটাকে লেফ্‌ট ফ্রন্ট গভর্নমেন্ট বলা উচিত নয়, এটাকে রাইট ফ্রন্ট গভর্নমেন্ট বলা উচিত। ইট হ্যাজ লস্ট ইটস ম্যানডেট। জ্যোতিবসু মহাশয়, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী ১৮ বছর পরে বলছেন যে ওনার ডান হয়েছে যে উনি একটা অঙ্গ রাজ্যের মুখ্যমন্ত্রী, ভারতের মুখ্যমন্ত্রী নন। এটা কি ১৮ বছর ধরে মনে ছিল না? সমস্ত ইন্ডাস্ট্রিকে ডেস্ট্রয় করে, পশ্চিমবাংলার সোশ্যাল স্ট্রাকচারকে ডেস্ট্রয় করে, পশ্চিবঙ্গের শিল্পের আবহাওয়াকে নষ্ট করে, পশ্চিমবাংলার ওয়ার্ক কালচারকে নষ্ট করে দেবার পরে আজকে উনি ভাবছেন যে সব কিছু রিভাইজ করতে হবে। এটা কেন? যখন সব কিছু যাবার মুখে তখন তার সচেতনতা ফিরে আসছে। আপনারা শেষনের সঙ্গে লড়াই করেছিলেন। আপনারা ভেবেছিলেন যে কংগ্রেসের ঘাড়ে বন্দুক রেখে লড়াই করবেন। কিন্তু আজকে সেই আইডেনটিটি কার্ডের বিজ্ঞাপন কাগজে ছাপতে বাধ্য

হয়েছেন। পা চেটেছেন শেষনের। শেষন যা বলেছেন অক্ষরে অক্ষরে তা মানতে বাধ্য হয়েছেন। না মানলে রাষ্ট্রপতি শাসন হবে বলে শেষন বলেছিলেন। ভয়ে ভয়ে শেষনের কথা আজকে মেনে নিতে হচ্ছে। আপনারা ইন্ডাস্ট্রির কথা বলছেন। আপনারা হলদিয়া পেট্রো-ক্যামিকেলের কথা বলেছেন। আপনাদের লজ্জা করে না। আপনারা যদি শিল্প চাইতেন তাহলে শিল্পপতিদের ব্যবহার করতেন, বিরোধী দলের সঙ্গে সম্মানজনক ব্যবহার করতেন। আমি কথা বলেছিলাম পূর্ণেন্দু চট্টোপাধ্যায়ের সঙ্গে। তিনি বললেন যে আমাকে বলা হয়েছে যে আলিমুদ্দিন স্ট্রীটের সিটুর কথা শুধু শোনা হবে, আর কারও কথা শোনা হবে না। এটা দিল্লির একটা ইকনমিক টাইমসে বেরিয়েছে।

আমি কথা বললাম পূর্ণেন্দু চট্টোপাধ্যায়ের সঙ্গে তিনি তো সমস্ত কিছু শুনে অবাক। দিল্লির কাগজেও বেরিয়েছে যে আলিমুদ্দিন স্ট্রীট পূর্ণেন্দু চট্টোপাধ্যায়কে নিয়ে গিয়ে বলানো হয়েছে যে সিটুর কথা শুনতে হবে আর কারুর কথা শুনলে হবে না। আমি ওঁনার সঙ্গে যখন এইসব নিয়ে কথা বললাম তখন তিনি সব শুনে বললেন যে জ্যোতিবাবু, মুখ্যমন্ত্রীই তো তাঁকে আলিমুদ্দিন স্ট্রীটে নিয়ে গেছেন। এই রাজ্যের এই রাজনৈতিক অবস্থা তাহলে তো আমাদের চিন্তা করে চলতে হবে। উনি আবার অক্টোবর মাসে আসবেন, বিরোধীদলের সঙ্গে কথা বলবেন। স্যার, আমরা জানি ওরা শিল্প চায়না, ওরা পাবলিসিটি চায়, ওরা শিল্পকে ধ্বংস করতে চায়। ওঁদের লজ্জা লাগে না। অসীমবাবু তো নেই, আমি অসীমবাবুকে জিজ্ঞাসা করতে চাই, তিনি তো সর্বদা মুখ্যমন্ত্রীর লেজুড় হয়ে ঘোরেন কিন্তু খড়দহতে ইলেকট্রো স্টীল কোম্পানি কোটি কোটি টাকা ইনভেস্টমেস্ট করতে চাইছেন তার কাছে নিজের সিএ পিএ পাঠিয়ে লোক নিতে হবে তা না হলে বন্ধ করে দেব এই ভয় দেখানো হচ্ছে কেন? এইসব খবর তো খবরের কাগজে বেরিয়ে গেছে। এই কি অ্যাটমোসফেয়ার মুখ্যমন্ত্রী চাইছেন কারখানা হোক উন্নতির কথা আর অসীমবাবু সেখানে লোক পাঠাচ্ছেন, যেখানে মুখ্যমন্ত্রী খড়দহতে ইলেকট্রো স্টীল কোম্পানি উদ্বোধন করে গেছেন সেখানে অসীমবাবু লোক পাঠিয়ে বন্ধ করে দিচ্ছেন। মুখ্যমন্ত্রী অত্যন্ত চালাকি করে একটা জিনিস করেছেন—কি করেছেন না, উনি দেখাচ্ছেন যে, ওঁদেরই সংসদে ওঁরা বলছেন যে ইন্ডাস্ট্রিয়াল পলিসি মানিনা গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার, মনমোহন সিং বাজে, ওরা ২৯ তারিখে সেই কারণে স্ট্রাইক ডাকছেন। আর উনিই আবার সোমনাথ চট্টোপাধ্যায়কে ডব্লিউ. বি আই ডি সির চেয়ারম্যান করে দিয়ে দিল্লিতে মনমোহন সিংয়ের সঙ্গে কথা বলার সুযোগ করে দিয়ে শিল্পপতিদের সঙ্গে কথা বলার সুযোগ করে দেওয়ার ব্যবস্থা করে দিচ্ছেন। অর্থাৎ তিনি নয়া শিল্পনীতিকে সমর্থন করছেন আর সিপিএমের সংসদ সদস্য বলছেন আর করাত সাহেব পলিট ব্যুরোর বলছেন যে আমরা মানিনা, আমরা ইন্ডাস্ট্রিয়াল স্ট্রাইক করবই। সুতরাং এই রকম দ্বৈত নীতি চলবে না। আপনারা এই দ্বৈত নীতির মুখোশ খুলে ফেলুন, মুখোশের আড়ালে থাকবেন না। আপনারা ব্যাপক দুর্নীতির সঙ্গে জড়িয়ে পড়েছেন। ল্যান্ড ডিস্ট্রিবিউশনের নামে ইস্টার্ন বাইপাশে ধারে লক্ষ লক্ষ একর জমি বিলি করেছেন। কোনও বিজ্ঞাপন না দিয়েই মুখ্যমন্ত্রীর পেয়ারের লোক এবং

ওঁনার পুত্র চন্দর বসুর রেকমেন্ডেশনে প্রচুর জমি দিয়ে দেওয়া হচ্ছে। সোনার দোকানের পি. সি. চন্দ্র থেকে শুরু করে কত লোককে যে হাজার হাজার বিঘা জমি বিলি করেছেন তার ঠিক নেই। এইভাবে আন্ডার কাটিং মানি দিয়ে জ্যোতি বাবুর সরকার চলছে। আর আমাদের বাণী শোনানো হচ্ছে যে, তোমরা গণতান্ত্রিক পদ্ধতিতে চল, আমরা সোসালিস্ট রিজিমে চলছে। ওদের কুকীর্তি বলতে গেলে অনেক সময় চলে যাবে। ওদের সমাজ বিরোধীদের কথা আর কি বলব। রসিদ সাহেব কি করেছেন বলুন, রসিদ খানের সেই ডায়রিখানা কোথায়? সেই ডায়রিখানাতে লেখা ছিল যে একজন মহিলা নেত্রী কি খেত আর কি কি নিত। আপনারা তাঁকে পার্টির থেকে তাড়িয়ে দিলেন। আবার ৬ মাসের মধ্যেই যাদবপুর ইউনিভার্সিটি পার্টির সমর্থনে ক্যান্ডিডেট হিসাবে আবার ফিরে এলেন। আপনাদের লজ্জা করে না, ওই মহিলা নেত্রীকে আবার ফিরিয়ে আনলেন। আপনারা রসিদের সঙ্গে আঁতাত করছেন। আপনারাই রসিদ খানের জন্য টাডা তৈরি করেছেন আবার ওই টাডা কিভাবে প্রয়োগ না করা যায় তারজন্য উকিল দিয়ে ব্যবস্থা করছেন। ভিখারি পাশোয়ানের কেসটা কি হল—সেখানে সিবিআই তদন্ত করবেন বললেন। গ্যালারীতে যে অফিসার বলেছিল সেই পুলিশ অফিসাররা কই? হোম মিনিস্টার হিসাবে আপনি পেরেছেন ওইসব পুলিশ অফিসার যারা সিবিআই অফিসারের বিরুদ্ধে গেছিল তাদের সাসপেন্ড করতে? তারা তো সুপ্রিম কোর্টে গেছিল যাতে ভিখারি পাশোয়ানের কেসটা সুপ্রিম কোর্টে না যায় তার ব্যবস্থা করতে। আসলে আপনাদের একটা আঁতাত চলছে। আসলে রাজ্যের মুখ্যমন্ত্রী ভাবছেন যে, ম্যানেজমেন্ট পলিটিক্স দিয়ে সবাইকে ম্যানেজ করবেন। তিনি দিল্লিকে ম্যানেজ করবেন, কলকাতাকে ম্যানেজ করবেন কিন্তু ম্যানেজ করতে পারছেন না কেবল শ্রমিক শ্রেণীকে আর সাধারণ মানুষকে, যাদের ভোট নিয়ে এখানে এসেছেন। তারপরে আপনারা নাকি মেগাসিটি প্রকল্প নিয়েছেন, যেখানে ১৮ বছরে একবারও কলকাতাতে এম. এল. এদের নিয়ে মিটিং ডাকতে পারলেন না, কলকাতাতে এম. পি. দের নিয়ে মিটিং ডাকতে পারলেন না, সেখানে মেগাসিটি প্রকল্প নিয়ে কি হবে? মেগাসিটি প্রকল্প কি হবে সেটা কলকাতার জনপ্রতিনিধি ঠিক করবেন নাকি টেবিলের তলায় তৈরি হবে, নাকি অফিসাররা তৈরি করবেন? এই তো গণতান্ত্রিক পদ্ধতি, এতেই রাজ্য সরকার চলেছে। হসপিটালের অবস্থা খারাপ, শিক্ষা প্রতিষ্ঠানে এম এল রাও ঢুকছেন।

[5-20 – 5-30 p.m.]

টোকাটুকি এম. এল. এ. রাও করছে। উনি বলছেন টোকাটুকি বন্ধ করে দিয়েছেন। আর স্যার কালচার? আমাদের সব কিছু কালচার ছাপিয়ে গেছে, এখন 'চোলি কা পিছে' কালচার চলছে। আর আমাদের মুখ্যমন্ত্রী বাংলার কৃতী সন্তান, বাংলার মণীষী, পুলিশ কমিশনার নাকি বলেছেন উনি না কি মণীষী! সেই মণীষী শ্রীদেবীর নাচ দেখেছেন মাথায় টুপি পরে! স্যার, লজ্জা লাগে, বাংলার মুখ্যমন্ত্রী এরকম বলছে। স্যার, ছেড়ে দিন, পারবেন না, সি. পি. এম. চালাতে পারবেন না, ওদের সামলাতে পারবেন না, ছেড়ে দিন, প্লিজ লিভ।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পক্ষ থেকে ইতিমধ্যে আমাদের

দলনেতা, তিনি কেন, আজকে ওরাও অনাস্থা প্রস্তাব উত্থাপন করেছেন। উনি বলেছেন, এবং আমাদের সদস্যরাও বলেছেন এবং তার পাল্টা হিসাবে আমরা শুনলাম সরকার পক্ষ থেকেও সভায় একবার চেষ্টা হয়েছে। কিন্তু একজনের কাছ থেকেও আমি প্রকৃতপক্ষে, সত্যিকারের কেন অনাস্থা প্রস্তাব আনা উচিত নয়, পরিষ্কার ভাবে শুনলাম না। আশা করেছিলাম পার্থবাবু কিছু বলবেন। কিন্তু যাকে ডেপো বলে মনে করি, সেই মানব মুখার্জি, যার মিনিমাম পার্লামেন্টারি জ্ঞান নেই, সেই বক্তৃতা করল। তার বোধ হয় কোনও জ্ঞান নেই, আপনি ক্লাস নিন, যে ক্লাসে ওনাকে চোখ খুলে দেবেন। উনি আমাদের দলনেতা শ্রী জয়নাল আবেদিনের বক্তব্যটা কটাক্ষ ক'রে বলেছেন, 'বৃষ্টিপাত এখানে কমে গেছে'। হাস্যকর কথা, আমাদের রাজ্যে বৃষ্টি কমে যাচ্ছে'। বইটা পড়বেন, পশ্চিমবঙ্গের আর্থিক সমীক্ষা, ইকনমিক রিভিউ ১৯৯৩-৯৪, সেখানে আগে দেখবেন, টেবল নম্বর ৩.১, ডিস্ট্রিক ওয়াইজ সিজিনাল অ্যান্ড অ্যানুয়াল রেইনফল দেওয়া আছে। প্রত্যেকটা জেলাতেই দেখা গেছে, -৪ থেকে -২২ রেইনফল কমে গেছে। কোথাও -২০ -৩০, কোথায় ৩০-২৩ পারসেন্ট। বলছে, অ্যানুয়ালি ২৮ পারসেন্ট রেইনফল কমে গেছে। এটাকে ছাপিয়েছে? আমরা কেন নিয়ে এসেছি? আমরা বিরোধীদল, আমরা কেন নিয়ে এসেছি অনাস্থা প্রস্তাব, তার কারণ আমরা এখন আর ৪০ জন নই, আমরা গত বছরের পরাজয়কে এখনও আমাদের পরাজয় বলে মনে করি না। আমরা হেরেছি চোরেদের কাছে, আমরা হেরেছি চোর ভোটারলিস্টের কাছে ; এবারে আমরা জনগণের কাছে হারিনি। যার জন্য আমরা মনে করি, আমাদের অনাস্থা প্রস্তাব আনার যথেষ্ট পরিমাণে কারণ আছে। আর আছে নৈতিক কারণ। মাননীয় মুখ্যমন্ত্রী আছেন প্রবীন মানুষ, আমি ওনাকে কুৎসা করতে চাই না, উনি বলুন, যেদিন উনি রাইটার্সে এসেছিলেন, কি বলেছিলেন, আর আজ ১৮ বছরে পদার্পণ করে উনি কি বলছেন? প্রথমে বলেছিলেন মানুষ উৎসাহিত হয়েছিল, আমাদের ভোট দিয়ে জিতিয়েছিল। উনি আরও বলছিলেন, যদি কিছু না দিতে পারি, একটা স্বচ্ছ, পরিষ্কার প্রশাসন উপহার দেব। ওনার স্মৃতি যদি বয়সের ভারে দুর্ব্বল না হয়, তা হলে নিশ্চয়ই বলবেন, হ্যাঁ বলেছি। আর আজকে দেখুন, রাইটার্স বিল্ডিং এই একটা স্বচ্ছ, ও পরিষ্কার প্রশাসন দিতে পারেননি। পুলিশের মধ্যে একটা স্বচ্ছ প্রশাসন দিতে পেরেছেন আজ? সত্যি সত্যই মাঝে মাঝে স্বীকার করুন।

আজকে বলছেন ওয়ার্ক কালচার নেই। এটা কে আনবে আমরা বিরোধীদল, না উনি, যারা সরকারে আছে তারা জানবে? মজার ব্যাপার হচ্ছে, আমরা বলেছি জল চাই, স্বাস্থ্য চাই, শিল্প চাই ; আর আপনারা সরকারে থেকে বলছেন, রাস্তা চাই, শিল্প চাই, চাকরি চাই, অমুক চাই, তমুক চাই। দেবে কে? আমরা দেব? আমরা চাই চাই করছি, আপনারাও চাই চাই করছেন। এ তো শিয়ালদার পকেটমারের কথা হয়ে গেল। শিয়ালদায় যেমন পকেটমার ধরা পড়লে যার পকেটমারী হয়েছে সে যেমন পকেটমার পকেটমার বলে চিৎকার করে, তেমনি পকেটমারদের দলের লোকও পকেটমার পকেটমার বলে চিৎকার করে, যাতে সবাই ঠিক বুঝতে না পারে কে পকেট মেরেছে ; এর মধ্যে থেকে আসল পকেটমার পালিয়ে যায়।

[5-30 – 5-40 p.m.]

আমরাও চাই চাই করছি, আপনারাও চাই চাই করছেন। যে জ্যোতি বসু একদি চিৎকার করে বলেছিলেন একজন ট্রেড ইউনিয়ন নেতা হিসাবে আমরা শ্রমিকদের স্বার্থ দেখ এবং কোনও গণতান্ত্রিক আন্দোলনে পুলিশ পাঠাব না। আজকে উদাহরণ দিচ্ছি, কানোরিয় থেকে শুরু করে মেটাল বক্স পর্যন্ত যান, প্রত্যেকটি জায়গায় পুলিশ দিয়ে শ্রমিকদের পিটিয়েছেন প্রথম শুরু করেছেন ডকে, যা ব্রিটিশ রাজত্বেও করেনি। পাঁচজনকে গুলি করে হত্যা করেছেন আজকে পুলিশ রাজ আপনি তৈরি করেছেন। আপনি স্বগর্বে চিৎকার করে বলেন, আমি পুলিশের মধ্যে ইউনিয়ন করে আমি গর্ববোধ করি। ইউনিয়ন করেছেন কাকে দিয়ে? তুষার তালুকদার, যে মার্ক্সের একটা ছবি টাঙিয়ে দেয়,, যে রাজনৈতিক কথাবার্তা বলে। এই ভাবে প্রশাসন থাকবে? রাজনৈতিক প্রশাসন যত বেশি করতে যাবেন প্রশাসনিক শৈথিল্য তত বেশি আসবে, যেটা আজকে আপনার হয়েছে। আপনার শুধু দৈহিক কারণে শৈথিল্য হয়নি, বয়সের ভারে শৈথিল্য হয়নি, আপনি রাজনৈতিক নিয়ন্ত্রণে আনতে গিয়ে প্রশাসনিক শৈথিল্য এসে গেছে। যার জন্য ঔদ্ধত্য হয়, তুষার তালুকদার বলে চিৎকার করে যে বি. জে. পি. হেরে গেছে, নাকি সাংঘাতিক ভাল কাজ হয়েছে, আমি খুশি। বি. জে. পি. হেরে গেলে বি. জে. পি. হেরে গেলে আমরা খুশি, বি. জে. পি. হেরে গেলে আপনারাও খুশি। কারণ বি. জে. পি.'র দলকে আমরা মনে করি দেশের পক্ষে ক্ষতিকর। কিন্তু তুষার তালুকদার এর বিরুদ্ধে আজকে যদি বি. জে. পি. বলে যে এর নেতৃত্বে যদি নির্বাচন হয় তাহলে আমরা জাসটিস পাব না, বিচার পাব না। কী উত্তর আপনি দেবেন? কী উত্তর আপনার কাছে আছে? বলার অধিকার তার কোথায়? তার জিভ এত লম্বা হয়ে গেছে যে রাজনৈতিক বক্তব্য সে ক্রমাগত বলে। উর্দি প'রে যেটা বি. জে. পি. কী করেছিল, আমরা তার সমালোচনা করি যে ডি. আই. জি. থাকাকালীন কিছু না করে রিটায়ার করার পরে গিয়ে বি. জে. পি. করছে। তার মানে মন তার ছিল আগে থেকেই বি. জে. পি'র দিকে। আমরা তার সমালোচনা করি। আর আজকের পুলিশ কমিশনারকে আপনি ঠিক একই কাজ করাচ্ছেন। কিন্তু আপনারা পুলিশ কমিশনারকে দিয়ে কুকাজ করান কিন্তু আপনারা যখন বিপদে পড়েন তাকে আগে বলি দেন। এই রকম বহু অফিসারকে করেছেন। আমি তাই বলতে চাই, আজকে ইন্ডাস্ট্রির অবস্থাকে কোথায় নিয়ে গেছেন? আপনার ভাবতে লজ্জা করে না যে সময় আমরা এখানে বক্তৃতা করছি, শুধু একটা কারখানায় ৯১ জন লোক না খেয়ে আত্মহত্যা করেছে। এই ঘটনা যে কোনও পৃথিবীর সভ্য দেশে হলে রেভলিউশন হয়ে যেত। যদিও আপনি বলেছেন একটা বিপ্লবের কথা যে পাইপ গান নিয়ে একটা বিপ্লব হয় না কি? অনেক অস্ত্র জোগাড় করতে হবে। তাহলে এ শিক্ষাই আপনি দিচ্ছেন যে আমরা অস্ত্র এ জোগাড় করি। তাহলে এ অস্ত্র এ জোগাড় করলে সেই অস্ত্র যদি আপনাদের দিকে থেকে যায় তাহলে পুলিশকে দোষ দেবেন না, কারণ বিপ্লবের জন্য এগুলো দরকার। এই শিক্ষাই আজকে আপনার বক্তৃতায় দিলেন যে পাইপ গান দিয়ে হবে না। আরও অটোম্যাটিক গান নিয়ে আসতে হবে। আজকে আপনি

দেখুন তো, ৩৭ হাজার কারখানা বন্ধ, আপনার এই স্টেট সেক্টারে ৫২টা কারখানা আছে, মাত্র ছয়টা জায়গায় আপনি লাভ করতে পারেন, ভালভাবে চালাতে পারেন না, গ্রেট ইস্টার্ন থেকে আরম্ভ করে সব জায়গায় চিৎকার করে বলছেন দেশের সার্বভৌমত্ব নষ্ট হয়ে যাবে সেন্ট্রাল গভর্নমেন্ট কিছু করলে, অথচ মিনাক্ষী দ্বীপ থেকে আরম্ভ করে গ্রেট ইস্টার্ন পর্যন্ত সব যখন জার্মান, জাপান, ফরাসীকে দিয়ে দেবার জন্য চক্রান্ত করছেন, তার বেলা আপনারা কিছু বলবেন না। আপনার নিজের সরকারের মধ্যে আপনার মন্ত্রীরা আপনার কথা শোনে না। সংবাদপত্রে দেখলাম কলিমুদ্দিন শাম্‌স আপনার অর্ডার না মেনে সে সিদ্ধান্ত গ্রহণ করেছে। আপনি কিছু করতে পেরেছেন? পারেন নি। তার মানে ইনসাইড দি কেবিনেট ডিসিপ্লিন নেই এবং সেই ডিসিপ্লিন আপনি আনতে পারেননি। কোনও মন্ত্রীকে আপনি কব্জা করতে পারেননি। বুদ্ধদেববাবু দিয়ে কুকাজ করিয়েছেন, সংবাদপত্রের উপর আঘাত পর্যন্ত করিয়েছেন, তারপর আবার আপনি নিজে বাঁচবার জন্য ওকে সরিয়ে দিয়েছেন এবং আবার পরে আপনাকে সাহায্য করবার দরকার, পাশে বসিয়ে ফেলেছেন। আপনার পাশে বসে রয়েছেন সেচমন্ত্রী, আজকে একটা শহর জলের তলায় চলে গেল। ছয় বছর মিঃ লাহিড়ীকে আপনি রেখে দিলেন, একটা ছল করে যে তিস্তার ভিজিলেনসে ছিল, প্রায় ৪০ কোটি টাকার যার বিরুদ্ধে অভিযোগ, তাকে আপনি কমিশনার করে দিয়েছিলেন, আর সেই লোকটা বোল্ডার ফেলার নাম করে ছয় বছর ধরে যখন চুরি করল, একটা বোল্ডার পড়ল না, যার পরিণতি আজকে জলঙ্গী জলের তলায় চলে যাচ্ছে। আজকে করিমপুর নিশ্চিহ্ন হতে চলেছে। আজকে কী হবে রেজলিউশন এনে? কী হবে বক্তৃতা করে? আপনি যদি বলেন, হ্যাঁ বোল্ডার ফেলেছিলাম, বোল্ডার কে খুঁজবে?

**শ্রী জ্যোতি বসু ঃ** স্পিকার মহাশয়, আমি এই অনাস্থা প্রস্তাবের বিরোধিতা করে কয়েকটা কথা নিবেদন করছি। প্রথম কথা হচ্ছে, কালকে শিয়ালদহে যে ঘটনা ঘটেছে তা নিয়ে আজকে সকালে এখানে অনেক প্রশ্ন উঠেছে, অনেক চিৎকার চেঁচামেচি হয়েছে। আমি তখন বলেছিলাম,—সমস্ত কিছু খোঁজ নিয়ে অনাস্থা প্রস্তাবের ওপর বলার সময় বলব। এ ঘটনার এখন অবধি যে রিপোর্ট পেয়েছি—এখন অবধি স্টেশন মাস্টার বা অন্য কারও কাছ থেকে রেলওয়ের রিপোর্ট আমাদের কাছে আসেনি, কিন্তু অন্য যে রিপোর্টগুলো এসেছে তার থেকে আমার মনে হচ্ছে নিশ্চয়ই ঘটনায় অনেক জটিলতা আছে এবং সে কারণে এখনও কিছু জিনিস বোঝা যাচ্ছে না। অতএব একটা জুডিসিয়াল এনকোয়ারি আমাদের দিতে হবে, এই সিদ্ধান্তে আমরা এসেছি। জুডিসিয়াল এনকোয়ারির টার্মস অ্যান্ড কন্ডিশন ইত্যাদি ঠিক করে দু'এক দিনের মধ্যে তা আমরা অ্যানাউন্স করব। আর এটা বোধহয় সব পার্টিই চেয়েছে বলে আমার ধারণা। আমি জানিনা কেন অপেক্ষা না করেই সকালে কংগ্রেসের পক্ষ থেকে বলা হ'ল—কালকে বন্ধ করবে। বন্ধ ঠিক এইভাবে করার মানে হচ্ছে—কংগ্রেসের বন্ধে যা হয়, মারদাঙ্গা হয়। সরকারি সম্পত্তি নষ্ট করা হয়। মানুষের ওপর আক্রমণ হয় এবং বিশেষ করে টার্গেট হয় আমাদের পরিবহন, বিশেষ করে সরকারি পরিবহনের গাড়ি। আর প্রাইভেট

মালিকরা ভয়ে গাড়ি বের করে না। এখন পুজোর সময়ে আমাদের অনেক বেশি বাস দিতে হবে। কাজেই ২০/২৫টা বাস যাতে নষ্ট না করতে পারে তারজন্য এবারে আমরা ঠিক করেছি যে, বাস-ট্রাম বের করব না। তবে বন্ধের বিরোধী আমরা। অফিস ইত্যাদি ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আমার যোগাযোগ হয়েছে, অফিস খোলা থাকবে, মানুষ যেতে চায়, যেতে পারবে। পুলিশ ইত্যাদি থাকবে শান্তি রক্ষা করার জন্য। অফিস খোলা রাখবার আমরা চেষ্টা করব, যাঁরা আসতে পারবেন আসবেন, যাঁরা পারবেন না আসবেন না। তবে আমি বলব, এই বন্ধ ডাকা ঠিক হয়নি। যেহেতু কংগ্রেস এসব করলেই হিংসাত্মক কার্যকলাপ হয়, পুজো এসেছে, সেহেতু যাতে হিংসাত্মক কার্যকলাপ না হয় তার জন্যই এবার আমরা এই সিদ্ধান্ত নিয়েছি। হাসপাতালের যে রিপোর্ট আমি পেয়েছি তাতে দেখছি চার-জন মারা গেছেন। এঁদের সকলেরই কোমরের ওপর গুলি লেগেছে। ১৩জন আহত হয়েছেন, তাঁদের মধ্যে একজনের অবস্থা আশঙ্কাজনক। দু'জনের মাথায় আঘাত লেগেছে। গুলি লেগেছে একজনের গলায়, তাঁর আঘাত তেমন কিছু সিরিয়াস নয়। ৮ জনের পায়ে গুলি লেগেছে, দু'জনের হাতে গুলি লেগেছে, তাঁদেরও আশঙ্কার কোনও কারণ নেই। এই রিপোর্ট এখন পর্যন্ত পেয়েছি।

**(এই সময় শ্রী নরেন হাঁসদা ওয়াক আউট করেন।)**

[5-40 – 5-50 p.m.]

যে অনাস্থা প্রস্তাব আনা হয়েছে তাতে একটা প্রশ্ন উঠেছে যে, এখানে নাকি অপরাধ অনেক বেশি হচ্ছে! বিভিন্ন মানুষের বিরুদ্ধে, মহিলাদের বিরুদ্ধে এখানে অপরাধ অনেক বেশি হচ্ছে ইত্যাদি বিরোধীরা অনেক বলেছেন। আমি বার বার বাজেটের সময় এবং অন্যান্য সময় এবিষয়ে আমাদের রাজ্যের সঙ্গে অন্য রাজ্যের তুলনা করি। সেটা আমাকে করতে হয় এবং করতে হবে। কারণ আমরা ভারতবর্ষের মধ্যেই আছি। গোটা ভারতবর্ষের সামাজিক অর্থনৈতিক যে অবস্থা তাতে বিভিন্ন জায়গায় কি হচ্ছে তা বলতেই হবে। পশ্চিমবাংলাকে আলাদা করে দেখা যাবে না, সবাইকে নিয়ে দেখতে হবে এবং তুলনামূলকভাবে আমাদের কাজের যে সাফল্য তা আমাদের বলতে হবে। এখন দৃষ্টান্ত হিসাবে অপরাধের ব্যাপারগুলো আমি বলছি। ১৯৯৩ সালে খুন—পশ্চিমবাংলায় ১৬৮৫-টি ; উত্তরপ্রদেশে ৮৫৬১-টি, মহারাষ্ট্রে ৩১২১-টি, অন্ধ্রপ্রদেশে ২৩০৪-টি। এর পরের আর কোনও হিসাবে পাইনি। এটা হচ্ছে একটা দৃষ্টান্ত। রেপ—আমার কাছে যা হিসাব আছে, একটু বাড়ল, ৭১২ হয়েছিল বাজেট বক্তৃতার সময়ে যা বলেছিলাম। কিন্তু উত্তরপ্রদেশে ১ হাজার ৭৩৫, রাজস্থানে ৮০৮, মহারাষ্ট্রে ৯৬১, মধ্যপ্রদেশে ২ হাজার ৬৫৮, অন্ধ্র প্রদেশে ৭৬৩। এইসব রাজ্যগুলির থেকে কম। তারপর হচ্ছে ডাউরী ডেথ, সেখানে পশ্চিমবাংলায় ১৭৪। উত্তরপ্রদেশে ১ হাজার ৭৮৩, রাজস্থানে ২৫০, মহারাষ্ট্রে ৭২৩, মধ্যপ্রদেশে ৩৫৩, অন্ধ্রপ্রদেশে ৪২৪। এটা আমি দৃষ্টান্ত হিসাবে দিলাম, আর বেশি অঙ্কের হিসাব দেবার দরকার নেই। তবুও আমি বলছি আমাদের দৃষ্টিভঙ্গি যেটা—আমাদের এখানে আগের থেকে কিছু কিছু বাড়ে বা কমে—কিন্তু এতে আত্মসন্তুষ্টির জায়গা নেই,

তুলনা করে আত্মসন্তুষ্টির সুযোগ নেই। আমাদের রাজ্যে এইসব জিনিস যেটা বাড়ে সেটা বন্ধ করতে হবে এবং সেটা বন্ধ করতে পারছি কিনা সেটাই নিরিখ। এটা দেখতে হবে আমরা পারছি কিনা, না অসুবিধা হচ্ছে। আমাদের এটাই দৃষ্টিভঙ্গি। আর একটা কথা বলছি যেটা অন্য জায়গায় থেকে বোধ হয় আলাদা, অন্য জায়গাতেও ঐ একই ব্যাপার করছে—সেটা হচ্ছে, এখানে কংগ্রেসে যারা আছেন অর্থাৎ কংগ্রেস দল থেকে কার্যত পরিষ্কারভাবে, খোলাখুলিভাবে ময়দানে, খোলা আকাশের নিচে বলেন, খুন কর, জখম কর, পুলিশ মার, থানা দখল কর, রাইটার্স বিল্ডিংস দখল কর। এইভাবে অন্য প্রদেশে হয়না। এইসব কথা এখানে ঢেকে বলা হয় না, খোলাখুলি বলা হয়, সংবাদপত্রে বেরোয়। একটা অরাজকতা সৃষ্টি করার জন্য এইসব কথা এখানে বলেন। অন্য জায়গাতেও করেছে, কিন্তু খোলাখুলিভাবে এইকথা তারা বলেন না। আইন-শৃঙ্খলার ব্যাপারটা আমি পুরো দিলাম। তারপর আইন-শৃঙ্খলা ছাড়াও আর যে কথা বলেছেন সেটা হচ্ছে, ইকনমিক রিভিউতে কি আছে, না আছে আর বলেছেন কেন অগ্রগতি হয়না। কিন্তু যেটা বলার দরকার ছিল সেটা বললে ভাল হত, নেতিবাচকদিকগুলি এবং সেটা ১ হাজার বছর পরও থাকবে। আমরা এই ১৭ বছরে প্রথম স্থান অধিকার করেছি। কৃষিতে অন্য রাজ্যগুলি যেমন, পাঞ্জাবে, হরিয়ানাকে হারিয়েছি। এটা বলা দরকার এবং এটা গর্বের কথা। সমস্ত কৃষক আমাদের সঙ্গে নেই, কংগ্রেসের সঙ্গেও আছে। কাজেই তারা যদি এই কৃতিত্ব দেখিয়ে থাকেন সেটা পশ্চিমবাংলার জন্যই এবং পশ্চিমবাংলার মানুষ হিসাবে গর্বিত হওয়ার কথা, সে যে কোনও পার্টিতে থাকুন না কেন। কিন্তু ওরা কিছুই এ সম্পর্কে বললেন না। তারপর আমরা মৎস্যচাষে প্রথম স্থানে অধিকার করেছি এবং ৮ বার পুরস্কৃত হয়েছি দিল্লির দ্বারা। বনসৃজনের প্রথম স্থান পেয়েছি এবং আন্তর্জাতিক পুরস্কার পেয়েছি। মার্কিনী একটি সংস্থা তারা বহু ডলার দিয়েছেন। তারপর ইকনমিক রিভিউ কোট্ করে বলা হচ্ছে। আমি যতটা তাড়াতাড়ি বলতে পারি বলে দিচ্ছি, একটা নোট্ পেয়েছি, সেটা হচ্ছে, "Much superior performance of the State domestic Product. This is the indicator of the production of activities in all these sectors vis-a-vis Gross Domestic Product of the country in the last three years." এই ৩ বছরে কি হয়েছে। ১৯৯১-৯২ সালে অ্যানুয়াল রেট অফ গ্রোথ অল ইন্ডিয়া জি. ডি. টি. মাইনাস -.১ পারসেন্ট। আর আমাদের এখানে ৫.৮ পারসেন্ট। মাইনাস -.১ থেকে বেশি। এটা রেকগনাইজড করাই ভাল। ১৯৯২-৯৩ সালে অ্যানুয়াল রেট অফ গ্রোথ অল ইন্ডিয়া জি. ডি. পি ৪.১ পারসেন্ট হয়েছে।

আমাদের তার চেয়ে একটু বেশি -৪.৩ পারসেন্ট ১৯৯৩-৯৪ সালে পারসেন্টেজটা একটু কমে ৩.৬ হয়েছে, আমাদের ৫.৩ পারসেন্ট। কৃষির ব্যাপারে আগে বলেছি। ১৭ বছর আগে কংগ্রেস আমলে যেখানে রাজ্যের চাষযোগ্য জমির মাত্র ৩০ ভাগ সেচের জল পেত, এখন সেটা বেড়ে ৪৯ পারসেন্ট হয়েছে। এটা আরও বাড়াতে হবে এবং তারই চেষ্টা আমরা করছি। মোটামুটি হিসেব এটাই।

শিল্পের ব্যাপারে বহুবার বলেছি যে, মূলত কেন্দ্রীয় সরকারের নীতির কারণে এ ক্ষেত্রে আমরা কিছু করতে পারছি না, বিশেষ করে বড় এবং মাঝারী শিল্প। কারণ এ ক্ষেত্রে লাইসেন্সের বাধা ইত্যাদি ছিল। ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিলের মিটিংয়ে এ-ব্যাপারে বারবার বলেছি। ডঃ মনমোহন সিং বলছিলেন—যদিও বিরোধিতা করেন নীতির ব্যাপারে, অন্তত লাইসেন্স প্রথা উঠিয়ে দেওয়া এবং ফ্রেট ইকুয়ালাইজেশন তুলে দেওয়া, এই দুটোকে অ্যাপ্রিশিয়েট করবেন তো! আমরা বলেছিলাম, নিশ্চয়ই করব। আপনি আই. এম. এফের চাপে, ওয়ার্ল্ড ব্যাঙ্কের চাপে এসব করেছিলেন, কিন্তু এখন যা করেছেন তার ফলে আমাদের সুবিধাই হয়েছে। এখন আর লাইসেন্সের জন্য দিল্লি যেতে হচ্ছে না, তারজন্য একে একে শিল্পপতিরা এগিয়ে আসছেন। এখন তাদের জমি দিলেই তারা পশ্চিমবঙ্গে শিল্প গড়বেন। আজকে ভারতবর্ষে ক্ষুদ্রশিল্পে আমাদের প্রথম স্থান। কিন্তু এক্ষেত্রে অনেক সমস্যা রয়েছে, কারণ এটা লেবার ইনটেনসিভ। তারজন্য আমরা বেশি করে গ্রামীণ শিল্পের উপর নজর দিয়েছি। তবে রাজ্যে মাঝারী এবং বড় শিল্প—এটাও আরও উন্নতির দিকে যাবে বলে মনে করছি, তবে হলদিয়া পেট্রো-কেমিক্যালস অনুমোদন করতে বারো বছর লেগেছে কেন্দ্রীয় সরকারের ১২ বছর পরে রাজীব গান্ধী ওটা অনুমোদন করেছিলেন। তারপর সরকার অদলবদলের কারণে দেরি হয়ে গেছে। এখন এ-ব্যাপারে সমস্ত এগ্রিমেন্ট হয়ে গেছে। এরজন্য নিউ ইয়র্কে আমাদের লোক বসে রয়েছেন, সেখানে চুক্তি সই ইত্যাদি হচ্ছে। এরকম আরও শিল্পের ব্যাপারে চুক্তি হচ্ছে দেশি-বিদেশি শিল্পপতিদের সঙ্গে। আমি আগামীকাল আমাদের ইন্ডাস্ট্রিয়াল পলিসির উপর একটি স্টেটমেন্ট রাখব এবং তাতে ১৭ বছর ধরে কি করেছি এবং এখনই বা কি করতে চাইছি সেটা জানাবার চেষ্টা করব। তাতে পশ্চিমবঙ্গে পুঁজি নিয়োগ করবার কি চেষ্টা করছি। আমি এ-ব্যাপারে এখন আর ডিটেলসে যাচ্ছি না। তবে কেন্দ্রীয় সিদ্ধান্তের ফলে কিছুটা সুবিধা হয়েছে এ-বিষয়ে সন্দেহ নেই। তবে শিল্পে রুগ্নতা ভারতবর্ষব্যাপীই রয়েছে। তিন বছর আগে সারা ভারতবর্ষে যেখানে রুগ্ন কারখানার সংখ্যা ছিল ৩.৫ লক্ষ, সেটা বেড়ে বর্তমানে ৪.৫ লক্ষ হয়েছে। সংখ্যা পশ্চিমবঙ্গসহ। এ ক্ষেত্রে ৯০ ভাগ টাকা দেয় রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলি, কিন্তু বিষয়টা কেউ ঠিকভাবে দেখাশুনা করেন না। এভাবে নানা কারণে তাই কারখানাগুলি বন্ধ হয়ে যায়। তবে শ্রমিক অশান্তির কারণে ২ ভাগের বেশি কারখানা বন্ধ হয় না ; বেশীরভাগ বন্ধ হয়ে যাবার কারণ হচ্ছে ম্যানেজমেন্ট। এ-বিষয়ে কি করা যায় সেটা আমরা দেখছি। তবে রুগ্ন কারখানার সংখ্যা মহারাষ্ট্রে বেশি। অবশ্য তাদের কারখানার সংখ্যাটাও বেশি। তবে নতুনভাবে কারখানা খুলতে শিল্পপতিরা যেমন তাদের ওখানে যাচ্ছেন, তেমনি আমাদের এখানেও আসছেন এ-বিষয়ে সন্দেহ নেই। কিন্তু কেন্দ্রীয় পুঁজি নিয়োগের ব্যাপারটা ১০ বছর ধরে যা দেখছি, দশ বছর আগে যেখানে মহারাষ্ট্রে কেন্দ্রীয় পুঁজি নিয়োগের পরিমাণ ছিল ৮.৭ পারসেন্ট এবং আমাদের এখানে ৮.১ পারসেন্ট, সেটা বর্তমানে আমাদের ক্ষেত্রে ৭ পাসসেন্টে নেমেছে, কিন্তু মহারাষ্ট্রে ১৬ পারসেন্টে উঠেছে। এখন রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলিকে সাহায্য বন্ধ করবার সিদ্ধান্ত নিয়েছেন কেন্দ্রীয় সরকার যার মধ্যে রেলওয়ে ওয়াগন নির্মাণ সংস্থাগুলিও পড়ে। এ-ব্যাপারে কি করা যায় সেটা আমরা

দেখছি, কিন্তু কেন্দ্রীয় সিদ্ধান্তের ফলে খুবই বিপদের সম্মুখীন হতে হয়েছে আমাদের। সবচেয়ে বড় কথা হল, কংগ্রেসিরা রাজ্যে হিংসাত্মক কার্যকলাপ চালিয়ে আইন-শৃঙ্খলা বিঘ্নিত করে একটা উদ্দেশ্য নিয়ে তারা যা করছেন, তারপরেও এখানকার রাজনৈতিক পরিস্থিতি দেশের যে কোনও কংগ্রেস শাসিত রাজ্য থেকে এখানে ভাল রয়েছে। সেখানে কংগ্রেসিতে কংগ্রেসিতে মারামারি হচ্ছে, একজন মন্ত্রী আর একজন মন্ত্রী দুর্নীতিগ্রস্ত বলে গালাগাল করছেন একই ক্যাবিনেটের মধ্যে থেকে। আমাদের এখানে যে কয়টি দল মিলে বামফ্রন্ট সরকার করেছি, আমাদের মধ্যেও মতপার্থক্য হয় মাঝে মাঝে, কিন্তু সেটা একত্রে বসে মিটিয়ে নেবার চেষ্টা করি শহরে এবং গ্রামে। কিন্তু কংগ্রেস শাসিত রাজ্যে সেটা হয় না, ফলে সেখানে ইনস্টেবিলিটি। এক সেকশনের মন্ত্রী সেখানে আর এক সেকশনের মন্ত্রীকে বলছেন—ও জোচ্চোর, ওকে তাড়াতে হবে।

[5-50 – 6-00 p.m.]

এটা কেন্দ্রে হচ্ছে, রাজ্যে রাজ্যে এরা করছে। সেই স্টেবিলিটি আমরা এখানে আনতে পেরেছি। আর সামাজিক ক্ষেত্রে আমরা সকলে মিলে, জনগণ সকলে মিলে আমরা এখানে সাম্প্রদায়িক সম্প্রীতি ইত্যাদি রক্ষা করতে পেরেছি যেটা ভারতবর্ষের খুব কম জায়গায় আছে। মাথাচাড়া দিয়েছে যে সাম্প্রদায়িক শক্তি, তার আমরা সচেতনভাবে লড়াই করেছি, সেই সচেতনা নিয়ে কোনও জায়গায় কংগ্রেস সরকার বা কংগ্রেস দল লড়াই করেনি। এই সব জিনিস আমরা দেখেছি। তারপরে এখানে বলা হয়েছে যে আমরা গ্যাট চুক্তির বিরোধী। সেটা আমাদের করতে হবে, এটাতো আমাদের সিদ্ধান্ত এবং এখন ইউনেসকো ইত্যাদি এরাও বলতে আরম্ভ করেছে যে থার্ড ওয়ার্ল্ড কান্ট্রি তাদের অসুবিধা হবে, কারণ তাদের সেই শক্তি নেই। ঐ গ্যাটে এখন আমেরিকানরা ডোমিনেট করা চেষ্টা করছে, আধিপত্য রাখবার চেষ্টা করছে। সেখানে আমাদের কি সুবিধা হবে, কি অসুবিধা হবে সেটা আমরা বলেছি। ইতিমধ্যে ঔষধের দাম বাড়তে শুরু করেছে। আমাদের এখানে ঔষধ-পত্রের দাম পৃথিবীর মধ্যে অনেক জায়গা থেকে কম ভারতবর্ষে। সেটার কিন্তু এখন দাম বাড়তে আরম্ভ করেছে। কেউ কেউ বলছেন যে এটা এই কারণের জন্য নয়, এটা আমরা কন্ট্রোল করব। কিন্তু কি করে কন্ট্রোল করবেন? এমনিতেই জীবনদায়ী ঔষধ পাওয়া যায় এত দাম। কম দাম হলেও সেগুলি এত দাম যে আমাদের দেশের গরিব মানুষ সেগুলি কিনতে পারেনা যা প্রয়োজন। আমাদের গবেষণা, কৃষি ইত্যাদি সর্বক্ষেত্রে এই জিনিস এরা প্রবেশ করানোর চেষ্টা করেছেন। কারণ ওদের দেশের মন্দা আছে, ওরা এটা করবেনই। ওরা নিজের দেশের স্বার্থ দেখবেন, কারণ এখানে ওরা চ্যারিটি করার জন্য আসেনি। কিন্তু আমাদের তো নিজেদের স্বার্থ দেখতে হবে। আমি বলি এমন কিছু করবেন না যাতে করে আমাদের ইন্ডাস্ট্রি যেগুলি আমরা এতদিন ধরে গড়ে তুলেছেন, রাষ্ট্রায়ত্ত শিল্প যেগুলি গড়ে তুলেছেন, সেগুলি নষ্ট করবেন না। এইভাবে অবাধে প্রবেশ করিয়ে নষ্ট করবেন না। আপনাদের সঙ্গে এটাতে আমাদের একটু পার্থক্য হচ্ছে। আমরা বলি আমাদের দেশে বৈজ্ঞানিক, ইঞ্জিনিয়ার, কারিগরি শিক্ষার লোক কত আছে,

*আমরাও যে কোনও জিনিস করতে পারি। ছোট ছোট দেশ করছে। ছোট ছোট দেশে* মাল্টিন্যাশনাল দেখি, তা আমরা কেন করতে পারব না? কারণ এখানে গবেষণা হয় না। এখানে মানুষের উপরে বিশ্বাস কংগ্রেস দল এবং সরকার হারিয়ে ফেলেছে। এটাই হচ্ছে মহা বিপদ। আমরা এত বড় একটা দেশ—ছোট একটা তাইওয়ান নয়, একটা সাউথ কোরিয়া নয়, এখানে এত সম্পদ আছে, মাটির নিচে এত সম্পদ আছে, মাটির উপরে সম্পদ আছে, এত শিক্ষিত মানুষ আছে, সকলকে নিয়ে আমরাও দ্রুত গতিতে এগিয়ে যেতে পারতাম এবং দুনিয়ার মধ্যে উঁচু করে দাঁড়াতে পারতাম। এখন ভিখারির মতো ভিক্ষার ঝুলি নিয়ে এদিক ওদিক আমরা ঘুরছি। আর পুঁজি ইত্যাদি যখন যেখানে প্রয়োজন আছে সেটা ক্ষেত্র বিশেষে চিন্তা করতে হবে। একেবারে দরজা খুলে দিয়ে বসে আছি। এখানে আস, যা খুশি তাই কর, আমাদের প্রয়োজন আছে কি নেই সেটা দেখার ব্যাপার নেই। এই জিনিসের আমরা বিরোধী। যাই হোক, সেটা আমাদের যে নীতি আমরা বিকল্প দলিল কেন্দ্রীয় সরকারকে আমরা দিয়েছিলাম। এক-আধবার অর্থমন্ত্রী আলোচনা করেছিলেন, কিন্তু বিশেষ কোনও আলোচনা হয়নি। এটা আমরা কোনও আমাদের পার্টির স্বার্থে বলছি না, এটা দেশের স্বার্থে বলছি। আর আমেরিকানরা এখানে মনে করছেন, ঐ হাইতি দেখাচ্ছেন, ওরা যেটা মনে করবেন তাই করতে হবে। আমরা দেখেছি যে ভারতবর্ষের এই অবস্থা কোনও দিন ছিল না। কিন্তু সরকার প্রতিবাদও করছেন না এইসব বিভিন্ন ঘটনা যা ঘটছে। আমরা গরিব ছিলাম বরাবরই। কিন্তু আগের আমলে কেন্দ্রীয় সরকার অন্তত আমাদের আত্মমর্যাদা দিয়েছিল। আজকে সেই আত্মমর্যাদা নিঃশেষ হয়ে গেছে। এসবের জন্যই বিরোধিতা হচ্ছে, প্রতিবাদ হচ্ছে। আর সেজন্য আমাদের আন্দোলন ইত্যাদি প্রতিবাদ করতে হচ্ছে। আমি একথা বলছি যে এখানে আপনারা যে অনাস্থা প্রস্তাব এনেছেন, এটা কি আমরা ৫।৭টা ব্যাপারে ভারতবর্ষের মধ্যে প্রথম স্থান অধিকার করেছি বলে এনেছেন? আর শিক্ষার কথা যদি বলেন—কংগ্রেসের কে যেন শিক্ষার কথা বলেছেন—শিক্ষাতো শেষ করে দিয়েছিলেন। আমাদের একটা প্রজন্মকে শেষ করে দিয়েছেন। তাদের শিখিয়েছিলেন যে তোমাদের লেখাপড়া করতে হবে না। তোমরা ঐ জায়গায় গিয়ে বস, বই নিয়ে টোকাটুকির ব্যবস্থা কর তাহলেই সব কিছু হবে। এইতো ধরা পড়েছে কংগ্রেসের প্রফেসর।

সেখানে তিনি গন্ডগোল লাগিয়ে দিলেন কিন্তু শেষ পর্যন্ত ধরা পড়েছে, তার কীর্তিকলাপ সব বেরিয়ে গেছে। সে যে কংগ্রেসের লোক, কংগ্রেসের সমর্থন তা সে নিজেই স্বীকার করছে। সুতরাং এইসব লোক, যারা দুর্নীতি করে তাদেরই কংগ্রেস সমর্থন করে। আমরা যে এই বছরে কত বিরাট অভিযান করেছি তার তুলনা নেই। এই ৩ বছর আগে যে আদম সুমারী হয়েছিল তাতে শতকরা ৫০ ভাগ লোক লেখাপড়া জানত বলে বলা হয়েছিল, এখন সেটা ১১ ভাগ বেড়েছে এবং এটা ভারত সরকার কর্তৃক স্বীকৃত দিয়েছে। এই কথাগুলোর কথা তো একবারও বললেন না। পশ্চিমবঙ্গের ভাল হলে আপনাদের কি অমঙ্গল হবে না মঙ্গল হবে? আপনারা তো সরকারে আসতে চান, সেখানে অমঙ্গল হলে কি সরকারে আসবেন আর মঙ্গল হলে আসবেন না। আসলে কংগ্রেসের কোনও কর্মসূচি নেই। একটা আক্রমণাত্মক,

হিংসাত্মক কার্যকলাপ ওরা করে বেড়াচ্ছে। আমি তাই বলি আপনারা হিংসা ত্যাগ করুন। আপনারা হিংসা ত্যাগ করুন আপনাদের রাজহংস খেতে দেব।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইচ্ছা ছিল মাননীয় মুখ্যমন্ত্রীর আগেই বলব, কিন্তু ওঁার আগে বলা হয়নি ভালোই হল, ওঁর বক্তব্য শোনার পরে কয়েকটি প্রশ্নের উত্তর দেওয়ার সুযোগ আমার হয়েছে। উনি চলে গেলেন, থাকলে ভাল হত। আজকে আমাদের পরিষদীয় নেতা যে অনাস্থা প্রস্তাব নিয়ে এসেছেন সেই বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রী তার জবাবি ভাষণে বললেন যে কংগ্রেসিরা জোচ্চার, শিক্ষার ক্ষেত্রে কংগ্রেসের কোনও ভূমিকা নেই ইত্যাদি। আবার এ কথাও বললেন যে কংগ্রেস আবার কি আইনশৃঙ্খলার কথা বলবে, কংগ্রেস আবার কি শিক্ষার কথা বলবে, আমরা তো এখানে মরুদ্যান করে দিয়েছি। আমি এই প্রসঙ্গে জিজ্ঞাসা করতে চাই যে, মাননীয় মুখ্যমন্ত্রী কি ভুলে গেছেন কয়েকদিন আগে কলকাতা বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা শাস্ত্রের স্বনামধন্য ডাক্তার অশোক চৌধুরীকে পদত্যাগ করতে হয়েছে দুর্নীতির বোঝা মাথায় পেতে নিয়ে? এম. ডি. কোর্সে এবং এম. এস কোর্সে কলকাতা বিশ্ববিদ্যালয়ে অন্যায়ভাবে ছাত্র ভর্তির ব্যাপারে দুর্নীতির অভিযোগে ধরা পড়েন? মাননীয় মুখ্যমন্ত্রী কি ভুলে গেছেন যে, এই রাজ্যের বিধায়ক এবং এই বিধানসভার সদস্য তার বিরুদ্ধে সরাসরি টোকাটুকির অভিযোগ কলকাতা বিশ্ববিদ্যালয়ে তদন্ত চলছে? মাননীয় মুখ্যমন্ত্রী কি ভুলে গেছেন এই রাজ্যের সাক্ষরতার হার সারা ভারতবর্ষের ২৬টি রাজ্যের মধ্যে ১৭তম স্থানে পেয়েছে? এই ১৭ কোটি টাকা একস্ট্রা দেওয়া হয়েছে সাক্ষরতার জন্য, কেন্দ্রীয় সরকার এই টাকা দেওয়ার পরেও এই রাজ্যের শিক্ষার ১৭তম স্থানে। এক সময়ে যেখানে এর স্থান দ্বিতীয় ছিল সেটা ১৮৭৭ সালের থেকে সাক্ষরতার ক্ষেত্রে নামতে নামতে এই কর্ম বীর শিক্ষামন্ত্রীর এবং জ্যোতি বসুর নেতৃত্বে এই বাংলার শিক্ষার মান ১৭তম স্থানে নেমেছে।

[6-00 – 6-10 p.m.]

মাননীয় মুখ্যমন্ত্রী কি দাবি করছেন? আমরা এই বাংলায় গর্ব করতাম নারী নির্যাতন নিয়ে ; উনি একটা পরিসংখ্যান দিলেন ৯৩ সালের, তাও ভুল আছে। ১৯৯১ এবং ১৯৯৩ দু বছরের গ্যাপে আমি তিনটে পরিসংখ্যান দিচ্ছি—খুন : ১৯৯১ সালে ছিল ১৬১২ ; ১৯৯৩ সালে ১৬৮৫। নারী ধর্ষণ : ১৯৯১ সালে ছিল ৪৬৯, ১৯৯৩ সালে ৭৯২। নারী নির্যাতন : ১৯৯১ সালে ছিল ১১৬৬, ১৯৯৩ সালে ১৯৮১। তাহলে কত পারসেন্ট বাড়ল? আর, আমাদের মুখ্যমন্ত্রী তথা পুলিশমন্ত্রী, তাঁর রাজ্যে তিনটে ডি. জি.। এক ডজন আই. জি., তিন ডজন ডি. আই. জি.। আর মাথাভারী প্রশাসন কতগুলো দুর্নীতিগ্রস্ত অফিসারকে মাথায় বসিয়ে একটা মাথাভারী প্রশাসন তৈরি ক'রে রেখেছে। শিয়ালদহের মতো একটা জনবহুল অঞ্চলে একটা উন্মাদ পাগলা হাতি ঐ সুলতান সিংকে দিয়ে নিরীহ মানুষকে গুলি ক'রে হত্যা করা হ'ল। আজকে কোনও মুখ্যমন্ত্রী এই কথা বলছেন? ৫২ সালের জ্যোতি বসু, ৫৭ সালের জ্যোতি বসু, ৬২-৬৭-৭১ সালের জ্যোতি বসু, কে বলছে এই কথা? যিনি পুলিশ

রাজ্যের বিরুদ্ধে দিনের পর দিন এই বিধানসভায় দাঁড়িয়ে বক্তব্য রেখেছিলেন, ২০ কোটি টাকার পুলিশ বাজেটকে বক্রোক্তি করেছিলেন, ৪০ কোটি টাকার বাজেটকে বক্রোক্তি করেছিলেন, আর আজকে ৪৪০ কোটি টাকার বাজেট নিয়ে গুলি চলছে। পাঁচ বছর এর মতো আজকে হিসেব দিয়েছি ২১২ বার, আগে হিসেব দিয়েছে, ১০৮৪ বার, মানুষ মরেছে প্রায় ৫৪২ জন। কাদের নেতা মুখ্যমন্ত্রী জ্যোতি বোস, যিনি পুলিশকে কলকাতা মহানগরীতে লাল পতাকা নিয়ে মিছিল করার অধিকার দিয়েছেন? তারা মানুষের কল্যাণ করবে, তারা মানুষের সম্পত্তি রক্ষা করবে, মানুষের জীবন রক্ষা করবে, এই আশা বাংলার মানুষ আজ করে না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিরোধীদলের নেতা বলেছেন, মুর্শিদাবাদ জেলায় ৪০ দিনে ৩১ জন খুন হয়েছেন ; তারা কংগ্রেস, কি সি. পি. এম.। কি সি. পি. আই., সেটা বড় কথা নয়, মুর্শিদাবাদের এস. পি. গৌরব দত্ত মুখ্যমন্ত্রীর গৌরব বাড়িয়েছে কি না জানি না, কিন্তু বাংলার গৌরব এতে বাড়েনি। একটা জেলাতে, যে জেলায় ডেনসিটি অফ পপুলেশন বাংলায় সব চাইতে বেশি, সেই জেলায় ৪০ দিনে ৩১টা খুন হয়েছে। আমাদের কাছে কংগ্রেস কর্মী হত্যার তালিকা আছে ১৮টি। শেষ খুন হয়েছে ১৭.৯.১৯৯৪ তারিখে। সেদিন প্রকাশ্য দিবালোকে সেবাদলের চেয়ারম্যানকে হত্যা করা হয়, কংগ্রেস কর্মীকে কুপিয়ে কুপিয়ে হত্যা করেছে যারা, তারা সমাজবিরোধী আর মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির কর্মী। পুলিশ সেখানে দাঁড়িয়ে থেকে করিয়েছে, মদত দিয়েছে। ওখানকার মন্ত্রী দেবব্রতবাবু এখানে বসে আছেন, জিজ্ঞেস করছি, আমরা কোন রাজ্যে বাস করছি? আমরা পাঞ্জাবের কথা বলি, আমরা কাশ্মীরের কথা বলি, আমরা আসামের বোড়ো আন্দোলনের কথা বলি ; তাহলে মুর্শিদাবাদ আর নদীয়া এই দুটি জেলার আইন শৃঙ্খলার কথা যদি আমরা বিশ্লেষণ করি, তাহলে কি দেখব? তা দেখলে আজকে পাঞ্জাব লজ্জা পাবে, কাশ্মীরের উগ্রপন্থি আন্দোলনকারীরা লজ্জা পাবে, যে অবস্থা আজ মুর্শিদাবাদ জেলায় তৈরি হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রীর মতিভ্রম হয়েছে। আমার কাছে অধ্যক্ষ মহাশয় ইকনমিক সার্ভে ৯৩-৯৪ আছে (ভারত সরকারের)। উনি বললেন পশ্চিমবঙ্গ না কি কৃষিতে এক নম্বর হয়ে গেছে। এত বড় ধাপ্পা, এতবড় অসত্য কথা সভায় দাঁড়িয়ে বললেন। এর বিরুদ্ধে একটা প্রিভিলেজ আনা উচিত।

[6-10 – 6-20 p.m.]

আমার কাছে ইকনমিক রিভিউ আছে, তথ্য মন্ত্রী এখানে দাঁড়িয়ে আছেন, দয়া করে শুনুন, আমার কাছে ফিগারটা আছে, আজকে লেটেস্ট ফিগার, কমপারেটিভ স্টাডি সমস্ত রাজ্যের, সেখানে আজকে পশ্চিমবঙ্গে টোটাল ফুড প্রোডাকশন ১ লক্ষ ২ হাজার ৬০০.৬ হাজার মেট্রিক টন, টোটাল প্রোডাকশন অব ফুড। সেখানে পাঞ্জাবে কত হয়েছে, সেখানে পাঞ্জাবে প্রোডাকশন হয়েছে ২০০০৬.৭ থাউজ্যান্ড মেট্রিক টন ফুড গ্রেন। কোনও জায়গায় মুখ্যমন্ত্রী এই তথ্য পেয়েছেন তিনি বলুন। কোথা থেকে তিনি বললেন পশ্চিমবঙ্গ খাদ্যে এক

নম্বরে চলে গেছে? উনি যা বলেছেন আমি তার প্রতিবাদ করছি এবং আমি দাবি করছি তাঁর উক্তি সংশোধন করুন এবং ভুল তথ্য সংশোধন করুন, এটা অ্যাসেম্বলি প্রসিডিংস থেকে এক্সপাঞ্জ করা হোক। চালের প্রোডাকশন পশ্চিমবঙ্গ এক নম্বরে গেছে, কিন্তু খাদ্য শস্য উৎপাদনে পশ্চিমবঙ্গে এক নম্বরে জায়গায় যায়নি এবং পার একর প্রোডাকশন পার হেক্টার ইয়েল্ড পশ্চিমবঙ্গ চতুর্থ স্থানে আছে, পাঞ্জাব এক নম্বর, হরিয়ানা, দু'নম্বর, এখানে কৃষিমন্ত্রী বসে আছেন উনি কনট্রাডিক্ট করুন। মুখ্যমন্ত্রী যা বললেন এটা ঠিক কথা নয়। এটা অসত্য কথা উনি বললেন। আইন শৃঙ্খলার কথা বললেন, প্রায়ই উনি বলেন কংগ্রেস জোচ্চোর দল, এই কিছুদিন আগে বুদ্ধদেব বাবুর দক্ষিণ ২৪ পরগনার মহেশ তলায় পরপর গোষ্ঠী দ্বন্দের সংঘর্ষ হল। একটা চিঠি আমার কাছে আছে, তিনি লিখেছেন, একজন হতভাগ্য পিতা, তিনি কোনও কংগ্রেসের সেবক নয়, তিনি লিখছেন,

To

The Hon'ble Chief Minister, Government of West Bengal, Writers' Buildings.

Being an active member of the CPI(M) I like to draw your kind attention for sympathetic attention to the following facts for immediate intervention to save the life of my son name Shri Pijus Biswas-কে এই পিযুষ বিশ্বাস, এই পীযুষ বিশ্বাস দীপকবাবু বলছেন যে একজন সমাজ বিরোধী, তার বাবার নাম হচ্ছে কালি পদ বিশ্বাস। তিনি মুখ্যমন্ত্রীকে চিঠি লিখছেন, আই অ্যাম অ্যাকটিভ মেম্বার অব দি সি. পি. এম. পার্টি। আমার ছেলের জীবন বিপন্ন, আমাকে রক্ষা করুন, আমার ছেলেকে রক্ষা করুন। কী হল? এই দীপকবাবুরা রবীন মজুমদার এবং আর এক সমাজ বিরোধী, কুখ্যাত সমাজ বিরোধী যারা হেরোয়িনের ব্যবসা করে, তারা অস্ত্র সমেত ধরা পড়েছে, সেই রবীন মজুমদারের বিরুদ্ধে অভিযোগ এসেছে, ভাগ্যের পরিহাস, ওখানে কোনও কংগ্রেস নেই, পীযুষ বিশ্বাস খুন হল। কিছুদিন বাদে রবীন মজুমদারও খুন হল। দুর্ভাগ্যের বিষয় যারা খুন করল, যারা তাকে হাসপাতালে নিয়ে গেল, ডাক্তারের কাছে দেওয়া ডায়িং ডিক্লারেশন আমার কাছে আছে, যে রোগীকে আনা হয়েছে, সে রাস্তায় আক্রান্ত, সমাজ বিরোধীরা আক্রমণ করেছে, কোথায়ও দুলাল দাসের নাম নেই। এই রবীন মজুমদারের বিরুদ্ধে পাঁচটা খুনের ডায়রি আছে। (****) রবীন মজুমদারকে খুন করেছে। আমি সব পেপার আপনাকে দেব, আপনি এ ক্রিমিন্যালের বিরুদ্ধে ইনভেস্টিগেশন করবেন।

**মিঃ স্পিকার ঃ** আচ্ছা, উনি দীপক মুখার্জির নাম যোগ করে কি সব খুনী-টুনি বলেছেন, ওসব বাদ যাবে।

**শ্রী সুনির্মল পাইক ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে বিরোধী পক্ষ যে অনাস্থা প্রস্তাব

Note : * [Expunged as ordered by the chair.]

এনেছে তার বিরুদ্ধে দু'একটা কথা বলতে চাই। স্যার, এটা অতি সুস্পষ্ট যে, বামফ্রন্ট সরকার নির্বাচনের মধ্যে দিয়ে শুধু একটা বছর বা একটা টার্মই নয়—চার চারটে নির্বাচনের মধ্যে দিয়ে ১৭ বছর ধরে ক্ষমতায় আছেন, দেশ শাসন করছেন। বিরোধী পক্ষ হয়ত বলবেন যে, দেশের বেশিরভাগ মানুষ অজ্ঞতার অন্ধকারে আছেন, তাই তাঁরা বছরের পর বছর নির্বাচনে বামফ্রন্টকে ক্ষমতায় আসীন করছে। কিন্তু বাস্তবে জিনিসটা তা নয়। আমরা দেখছি আমাদের রাজ্যের শিক্ষার হার প্রতি বছর বাড়ছে। আমরা যদি পরিসংখ্যান দেখি তাহলে দেখব যে, ১৯৭৮ সালে গোটা রাজ্যে উচ্চ-মাধ্যমিক পরীক্ষার সংখ্যা ছিল ৬০ হাজার, আর ১৯৯৪ সালে ২ লক্ষ ৪৩ হাজার পরীক্ষার্থী উচ্চ-মাধ্যমিক পরীক্ষা দিয়েছেন। এর দ্বারা পরিষ্কার বোঝা যাচ্ছে যে, আমাদের রাজ্যে শিক্ষার উন্নতি হয়েছে। সাথে সাথে আমরা লক্ষ্য করছি এই সাধারণ শিক্ষার মানেরও উন্নতি হয়েছে। এই উন্নয়নের ফলেই মানুষ সচেতন হয়েছে। এর ফলেই মানুষ আজকে প্রতিটি নির্বাচনে বামফ্রন্ট সরকারের সঙ্গে সহযোগিতা করছে। আজকে কৃষির কথা এখানে উল্লেখ করা হয়েছে, অথচ আমরা দেখছি কৃষি এবং মৎস্য চাষে রাজ্যে যথেষ্ট উন্নতি ঘটেছে। চাল উৎপাদনে আমাদের রাজ্য গোটা দেশের মধ্যে প্রথম স্থান অধিকার করেছে এবং মৎস্য উৎপাদনে কৃতিত্বের জন্য আমাদের মৎস্য দপ্তর পুরস্কার লাভ করছে বার বার। অতএব বিরোধী পক্ষ থেকে এখানে আজকে যেসব কথা বলা হচ্ছে তা সম্পূর্ণ অসত্য কথা এবং ভিত্তিহীন কথা। তাই আজকে বিরোধী পক্ষের আনা অনাস্থা প্রস্তাবকে আমরা সমর্থন করতে পারছি না। সুতরাং আমি অনাস্থা প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[6-20 – 6-30 p.m.]

**শ্রীমতী শান্তি চ্যাটার্জিঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিরোধী দলের বন্ধুরা যে অনাস্থা প্রস্তাব এনেছেন তার বিরোধিতা করে আমি দু'একটি কথা বলতে চাই। আমি প্রথমেই বলতে চাই বিরোধী পক্ষের তরফ থেকে এখানে অনাস্থা প্রস্তাব আনাহলেও রাজ্যের জনসাধারণের আমাদের সরকারের প্রতি সম্পূর্ণ আস্থা আছে। আস্থা আছে বলেই চারচার-বার নির্বাচনে জয়লাভ করে এই সরকার রাজ্য চালাচ্ছে। এই গরিব মানুষের স্বার্থের সরকার—গরিব মানুষদের দিকে সরকার আছে এবং গরিব মানুষদেরও সরকারের প্রতি আস্থা আছে। তাই আজকে ১৭ বছর এই সরকার রাজ্য চালাচ্ছে। কেন্দ্রে যাঁরা সরকার পরিচালনা করছেন তাঁরা ভোটের সময় জনগণকে মিথ্যা প্রতিশ্রুতি দিয়ে বলেছিলেন, বেকারদের চাকরি দেবেন, বেকার সমস্যার সমাধান করবেন। ভোটে জিতে সরকার গঠন করে সেকাজ তো তাঁরা করেন নি বরঞ্চ দেশের বহু বড় বড় মিল, কল-কারখানা বন্ধ করে দিয়ে আরও বেশি মানুষকে বেকার করে দিয়েছেন। তাই আজকে আমরা দিল্লিতে, কেন্দ্রে যে সরকার বসে আছেন তাঁদের প্রতি আস্থা হারা হয়ে যাচ্ছি। আমরা দেখছি আজকে আর মানুষের কেন্দ্রীয় সরকারের প্রতি আস্থা নেই। কিন্তু পশ্চিমবঙ্গ সরকারের প্রতি এখনও পূর্ণ আস্থা আছে। পশ্চিমবঙ্গ সরকার সাধারণ গরিব মানুষদের আশ্বাস দেন, যেটুকু করা সম্ভব তা করার চেষ্টা করেন। আই. আর.

ডি. পি সহ নানারকম প্রকল্পের মাধ্যমে লোন দিয়ে বেকার সমস্যা ঘোচাবার চেষ্টা করছেন, তাদের রোজগারের উপায় করে দেবার চেষ্টা করছেন। সুতরাং সরকার গরিব মানুষদের জন্য নিশ্চয়ই নজর দেন এবং যথেষ্ট চেষ্টা করেন। সেইজন্য এই সরকারের প্রতি মানুষের আস্থা আছে। খাদ্যের ব্যাপারে আপনারা আমাদের মন্ত্রী মহাশয়কে বলেছেন। কিন্তু আমি এখানে বলতে চাই, যখন বাজেট তৈরি হয় তখন বসে মিটিং করে বাজেটে জিনিসপত্রের দামের ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হয়। কিন্তু দেখা যায়, কেন্দ্রীয় সরকার যখন খুশি, যা খুশি জিনিসপত্রের দাম বাড়িয়ে দেয়। এর ফলে পেট্রোল, ডিজেল প্রভৃতি নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের দাম বেড়ে যায়। কেন্দ্রীয় সরকারের অর্থমন্ত্রী, মনমোহন সিং যখন যা খুশি দাম বাড়িয়ে দেয়। এক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকারের কোনও হাত নেই। একথা আপনারা অস্বীকার করতে পারবেন না। তারপর আপনারা বলেছেন দেশে আইন-শৃঙ্খলা নেই। এ সম্পর্কে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী একটু আগে পরিসংখ্যান দিয়ে বুঝিয়ে দিলেন। এই পরিসংখ্যানের মাধ্যমে আমরা জানতে পারলাম, অন্যান্য রাজ্যের তুলনায় আমার মনে হয় পশ্চিমবাংলায় শান্তি-শৃঙ্খলা আছে। যার জন্য রাতের অন্ধকারে মানুষ ঘোরাফেরা করতে পারে, কিন্তু অন্যান্য রাজ্যে তা পারে না। সেইজন্য সাধারণ মানুষের এই সরকারের প্রতি আস্থা আছে। তাই বলব, এই সরকার থাকবে এবং আগামীদিনে এই সরকার আবার ফিরে আসবে এই আস্থা রেখে এবং বিরোধীদলের বন্ধুরা যে অনাস্থা প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবের আমি বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মানিক ভৌমিক ঃ** স্যার, আমাদের পক্ষ থেকে আমাদের দলের নেতা ডাঃ জয়নাল আবেদিন যে অনাস্থা প্রস্তাব নিয়ে এসেছেন তা আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি। শাসকদলের পক্ষ থেকে প্রাক্তন মন্ত্রী শ্রী পার্থ দে এই অনাস্থা প্রস্তাবের বিরুদ্ধে বক্তব্য রাখতে গিয়ে—অবশ্য ভিতরে যাননি—বললেন সামাজিক ইস্যু নিয়ে। সারা ভারতবর্ষের সমস্ত রাজনৈতিক দল কেন্দ্রীয় সরকারের হাতে ক্ষমতা অর্পন করলেন। এর বেশি আর এক পাও এগুলেন না আর দেশপ্রেমের কিছু কথা বললেন। স্যার, আমি আপনার মাধ্যমে শাসকদলের যে সমস্ত মন্ত্রীরা এবং সদস্যরা আছেন আমি তাদের কাছ থেকে একটি কথার উত্তর জানতে চাই, গত ১৫ আগস্ট, স্বাধীনতা দিবসে আমি টি. ভি.র পর্দায় দেখছিলাম ভারতবর্ষের অন্যান্য অঙ্গ রাজ্যের মুখ্যমন্ত্রীরা পতাকা উত্তোলন করছেন। আমি অত্যন্ত উৎসুক হয়ে তাকিয়ে ছিলাম যে আমাদের পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী স্বাধীনতা দিবসে জাতীয় পতাকা উত্তোলন করবেন। কিন্তু আমি অবাক বিস্ময়ে দেখলাম, শ্রী প্রশান্ত শূর, একজন থার্ড গ্রেডেড মন্ত্রীকে দিয়ে স্বাধীনতা দিবসের জাতীয় পতাকা উত্তোলন করালেন। যে রাজ্যের মুখ্যমন্ত্রী ১৫ আগস্ট ভারতবর্ষের জাতীয় পতাকা তোলার মতোন নৈতিক সাহস নেই, সেই মুখ্যমন্ত্রীর আর যাই থাকুক না কেন, এর মুহূর্ত পশ্চিমবাংলার ক্ষমতায় থাকার নৈতিক অধিকার আছে বলে পশ্চিমবাংলার মানুষ মনে করে না।

আপনি জানেন, ওরা শেয়ালের বাচ্চার মতো সময়ে সময়ে কিছু শেখানো বুলি বাংলার

*মানুষকে বলে বলে বিভ্রান্ত করছেন। ষাট এর দশকে যখন আমাদের ভারত সরকার ওয়ার্ল্ড ব্যাঙ্কের সদস্য হল, তখনও পশ্চিমবঙ্গ থেকে বামপন্থীরা বলেছিলেন যে, ভারতকে বিক্রি করে* দেওয়া হচ্ছে। আজকে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী এবং মন্ত্রিসভার কাছে জানতে চাইব, আজকে পশ্চিমবঙ্গে কতগুলো প্রকল্প ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকায় চলছে। এরাই এক সময় ভারতের স্বাধীনতা সংগ্রামের বিরোধিতা করছেন। এর আগে ওঁর চেয়ে দুর্নীতিপরায়ণ মুখ্যমন্ত্রী কেউ হয়েছেন কিনা জানি না। আজকে পশ্চিমবঙ্গ ভ্রষ্টাচার এবং ব্যাভিচারের রাজ্য। আজকে এখানে পুলিশকে পার্টি ক্যাডারে পরিণত করা হয়েছে। প্রতিটি থানার ও. সি. সি. পি. এমের লোকাল কমিটির এক্স-অফিশিও মেম্বার হয়ে গেছেন। আগামীকাল যে বন্ধের ডাক দেওয়া হয়েছে, যদি সেই বন্ধে কোনওরকম সন্ত্রাস হয়, অত্যাচার হয়, তাহলে সেই সন্ত্রাস এবং অত্যাচারের বিরুদ্ধে প্রতিরোধ করা হবে। আজকে সরকারের বিরুদ্ধে যে অনাস্থা প্রস্তাব আনা হয়েছে তাকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের দলের অনাস্থা প্রস্তাব সম্পূর্ণ সমর্থন করছি। যদিও এই সভার রীতি ছিল, বিরোধী দল সরকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনলে সবার বক্তব্য শুনবার পর মুখ্যমন্ত্রী তার জবাব দেবেন। কিন্তু মাননীয় মুখ্যমন্ত্রী জবাব দেবার সময় নেই, কারণ আগামীকাল কিভাবে গুলি চালিয়ে কংগ্রেসের ডাকা বন্ধ ব্যর্থ করে দিতে হবে তার পরিকল্পনা গ্রহণের জন্য তিনি চলে গেছেন হাউস ছেড়ে। তাই আজকে হাউসের গুরুত্বও চলে গেছে।

আলোচনা দীর্ঘ করব না, একটি সংবাদপত্রে একটি সংবাদের প্রতি দৃষ্টি আকর্ষণ করে শেষ করব। কাগজটা হল বিকালের 'প্রতিদিন' এবং সংবাদটির শিরোনাম 'আমরা মর্মাহত'। তাতে বলেছে—পুলিশের গুলিতে পর পর মৃত্যুর ঘটনায় আমরা মর্মাহত। পুলিশের কর্তাদের কাছে অনুরোধ উন্মত্ত জনতাকে থামাতে সম্ভাব্য সব বিকল্প উপায়ের যথাযথ প্রয়োগ হোক। বাংলার পুলিশের 'ট্রিগার হ্যাপি' ইমেজ আমরা চাই না। পাশাপাশি সকলেরই উচিত রোজকার জীবনস্রোত স্বাভাবিক রাখতে প্রশাসনকে পুরোপুরি সহযোগিতা করা। স্বাক্ষর—বসন্ত চৌধুরী (সেরিফ অফ ক্যালকাটা), শৈলেন মান্না, ডাঃ অমিয় বাগচী, গণেশ পাইন, ডাঃ আবীরলাল মুখোপাধ্যায়, নন্দগোপাল ভট্টাচার্য, অশোক ঘোষ, পরশ দত্ত, যতীন চক্রবর্তী, লীলা মজুমদার, রুদ্রপ্রসাদ সেনগুপ্ত, অপর্ণা সেন, শঙ্খ ঘোষ, রবি ঘোষ, প্রসূন বন্দ্যোপাধায়, কল্যাণী কার্লেকর, প্রফুল্লকান্তি ঘোষ, পূর্ণদাস বাউল, সরোজ বন্দ্যোপাধ্যায়, পার্থপ্রতিম বন্দ্যোপাধ্যায়, অরুণ মুখোপাধ্যায়, পরিতোষ সেন, সুরজিৎ ঘোষ, নিত্যপ্রিয় ঘোষ, সুভাষ মুখোপাধ্যায়, শতাব্দী রায়, অশোক সেন, পল্টু দাসগুপ্ত। পুলিশ আজকে ট্রিগার হ্যাপী হয়ে গেছে, কথাটা শুধু আমাদেরই নয়, সমাজের বিদগ্ধ মানুষরাও তাহলে কথাটা বলছেন! আঠারো বছরের রাজত্বে পুলিশকে এরা কোথায় নিয়ে ফেলেছেন? এরা হিটলার, মুশলিনি, চার্লসেসকুর বংশধর। বাংলার প্রতিটি মানুষ আজকে বলছেন যে, এরা পুলিশকে ট্রিগার হ্যাপী করে দিয়েছেন। আগামীকালের বন্ধ গুন্ডা বাহিনী দিয়ে কিভাবে ব্যর্থ করা যায়, ট্রিগার হ্যাপী পুলিশের সঙ্গে বসে তার পরিকল্পনা

করবার জন্য অনাস্থার উত্তর না দিয়েই তিনি এখান থেকে চলে গেছেন। তাই আমার বক্তব্য আর দীর্ঘ না করে যে অনাস্থা প্রস্তাব আনা হয়েছে তাকে পূর্ণ সমর্থন জানিয়ে বক্তব্য শেষ করছি।

[6-30 – 6-40 p.m.]

**শ্রী অনিল মোদি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের দলের পক্ষ থেকে ডঃ জয়নাল আবেদিন এই সরকারের বিরুদ্ধে যে অনাস্থা প্রস্তাব এনেছেন, আমি সেই অনাস্থা প্রস্তাবকে পূর্ণ সমাধান করছি। আমাদের এই বামফ্রন্ট সরকার ১৯৭৭ সালে এখানে এসেছে এবং সেদিন কমিউনিস্ট পার্টির যে বিজয় উৎসব হয়েছিল, সেটা হয়েছিল ময়দানে। সেখানে সি. পি. এম-এর বড় নেতা নামুদ্রিপাদ বলেছিলেন যে আমরা গণতন্ত্রের কথা বিশ্বাস করি না। আমরা গণতন্ত্রে বিশ্বাস করি না। আমরা গণতন্ত্রের সূত্র ধরে এই সরকারে এসেছি গণতন্ত্রকে ধ্বংস করার জন্য এবং মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির নীতি প্রচার করার জন্য এবং সরকারি যন্ত্রকে ধ্বংস করার জন্য। আমি সেই কথাটা ১৭ বছর পরে বাস্তবে সত্য বলে মনে করি। আজকে বামফ্রন্ট সরকার সেইভাবে এগিয়ে চলেছে এবং তার ফলে দিকে দিকে সরকারি ব্যবস্থাপনায় সর্বক্ষেত্রে বিপর্যয় নেমে এসেছে। এরা শিক্ষাক্ষেত্রে নৈরাজ্যের সৃষ্টি করেছে, শান্তি-শৃঙ্খলা ধ্বংস করেছে। গতকাল যে নারকীয় ঘটনা ঘটেছে এবং তার ফলে যে ৬ জন হত্যা হয়েছে, এটা ঠিক জালিয়ানওয়ালাবাগের মতো। এটাতে প্রমাণ করায় যে আমাদের আনা অনাস্থা প্রস্তাব সম্পূর্ণ সত্য এবং সঠিকভাবেই আনা হয়েছে। আজকে এই সরকার অনেক অবিবেচনার মতো কাজ করেন, অসংসদীয় ব্যবস্থার মধ্যে কাজ করেন। আপনি জানেন যে সুবর্ণ জয়ন্তী বর্ষে তমলুকে জাতীয় সরকার হয়েছিল বলে এক কোটি টাকা মেদিনীপুর জেলাকে দেওয়া হয়েছিল। আমাদের মুখ্যমন্ত্রী সেই কমিটির চেয়ারম্যান। সেই কমিটির প্রথম বৈঠক হয় মুখ্যমন্ত্রীর সভাপতিত্বে রাইটার্স বিল্ডিংয়ে তার ঘরে। সেই কমিটির মিটিংয়ে মেদিনীপুর জেলাকে যে টাকা দেওয়া হবে বলে ঠিক হয়েছিল, কিন্তু পরবর্তীকালে কেন্দ্রের সেই নির্দেশকে অমান্য করে মেদিনীপুর জেলার সেই টাকা থেকে ২৫ লক্ষ টাকা কলকাতার জন্য কেটে নেওয়া হল। তার ১৫ লক্ষ টাকায় কলকাতার টাউন হলে মেদিনীপুর জেলার টাকায় মেদিনীপুরের ছবি দেখাবার জন্য গেলারী হবে এবং সেখানে তা দেখানো হবে। আর ১০ লক্ষ টাকায় ৪২ সালের একটা বই করা হবে বলে কেটে নেওয়া হল। এইভাবে মেদিনীপুর জেলাকে তার প্রাপ্য টাকা থেকে বঞ্চিত করা হল। এর ফলে এই সরকারের স্বেচ্ছাচারিতার আর একটা নমুনা প্রকাশ পেল। এই ব্যাপারে জেলার লোকেরা প্রতিবাদ জানায়। আমি এ সঙ্গে আরও বলতে চাই যে, আজকে শিক্ষা জগতে অরাজকতা, সর্বক্ষেত্রে শৃঙ্খলার অভাব। হাসপাতালগুলি নরককুন্ডে পরিণত হয়েছে। সেখানে কোনও চিকিৎসা হয়না। তমলুক মহকুমা হাসপাতালে ১২৫টি বেড ছিল ১৯৫৪ সালের আগে। সেই ১২৫টি বেড বাড়িয়ে ২৬৮টি করা হয়েছে। কিন্তু সেখানে ৩৫০/৪০০ রুগী থাকে। মানুষ সেখানে নিচে শুয়ে থাকে, কোনও চিকিৎসা হয়না। জীবনদায়ী প্রয়োজনীয় কোনও ঔষধ পাওয়া যায় না।

আজকে একইভাবে পশ্চিমবঙ্গে সমস্ত জায়গায় অরাজকতা চলছে। এই সব কারণে আমাদের যে অনাস্থা প্রস্তাব আনা হয়েছে, সেটা সঠিকভাবেই আনা হয়েছে। আমি আবার এই অনাস্থা প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Md. Abdul Karim Choudhury :** Hon'ble Speaker, Sir, We are discussion the motion of no-confidence brought by our Leader, Dr. Zainal Abedin against the Hon'ble Chief Minister and his Council of Ministers for their failure in running the Government. I support it. The present Leftfront Government is headed by Shri Jyoti Basu for the last 17 years and during this period several thousand persons were killed by CPM men and by police firings. They should not feel proud of remaining in power for such a long period because they continue their existence by manipulation and by false voter-lists. The police accesses have gone so high that even on the negligible matters and on minor incidents they resort to firings, killing women, children, students and innocent persons. Incidents of rapes have been increasing to such an extent that on an average there is one rape incident per hour a day. Women have no freedom to move freely as they have to face molestation, manhandling and other harassment. The police is silent in registering cases if the accused belongs to CPM party. Sir, the Government has lost its control over the police functioning, their whimsical attacking the people and firing on their own resulting to massacre. One most important point I would like to raise here that the Hon'ble Chief Minister has given permission to different tea planters for new plantation. Duncan Tea Gardens are following all the guidelines framed by the Government for separate tea plantation in the agricultural district of Uttar Dinajpur. The tea planters are destroying the bunds and kacha roads made by Panchayats for irrigation and those have been converted into drains to drain out the water from the agricultural land of the village farmers. The production of the farmers is not taken into account as the CPM Prodhans work in favour of the Duncan as paid servants, as paid workers. Next important point is that rampant corruption is going on in the larger project of irrigation, i.e., Teesta Canal Project in North Bengal in which the quality of work is so poor that when water will be released through the canal it will break down and the villagers will be washed out. There was a report of break down of a canal and a bridge of Teesta and Chopra. The conditions of hospitals have come to a deplorable condition—patients are not getting proper care, life saving

drugs are not also available in most of the hospitals. Sir, there are no schemes for employment generation for which 50 lakhs unemployed persons have been registered in the Employment Exchange Offices of the State. So, a sense of anxiety is prevailing all over the State. North Bengal districts are passing through a severe drought situation at present. But no relief measures have yet been provided to the affected people. Above all, Shri Jyoti Basu has no power in maintaining law and order as also to uplift the poor people of the State. So, he has no right to stay in the Chair any longer. Thank you.

[6-40 – 6-50 p.m.]

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিরোধী দলের নেতা জয়নাল আবেদিন সাহেব যে অনাস্থা প্রস্তাব এনেছেন এই সভাক্ষেত্রে আমি তার বিরোধিতা করছি। বিরোধিতা করছি এই জন্য যে, ভারতবর্ষে যে শাসনব্যবস্থা রয়েছে তাতে দেখা যাচ্ছে যে একদিকে কেন্দ্রতে ৪৮ বছরের মধ্যে ৪৪ বছর ধ'রে একচেটিয়াভাবে কংগ্রেস দল সমাসীন রয়েছে। পশ্চিমবাংলায় আজ আমরা বামফ্রন্ট ১৭ বছর অধিষ্ঠিত রয়েছি। রাজ্যগুলিতে বিভিন্ন জায়গায় বিভিন্ন দলের বা কম্বিনেশনের রাজত্ব চলছে। আমি কেবল যুক্তির কাছে, আবেদন করব সকলের কাছে, আমরা কি ভাবে বিচার করব—এই অনাস্থা প্রস্তাবটাকে বিচার করব? এই যে ভারতবর্ষের আর্থ সামাজিক, রাজনৈতিক পরিবেশ রয়েছে, সেই পরিবেশের মধ্যে একটা সরকার কেন্দ্র চলছে, প্রায় ৪৪ বছর ধরে একটানা রাজত্ব রয়েছে। তাদের রাজত্বে দেশের অর্থনৈতিক, সামাজিক এবং রাজনৈতিক পরিস্থিতি কতখানি উন্নতি বা অবনতি হয়েছে এবং তার সঙ্গে পাল্টাপাল্টিভাবে আমাদের ১৭ বছরের রাজত্বেও তার একটা তুলনামূলক বিচারের উপর নির্ভর করবে আমরা এই অনাস্থা প্রস্তাবকে সমর্থন করতে পারি কি পারি না। যেহেতু সময় কম, সেই জন্য আমি কতগুলি তথ্য বিশেষ ক'রে আমাদের বিরোধীদলের মধ্যে যারা লেখাপড়া জানা লোক রয়েছে, তাদের উদ্দেশ্যে নিবেদন করতে চাইছি, সাধারণভাবে একটা দেশের আর্থিক চিত্র ভাল না মন্দ এটা বাই অল স্টান্ডার্ডস তার ৯টা নিরিখ রয়েছে। সেই ৯টা নিরিখ হচ্ছে—এক, সেই দেশের সাধারণ মানুষ যে সাধারণ জিনিসগুলি ব্যবহার করে, তার দাম বাড়ছে না কমছে? সেই নিরিখে দেখা যায় যে, আজ পর্যন্ত ২২০টি জিনিসের মধ্যে ৮০টি জিনিস, যা সাধারণ মানুষ ব্যবহার করে, সেই ৮০টা জিনিসের দাম এই সাত সাতটা পরিকল্পনায় অন্তত ১২ থেকে ১৩ গুন বেড়ে গিয়েছে। এবং বিশেষ করে শেষ তিন বছরের রাজত্বে সেই বৃদ্ধির পরিমাণটা একটু বেশিই। দু নম্বর নিরিখ হচ্ছে ব্যালেন্স অব পেমেন্টের জায়গাটা কোন জায়গায় রয়েছে? আমদানি করবার জন্য আমরা যে টাকা খরচ করি, রপ্তানি থেকে যে জিনিসটা আয় করি, সেই জিনিসের মধ্যে ফারাকটা কম না বেশি? যদি বেশি হয়, তাহলে সেই চিত্র ভয়াবহ হয়ে দাঁড়ায়। ভারতবর্ষের ক্ষেত্রে সেই ফারাকটা ১৭ হাজার কোটিতে দাঁড়িয়ে গেছে। তৃতীয় নিরিখ হচ্ছে, রাজস্ব আদায় নিয়ে যে খরচ করি, তার

ফারাকটা বেশি না কম? সেই নিরিখে দেখা যাচ্ছে, প্রায় ১০৪০০ কোটি টাকা কেন্দ্রের রাজস্ব খাতে ঘাটতি র:য়েছে। চার নম্বর হচ্ছে যে, জিনিসপত্রের দামটা যে কারণে বাড়ে, এই পরোক্ষ করের ইন্সিডেন্সের প্রকোপটা বেশি না কম? দেখা যাচ্ছে, এই পরোক্ষ করের পরিমাণটা, আমি প্রায় ৫৫জন ভারতবর্ষের শ্রেষ্ঠ অর্থনীতিবিদের লেখা 'অল্টারনেটিভ ইকনমিক সার্ভে, পাবলিশড বাই পাবলিক ইন্টারেস্ট রিসার্চ গ্রুপ'—এটা কোনও মার্কামারা বামপন্থী দলের নেতা বা কর্মী নয়, ভারতবর্ষের ৫৫ জন শ্রেষ্ঠ অর্থনীতিবিদের ভাষ্য হচ্ছে এটা। পণ্ডিত জওহরলাল নেহেরুর আমলে যখন প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা চালু হয়েছিল ১৯৫১-৫২ সালে, সেই সময় আজকের বাজার দরে একটা মানুষকে মাথা পিছু ট্যাক্স গুনতে হত ১৩ টাকা। শ্রীমতী ইন্দিরা গান্ধী যখন ক্ষমতায় এলেন তখন মাথাপিছু আমরা ট্যাক্স দিলাম ৪৫ টাকা, তিনি যখন মারা গেছেন তখন আমরা মাথাপিছু ট্যাক্স দিতাম ৭৭টাকা। রাজীব গান্ধী যখন মারা গেলেন তখন আমরা মাথাপিছু ট্যাক্স দিতাম ৯৪ টাকা। এবং এই বই বলছে যে এখন আমরা মাথাপিছু পরোক্ষ কর দিই ১১৭ টাকা। নেহেরু শুরু করেছিলেন ১৩ টাকায়, আজকে ১১৭ টাকা, ৯ গুন পরোক্ষ করের পরিমাণ বেড়ে গেছে। এটা আর্থিক চিত্রের একটা সবলতার লক্ষ্যণ নয়। ৫ নম্বর নিরিখ হচ্ছে একটা দেশ তার নিজের পায়ে দাঁড়িয়েছে না বিদেশের কাছ থেকে ঋন নিয়ে চালাতে হচ্ছে। সেই নিরিখেও দেখা যায় পণ্ডিত নেহেরুর আমলে ৫ হাজার কোটি টাকা প্রথমে ঋণ ছিল সেই ঋণ আজকে বাড়তে বাড়তে পৌনে ৩ লক্ষ কোটি টাকায় দাঁড়িয়েছে এবং তার জন্য আমাদের সুদ গুনতে হচ্ছে বছরে বছরে ৮ হাজার কোটি টাকা। এই নিরিখেও দেশের অর্থনীতি, ভারতবর্ষের অর্থনীতি, খুব ভাল জায়গায় রয়েছে এটা কিছুতেই বলা যায় না। ষষ্ঠ বা সপ্তম নিরিখে যা দাঁড়াচ্ছে একটা দেশের কালো টাকার পরিমান কতটা বেড়েছে—পণ্ডিত নেহেরুর আমলে একজন অর্থনীতিবিদকে তিনি নিয়োগ করেছিলেন, প্রফেসর কার্লো, তিনি বার করেছিলেন হিসেব করে যে সেই সময় কালো টাকার পরিমাণ ছিল ৮ হাজার কোটি টাকা। আজকে এই আমলে ৯৩-৯৪ সালে কালো টাকা যে পরিমাণ দাঁড়িয়েছে তা হচ্ছে প্রায় ৭৫ হাজার কোটি টাকা। সুতরাং সেটাও অর্থনৈতিক স্বাস্থ্যের লক্ষ্যণ নয়। যে কথাটা আজকে সকলের সামনে প্রেজেন্ট করতে চাইছি, বিশেষ করে জয়নাল সাহেব লেখাপড়া করেন বলে আমার ধারণা, অতীশ সিংহ মহাশয় লেখাপড়া করেন বলে আমার ধারণা, মানস ভুঁইয়া, সুব্রত মুখার্জিরা লেখাপড়া করেন বলে আমার ধারণা, আমি তাঁদের কাছে একেবারে সবচেয়ে শেয় ওয়ার্ল্ড ডেভেলপমেন্ট রিপোর্ট, সেই জায়গায় পৃথিবীর বিভিন্ন ১৭৫-৭৬টা দেশের মধ্যে ভারতবর্ষের অবস্থান কোথায় সেটা আপনাদের একটু অনুধাবন করবার জন্য আমি বলব। সেই জায়গায় পরিষ্কার বলা হয়েছে আজকে ভারতবর্ষের পারক্যাপিটা ইনকাম এবং পারক্যাপিটা এক্সপেনডিচার থেকে ভারতবর্ষের অবস্থা একেবারে শেষের দিক থেকে ১০/১২টা দেশের উপরে, এমন জায়গায় রয়েছে। ৪৭-৪৮ বছর স্বাধীনতার পর। আর একটা হচ্ছে শেষ নিরিখ নবম বা দশম নিরিখ আর্থিক চিত্র বোঝাবার পক্ষে সেটা হচ্ছে আমাদের কর্মসংস্থানের জন্য, সেইগুলো আমরা কি পরিমাণ কারখানাগুলো হচ্ছে বা বন্ধ হয়ে যাচ্ছে। সেখানেও আমি একটা ভারতবর্ষের অন্যতম শ্রেষ্ঠ

অর্থনীতিবিদ পন্ডিত মানুষ, প্রফেসর এমারেটাস, ম্যাড্রাস ইন্সটিটিউট অফ ডেভেলপমেন্ট স্টাডিজ, সি. টি. কুড়িয়ানের একটা বই, সেটাই ই. এম. এস. নাম্বুদ্রিপাদ, ত্রিদিব চৌধুরি, জ্যোতি বসু অথবা দেবব্রত বন্দ্যোপাধ্যায় বা অসীম দাশগুপ্তর লেখা নয়, এটা সি. টি কুড়িয়ান, গ্লোবাল ক্যাপিট্যালস অফ ইন্ডিয়ান ইকনমি সেই বইতে একেবারে পরিষ্কারভাবে আজকে মালটি ন্যাশনাল কর্পোরেশনের কাছে আমরা কি ভাবে আত্মবিক্রয় করে দিচ্ছি সেই তথ্যটা এখানে খুব পরিস্ফুটভাবে বলা হয়েছে। কাজেই এই রকম একটা জায়গায় দাঁড়িয়ে যখন আমরা পাল্টা চিত্র হিসাবে আমরা পশ্চিমবাংলার অর্থনীতির কথা বলব তখন এটা আমরা কিছুতেই বলব না, আমাদের দল তো বলেই না যে এই পরিবেশের মধ্যে যথেষ্ট উন্নতি করতে পারি, এটা আমরা বলব না। কারণ সেটা সম্ভব নয় এই ধনবাদী, পুঁজিবাদী ব্যবস্থার মধ্যে, আর্থসামাজিক, রাজনৈতিক পরিস্থিতির সামনে দাঁড়িয়ে। তা সত্ত্বেও পাশাপাশি যদি একটা ছবি দেখা যায় তাহলে বিশেষ করে ৩টি ক্ষেত্রে—আমি আবার একটু বলছি, মানস ভুঁইয়া বিরোধী দলের নেতা তিনি আছেন কিনা জানিনা, আমি বিশেষ করে এগ্রিকালচারাল প্রোডাকশনের উপর মানস ভুঁইয়া একটা কথা বলেছেন আমি আবার বলছি আমার কথা, অসীম দাশগুপ্ত, জ্যোতি বসু ই. এম. এস. নাম্বুদ্রিপাদ অথবা ত্রিদিব চৌধুরিদের কথা বলছি না, সার্ভে অফ ইন্ডিয়ান এগ্রিকালচার সম্পর্কে হিন্দু পত্রিকার তরফ থেকে ১৯৯৪ সালে যে সব তথ্য প্রকাশ করা হয়েছে আপনারা দেখবেন পশ্চিমবাংলার জায়গাটা সেখানে কোথায়, বিশেষ করে গত ১৭ থেকে ১৮ বছরে কোনও জায়গায় সে এসে দাঁড়িয়েছে আর আগে কোনও জায়গায় ছিল, এই চিত্রটা অত্যন্ত পরিষ্কার হয়ে যাচ্ছে। ঠিক সেই রকম লিটারেসীর ক্ষেত্রেও আমি আর পুনরাবৃত্তি করতে চাইছি না কারণ এই সম্পর্কে আগে বলা হয়েছে, সেই জায়গায় আজকে আমরা গত ১৭/১৮ বছরের মধ্যে প্রায় ৬৮-৬৯ ভাগকে সাক্ষরতার জায়গায় আনতে পেরেছি যা নিঃসন্দেহে কৃতিত্বের ব্যাপার। তৃতীয়ত আর একটা কথা বলব আপনারা সমালোচনার দিকটাই বলেন, সেটাই তুলে ধরেন। শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় এবং নির্মল মুখার্জির কথা যখন বলেন যে দেশের পঞ্চায়েতি চিত্র কি রকম, আমাদের ভূমি-সংস্কারের চিত্র কি রকম, তার সমালোচনার দিকগুলোই তাঁরা শুধু বলবার চেষ্টা করেন।

[6-50 – 7-02 p.m.]

আমাদের ভূমি-সংস্কার এর তার সমালোচনার দিকগুলি তারা বলবার চেষ্টা করেন। কিন্তু সঙ্গে সঙ্গে আজকে শুধু তারা নয়, আমি আবার সেই বইটির কথা বলছি, সেই অলটারনেটিভ ইকনমিক সার্ভে যাতে ৫৫ জন অর্থনীতিবিদ তাঁরাও এই কথা বলবার চেষ্টা করেছেন যে আজকে বিশেষ করে ভূমিসংস্কারের ক্ষেত্রে ভারতবর্ষে যত ল্যান্ড ডিস্ট্রিবিউশন হয়েছে তার শতকরা হিসাব ভারতবর্ষের মধ্যে সবচেয়ে বেশি, এটা আপনারা স্বীকার করেন। কটেজ ইন্ডাস্ট্রি মাননীয় জয়নাল সাহেব যখন এখানে মন্ত্রী ছিলেন সেই সময় কটেজ ইন্ডাস্ট্রি বিশেষ করে আমাদের তাঁতশিল্প কোথায় ছিল? শান্তিপুরের তাঁতশিল্পের কথাই বলুন আর অন্য জায়গায় কথাই বলুন, সেই সময় কোন জায়গায় ছিল, আর আজকে কোন জায়গায়

পৌঁছেছে সেটা আপনারা বিচার বিবেচনা করুন। গণিখান চৌধুরি তখন পাওয়ার, এনার্জি এবং ইরিগেশন মন্ত্রী ছিলেন সেই সময়ের তুলনায় আজকে আমরা কোথায়, কোন জায়গায় পৌঁছেছি, এটা আমরা বলছি না, খুব একটা আশা ব্যাঞ্জক জায়গায় পৌঁছতে পেরেছি। কিন্তু নিঃসন্দেহে ১৭ বছর যে জায়গায় ছিল, আজকে তার চেয়ে অনেক উন্নত জায়গায় আমরা পৌঁছেছি আমাদের পাওয়ার প্রোডাকশনের ব্যাপারে। আমি এই কথা বিশেষ করে বলতে চাইছি এবং শেষ করতে চাইছি এই কথা বলে যে আজকে এই নৈতিক অধিকার কংগ্রেসদলের নাই। বিশেষ করে এই কথা বলেই আজকে শেষ করতে চাইছি, যারা মাল্টিন্যাশনালদের কাছে দেশকে আজকে বিক্রি করে দিয়েছেন এবং আজকে ভারতবর্ষের স্বাধীনতাকে বিপন্ন করতে চলেছেন—বিশেষ করে অর্থনৈতিক সার্বভৌমত্বকে যারা বিপন্ন করছেন, যেভাবে মাল্টিন্যাশনালদের পায়ে আত্মসমর্পণ করে ব্রাজিল, আর্জেন্টিনা,, ফিলিপাইন্স, বলিভিয়া, জামাইকা কলম্ব প্রমুখ দেশগুলির মতো ঔপনিবেশিকতাবাদের পথে যারা নিয়ে যাচ্ছেন, দেশকে রাজনৈতিক দাসত্বের পথে যারা নিয়ে যাচ্ছেন, তাদের নৈতিক অধিকার নেই আজকে এই অনাস্থা প্রস্তাব আনার। এই কথা বলেই আমি আবার তীব্রভাবে এই অনাস্থা প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

## PRESENTATION OF REPORT

### 70th Report of the Business Advisory Committee

**Mr. Speaker:** I beg to present the 70th Report of the Business Advisory Committee which at its meeting held today in my chamber considered the question of allocation of detes and time for disposal of legislative business and recommended as follows:

| | | |
|---|---|---|
| 23.9.94 : Friday | Motion under rule 185 regarding adverse effect of GATT on Agriculture Sector—Notice give by Shri Samar Baora, Shri Amiya Patra, Smt. Nanda Rani Dal, Shri Dipak Sengupta, Shri Shish Mohammad and Shri Kamakshya Ghosh. | 2 hrs. |
| 24.9.94 : Saterday | 1) Motion under rule 185 regarding devastating erosion of the river Padma at Jalangi of Murshidabad district —Notice given by Dr. Zainal Abedin, Shri Lakshmi Kanta Dey, Dr. Manas Bhunia, Shri Kripa Sindhu Saha, Shri Shakti Bal, Shri Nurul Islam Chowdhury, Shri Kshiti Goswami and Shri Biswanath Mondal. | 1 hr. |
| | 2) Notice under rule 185 on last Election of the three-tier Panchayat Bodies of the State—Notice | |

given by Dr. Manas Bhunia, Dr. Anupam Sen, Shri Sailaja Kumar Das, Shri Sanjib Kumar Das, Smt. Maya Rani Pal and Shri Anil Mudi 1 hr.

3) Notice under rule 185 regarding New Economic steps taken by the Central Government—Notice given by Smt. Arati Dasgupta, Shri Rabin Deb and Shri Lakshman Seth. 1 hr.

4) Motion under rule 185 regarding urge for indiscriminate assistance and resource mobilization among the Municipal Bodies—Notice given by Shri Subrata Mukherjee, Shri Abdul Mannan, Shri Saugata Roy, Shri Ajoy Dey, Shri Prabir Banerjee and Shri Ambica Banerjee. 1 hr.

5) Motion under rule 185 regarding expeditious sanction of Pensional benefits to the teaching and non-teaching staff of schools—Notice given by Shri Deba Prasad Sarkar. 1 hr.

(i) There will be no Question for Oral Answer and Mention cases on Friday, the 23rd September, 1994.

(ii) The House will sit at 10.00 a.m. on Saturday, the 24th September, 1994 and there will be Mention Cases on that day.

The Minister-in-Charge, Parliamentary Affairs, may now move the motion for acceptance.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to move that the 70th Report of the Business Advisory Committee presented this day be agreed to by the House.

The motion was adopted.

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** চিফ মিনিস্টার ঘোষণা করেছেন যে ট্রাম বাস চলবে না। চিফ মিনিস্টার যদি ঘোষণা করেই থাকেন যে ট্রাম বাস কিছুই চলবে না তাহলে কি ভাবে হাউস চলবে? অ্যাপ্লাই ইয়োর কমনসেন্স। বিধানসভায় চিফ মিনিস্টার ঘোষণা করেছেন যে ট্রাম বাস চলবে না, তাহলে কি করে আপনি কালকে হাউস চালাবেন?

**Mr. Speaker :** Mr. Mukherjee, you must understand, the Parlia-

ment is not in favour of the politics of the Government or the opposition. In the past, during a bandh, the House was in session.

I can assure this that every possible amenity will be maintained for the Members as much as possible. I have directed the Government to provide buses for the MLA with escort from MLA Hostel to Assembly Hosue.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মেধাকে ধন্যবাদ, আপনার ইন্টালিজেন্সকে নমস্কার। এই নো-কনফিডেন্স মোশনের ওপর আলোচনার সময় আমরা দু'ঘন্টা বাড়াবার দাবি জানালে আপনি সেটা মেনে নেন। কিন্তু স্যার, আপনার কৌশলের কাছে আমরা হার মানছি। আপনি জানেন নো-কনফিডেন্স মোশনের ওপর প্রাইম মিনিস্টার কিম্বা চীফ মিনিস্টারের বক্তব্যের পরে তার আর কোনও গুরুত্ব থাকে না।

All the Member will have a change to speak against the Government and the Prime Minister Chief Minister answers the same i.e., they get the chance at the last. But you have selected Chief Minister to speak in between. So rest in redundant.

স্যার, আপনি ক্লাসিক্যালের কথা বলেন—ডিগনিটি অফ দি পার্লামেন্টরি ডেমোক্রেসির ক্ষেত্রে এটা ক্ল্যাসিক্যাল পার্লামেন্টারি প্রোসেস হ'ল না। এটা আধুনিক বাংলা গান হয়ে গেল।

**মিঃ স্পিকার ঃ** আমরা সব ক্ষেত্রেই আধুনিকীকরণের চেষ্টা করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার, আপনার কাছে আমার নিবেদন, আপনি সব কিছু আধুনিকী করুন, তাই বলে এখানে যেন 'চলি কা পিছে' না হয়, তা একটু দেখবেন। স্যার, আজকে এ ক্ষেত্রে মাননীয় মুখ্যমন্ত্রীর বক্তৃতার পরে আর কারো বক্তৃতার কোনও স্কোপ থাকে না। ফলে এর দ্বারা আমাদের সঙ্গে বঞ্চনা করা হ'ল। এই নজির, এই কন্‌ভেনশন বোধ হয়ত আর নেই। 'আমাদের যে লেভেল অব চার্জ এগেনস্ট দি গভর্নমেন্ট—ওঁরা চেষ্টা করলেন উত্তর দেয়ার, কিন্তু আমাদের সন্তুষ্ট করতে পারলেন না। আমাদের তরফ থেকে It is effective to countenance i.e., the charges leveled against the Treasury Bench. এরপরে আমাদের আর বলার কিছু নেই, আই কমেন্ড মাই মোশন ফর ভোট।

The motion that this Assembly expresses its want of confidence in the Council of Ministers was then put and a Division was taken with the following results :

**Noes :**

Abdul Haque, Shri

Abdur Razzak Molla, Shri

Abu Ayes Mondal, Shri

Acharya, Shri Maniklal

Acharya, Shri Prabhat

Adak, Shri Kashinath

Adak, Shri Nitai Charan

Adhikari, Shri Nityananda

Adhikari, Shri Paresh Chandra

Anisur Rahman, Shri

Bagdi, Shri Bijoy

Bagdi, Shri Lakhan

Bagdi, Shri Natabar

Bal, Shri Saktiprasad

Bandyopadhyay, Shri Debabrata

Basu, Shri Jyoti

Bose, Shri Shyamaprasad

Baora, Shri Samar

Barman, Shri Debendra Nath

Barman, Shri Jogesh Chandra

Bauri, Shri Madan

Bera, Shrimati Chhaya

Bhattacharjee, Shri Buddhadeb

Bhakat, Shri Buddhadeb

Biswas, Shri Chittaranjan

Biswas, Shri Kali Prasad

Biswas Shri Kanti

Bouri, Shri Angad

Bouri, Shri Haradhan

Chakrabarty, Shri Deb Narayan

Chakrabarty, Shrimati Kumkum

Chakraborty, Shri Satyasadhan

Chakrabarty, Shri Shyamal

Chakraborty, Shrimati Tania

Chakraborty, Shri Umapati

Chatterjee, Shri Dhirendra Nath

Chatterjee, Shrimati Nirupama

Chattopadhyay, Shrimati Sandhya

Chattopadhyay, Shri Santasri

Chatterjee, Shrimati, Santi

Chatterjee, Shri Tarun

Choudhury, Shri Bansa Gopal

Chowdhury, Shri Bikash

Chowdhury, Shri Sibendra Narayan

Chowdhury, Shri Subhendu

Chowdhury, Shri Subodh

Dal, Shrimati Nandarani

Das, Shri Ananda Gopal

Das, Shri Benode

Das, Shri Debesh

Das, Shri Jagadish Chandra

Das, Shri Nirmal

Das, Shri S. R.

Das Gupta, Shrimati Arati

Das Mahapatra, Shri Kamakshyanandan

Deb, Shri Goutam

Deb, Shri Rabin

Deb, Shri Saral

Dey, Shri Lakshmi Kanta

Dey, Shri Narendra Nath

De, Shri Partha

Dhar, Shri Padmanidhi

Doloi, Shri Siba Prasad

Duley, Shri Krishnaprasad

Dutta, Dr. Gouripada

Ganguly, Shri Shanti

Gayen, Shri Nripen

Ghosh, Shrimati Chhaya

Ghosh, Shri Kamakhya Charan

Ghosh, Shri Rabindra

Ghosh, Shri Susanta

Goswami, Shri Kshiti

Goswami, Shri Subhas

Hazra, Shri Haran

Hajra, Shri Sachindra Nath

Hajra, Shri Samar

Hazra, Shri Sundar

Halder, Shri Krishna Chandra

Halder, Shri Krishnadhan

Hembram, Shrimati Arati

Hore, Shri Tapan

Idrish Mondal, Shri

Jahangir Karim, Shri SK.

Jam-adar, Shri Badal

Jana, Shri Manindra Nath

Joardar, Shri Dinesh

Kalimuddin Shams, Shri

Kar, Shri Nani

Kisku, Shri Lakshi Ram

Kisku, Shri Upendra

Koley, Shri Barindra Nath

Konar, Shrimati Maharani

Lama, Shri Dara

Let, Shri Dhiren

Mahato, Shri Bindeswar

Mahata, Shri Kamala Kanta

Maity, Shri Hrishikesh

Majhi, Shri Bhandu

Majhi, Shri Nandadulal

Maji, Shri Pannalal

Majhi, Shri Raicharan

Maji, Shri Surendra Nath

Malakar, Shri Manigopal

Malik, Shri Sreedhar

Mondal, Shri Bhadreswar

Mondal, Shri Biswanath

Mondal, Shri Ganesh Chandra

Mondal, Shri Kshiti Ranjan

Mondal, Shri Prabhanjan Kumar

Mondal, Shri Rabindra Nath

Mondal, Shri Raj Kumar

Mondal, Shri Manik Chandra

Mondal, Shri Sailendranath

Manna, Shri Janmejoy

Md. Ansaruddin, Shri

Md. Mahamuddin, Shri

Md. Nizamuddin, Shri

Md. Yakub, Shri

Minj. Shri Prakash

Misra, Shri Surya Kanta

Mistry, Shri Bimal

Mitra, Shri Biswanath

Mitra, Shrimati Jayasree

Moitra, Shri Birendra Kumar

Mostafa Bin Quasem, Shri

Mozammel Haque, Shri

Mukherjee, Shri Anil

Mukherjee, Shri Dipak

Mukherjee, Shri Manabendra

Mukherjee, Shri Narayan

Mukherjee, Shri Nirmal

Munda, Shri Chaitan

Murmu, Shri Debnath

Murmu, Shri Maheswar

Nanda, Shri Brahmamoy

Nanda, Shri Kiranmay

Naskar, Shri Subhas

Nath, Shri Madanmohan

Nazmul Haque, Shri

Neogy, Shri Brajogopal

Omar Ali, Dr.

Oraon, Shri Jagannath

Paik, Shri Sunirmal

Pakhira, Shri Ratan Chandra

Pathak, Shri Patit Paban

Patra, Shri Amiya

Phodikar, Shri Prabhas Chandra

Pramanik, Shri Abinash

Pramanik, Shri Sudhir

Putatunda, Shrimati Anuradha

Ray, Shri Achintya Krishna

Roy, Shri Mrinal Kanti

Roy, Shri Sattik Kumar

Ray, Shri Subhash Chandra

Ray, Shri Tapan

Saha, Shri Kripa Sindhu

Sanyal, Shri Kamalendu

Saren, Shri Subhas Chandra

Sarkar, Shri Nayan

Sarkar, Shri Sisir Kumar

Sarkar, Shri Sisir

Sahis, Shrimati Bilasibala

Sen, Shri Dhiren

Sen, Sankar Kumar

Sen Gupta, Shri Dipak

Sen Gupta (Bose), Shrimati Kamal

Sen Gupta, Shri Prabir

Seth, Shri Lakshman Chandra

Shaw, Prabin Kumar

Shaikh Khabiruddin Ahmed, Shri

Singh, Lagan Deo

Sinha, Shri Prabodh Chandra

Sinha, Shri Nirmal

Sk. Nazmul Haque, Shri

Soren, Shri Khara

Sur, Shri Prasanta Kumar

Syed Nawab Jane Meerza, Shri

Talukdar, Shri Pralay

Tirkey, Shri Monohar

**Ayes**

Abu Hena, Shri

Abdus Salam Munshi, Shri

Banerjee, Shri Ambica

Basu, Dr. Hoimi

Bhowmik, Shri Manik

Bhunia, Dr. Manas

Chattopadhyay, Shri Shovan Deb

Das, Shri Sailaja Kumar

Fazle Azim Molla, Shri

Gyan Singh Sohanpal, Shri

Haji Sajjad Hossain

Khaitan, Shri Rajesh

Lahiri, Shri Jatu

Maity, Shri Mukul Bikash

Md. Abul Karim Choudhury, Shri

Mitra, Shrimati Sabitri

Mitra, Shri Somendra Nath

Motahar Hossain, Dr.

Mudi, Shri Anil

Mukherjee, Shri Subrata

Nasiruddin Khan, Shri

Nurul Islam Chowdhury, Shri

Pande, Shri Sadhan

Poddar, Shri Deokinandan

Rubi Nur, Shrimati

Sinha, Shri Atish Chandra

Zainal Abedin, Dr.

The Ayes being 27 and Noes 179.

the motion was lost.

## Adjournment

The House was then adjourned at 7.02 p.m. till 11 a.m. on Friday, the 23rd September, 1994 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Friday, the 23rd September, 1994 at 11.00 p.m.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 13 Ministers, 4 Ministers of State and 113 Members.

[11-00 — 11-10 a.m.]

### STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now the Minister-in-charge of Public Works Department to make a Statement on the Subject of Urge for Construction of a by-pass from Panchpota to Petrapol at Bangaon in North 24 Pgs district. (The attention called by Shri Bhupen Sett on 22.9.94.)

**শ্রী মতীশ রায় ঃ** মিঃ স্পিকার স্যার, মাননীয় বিধায়ক শ্রী ভূপেন শেঠ মহাশয় যে দৃষ্টি আকর্ষনী প্রস্তাব এই হাউসের সামনে পেশ করেছেন সে ব্যাপারে পূর্ত দপ্তরের পক্ষ থেকে আমার বক্তব্য এই হাউসের সামনে আমি রাখছি। পাঁচপোতা থেকে পেট্রাপোল পর্যন্ত প্রস্তাবিত বাইপাস নির্মাণের কোনও আশু পরিকল্পনা আমাদের নেই। কারণ কেন্দ্রীয় সরকারের ভূতল পরিবহন দপ্তরের সঙ্গে অতীতে আমরা এই ব্যাপারে আলোচনা করেছিলাম, তাঁরা কোনও আগ্রহ দেখাননি। এখন বলছি মাননীয় বিধায়ক তাঁর এই প্রস্তাবের ক্ষেত্রে যদি আগ্রহান্বিত হন আমরা আবার এটাকে পরীক্ষা করে দেখার এবং এই সমস্যাটির আর্থকারিগরি দিক থেকে পরিকল্পনাটির রূপায়ণের সম্ভাব্যতা বিচার করে আমরা একটি টেকনিক্যাল রিপোর্ট চাইব এবং তার পরবর্তী পদক্ষেপ নেওয়া যায় কিনা, প্রয়োজন হলে পরে হাউসকে আবার জানিয়ে দোব।

### STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now, the Minister-in-charge of Labour Department to make a statement in connection with Kanoria Jute and Industries Ltd. (The attention called by Shri Dipak Mukherjee, M.L.A. on 21.9.94)

**Shri Santi Ranjan Ghatak :** Kanoria Jute Mill being a sick unit, it came within the purview of BIFR. Under a scheme approved by BIFR the present management took over the mill in February 1991. The rehabilitation scheme approved by BIFR however failed to take off as the financial institutions and banks did not release funds as agreed to by them. Under the BIFR Scheme an amount of Rs.11/- was to be

deducted daily from the wages of each worker. The new promoter also failed to contribute the full amount as per approved BIFR Scheme. A huge amount due to the workers as enhanced VDA, Bonus for several years, gratuity to retired workmen, P.F. and ESI contributions etc. remained unpaid.

The Hon'ble members are aware that the management had declared Suspension or work in the mill w.e.f. 26.11.93 using the stay-in-strike observed by a section of workers as a plea. The Labour Commissioner, however, continued discussion with the registered Trade Unions regarding the pending issues. But no settlement could be reached as the management did not agree to pay wages as per industry wide wage settlement and discontinue the deduction of Rs.11/- per day from the wages of the workers.

In the meantime the Sangrami Shramik Union get registered. Several discussions were held jointly and separately with Sangrami Shramik Union and other Trade Unions functioning in the mill. But unfortunetely, no solution could be found out.

The management of Kanoria Jute Mill had in the meantime filed a petition in the Hon'ble High Court at Calcutta for maintenance of law and order inside the mill premises. The Sangrami Shramik union became a party to this case and moved the High Court for orders so that the finished products stored in the mill could be sold and out of sale proceeds, the workers could be paid their wages and salaries. The State Government supported this move. The High Court had finally dispased of writ petition on 15.9.94 directing, inter alia, to ensure that for the purpose of operating the Mill, there is no obstacle or hindrance to the entry of raw materials in the mill premises and the removal of finished goods therefrom, subject of course, to such other orders that may be passed by the special forums which are competent to go into and decide the claims of the employees. If the Lock-out of the mill is lifted and work in the mill is resumed, the petitioner shall pay wages/salaries for the broken months of Nov. '93 within a week.

In its meeting dated 17.3.93 BIFR directed the operating agency (IFCI) to submit a new scheme as the scheme approved in 1991 had been non-viable. Four schemes had been submitted to BIFR and IFCI for their consideration. These are (I) running of the mill through a

cooperative society to be formed by the workers, (2) joint management by workers and a private promoter (on the basis of 40 : 60 ratio), (3) scheme given by the present promoter and (4) scheme given by a new promoter.

The meeting of BIFR was held on 21st September 1994 to consider these schemes. BIFR, however, found none of the schemes viable and rejected all of them. BIFR has, however, directed the State Govt. to formulate a revival scheme within six weeks in consultation with the Financial Institutions, the management and the Trade Unions and submit it to BIFR for consideration.

Sangrami Shramik Union in its meeting with the C.M. on 30.8.94 was insisting that the State Govt. should take over the management of the mill temporarily and subsequently hand lover the mill to the new management. Our Chief Minister informed the union leaders that was not possible for the State Government to take over the management of the mill, even temporarily. The policy of the State Govt. is the same for all closed units. It was pointed out that the mill might be opened through discussion with the financial institutions and the State Government and on the basis of a scheme approved by BIFR. Our Chief Minister khas assured all possible help for the purpose. Other unions functioning in the mill had also met the Chief Minister on 2.9.94 and requested him to take early steps for reopening of the mill.

During the last 10 months the Sangrami Shramik Union had under taken several agitational programmes including Rail Rokha. Some of the leaders of the Union had observed hunger strike to press their demands. They had made different demands at different times but unfortunately, they failed to come up with any constructive proposal to end this deadlock. We understand that the Central Government have assured all cooperation for reopening of the jute mill. The State Government is also ready to extend all possible assistance within its limitations. But the key to the solution of the impasse in the mill largely lies in any scheme of rehabilitation finalised by BIFR which should be implemented promptly by the financial institutions and others. The State Govt. would do whatever possible within its power for formulation of scheme with a view to reopen the mill early.

## *CONSIDERATION OF REPORT*

**Consideration of the Second Report of the Committee of Privileges, 1994-95**

**The Chairman (Shri Anil Mukherjee) :** Sir, I beg to move that the Second Report of the Committee of Privileges of the Eleventh Legislative Assembly, as presented to the House on the 22nd September, 1994 be taken into Consideration.

The motion was then put and agreed to.

**The Chairman (Shri Anil Mukherjee) :** Sir, I beg to move that the recommendation contained in the Second Report of the Committee of Privileges of the Eleventh Legislative Assembly be agreed to by the House.

The motion was adopted.

[11-10 – 11-20 a.m.]

### Motion Under Rule 185

**শ্রী সমর বাওরা ঃ** Sir, I beg to move আমি কৃষিক্ষেত্রে গ্যাট চুক্তির যে ক্ষতিকারক প্রভাব পড়বে বা পড়তে শুরু করেছে, সে সম্পর্কে এই প্রস্তাব এনেছি। আমাদের দেশ ঐ চুক্তিতে অন্তর্ভুক্ত হয়েছে। তার থেকে বেরিয়ে আসার ব্যাপারে এই প্রস্তাবটি আমি এখানে উত্থাপন করছি।

"যেহেতু আমাদের দেশ কৃষি প্রধান দেশ, তাই এই দেশে কৃষি ও কৃষকের উন্নতিসাধন, এবং অন্যান্য বিষয়েও দেশের অগ্রগতি সম্ভব করার একটি পূর্বশর্ত ;

যেহেতু স্বাধীনতার পর থেকে আমাদের দেশের তথা রাজ্যের কৃষিক্ষেত্রে কিছু অগ্রগতি ঘটলেও বর্তমানে আমাদের দেশের কৃষিক্ষেত্র এক ভয়ঙ্কর বিপদের সম্মুখীন ;

যেহেতু গ্যাট চুক্তির ফলশ্রুতিতে কৃষির উপকরণগুলি যথা—স্যার, বীজ, কীটনাশক, সেচ ও বিদ্যুৎ প্রভৃতির মূল্যবৃদ্ধি ঘটবে ;

যেহেতু গ্যাট চুক্তির প্রভাবে কৃষিক্ষেত্রে উন্নত বীজের ব্যবহারে পেটেন্ট-সংক্রান্ত বিধিনিষেধ আরোপিত হবে ;

যেহেতু এই চুক্তির প্রভাব রপ্তানিমুখী কৃষিপণ্য উৎপাদনের নামে দেশের খাদ্য উৎপাদন বিঘ্নিত করবে এবং খাদ্যের জন্য আমাদের দেশকে বিদেশের উপর নির্ভরশীল করে তুলবে ;

যেহেতু এই চুক্তির প্রভাব গণবন্টন ব্যবস্থা বানচাল করে কৃষকসহ দরিদ্র জনগণের জীবনযাত্রা দুর্বিসহ করে তুলবে ;

অতএব এই সভা কৃষি ও কৃষকের তথা সমগ্র দেশের সর্বনাশ সৃষ্টিকারী গ্যাট চুক্তি থেকে বেরিয়ে আসার জন্য রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাচ্ছে।"

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই প্রস্তাবকে সমর্থন করতে উঠে কয়েকটি কথা বলতে চাই। যদিও আজকে আমি বিরোধী দলের সদস্যদের দেখতে পাচ্ছি না। যারা বাইরে এই চুক্তি সম্পাদনের পক্ষে বিভিন্নভাবে জনগণকে বিভ্রান্ত করার জন্য চেষ্টা করছেন এবং তাদের বোঝাবার চেষ্টা করছেন এই গ্যাট চুক্তির মধ্যে দিয়ে ভারতবর্ষের বিভিন্ন ক্ষেত্রে নাকি ভাল হবে। ফলে আজকে তাদের সেই যুক্তি এখানে শুনতে না পেলেও আলোচনার শেষের দিকে অন্যরা যারা আলোচনায় অংশ নেবেন তাদের বলার পরে আমি বলব। ওরা বাইরে কি আলোচনা করছেন সেইগুলি বলারও চেষ্টা করব। (ভয়েস : আপনি এখনি বলে নিন) মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাহলে আমি আজকে আর রাইট টু রিপ্লাই এর প্রয়োগের দিকে যাচ্ছি না। আমি এক্ষেত্রে প্রস্তাব উত্থাপন করার সাথে সাথে আমার বক্তব্যও রাখছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন একটি দেশ, সেই দেশের মোট জনসংখ্যা যা তার কর্মরত অংশের কতটা কোনও জীবিকার ক্ষেত্রে নিয়োজিত তার উপর নির্ভর করে আমরা গোটা দেশকে বলতে পারি দেশটা শিল্প নির্ভর কি কৃষি নির্ভর। অন্য জীবিকা নির্ভর কিনা। অতএব কোনও একটি আন্তর্জাতিক চুক্তি, সেই আন্তর্জাতিক চুক্তি কোনও একটি দেশের কৃষি ক্ষেত্রে আঘাত করবে, কি শিল্প ক্ষেত্রে আঘাত করবে, এই সমস্ত বিচার করবার পূর্বে, প্রথমে বিচার করে নেওয়া দরকার, যে কোনও একটি দেশ সেটা শিল্প নির্ভর না কৃষি নির্ভর। ধরুন আজকে আমি যে প্রস্তাব এখানে উত্থাপন করেছি তা হচ্ছে গ্যাট চুক্তির যে প্রভাব পড়বে কৃষিক্ষেত্রে, ভারতবর্ষের কৃষিক্ষেত্রে তার যে ক্ষতিকারক প্রভাব পড়বে, সেই প্রভাব সম্পর্কে কতকগুলি আলোচনা এখানে তুলে ধরতে চাই। কি ক্ষতি হবে। যুক্তি দেখানো যখন হয়, যারা গ্যাট চুক্তির আওতাভুক্ত ঐ আমেরিকার কৃষি, জাপানের কৃষি, সেক্ষেত্রে আমার প্রশ্ন যেখানে আমেরিকায় কর্মরত মোট জনসংখ্যার ওয়ার্কিং পপুলেশন হচ্ছে ফিফটি পারসেন্ট, সেই ওয়ার্কিং পপুলেশন এর মাত্র শতকরা ৩ ভাগ হচ্ছে কৃষি ক্ষেত্রে নিয়োজিত অতএব কৃষি ক্ষেত্রে প্রযুক্ত হবে এমন কোনও আন্তর্জাতিক চুক্তির প্লাস মাইনাস যাই ঘটুক না কেন আমেরিকার ক্ষেত্রে তা বিশেষ হেরফের ঘটাতে পারবে না। জাপানে মোট কর্মরত জনসংখ্যার শতকরা ৭ ভাগ হচ্ছে কৃষিক্ষেত্রে নিয়োজিত। কিন্তু ভারতবর্ষের মোট কর্মরত জনসংখ্যার শতকরা ৬২ ভাগ হচ্ছে কৃষিক্ষেত্রে নিয়োজিত। ভারতবর্ষের মোট যে জাতীয় উৎপাদন, সেই জাতীয় উৎপাদনে শতকরা ৬৬ ভাগ গত বছরের সংখ্যার হিসাবে কৃষি ক্ষেত্র থেকে আসে। এমন একটা কৃষি প্রধান দেশের যদি সামান্যতম আঘাত কৃষিক্ষেত্রে দেওয়া হয় তাহলে সেই দেশের অর্থ ব্যবস্থার অস্তিত্বটা টলমল হয়ে পড়ে। আমরা জানি, আমাদের এই কৃষি নির্ভর

*দেশে, কৃষির উপর ভিত্তি করে আমাদের দেশের স্বাধীনতার পথ বিকাশিত করা হবে, এই* আশা আমাদের দেশের জনগণ করেছিলেন, ফলে কৃষির উন্নতি এবং কৃষকের উন্নতি, আমরা এটা অনেকে কৃষির উন্নতি বলতে বুঝি যে কৃষিক্ষেত্রে কত উৎপন্ন হল—আমরা বামপন্থীরা এটা একটু অন্যভাবে বুঝি। হ্যাঁ, নিশ্চয় উৎপাদনের বিকাশের মধ্যে দিয়ে বলব কতটা উন্নতি হল। সেই সঙ্গে আমাদের আর একটা মাপমাঠি এই উৎপাদিত সামগ্রী যাদের মেহনত এর সঙ্গে যুক্ত তাদের হাতে কতটা গেল অর্থাৎ শুধু প্রোডাকশন নয়, সেই সঙ্গে চাই ডিস্ট্রিবিউশন। অর্থাৎ উৎপাদিত সামগ্রীগুলি বন্টন কতটা কোনও অংশের হাতে গেল, ফলে কৃষির উন্নতির সাথে আমরা কৃষকের উন্নতি ; এই কৃষির ও কৃষকের উন্নতির জন্য যেটা প্রয়োজন, সেটা হচ্ছে এই ভূমিসংস্কারের মধ্যে দিয়ে কৃষককে উৎসাহিত করা এবং বিভিন্ন ধরনের উপকরণের সরবরাহকে নিশ্চিত করা।

[11-20 – 11-30 a.m.]

দেশে উৎপাদন বৃদ্ধি ঘটানোর সঙ্গে সঙ্গে প্রকৃত কৃষকরা যাতে উৎপাদিত সামগ্রীগুলি ভোগ করতে পারে তার একটা নির্দিষ্ট ব্যবস্থা করা এই লক্ষ্যে আমাদের স্বাধীন ভারতবর্ষ যাত্রা করবে এই আশা আমাদের দেশের স্বাধীনতা সংগ্রামীরা করেছিলেন। আমরা যারা বামপন্থী আন্দোলন করি আমাদেরও সেটা দাবি এবং আমরা সেইজন্য এখনও সংগ্রাম করে যাচ্ছি। কিন্তু এই গ্যাট চুক্তি, যে গ্যাট চুক্তি বিভিন্ন ক্ষেত্রে, বিভিন্ন ধরনের অর্থনৈতিক জীবনযাত্রার—গোটা বিশ্বের—ব্যাপারটা আজকে গ্যাট চুক্তির আওতায় আনা হয়েছে। সেখানে এই গ্যাট চুক্তি জীবন-যাত্রার বিভিন্ন ক্ষেত্রকে নিয়ে, ২৮টি বিষয় নিয়ে সম্পাদিত হয়েছে। সেই চুক্তির ২৮টি বিষয়ের মধ্যে একটি জায়গা হচ্ছে এগ্রিকালচার এবং সেই ক্ষেত্রে গ্যাটচুক্তির যে সাধারণ সূত্রগুলো আছে তার একটি হচ্ছে মার্কেট অ্যাসেস। অর্থাৎ দু'হাজার তিন সালের মধ্যে ২৪ পারসেন্ট আমদানি শুল্ক কমিয়ে দিতে হবে। কেন ভারতবর্ষের মতো একটা উন্নয়নশীল দেশকে—যার বিশাল একটা খাদ্যের বাজার আছে—অন্য দেশ থেকে উৎপাদিত খাদ্যশস্য আমাদের দেশে আমদানি করতে হবে। এই একটা বাধ্যতামূলক শর্ত এই চুক্তির মধ্যে আছে। মার্কেট অ্যাসেস প্রসঙ্গে চুক্তির যে ধারাটি আছে আমদানি শুল্ক কত হ্রাস করার বিষয়ে সেখানে বলা আছে, ১৯৮৬-৮৮ সাল, এই সময়ে উন্নয়নশীল দেশগুলো যে খাদশস্য ভোগ করেছেন, সেই হারে আমদানি করতে হবে। অথবা ঐ সময়ে দেশের মানুষ যে খাদশস্য ভোগ করেছে তার শতকরা তিনভাগ পর্যন্ত বিদেশ থেকে আমদানি করতে হবে এবং তা করতে গেলে আমাদের ভারতবর্ষকে প্রতি বছরে ৫০ লক্ষ টন খাদ্যশস্য আমদানি করতে হবে। তাছাড়া তিন লক্ষ টন তুলোও আমদানি করতে হবে। আমরা কথায় কথায় আমাদের দেশ বলছি, বিভিন্ন সময়ে আমাদের যে সমস্ত বানিজ্য ঘাটতি হচ্ছে, ব্যালেন্স অফ পেমেন্টের যে ঘাটতি হচ্ছে, এই ঘটার কারণে আমরা আমাদের কিছু প্রয়োজনীয় জিনিস অনেক সময় আনতে পারিনা। সে ক্ষেত্রে এই ধরনের এগ্রিমেন্ট, যেখানে ৫০ লক্ষ টন খাদ্য বিদেশ থেকে আমদানি করতে হবে বাধ্যতামূলকভাবে এই চুক্তির ফলে। আমাদের দেশে যে পদক্ষেপগুলো

এতদিন ধরে নেওয়ার চেষ্টা হচ্ছে, সেটা হতে বাধ্য। আমরা তাই দেখতে পাই আমাদের দেশে যেখানে সার কারখানাগুলো বন্ধ হয়ে যাচ্ছে, আমরা যখন দেখতে পাই বিভিন্ন ধরণের উপকরণগুলো এবং এই ধরনের সাহায্য ও সহযোগীতা যা দেওয়া হত তা প্রত্যাহার করে নেওয়া হচ্ছে। এই চুক্তির অন্য ব্যবস্থা হিসাবে আরেকটি হচ্ছে অভ্যন্তরীণ ভর্তুকির প্রশ্ন, অর্থাৎ ডোমেস্টিক সার্পোর্ট। আমাদের দেশের যে বাজার, সেই বাজারটা বিদেশের হাতে তুলে দেওয়ার লক্ষ্য নিয়ে, আমাদের দেশের কৃষকদের উৎসাহিত করার জন্য যেটুকু ব্যবস্থা নেওয়া হয়েছিল, সেই ব্যবস্থাগুলিকে প্রত্যাহার করে নেওয়া হয়েছে। আমরা জানি যেসব সারে চাষীরা এতদিন ভর্তুকি পেয়েছিল, সেই ভর্তুকি আজকে কমিয়ে নিয়ে আসা হচ্ছে। কিন্তু ওরা বলছে কই ভর্তুকি তো প্রত্যাহার করা হয়নি। বামপন্থীরা এটা অপপ্রচার চালাচ্ছে ভর্তুকির ব্যবস্থা চালু আছে। একটা সময় ছিল যখন ভর্তুকি দিয়ে সার কৃষকরা স্বল্পমূল্যে পেতেন। কিন্তু আজকে সর্বোচ্চ পরিমাণ বেঁধে দেওয়া আছে ৩৫ টাকা। বলা হচ্ছে, হ্যাঁ ভর্তুকি বহাল আছে। কিন্তু সেই ভর্তুকি মূল্যহ্রাসের ক্ষেত্রে কোনও ভূমিকা পালন করবে না এবং চাষীরাও এর কোনও সুফল পাবে না।

ফলে সার আজকে কৃষকের নাগালের বাইরে চলে যাচ্ছে। ওরা বলার চেষ্টা করে যে আমদানি করতে হবে। একথা বলা হয়েছে। কিন্তু বামপন্থীরা বলছেন এটা ঠিক নয়। কারণ যদি কোনও দেশের ব্যালেন্স অফ পেমেন্টের ঘাটতি থাকে তাহলে তাকে আমদানি করতে হবে না। এটা আছে ঐ এগ্রিমেন্টে। কিন্তু ঘাটতি কে ঠিক করবে? ভারত সরকার ঠিক করবে। সে বলে দেবে আমাদের ব্যালেন্স অফ পেমেন্টে ঘাটতি আছে। কিন্তু তা ঠিক করবে যত দিন না ওয়ার্ল্ড ট্রেড অর্গানাইজেশন তৈরি করা হচ্ছে। এখন কিন্তু আই. এম. এফ. ঠিক করে দেবে কোনও দেশের ব্যালেন্স অফ পেমেন্ট-এ ঘাটতি আছে কি নেই? ধরুন, ওরা বলছে, না আমদানির উপর এই শর্ত প্রযোজ্য করা হবে না বা গ্যাট চুক্তির শর্ত প্রযোজ্য হবে না ভারতের মতো দেশে। কারণ যেহেতু, ভারতের গড় আয় হচ্ছে ৩১৬ মাথাপিছু। আমাদের দেশের অর্থমন্ত্রী খুব সন্তুষ্ট। আমাদের দেশের গ্যাট চুক্তির প্রবক্তারা বলছেন, না এই সমস্ত শর্তগুলো প্রযোজ্য হবে না। ভারত-এর মাথাপিছু আয় ৩১৬ টাকা। কিন্তু সেখানে আই. এম. এফ. বলে দিয়েছে, না তোমাদের এত সন্তুষ্ট হওয়ার কারণ নেই। কেননা, পি. পি. পি. এই ফর্মূলা অনুযায়ী তোমাদের দেশের ৩১৬ যে জিনিসপত্র কেনা যায় সেই জিনিসপত্র আমেরিকার বাজারে কিনতে গেলে দরকার হয় সাড়ে ১২০০ ডলার অতএব, তোমার দেশের ৩১৬ ডলার ইকুয়াল টু ইন্টারন্যাশনালি ১২৫০ ডলার এবং ১ হাজার ডলার মাথাপিছু আয়ের দেশে তো এই মুহূর্তে থেকে প্রযোজ্য হবে। অর্থাৎ পি. পাওয়ার ফর্মূলায় ভারত সরকার এই যে প্রচার করছেন, ৩১৬ ডলার মাথাপিছু আয় সম্পন্ন আমাদের দেশ ; সুতরাং আমাদের উপর এর খারাপ শর্তগুলো প্রযোজ্য হবে না, সেই সন্তুষ্টির মধ্যে থাকার কোনও কারণ নেই। আমরা দেখতে পাচ্ছি, তাই আজকে বিদ্যুতের ১৪ গুন মূল্য বৃদ্ধি ঘটবে। তাই আজকে ভারতবর্ষ নো মোর পাবলিক ফিনান্স ইন এক্সপেনডিচার ইন ইরিগেশন।

*আর নতুন করে কেন্দ্রীয় সরকার কোনও বড় সেচ প্রকল্পে সরকারি সাহায্য দিতে প্রস্তুত নন। আজকে গ্যাট চুক্তির প্রভাবে সরকারি ব্যয় হ্রাস করার যে সমস্ত শর্তাবলী রয়েছে, তাতে* কৃষিক্ষেত্রে ও সেচের ক্ষেত্রে সরকারি কোনও ধরনের পরিকল্পনাগুলোতে খরচ করা হবে না। ফল দাঁড়াবে, সার কৃষকের নাগালের বাইরে চলে যাবে। সেচ কৃষকের নাগালের বাইরে চলে যাবে। বিদ্যুৎ, পরিবহন, প্রভৃতি থেকে সমস্ত সুযোগ-সুবিধাগুলোর ক্ষেত্রে সমস্ত ধরনের ভরতুকি প্রত্যাহার করে নেবার পর তা মানুষের নাগালের বাইরে চলে যাবে। সেক্ষেত্রে কৃষককে কৃষির মধ্যে টিকে থাকা কার্যত সম্ভব হবে না। ধরুন, ওরা বলছেন, আমাদের দেশে নাকি ভরতুকি দেওয়া হয়েছে ৫.২ পারসেন্ট। অর্থাৎ ১০ পারসেন্টের নিচে ভরতুকি নামিয়ে আনতে হবে। তা আমরা তো আছি ৫.২ পারসেন্টে। অতএব ১০ পারসেন্ট-এর মধ্যে নেমে আসতে হবে এই শর্ত থাকলেই বা কি আর না থাকলেই বা কি। আমরা অত ভরতুকি দিইও না, তথ্যও ঠিক নয়। আমাদের দেশের যে সমস্ত নেতারা এই কথা বলে বেড়াচ্ছেন তারা অসত্য কথা বলছেন। হিসাব করে কয়েকজন অর্থনীতিবিদ দেখিয়ে দিয়েছেন যে, ভারতবর্ষে প্রত্যক্ষ এবং পরোক্ষ সব ধরনের ভরতুকি ডাইরেক্ট সাবসিডি অন ইনভেস্টমেন্ট এবং সেই সঙ্গে ইনডাইরেক্ট সাবসিডি সব নিয়ে কার্যত ১৪ পারসেন্ট ভর্তুকি চালু ছিল। হাটে সার কিনতে গিয়ে ভরতুকি পাওয়া যেত না। কিন্তু বিভিন্নভাবে ডাইরেক্ট এবং ইন-ডাইরেক্ট সাবসিডির মধ্যে দিয়ে ১৪ পারসেন্ট ভরতুকি পাওয়া যেত। সেক্ষেত্রে ১০ পারসেন্ট-এর নিচে নেমে আসা অর্থাৎ কৃষককে ৬০-এর দশক থেকে সবুজ বিপ্লবের নামকরে উন্নত বীজ, সার, সেচ, রাসায়নিক যন্ত্রপাতি, কম মূল্যে কৃষির জন্য বিদ্যুৎ, বিভিন্ন ধরনের সুযোগের মধ্য দিয়ে আমাদের দেশে যে ভাবে খাদ্যের উৎপাদনকে কিছুটা বিকশিত করা হয়েছিল এবং সেক্ষেত্রে আমাদের দেশে যে পরিমাণ খাদ্য প্রয়োজন সেই পরিমাণ খাদ্য সম্পূর্ণ তৈরি না হলেও মোটামুটি বিদেশ থেকে খাদ্য আমদানি করা বন্ধ হয়েছিল। এই রকম একটা জায়গায় পৌঁছেছিল।

[11-30 – 11-40 a.m.]

আজকে এই ধরনের সুযোগগুলি প্রত্যাহার করে নেবার ফলেতে আমাদের দেশের কৃষি উৎপাদন মার খেতে বাধ্য। না, ভরতুকি দেওয়া যাবে না। অথচ অদ্ভুত ব্যাপার ভারত সরকার যেখানে কৃষকদের ভরতুকি দিতে পারবে না সেখানে কোনও মালটি-ন্যাশনাল কর্পোরেশন ভারতবর্ষের বুকে যদি কোনও অ্যাগ্রো বেসড কারবার করতে চায়—যেমন পেপসি করছে পাঞ্জাবে, কারগিল করছে দক্ষিণ কর্ণাটকে, তামিলনাড়ুতে তারা তাদের যদি কৃষককে, সেখানে তারা যে কনট্রাক্ট ফারমারকে দিয়ে কাজ করাচ্ছে তাদের যদি কোনও ধরনের ভরতুকি দেয় তাহলে সেখানে কোনও বাধা নেই। অদ্ভুত ব্যাপার, গভর্নমেন্ট কৃষককে ভরতুকি দিতে পারবেন না অথচ মালটি-ন্যাশনাল কর্পোরেশনগুলি যারা কৃষিভিত্তিক কোনও কাজ কারবার করার জন্য এ দেশে আসবে তারা তাদের কন্ট্রাক্ট ফারমারদের কোনও সুযোগসুবিধা দিয়ে একটা ফসল থেকে অন্য ফসলে তারা ডাইভার্ট করে নেবার চেষ্টা করবে, সেটা তারা করছে এবং সেখানে ভরতুকি নিষিদ্ধ নয়। এর ফল কিন্তু ক্ষতিকারক। ক্ষতিকারক অন্য জায়গায়।

হ্যাঁ, এই জিনিস ঘটছে। পাঞ্জাবে ঘটেছে, কর্ণাটক, তামিলনাড়ুতে ঘটেছে। তারপর গ্যাট চুক্তির যে তৃতীয় বৈশিষ্ট সেটা হচ্ছে এক্সপোর্ট কমপিটিশন। রপ্তানি বাড়াতে হবে। ঠিকই তো। আমাদের কিছু যদি আমদানি করতে হয়—ধরুন চুক্তি অনুযায়ী আমাদের ৫০ লক্ষ টন খাদ্যশস্য আমদানি করতে হবে, ৩ লক্ষ টন তুলো আমদানি করতেই হবে, আরও কিছু কিছু জিনিস আমাদের আমদানি করতেই হবে এবং তার সঙ্গে এই নয়া শিল্পনীতি, অর্থনীতি এইসব যে বিষয়গুলি আছে যারমধ্যে এই গ্যাট চুক্তিতে প্রায় ৬৬ শতাংশ এই সমস্ত নীতি মানতে গিয়েই, যা ইতিমধ্যেই মানাহয়েছে সেই অনুযায়ী করতে গিয়ে আজকে আমাদের দেশের উপর তলার একটা অংশের মানুষদের জন্য ভোগ্যপন্য তা আমদানি করতে হচ্ছে। এই আমদানির খরচ মেটানোর জন্য অবশ্যই রপ্তানি করতেই হবে। এখন কি রপ্তানি করা যাবে? সে ক্ষেত্রেও রপ্তানি ভিত্তিক, রপ্তানিমুখী কৃষি করতে হবে। আর তা করতে গিয়ে আমাদের দেশে খাদ্যের ব্যাপারে স্বয়ংভরতা যা কিছুটা অর্জিত হয়েছিল সেই নিরাপত্তা আজকে বিঘ্নিত হবার মুখে এসে দাঁড়িয়েছে। এর ফলেই আমরা দেখছি পাঞ্জাবে ট্যামাটো ইত্যাদি তৈরি হচ্ছে পেপসির জন্য, কর্ণাটকে কারগিল কোম্পানির জন্য সূর্যমুখী, ভুট্টা এইসব তৈরি হচ্ছে। তারপর ক্রপ ইনস্যুরেন্স বলে একটা জিনিস গত কয়েক বছর ধরে আমাদের দেশে ছিল। শতকরা ৮০ ভাগের নিচে ফসল উৎপাদন হলে......

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** সমরবাবু, আপনার জন্য নির্দিষ্ট সময় শেষ হয়ে গিয়েছে, এখন বসুন, রাইট অব রিপ্লাই-এ আবার বলবেন।

**শ্রী সমর বাওরা ঃ** ঠিক আছে স্যার।

**ডাঃ গৌরীপদ দত্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী সমর বাওরা মহাশয় যে প্রস্তাব উত্থাপন করেছেন তা সমর্থন করে আমি কয়েকটি কথা বলছি। মাননীয় সমরবাবু গ্যাট চুক্তির ফলে কৃষিতে কি কি ক্ষতি হবে তার বিস্তারিত বিবরণ দিয়েছেন। আমি স্যার, বর্তমানে এই গ্যাট চুক্তি যে পরিপ্রেক্ষিতে সেটা সকলকে গভীরভাবে বিবেচনা করতে বলব। আমাদের দেশ এই সময় পরাধীন ছিল। আমরা জানি বিদেশি সাম্রাজ্যবাদী শক্তি কি করে উন্নয়নশীল দেশগুলিকে নিঃশেষ করার চেষ্টা করে। এ অভিজ্ঞতা আমাদের আছে। দ্বিতীয় মহাযুদ্ধের পরে সাম্রাজ্যবাদী শক্তিরা, ধনতান্ত্রিক শক্তিরা তাদের কার্যকলাপের একটা পরিবর্তন আনবার চেষ্টা করে। আগে তারা বাণিজ্য করতে আসত, সঙ্গে তারা কিছু মিশনারীও আনত এবং সেই সঙ্গে গোলা, বারুদ ইত্যাদি নিয়ে এসে লাঠি বন্দুক, কামানের জোরে আমাদের নিঃশেষ করে দেবার চেষ্টা করত। কিন্তু দ্বিতীয় মহাযুদ্ধের পরে দেখা গেল সমস্ত কলোনীয়াল কান্ট্রিগুলি আন্দোলনের মাধ্যমে আসতে আসতে নিজেদের উন্নত করার একটা প্রচেষ্টা শুরু করে। সাম্রাজ্যবাদীদের মূল লক্ষ্য ছিল বাজার, কিন্তু এর ফলে বাজার তাদের ক্রমশ সঙ্কুচিত হতে আরম্ভ করল। এইভাবে বাজার সঙ্কুচিত হবার ফলে আমেরিকার মতো ধনতান্ত্রিক দেশগুলিতে একটা অন্তর্বিপ্লব ঘটে যাবার সম্ভাবনা দেখা দেয়। সেই কারণে যদি আমরা

দ্বিতীয় মহাযুদ্ধের পরবর্তী ইতিহাস দেখি তাহলে দেখা যাবে ওদের তার জন্য একটা ইন্টারন্যাশনাল ট্রেড অর্গানাইজেশন তৈরি করবার চেষ্টা করতে হয়েছিল। সেই ইন্টারন্যাশনাল ট্রেড অর্গানাইজেশন তৈরি করার সময়েই দেখা গেল যে, অন্যান্য যে সব ধনতান্ত্রিক দেশ আছে তারা তাদের বাজার খুঁজছে। এই ট্রেড অর্গানাইজেশন গঠিত হলে আমেরিকার আধিপত্য স্থাপিত হবে ভেবে সেটাকে আটকে দেওয়া হল, কিন্তু তারপরও তারা এ প্রচেষ্টা থেকে বিরত হল না। জেনারেল এগ্রিমেন্ট যাকে আমরা গ্যাট বলি সেই জেনারেল এগ্রিমেন্ট অন ট্রেড এন্ট্রাফিক হঠাৎ হয়ে যায় নি। ১৯৪৮ সালে এটা হয়েছে। আমরা বলি, বর্তমানে পৃথিবীটা ছোট হয়ে গেছে, কারণ আমরা সব সময়ে একটা ইন্টারন্যাশনাল পারসপেকটিভে কথা বলার চেষ্টা করি। অবশ্য এর মধ্যে অন্যায় কিছু নেই। এর জন্য প্রথম যে মিটিং হয় সেই মিটিংকে ওরা বলে রাউন্ড। তারপর সাতটা রাউন্ড হয়ে গেছে। ইতিহাস দেখলে দেখা যাবে এই সাতটা রাউন্ডে আমাদের ভারতবর্ষ এর সঙ্গে যুক্ত ছিল, বিচ্ছিন্ন ছিল না। লাস্ট রাউন্ড যেটা সেটা টোকিওতে হয়েছিল। বাণিজ্যিক লেনদেনের ব্যাপারে স্বাভাবিকভাবেই আমাদের দেশটা যখন স্বাধীন দেশ তখন এখানে আমরা কাকে বাণিজ্য করতে দেব, কাকে দেবনা, কি ভাবে সেটা করব তা নিয়ে পরীক্ষা নিরীক্ষা আমরা করতেই পারি। ১৯৪৯ সালে, ঠিক স্বাধীনতার পরে, প্রথম বাধা দেওয়া হয়েছিল যখন পন্ডিত জওহরলাল নেহেরু কমনওয়েলথ্ ভুক্ত দেশগুলিকে এর মধ্যে যুক্ত করবার জন্য প্রথম বলেন। আমরা অনেকেই ভুলে গেছি যে কোরিয়ান ওয়ারের ক্ষেত্রে একটা অবমাননাকর শর্ত আমরা মেনে নিয়েছিলাম। সেখানে বলা হয়েছিল আমেরিকা বেস হবে ইন্ডিয়া এবং এখান থেকে সব কিছু কোরিয়ান ওয়ারে যাবে এবং এখানে ফরেন ক্যাপিট্যাল ইনভেস্টমেন্ট হবে। মাননীয় জওহরলাল নেহেরু একজন আন্তর্জাতিক জ্ঞান সম্পন্ন ব্যক্তি ছিলেন, কিন্তু তিনি সেই সময়ে আমাদের দেশে ফরেন ক্যাপিটাল ইনভাইট করেছিলেন। একটা দৃষ্টান্ত দিতে পারি, ১৯৪৯ সালে ফরেন ক্যাপিটাল ইনভেস্টের ফলে ৫ কোটির মতো টাকা ওষুধের ব্যবসায়ে নিয়োজিত হয়েছিল। কিন্তু ৪ বছরের মধ্যে দেখা গেল ৫.৪ ক্রোরস অফ রুপিজ তারা প্রফিট করে চলে গেলেন, কিন্তু আমাদের এখানে বেসিক ইন্ডাস্ট্রি ডেভেলপ হল না। অনেক পরীক্ষা নিরীক্ষার পরও আমরা দেখেছি স্বনির্ভর হতে আমাদের যে রিসার্চ ডেভেলপমেন্ট হবার কথা ছিল তা আমরা করতে পারিনি, কিছুটা গুণগত পরিবর্তন হয়েছে মাত্র। কংগ্রেস বন্ধুরা খুবই উল্লাসিত সোভিয়েত রাশিয়া ভেঙ্গে গেছে বলে, কিন্তু আমি মাননীয় বিধায়কদের স্মরণ করিয়ে দিতে চাই ১৯৫৬ সালে বুলগ্যানিন, ক্রুশচেফ এদেশে আসার পর সোভিয়েত রাশিয়ার সঙ্গে ইজিয়ার টার্মে যে চুক্তি হয়েছিল তারপরই আমাদের এখানে বেসিক ইন্ডাস্ট্রি ডেভেলপ করেছে। আজকে শুধু কৃষিকে আলাদা করে দেখলে চলবে না। আমরা জানি,একটা দেশের ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট নির্ভর করে তার এগ্রিজিয়ান সারপ্লাসের উপরে যা এতদিন ধরে কেন্দ্রীয় সরকার করতে পারেননি, কিন্তু আমরা পশ্চিমবঙ্গে সেটা করতে পেরেছি ভূমিসংস্কার করে। কৃষিকে গুরুত্ব না দেবার ফলে ষাট-এর দশকে আমাদের দেশে আমেরিকা থেকে গম আনতে হত। সেই দুর্বিসহতার দিক থেকে আমরা আস্তে আস্তে একটু স্বনির্ভরতার দিকে যাবার চেষ্টা করেছিলাম।

এবং তারইজন্য ডেভেলপিং সেক্টরে আমরা প্রথম দিন থেকে এগ্রিজিয়ান রিফর্মের জন্য চেষ্টা শুরু করি।

[11-40 – 11-50 a.m.]

কোনও কোনও রাজ্য পেরেছে, কোনও কোনও রাজ্য পারেনি, আমাদের পশ্চিমবঙ্গ পেরেছে। যখন গ্যাট চুক্তি হল তারপর থেকে সপ্তম রাউন্ড পর্যন্ত আমরা বিরোধিতা করেনি, তার মধ্যে আমরা ছিলাম। যখন গ্যাট চুক্তি শুরু হয়েছিল তখন ৮০টি দেশ ছিল, এখন ১৩৭টি দেশ এসেছে। চোরে না শোনে ধর্মের কাহিনী। যারা জেগে ঘুমায় তাদের জাগানো যায় না। ওনারা ভালই জানেন তখন আমরা গ্যাট চুক্তির বিরুদ্ধে ছিলাম না। সমস্ত ডেভেলপিং কানট্রি তখন বুঝেছিল সপ্তম রাউন্ড পর্যন্ত গ্যাট চুক্তি ঠিক আছে, এই গ্যাট চুক্তি ইমপ্লিমেন্টেশন হোক। তারপর আমেরিকা দেখল এটা ইমপ্লিমেন্ট করলে আমেরিকার লাভ হচ্ছে না। ১৯৯১ সালে আন্তর্জাতিক প্রেক্ষাপটে সোভিয়েত রাশিয়ার অবস্থান নষ্ট হয়ে গেল। সেই আরথার ডাঙ্কেল এখন নেই, তিনি ৪৩০ পাতার একটা প্রস্তাব করেন। তাতে একটা কথা ছিল, সেটা হল—যদিকেউ মানে তাহলে তাকে সবটা মানতে হবে, তা না হলে সবটা ছেড়ে দিতে হবে। এই ডাঙ্কেল প্রস্তাবের পর ভারতবর্ষের মতো উন্নয়নশীল দেশে শুধু কমিউনিস্টরা নয়, আমি বলতে পারি যে সমস্ত ব্যক্তি আগে সরকারের সঙ্গে যুক্ত ছিলেন, যেমন মুচকুন্দ দুবে, পাস্ট সেক্রেটারি ফরেন অ্যাফেয়ার্স, সুরেন্দ্র প্যাটেল, ডিরেক্টর 'আনটাড', দীপক নায়ার, পাস্ট অ্যাডভাইসার ফিনান্স ডিপার্টমেন্ট এই সমস্ত অর্থনীতিবিদ, বুদ্ধিজীবী এবং দেশপ্রেমিকরা বলেছেন, যেভাবে এই প্রস্তাবকে ভারতবর্ষকে মেনে নিতে হচ্ছে, যে ভাবে আগ্রাসী শক্তি, সাম্রাজ্যবাদী শক্তিকে অনুপ্রবেশ ঘটার সুযোগ করে দেওয়া হচ্ছে তাতে আমাদের স্বাধীনতা, স্বাতন্ত্র এবং অস্তিত্ব বিপর্যস্ত হতে যাচ্ছে। আমাদের ডাঙ্কেল চুক্তি মানা যাবে না। ডাঙ্কেল প্রস্তাবটা কি? ডাঙ্কেল প্রস্তাব শুধু বাণিজ্যিক চুক্তি নয়, আমদানি-রপ্তানির উপর একটা বিধি-নিষেধ থাকবে। হাতি কমিটি যে রিপোর্ট ফারমা সিউটিক্যালসের ক্ষেত্রে প্রথম কথা ছিল যে সমস্ত বিদেশি কোম্পানি এখানে আছে তাদের ন্যাশনালাইজ করতে হবে। যদি এখন ন্যাশনালাইজ করা না যায় তাহলে তাদের ৪০ পারসেন্টের বেশি শেয়ার দেওয়া যাবে না। হাতি কমিটি আরও বলেছে এই ৪০ পারসেন্ট শেয়ার ২০ পারসেন্টে নামিয়ে আনতে হবে। সেটা এখন উঠে গেল। আমরা শুনি যে কেন্দ্রের কংগ্রেস সরকার জনগণকে সাথে নিয়ে যাবে। কিন্তু এখন তারা মধ্যপন্থার মধ্যে গেলেন। এই গ্যাট চুক্তি কেন এল? ভারতবর্ষ শিল্পে, কৃষিতে এবং অন্যান্য ক্ষেত্রে স্বনির্ভর হয়ে আসছিল, রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্টের ক্ষেত্রে এগিয়ে ছিল, তাতে ভারতবর্ষ কমপিটিটর হতে পারত। সেই কারণে ভারতবর্ষকে নিবৃত্ত করার চেষ্টা করা হল এই চুক্তির মাধ্যমে। এই গ্যাট চুক্তিতে আমাদের আপত্তি কেন? এখানে শুধু বাণিজ্যিক চুক্তিই হচ্ছে না, এ ক্ষেত্রে রাজনৈতিক চুক্তিও করতে হচ্ছে। এই গ্যাট চুক্তির সঙ্গে যুক্ত আছে আরও ৬টি জিনিস। একটা হচ্ছে এগ্রিকালচার, যে ব্যাপারে খানিকটা বিধায়করা বলেছেন। আর একটা হচ্ছে টেক্সটাইল, আর একটা হচ্ছে ট্রেড রিলেটেড ইনটেলেকচুয়াল

*প্রপার্টি রাইস, যাকে বলে 'ট্রিপস', আর একটা হচ্ছে ট্রেড ইনভেস্টমেন্ট মেজার্স, যাকে বলে 'ট্রিমস', আর একটা হচ্ছে মারকেট অ্যাকসেস এবং আর একটি হচ্ছে ইন্সটিটিউশনাল ম্যাটার।* এই হচ্ছে ৬টি বিষয়। এই ৬টি বিষয়ে আমরা যদি বিচার করি তাহলে দেখব আমরা নির্ভরতার দিকে এগিয়ে যাচ্ছিলাম, সেখানে আমরা বাধাপ্রাপ্ত হব। ভারতবর্ষ এমন একটা দেশ যেখানে কাঁচা মালের প্রাচুর্য আছে। ভারতবর্ষে মেধার প্রাচুর্য আছে। যদি খবর নেওয়া যায় তাহলে দেখা যাবে আমাদের দেশের বেশ কিছু মানুষ ডেভেলপিং কানট্রি যেমন জাপান, জার্মান এই সমস্ত দেশে তাদের মেধা দিয়ে সেখানকার ডেভেলপ করার চেষ্টা করছে। এইরকম একটা অবস্থা ভারতবর্ষে রয়েছে। সেই ভারতবর্ষের যে উন্নতির পথ, সেই পথকে যদি বন্ধ করতে হয় তাহলে এমন একটা চুক্তির মধ্যে ভারতবর্ষকে আনতে হবে যাতে ভারতবর্ষের অগ্রগতি আটকে যায়।

এই অগ্রগতিটা বলল কি করে? আমাদের কেন্দ্রীয় নীতিতে অনেক ত্রুটি ছিল। সেজন্য আমরা যে জায়গায় পৌঁছেছি, আমরা যেটা করতে পারতাম, ১৯৬৫ থেকে ১৯৬৭ সালে যেটার সূত্রপাত হয়েছিল সেটাকে নষ্ট করতে হল। আমাদের নির্ভর করতে হল আই. এম. এফ. এবং ওয়ার্ল্ড ব্যাঙ্কের উপরে। গ্যাট চুক্তিকে বিচার করতে হলে আমাদের ইন্টারন্যাশনাল মানিটারি ফান্ড এবং ওয়ার্ল্ড ব্যাঙ্কের দ্বারা কি প্রভাব পড়ছে তা দেখতে হবে। আই. এম. এফ. এবং ওয়ার্ল্ড ব্যাঙ্কের দ্বারা আমাদের এখানে দু'ভাবে প্রভাব বিস্তার করার চেষ্টা করা হচ্ছে। আজকে দেখা যাচ্ছে যে সমস্ত উন্নত দেশ, তারা যা রপ্তানি করে তার বেশিরভাগ মেটেরিয়ালস্ হচ্ছে ওয়ার মেটেরিয়ালস্। এখন দেখা যাচ্ছে যে আন্তর্জাতিক ক্ষেত্রে যুদ্ধ করা যাবে না। সেজন্য ওয়ার মেটেরিয়ালস্ এক্সপোর্ট নিল হয়ে গেছে নেক্‌স্ট আইটেম হচ্ছে হাই টেকনোলজি, ইলেকট্রনিক গুডস্। সেগুলো তাদের যদি বিক্রি করার ক্যাপাসিটি না থাকে তাহলে কোথায় বিক্রি করবে? আমি '৯২ সালে আমেরিকা ঘুরে এসেছি। আমি দেখেছি আমেরিকাতে ফুড গ্রেনস এতবেশি হচ্ছে যে সেগুলোকে নষ্ট করছে। বিক্রি করার কোনও সুযোগ তারা পাচ্ছে না। পি. এল. ৪৮০তে কেন্দ্রীয় সরকারের যে নীতি ছিল, তখন আমরা ভিক্ষা করতাম। তখন দেখতাম তারা জাহাজ হাজাজ উদ্বৃত্ত ফুড গ্রেনস্ ওরা সমুদ্রে ফেলে দিয়েছে। কিন্তু কম দামে তা আমাদের দেয় নি। ওদের যে প্রাচুর্য তারজন্য ওরা যে সাবসিডি দিত সেটা কমাতে বাধ্য করছে। আমাদের এখানে সাবসিডি কমাতে হবে বলে বলছে। প্রণববাবু বলছেন, আমাদের এখানে সাবসিডি কমাতে বলছে না। আমাদের এখানে যে ডাইরেক্ট সাবসিডি দিই তা ওরা যেটা বলছে তার চাইতে অনেক কম। আমরা কিন্তু ইনডাইরেক্ট সাবসিডি অনেক কিছুতে দিই জলেতে দিই, ইলেকট্রিসিটিতে দিই। গ্রামাঞ্চলে চাষীরা অলমোস্ট ফ্রীতে জল পায়। সেই জলের উপরে সাবসিডি বন্ধ করবার জন্য ওরা বলছে যে সাবসিডি দেওয়া চলবে না। ভারতবর্ষে আমরা খাদ্যে স্বনির্ভর হয়ে গিয়েছি। এরজন্য গ্যাট'এর মাধ্যমে চেষ্টা করছে হাই টেকনোলজিতে যাবার জন্য। একদিকে যেমন কলকারখানা মেকানাইজড করবার জন্য চেষ্টা করছে, তেমনি অন্যদিকে চেষ্টা করছে যাতে আমরা খাদ্যশস্য বিক্রি করতে

না পারি। পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে আমরা বলছি, আমরা চাইছি পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেমকে জোরদার করতে যাতে গরিব মানুষ সাবসিডাইসড রেটে পেতে পারে। সেটাকে ওরা বন্ধ করার চেষ্টা করছে। সেজন্য বলছে সাবসিডি দেওয়া হবে না। দ্বিতীয়ত, আমরা এখানে ওদের চাইতে কম মূল্যে খাদ্যশস্য উৎপাদন করতে পারছি। ওরা বলছে চিন কেন করল? আমরা ইন্টারন্যাশনাল মার্কেটে অ্যাট দি কস্ট অব সেল্ফ একজিস্টেন্স নিজেদের স্থান করে নিতে পেরেছি, ওয়ান পারসেন্ট আমরা করেছি। সেখানে ওরা চিনের কথা বলছে। চিনের যে সারপ্লাস ইকনোমি সেটা কখনও বলছে না। বলছে যে চিন কেন নিয়েছে? চিন নিতে পেরেছে তার কারণ হচ্ছে তার প্রডাকশন, নিজেদের অর্থনীতির উপরে ওরা প্রভাব বিস্তার করতে পারেনি। সেজন্য এই যে প্রস্তাব এসেছে, ডাঙ্কেল যে প্রস্তাব দিয়েছে, তার এইটথ রাউন্ড যে চুক্তি 'গ্যাট', তাতে আমাদের স্বাতন্ত্র এবং স্বাধীনতার ক্ষেত্রে বিপর্যয়ের সম্ভাবনা আছে। আমি এর বিরোধিতা করছি।

## STATEMENT ON INDUSTRIAL POLICY

**Mr. Deputy Speaker :** Now, I call upon the Minister-in-charge of Commerce and Industries Deptt. to make a statement on the policy on Industrial Development.

**শ্রী জ্যোতি বসু ঃ** আমি মাননীয় স্পিকার মহাশয়কে বললাম যে, যেহেতু বিধান সভার অধিবেশন হচ্ছে, আমাদের পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে 'পলিসি অন ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট' এই বলে একটা দলিল আমরা তৈরি করেছি, সেটা অ্যাসেম্বলি যেহেতু শীঘ্র মুলতুবি হয়ে যাবে, সেজন্য আজকে আপনার অনুমতি নিয়ে আমি এখানে মাননীয় সদস্যদের কাছে এটা পৌঁছে দিচ্ছি এবং পরবর্তীকালে প্রেস এবং অন্যান্য মানুষের কাছে পৌঁছে দেব।

(The Printed Speech of Shri Jyoti Basu on Policy Statement on Industrial Development was laid on the Table.)

### Policy Statement on Industrial Development

1.0 THE CONTEXT

1.1 The New Economic Policy followed by the changed industrial scenario in the country as also the West Bengal Government's own proposals for an alternative economic policy call for a statement of policy by the Government of West Bengal on the vital issues of industrial development, rehabilitation of sick units and generation of employment underscoring the strategy address to promotion of new investments, creation of employment opportunities and protection of the legitimate interest of the labour.

## 2.0 PERSPECTIVE

2.1 West Bengal has a well-developed communication network encompassing an extensive railway system, domestic and international airports, modern ports, national highway, etc. For industrial exploitation and raw materials available are coal, iron and steel, agri-horticultural produce, plantation crop, agro-waste, marine products, hides and skins, etc. Minerals like dolomite, limestone, lead, zinc ores and granite are in abundance. Water is plenty. Indeed, the State's natural wealth is among the best in the country.

2.2 Till the late forties, West Bengal enjoyed a pre-eminent position in the field of industrial development. Well over six lakhs of people were employed in various industries in the organised sector in 1948 – a figure being equal to that of the present Maharashtra and Gujarat put together. The partition followed by large influx of refugees placed a major strain on the resources of the State. But this was not adequately taken care of by the Government of India. Nevertheless number of Central Public Sector establishments like the Durgapur Steel Plant (DSP), Alloy Steel Plant (ASP), Mining & Allied Machinery Corporation (MAMC), Chittaranjan Locomotive Works (CLW), Hindusthan Fertiliser Corporation, etc. were established during the fifties in the State. This led to a process of ancillarisation.

2.3 Since industry is in the Union List and financial institutions are under the Central Government, industrialisation in any State is crucially dependent on the policies at the national level. Over several years in the past, there has been serious discrimination at the national level against the State (and also the entire eastern region) in the granting of industrial licences. The deliberate policy of selective freight equalisation has also robbed the State of its comparative locational advantage in terms of important industrial raw materials, such as steel and coal. Similarly, the credit-deposit ratio of the nationalised commercial banks in West Bengal has been unreasonably kept depressed at around 46.5%, below the national average of 60%. There has also been a palpable discrimination in the direct investment of the Central Government in the State. For instance, while in 1981, the share of West Bengal in total Central investment in the country had been at 8.2% and that of the com-

parable State of Maharastra at 8.6%, in 1991-92 the share of Maharastra increased to 16.3% but that of West Bengal came down to 7%. Even now this discriminatory policy in the sphere of banking and Central investment persists.

2.4 Thus, the natural advantage that the State had was lost leading to flight of capital from the State to areas which were benefited by freight equalisation and the licensing policy and in some measure due to location of Headequarters of major financial institutions as in Bombay and elsewhere. The sixties witnessed a countrywide recession and its deleterious effects obviously hit West Bengal. This coupled with the other factors referred to, inevitably resulted in political instability and strained industrial relations. The effect on industrial growth was adverse and this was manifest in the lack of new investments, growing sickness and stagnation.

3.0 APPROACH OF THE LEFT FRONT GOVERNMENT

3.1 After coming to power in 1977, the Left Front Government identified certain thrust areas for the overall development of the State and protection as well as promotion of employment The conscious policy of land reforms along with the simultaneous support in terms of provision of non-land inputs, such as irrigation facilities, improved seeds, fertilisers etc. as also the process of democratic decentralisation through the Panchayati Raj System brought about a major breakthrough in the sphere of agriculture and allied sectors. As a result, the highest rate of growth of foodgrains production, as well as the highest rate of growth in per hectare, yield of foodgrains has now been achieved in West Bengal as compared to all the other States in India. In addition, the position of the State is first in fishery and also in social forestry. Since this approach has begun with land reforms, not only has there been an increase in production, there has also been a corresponding increase in the purchasing power of the vast majority of common people in rural areas. This has created a new market for consumption of industrial products in West Bengal. At the same time, due to the growth of agriculture and allied sectors, a potential for industries catering to agricultural inputs (seeds, fertilizers, implements) as well as industries related to agro processing, horticulture, etc. has been signifi-

cantly increased. The growth curve for these industrial potentialities is sharply rising.

3.2 Considering the importance of and potential for generating employment and income all over the State by harnessing local resources and skill, a conscious policy for promotion of cottage and small-scale industries on an extensive scale was evolved. Simultaneously, policy initiatives were taken to promote the establishment of electronics industry in the State. Unfortunately. the effort of the State Government in involving the Government of India in this process did not succeed. To facilitate promotion of modern industries and ensure downstream employment, the Petro-chemical project at Haldia was conceived. Our efforts in securing necessary assistance from the Government of India for this prestigious project, however, did not fructify for 11 years. Simultaneously, with the process of promoting new industries in the large, medium and small scale sectors, concerted efforts were made for the rehabilitation of a large number of sick units abandoned by the private sector. It was thus possible to protect productive employment of a very large number of workmen in Jute, Textile, Engineering and Pharmaceutical industries both through the Govenrment of India as well as directly by the State Government.

3.3 The State Government, however, continued to highlight at the national level before the National Development Council (NDC), Planning Commission etc., the adverse impact of the licensing policy and freight equalisation in steel and coal that had resulted in regional imbalance.

4.0 THE NEW ECONOMIC POLICY AND THE APPROACH OF THE STATE GOVERNMENT

4.1 The New Economic Policy of the Government of India brought about mixed reactions in the country. The State's considered views in respect of this economic package of reforms as well-known and an alternative proposal based on self-reliance has been suggested by the State Government without isolating India from the global economy. While continuing to advocate a change in some important aspects of this New Economic Policy, we must take the fullest advantage of the withdrawal of the freight equalisation policy on

steel and the delicensing in respect of many industries.

4.2 The approach of the State Government towards industrial development is summed up in the following words of the Chief Minister in his recent address to the Bengal Chamber of Commerce & Industry (BCCI)"

> "We are all for new technology and investments in selective spheres where they help our economy and which are of mutual interst. The goal of self-reliance, however, is as needed today as earlier. We have the State, the private sector and also joint sector. All these have a role to play"

4.3 As a result of the New Economic Policy, indigenous technology and Indian industries are exposed to the rigours of global competition. Development of indigenous technology may as a result be thwarted and local products rendered less competitive. The State Government's policy, therefore, is oriented towards promotion of employemnt and productivity, rehabilitation of sick industries through a process of reconstruction, modernisation and/or diversification and protection of the legitimate interests of the workforce keeping in view the overall health and productivity of industry.

4.4 Apart from the presence of large Indian Industrial Houses functioning in the State, a number of Multi-national Corporations (MNCs) have long been successfully operating in the State and, to name a few, they are Philips, GEC, Hindusthan Lever, ICI, Siemens, Bata, etc. A welcome development is that a good number of Non-Resident Indians (NRIs), MNCs directly or through foreign Governments and Indian Industrial Houses have, in the recent past, shown special interest in coming to West Bengal either for setting up new industries or for expansion of existing industrial units.

## 5.0 SALIENT FEATURES OF THE POLICY

5.1 The following are the salient features of the State Government's Policy on industrial promotion and economic development :-

(a) The State Government welcomes foreign technology and investment, as may be appropriate, or mutually advantageous.

(b) *While the State Government considers the Government and Public Sector as an important vehicle for ensuring social justice and balanced growth,* it recognises the importance and key role of the Private Sector in providing accelerated growth. In major industries like power, the State Government considers the role of the Public Sector as critical for containing energy prices. However, in the context of the changes in the policies of the Government of India, the need for meeting the increasing demand for power and the constraints on budgetary resources, the State Government would also welcome private sector investment in power generation.

(c) Alongwith the Public and Private sectors, the State Government looks upon the joint and assisted sectors as effective instruments for mobilising necessary resources and expertise in important areas of economic activity.

(d) Improvement and upgradation of industrial infrastructure is indispensible for accelerated growth of industries.In the field of power, the State is already self-sufficient with a generation capacity of over 3000 MW. It has also been planned to provide for an additional capacity of 5000 MW in the public, joint and private sectors over the next 10 years. Other thrust areas are improvement in roads. communications and development of Growth Centres. These programmes would, no doubt, require massive investments and it is therefore, proposed to undertake projects for development of industrial infrastructure through the Government or through the private and joint sectors, wherever feasible.

(e) Government has already taken the initiative in substantially improving the social infrastructure facilities like development of satellite township, housing, health, educatiuon, water-supply, hotels, etc. Apart from promoting schools and colleges of appropriate standards, a major thrust has been given to technical education and training through the Polytecnnics and ITIs. In the sphere of health, apart from the various measures of improvement in the ongoing activities relating to medical care, health and family planning, establishment of specialised hospitals of high standards in the private joint sector will continue

to be encouraged. Improvement and expansion of hospital facilities in and around Calcutta and the Growth Centres through private and joint sector efforts in being explored.

(f) Based upon the available opportunities and the potential of this region, the State Government has identified certain segments of industries, among others, as thrust areas for special attention. They are :

(i) **Petrochemicals and Downstream Industries :**

The efforts of the Government have led to the finalisation of the project parameters of the Haldia Petrochemicals Complex. Planning for 'downstream growth zones' has been initiated. In this process, dispersal of activities to cover all possible areas of the State will be given priority. It is the desire of the government to encourage the development of downstream industries in the State along with the HPL so that most of the units are ready by the time of commissioning of the mother unit.

(ii) **Electronics & Information Technology :**

The Government is encouraging proposals for setting up large complexes in the 'information technology' segments in the private sector, joint sector and public sector.

(iii) **Iron and Steel, Metallurgical & Engineering :**

The efforts of the government are addressed to developing these sectors optimally so that the State is able to establish its primacy in this sphere. With easy availability of raw materials, stable power and skilled man-power, a significant growth is expected. Shipbreaking activities are being promoted to make available scrap at reasonable rates to the downstream units. Due attention is being given to Ferro Alloys.

(iv) **Textiles :**

The State occupied an important position earlier in the textile sector. It is proposed to formulate a new strategy

for development especially in the areas of hosiery, knitwear, ready made garments, etc. In the silk and silk weaving sector, the government is committed to encourage processing and value addition activities. Emphasis will be given on expansion of areas under sericulture.

(v) **Leather and Leather Products:**

This sector has a very high potential for growth due to easy availability of raw materials like hides and skins. Availability of skilled manpower for such activities has been the strength of this area. Export oriented units will be benefited through the setting up of the 'Integrated Leather Complex' near Calcutta. Both for the external and internal markets, the proposed integrated leather complex on 1000 acres of land will be of immense help.

(vi) **Food Processing, Edible Oil, Vegetable Processing and Aquaculture:**

The government will continue to give priority to these segments on account of the fact that development of these segments will further strengthen the agricultural base and increase employment opportunities in the unorganised sector. The state will help in establishing appropriate linkages between growers and processing units. Aquaculture, particularly brakish water shrimp culture in the estuarine areas will be given priority. Floriculture, tissue culture and horticulture will be encouraged.

(vii) **Medicinal Plants, Rubber, Palm Oil and Tea:**

The government will provide necessary support for development in these areas.

(viii) **Manufacture of Basic Drugs, Chemicals and Pharmaceuticals:**

Considering the traditional strength of West Bengal in these segments, an action plan is being formulated to attract higher investments in this area.

(ix) **Optimal Utilisation of Minerals and Development of Mine-based industries :**

Mining of dolomite, granite, china clay, limestone apatite and fireclay is being encouraged. In the coal sector, high temperature coal carbonisation will be encouraged.

(x) **Gems and Jewellery :**

It is proposed to avail of the sophisticated skills available in the State for promotion of jewellery making.

(xi) **Promotion of Tourism and Tourism related activities :**

In view of the high employment potential in this sector, the Government is formulating a separate policy for development of tourism. The objective is to realise the full potential of locations like the Sundarbans, hills of Darjeeling, forests of dooars, places of importance from the heritage angle and the seaside resorts in coastal areas.

(g) In the case of sick Central Public Sector Undertakings which employ a large number of people and also support a number of ancillary SSI units, while the State Government is helping the management and Unions to evolve viable rehabilitation packages for consideration of BIFR, it is essential that the Government of India commits adequate funds for acceptance of the rehabilitation package by BIFR and for subsequent implementation. The response of the Government of India has at best been lukewarm so far. The State Government will continue its efforts with the Government of India to see that appropriate strategies are evolved to ensure healthy revival of those units. Similarly, in the case of the sick State public sector undertakings under the State Government, efforts will be made to rehabilitate them appropirately.

(h) In the case of sick/closed units in the Private Sector, the policy of the State Government is to see that such units are reopened and rehabilitated appropriately at the earliest either

through the existing management or through induction of new promoters and wherever necessary with appropriate sacrifices on the part of all concerned including the State Government, financial institutions and labour. The main objective is to ensure that the rehabilitation package is implemented to ensure viable functioning of the units.

(i) In the field of industrial relations, the State Government has over the years evolved a system of tripartite negotiations and understanding both at the unit and industry level and such long-term agreements have been successfully implemented in the industries like engineering, jute, tea, textiles, etc. It is the considered view of the state Government that the workers/units have to be informed of the problems and prospects of the concerned industrial units and there should be a constant dialogue between the management and the labour to ensure harmonious industrial relations. In the face of fierce competition, industry is required to maintain efficiency, standards and quality. It is also necessary for the existing units to modernise to make its products competitive. The thrust of our efforts through the tripartite machinery has been to see that industry adopts appropriate transparent management policies to ensure competitive production. It is necessary for the management to ensure that the statutory obligations are complied with and all the legitimate interests of the workmen looked after. It is necessary for the workers to study the industry in which they are engaged and take interest in production and productivity whilst protecting their rights and privileges.

6.0 POLICY INSTRUMENTS

6.1 The Incentive Scheme of 1993 provides an attractive package of assistance f.. establishment of new units, expansion of existing units and rehabilitation of sick units. A high Powered Committee was consitututed under the Scheme in respect of individual units appropriately. Many tax concessions have been announced in the State Budget of 1993-94. The Sales Tax laws and procedures have been streamlined and simplified.

6.2 The State Government proposes to strengthen the escort services

with a view to providing support and eliminate delays. Accordingly, the Silpabandhu, the single window set up under the West Bengal Industrial Development Corporation (WBIDC), is proposed to be urgraded. Similar upgradation of escort services by Small Industry Development agency (SIDA) is proposed to provide quick assistance. An Empowered Committee has been constituted under the Chairmanship of the Chief Secretary with all the concerned Departmental Secretaries to arrange for time-bound decisions in respect of investment proposals and clearances required.

6.3 Simultaneously, with the establishment of the Empowered Committee at the state level, the Government has also constituted committees under the District Magistrates with the Superintendent of Police, Assistant Labour Commissioner, General Manager, District Industries Centre (DIC) etc. at the district level to ensure quick decisions regarding land, employment and other related matters. The Sabhadhipatis and District Magistrates have been advised to assist the investors in timely implementation of the projects.

7.0 STRENGTHS OF WEST BENGAL

7.1 West Bengal has major locational advantages with ports at Calcutta and Haldia, a network of railway and road communications, stable power situation and improved telecommunication system.

7.2 The State also has a very large number of skilled and qualified technical persons at different levels. A major programme of technical training through ITI's and Polytechnics has also been taken on hand. The State also has responsible and responsive trade unions.

7.3 The substantial growth in the agriculture sector provides the necessary base for accelerated industrial development in the State. The aggregate deposits of all the scheduled commercial banks in the State is Rs.27,864 crores against an aggregate credit amount of Rs. 12,961 crores (A credit deposit ratio of 46.5%). There is, thus enough scope for substantial flow of funds for investments.

7.4 Above all, the State Government is directly fostering harmonious relationship between the people of various regions and religious faiths living in West Bengal. The stable political situation provides the necessary climate, strength and confidence in the process of

promoting industrial development in the State of West Bengal. The State Government is committed to the objectives of income and employment generation through a process of rehabilitation and revival of existing industries and coordinated and accelerated development of new industries in the State. In this effort, the dedicated cooperation of the investors, industrial and financial institutions, labour, bureaucracy and the people at large is of utmost importance.

[11-50 – 12-00 Noon]

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এটা সার্কুলেট হবে।

## DISCUSSION ON MOTION UNDER RULE 185 REGARDING GATT AGREEMENT

**শ্রী সৌমেন্দ্র চন্দ্র দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এখানে যে প্রস্তাব এসেছে গ্যাট চুক্তির সম্পর্কে আমি সেই প্রস্তাবকে পূর্ণ সমর্থন করে অবিলম্বে কেন্দ্রীয় সরকারকে এই চুক্তি বাতিল করার জন্য দাবি জানাচ্ছি। ১৯৪৭ সালের ১৫ই আগস্ট আমাদের দেশ ভারতবর্ষ স্বাধীনতা লাভ করেছিল এবং স্বাধীনতার পর থেকে দেশের বিভিন্ন ক্ষেত্রে যেমন কিছু কিছু পরিবর্তন এসেছে তেমনি কৃষির ক্ষেত্রে কিছু পরিবর্তন এসেছে। যদিও আমরা জানি যে অর্থে পরিবর্তন চাওয়া হয়নি। এখনও কৃষি অনেকটাই প্রকৃতি নির্ভর, এখনও খরা বন্যার আক্রমণে কৃষকের জীবন বিপন্ন হয়ে যায়। এবারে উত্তরবঙ্গে ভয়ানক যে খরা হল কুচবিহার জেলায়, জলপাইগুড়ি জেলায় তাতে কৃষকের জীবন বিপন্ন হয়ে গেছে, মালদা জেলার একটা অংশও বিপন্ন হয়ে গেছে। সরকারের কৃষি দপ্তর বলছে ৮৫ ভাগ জমিতে রোপণ করা হয়েছে, আমাদের অভিজ্ঞতা হচ্ছে, বৃষ্টি অনিয়মিত থাকার ফলে ২৫।৩০ ভাগ জমিতে কৃষক রোপণ করতে পেরেছে, বাকিগুলিতে রোপণ করা সম্ভব হয়নি। এখন গ্যাটচুক্তি ছাড়াই আমাদের এখানে যা রয়েছে, একটা স্বাধীন দেশে যতটা হওয়া সম্ভব ছিল ততটা সম্ভব হয়নি কিন্তু যতখানি হয়েছে সেটাকে বানচাল করে দেবার একটা পদক্ষেপ হচ্ছে এই গ্যাটচুক্তির অন্তর্ভুক্তি। এই চুক্তির মধ্যে কৃষির সারের দাম বেড়ে যাচ্ছে, সেচের সুবিধা যেটা পাওয়া যেত সেটা বন্ধ হয়ে যাচ্ছে, বিদ্যুৎ-এর ক্ষেত্রে যে ভর্তুকি ছিল—যেটা সহজলভ্য ছিল—সরকারের সেটা বন্ধ হয়ে যাচ্ছে। আমাদের দেশে যে ট্রাডিশনাল ভ্যারাইটি ছিল কৃষির ক্ষেত্রে তার থেকে যে বিভিন্ন বীজ হত, যে ভ্যারাইটিগুলি কৃষি গবেষণাগার থেকে বেরিয়ে আসত সেগুলি ব্যাহত হবে। এর ফলে নূতন যে চিন্তা সেইগুলি ব্যহত হবে, নূতন নূতন প্রযুক্তির ক্ষেত্রে বিঘ্ন হবে তার জন্য কৃষির উৎপাদন মার খেয়ে যাবে। একটা স্বাধীন দেশের তার কৃষি নীতি, শিল্প নীতি দেশের সংসদ সিদ্ধান্ত গ্রহণ করে যে কার্যকর করবে তার ব্যবস্থা থাকছে না। আজকে আই. এম. এফ.-এর নির্দেশে কোথায় কতটা ভর্তুকি দেবে, কতখানি আমদানি করবে, রপ্তানি করবে সেটা নির্ভর করবে, ফলে আমাদের দেশের যে স্বাধীনতা সেটা আজকে ব্যহত

হবে। শুধু তাই নয়, গ্যাটচুক্তির মধ্যে দিয়ে কৃষির ক্ষেত্রে, কৃষকের ক্ষেত্রে এবং সাধারণ মানুষের ক্ষেত্রে বিরাট আঘাত এসেছে। এই যে পি. ডি. এফ. সিস্টেম যেটা রয়েছে যার মধ্যে দিয়ে নিম্ন আয়ের মানুষের কাছে খাদ্য পৌঁছে দেওয়া যেত সেটা ব্যহত হবে। আজকে সমস্ত ক্ষেত্র থেকেই গ্যাটচুক্তির ফলে কৃষির উপর থেকে ভর্তুকি উঠছে, আগে যেকানে ভর্তুকি ৪০ টাকা ছিল সেখানে ৫।৬ টাকা কম করার চেষ্টা হচ্ছে। এর ফলে কৃষির উন্নতি মার খাবে। ভারতবর্ষ কৃষির উপর নির্ভরশীল, ভারতবর্ষের জাতীয় আয় শতকরা ৭০ ভাগ কৃষি থেকে আসে, আমাদের দেশ বিরাট প্রাকৃতিক সম্পদের উপর সমৃদ্ধ, আমাদের দেশের সেই প্রাকৃতিক সম্পদকে কাজে লাগালে বিরাট পরিবর্তন হয়ে যেত।

যেটা স্বাধীনতার পর থেকে দীর্ঘ ৪৮ বছর ধরে সরকার করেনি। কৃষির আধুনিকীকরণ করা দরকার, সেচের ব্যবস্থা করা দরকার, কৃষকের জীবন-জীবিকার মান উন্নয়নের সিদ্ধান্ত গ্রহণ করা দরকার, যেখানে কৃষি শ্রমিকদের জীবন প্রতি বছর দুর্বিযহ হচ্ছে সেখানে কেন্দ্রীয় সরকারকে শুধু গ্যাটচুক্তি থেকে বেরিয়ে এসে নয়, নতুনভাবে স্বনির্ভর কৃষি ব্যবস্থা, স্বনির্ভর অর্থনীতি কিভাবে গড়ে তোলা সম্ভব, সেই বিষয়ে কোনও পদক্ষেপ তারা গ্রহণ করছে না। যার ফলে দেশের চারিদিকে এক ভয়ানক সঙ্কট ঘনিয়ে আসছে, বড়লোকরা আরও বড়লোক হচ্ছে, আর দেশের লক্ষ লক্ষ মানুষ অনাহারে কুশিক্ষায় ভুগছে। এই অবস্থায় কেন্দ্রীয় সরকার এই গ্যাটচুক্তির মধ্যে দিয়ে দেশের কৃষি ব্যবস্থা, শিল্প ব্যবস্থাকে ধ্বংস করছে। আমি বলতে চাই, শুধু আমাদের দেশে নয়, ভারতবর্যসহ যে সমস্ত উন্নয়নশীল দেশ আছে এবং বিকাশশীল যে সমস্ত দেশ আছে, সেই দেশগুলোর স্বাধীনতা ও সার্বভৌমত্বও আজকে শেষ হয়ে যাচ্ছে। শুধু তাই নয়, আজকে ফ্রান্সের মতো দেশেও কৃষকরা মিছিল করছে, জেহাদ ঘোষণা করছে, আমরা সংবাদ মিডিয়ার মাধ্যমে এই খবর জানতে পেরেছি। আমেরিকায় শ্রমিজীবী মানুষরা আজকে বিদ্রোহ ঘোষণা করছে। তৃতীয় বিশ্বের দেশগুলিকে আমেরিকা এবং কিছু পুজিবাদী দেশ শাসন করবার জন্য একটা নতুন পদ্ধতিতে এই গ্যাটচুক্তিকে হাতিয়ার হিসাব ব্যবহার করছে। আজকে ভারত সরকার বলছে, গ্যাটচুক্তির মধ্যে দিয়ে দেশের অগ্রগতি ঘটবে, কিন্তু একথা আদৌ সত্য নয়। পাঁচ থেকে দশ ভাগ মানুষ, যারা সমাজের উচ্চবিত্ত শ্রেণী তারা ব্যবসা-বাণিজ্যের মধ্যে দিয়ে তাদের অগ্রগতি ঘটাবে। কিন্তু তাতে দেশের কৃষি ব্যবস্থা, কৃষকের অর্থনৈতিক অবস্থা ও সামাজিক অবস্থার কোনও পরিবর্তন ঘটবে না, তারা আরও তলিয়ে যাবে। সেচের স্বার্থে, কৃষকের স্বার্থে, এই অবস্থার পরিবর্তন হওয়া দরকার। কৃষকদের অবস্থা আজকে দুর্বিযহ হয়ে উঠছে। উত্তরবঙ্গে এখন খরা চলছে, কৃষকদের এবং কৃষি শ্রমিকদের ভরতুকি দিয়ে এক মাসের চাল দেওয়া হয়, সেটা দু মাসের দেওয়ার জন্য আমি দাবি জানাচ্ছি। এই গ্যাটচুক্তি বাতিলের দাবি জানিয়ে এই প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের বিশেষভাবে চিন্তা করার সময় এসেছে, এই কিছুদিন ধরে গ্যাচুক্তির যে সমস্ত ফল ফলছে তার পরিণতিতে

আমাদের কৃষির কি সর্বনাশ হচ্ছে সেগুলো বাস্তব সম্মতভাবে বলতে হবে। আপনারা সবাই সংবাদপত্রের মাধ্যমে পড়েছেন বর্তমানে ওয়ার্ল্ড ব্যাঙ্ক এবং আন্তর্জাতিক অর্থ ভান্ডারের নির্দেশে ভারত সরকার সেখান থেকে ঋণ নিতে বাধ্য হয়েছেন এবং তারই জন্য একই সাথে কৃষির জন্য যেসব অত্যাবশ্যাক উপকরণ যা নাহলে কৃষি চলতে পারেনা তার সবগুলিরই মারাত্মকভাবে দাম বেড়েছে। আপনারা দেখেছেন যে ইতিমধ্যে তিন, চার বছরের ভেতরে সবরকম সারের দাম অনেক গুণ বৃদ্ধি পেয়েছে। এখন আবার নির্দেশ এসেছে কৃষির ক্ষেত্রে সেচের জল ব্যবহারের ক্ষেত্রে যে কর, সেখানে যে ভরতুকি আছে সেটা তুলে করের হার বৃদ্ধি পাবে। তাছাড়া আজকে পাম্প সেট, ডিপ টিউবওয়েল, সাবমার্সিবিল স্যালো টিউবওয়েল সেগুলো চলার জন্য কম খরচে কৃষকরা যে বিদ্যুৎ পেত এখন তার দাম অনেক গুণ বেশি দিতে হবে।

[12-00 – 12-10 p.m.]

এখন তাকে অনেকগুণ বেশি দর দিতে হবে। এই একই সাথে এতগুলো জিনিস বাড়ার ফলে যে ঘটনা ঘটছে তাতে আমি দেখেছি, এমন কি পাঞ্জাবের মতো জায়গায়ও এখন সাধারণ কৃষক-এর পক্ষে এই সমস্ত খরচ চালিয়ে তাদের চাষ করা সম্ভব হচ্ছে না এবং পাঞ্জাবে ইতিমধ্যে শুরু হয়ে গেছে যে, যারা আর্থিক সঙ্গতিপণ্য যারা বেশি জমির মালিক তারা অন্য গরিব চাষীদের বলছেন, তোমাদের চাষ করার দরকার নেই, তোমাদের জমি দাও, তোমাদের বছরে এত হাজার টাকা দেব। তোমাদের কোনও পরিশ্রম করতে হবে না। সেই জমি নিয়ে তাদের যা দিচ্ছে তার চারগুন তাদের জমি থেকে তারা নিয়ে নিচ্ছে। এগুলো পশ্চিমবাংলার কিছু কিছু জায়গায় বোরো চাষের যে খরচ সেটা সাধারণ গরিব কৃষকদের পক্ষে সম্ভব নয় বলে তাদের ক্ষেত্রে সেই জিনিসগুলো দেখা যায়। কোনও অবস্থাপণ্য লোক তাদের জমি নেয়। তাকে বলে তোমাকে ৩ মন বা ৪ মন ধান দেব এবং সেই জমি থেকে ২০ গুন তুলে নেয় এবং এর ফলে গ্রামের সম্পদটা মুষ্টিমেয় লোকের হাতে চলে যাচ্ছে। এটা ভাববার বিষয়। দ্বিতীয়ত, যেটা সব চেয়ে বড় কথা, যেটা আজকে ক্যাসেট বাজিয়ে বললেও হবে না। বাস্তব অবস্থা হচ্ছে, এই পেটেন্ট অ্যাক্টকে চাপাবার জন্য চেষ্টা হচ্ছে। যে সমস্ত হাই-ইল্ডিং ভ্যারাইটি আছে তার সম্বন্ধে আমাদের বাস্তব অভিজ্ঞতা বলছি। আপনারা সকলে জানেন উচ্চ-ফলনশীল যে গম সেটা প্রথম মেক্সিকোয় বেরিয়েছিল। মেক্সিকোর অ্যাগ্রো-ক্লাইমেটিক কন্ডিশনে সেই গম তাদের পক্ষ যথেষ্ট উপযুক্ত কিন্তু আমাদের দেশের অন্য ধরনের অ্যাগ্রো ক্লাইমেটিক কন্ডিশনে সেটা সমভাবে উপযুক্ত হবে, এটা কোনও বিজ্ঞান বলে না। আমাদের বিজ্ঞানীদের কাজ এই নয় যে ফরেনে যা আবিষ্কার হবে তার সেলিং এজেন্ট হওয়া। আমাদের কাজ হচ্ছে জেনিটিক প্রিন্সিপ্যালের উপর ভিত্তি করে যে হাই-ইল্ডিং ভ্যারাইটি গড়ে তোলা হয়েছে আমাদের এখানেও বড় বড় বিজ্ঞানী আছেন সেই সিড-টাকে ভালো করে আয়ত্ব করে আমাদের অবস্থার উপযোগী করে আবিষ্কার করা। আমি খবর নিয়ে দেখেছি, মেক্সিকোর গম চলেনি। পাঞ্জাবের লুধিয়ানায় যে এগ্রিক্যালচার ইন্সটিটিউট আছে, আমি চারবার

সেখানে গেছি, সেখানে প্রখ্যাত বিজ্ঞানী রনধাওয়া এবং আরও অনেকে আছেন, তারা পাঞ্জাব, হরিয়ানা, উত্তরপ্রদেশ প্রভৃতি জায়গায় অবস্থা বিবেচনা করে যে বীজ বের করেছেন সেটা চলছে। ধানের উচ্চ-ফলনশীল বা তাইচুং-এর নাম আপনারা শুনছেন কিন্তু এখন আর শুনবেন না। সেটা চলেনি। কারণ তাইচুং-এর অ্যাগ্রো-ক্লাইমেটিক কন্ডিশন আর বাংলা, বিহার, উড়িষ্যার এগ্রিকালচার ক্লাইমেটিক কন্ডিশন বিভিন্ন। এখন পাটনার কুশা, কটকের সেন্ট্রাল রাইস রিসার্চ ইনস্টিটিউট তারা এই দেশের জল-হাওয়ার সঙ্গে মিলিয়ে যে নতুন বীজ উদ্ভাবন করেছেন সেটা চলছে। এখন এই যে আমাদের দেশের মতো করে বীজ তৈরি করে নেবার যে স্বাধীনতা তার উপর হস্তক্ষেপ হবে এবং হচ্ছে। আপনারা সকলেই খবরের কাগজে দেখেছেন, ডাঙ্কেল প্রস্তাব বোঝানোর জন্য ক্লিনটন এবং ডাঙ্কেল আসছেন। কিন্তু তাদের কত আসার আগেই মানুষ তাদের জীবনের মর্মান্তিক অভিজ্ঞতায় সেটা বুঝছেন। ইংরাজিতে একটা কথা আছে, ইউ ক্যান ফুল সাম পিপল ফর সাম টাইম বাট নট ফর অল পিপল ফর অল টাইমস। নানারকম প্রচারের ডঙ্কা নিনাদে মানুষকে সাময়িকভাবে বিভ্রান্ত করা যেতে পারে কিন্তু জীবনের অভিজ্ঞতার ভেতর দিয়ে মানুষ বুঝতে পারে সেটা হয় না সেই হয়ও নি। আজকে হয়ত অনেকে বিস্মিত হতে পারেন, কিন্তু এটা সত্য যে, সেভেন্থ প্ল্যান পিরিয়ডে ১৯৮৫ থেকে ১৯৯০ সালের ভেতর আমাদের কথা নয়, কেন্দ্রীয় সমীক্ষায় স্বীকৃত হয়েছে হাইয়েস্ট রেট অফ এগ্রিকালচার ডেভেলপমেন্ট এই পশ্চিমবাংলায়। সেটা হচ্ছে ৩৪ পারসেন্ট, তার পর হরিয়ানাতে কমে ২৪ পারসেন্ট, পাঞ্জাবে ২৩ পারসেন্ট।

[12-10 – 1-00 p.m.] (including adjournment)

আপনারা জানেন যে আমাদের জমি অনেক কম। আমাদের থেকে অন্ধ্রে জমি অনেক বেশি এবং তারাই এতদিন ফার্স্ট ছিল টোট্যাল রাইস প্রডাকশনে। কিন্তু গত দু বছর ধরে আমরাই কেন্দ্রীয় সরকারের কাছে প্রথম হবার জন্য পুরস্কৃত হয়েছি। এটা নিশ্চয় কেউ অস্বীকার করতে পারবেন না। এখানে টোট্যাল প্রোডাকশন অব রাইস অ্যান্ড পার হেক্টর ইল্ড তাতে আমরা গত দুবার প্রথম হয়েছি এটা মনে রাখতে হবে। সঙ্গে সঙ্গে একথাটাও মনে রাখতে হবে যে সারা ভারতবর্ষের যে অগণিত মানুষ তার ৭৩ পারসেন্টের মতো তারা সাক্ষাৎভাবে কৃষির উপর নির্ভরশীল। এইসব মানুষের আয়ের উপরই ভারতের অভ্যন্তরীণ বাজারের বিকাশ হতে পারে যা হয়েছে আমাদের পশ্চিমবাংলায়। অন্য জায়গায় কিন্তু সেইভাবে এটা হতে পারেনি। অধিকাংশ জায়গার অধিকাংশ মানুষের ক্রয়শক্তি নেই—এই হচ্ছে অবস্থা। ডাঙ্কেল প্রস্তাবে আরও একটা জিনিস আছে। সেটা হচ্ছে, প্রত্যেক দেশের উৎপণ্য চালের ৩ পারসেন্ট যাবে এবং ইতিমধ্যে যাচ্ছেও আমাদের দেশ থেকে। অথচ আমাদের দেশে সামগ্রিকভাবে দেখবেন গত ৭ বছরে আমাদের হিসাব হচ্ছে ১৭।। কোটি থেকে ১৮ কোটির মধ্যে ওঠানামা করছে। অর্থাৎ আমাদের গ্রিন রেভলিউশনের যে ফানুস সেই ফানুস আজকে ফেঁসে গিয়েছে এবং এখানে নতুন ব্রেক, থ্রু করার প্রয়োজন আছে। সেজন্য গবেষণা করে আমাদের সেই জিনিস করতে হবে। কিন্তু সেটা তারা করবার জন্য আসেনি। বরং [illegible]

জিনিস এখানে ঢোকাবার চেষ্টা করবে। সম্প্রতি আমরা দেখছি, বর্ধমান, হুগলি ইত্যাদি জায়গায় যেখানে ভাল আলু হয়, অনেক বেশি উৎপাদন হয় হঠাৎ তারা টিক করেছেন আমেরিকার একটা কোম্পানি, বর্ধমানে তারা দুশো একর জমি খুঁজছেন এবং সেখানে তারা আমাদের বীজ দিয়ে নয়, তাদের নিজেদের বীজ দিয়ে চাষ করবেন এবং তা করে এক্সপোর্ট করবেন। আলুটা ওদের অনেক জায়গায় স্টেবল ফুড। আর্য়াল্যান্ড, নরওয়ে সুইডেন এইসব জায়গায় এটা স্টেবল ফুড। সেটাকে ডিহাইড্রেড করে করবে। ভাল, আমাদের আপত্তি নেই, সেটা তোমরা কর কিন্তু আমাদের কাছ থেকে নাও, আমাদের চাষীরা করুক। আমাদের চাষী করলে এবং সেটা তারা নিলে আমরা একটা অ্যাসিওর্ড মার্কেট পাই। কিন্তু ব্যাপারটা তা নয়। শেষ পর্যন্ত যা বোঝা যাচ্ছে সেটা হল এ নীল বিদ্রোহের মতোন ব্যাপারটা। তারা তাদের প্রয়োজনে, তাদের স্বার্থে, বিদেশে রপ্তানির স্বার্থে আমাদের এখানে সেই জিনিস করবার চেষ্টা করছে। তারা দেখবেন বাধ্য করবে—এই জিনিস হবে। আমরা জানি মহারাষ্ট্রে আছে। অন্যান্য জায়গায় কেউ ফল চাষের নামে বহু জায়গায় নিয়ে নিচ্ছে। তার ফলে সিলিং অ্যাক্টের মধ্যে পড়ে যে উদ্বৃত্ত জমি গরিব চাষীকে দেওয়া যেত সেটা চলে যাচ্ছে। এখন এক একজন এসে কি সব করবেন বলে বড় বড় সব ফিরিস্তি দিয়ে যে কোনও পরিমাণের জমি নিয়ে নিচ্ছে। কি তারা করছেন সেটা দেখতে হবে তাহলেই বোঝা যাবে। অনেক সময় এইসব জিনিসে খুব মুশকিল হয়ে যাচ্ছে। কাজেই সমস্ত ব্যাপারটা খুব বাস্তব অভিজ্ঞতা ভেতর দিয়ে দেখতে হবে। সারা ভারতবর্ষে হিসাব যদি দেখেন তাহলে দেখবেন গত ৭ বছর ধরে প্রায় বলা যেতে পারে যে টোট্যাল প্রোডাকশনের দিক থেকে একটা অচল অবস্থার মতোন সৃষ্টি হয়েছে। আর সেই ৭/৮ বছরে ১৪ থেকে ১৬ পারসেন্ট—দু পারসেন্ট করে প্রতি বছর পপুলেশন বেড়েছে। পার ক্যাপিটা অ্যাভিলিবিলিটি কমেছে। আর ইতিমধ্যে ভারতবর্ষে ২/৩ বছর ধরে কখনও মহারাষ্ট্রে, কখনও রাজস্থানে, কখনও বিহারে, ছোটনাগপুরে পালোমেতে আর উড়িষ্যাতে তো চলছেই, বহু জায়গায় দেখবেন দুর্ভিক্ষের মতোন অবস্থা চলছে। আমাদের আবার ১০ লক্ষ টন, এবারে আবার ২০ লক্ষ টন বাইরে থেকে আমদানি করার জন্য চেষ্টা করতে হচ্ছে। একটা কৃষিপ্রধান দেশে যদি পেটের খাবারটাও বহু মূল্যবান ফরেন এক্সচেঞ্জ ব্যয় করে আনতে হয় তাহলে তার থেকে বেদনাদায়ক কথা আর কিছু হতে পারে না। এই সঙ্গে আরও একটা কথা বলি। হলদিয়া ফার্টিলাইজার, দুর্গাপুর ফার্টিলাইজার, যেখানে ১৫০ কোটি টাকা দিলে বাইরে থেকে আমদানী করতে হয় না। মাননীয় অশোক মিত্র মহাশয় যখন পার্লামেন্টে বলেন যে ৫০০ কোটি টাকার ফার্টিলাইজার যা বাইরে থেকে আনা হচ্ছে তার প্রয়োজন হত না। ১৫০ কোটি টাকা এখানে বিনিয়োগ করলে পর সেটা এখানে হতে পারত। আম্‌তা আম্‌তা করে মাননীয় নরসিংহ রাওকে তখন উঠে বলতে হয়, 'আচ্ছা, আমরা নিজেরা করার চেষ্টা করব।' এই হচ্ছে অবস্থা। দেশকে যে বিক্রি করে দেওয়া হচ্ছে এ বিষয়ে কোনও সন্দেহ নেই। এটা আমাদের কথা নয়, পাবলিক অ্যাকাউন্টস কমিটি এই রিপোর্ট দিয়েছে পার্লামেন্টে। ভাল ভাল কোম্পানি, ভারত পেট্রোলিয়াম, ইন্ডিয়ান অয়েল, এইচ. এম. টি. এইসব কোম্পানি, তাদের সিকিউরিটি শেয়ার বাজারের দরের থেকে অনেক কম মূল্যে ফরেন মালটি-ন্যাশনালকে বিক্রি

করেছে। কেউ অস্বীকার করতে পারে এই কথা? কেউ অস্বীকার করতে পারে না। শেয়ার কেলেঙ্কারীর কয়েক হাজার কোটি টাকার ইনভল্‌ভমেন্ট পার্লামেন্টে উঠেছে। সুপ্রীমকোর্টের রায় হচ্ছে হায়েস্ট বডিতে মন্ত্রী সভা তাঁরাই গঠন করেন যাঁরা মেজরিটি হন। সেজন্য সেই পার্লামেন্টের একটা সর্বদলীয় কমিটি গঠন করা হয়। তাঁরা একমত হয়ে যে রিপোর্ট দেন সেই রিপোর্টকে নাকচ করা হয়েছে। কারণ সেই পার্লামেন্টের ক্রিয়েটর যে মিনিস্টার, সেই মিনিস্টারদের ভিতরে চিহ্নিত অপরাধীরা রয়েছে। অপরাধীরা বিচার করবেন সুপ্রীম কোর্টের জাজদের! পার্লামেন্টের অবমাননা এর থেকে আর কি হতে পারে! এইসব জিনিসগুলির জন্য আমরা কোন জায়গায় পৌঁছেছি! শুধু টাকার অবমূল্যায়ন হয়নি, পার্লামেন্টেরও অবমাননা হয়েছে—আপনারা সবাই জানেন যে আলোচনা হয়নি। প্রায় ১০ মাস আগে ভারত সরকারের প্রতিনিধি তাঁরা জেনেভায় গিয়ে গ্যাট চুক্তিতে সই করে এসেছিলেন। এই সই কোনও অধিকারে দিতে পারেন? পার্লামেন্টে এই রকম ইনক্লুসিভ ব্যাপার দেখেছেন? যখন আলোচনা হল তখন কি কান্ড হল সেটা আপনারা দেখেছেন। সেটা নিশ্চয়ই গ্যাটের প্রতি স্বাগত জানাবার মতো হয়নি। পার্লামেন্টের মতামতকে সম্পূর্ণ উপেক্ষা করে এটা করা হয়েছে। যেহেতু তাঁরা ঋণের দায়ে মাথা বিক্রি করেছেন, অতএব যাই হোক কিছু একটা করতে হবে, তাতে দেশের যা হয় হোক। এটা চালিয়ে যেতে হবে, তাতে দেশের যা সর্বনাশ হয় হোক। এই জিনিসটা হলে খুবই সাংঘাতিক অবস্থা হবে। আমাদের বুঝতে হবে, এর আগে এই রকম অনেক অনেক কেস হয়েছে। মেক্সিকো, আর্জেন্টিনা, তারপর ব্রাজিল এইসব দেশগুলোর অবস্থা আজকে কি দাঁড়িয়েছে? এটা আমাদের চোখের সামনে ছিল। আপনারা আজকে দেখছেন যে, নিজেরা কতখানি নির্লজ্জ হলে তবে এর জন্য উৎসব করতে পারে। উৎসব করেছেন বলে বলছেন, গোটা ভারতবর্ষকে তিন বছরে এগিয়ে দিতে পারবেন বলে চেষ্টা করছেন। এতে আজকে দেখা যায় যে শেয়ার মার্কেটের অবস্থা কি হয়েছে। ওদের নিজেদের বক্তব্য ছিল—মাঠের বক্তৃতা দিয়ে নয়—ওদের ইলেকশন ম্যানিফেস্টোতে ছিল, প্রায় ১০০ দিনের ভিতর টাইম বাউন্ড প্রোগ্রামের কথা। এক বছর আগের দর মিলিয়ে নেবেন, ১০০ দিন নয়, ৩৬৫ দিন। এক বছরে যে মুদ্রাস্ফীতি হল, ওদের মন্ত্রীসভার যে বাজেট বেরিয়েছিল তাতে পাইকারি দর ১৪.৭ পারসেন্ট বেড়েছে। অস্বীকার করতে পারনে? খুচরো দর তাহলে নিশ্চয়ই আরও বেড়েছে। তারপর কত চেষ্টাই না করা হচ্ছে। বলা হয়েছিল যে দুড় দুড় করে এক্সপোর্ট বাড়বে। গত বছরে ৪ মাসের যে ইতিহাস বেরিয়েছে, ৪ মাসে প্রায় ২৫ পারসেন্ট এক্সপোর্ট বেড়ে এখন দাঁড়িয়েছে ৮.৩ পারসেন্ট, আর ইমপোর্ট হয়েছে ৯.৯ পারসেন্ট। তাহলে ব্যালেন্স অফ ট্রেড ১.৬ পারসেন্ট, এর মানে সেটা কয়েক হাজার কোটি টাকা। এখন আমাদের বাজেটারী ডেফিসিট হচ্ছে। কেন্দ্রীয় সরকারের মূল ইনকাম হচ্ছে ইমপোর্টের ক্ষেত্রে কাস্টম ডিউটি থেকে আয়। সেগুলো ড্রাস্টিক্যালি কমিয়ে দেওয়া হয়েছে।

তারফলে আজকে অনেক জিনিস, বিদেশি, হুহু করে এসে যাচ্ছে। তার প্রতিযোগিতায় ছোটখাট তো দূরের কথা টাটা পর্যন্ত হিমসিম খাচ্ছে। অনেক ভাল ইস্পাত অপেক্ষাকৃত

অনেক কম দামে বিক্রি হচ্ছে। আমাদের এখানে অনেক কয়লা থাকা সত্ত্বেও এক হাজার কোটি টাকার কুকিং কোল অস্ট্রেলিয়া থেকে, ইন্দোনেশিয়া থেকে আসছে। যেটা এখানে আছে সেটাকে ব্যবহার করা উচিত। আবার যদি অ্যাশ কনটেন্ট থাকে, তাহলে নানা মেথডে, অন্য মেথড প্রয়োগে ব্যবহার করা যায়। এখন শুনছি যে অস্ট্রেলিয়ার মাইন থেকে কেনবার চেষ্টা করছে। ওড়িষ্যার বাইলেডিলায় যে ভাল আয়রণ ওর আছে, সেখান থেকে জাপান নিয়ে চলে যাচ্ছে এবং তাদের দেশে তারা রেল লাইন করছে। আমাদের এখানে গোয়াতেও এই রকম ভাল আয়রণ পাওয়া গিয়েছে। এইরকমভাবে সম্পদের লুঠ হচ্ছে। এই জিনিসগুলো বুঝতে হবে। আমার কথা হচ্ছে, যাই বলুক, বাস্তব জীবনে কোথায় কি ঘটছে এটা বুঝতে হবে। সেজন্য এটা কোনও থিওরিটিক্যাল ব্যাপার নয়, প্রত্যেকে নিজ নিজ এলাকায় দেখুন। গ্যাটের অ্যাকশনের ফলে জনজীবনে যে সমস্ত আঘাত হচ্ছে তা থেকে ওদের মোহমুক্তি হবে, যেমন ইউরোপে হয়েছে। ওরা নানা রকম ঢক্কানিনাদ করার পর এবারে বুঝেছেন। এবারে ওরা ফেরার হচ্ছে ফিরে চল আপন ঘরে। পোলান্ড থেকে সর্বত্র এই জিনিস হচ্ছে। সেজন্য এখন সময় থাকতে ভাবুন। এটাকে প্রতিরোধ করে ভারতবর্ষ যাতে নিজের পায়ে দাঁড়াতে পারে সেজন্য আমরা নানারকম প্রস্তাব আগে রেখেছি। এই কথা বলে, গ্যাট চুক্তির যে পরিণাম, ভয়াবহ পরিণাম, সেই কথা বললাম।

(At this Stage the House was adjourned till 1.00 p.m)

[1-00 – 1-10 p.m.] (After adjournment)

**শ্রী শচীন্দ্রনাথ হাজরা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বিধানসভায় মাননীয় সদস্য সমর বাওরা মহাশয় গ্যাট চুক্তিতে কৃষির উপরে প্রভাব এবং তার ক্ষতিকারক দিকগুলির বিষয়ে যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাব আমি সমর্থন করছি। এই প্রসঙ্গে আমি দু-চারটি কথা বলতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে ভারতবর্ষ কৃষি প্রধান দেশ। আমাদের দেশে কৃষির উপর নির্ভর করে বেশির ভাগ মানুষ জীবনযাত্রা নির্বাহ করে। এ ছাড়া আমাদের দেশে মূলত যে সমস্ত শিল্পগুলি আছে তার বেশির ভাগ শিল্প কৃষি নির্ভরশীল। এই দৃষ্টিকোণ থেকে কৃষিকে বিশ্লেষণ করলে গোটা ভারতবর্ষে কৃষি জমির যা অবস্থান এবং কৃষিতে যে সমস্যা আছে স্বাধীনতার পরবর্তীকালে তা দূর হয়নি। আমরা জানি। আমরা জানি ভারতবর্ষের মোট উৎপাদিত জমি এখনও পর্যন্ত গড়ে প্রায় এক তৃতীয়াংশ জল সেচের মধ্যে আনা হয়েছে। বাকিটা জল সেচ ব্যবস্থার মধ্যে আনা যায় নি। উপরন্তু ভারতবর্ষ এমন একটা দেশ যেখানে মূলত মৌসুমী বায়ুর উপর নির্ভর করে চাষ-আবাদ করতে হয়। ভারতবর্ষে কোনও কোনও সময় প্রবল বন্যা এবং খরা দেখা দেয়। এই বছর আমরা লক্ষ্য করছি উত্তর ভারতে কয়েকটি রাজ্যে বন্যা দেখা দিয়েছে আবার আমাদের পশ্চিমবাংলার উত্তরে খরা এবং দক্ষিণবঙ্গের কয়েকটি জেলায় খরা দেখা দিয়েছে।

এই অবস্থায় দাঁড়িয়ে ভারতবর্ষের কৃষির উন্নয়ন যেখানে এখন পর্যন্ত প্রকৃতি নির্ভর

এবং যতটুকু ব্যবস্থা আছে সেই ব্যবস্থার উপর আবার গ্যাটচুক্তির জন্য কৃষিতে যে সমস্যা দেখা দেবে তা আমাদের কাছে অত্যন্ত ক্ষতিকারক দিক বলে মনে হয়েছে। আমরা লক্ষ্য করে দেখেছি কৃষিতে উৎপাদন করার ক্ষেত্রে, কৃষির যে মূল মূল উপাদানগুলি, কৃষিজাত ফসল উৎপাদন করার ক্ষেত্রে সার, কীটনাশক ঔষধ, যন্ত্রপাতি, বিদ্যুৎ, জলসেচ ইত্যাদির উপর থেকে ভর্তুকি তুলে নেওয়ার ফলে যে মূল্যবৃদ্ধি ঘটেছে তা সাধারণ কৃষকের কাছে অত্যন্ত ব্যয়সাধ্য। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন বিগত ২।৩ বছর আগে সারের উপর যে ভর্তুকি ব্যবস্থাটা ছিল, তাতে আমরা লক্ষ্য করে দেখেছি, কৃষি ফসল উৎপাদন করার ক্ষেত্রে বিশেষ করে যে সার প্রয়োগ করতাম ডি. এ. পি. সার, যেটা ১৮০ টাকায় বস্তা পাওয়া যেত, ভর্তুকি তুলে নেওয়ার ফলে সেটা লাফিয়ে ২৭০ টাকা হয়ে গেল গত বছরে, আর এবারে সেই ডি. এ. পি. সার এখন পর্যন্ত ৩৮৫।৩৯০ টাকায় বিক্রি হচ্ছে। অন্যদিকে পটাসিয়াম সালফেট-এর দাম ছিল ৫০ টাকা থেকে ৭০ টাকা গত বছরে, ভর্তুকির পরিমাণ তুলে নেওয়ার ফলে, এখন সেই পটাসিয়াম সালফেট-এর দাম হচ্ছে ২৫০ টাকা, ইউরিয়ার দাম যেখানে ১৫০ টাকা ছিল সেটা লাফিয়ে ২০০ টাকা হয়ে গেল। অন্য দিকে কৃষি যন্ত্রপাতি, কীটনাশক ঔষধপত্র সব জিনিসের দাম বেড়ে গিয়েছে। গরিব কৃষক যারা আলু চাষী তাদের কথা বলতে পারি ব্লাইটেক্স যেটার ৬ টাকা দাম ছিল সেটা এখন বেড়ে হয়েছে ১৫ টাকা। আগালল যেটা ছিল ১৫ টাকা সেটা লাফিয়ে বেড়ে হয়ে গেল ৭৫ টাকা। এছাড়া কৃষি যন্ত্রপাতির ক্ষেত্রে আমরা লক্ষ্য করে দেখেছি স্প্রে মেশিন, হারবেস্টার, থ্রেসারের দাম প্রচন্ড বেড়ে গিয়েছে, যেটার দাম হাজার টাকা ছিল, তা লাফিয়ে দেড় হাজার টাকায় পৌঁছে গেছে। এই অবস্থায় দাঁড়িয়ে ভারতবর্ষে কৃষিজাত ফসল উৎপন্ন করতে হচ্ছে। তাই ভর্তুকি তুলে নেওয়ার ফলে অন্যান্য যন্ত্রপাতির দাম বেড়ে গেছে এবং কৃষিজাত ফসলের দাম বেড়ে গেছে। এর ফলে দেখা যাচেছ কৃষকেরা ন্যায্য দাম পাচ্ছিল না, তাই কৃষকরা ভারতবর্ষের কৃষি বিপ্লব করার জন্য গোটা ভারতবর্ষে সর্বতোভাবে না পারলেও পশ্চিমবাংলার কথা বলতে পারি, হিমাচল প্রদেশের কথা বলতে পারি, পাঞ্জাবের কথা বলতে পারি, এই সমস্ত জায়গায় যে পরিমাণ ফসল উৎপাদন হত সেই উৎপাদিত ফসল-এর ক্ষেত্রে আমরা লক্ষ্য করে দেখেছি উন্নতমানের বীজ কৃষককে সরবরাহ করার জন্য যে বিভিন্ন ব্যবস্থা ছিল। আজ থেকে ২০। ২২ বছর আগে, আমাদের পশ্চিমবাংলায় যে তাইচুন, তাইনান ধান চাষ হওয়ার জন্য আসত তো বিঘা প্রতি ২৮।৩০ মন হতো। এই উন্নতমানের বীজ গোটা ভারতবর্ষে আরও বেশি করে যাতে দেওয়া যায়, তার জন্য আমাদের দেশে, যারা মেধা সম্পন্ন, কৃষি নিয়ে গবেষণা করেন, অথবা উন্নতমানের বীজ নিয়ে গবেষণা করেন, তারা কৃষকের হাতে কি ভাবে পৌঁছে দিতে পারেন তার চেষ্টা করছিলেন।

[1-10 – 1-20 p.m.]

আমরা সম্প্রতি চুঁচুড়ার একটি কৃষি খামারে গিয়েছিলাম, সেখানে গিয়ে দেখলাম সারা ভারতবর্ষে প্রকৃতি অনুযায়ী বীজ উৎপাদনের দিকে তারা চেষ্টা করছে। যেখানে প্রচুর পরিমাণে

বৃষ্টি হয়, যেখানে বৃষ্টি হয় সেদিকে দৃষ্টি রেখে তারা বীজ উৎপাদনের দিকে চেষ্টা করছে। আবার তাড়াতাড়ি ফসল উৎপাদন করা যায় এই রকম বীজ উৎপাদনের দিকেও তারা নজর রাখছে। এই রকম বিভিন্ন ধরনের উন্নত মানের বীজ আমাদের ব্যবস্থাপনায় করা হচ্ছে। সেই সময় আমরা লক্ষ্য করে দেখলাম গ্যাট চুক্তির মধ্যে দিয়ে যে পেটেন্ট আইন, সেই পেটেন্ট আইনকে পরিবর্তন করা হয়েছে। ১৯৭৪ সালে আমাদের দেশে যে পেটেন্ট আইন ছিল সেখানে পরিষ্কারভাবে বলা হয়েছে আমাদের দেশের মেধাসম্পন্ন ছাত্র বা যুবক তারা কোনও একটা জিনিসের অনুকরণে যদি কোনও জিনিস আবিষ্কার করে আমাদের দেশের উন্নতমানের ফসল ফলানোর জন্য তা আমাদের থাকবে, কিন্তু গ্যাট চুক্তির মধ্যে দিয়ে সেই পেটেন্টগুলোকে আর রাখতে পারবেন না, কুড়ি বছর ধরে তারা ভোগ করবেন। সমস্ত স্বত্ব তারা রাখবেন। আমাদের দেশে উন্নতমানের বীজ কতটা প্রয়োজন আছে, কোন কোন চাষী তা পাবে তা নির্ধারণ করার কোনও অধিকার আমাদের দেশের সরকারের থাকবে না। সেগুলো সব সাম্রাজ্যবাদী দেশের ইচ্ছায় এবং আই. এম. এফের নির্দেশে হবে। খুবই স্বাভাবিকভাবে গ্যাট চুক্তির মধ্যে দিয়ে আমরা বলতে পারি আমাদের দেশের যে সার্বভৌমত্ব, আমাদের দেশের যে ডেভেলপমেন্ট সেই ডেভেলপমেন্ট যথেষ্ট পরিমাণে ব্যহত হবে এই বিষয়ে কোনও সন্দেহ নেই। তাছাড়া আমরা লক্ষ্য করে দেখলাম প্রতিযোগিতার ক্ষেত্রে বিভিন্ন ধরনের কথা এখানে বলা আছে। আমাদের দেশে যে জমি আছে, যে সম্পদ আছে, যে পরিমাণ ফসল আমাদের দেশে তৈরি করা হবে প্রতিযোগিতার জন্য বিদেশের দরজা এখনেও খুলে দেওয়া হবে। প্রতিযোগিতার ক্ষেত্রে এক ধরনের বৈশিষ্ঠ থাকলে, এক ধরনের ব্যবস্থাপনা থাকলে, এক ধরনের মান থাকলে সেই প্রতিযোগীতায় টিকে থাকা সম্ভব। কারণ ভারতবর্ষ এখন অনেকটা পরিমাণে পিছিয়ে আছে, প্রযুক্তিতে পিছিয়ে আছে, কৃষিতে পিছিয়ে আছে। উন্নত দেশের সাথে প্রতিযোগিতা করতে গেলে, পিছিয়ে পড়া দেশ ভারতবর্ষ প্রতিযোগিতায় পিছিয়ে পড়তে বাধ্য। স্বাভাবিকভাবেই সেখানকার কৃষি এবং অন্যান্য জিনিসপত্রের উন্নতি ঘটানো অসম্ভব হয়ে পড়বে এই বিষয়ে কোনও সন্দেহ নেই। এইরকম অবস্থায় দাঁড়িয়ে আমি এই কথা বলতে চাই, ৯০ কোটির মতো মানুষ বসবাস করে আমাদের ভারতবর্ষে। সেই জন্য এই গ্যাটচুক্তি আমরা মেনে নিতে পারিনি। তার বিরুদ্ধে আলোচনা করে আমি আমাদের বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহোদয়, এখানে গ্যাট চুক্তি বাতিলের দাবিতে এবং গ্যাট চুক্তির ফলে কৃষিব্যবস্থায়, কৃষি অর্থনীতিতে তার যে প্রভাব পড়বে সেই প্রসঙ্গ নিয়ে যে প্রস্তাব আলোচনা করা হয়েছে আমি সেই প্রস্তাবকে সমর্থন করছি এবং গ্যাট চুক্তি বাতিলের দাবি জানাচ্ছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা জানি, আমাদের দেশের যে কৃষি ব্যবস্থা বিশ্বের অন্যান্য দেশের মতো প্রথমে আমরা এখানে খাদ্য সংগ্রাহক জাতি হিসাবে এসেছিলাম এবং পরবর্তীকালে ক্রমবিবর্তনের ধারা নিয়ে আজকে উন্নত কৃষি প্রযুক্তির জায়গায় এসে গেছি এবং খাদ্য উৎপাদক হিসাবে পৃথিবীর অন্যতম সর্ব বৃহৎ কৃষি-উৎপাদক দেশের স্থান লাভ করেছি। আমরা জানি, বিশেষ করে, স্বাধীনতার পরে সাম্রাজ্যবাদী শক্তি আমাদের

দেশে ছিল তখন আমরা দেখেছি কৃষি-অর্থনীতি নিয়ন্ত্রণ করত লন্ডন। তখন কাঁচা মাল লন্ডনে চলে যেত। তখনকার উৎপাদকরা তার জন্য অনেক মূল্য দিয়েছে। তাদেরকে প্রয়োজনে উৎপাদন করতে বাধ্য করা হত। স্বাধীনতার পরে পন্ডিত নেহেরু বিশেষ করে গান্ধীজি যে কৃষি-অর্থনীতির কথা বলেছেন, সেখানে ভারতবর্ষ কোথায়, তার উত্তরে গান্ধীজি বলতেন, ভারতবর্ষ গ্রামে। সেই গ্রামে কত লোক থাকি। গ্রামে শতকরা ৭০ থেকে ৭৫ ভাগ মানুষ থাকেন এবং তারা কৃষি-নির্ভর। সঙ্গত কারণেই কৃষকের সমৃদ্ধিই কৃযির-সমৃদ্ধি। আর কৃষির সমৃদ্ধি মানেই দেশের সমৃদ্ধি। একথা মনে রেখে আমরা দেখছি যে, কেন্দ্রীয় সরকার, বিশেষ করে প্রথম প্রধানমন্ত্রী জওহরলাল নেহেরু, লালবাহাদুর শাস্ত্রী এমন কি কোনও কোনও ক্ষেত্রে ইন্দিরা গান্ধী পর্যন্ত, তারাও কৃষি-অর্থনীতির উপর গুরুত্বের কথা বারবার বলেছেন কিন্তু রাজীব গান্ধী যিনি কংগ্রেসের অবিসংবাদী নেতা এবং কংগ্রেসের বর্তমান নেতারা বলেন তিনি নাকি তাঁদের ধারা অনুসরণ করে চলেছেন। রাজীব গান্ধীকে অনুসরণ করে নরসীমা রাও, সেখানে আমরা দেখেছি যে রাজীব গান্ধী একবিংশ শতাব্দিতে উত্তোরণের কথা বলেছেন, আধুনিকিকরণের ভেতর দিয়ে। সেই রাজীব গান্ধীর দেশ ভারতবর্ষ। সেখানে পি. ভি. নরসিমা রাও, যারা সংখ্যালঘু ছিলেন, আপনারা জানেন, তারা গ্যাট চুক্তি করবেন বলে ভারতবর্ষের মানুষের কাছ থেকে কোনও ম্যান্ডেট, জনসাধারণের কাছ থেকে নির্বাচনের ভেতর দিয়ে রায় সেটা গ্রহণ করলেন না। সেখানে আমরা দেখেছি, আমাদের দেশ যেখানে কৃষি-গবেষণায় একটা উল্লেখযোগ্য স্থান লাভ করছে। আজকে পৃথিবীর বিভিন্ন দেশে কৃষি গবেষণা চলছে। উন্নতমানের বীজ, সার প্রযুক্তি উদ্ভাবন হচ্ছে। তার সঙ্গে কমপিট করছে ইন্ডিয়া। আমরা জানি পন্থনগর গবেষনাগার বিশ্বের কৃষি বিজ্ঞানীদের কাছে একটা গুরুত্বপূর্ণ জায়গা। আমরা যখন কৃষি-অর্থনীতিতে এগিয়ে যাচ্ছি সেখানে কোনও কোনও জায়গায় যেমন পশ্চিমবঙ্গের এখানেও আমরা দেখছি বামফ্রন্ট গভর্নমেন্ট আছে, তারা যে পলিসি নিয়েছে তাতে একদিকে ভূমি-সংস্কার আরেক দিকে প্রায় ৪৯ ভাগ চাষযোগ্য জমিতে আজকে সেচের আওতায় আনা সম্ভব হয়েছে বলে প্রকৃতপক্ষে ভারতবর্ষে পশ্চিমবাংলা বারবার প্রথম হচ্ছে এবং আমরা জানি এখানে যে সমস্ত সার কারখানা চলে সেই সার কারখানার উৎপাদিত সার সেগুলো চাষীরা যাতে ন্যায্য মূল্যে পায় এবং সার উৎপাদনের জন্য যে মেটেরিয়ালস লাগে তার মূল্য বৃদ্ধির জন্য যখন সারের দাম বার বার করে বাড়ে তখন কেন্দ্রীয় সরকারও বাধ্য হয় যে সাবসিডি বন্ধ করা হবে না। কিন্তু গ্যাট চুক্তির ফলে সর্বনাশ হবে। কারণ এখানে যে সার কারখানা সেটা বন্ধ হয়ে যাবে এবং পন্থনগরে এবং ভারতবর্ষের অন্যান্য জায়গায় যে বীজ গবেষণাগার আছে, যে কৃষি বিশ্ব-বিদ্যালয় আছে সেখানে ও আমরা দেখব ঐ পেটেন্ট সত্ত্বেও যে সমস্ত বীজ আজকে উদ্ভাবন হচ্ছে, সেগুলো পেটেন্ট সত্ত্বেও আমেরিকা প্রভৃতি সাম্রাজ্যবাদী দেশগুলো নিয়ে নিচ্ছে।

[1-20 – 1-30 p.m.]

এখানে যেটা দাঁড়াবে সেটা হচ্ছে এই যে আমাদের এখানে আমদানি শুল্ক সেটা যেহেতু উঠে যাচ্ছে ফলে এখানকার সার-উৎপাদক যেসব সংস্থা আছে তাদের সাথে এদের কমপিটিশনে আমাদের দেশের সর্বনাশ হবে। সেজন্য এই মুহূর্তে আমরা কেউ ভাবতে পারি যে, না, অনেক কম দামে জিনিসপত্র পাব এবং গভর্নমেন্ট সাবসিডি দেবে কিন্তু বাস্তবে তা হবে না। গভর্নমেন্ট সাবসিডি দেবার কথা ঘোষণা করা সত্ত্বেও এবং দাম বাড়বে না একথা ১৯৪৭ সালের ১৫ই আগস্ট থেকে কেন্দ্রীয় কংগ্রেসি সরকার বারবার বলা সত্ত্বেও আমরা দেখেছি যে ইতিমধ্যেই কোনও কোনও জিনিসের দাম ১০০ গুন বেড়েছে। ঔষুধের দাম বেড়েছে, কৃষি উপকরণের দাম বেড়েছে, সারের দাম বেড়েছে। তারপর এই গ্যাট চুক্তি, এটাকে বলা যেতে পারে সাম্রাজ্যবাদীদের কাছে নির্লজ্জভাবে আত্মসমর্পণ। আমাদের দেশের সার্বভৌমত্ব, আমাদের দেশের স্বাধীনতার উপর একটা একটা আঘাত। শুধু তাই নয়, আমাদের দেশের যে সমস্ত প্রযুক্তিবিদ্‌রা রয়েছেন, যারা আজকে গবেষণা করেন তাদেরও সর্বনাশ করা হবে এ মেধাসত্ব বিক্রির ভেতর দিয়ে। আজকে তাই আমি বলব, গ্যাট চুক্তি বাতিল করার জন্য আজকের এই প্রস্তাব সময়োপযোগী প্রস্তাব আমি শুধু এটাকে সমর্থন করছি তাই নয়, আমি যে দলের মনোনীত প্রার্থী হিসাবে নির্বাচিত হয়ে এই সভায় এসেছি সেই আর. এস. পি. দল থেকে আমরা খুব স্পষ্টভাবে বলি যে কোনও কমপ্রোমাইজ নয়। এই গ্যাট চুক্তি শুধু কৃষির সর্বনাশ করবে তাই নয়, এই গ্যাট চুক্তির ফলে আমাদের দেশের বাণিজ্যনীতি, আমাদের শিল্প সব কিছুর সর্বনাশ হবে। এখানে অনেকে চিন্তা করতে পারি যে আমাদের সীমাবদ্ধ সাংবিধানিক ক্ষমতার ভেতর দিয়ে আমাদের চলতে হয় এবং সেখানে আজকে প্রয়োজনে কমপ্রোমাইজ করতে হবে কিন্তু আমরা মনে করি যে সর্বনাশ হবে। সর্বনাশ হবে এইজন্যই যে আমরা দেখেছি বেসরকারি উদ্যোগে যে সমস্ত কলকারখানা চলে সেইসব কলকারখানায় যখনই লাভ বন্ধ হয়, লাভ থমকে যায় তখনই কিন্তু বেসরকারি সেইসব কলকারখানা বন্ধ হয়ে যায়। সেইসব বেসরকারি কলকারখানা যখন বন্ধ হয়ে যায় তখন তার বেসরকারিকরণ করা বা সাম্রাজ্যবাদী শক্তিকে নিয়ে এসে আমার অর্থনীতিকে বাঁচানোর চেষ্টা করা এটা কিন্তু কন্ট্রাডিকশন হয়ে যাবে। জাতীয় অ্যাসপেক্টে যে কথাটা বলছি আমাদের রাজ্যের অ্যাসপেক্টেও আমাদের মাথার মধ্যে সেটাকে রাখতে হবে। কারণ আমরা মনে করি, আজকে যদি এ ধরনের ব্যবস্থা তারা এখানে পায় তাহলে সাম্রাজ্যবাদীরা লক্ষণের মৃগয়াক্ষেত্রে পরিণত করবে আমাদের এই পূর্বাঞ্চলকেও। দুঃখের কথা হচ্ছে, মিরজাফর আমাদের এই বাংলা, বিহার, উড়িষ্যা এলাকায় ছিলেন, আজকে সেই মিরজাফরের ভূমিকায় অবতীর্ন হলেন এক বঙ্গসন্তান শ্রী প্রণব মুখার্জি। বাংলার ১৪০১ সালের ১লা বৈশাখ, ১৫ই এপ্রিল যে সর্বনাশটি করলেন নরসিমা রাও-এর নির্দেশে এবং ডঃ মনমোহন সিং-এর যোগসাজসে সেটা প্রকৃত সর্বনাশ হয়ে পরে দেখা দেবে। রবীন্দ্রনাথের সেই লেখাটা আমরা জানি, 'বণিকের মানদন্ড পোহালে শর্বরী দেখা দিল রাজদন্ড রূপে।' 'ওরা আসবে কৃষিতে, ওরা আসবে শিল্পে, ওরা আসবে সর্বনাশ করে দেবে। বহুজাতিক

মালিকানার যেসব সংস্থা আসবে তারা আমাদের দেশের মধ্যমবর্গীয় শিল্প কারখানা বন্ধ করে দেবে এবং তাতে সর্বনাশ অবশ্যম্ভাবী সেটা আমাদের সকলের মনে রাখা দরকার। আমাদের দেশের যে ইতিহাস সেই ইতিহাস হচ্ছে সাম্রাজ্যবাদবিরোধী ইতিহাস সেটা আমাদের মনে রাখতে হবে। আজকে কমপ্রোমাইজ যদি কোথাও করি কেন্দ্রীয় সরকার করছে, তার বিরোধিতা করছি, আমরাও যদি কমপ্রোমাইজ কোথাও করি সর্বনাশ আমরা আনব। এই মুহূর্তে ভাল মনে হবে, এই মুহূর্তে মনে হবে আমরা বেঁচে গেলাম কিন্তু আগামীদিন ভয়ঙ্কর দিন সেটা মনে রাখতে হবে। এখন যদি আমরা ভুল করি তাহলে সেই ভুলের মাসুল আমাদের দিতে হবে। ইতিহাস ক্ষমা করবে না। আমরা যারা বামপন্থী—আমি মনে করি—তাঁরা সকলেই যে সম-উপযোগী প্রস্তাব এনেছে সেই প্রস্তাবকে আন্তরিকভাবে সমর্থন করছি। আজকে এ চা-বাগিচাগুলিতে আমরা দেখছি যে সেখানে প্রায় ৩ লক্ষ লোক কাজ করে। সেখানে যে পরিমাণে সার ব্যবহার করা হয়, কীটনাশক দ্রব্যাদি ব্যবহৃত হয় তা সাপ্লাই দিচ্ছে আমাদের দেশের কোম্পানিগুলি। এরপর মালটী ন্যাশনাল কোম্পানি এখানে আসবে এবং তারই সাথে সাথে চায়ের দাম বাড়বে, লক্ষ লক্ষ মানুষ বেকার হবে, আমাদের সর্বনাশ হবে। সেজন্য আমাদের মনে রাখতে হবে এবং ব্যবস্থা গ্রহণ করতে হবে যাতে সেই অবস্থা না হয়। আপনারা শুনেছেন দেশের যারা পুঁজিপতি তারা ইতিমধ্যে ২০ হাজার কোটি টাকা লোন নিয়েছে এবং এক পয়সাও শোধ করেনি। মালটী-ন্যাশনাল কোম্পানি এসে গিয়েছে এবং ১৫ হাজার কোটি টাকা তারা এখানে ইনভেস্ট করেছে। সেই টাকা উদ্ধার তারা করবে। যারা ৯ হাজার কোটি টাকা নিয়েছে তাদের কাছ থেকে সেই টাকা উদ্ধার করার কাজ এখানে শুরু করে দিয়েছে। তাই আমরা বলি—

নাগিনীরা চারিদিকে ফেলিছে নিশ্বাস—
শান্তির ললিত বাণী শোনাইবে ব্যর্থ পরিহাস—
প্রস্তুত হতে ঘরে ঘরে দানবের সাথে আজি সংগ্রামে তরে।।

সে কথা মাননীয় নরসিং রাওকে মনে রাখতে হবে, মাননীয় প্রণব মুখার্জি এবং মনমোহন সিংকে মনে রাখতে হবে এবং সব ক্ষেত্রে গ্যাট চুক্তি বাতিল করতে হবে। আগামী দিনে এই কথা ভারতবর্ষের সাধারণ মানুষ এবং চাষীরা বলবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কামাখ্যানন্দন দাস মহাপাত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রথমেই আপনাকে বলি যে, আমার সময় ছিল ১০ মিনিট। আপনার পাশে মাননীয় চীপ হুইপ দাঁড়িয়ে আছে, উনি বললেন ১৫ মিনিট। যাই হোক, আপনি একটু অ্যাডজাস্ট করে নেবেন। আমি দু-একটি পয়েন্ট বলব। প্রথমেই বলছি, এই যে গ্যাট চুক্তি, বিশেষ করে তার যে কৃষি সংক্রান্ত অধ্যায়, সেই বিষয়ে আসার আগে যেটা উল্লেখ করার দরকার তা হচ্ছে, আমাদের দেশের সংবিধানে এগ্রিকালচার আমাদের রাজ্যের অধিকারের মধ্যে পড়ে। ভারতবর্ষ কৃষি সংক্রান্ত যে

চুক্তি করেছিল—কেন্দ্রীয় সরকারের সঙ্গে রাজ্যের অধিকার সম্পর্কিত যে চুক্তি—তা নিয়ে আন্তর্জাতিক চুক্তি সম্পাদন করলেন। এই বিষয়ে রাজ্যের সঙ্গে আলোচনা করার প্রয়োজন পর্যন্ত মনে করলেন না। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রীর সঙ্গে আলোচনা করার প্রয়োজন মনে করলেন না। আমরা যারা বামপন্থী সরকারের আছি, তারা বিচ্ছিন্নতাবাদী সাম্প্রদায়িকতার বিরুদ্ধে লড়ছি। আমরা লক্ষ করছি যে, এই ধরনের বিশেষ বিশেষ অধিকার কেড়ে নেওয়ার প্রবণতা দেখা দিচ্ছে দিনের পর দিন। এই সুযোগ গ্রহণ করে ভারতবর্ষের নানা জায়গায় বিচ্ছিন্নবাদী শক্তি আজকে আরও বেশি ক্ষমতা অর্জন করছে। আমি এই বিষয়ে আপনার কাছে উল্লেখ করতে চাই যে, গ্যাট চুক্তির মাধ্যমে ভারতবর্ষের কৃষি সংক্রান্ত অধ্যায়কে ঘুরিয়ে ভারতবর্ষের বিচ্ছিন্নতাবাদীদের মদত দেবার এই হাতিয়ারকে তারা তুলে দিয়েছে। দ্বিতীয় যে বিষয়টা উল্লেখ করতে চাই সেটা হল, আপনি জানেন, কৃষি শুধু উৎপাদন বৃদ্ধি সংক্রান্ত বিষয় নয়। কৃষি ভূমি সংস্কারের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। অত্যন্ত সঠিকভাবেই মাননীয় সমরবাবু উল্লেখ করেছেন যে ভূমি সংস্কারকে ডিনাই করা হচ্ছে। যেহেতু গ্যাট চুক্তিতে লিখিতভাবে এই কৃষিকে আন্তর্জাতিক চুক্তির সঙ্গে সংযুক্ত করা হয়েছে, সেজন্য আন্তর্জাতিক রপ্তানির স্বার্থে গ্লোবাল এগ্রিকালচার মার্কেটের সঙ্গে যুক্ত করা হবে। সেই স্বার্থে যে কোনও দেশি বিদেশি বহুজাতিক কোম্পানি তাঁরা আমাদের দেশের ধারা অনুসারে ন্যূনতম ১ হাজার একর জমি নিয়ে এগ্রিকালচার ফার্মিং করতে পারবে। ইতিমধ্যে সেই কাজ শুরু হয়েছে। ইতিমধ্যে মাননীয় মুখ্যমন্ত্রী শ্রী শারদ পাওয়ার ঘোষণা করেছেন যে, চুক্তির প্রয়োগ শুরু হবে আগামী বছর থেকে। কিন্তু ইতিমধ্যেই সেই কাজ শুরুর হয়ে গেছে। তাঁদের রাজ্যে মিনিমাম ৪ হাজার একর জমি তাঁরা দেবেন। আপনি জানেন যে, কেরালা, অন্ধ্র, তামিলনাড়ু এবং উড়িষ্যার অশুভ এই ইঙ্গিত দিয়ে এগ্রিকালচার এক্সটেন্ড ফার্মিং ফর এগ্রিকালচার ওরিয়েন্টেশন কাজ শুরু হয়েছে। বিশেষ করে কোস্টাল এরিয়াতে এটা শুরু হয়ে গিয়েছে। আমি সবগুলির উল্লেখ করব না, আমার বেশি সময় নেই, তবে অন্ধ্রে বিষয়টা বিশেষ ভাবে উল্লেখ করতে চাই। অন্ধ্রপ্রদেশে ইতিমধ্যে কয়েক লক্ষ একর জমি, প্রায় ২৫টি বড় বড় বিদেশি কোম্পানির হাতে তুলে দেবার জন্য সিদ্ধান্ত নিয়েছে। সুখের বিষয়, অন্ধ্রে প্রান্তিক চাষী এবং কৃষি শ্রমিকরা এটা রুখে দেবার চেষ্টা করছে। আপোষহীন লড়াইয়ের মাধ্যমে তারা অন্ধ্রপ্রদেশ সরকারকে বাধ্য করছে তুলে নিতে। কেরালা, তামিলনাড়ু এবং উড়িষ্যার কোনও কোনও জায়গাতে এ লড়াই শুরু হয়েছে।

[1-30 – 1-40 p.m.]

এই প্রসঙ্গে আমি এই কথা উল্লেখ করতে চাই যে, এই কথা ঠিক যে পশ্চিমবাংলায় এখনও পর্যন্ত আমাদের সরকার ঘোষিতভাবে বড় বড় কোম্পানিগুলিকে সমুদ্র উপকূলবর্তী এলাকায় চিংড়ি চাষের জন্য জমি তুলে দেননি। কিন্তু একটা অশুভ ইঙ্গিত দেখা দিয়েছে। ইতিমধ্যে আমরা মেদিনীপুর জেলায় দেখতে পাচ্ছি চিংড়ি চাষের কিছু বড় বড় কোম্পানি বড় বড় ফার্ম খুলছে। আপাতদৃষ্টিতে এটা অশুভ নয়। কিন্তু আপনি জানেন শুধু মাত্র স্যালাইন

জমিতে চিংড়ির চাষ আগামী দিনে হবে না, মিঠে জলের জমিতে চিংড়ির চাষ হবে। নদী থেকে যে মিঠে জল আসছে সেখানে স্যালাইন ওয়াটার ঢোকানো শুরু হয়ে গেছে। আমরা দেখেছি মেদিনীপুর জেলার কোটাল ব্লকে এখনও পর্যন্ত চিংড়ি চাষ শুরু হয়নি কিন্তু সেখানে ব্যাপক মানুষের মধ্যে এই মানসিকতা তৈরি হয়ে গেছে যে চিংড়ি চাষে লাভ বেশি। ধনী চাষীরা বলছে ধান চাষ করে লাভ নেই। তারা বলছে শুধু নোনা জলে চিংড়ির চাষ করা যায় তা নয়, মিঠে জলের জমিতে চিংড়ির চাষ করা যায়। পশ্চিমবাংলায় বিভিন্ন জেলায় প্রত্যন্ত এলাকায় ইতিমধ্যে ব্যাপক প্রচার শুরু হয়ে গেছে ধান চাষে লাভ নেই, ধান চাষ বা অন্যান্য সব্জী চাষের চেয়ে চিংড়ি চাষে অনেক বেশি অর্থ আমদানি হবে। সেই দিকে বুঝতে হবে। এই ব্যাপারে রাজ্য সরকারের কোনও ভূমিকা এখনও পর্যন্ত দেখিনি। থাইল্যান্ডে ব্যাপক চিংড়ি চাষের অভিজ্ঞতা আমাদের আছে। থাইল্যান্ড চিংড়ি মাছের চাষ করে অনেক ডলার উপার্জন করেছে। আন্তর্জাতিক বাজারে যখন চিংড়ির দাম কমে যায় তখন তারা চিংড়ি চাষের প্রয়োজনীয়তা কমিয়ে দেয়। তখন তাদের প্রয়োজন দেখা দেয় গম ধান চাষের। কিন্তু যে সমস্ত জমিতে তারা চিংড়ির চাষ করেছিল সেই সমস্ত জমিতে স্যালাইনিটি এত বেড়ে যায় যে তাতে আর ধান গম চাষ করা যায়নি। এই অশুভ সম্ভাবনা আমরা আমাদের দেশে করতে পারি। এই সম্পর্কে আমি রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই একেবারে যদি নোনা জলে চিংড়ির চাষ করতে হয় তাহলে সেটা সরকারি উদ্যোগে করতে হবে কিংবা ক্ষুদ্র এবং প্রান্তিক চাষীদের মাধ্যমে করা উচিত। বিদেশি কোম্পানি বা বড় বড় কোম্পানিকে কোনও অবস্থাতেই এই চিংড়ি মাছ চাষ করতে দেওয়া উচিত নয়। এই অশুভ ইঙ্গিত ক্রমশ আমাদের দেশে যাতে সম্প্রসারিত না হতে পারে সেই দিকে নজর রেখে আমাদের লড়াই করা দরকার। আমি একটা মারাত্মক বিষয় উল্লেখ করতে চাই। শুধু স্যালাইন বেল্টে পশ্চিমবাংলার মতো রাজ্যে চিংড়ি চাষের পরিকল্পনা নেওয়া হচ্ছে তা নয়। আপনারা জানেন নন্দীগ্রামের উপর দিয়ে একটা বিশাল নদী চলে গেছে, সেই নদীবাঁধ ভেঙে একেবারে নষ্ট হয়ে গেছে। এখানে মাননীয় সেচমন্ত্রী নেই, থাকলে তাঁর কাছ থেকে জানতে চাইতাম কেন এটা হচ্ছে। স্টেট প্ল্যানিং বোর্ডের যে পরিকল্পনা হয়েছে—সেই নদী একটা বিশাল এলাকায় ২টি গ্রাম আছে—তাতে সেই বাঁধ পুনর্নির্মাণ করা হবে না। যুক্তি হিসাবে তাঁরা কিছু খাড়া করেননি, কিন্তু সেই যুক্তি আমাদের বুঝতে অসুবিধা হচ্ছে না। সেখানে ধান চাষ হত, সেখানে আজ চিংড়ির চাষ হবে। এইরকম একটা পরিকল্পনা তারা পাশাপাশি করে নিয়েছে। সুতরাং রাজ্য সরকারের বিভিন্ন সেক্টরে যে পরিকল্পনা সেই পরিকল্পনা ঘোষিতভাবে হোক বা না হোক, জেনে হোক বা না জেনে হোক, প্রকান্তরে মদত দিচ্ছে। গ্যাট চুক্তি অনুযায়ী কৃষির উপর বিশাল আমদানি উপর নির্ভরশীল হওয়ার জন্য এই মাছ চাষের ষড়যন্ত্রের ব্যাপারে আমাদের সচেতন হওয়ার দরকার। আমি আর একটা বিষয় বলতে চাই। পেটেন্টের ব্যাপারে বিনয়বাবু এবং অন্যান্য সদস্য বেশ কিছু কথা বলেছেন, আমি আর সেই বিষয়ে যাচ্ছি না। আমি যে বিষয়ে বলতে চাই সেটা হল, আপনারা জানেন আমাদের দেশের প্রায় ৬ লক্ষ মেট্রিক টন বীজ ব্যবহারিত হয় আমাদের এখানে চাষের জন্য। তার মধ্যে ২ লক্ষ ২০ হাজার মেট্রিক

টন বীজ রাষ্ট্রীয় বীজ খামারগুলিতে উৎপাদন হয়। বাকি যে ৩ লক্ষ ৮০ হাজার মেট্রিক টন বীজ লাগে সেটা বেসরকারি খামারগুলিতে উৎপাদন হয়। ছোট, মাঝারি চাষীরা নিজেরা বীজ উৎপাদন করে চাষ করে। গ্যাটের ধারা অনুযায়ী কোনও কৃষক তারা নিজেরা যে বীজ উৎপাদন করছে সেটা তারা বাজারে বিক্রি করতে পারবে না। এক্সচেঞ্জ করতে পারবে না, সেটা বিনিময়যোগ্য নয়। এই ৩ লক্ষ ৮০ হাজার মেট্রিক টন বীজ বাজারে বিক্রি করার ক্ষমতা তাদের হাত থেকে চলে যাবে।

সুতরাং সার্বিকভাবে এই তিন লক্ষ আশি হাজার মেট্রিক টন বীজ বিক্রির ক্ষমতা আমাদের চলে যাবে। কৃষকদের হাত থেকে, ছোট মাঝারি কৃষকের হাত থেকে এই ক্ষমতা চলে যাবে। অনিবার্যভাবে সেই বিক্রির ক্ষমতা এসে পড়বে ভারতবর্ষে আমাদের কিছু দেশীয় এবং প্রধানত বিদেশি বহুজাতিক সংস্থা, যারা আমাদের এখানে এগ্রিকালচারাল সিড্‌স তৈরি করার জন্য তাদের সমস্ত বীজকে, মেধাকে এখানে নিয়োজিত করবে। এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে আমাদের লড়াইটা করতে হবে। আমি এই প্রসঙ্গে আলোচনা করতে চাই, আপনারা জানেন যে আমাদের এই কৃষির উপরে একটা মারাত্মক ক্ষতিসাধন করতে চলেছে। গ্যাটচুক্তির অন্যতম ধারা অনুসারে ক্ষুদ্রবীজ এবং ক্ষুদ্র উদ্যানের উপরে পেটেন্টের অধিকার তাদের দিতে হবে। ইতিমধ্যে প্রায় দুশ'টি বড় বড় বহুজাতিক সংস্থা আমাদের দেশে এই ক্ষুদ্রবীজ এবং ক্ষুদ্র উদ্বিদের উপরে তাদের পেটেন্টের যে অধিকার তা অ্যাপ্লাই করেছে। ফলে আগামীদিনে কৃষিতে বিপ্লব আনার জন্য যে বায়ো-ফার্টিলাইজার এবং বায়ো-পেস্টিসাইড্‌স এবং বায়োড-ফাংগাসের যে উজ্জ্বল সম্ভাবনা হয়ে উঠেছে, যা আমাদের দেশেও কিছুটা হয়েছে, সেগুলোর সমস্ত অধিকার থেকে আমরা বঞ্চিত হব। এই প্রসঙ্গে স্যার, আপনার কাছে উল্লেখ করতে চাই—ভর্তুকির ব্যাপারে সমরবাবু কিছুটা বলেছেন, অন্যান্য সদস্যরাও বলেছেন—আমি মনে করি যে আমাদের রাজ্য সরকারের এইক্ষেত্রে কিছুটা ভূমিকা থাকা উচিত। ইতিমধ্যে আমাদের ভাবা দরকার যে সিড্‌স'-এর ক্ষেত্রে যখন আক্রমণ আসছে, বিশেষ করে স্যালাইন বেল্টে বীজের উপরে আক্রমণ আসছে, তখন আমাদের পশ্চিমবাংলায় কৃষি গবেষণাগার গত আট বছর ধরে স্যালাইন চাষোপযোগী যে ধান, সেই ধান-বীজের গবেষণার ব্যাপারে তদানিন্তন কৃষিমন্ত্রী কমল গুহ মহাশয় আমার এক প্রশ্নের উত্তরে জানিয়েছিলেন যে সেই গবেষণা ল্যাবোরেটরিতে সফল হয়েছে। তিন বছরের মধ্যে তা বাজারে ছাড়া হবে। সেই তিন বছর পেরিয়ে গেছে, তার ওপরে আজও পাঁচ বছর পেরিয়ে গেছে। কিন্তু সেই নোনাজলের উপযোগী ধান চাষের বীজ এখনও পর্যন্ত কৃষকদের কাছে আসে নি। গ্যাট চুক্তির ধারা অনুসারে এবং আমাদের দেশে গবেষণার সুযোগ কম থাকার সুযোগ নিয়ে বহুজাতিক সংস্থাগুলো আমাদের বীজের বাজারকে দখল করতে আসছে। এই সময়ে আমাদের রাজ্য সরকারের তরফে দৃঢ় পদক্ষেপ নেওয়া দরকার। আমাদের নিজস্ব উদ্যোগ গ্রহণ করে আমরা যাতে আমাদের গবেষণাকে সফল করতে পারি, আমরা যাতে আমাদের পশ্চিমবাংলার মাটির উপযোগী ধান, পাট, গম, তৈলবীজ, ডাল ইত্যাদি নানাবিধ উন্নতমানের বীজের গবেষণার জন্য আরও

বেশি অর্থ নিয়োগ করতে পারি এবং গবেষণাকে ফলপ্রসূ করতে পারি, সেই বিষয়ে আমাদের নজর রাখা দরকার। ভর্তুকির ব্যাপারে ইতিপূর্বে আলোচনা হয়েছে। এই প্রসঙ্গে আমি বলব, আমি মনে করি যে আমাদের রাজ্য সরকারের অত্যন্ত সুচিন্তিত পদক্ষেপ নেওয়া দরকার—আমাদের তাতে ভর্তুকি কমাতে না হয়। কি সেচের ক্ষেত্রে, কি জলের ক্ষেত্রে, কি বিদ্যুতের ক্ষেত্রে সব ব্যাপারে সুচিন্তিত পদক্ষেপ নেওয়া দরকার। আমরা জানি যে আমাদের অনেক অর্থ -সঙ্কট আছে। কিন্তু এই বিষয়টি আরও বেশি করে ভাবার সময় এসে গেছে। আমাদের রাজ্য সরকারের নানান সংস্থায় যে শতশত কোটি টাকা নানান কারণে ক্ষতি হয়ে যাচ্ছে প্রধানত প্রশাসনিক ব্যর্থতার জন্য। অযোগ্যতার জন্য শতশত কোটি টাকা সেখানে ভর্তুকি দিতে হচ্ছে প্রতি বছরে। সেখানে আমরা যদি আমাদের যোগ্য প্রশাসনিক এবং সৎ ও নীতিনিষ্ঠ প্রশাসন ব্যবস্থার মাধ্যমে সেই অর্থের অপচয় বাঁচাতে পারি, তাহলে কৃষি গবেষণার স্বার্থে এবং বিদ্যুতের স্বার্থে, সেচ এবং নিকাশি স্বার্থে আরও বেশি ভর্তুকি আমরা দিতে সক্ষম হব। আজকে এই কৃষিক্ষেত্রে সর্বাত্মক আক্রমণের মুখে দাঁড়িয়ে পশ্চিমবাংলায় যেখানে প্রধানত বৃষ্টি নির্ভর চাষ হয়, সেই ক্ষেত্রে আমাদের বিশেষ ভাবে নজর দিতে হবে। আমাদের সেচ এবং নিকাশি ব্যবস্থার উপরে বেশি জোর দেওয়া দরকার। এই কয়টি কথা বলে এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, আমার এই বিষয়ে বক্তব্য খুব কম হবে। কালকে বোধহয় গ্যাট চুক্তির ফলে শিল্প-শ্রমিকদের উপরে বা শিল্পের উপরে কি প্রভাব বিস্তার করছে সেই বিষয়ে একটি প্রস্তাব নিয়ে আলোচনা আছে। কালকে সেই বিষয় নিয়ে আমরা আলোচনা করব। আমার প্রথম কথা হচ্ছে, এই বিষয়গুলো কোনও আলাদা বিষয় নয়। সমস্ত বিষয়টি কংগ্রেস গভর্নমেন্ট দীর্ঘদিন ধরে যে পলিসি অনুসরণ করছিল, এগুলো তারই ফলশ্রুতি। তারই ফলশ্রুতি হিসাবে ওরা গাঁয়ের পুকুরে গিয়ে পড়লেন। পুকুরে পড়ে হাবুডুবু খেয়ে বলছে 'চমৎকার কাদা।'

[1-40 – 1-50 p.m.]

এই কাদা সেই কাদা নয়, এই কাদা হচ্ছে আমেরিকান কাদা এবং তার কিছু ফল পাচ্ছেন, আই. এম. এফ. থেকে সেটা বাড়ে এবং পরপর কতকগুলি পদ্ধতি নেওয়া শুরু হয়ে যায়। এই পদ্ধতিগুলি ডাঙ্কেল প্রস্তাবের মধ্যে পরপর আছে এবং এই চুক্তি সই করার আগে থেকে তারা এইগুলি কার্যকর করতে শুরু করেন এবং এই বিষয়ে তাদের বোঝাবার জন্য, সাহায্য করবার জন্য অনেক তীক্ষ্ণবীদ মানুষ আমেরিকানরা তাদের দেশে অনেক আগে থেকে নিয়ে গিয়েছিলেন। আমি একজন ভদ্রলোককে জানি, তার নাম বলব না, তিনি ডক্টরেট, অর্থনীতির বিরাট পন্ডিত, তিনি আমেরিকায় থাকার সময় বুঝিয়ে দিয়েছিলেন যে ভারতবর্ষে রাষ্ট্রায়ত্ত শিল্প রাখা উচিত নয়। রাষ্ট্রায়ত্ত শিল্প তুলে দাও তাহলে ভারতবর্ষের উন্নতি হবে। আমি কিছুদিন আগে শুনলাম সেই ভদ্রলোক ভারতবর্ষের, আমাদের এই দেশের আরও

অনেক গুরুত্বপূর্ণ কাজের দায়িত্ব নিয়েছেন যাতে দেশের উপকার হয়। এই রকম আরও অনেক গিয়েছে। অর্থনীতির যে সমস্ত পরিবর্তন হয়েছে, শিল্পনীতির পরিবর্তন হয়েছে, এইগুলি সব কান্টিমেট করছে ঐ চুক্তি মারফৎ, ইন্সটিটিউলাইসড হয়েছে চুক্তির মারফৎ সই করে। ওরা একটা কথা বলেন, সেটা হচ্ছে অন্য দেশে আছে, আমরা সেখানে বলেছিলাম, আমাদের মতো যে সমস্ত দুর্বল দেশগুলি আছে, তাদেরকে নিয়ে জোট বাঁধুন না। এটা হয়েছিল যুদ্ধের সময়। সেটাই করুন না, যেটা যুদ্ধের সময় হয়েছিল। জোট বাঁধবেন না। প্রায় ১৩০টি দেশ আছে। আর একটা কথা বলেন, চীনের কথা প্রায় শুনি—আমেরিকানরা বলে আমাদের জন্য একটু দরজা খুলে দাও, তোমাদের দেশে যাব। কারণ চিনের যে যুক্তি, চিনের বাজারে ঢুকতে গেলে তাকে তাদের টার্মস অ্যান্ড কন্ডিশনে যেতে হবে। অন্য দেশের সঙ্গে ব্যবসা করার ব্যাপারে আপত্তি নেই, ব্যবসা করতেই হবে, কিন্তু ব্যবসার যে টার্মস অ্যান্ড কন্ডিশন সেইগুলি হচ্ছে সবচেয়ে গোলমেলে। দ্বিতীয় কথা হচ্ছে, এটা বিনয়বাবু বলেছেন, আরও দু-একজন বলেছেন, শুধু আমাদের দেশের কৃষক নয়, জাপানের কৃষকরা তারাও বিক্ষোভ জানিয়েছেন, ফ্রান্স ইটালি, স্পেইন, বিভিন্ন দেশের শুধু কৃষক নয়, জাপানে, থাইল্যান্ডের মাছ কি ভাবে ঢুকবে, মাছ ঢোকার যেসব চুক্তি হয় তখন সেখানে ফিশারম্যানদের বিক্ষোভ হয়েছে, আরও বিভিন্ন দেশের ক্ষেত্রেও বিক্ষোভ হয়েছে কারণ প্রত্যেকের স্বার্থে লাগছে। এটা হচ্ছে একটা জিনিস। আর একটা জিনিস যেটা আমেরিকা বলছে, ভর্তুকি তুলে দাও। আমেরিকা তার নিজের এগ্রিকালচারে ভর্তুকি দেয়, সেটা হচ্ছে বাজেটারি ভর্তুকি তারা দেয়। বাজেটারি ভর্তুকি দেয়, বড় বড় ফার্মার যারা আছে তাদের সস্তায় যন্ত্রপাতি সরবরাহ করে, সস্তায় বীজ সরবরাহ করে এবং তার জন্য ফোরসিবলি অন্য দেশের মার্কেট তারা দখল করে দিচ্ছে—এটা তারা করছেন। আর তাদের যদি কোনও অসুবিধা হয় তখন ৩০১ প্রয়োগ হচ্ছে যে অন্য বাইরের দেশের জিনিস সেখানে যেতে পারবে না। এই কথাগুলি ওরা বলেন না। তৃতীয়ত হচ্ছে, আমার আগে দু-একজন বলেছেন, আমরা ভর্তুকি কমাচ্ছি, এটা যদি শুধু দেখি তাহলে তাতে হবে না। সব ইমপ্যাক্ট, তাতে বোঝা যাবে না। কারণ প্রত্যেকটি জিনিসের দাম বাড়ছে। জলের দাম বেড়ে যাবে, চাষী যে জল ব্যবহার করে, নদীর জল ছাড়া, ডিপটিউবওয়েলের জল তারও দাম বাড়বে, ডিজেলের দাম বাড়ছে, ইলেক্ট্রিসিটির দাম বাড়বে, সকলের জন্য বাড়বে। যেমন এনরোলমেন্টের সঙ্গে যে চুক্তি হয়েছে আমেরিকান কোম্পানির সেটা হচ্ছে, ওরা বিদ্যুৎ সরবরাহ করবেন, ১৬ শতাংশ তার প্রফিট গ্যারান্টি করতে হবে। রেটও তারা ঠিক করবেন। ডিস্ট্রিবিউশন ট্রান্সমিশন সিস্টেম সেটা যদি সংশ্লিষ্ট যারা এস. ই. বি. তারা যদি করে দিতে পারে দিল, না হলে ওরা করে দেবেন। ন্যাচারালি তখন তারা বলবেন, আমাদের রেট নিতে হবে। তারপরে টাকা যাতে ঠিকমতো পায় তার জন্য কাউন্টার গ্যারান্টি দিতে হবে স্টেট গভর্নমেন্ট। এই কোম্পানি যদি টাকা না তুলতে পারে। গ্রাহকরা যদি টাকা না দেয় তাহলে স্টেট গভর্নমেন্ট দেবে। স্টেট গভর্নমেন্ট যদি টাকা না দিতে পারে তাহলে সভরেন্ট গ্যারান্টি হচ্ছে কেন্দ্রীয় সরকার তারা দেবে। এবং এই সঙ্গে কমার্শিয়াল ব্যাঙ্কের সঙ্গে তারা চুক্তি করে দিচ্ছে। এনরোলমেন্টরা আপত্তি করছে, কমার্শিয়াল ব্যাঙ্ক মানি

না, তোমাদের রিজার্ভ ব্যাঙ্ক বা স্টেট ব্যাঙ্কের সঙ্গে চুক্তি করে দিতে হবে যে আমাদের টাকা যদি না পাওয়া যায় তাহলে ঐখান থেকে টাকা কেটে নেব। এবং এই ব্যবস্থাও হয়েছে। যদি এইভাবে ঐ কোম্পানির টাকা স্টেট থেকে না ওঠে তাহলে এস. ই. বি. যে টাকা, আমাদের প্ল্যানিং-এ যে টাকা সেন্ট্রাল গভর্নমেন্ট বরাদ্দ করবেন, সেখান থেকে স্লাইস কেটে নেওয়া হবে, সেই প্ল্যান থেকে।

তাছাড়া এই স্টেট ইলেকট্রিসিটি মারফত ওরা যে পাওয়ার ডিস্ট্রিবিউট করবে, সেই পাওয়ারের যে টারিফ, আলাদাভাবে ব্যাঙ্কেতে তার লেজার হবে। ওখানে ঐ টাকাটা এস. ই. বি-কে জমা দিতে হবে। এস. ই. বি-র সমস্ত চার্জেস টাকা রিপেমেন্ট হচ্ছে কিনা তা দেখবে, তারপর অন্য চার্জেস দিতে হবে। রেজাল্ট হচ্ছে এস. ই. বি আরও সিক হবে। সমস্ত জিনিসটা ঘুরে এসে আমাদের উপরেই পড়বে। জিনিসের দর বাড়বে এবং জিনিসের দর বাড়লে সেটা আপনার উপর পড়বে, চাষীর উপর পড়বে এবং ডোমেস্টিকের উপরও সেটা পড়বে ও ইন্ডাস্ট্রির উপর সেটা পড়বে। সেই কারণে স্যার, আমি অন্য কথা বলতে চাই না, আমাদের একটা কথা ওদের বিরুদ্ধে প্রতিবাদ হচ্ছে, আন্দোলন হচ্ছে, ২৯শে সেপ্টেম্বর আবার একটা প্রতিবাদ হবে, সারা ভারতবর্ষে শিল্প ধর্মঘট হবে, বন্ধ হবে, কিন্তু সেটাই শেষ নয়। যে নাগপাশে আমাদের জড়িয়ে ফেলা হয়েছে সেই নাগপাশ থেকে আমাদের মুক্তি পেতে গেলে, খুঁটিনাটি দৈনন্দিন ব্যাপার নিয়ে আমরা যদি মানুষকে বোঝাতে না পারি তাহলে সমস্ত মানুষকে আমরা একটা জায়গায় আনতে পারব না। এর ফলে বিভিন্নভাবে কিছু লোক উপকৃত হচ্ছে, কিন্তু ব্যবসায়ী যারা শুধু ইমপোর্ট, এক্সপোর্টের ব্যবসা করে—আমরা এও জানি তারা কোনও মাল বিক্রি না করে শুধু এক্সপোর্ট ইমপোর্ট করে—তারা টাকা তুলে নিচ্ছে। এই রকম বহু লোক আছে। খবরের কাগজগালো ওদের আছে, একটা এন্টারটেনমেন্ট চ্যানেল ওদের আছে, যেখানে সাবান থেকে শুরু করে নানান রকমের বিজ্ঞাপন দেখানও হয় এবং এই সমস্ত জিনিসের মারফত তারা মানুষকে প্রভাবিত করার চেষ্টা করে, সেটা আমাদের লোকের কাছে তুলে ধরতে হবে। নইলে ছোটখাট ইন্ডাস্ট্রিগুলো মরে যাবে। এখানে ছাবড়িয়ারা ৫০ কোটি টাকা ইনভেস্ট করবে, সাবান তৈরি করার জন্য, টুথপেস্ট তৈরি করার জন্য। ফলে ছোট ছোট ইন্ডাস্ট্রিগুলো মরে যাবে। সেইজন্য আমার আর কথা নেই, যে প্রস্তাব এসেছে, সেটাকে ধন্যবাদ জানাচ্ছি। ব্যাপকভাবে, শুধু এই বিধানসভার ভেতরে নয়, মাঝে মাঝে ধর্মঘট করলে বা মিছিল করলে হবে না, প্রতিক্ষেত্রে সাধারণ মানুষের কাছে গিয়ে তাদের জীবন-জীবিকার অভিজ্ঞতা দিয়ে মানুষকে বোঝাতে হবে, যাতে সারা ভারতবর্ষ ব্যাপী একটা ব্যাপক আন্দোলন করা যায়। এখানে ওরা টাকা-পয়সা ইনভেস্ট করবেন, এটা বিচার করে যে এখানে পলিটিক্যাল সিস্টেম কি আছে। সোসিও পলিটিকাল সিস্টেম কি আছে এবং খুবই স্বাভাবিক সোসিও পলিটিকাল সিস্টেম আমাদের রাজ্যে যেটা আছে সেটা ওদের পছন্দ নয়। বিদেশ থেকে শিল্পের জন্য যে টাকা-পয়সা আসছে তার মাত্র এক পারসেন্ট পাচ্ছে ইস্টার্ন রিজিয়ন। বিদ্যুতের দাম বাড়লে আমাদের রাজ্যকেও তার দাম বাড়াতে হবে, খরচ

বাড়লে আমাদের সরকারকেও তার দাম বাড়াতে হবে এবং এর ফলে মানুষের মধ্যে একটা বিক্ষোভ দানা বাঁধবে। এই বিষয়ে সাধারণ মানুষের কাছে আমাদের যেতে হবে এবং বারবার তাদের বোঝাতে হবে। এই কথা বলে এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[1-50 – 1-58 p.m.]

**শ্রী সমর বাওরা ঃ** আমি একটা তথ্য তুলে ধরতে চাই। ইউনাইটেড নেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম '৯৪ সালের মানব উন্নয়ন রিপোর্টে বলেছেন গ্যাট চুক্তি মোতাবেক প্রত্যেকটি গ্যাটভুক্ত দেশ যদি তাদের মার্কেটের বেড়াজাল খুলে দেয় তাহলে ২০০২ সাল নাগাদ মোট বিশ্ব-বাণিজ্য বাড়বে ২৭ হাজার ৪২০ কোটি ডলারে। কিন্তু এর মধ্যে পাবে কে কতটা? অর্গানাইজেশন অফ ইকোনোমিক কো-অপারেশন অ্যান্ড ডেভেলপমেন্টভুক্ত ১১টা উন্নত পুঁজিবাদী দেশ তারাই পাবে এর মধ্যে ১৮ হাজার ৭৮০ কোটি ডলার। গ্যাটভুক্ত বাকি ১৩৭টা দেশ ভাগ করে নেবে ৮ হাজার ৬৪০ কোটি ডলার। অর্থাৎ যে বিশ্ব-বানিজ্য বাড়বে সেই বিশ্ব-বাণিজ্যের মাত্র ৬৬ শতাংশ ১১টা দেশ পাবে আর ১২৬টা দেশ ৩৪ শতাংশ নিজেদের মধ্যে ভাগ-বাটোয়ারা করে নেবে, যদি মার্কেট সবাই খুলে দেয়। কিন্তু গ্যাট চুক্তির এগ্রিকালচারের যে পার্ট আছে সেখানে বলা আছে যে, স্যানিটারি অ্যান্ড ভাইটো স্যানিটরি মেজর এই ক্লজ অনুযায়ী কোনও দেশ তার আমদানি রুখে দিতে পারে। মাননীয় বিধায়ক নির্মলবাবু জানেন কিছু দিন আগে আমাদের কিছু চা রপ্তানি হয়েছিল জাপানে। কিন্তু জাপানের ল্যাবোরেটারিতে ক্যামিক্যাল এনালেসিসে ঐ চা পাতাকে যে প্রেস্টিসাই স্প্রে করা হয়েছিল সেটা নাকি পাওয়া গেছে। অতএব ফেরত। এই চা-বাগানের ১০০ বছরের ইতিহাসে অর্থাৎ কেমিক্যাল ফারটিলাইজার যতদিন আবিষ্কার করা হয়েছে, প্রতি বছরই বর্ষার আগে তা ব্যবহার করা হয়, বিশেষ করে নাইট্রোজেন। এটা করতে হয়, কারণ এক ধরনের পোকার আক্রমণে ঐ চা গাছগুলো লাল হয়ে যায়। কিন্তু এই গ্রাউন্ডে এতদিন এক্সপোর্ট আটকায়নি কিন্তু আজকে আটকাচ্ছে। অতএব, বাজার সবাই খুলবে না। আমেরিকা, জাপান, ব্রিটেন, আমাদের রপ্তানির জন্য বাজার খুলবে না অথচ আমরা বাজার খুলে দিয়েছে। মাননীয় নির্মল দাস জানেন, এই গত বর্ষার মরশুমে চা-বাগানের ম্যানেজাররা ছুটে বেড়িয়েছেন, এইভাবে স্যানিটরিয়াম আর ভাইটো-স্যানিটরিয়াম-এর আক্রমণ দেখাতে গিয়ে কি করে লক্ষ লক্ষ নিমের চারা পাওয়া যায় তার জন্য ছুটে বেড়িয়েছেন। গ্যাট চুক্তির ফলে নিমেও হাত পড়েছে। এই পেটেন্টও আমার দেশে নেই। আমেরিকার টনিলারসেন কোম্পানি আমার দেশের নিমের পেটেন্ট নিয়ে বসে আছেন এবং সেই কোম্পানিরই একটা সাব-সিডি কোম্পানি ডব্লু. আর. গ্রেস্ কেমিক্যাল কোম্পানি। তারা এই নিম গাছ থেকে একটা অর্গানিক ইনসিকটিসাইড তৈরি করেছেন যে প্রোডাক্টের নাম মার্গসানও। আর অতি সম্প্রতি এই গোদরেজ কোম্পানি ঐ কোম্পানির জুনিয়র পার্টনার হিসাবে আমাদের দেশে অর্গানিক ইনসিটিসাইটড তৈরি করবেন বলে খবরের কাগজে বিবৃতি দিয়েছেন। আমাদের দেশের প্রধানমন্ত্রী হায়দ্রাবাদের জনসভায় গিয়ে বললেন যে, বামপন্থীরা অপপ্রচার করছে যে আমেরিকার কোম্পানি নিম গাছের পেটেন্ট নিয়েছে। তোমরা ভারতবাসীরা

যখন সকালবেলা নিম-এর দাঁতন নিয়ে দাঁত মাজত তখন কি তা কেউ কেড়ে নিয়েছে? বামপন্থীরা অপপ্রচার করছে। আমার বক্তব্য হচ্ছে, নিম গাছে ঔষধি গুন নিয়ে বিদেশি কোম্পানি মুনাফা লুটবে আর আমার দেশের লোক শুধু দাঁতন কাঠি হাতে ধরে সন্তুষ্ট থাকবে, এই যদি গ্যাট চুক্তির অবাদন হয় কৃষিক্ষেত্রে তাহলে যারা আমাদের দেশকে গ্যাটচুক্তির অন্তর্ভুক্ত করেছে জনগণ তাদের ক্ষমা করবে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা এটাই জানতাম, বিজ্ঞানীরা ল্যাবেরেটরিতে গবেষণা করে কোনও নতুন জিনিস বা কোনও নতুন পদ্ধতি আবিষ্কার করলে তার উপরে পেটেন্ট হয়। এ এক নতুন জিনিস; প্রকৃতির বুকে এই গাছ আপনা-আপনি চার হাজার বছর ধরে হচ্ছে তার উপর পেটেন্ট। আমেরিকার স্যালিফস কোম্পানি আন্দ্রিজ পর্বতমালায় আন্দ্রিয়ান কটন বলে ন্যাচারালি কালার্ড তুলো চার হাজার বছর ধরে চায হত, কোনও ল্যাবোরেটারিতে তৈরি করা হয় না। তারও উপর পেটেন্ট নিয়ে নিলো এই স্যালিফস কোম্পানি। আবার ঐ সিমিলার প্যাটার্ন কটন বলিভিয়ায় চাষ হত ঐ স্যালিফস কোম্পানির পেটেন্টের সুবাদে বলিভিয়ায় এই কটনের চাষ বন্ধ হয়ে গেল।

এই গ্যাট চুক্তির অক্টোপাশ কি ভাবে বিভিন্ন দেশের কৃষি বিকাশকে অবরুদ্ধ করে দিচ্ছে সাম্প্রতিক কালের কয়েকটি তথ্য তুলে ধরে তা আমি দেখলাম। আমাদের দেশের নেতৃবর্গ বলেছেন কোনও অসুবিধা দেখা দিলে আমরা এর থেকে বেরিয়ে আসতে পারি। আমার প্রস্তাব যেহেতু গ্যাট চুক্তির ফলে কৃষির উপর যে ক্ষতিকারক প্রভাব পড়বে তার উপর সেইহেতু আমি বলব, এই অসুবিধা দূর করার জন্য এর থেকে বেরিয়ে আসা হোক। এরজন্য আমি আমার প্রস্তাবে রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানিয়েছি যে এই গ্যাট চুক্তি থেকে অবিলম্বে বেরিয়ে আসা হোক। আমি আমার দাবি আবার জোরালোভাবে উত্থাপন করে এবং আমার প্রস্তাব সকলে সমর্থন করবেন এই অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Deputy Speaker :** The motion of Shri Samar Baora that—

/যেহেতু আমাদের দেশ কৃষি প্রধান দেশ, তাই এই দেশে কৃষি ও কৃষকের উন্নতিসাধন, অন্যান্য বিষয়ে ও দেশের অগ্রগতি সম্ভব করা একটি পূর্ব শর্ত ;

যেহেতু স্বাধীনতার পর থেকে আমাদের দেশের তথ্য রাজ্যের কৃষিক্ষেত্রে এক ভয়ঙ্কর ক্ষিদের সম্মুখীন ;

যেহেতু গ্যাটচুক্তির ফলশ্রুতিতে কৃষির উপকরণগুলি—যথা—সার, বীজ, কীটনাশক, সেচ ও বিদ্যুৎ প্রভৃতির মূল্যবৃদ্ধি ঘটবে ;

যেহেতু গ্যাট চুক্তির প্রভাবে কৃষিক্ষেত্রে উন্নত বীজের ব্যবহারে পেটেন্ট সংক্রান্ত বিধিনিষেধ আরোপিত হবে ;

যেহেতু এই চুক্তির প্রভাব রপ্তানিমুখী কৃষিপণ্য উৎপাদনের নামে দেশের খাদ্য উৎপাদন বিঘ্নিত করবে এবং খাদ্যের জন্য আমাদের দেশকে বিদেশের উপর নির্ভরশীল করে তুলবে ; এবং

যেহেতু এই চুক্তির প্রভাব গণবন্টন ব্যবস্থা বানচাল করে কৃষকসহ দরিদ্র জনগণের জীবনযাত্রা দুর্বিসহ করে তুলবে ;

অতএব এই সভা কৃষি ও কৃষকের তথা সমগ্র দেশের সর্বনাশ সৃষ্টিকারী গ্যাটচুক্তি থেকে বেরিয়ে আসার জন্য রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাচ্ছে,—was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 1.58 p.m. till 11 a.m. on Saturday, the 24th September, 1994 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Saturday, the 24th September, 1994 at 10.00 a.m.

**P R E S E N T**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 11 Ministers, 7 Ministers of State and 144 Members.

[10-00 — 10-10 a.m.]

**OBITUARY REFERENCE**

**Mr. Speaker :** Hon'ble Members, before taking up the business of the day, I rise to perform a melancholy duty to refer the sad demise of **Shri Goalbadan Tribedi, former member of the West Bengal Legislative Assembly** who breathed his last on the 6th July after a brief illness. He was 79.

We could not have this opportunity earlier because the details have not been available to us. So we taken it up today.

Born at Bahara, Murshidabad in 1915, Shri Tribedi was educated at Kandi Raj High School and K. N. College, Berhampur. He was closely associated with many academic institutions as well as political organisations.

He was elected to the West Bengal Legislative Assembly from Kandi Constituency in 1952 and 1967 and from Bharatpur Constituency in 1957 as a Congress candidate.

The State has lost a veteran political leader at the demise of Shri Tribedi.

Now, I would request the Hon'ble Member to rise in their seats for two minutes as a mark of respect to the deceased.

..(At this stage Hon'ble Members stood for two minutes in silence as a mark of respect)..

Thank you, ladies and gentlemen.

Secretary will send the message of condolence to the members of the bereaved family of the deceased.

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today I have received one adjournment motion from Shri Saugata Roy. The motion is out of order. As such I am not taking it up.

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** স্যার, আমাদের আমল থেকে শুরু করে এই সরকারের আমলে, গত বছর পর্যন্ত প্রত্যেক বছর আমাদের, এম. এল. এ.-দের 'তন্তুজ'-র পক্ষ থেকে ২০% বা ১০% রিবেটের একটা কুপোন দেওয়া হ'ত—১৭ বছর ধরে দেওয়া হয়েছে। এ বছর বলা হচ্ছে, 'তন্তুজ'-এর ব্যবসা নাকি সাংঘাতিক ভাল হচ্ছে, অথচ এ বছর ঐ কুপোন দেয়া বন্ধ করে দেয়া হয়েছে। এর ফলে আমাদের যে প্রিভিলেজ ছিল, সেটা কার্টেল করা হচ্ছে। 'তন্তুজ'-এর যিনি দায়িত্বে আছেন, তিনি এখানে উপস্থিত আছেন। তিনি আমাদের বলুন যে, কেন, কি কারণে এবারে ওটা দেয়া বন্ধ করে দিলেন।

**শ্রী পান্নালাল মাজি ঃ** স্পিকার স্যার, আমি অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি, আমাদের মাননীয় সদস্য সুব্রতবাবু যেটা বললেন সেটা কিছুটা ঠিক, সবটা ঠিক নয়। জেনারেল রিবেট ২০% যেটা দেওয়া হ'ত সেটা এবারেও সব জায়গাই দেয়া হচ্ছে, বন্ধ করা হয়নি। কিন্তু ইতিপূর্বে যে স্পেশ্যাল ডিস্কাউন্ট কার্ড দেয়া হ'ত এম. এল. এ., মন্ত্রী প্রভৃতি ভি. আই. পি.-দের সেটা অনিবার্য কারণ বশতঃ এবারে দেওয়া গেল না। এর জন্য আমরা দুঃখিত।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** আমি জানতে চাইছি, অনিবার্য কারণ'টা কি?

**মিঃ স্পিকার ঃ** অনিবার্য কারণ হচ্ছে ভি. আই. পি.-দের বিশেষ সুযোগ দেওয়া হবে না।

## MENTION CASES

**শ্রী দীপক সেনগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ জরুরি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। কালকে সন্ধ্যায় ঘটনাচক্রে আমি একটা জায়গায় গিয়েছিলাম। সেই জায়গাটা ছিল মূলত অবাঙালি অধ্যুসিত গুজরাটি, মাড়োয়ারি এলাকা। সেখানে একটা জিনিস দেখলাম, গুজরাট এবং মহারাষ্ট্র থেকে তাদের যারা আত্মীয়-স্বজন ওখানে রয়েছেন, প্লেগের কারণে ব্যাপক সংখ্যায় মানুষ পশ্চিমবাংলায় চলে আসছে এবং অত্যন্ত আতঙ্কজনক অবস্থা সৃষ্টি করছে ওদের পরিবারগুলির মধ্যে। প্লেগ ছিল না, আবার ফিরে আসছে। যখন প্লেগ ছিল—বার্মা থেকে আসত তাদের জন্য কতকগুলি ব্যবস্থা ছিল এবং সেই ব্যবস্থা পোর্ট এবং রেলওয়ে স্টেশনে নেওয়া হত। আমি মনে করি, পশ্চিমবাংলায় বিরাট সংখ্যক মানুষের স্বার্থে বিশেষ করে এয়ারপোর্ট এবং বড় বড় রেলওয়ে স্টেশনে, ওয়েস্টবেঙ্গলের বর্ডারিং স্টেশনে স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে যাত্রীদের যথাযথ পরীক্ষা-নিরীক্ষা করবার ব্যবস্থা অবিলম্বে করা দরকার। আমি আপনাকে অনুরোধ করব, আজকে যেহেতু বিধানসভার শেষ দিন, এই ব্যাপারে দয়া করে স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করুন। স্বাস্থ্যমন্ত্রী যদি এই বিষয়ে ঘোষণা করেন তাহলে আমার মনে হয়, পশ্চিমবাংলায় বসবাসকারি সাধারণ মানুষ এই আতঙ্ক থেকে অব্যাহতি পাবেন।

**মিঃ স্পিকার ঃ** মিঃ প্রবোধ সিন্‌হা, আজকে খবরের কাগজে দেখলাম ক্যালকাটা মিউনিসিপ্যাল কর্পোরেশন হেলথ অফিসারদের নিয়ে এই ব্যাপারে মিটিং ডেকেছেন। কলকাতা ছাড়াও কিছু কিছু শিল্পাঞ্চল আছে। আমার সুরাটে যাবার অবকাশ হয়েছিল এবং অন্যান্য জায়গায়ও গেছি। আমার কাছে যতটুকু খবর আছে, সুরাট থেকে অনেক মানুষ কলকাতায় আসেন এবং অনেক লোক কলকাতা থেকে গিয়ে ওখানে জরি, সোনা এবং রুপোর কাজ করেন। তারা সুরাট থেকে পালিয়ে আসছেন এবং কিছু কিছু লোক কলকাতায় চলে আসছেন। এই প্লেগের ইন্সিমিনেশন পিরিয়ড বোধ হয় ১৫ থেকে ২০ দিন থাকে। যারা আসছে তাদের মধ্যে প্লেগে আক্রান্ত হচ্ছে কিনা দেখা দরকার। অতীতে এই প্লেগের জন্য একটা মনিটেরিং সেল ছিল, তারা পরীক্ষা-নিরীক্ষা করত, ইদানিং সেটা বন্ধ হয়ে গেছে। আপনি স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে বলবেন এই ব্যাপারে সরকার যেন সর্তক থাকেন এবং উপযুক্ত ব্যবস্থা নেন। অবশ্য সরকার এই ব্যাপারে নিশ্চয়ই দেখছেন, কিন্তু হাউসের সেন্টিমেন্টটা কনভে করে দেবেন।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, আগামী ২৬ সেপ্টেম্বর, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের ১৭৫ তম জন্ম দিবস। এই জন্মদিবস উপলক্ষ্যে বিদ্যাসাগর সাক্ষরতা প্রসার সমিতি এবং এই রাজ্যের বিভিন্ন শিক্ষাব্রতী মানুষ বিদ্যাসাগরের এই ১৭৫ তম জন্মদিবস উপলক্ষ্যে আগামী ২৬ তারিখ থেকে ৮ই অক্টোবর পর্যন্ত বিদ্যাসাগর মেলার আয়োজন করেছেন। ইতিপূর্বে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মস্থান বীরসিংহ গ্রামে মেলা হয়েছে। মাননীয় বিরোধীদলের নেতা ডাঃ জয়নাল আবেদিন গতবছর এই বীরসিংহ গ্রামে গিয়ে মেলায় অংশ নিয়েছিলেন এবং সর্বস্তরের মানুষ এই ধরনের মেলায় অংশ গ্রহণ করেছিলেন। এবারে মেলায় উদ্বোধন করবেন মাননীয় রাষ্ট্রপতি শ্রী শঙ্করদয়াল শর্মা। এছাড়া রাজ্যপাল থাকছেন এবং আমাদের রাজ্যের মাননীয় মুখ্যমন্ত্রী সহ বিশিষ্ট ব্যক্তিরা থাকছেন। এই বড় মেলা থেকে বিদ্যাসাগর বিদ্যালয় ঘোষণা করা হবে। এই বিদ্যাসাগরের মেলাকে সফল করার জন্য এবং বিদ্যাসাগরকে শ্রদ্ধা জানাবার জন্য এই সভায় সকলের কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২২ সেপ্টেম্বর আমরা যখন সবাই শিয়ালদাহে পুলিশের গুলি চালনায় বিচলিত ছিলাম তখন ক্যানিং-এর ঘুটিয়ারিশরিফে পুলিশ ফাঁড়িতে একটা মর্মান্তিক ঘটনার খবর পাওয়া গেছে। একজন বিবাহিতা মহিলা যিনি সন্তানের জননী তাকে ২ জন পুলিশ কনস্টেবল ধর্ষণ করেছে, বলাৎকার করেছে। এই খবর সংবাদপত্রে বেরিয়েছে। এই বামফ্রন্ট সরকারের আমলে নেহারবানুর ধর্ষণের ঘটনা ঘটল ফুলবাগান থানার লক-আপে।

[10-10 — 10-20 a.m.]

বামফ্রন্ট সরকারের আমলে মহিলারা নিরাপত্তার অভাব বোধ করছেন। আবার পুলিশ লক-আপে এই রকম একজন গরিব মহিলার ধর্ষণের ঘটনা ঘটল। আমরা এর তীব্র প্রতিবাদ জানাচ্ছি। আমরা দেখছি দুটি পুলিশ কন্সটেবল তাদেরকে গ্রেপ্তার করা হয়েছে, মহিলা আদালতে জবানবন্দি দিয়েছেন এবং এই ঘটনা একবার নয়, গত ১০ বছরে অন্তত ৫৫টি ধর্ষণের ঘটনা ঘটছে, ১৭ বছরে লক-আপে ২০০-র বেশি মৃত্যুর ঘটনা ঘটছে। একদিকে পুলিশ লক-আপে

মানুষের নিরাপত্তার অভাব, অন্যদিকে মহিলাদের সম্ভ্রম নিরাপদ নয়। তাদের অবস্থা বুঝতে পেরে ঘুঁটিয়ারি শরিফের অন্তত মহিলারা তার প্রতিবাদ জানাবেন এটাই আশা করব।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৬৯-৭০ সালে ঈশ্বরচন্দ্রের মূর্তি কলকাতা কলেজ স্কোয়ারের সামনে, ভাঙ্গা হয়েছিল। সেদিন সারা পশ্চিমবঙ্গের শিক্ষাবিদ সাধারণ মানুষ চোখের জল ফেলেছিলেন এবং প্রতিবাদ জানিয়ে ছিলেন সেই ন্যক্কারজনক ঘটনাকে। আগামী ২৬ তারিখ থেকে বিদ্যাসাগার মেলার উদ্বোধন হবে, এবং গোটা রাজ্যের দৃষ্টি আকর্ষণ করার জন্য সেই মেলার উদ্বোধন করবেন মাননীয় রাষ্ট্রপতি শ্রী শঙ্করদয়াল শর্মা। আমাদের পশ্চিমবঙ্গের কৃষ্টি ও ঐতিহ্যকে সামনে রেখে সেদিনকার সেই পাপের স্খলন হওয়া দরকার। আমি মনে করি যারা সেদিনের সেই দুষ্কর্মের সঙ্গে যুক্ত ছিল দ্ব্যর্থহীন ভাষায় মানুষ তাদের সেই কাজের প্রতিবাদ জানিয়েছেন, যারা সেই প্রতিবাদ জানাননি, তারা আজকে যেন সেটা স্মরণ রাখেন।

**ডাঃ মানস ভূঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা ভয়ঙ্কর অবস্থার কথা আপনার এবং এই সভার কাছে উত্থাপন করতে চাই। মহারাষ্ট্র এবং গুজরাটে প্লেগের বিষয়ে যে খবর খবরের কাগজে প্রকাশিত হয়েছে, আমরা দেখছি আমাদের রাজ্যে সেই রকম ঘটনা যে কোনও মুহূর্তে ঘটতে পারে। ইতিমধ্যে ম্যালেরিয়া ইরাডিকেটেড হয়ে গেছে বলে আমরা ভেবেছিলাম, কিন্তু ম্যালেরিয়া আবার বিপদজনক ভাবে দেখা দিচ্ছে। বিশেষ করে রেজিস্ট্রেন্স টাইপ অফ ম্যালেরিয়া হচ্ছে, সেরিব্রেল ম্যালেরিয়া অকারেন্স হচ্ছে, কুইনাইন রেজিস্ট্রেন্স হয়ে গেছে, ওতে আর রোগ সারছে না। তারপর বিহারের বর্ডার থেকে কালাজ্বর আমদানি হয়েছে, আসানসোল, বর্ধমান থেকে আরম্ভ করে দক্ষিণ ২৪ পরগনার কুলতলির বিভিন্ন গ্রামে হচ্ছে, স্টিডিও পাওয়া যাচ্ছে না। আবার প্লেগ ঘুরে আসছে। এই বিষয়টা অত্যন্ত দ্রুততার সঙ্গে আমাদের মোকাবিলা করা দরকার। শুধু টিট্রমেন্ট নয়, প্রিভেনটিভ সাইডটাও দেখা দরকার।

**মিঃ স্পিকার ঃ** আমার মনে আছে, আগে আমাদের প্লেগের ইনকুলেশন ছিল, ইঞ্জেকশন দেওয়া হত, খুব জ্বর হোত, ৩/৪ দিন জ্বর থাকত। এখন সেই সিস্টেম আছে কি?

**ডাঃ মানস ভূঁইয়া ঃ** বেঙ্গল ইম্যুনিটি অ্যান্ড ফার্মাসিউটিক্যাল কোম্পানি করত, এখন উঠে গেছে। আমরা সেই প্লেগ দেখিনি। সেই ধরনের রোগ আবার ঘুরে আসছে।

**মিঃ স্পিকার ঃ** বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ, এনকোয়ারি করে দেখা দরকার। সুরাট থেকে যেসব লোক ফিরে আসছেন সেসব অঞ্চলে প্রিভেন্টিভ মেজার নেওয়াটা জরুরি।

**ডাঃ মানস ভূঁইয়া ঃ** স্যার, এই রোগের মূল মাধমে হচ্ছে ইঁদুর এবং এক প্রজাতির মাছি। কাজেই এদিকটা ব্লক জেলাওয়াইজ গুরুত্ব দিয়ে দেখা দরকার। আমাদের যে এম. এল. এ. হোস্টেল, সেখানে পর্যন্ত এক-একটি তিন-চার কে.জি. ওজনের ইঁদুর ঘুরে বেড়াচ্ছে এবং সেখানে আমার রুমের সমস্ত বই কেটে দিয়েছে। যেখানে-সেখানে ইঁদুর মরে পড়ে থাকছে। গ্রেনারি এরিয়া—বর্ধমান, বীরভূম এর প্রতিটি বাড়িতে ঐ ইঁদুর রয়েছে। কিন্তু ইঁদুর গনেশের বাহন বলে অনেকেই মারেন না। কিন্তু এরা ইনফেকশন ছড়াতে পারে। রোগটা মারাত্মক।

এটা ফিরে এলে শরৎবাবুর যুগে ফিরে যেতে হবে। বিষয়টা সবচেয়ে গুরুত্ব দিয়ে দেখা দরকার একথা বলছি।

**শ্রীমতী ছায়া বেরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সভাকে আশ্বস্ত করতে চাই যে, আমরা ইতিমধ্যে বিষয়টা পেপারে দেখেছি এবং স্বাস্থ্য দপ্তরও সচেতন হয়েছেন। এম. আই. সি. সমস্ত অফিসারদের নিয়ে বসেছেন এবং দিল্লির সঙ্গেও কথা বলেছেন। পেপারে বিষয়টা দেখবার পরই চিকিৎসকদের সঙ্গে আলোচনা করে দেখেছি যে, যেহেতু ১৯৪৮ সালের পর আর রোগটা দেখা যায়নি, স্বাভাবিকভাবেই এই রোগের চিকিৎসা তাদের আর করতে হয় না এবং তারফলে রোগটা দেখা দিলে তাদের অসুবিধাই হবে। সে কারণে স্বাস্থ্য দপ্তর সচেতন আছেন। আমরা অফিসারদের সঙ্গে এ বিষয়ে আলোচনা চালাচ্ছি যে, কিভাবে প্রিভেন্টিভ মেজার নেওয়া যায়, সাথে সাথে দিল্লির সঙ্গে যোগাযোগ করে তাদের বলেছি আমাদের স্বাস্থ্য দপ্তরকে এ-ব্যাপারে সাহায্যে করবার জন্য। কাজেই সবাই যদি সচেতন হই তাহলে নিশ্চয়ই বিপদটা ঠেকাতে পারব।

**মিঃ স্পিকার ঃ** ডাঃ ভূঁইয়া, আপনার ঘরে ইঁদুর ঢুকেছে, এটা খুবই বিপদের কথা। তবে অতীতে কংগ্রেসের একটি বাহক—পশু—বলদ থাকত, এখন সেটা ইঁদুর হয়ে যায়নি তো?

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পূর্তমন্ত্রী বলেছিলেন যে, বিশ্ববরেণ্য চলচিত্রকার সত্যজিৎ রায়ের একটি আবক্ষ মূর্তি—ইন্দিরা গান্ধীর মূর্তি বসছে—একটি বিশেষ জায়গায় বসবে। এ-ব্যাপারে আপনি বিবেচনার আশ্বাস দিয়েছিলেন। এই সঙ্গে আমি অনুরোধ করব, ভারতবর্ষের মুক্তি আন্দোলনের বিশিষ্ট ব্যক্তি সুখময় চক্রবর্তী, যিনি সম্প্রতি প্রয়াত হয়েছে কিন্তু তার নাম কেন অবিচুয়ারী রেফারেন্সে এল না জানি না, যিনি বামফ্রন্টের চেয়ারম্যান প্রমোদ দাশগুপ্তের সহকর্মী ছিলেন এবং একসঙ্গে দীর্ঘদিন কারাবাস করেছেন, তার একটি আবক্ষ মূর্তি তিনি রিপন স্ট্রিটের যে এলাকায় থাকতেন সেখানে স্থাপন করা হোক এবং তার নামে একটি রাস্তার নামকরণ করা হোক। সত্যজিৎ রায় এবং বীরেন্দ্র চট্টোপাধ্যায় সম্পর্কিত বিষয়টা যদি পূর্তমন্ত্রী একটু বলেন বাধিত হব।

[10-20 — 10-30 a.m.]

**শ্রী মতীশ রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য হাউসের সামনে যে প্রস্তাব রেখেছেন, আমি সেই সম্পর্কে সংক্ষেপে কয়েকটি কথা বলে আমার বক্তব্য শেষ করব। চলচিত্রকার সত্যজিৎ রায় সম্বন্ধে ইতিমধ্যে আমরা প্রাথমিক স্তরে ব্যবহার গ্রহণ করেছি। তার পরিবারের সঙ্গে আমরা যোগাযোগ করেছি এবং এই ব্যাপারে দু'একটি বৈঠকও আমাদের হয়েছে। আমরা এই সত্যজিৎ রায়কে যাতে সঠিকভাবে সম্মানিত করতে পারি তার জন্য চিন্তা করছি। আর বিপ্লবী বীরেন্দ্র চট্টোপাধ্যায় সম্পর্কে আমরা একই সিদ্ধান্ত নিয়েছি এবং সেই সিদ্ধান্তের ব্যাপারেও আমরা অনেকখানি এগিয়ে গেছি। আমরা আশা করছি যে আগামীদিনে এটাকে বাস্তবায়িত করতে পারব।

**শ্রী আবুল হাসানাৎ খান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের রাজ্যের প্রয়াত রাজ্যপাল

প্রফেসর সৈয়দ নুরুল হাসান, যিনি একজন মানবতাবাদী, ঐতিহাসিক এবং ধর্ম সম্বন্ধেও তিনি একটা আদর্শ হিসাবে কাজ করে গেছেন, তার স্মৃতি রক্ষার জন্য ফারাক্কায় তার নামে একটা কলেজ করা হচ্ছে। সরকার সেই কলেজের অনুমোদন করেছেন এবং কলকাতা বিশ্ববিদ্যালয়ও অ্যাফিলিয়েশন দিয়েছে। আগামী ৩রা অক্টোবরে সেই কলেজ উদ্বোধন করা হবে। বর্তমান রাজ্যপাল সেই কলেজ উদ্বোধন করার জন্য যাবেন। শিক্ষামন্ত্রী এবং এবং ভাইস-চ্যান্সেলরও সেখানে যাবেন। আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের আমন্ত্রণ জানাচ্ছি আগামী ৩রা অক্টোবর ফারাক্কায় কলেজের উদ্বোধনে উপস্থিত থাকবার জন্য।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে শিয়ালদা স্টেশনে পুলিশের পৈশাচিক আক্রমণে ৬ জনের মৃত্যুর পরে বামফ্রন্ট সরকারের হাতের রক্ত শুকোতে না শুকোতে তার কয়েক দিনের মধ্যে পুরুলিয়ায় আমাদের রাজ্য সরকারের পুলিশ যে ভাবে অবহেলিত আদিবাসিদের উপরে আক্রমণ চালিয়ে নির্বিচারে আবার গুলি করল, সেই গুলিতে আবার ৩ জনের প্রাণ হারাল। এই ঘটনা আবার প্রমাণ করছে যে রাজ্য সরকার এই ভাবে সর্বক্ষেত্রে এমন কি অবহেলিত আদিবাসী যারা তাদের এই স্পর্শকাতর সমস্যাগুলিকে রাজনৈতিক ভাবে মোকাবিলা না করে অস্ত্র শয্যায় সজ্জিত পুলিশ প্রশাসনকে দিয়ে দমনপীড়ণ করে সমস্যা আরও দুরহ করে তুলেছে। রাজ্য সরকারের এই পুলিশ কথায় কথায় গুলি চালিয়ে গুলি করার চেষ্টা করছে। আমি এই ব্যাপারে সর্বদলীয় কমিটি করে পুলিশের ক্ষমতাকে কিভাবে নিয়ন্ত্রণ করা যায়, সেই সম্পর্কে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানাচ্ছি।

**Mr. Speaker :** No more, no more, Shri Rabin Deb, Please move your notice of Privilege.

## PRIVILEGE MOTION

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি এই অধিকার ভঙ্গের প্রস্তাব হাউসে মুভ করছি। গত ২২শে সেপ্টেম্বর অধিবেশনের শুরুতে আপনি একটা শোক প্রস্তাব উত্থাপন করেন, প্রাক্তন বিধান পরিষদের সদস্যা রেবা সেনের স্মৃতির উদ্দেশ্যে। এই প্রস্তাবের পরে নীরবতা পালন করা হয়। কিন্তু গতকাল একটা পত্রিকায় সংবাদ প্রকাশিত হয়েছে যে বিধান সভায় শোকপ্রস্তাব করা হয়েছে শিয়ালদায় নিহতদের জন্য এবং একথা উল্লিখিত হয়েছে যে বিধানসভায় এর আগে এই ধরনের নীরবতা পালন করা হয়নি।

আপনি এই উদ্যোগ নিয়েছেন, এই ভাবে বিধানসভার অধিবেশনকে তাদের সংবাদের মাধ্যমে বিকৃত করা হয়েছে। আমি মনে করি এই সভার স্বাধিকার ভঙ্গ করা হয়েছে। তাই আমি এই বিষয়টা আপনার বিবেচনার জন্য উপস্থিত করছি।

**মিঃ স্পিকার ঃ** এই ব্যাপারে আমি প্রথমে নিউজপেপারের কাছে কৈফিয়ত চাইব, তার উত্তর আসার পর যা ব্যবস্থা নেবার তা নেব। সেক্রেটারি লিখবেন, কৈফিয়ত চাইবেন, কৈফিয়ত আসার পর ব্যবস্থা নেব।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** গতকাল আমরা তো বনধ্‌ে গিয়েছিলাম, বিধানসভায় আসিনি। কিন্তু কালকে এক দিকে গুরুত্বপূর্ণ অন্য দিকে হাস্যকর শিল্প নীতি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়

ঘোষণা করেছেন। স্যার, আপনি জানেন এই শিল্প নীতি রাজ্যের বিষয়বস্তু নয়, শ্রমনীতি রাজ্যের বিষয়বস্তু। আজকে কাগজে দেখলাম কয়েকটি দফা বলে দিয়েছেন, উনি এখানে চালু করবেন। তার মধ্যে আছে রাসায়নিক দ্রব্য বিদেশ থেকে আসবে, বিদ্যুৎ বিদেশিরা করবে, এই সমস্ত ছাপিয়ে দিয়েছেন। উনি ছাপিয়ে দেবার কে? যখন ওপেন মারকেট ইকনমি ইন্ডিয়া গভর্নমেন্ট করে দিয়েছে তখন জ্যোতি বসু কোন হরিদাস? এর চেয়ে হাস্যকর কিছু হতে পারে না। দ্বিতীয় কথা হল যারা ট্রেড ইউনিয়ন করেন তাদের সঙ্গে আমরা এক সঙ্গে কাজ করছি দীর্ঘ দিন ধরে। 'ইস্কো' থেকে আরম্ভ করে বিভিন্ন জায়গায় আমরা লড়াই করছি। সব সময় আপনারা বলছেন কেন্দ্রীয় সরকারের শিল্প নীতি নিয়ে যে দেশের সার্বভৌমত্ব নষ্ট হয়ে গেল। গতকাল যেটা বলেছেন সেটা অ্যাক্সেপ্ট করলে সেই ভাবে দেশের সার্বভৌমত্ব নষ্ট হয়ে যাচ্ছে না? ওদের বিবেকের কাছে এটা আমি প্রশ্ন করতে চাই। সবশেষ প্রশ্ন হল এর পর আশা করি ২৯শে সেপ্টেম্বর আর ধর্মঘট করার প্রয়োজন হবে না। যদি হয় তাহলে এর চেয়ে অর্বাচনীয় কাজ আর কিছু হতে পারে না। ২৯শে সেপ্টেম্বর যে ধর্মঘটের উদ্যোগ নেওয়া হয়েছিল সেই ধর্মঘট যদি হয় তাহলে এর চেয়ে হাস্যকর নীতি আর কিছু হতে পারে না। জ্যোতি বাবু কি নিজেকে প্রাইম মিনিস্টার মনে করেন নাকি? এটা কি ওনার পৈত্রিক সম্পত্তি নাকি? ওপেন মারকেট ইকনমি তো কেন্দ্রীয় সরকার ঘোষণা করেছেন।

## Laying of Rules

**The 1st, 2nd and 3rd Reports and Accounts of the West Bengal Chemical Industries Ltd. for the years 1988-89, 1989-90 and 1990-91 respectively.**

**Shri Probodh Chandra Sinha :** Sir, with your permission I beg to lay the 1st, 2nd and the 3rd Reports and Accounts of the West Bengal Chemical Industries Ltd. for the years 1988-89, 1989-90, 1990-91 respectively.

## MOTIONS UNDER RULE 185

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে একটু সংশোধন করে নিতে চাই। এই প্রস্তাবে আমাদের নাম আগে যে ভাবে দিয়েছিলাম তার মধ্যে অতীশচন্দ্র সিন্‌হা মহাশয়ের নাম ছিল না, এখন আমি অতীশচন্দ্র সিন্‌হা মহাশয়ের নাম আনতে চাইছি, আনার প্রয়োজন আছে। আশা করি সরকার পক্ষের এতে আপত্তি নেই। সিগনেচারিদের মধ্যে অতীশবাবুর নাম বাদ পড়েছে, এটা ইনক্লুড করা হোক।

**মিঃ স্পিকার ঃ** ঠিক আছে লেট ইট বি ইনক্লুডেড। অতীশবাবু সই করে দিন।

## MOTIONS UNDER RULE 185

**Dr. Zainal Abedin :** Sir, I beg to move that

Whereas the Angry Padma River has been causing wide spread erosion of its bank in the Jalangi Area of Murshidabad district stretch-

ing about 10 kms. and swallowing more than 14 villages including dwelling houses, Schools, and Police Stations rendering thousands of people absolutely destitute depriving them of their homes, hearts and belonging during the last few weeks ;

Whereas no measures have been possible so far to stop and check this alarming erosion of the Padma River known as Kirti-Nasha for her destructive potential ;

Whereas the problem of erosion of Padma at various location of her courses in the District of Malda and Murshdabad is a continuing and persistent threat to the localities of its bank for being washed away in course of time ;

Whereas no effective and useful measures of construction of spurs and other structures to counter the potential and possibilities of erosion of the bank of Padma in the Districts of Malda and Murshidabad, are possible at all without the generous consideration and contribution of the Central Government ; and

Whereas appeals and apprisals about these national and natural calamities of the state have not become useful in persuading the Central Government for its sympathetic appreciation of the problem so far.

This Assembly, therefore, urges upon the State Government to consider prevention of the present erosion of Padma in right earnest and render relief and rehabilitation measures to the affected people on warfooting and ;

In-view of the Gravity of the situation as arising out of this severe and extraordinary erosion of the mighty river Gange/Padma along the international border, the Members of the West Bengal Legislative Assembly strongly urges that a special technical team immediately be sent by the Union Government to assess the situation and further decides to send a delegation headed by the Hon'ble Chief Minister along with the Departmental Minister and Leader of the Opposition to the Central Government.

আমরা এটা নিয়ে একাধিকবার উদ্বেগ প্রকাশ করেছি। মাননীয় মন্ত্রী মহাশয় জরুরি ভিত্তিতে মন্ত্রিসভায় গুরুত্বের সঙ্গে এই বিষয় নিয়ে আলোচনা করেছেন। কিন্তু কাজের কাজ কিছু হয়নি। এই ইরোশন অব্যাহত রয়েছে, জলঙ্গি টাউন চলে গিয়েছে পদ্মার গর্ভে।

[10-30 — 10-40 a.m.]

মানুষগুলোর পুনর্বাসন বা রিলিফ হয়নি বলে আজকে তারা ক্ষুব্ধ এবং দিশেহারা হয়ে গেছেন, আমাদের উপর হামলা করছেন। সবচেয়ে দুঃখের বিষয় হ'ল, ত্রাণ অবধি পৌঁছায়নি সেখানে, বরং তাদের উপর অত্যাচার করা হচ্ছে। এর আমি তীব্র প্রতিবাদ করছি। এই সভা

থেকে প্রস্তাব তোলার আগে আমি বলেছিলাম যে, এখান থেকে একটা টিম গিয়ে ওদেরকে অ্যাসিওর করতে প্রকাশ্যে বলুন যে, গোটা পশ্চিমবঙ্গ তোমাদের সঙ্গে আছে ; তোমাদের যে উদ্বেগ, সর্বনাশ এবং লোকসান হচ্ছে সেটা গোটা পশ্চিমবঙ্গ শেয়ার করে নেবে। কিন্তু সেটা করা সম্ভব হয়নি। কেন সেটা সম্ভব হল না বুঝতে পারলাম না, কারণ এতে সরকারের আপত্তি থাকার কথা ছিল না। মানুষগুলোর এই দিশেহারা অবস্থাতে আমি মাননীয় মুখ্যমন্ত্রী তথা প্রশাসনের কাছে অনুরোধ করব, যাতে তাদের উপর কোনও অত্যাচার না হয়, তাদের যাতে অ্যাসিওর করা হয় যে, এই দুর্দ্দিনে পশ্চিমবঙ্গের মানুষ তাদের সঙ্গে আছে। আজকে এখানে আপনারা যে নজির সৃষ্টি করেছেন তা একমাত্র ইন্দোনেশিয়া ছাড়া আর কোথাও নেই। একই রেজিমে একজনের নেতৃত্বে সতের বছর কেটে গেল, একটানা ক্ষমতায় থাকার ক্ষেত্রে এটা কম সময় নয়। আপনাদের জানা দরকার যে, একটানা সতের বছর ক্ষমতায় আছেন বললেও ১৯৬৭ সালের পর থেকে আজ পর্যন্ত—মাঝে আমাদের পাঁচ বছর বাদ দিলে—একটানা বাইশ বছর বামফ্রন্টই সরকারের নেতৃত্বে আছেন। সেখানে বাইশ বছরে রাজ্যের কিন্তু কিছুই উন্নতি হয়নি। আপনারা সতের বছর রাজত্বকালেও কোনও কাজ করেননি। আজকে মাননীয় সেচমন্ত্রীকে সরাসরি জিজ্ঞাসা করি, আপনি কি অবগত আছেন যে, চৌদ্দ বছর আগে যে প্রীতম সিং কমিটি তৈরি হয়েছিল তার এস্টিমেট কেন কার্যকর করা হল না এবং তাতে ১৯৮ কোটি টাকার কথা যা বলা হয়েছিল তার কি ব্যবস্থা হল? আপনার এই ব্যাপারে দুটো জিনিস জানা দরাকর—একটা হচ্ছে, ফারাক্কা ব্যারাজ না হলে কি অবস্থা হোত, আর ফারাক্কা ব্যারাজ হওয়ার ফলে কনস্ট্রাকশনের রাবিশ সারপ্লাস যা নদী বক্ষে ফেলা হল তাতে নদীর কোর্স বদলে গিয়ে নদী অ্যাংরি হয়ে গেল কিনা। দ্বিতীয় প্রশ্ন হচ্ছে, ওয়াটার গেট, প্যাসাজ অব ওয়াটার ইকোয়াল নয়। প্যাসাজ অব ওয়াটার ইকোয়াল না হওয়ার ফলে সেখানে ইরোশন হতে বাধ্য এটাই হচ্ছে বিশেষজ্ঞদের অভিমত। আপনি কি এই ব্যাপারে বিশেষজ্ঞদের মতামত নিয়েছেন যে এই দুটি কারণের ফলে এই প্রবলেম অ্যাগ্রাভেট করেছে? প্যাসাজ অব ওয়াটার থ্রু দি গেটস অব ফারাক্কা নট ইকোয়াল। এর ফলে জলের যে ফ্লো আসছে তাতে রাইট ব্যাঙ্ক অব দি ইন্ডিয়ান সাইড অব দি রিভার ইরোশন হতে বাধ্য। তারপরে, এখানে যে একশ কিলো মিটার বলা আছে সেটা, স্ট্রেচিং ফ্রম বেনিয়াগ্রাম ডাউন টু জলঙ্গি অ্যান্ড বিয়ন্ড দশ কিলোমিটার ওয়ার্ল্ড আউট হল কিনা তা জানা গেল না। এটা আমাদের অ্যাসিওর করার কথা ছিল যে কেন সমীক্ষা হয়নি। তার জবাব দেবেন এবং কেন করা হল না সেগুলো আজকে বলবেন।

আজকে যে ইরোশন হচ্ছে, এটা ইরোশন নয়, রিভার ইজ চেঞ্জিং ইটস কোর্স। ৫০ বছর পূর্বে নদীর কোর্স এই দিক দিয়ে ছিল, আজকে ইট ইজ ফলোয়িং ইটস কোর্স। ধুলিয়ানের কাছে ১ কি. মি. ইন বিটুইন পদ্মা অ্যান্ড ভাগিরথী—মাত্র ১ কি. মি. বাকি আছে, এটা যদি ওয়াসড আউট হয়ে যায় তাহলে ডাউনস্ট্রিম অফ অল দি সিটিস লাইক নবদ্বীপ, কালনা, হাওড়া, ব্যারাকপুর এমন কি কলকাতার সল্টলেক পর্যন্ত শেষ হয়ে যাবে। এটা কিন্তু ভেরি ডেঞ্জারাস সিগন্যাল, এটার সম্বন্ধে মানুষকে সরকার আশ্বস্ত করবেন কিনা তারা কি চিন্তা করছেন? আজ বিশেষজ্ঞরা কি চিন্তা করছেন? আমরা এই সম্পর্কে কি পরিকল্পনা নিচ্ছি? আমরা ভারত সরকারের কাছে গতবার বলেছি, আপনারা কি পরিকল্পনা নিচ্ছেন,

সেই কথা আমাদের বলতে হবে। আপনারা তো এক বা একাধিকবার কখন ৩ কোটি কখন ২ কোটি টাকা এর জন্য খরচ করেছেন, সেটাতো ওয়াশড অ্যাওয়ে হয়ে গেছে। আপনারা খালি পেপার অ্যাকাউন্ট এর হিসাব দেখাচ্ছেন, এত খরচ হয়েছে। তিস্তা হচ্ছে এই রাজ্যের বড় প্রকল্প—একাধিকবার আমরা এই ব্যাপারে বলেছি, আগের দিন করিম চৌধুরিও বলেছে—এই ঘটনা কেন ঘটছে? ইট হ্যাজ বিকাম এ প্যারাডাইস অফ দি কন্ট্রাক্টারস। কন্ট্রাক্টাররা টাকা নিয়ে যে কাজ করেছেন, এত টাকা যেখানে খরচ হচ্ছে, সেখানে আজকে কিছুই হচ্ছে না। কারণ কন্ট্রাক্টারদের কাজের সুপারভিসন লোক নেই। আজকে এতবড় যে খরা হয়ে গেল, সেখানে তিস্তা নিয়ে ২০ বছরের যে পরিকল্পনা ছিল তা আজকে মানুষের কাজে লাগল না, মানুষকে হেলপ করতে পারল না। ইকোয়ালি আপনি এখানে বলেছেন, টাকাগুলি খরচ করেছেন কখন ২ কোটি, কখনও ৩ কোটি, কখনও ৪ কোটি টাকা—কাগজে একটা খবর বেরিয়েছিল—"Rupees Three-Crore scheme to protect Jalangi allowed to gather dust" Jalangi washed away along with five thousand acres of land. আজ কেন এই টাকাটা খরচ করা হল না? এই টাকাটা খরচ হলে কি এইগুলি ঠেকানো যেত না? আজকে তো ত্রাণ মন্ত্রী নেই, অন্য মন্ত্রীদেরও দেখছি না, ধরেই নিচ্ছি জলঙ্গি ওয়াশড অ্যাওয়ে হয়ে গেছে অ্যালং উইথ ফাইভ থাউজেন্ড একরস অফ ল্যান্ড। আজকে সব চলে গেছে, থানা পুলিশ মানুষ সমস্ত সম্পত্তি শেষ, কিন্তু মানুষকে আমরা কোনও হেল্প করতে পারছি না। পশ্চিমবাংলায় ৭ কোটি মানুষের সাথে হোয়াই ক্যান্ট ইউ শেয়ার দি grief and damages of the people along with the rest of West Bengal? এখানে যে বিভিন্ন রকমের অপপ্রচার করা হচ্ছে, সেই জিনিসগুলি দেখা দরকার। এখানে বহু জিনিস আজকে লুঠ হচ্ছে, এখানে মানুষের যে ঢল নেমেছে তাকে ম্যানেজ করতে গিয়ে বিপদ হচ্ছে। এতবড় বিপদে যেখানে মানুষ তো দিশেহারা হয়ে যাবেই। এখানে কোনও ম্যানেজমেন্ট নেই। এখানে স্পেশ্যাল ম্যানেজমেন্ট দরকার, এটা দেখবার জন্য আমি অনুরোধ করছি। আমার শেষ কথা হচ্ছে—আপনাদের এফেকটিভ পরিকল্পনা নিয়ে—আজ সকালে আমি থেকে ভি. সি. শুক্লার সাথে ফোনে কথা বলেছি। আমি কেন্দ্রীয় জল সরবরাহ মন্ত্রীকে ফ্যাক্স বার্তা পাঠাচ্ছি। উনি নিজে আসছেন, আপনাদের তরফ থেকেও বলা দরকার। আপনারাও বলুন যে, আপনি যখন আসছেন তখন এটা দেখে যান। এখানে এক্সপার্ট টিম পাঠানো হোক, না হলে অন্য জায়গা থেকে নিয়ে আসুন। এই ব্যপারে যারা এফেকটিভ ইঞ্জিনিয়ার আছেন, তাদেরকে নিয়ে আসুন। ম্যালেরিয়া প্রতিরোধের জন্য কিউবা থেকে এক্সপার্ট টিম এনেছিলেন। এক্ষেত্রেও এই ব্যাপারে যাদের অভিজ্ঞতা আছে, এই রকম স্পেশালাইজড লোকদের এখানে নিয়ে আসুন। আপনারা কেন্দ্রীয় সরকারকে আসতে বলুন, রাজ্য সরকারকে কোঅপারেট করতে বলুন, মন্ত্রী নিজে এসে দেখুন এই ব্যাপারে যাতে প্রক্ষপট অ্যাটেনশন নেওয়া হয় সেটা দেখা দরকার। আজকে জলঙ্গির যে ভাঙন হল, সেখানে কেন ইট ডাজ নট রিসিভ দি অ্যাটেনশন অফ দি স্টেট গভর্নমেন্ট—এটার জবাব দেবেন। এই ডিফারেন্সিয়াল ট্রিটমেন্ট কেন? আজকে পদ্মার কোর্স, ভাগিরথীর কোর্স—যার জন্য ইরোশন হোক না কেন, আপনারা অ্যাটেশন দিচ্ছেন না, অ্যাডিকোয়েট অ্যাটেনশন দিচ্ছেন না। কেন এই জাতীয় ডিফারেন্সিয়াল ট্রিটমেন্ট হচ্ছে? এর জবাব আপনাকে দিতে হবে। আমি আপনাদেরকে রাজনীতির উর্ধ্বে উঠে বলি,—বুদ্ধদেব বাবু আমার কাছে গিয়েছিলেন ড্রাফটটা সংশোধন করার জন্য—এই ব্যাপারে

আমি আপনাদের সকলকে রাজনীতির উর্ধ্বে থাকতে বলছি। আপনারা এই বিষয়ে রাজনৈতিক স্বার্থ চরিতার্থ করার চেষ্টা করবেন না, এই অনুরোধ বিশেষভাবে রাখছি। আর তাহলেই এলাকাগুলি বাঁচবে, মানুষ বাঁচবে, রাজ্য বাঁচবে, সকলের কল্যাণ সাধিত হবে।

আমার শেষ কথা হচ্ছে, We express our solidarity. এক্সপার্টদের নিয়ে একটা টিম করুন, তারা অ্যাসেস করুক। মাননীয় মুখ্যমন্ত্রী, বিভাগীয় মন্ত্রী যিনি আছেন এবং এক্সপার্ট যারা আছেন তাদের নিয়ে টিমটা করতে হবে। তাছাড়া কেন্দ্রীয় সরকার কতখানি সাহায্য করতে পারে সেটাও দেখতে হবে। এই ইরোশন এবং নদীর গতিপ্রকৃতির যে পরিবর্তন তাতে মানুষগুলোকে নিশ্চিন্ত করে বিপদের সম্ভাবনার হাত থেকে কি করে রক্ষা করা যায় তার চেষ্টা আমাদের করতে হবে, বিশেষ করে যখন আজকে মানুষ সমুদ্রের তলায় যেতে পারছে। আজকে বিংশ শতাব্দীর যুগে যে অগ্রগতি হয়েছে তার সাহায্য নিয়ে, ভারত সরকারের সহযোগিতা নিয়ে, আমাদের পশ্চিমবঙ্গ সরকারকে এই পদ্মার ভাঙ্গন রোধ করবার জন্য এবং মানুষের যে ক্ষতি হচ্ছে তা রোধ করবার জন্য অনুরোধ রাখছি। আজকে কাজ করার জন্য সদিচ্ছা এবং সহযোগিতার দরকার। আজকে এটা আমাদের ব্যাপার নয় বলে আমরা বাধা দেব এটা হয় না, এটা সবার ব্যাপার। আমি আশা করি বিনা বাধায় এই মোশনটা গৃহীত হবে। Sir, with these words, I commmend my motions.

**শ্রী আবুল হাসনাৎ খাঁন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে যে প্রস্তাব আনা হয়েছে মাননীয় সদস্য জয়নাল আবেদিন, লক্ষ্মীকান্ত দে এবং আরও কয়েকজন মুর্শিদাবাদ জেলার ভাঙ্গন সম্পর্কে সেই ব্যাপারে আমি দু-একটি কথা বলব। জয়নাল আবেদিন সাহেব প্রস্তাবটা উত্থাপন করতে গিয়ে এখানে রাজনীতি করেছেন, আবার এদিকে তিনি অন্যদের রাজনীতি না করার জন্য বলেছেন। এখানে ত্রাণ নিয়ে কোনও ছিনিমিনি খেলা হচ্ছে না। পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদ এখানে ত্রাণের ব্যাপারে এক সঙ্গে কাজ করছে। আজকে বিরোধী দলের নেতার মুর্শিদাবাদের প্রতি দরদ উথলে উঠল কেন বুঝতে পারছি না? আমরা বার বার গঙ্গার ভাঙ্গন সম্পর্কে কেন্দ্রীয় সরকারকে বলেছি, বার বার ব্যাপারটা নিয়ে এখানে আলোচনাও হয়েছে। কিন্তু আপনারা কখনও এই ব্যাপারে কিছু বলেননি। আপনারা যখন সরকারে ছিলেন, তখন আপনারা এই ব্যাপারে কোনও কাজ করেননি। গঙ্গার ভাঙ্গনের কারণ কি এবং কি করে তা রোধ করা যায় তার ব্যবস্থা কি আপনারা নিয়েছিলেন? ১৯৮২ সালে সর্বদলীয় একটা টিম দিল্লিতে গিয়েছিল প্রয়াত প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর সঙ্গে দেখা করতে, সেই টিমটিতে সুব্রত মুখার্জিও ছিলেন। তিনি নিজে তখন ইন্দিরা গান্ধীকে বলেছিলেন, পদ্মার ভাঙ্গনের জন্য আপনি ব্যবস্থা গ্রহণ করুন, নইলে সর্বনাশ হয়ে যাবে। কিন্তু কোনও কাজ করা হয়নি। এই ভাঙ্গন রোধের জন্য কেন্দ্রীয় সরকার কি ব্যবস্থা নিয়েছে? গঙ্গা হচ্ছে একটি আন্তর্জাতিক নদী, এর ভাঙ্গনের জন্য আমাদের সীমারেখা নিশ্চিহ্ন হয়ে যাচ্ছে, আমাদের জমি চলে যাচ্ছে বাংলাদেশে, এটা একটা ন্যাচারাল ও ন্যাশনাল ক্যালামিটি। এখানে কি কেন্দ্রীয় সরকারের কোনও দায়িত্ব নেই? ফারাক্কা ব্যারেজ তৈরি হয়েছে, দায়-দায়িত্ব কেন্দ্রীয় সরকারের, কিন্তু কত টাকা তারা খরচ করেছেন? প্রিতম কমিটি তার রিপোর্টে বলেছিল ১৯৮ কোটি টাকার দরকার।

সেইটা আমাদের নয়, আমরা স্বীকার করি। যখন সর্বদলীয় প্রস্তাব এসেছিল, তখন আমরা বলেছিলাম রাজ্য সরকারের ক্ষমতা নেই অত টাকা খরচ করে। আমরা বারবার দিল্লিতে গিয়েছিলাম, দিল্লিরও টিম এখানে আসতে পারে। আমাদের প্রথম কথা হচ্ছে, কেন্দ্রীয় সরকার কি দায়িত্ব পালন করেছেন? অর্থাৎ গঙ্গা এবং ভাগিরথী যদি একসঙ্গে হয়ে যায়, তাহলে গোটা পশ্চিমবাংলার সর্বনাশ হয়ে যাবে। এই প্রশ্নটা বারবার করেছি, কিন্তু কোনও দায় দায়িত্ব কেন্দ্রীয় সরকার গ্রহণ করছেন না। আবার বলেছি কেন্দ্রীয় সরকারের কাছে। জয়নাল আবেদিন সাহেব স্পষ্ট করে বললেন না। এর দায় দায়িত্ব নিতে হবে কেন্দ্রীয় সরকারকে, টাকা দিতে হবে কেন্দ্রীয় সরকারকে। ৩৫৭ কোটি টাকার প্রস্তাব গ্রহণ করা হয়েছে, পাস হয়েছে ; কে বললেন হয়নি? মাননীয় মন্ত্রী জবাব দেবেন। আমরা বারবার প্রস্তাব করেছি কেন্দ্রীয় সরকারের কাছে, টাকা দিন। কিন্তু তারা এখনও টাকা দিতে এগিয়ে আসেননি। গঙ্গার ভাঙ্গন রোধের জন্য তারা কি দায় দায়িত্ব গ্রহণ করেছেন? ১০ হাজার লোক বাস্তুহারা অনেকের কোনও পুনর্বাসনের ব্যবস্থা করা যায়নি টাকা শর্টেজ থাকার জন্য, কম থাকার জন্য। মুর্শিদাবাদে এখনও ১০ হাজার লোক বাস্তুহারা। স্কুলবাড়ি, পঞ্চায়েত অফিস, থানা ভেসে গেল, এখনও ভাঙন অব্যাহত গতিতে চলছে। আখেরিগঞ্জ, রাধাপুর, ধুলিয়ান শেষ হয়ে গেছে। আমি যে এলাকা থেকে নির্বাচিত হয়েছি, সেই ধুলিয়ান শহর নদীর প্রায় ৫ কিলোমিটার ভেতরে। আমরা ভুক্তভুগি, আমার নিজের জমি পড়েছে, বাড়ি পড়েছে। মাননীয় সদস্য শীশ মহম্মদ, তার বাড়ি শেষ হয়ে গেছে। আমরা এর বিরোধিতা না করে কেন্দ্রীয় সরকারের কাছে চাপ সৃষ্টি করি, প্রয়োজনীয় টাকা দিতে হবে, না হলে মুর্শিদাবাদ, মালদা জেলার সর্বনাশ হয়ে যাবে। এর দায় দায়িত্ব রাজ্য সরকার গ্রহণ করতে পারেনি আমাদের আর্থিক সঙ্গতির অভাবের জন্য। সেই টাকা যাতে একসঙ্গে দিতে পারি, চাপ সৃষ্টি করি টাকা দেওয়ার জন্য। এটা না হলে সমস্যার সমাধান হয় না। আমি এর বিরোধিতা করতে চাই না, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডাঃ জয়নাল আবেদিন সাহেব আজকে জলঙ্গির ভাঙন নিয়ে যে প্রস্তাব এনেছেন, সেই প্রস্তাবকে আমি সর্বান্তকরণে সমর্থন করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, যেটা সবচেয়ে গুরুত্ব সহকারে আমাদের বিবেচনা করতে হবে সেটা হচ্ছে, এটা একটা মারাত্মক ক্যালামিটি সেই বিষয়ে কোনও সন্দেহ নেই এবং সমস্ত দলের উর্ধ্বে উঠে এই সমস্যা যাতে আগামী দিনে সমাধান করা যায় এবং ঐ সব দুর্গত মানুষের পাশে সকলে মিলে দাঁড়াতে পারি সেইজন্য প্রচেষ্টা গ্রহণ করতে হবে। কিন্তু কয়েকটি জিনিস আমি না বলে পারছি না, সেটা হচ্ছে, একটু আগে যারা প্রিতম সিং কমিটির রিপোর্ট সম্বন্ধে বললেন, প্রিতম সিং কমিটিকে নিয়োগ করা হয়েছিল রাজ্যে সরকারের দ্বারা। গত কালের স্টেটসম্যানে বিশদ রিপোর্ট বেরিয়েছে, আমি সময়ের অভাবে সবটা পড়তে পারছি না, কিছুটা পড়ছি। Headed by then Member (Floods), Central Water Commission, Mr. Pritam Singh, the report submitted to the State on January 30, 1980, stated : "Erosion is progressively active, especially in Beniagram, Aheriganj, Nayanpur, Dhulian, Aurangabad and Jalangi. This progressive erosion is a matter of alarm."

সুতরাং এই জলঙ্গির ভাঙন আজকে যে হটাৎ করে হয়েছে, তা নয়, আজ থেকে প্রায় ১৪ বছর আগে আপনাদের নিয়োজিত প্রিতম সিং কমিটির রিপোর্ট জলঙ্গি সমেত নয়নপুর ইত্যাদি জায়গায় ইরোশনের ব্যাপার সাংঘাতিক আকার ধারণ করেছে এবং এখন থেকেই আপনাদের ব্যবস্থা গ্রহণ করা উচিত। ২২শে সেপ্টেম্বর যুগান্তরে সম্পাদকিয়তে বলেছে, 'মাত্র ১০ দিন আগেও যে ব্যবস্থা গ্রহণ করতে পারলে রাজ্য সরকার ভয়ঙ্কার পদ্মার করাল গ্রাস থেকে মুর্শিদাবাদ জেলার প্রাচীন জনপদ জলঙ্গিকে রক্ষা করতে পারতেন, ১০ দিন পরে সেই ব্যবস্থাগুলো নিয়েও জলঙ্গি শহরকে বাঁচা বার তেমন কোনও উল্লেখযোগ্য সাফল্য অর্জন করা সম্ভব হয়নি, এর চাইতে দপ্তর এবং দর্শক সাক্ষী রেখে জলঙ্গি এলাকার প্রায় ১০ কিলোমিটার তলিয়ে গেছে দুরন্ত পদ্মার গর্ভে। রাজ্য সরকার মূল ব্যাপারটাকে আগে থেকেই গুরুত্ব না দিয়ে আজ ভাঙনের তীরে দাঁড়িয়ে আশ্বাস আর প্রতিশ্রুতি রক্ষার অর্থহীন বাক্য ব্যয় করে চলেছে। এখন সমস্ত দোষ, কেন্দ্র টাকা দিচ্ছে না, বলে পদ্মার ভাঙন রোধ করতে পারছি না, এই কথা বলে আজ যে দায়িত্ব এড়িয়ে যেতে চাইছেন, সে কথা ঠিক নয়।

[10-50 — 11-00 p.m.]

এখন সেখানে এই টাকা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আসছে না। এই টাকা রাজ্য সরকারের নিজের তহবিল থেকে অন্য জায়গার তহবিল থেকেই আসছে। কোটি কোটি টাকা খরচ করে বোল্ডার ফেলছেন সেই টাকা কোথা থেকে আসছে? এই টাকা যদি ১০/১৫ দিন আগে খরচ করা হত তাহলে হাজার হাজার মানুষের ঘর, বাড়ি ভেঙ্গে যেত না। তাদের ত্রাণের জন্য পশ্চিমবঙ্গের সরকারের কাছে হাত পেতে তাকিয়ে থাকতে হত না। আজকে টাকাটা আসছে কিন্তু আপনাদের সেচ দপ্তরের দৃষ্টিভঙ্গি হচ্ছে আলাদা। তারা বলছেন আগে ভাঙ্গুক, আগে বন্যা আসুক, আগে বিপর্যয় ঘটুক তারপর আমরা সেখানে ত্রাণের ব্যবস্থা করব বা বোল্ডার ফেলার ব্যবস্থা করব। কারণ সেই সময় কোনও কাজ করতে গেলে সরকারের কাছে, জনসাধারণের কাছে কোনও কৈফিয়ত দিতে হবে না। যে এই টাকা কিভাবে খরচ হল, কোনও টেন্ডারের ব্যবস্থা থাকবে না তার কারণ তখন এমারজেন্সি কাজ করতে হবে। যেখানে একটি বোল্ডার ফেলার কথা সেখানে একটি বোল্ডারের খাঁচা ফেললেই হবে এবং সেই খাঁচাটা নদীর তলায় ভেসে যাবে। কেউ তার তদন্ত করতে পারবে না, কেউ বুঝতে পারবে না। এই হচ্ছে সেচ দপ্তরের দৃষ্টিভঙ্গি। আমরা বারে বারে দেখেছি এই মর্মান্তিক অবস্থা কিন্তু আপনারা এর কোনও ব্যবস্থা করেন না এবং কোনও পদক্ষেপ নেন না। তারপর যখন বাঁধ ভেঙ্গে যায় নদীর জল ঢুকে যায়, সমস্ত কিছু ভেসে যায় তখন তাড়াতাড়ি করে বোল্ডার এসে যায়, খাঁচা এসে যায় এবং হুড় হুড় করে কাজ হতে থাকে। কিন্তু সর্বনাশ যা হবার, ক্ষতি যা হবার তা হয়ে যায়। এই দৃষ্টিভঙ্গি যদি সেচ দপ্তর না পাল্টায় তাহলে যত টাকাই কেন্দ্রীয় সরকার পাঠান না কেন সেটা আপনাদের তহবিলেই পড়ে থাকবে। জলের সঙ্গে ধুয়ে যাবে, বন্যার সঙ্গে ভেসে যাবে, নদী গর্ভে চলে যাবে। সুতরাং আজকে দৃষ্টিভঙ্গির পরিবর্তন দরকার। জলঙ্গিতে যে ঘটনা ঘটতে যাচ্ছে এই ব্যাপার নিয়ে স্থানীয় কৃষকরা চাষীরা মাঠে যাতে জল না ঢোকে, চাষের যাতে কোনও ক্ষতি না হয় তার জন্য সেচ দপ্তরকে প্রশাসনকে বলেছে। কিন্তু ঐ সেচ দপ্তর তখন চোখ কান বুজে বসেছিলেন, কোনও কাজ করেননি। সেখানে তখন সর্বনাশ হয়ে গেছে। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কোটি কোটি টাকা আসার

আগেই তারা সেখানে খাঁচার পর খাঁচা ফেলার চেষ্টা করছে। রেডিওতে বলা হচ্ছে সেখানে লোহার খাঁচা ফেলা হচ্ছে, কিন্তু সেখানে লোহার বদলে বাঁশের খাঁচা ফেলা হচ্ছে। তাদের চোখের সামনে বাড়ি ঘর, স্কুল ভাঙছে। রেডিওতে এক রকম বলা হচ্ছে কিন্তু কাজের বেলায় অন্যরকম করা হচ্ছে। সেজন্য সাধারণ মানুষের ক্ষোভে ফেটে পড়ার সঙ্গত কারণ আছে। সেই কারণে জয়েন্ট ডি. ভি. সি., পঞ্চায়েত সমিতির সভাপতি সেখানে আক্রান্ত হয়েছে। নিশ্চয় আমরা পঞ্চায়েত সমিতির সভাপতি, সরকারি সকল কর্মচারী আক্রান্ত হোক এই ঘটনাকে সমর্থন করি না। কিন্তু সাধারণ মানুষের ক্ষোভের কারণ বুঝতে হবে। চোখের সামনে দিয়ে তার সারা জীবনের সঞ্চয়ের অর্থ দিয়ে তৈরি বাড়ি যখন নদী গর্ভে চলে যাচ্ছে তখন তার ক্ষোভ হওয়াটা অত্যন্ত স্বাভাবিক। কিন্তু দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে যখন দেখি এই ঘটনার পরে সি. পি. এমের অফিস ভাঙচুর হচ্ছে তখন নিশ্চয় আমরা এই জিনিস সমর্থন করব না। সাধারণ মানুষের চোখের সামনে দিয়ে যখন তার সারা জীবনের সঞ্চয় এভাবে চলে যায় তখন তার সহ্য করাটা কঠিন হয়ে পড়েছে। কিন্তু দুঃখের সঙ্গে লক্ষ্য করলাম যে যেহেতু ওই পঞ্চায়েত সমিতির সভাপতি আক্রান্ত হয়েছেন, সি. পি. এমের অফিস ভাঙচুর হয়েছে সেই জন্য ভাড়াটে গুন্ডা দিয়ে সেখানকার সাধারণ মানুষের দোকান, মুদির দোকান, স্টুডিও, ফার্ণিচারের দোকান লুটপাট করা হয়েছে। এ জিনিস সি. পি. এমের লোকেরা করছে। সেখানকার ফরোওয়ার্ড ব্লকের নেতা চিত্ত কুন্ডু অভিযোগ করেছেন যে এই সমস্ত জিনিস সেখানকার সি. পি. এমের দ্বারাই হচ্ছে। স্থানীয় ফরোওয়ার্ড ব্লকের নেতার কুন্ডু স্টুডিও, কুন্ডু ফার্ণিচার, ৬-৭টা মুদির দোকান লুট করা হয়েছে এবং আপনি জানেন সেখানে এরকম একটা অবস্থার সৃষ্টি হয়েছে। সেখানকার সমাজ বিরোধীরা এসে জায়গা দখল এবং লুটপাটের অংশগ্রহণ করে সুতরাং এই ঘটনা যাতে বন্ধ হয় তার ব্যবস্থা করতে হবে।

[11-00 — 11-10 a.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটা কথা বলে আমার বক্তব্য শেষ করছি। ওখানে যথেষ্ট ত্রাণের ব্যবস্থা নেই, এটা অত্যন্ত দুঃখের। এত বড় ঘটনা ঘটেছে, বিরাট ভাঙন হয়েছে—ত্রাণের পরিমাণ যাতে বৃদ্ধি পায় এবং সেটা নিরপেক্ষভাবে যারা ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের মধ্যে যাতে বিলি হয় তার জন্য একটা সর্বদলীয় কমিটি সেখানে যেখানে তারা বাড়ি তৈরি করতে পারবে এবং বাড়ি তৈরি করতে কম পক্ষে ১ লক্ষ টাকা করে দেয়া হোক, যাতে তারা বাড়ি করতে পারে। এই কথা বলে আমি এই মোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সব দলের পক্ষ থেকে যে রেজলিউশন এসেছে আমি তাকে আন্তরিকভাবে সমর্থন করছি। এটা নিয়ে জয়নাল সাহেব হতাশা প্রকাশ করে বললেন, "১৭ বছর ধরে ইন্দোনেশিয়ার মতো আপনারা থেকে যাচ্ছেন, আমরা কিছু করতে পারছি না।" জ্যোতিবাবু এটা বুঝেই ওকে সব রকমের মন্ত্রীর সুখ সুবিধা দিয়েছেন যাতে ওর হাতাশা একটু কমে। উনি সব রকমের সুযোগ সুবিধাই পাচ্ছেন। জয়নাল সাহেব বার বার আমাকে লক্ষ্য করে 'হিন্দু মহাসভা' ইত্যাদি বলেন। অথচ আজকে উনি বক্তৃতা রাখার সময় বললেন, 'মায়াপুরে সব রকম ব্যবস্থা গ্রহণ করা হয়, মুর্শিদাবাদে হয় না।" ওর

এই ইঙ্গিতটা অত্যন্ত সাম্প্রদায়িক ইঙ্গিত এবং এটা উনি না বুঝলেও আমাদের সকলেরই এটা বোঝবার মতো বুদ্ধি আছে। যাই হোক আজকে এটা অত্যন্ত চিন্তার বিষয় যে, ওখানে আবার বন্যা হচ্ছে। ইতিমধ্যে ২ ফুটের উপর জল বেড়েছে। আমরা সকলেই জানি পদ্মার জল না কমা পর্যন্ত ওখানে বিশেষ কিছু করা যাবে না। মাননীয় সদস্য অতীশ সিংহ মহাশয়ের সঙ্গে আমি একটা বিষয়ে একমত যে, আমরা এখন পর্যন্ত কেন্দ্রীয় সরকারের কাছে কেবল মাত্র ডেপুটেশন দেয়া জোর দিয়ে কিছু বলিনি। এটা ঠিক কথা—জোর করে বলা হয়নি, কেন্দ্রীয় সরকারের উপর চাপ দেয়া হয়নি। যে চাপ দেয়া উচিত সেটা দেয়া উচিত ছিল সেটা দেয়া হয়নি। আজকে মুর্শিদাবাদের জলঙ্গির কথা বারবার বলা হচ্ছে, কিন্তু এর আগে ওখানকার বহু এলাকারই অস্তিত্ব মুছে গেছে। কয়েক দিন আগেই আখেরিগঞ্জে ৬ কোটি টাকা খরচ করা হল, তার আজ আর কোনও চিহ্ন নেই। জলঙ্গিতে পদ্মার ভাঙনে শত শত ঘর-বাড়ি, বাজার পর্যন্ত জলের তলায় চলে গেছে। বর্তমানে 'বহরমপুর— জলঙ্গির রাস্তাটিকে রক্ষার জন্য প্রাণপন চেষ্টা করা হচ্ছে, রক্ষা করা যাবে কিনা জানি না। পদ্মার ভাঙনে কয়েক হাজার পরিবার ভীষণভাবে আর্থিক দিক দিয়ে ক্ষতিগ্রস্ত হয়েছে। তাদের আমরা কতটা ত্রাণ সাহায্য করতে পারি তা আমাদেরও ভেবে দেখতে হবে। এমন একটা অবস্থা হয়েছে যে, পদ্মার ভাঙনের ফলে জলঙ্গি আগামী দিনে রাজ্যের মানচিত্রে থাকবে কিনা সে বিষয়ে সন্দেহ দেখা দিয়েছে। ফরাক্কা ব্যারেজ নির্মাণের জন্য মুর্শিদাবাদের লোকেরা, বিশেষ করে ফরাক্কার লোকেরা বহু ত্যাগ স্বীকার করেছে—বহু মানুষের সমস্ত জমি-জমা চলে গেছে। কিন্তু আমরা জানি ঐ ব্যারেজ তৈরির মধ্যে কিছু ত্রুটি আছে এবং সেই ত্রুটির জন্যই আজকে এই অবস্থার সৃষ্টি হচ্ছে। শুধু মুর্শিদাবাদেই এ জিনিস হচ্ছে না—মালদা জেলার মানিকচক থেকে পঞ্চাননতলা পর্যন্ত চার ধারের ১৪ কিলোমিটার জায়গা রোজ ভাঙছে। ঐ ব্যারেজ নির্মাণ কার্যের মধ্যে কিছু মারাত্মক ত্রুটি আছে। প্রিতম সিং কমিটির রিপোর্টে সেকথা বলা হয়েছে। সত্যি কথা বলতে গেলে আমরা সেই রিপোর্ট নিয়ে কেন্দ্রীয় সরকারকে যথাযথ চাপ দিতে পারি না। ফরাক্কা ব্যারেজ করার জন্যই আজকে এটা হচ্ছে, এ বিষয়ে কোন সন্দেহ নেই। সেজন্য আমি আজকে বলছি যে, শুধু ডেপুটেশন দিলেই হবে না, জোরদার আন্দোলন করতে হবে এবং কেন্দ্রীয় সরকারকে বাধ্য করতে হবে। ভাঁটিতে ৫৪ কিলোমিটার এবং উজানে ১৪ কিলোমিটার জায়গা ভাঙছে, এই ভাঙনের সম্পূর্ণ দায়-দায়িত্ব কেন্দ্রীয় সরকারকে দিতে হবে। বর্তমানে যাঁরা ওখানে ক্ষতিগ্রস্ত হয়েছেন তাঁদের কথা এই মুহূর্তেই আমাদের ভাবনা-চিন্তা করতে হবে। যাঁরা বাস্তু-ভিটা হারিয়েছেন এবং অন্যান্যভাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন তাঁদের সর্বশক্তি দিয়ে আমাদের রক্ষা করতে হবে, সাহায্য করতে হবে। কেন্দ্রীয় সরকারকে অবশ্যই বাধ্য করতে হবে সব রকমের দায়-দায়িত্ব বহন করার জন্য। কেন্দ্রীয় মন্ত্রী ইতিপূর্বে অনেকবার এখানে এসেছেন—পদ্মা আন্তর্জাতিক নদী, সে নদীর ভাঙনের দায়িত্ব কেন্দ্রীয় সরকারকে নিতেই হবে। এই কথা বলে প্রস্তাবকে আর একবার সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আবু হেনা ঃ** মাননীয় স্পিকার স্যার, আজকে রুল ১৮৫-তে ডাঃ জয়নাল আবেদিন সহ অন্যান্য সদস্যরা যে মোশন নিয়ে এসেছেন তাকে আমি সমর্থন করছি। জলঙ্গি শহর এখন মুর্শিদাবাদের মানচিত্র থেকে চলে যেতে বসেছে। গত রবিবার পদ্মার ভাঙনে জলঙ্গি

থানা, হাইস্কুল, পাকাপাকা বাড়ি, পঞ্চায়েত অফিস, গ্রাম-পঞ্চায়েত এবং পঞ্চায়েত সমিতির অফিস, বি. ডি. ও অফিস গঙ্গার তলায় চলে গেছে। আমি মুর্শিদাবাদ জেলার অধিবাসী, আমার বিধানসভা কেন্দ্র লালগোলা। পদ্মার ভাঙনের ব্যাপারটা কি সেটা আমি জানি। গত ৮৯ বছর ধরে পদ্মার রাইট ব্যাঙ্ক যেভাবে ভাঙছে তাতে আমার একটা বাজে অভিজ্ঞতা হয়েছে। আমি ৯১ সাল থেকে নির্বাচিত, আমার অভিজ্ঞতায় দেখছি, দীর্ঘদিন ধরে এইভাবে ভাঙনের ফলে সেখ আলিপুর, তারানগর প্রভৃতি অঞ্চলের হাজার হাজার বিঘা সম্পত্তি নষ্ট হয়ে গেছে। এখানে যে বাঁধটা ছিল যাকে নবাব বাঁধ বলা হত সেই বাঁধটা ভেঙে গেছে। এর ফলে হাজার হাজার বিঘার সম্পত্তি এবং শত শত বাড়ি নিশ্চিহ্ন হয়ে গেছে। স্যার, এ ব্যাপারে আমার অভিজ্ঞতা হচ্ছে, যখন পরিকল্পনা করা দরকার তখন কিন্তু সেই পরিকল্পনা গ্রহণ করা হয়নি। যখন ভাঙতে আরম্ভ হয়ে যায় সেই সময়ে আমরা দেখেছি, এমারজেন্সি বেসিসে তারা কিছু কাজ করেন। এ ব্যাপারে আমাদের লিডার অফ দি অপোজিশন বললেন, অতীশবাবুও বললেন এবং আমি প্রত্যক্ষ দেখেছি, তখন বাঁশের খাঁচা তৈরি করা হয় এবং এরজন্য ৮ লক্ষ, ১০ লক্ষ কিম্বা ২০ লক্ষ টাকা ব্যায় করা হয়। প্রথমে বাঁশের খাঁচা তৈরি করে তার মধ্যে গাছের ডাল দেওয়া হয় এবং ১।২টি বোল্ডার দিয়ে সেটা পদ্মায় ফেলা হয় ভাঙন রোধের জন্য। কিন্তু সেটা বেশিদিন থাকে না, নষ্ট হয়ে যায়। এক্ষেত্রে আমার প্রত্যক্ষ অভিজ্ঞতা হচ্ছে, কনট্রাকটারদের সঙ্গে ডিপার্টমেন্টাল প্রশাসনের একটা অশুভ আঁতাত থেকে যায়। যেখানে ১০ লক্ষ টাকা খরচ করার কথা, সেখানে ৪ লক্ষ টাকা খরচ করে ৬ লক্ষ টাকা গায়েব হয়ে যায়। পার্টির কিছু লোক কনট্রাকটারদের সঙ্গে আঁতাত করার চেষ্টা করে। ১৯৯১ সালে সেখ্ আলিপুর নিশ্চিহ্ন হয়ে গেছে, তারানগর, কালিনগর প্রভৃতি অঞ্চলে ৪।৫টি বাড়ি ভেঙে গেছে। আমার বক্তব্য হচ্ছে, এইভাবে এরোসন রোধ করা যাবে না। অপরদিকে আমরা দেখতে পাচ্ছি, পদ্মার লেফ্‌ট ব্যাঙ্ক সাইডে বাংলাদেশ যেখানে কংক্রিটের বাঁধ তৈরি করতে পারে, সেখানে আমরা তা করতে পারব না কেন? আজকে এরফলে হাজার-হাজার বিঘা জমি এবং বাড়ি নিশ্চিহ্ন হয়ে গেছে। তবু সুখের কথা, এ বছরের এপ্রিল মাসে কিছু কাজ হয়েছে। আড়াই কোটি টাকার এস্টিমেটেড অ্যামাউন্ট ছিল, সেখ্ আলিপুরে কিছু কাজ হয়েছে। এর ফলে লালগোলা শহর বেঁচে গেছে। যদি এই কাজ না হত তাহলে লালগোলা শহর জলঙি মতন অবস্থা হতো। কিন্তু এটা হয়তো ২।৩ বছর থাকবে, এটা পারমানেন্ট সলিউশন নয়।

কিন্তু ব্যাপারটা হচ্ছে যে এটা তো কোন পার্মানেন্ট সল্যুসন নয়। পার্মানেন্ট সমাধান আমাদের করতে হবে। জলঙ্গি চলে যাবে, ২/৩ বছরের মধ্যে লালগোলাও চলে যাবে, অদূর ভবিষ্যতে হয়ত পদ্মা ভাগিরথীর সঙ্গে মিশে যাবে। কেন হচ্ছে, ফারাক্কার জন্য হচ্ছে কিনা সেটা আমি বলছি না। এফেকটিভ ব্যবস্থা করতে হবে। ওনারা কেন্দ্রীয় সরকারের দোষ দিচ্ছেন, দেখা যাচ্ছে যখন এই কাজটা করা দরকার তখন করা হয় না। মাননীয় অতীশ বাবু ঠিকই বলেছেন। অদূর ভবিষ্যতে আমরা যদি কিছু কাজ না করি জলঙ্গি এবং তার সঙ্গে জলঙ্গির আরও ৪/৫টি অঞ্চল চলে যাবে, পদ্মা ভাগিরথীর সঙ্গে মিশে যাবে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করব এখনই এমারজেন্সি মেজার নিন, বর্ষার সময়ে ভাঙন প্রতিরোধের জন্য যে এমারজেন্সি মেজার নেওয়া হয় সেই রকম জোর নিন, না হলে ওখানে

একটা প্রচণ্ড বিক্ষোভের সৃষ্টি হবে তখন সেই বিক্ষোভ দমানো যাবে না। যে কথাটা কাগজে বেরিয়েছে যে কাজ আরম্ভ করার ১৫/১৬ দিন আগে থেকে কার্যকর পদক্ষেপ নিলে ভাঙন এতটা হত না। আপনাদের ডিপার্টমেন্ট ইঞ্জিনিয়াররা আছেন তাঁরা কোন কার্যকর ভূমিকা পালন করেন না। বর্ষার সময়ে এমারজেন্সি এসে যায় তখন ঝাঁপিয়ে পড়েন, তখন টাকা পয়সার কোনও অভাব হয় না। ত্রাণ যেটা দেওয়া হচ্ছে নমিনেল ত্রাণ। আমি মাননীয় সেচ মন্ত্রীর কাছে প্রস্তাব করছি যে, এখানে যে প্রস্তাব নিয়ে আসা হয়েছে কেন্দ্রীয় সরকারের কাছে একটি টেকনিক্যাল টিম পাঠানোর জন্য সেটা করুন, হাই-পাওয়ার কমিটি ইনক্লুডিং দি চিফ মিনিস্টার একটা টিম পাঠাবার প্রস্তাব রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শীশ মহম্মদঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী লক্ষ্মীকান্ত দে, ডাঃ জয়নাল আবেদিন, শ্রী ক্ষিতি গোস্বামি এবং অন্যান্য সদস্যরা যে বক্তব্য রেখেছেন এবং যে রেজিলিউসনটা নিয়ে এসেছেন তাকে আমি পুরোপুরি সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলতে চাই। কথায় আছে, মন্বন্তরে মরিনি আমরা মারি নিয়ে ঘর করি।' আমরা নদীর ভাঙন বিধ্বস্ত এলাকার লোক, পদ্মার ধারে আমাদের বাড়ি। অবশ্য লালগোলা যখন ভাঙে মাননীয় আবু হেনা তখন বাচ্ছা ছেলে বলে আমার ধারণা, আমার বয়স পেরিয়ে গেছে, অনেক দেখেছি। মাননীয় জয়নাল সাহেব যেভাবে ডিফেন্স দিলেন যে ফরাক্কা ব্যারেজ হওয়ার জন্য পদ্মার ভাঙন হচ্ছে সে কথা নয়। কে. এল. রায় তখন কেন্দ্রীয় সরকারের একজন বড় ইঞ্জিনিয়ার ছিলেন, বাংলাদেশ যাতে জল পায় সেজন্য তিনি এমনভাবে পরিকল্পনা গ্রহণ করেন পাড়গুলি এমনভাবে তৈরি করেন নিচে থেকে জলের যে তোড় থাকে, জল যে পাড়টা অতিক্রম করে যায় তখন তার ভেলোসিটি যে কত কিলোমিটার গিয়ে তবে থামে সেটা বলার অপেক্ষা রাখে না। ভেলোসিটির জন্য পশ্চিমবঙ্গ এবং পূর্বদিক এই রকম জিগজাগ কোর্সে যায় যার ফলে এটা হয়, ফারাক্কা ব্যারেজের জন্য নয়। এই জন্য বলি স্যার, যে মণ্বন্তরে মরিনি আমরা, মারি নিয়ে ঘর করি।' আমাদের অভিজ্ঞতা আছে আমরা যারা নদীর ধারে বসবাস করি ইঞ্জিনিয়ারদের থেকে আমরা বেশি অভিজ্ঞতা সম্পন্ন বলে দাবি করি, কারণ অর্জুনপুর, ঔরঙ্গাবাদ, দাসপুর, কাজিপুর, হাসানপুর, সেখ আলিপুর, আখেরীগঞ্জ বাজিতপুর সমস্তই চলে গেছে, কিন্তু তাই বলে রাজ্য সরকার যে কাজ করছেন না এবং এর জন্য ভাঙন রোধ করা যায় না এই কথা বললে চলবে না। আমরা দেখেছি এবং আমিও মাননীয় ননীকর মহাশয়ের সঙ্গে অল পার্টি ডেলিগেসনে কেন্দ্রে গিয়েছিলাম। মাননীয় দেবব্রতবাবুর সঙ্গেও ছিলাম, তিনি ত্রিদিব চৌধুরি মহাশয়ের কাছে কনভেনসন করে দেখিয়েছেন, আমরা দেখেছি সোদপুর, ধুলিয়ান এ সব জায়গার ভাঙন প্রতিরোধের জন্য সব সময়ে এগিয়ে আসার চেষ্টা করেছেন। পশ্চিমবঙ্গের এই আর্থিক সীমাবদ্ধতার মধ্যেও তিনি দিনের পর দিন অক্লান্ত পরিশ্রম করে কাজ করেছেন। কিন্তু এই আর্থিক সীমাবদ্ধতার মধ্যে সর্বনাশা পদ্মার ভাঙন প্রতিরোধ করা যায় না এই কথা মাননীয় জয়নাল সাহেবকে বিবেচনার জন্য অনুরোধ করব।

[11-10 — 11-20 p.m.]

কারণ আমরা নদী-ভাঙ্গন এলাকার লোক। গত বছর কেন্দ্রীয় মন্ত্রী বিদ্যাচরণ শুক্লা

এসেছিলেন। তিনি বলেছিলেন যে, নদী-ভাঙ্গন প্রতিরোধে টাকা দেওয়া হবে। কিন্তু দিয়েছেন কি সেই টাকা? ১৯৭২ থেকে ১৯৭৭ সাল, গনিখান চৌধুরি যখন রাজ্যের ইরিগেশন মন্ত্রী ছিলেন, সেই সময় ইরিগেশন স্কিমে কয়টি জায়গায় কাজ হয়েছিল? তারপর প্রভাস রায় এলেন। তিনি নিমতিতা, নয়নপুর প্রভৃতি জায়গায় বাঁধ করলেন। তারপর ননীবাবু স্পার করেছেন, অনেক কিছু করেছেন। এবং তারপর দেবব্রত বন্দ্যোপাধ্যায়ও দেখছি, তিনিও কাজ করছেন, কিন্তু যে পরিমাণ টাকা দরকার সেটা পাওয়া যাচ্ছে না। সবাই জানেন, এক্ষেত্রে রাজ্যের কতটুকু ক্ষমতা, কিন্তু তারমধ্যেও কাজটা তাঁরা করেছেন। আজকে ভাঙ্গন রোধে যদি বৃহত্তর পরিকল্পনা গ্রহণ না করা যায় এবং সেক্ষেত্রে যদি কেন্দ্রীয় সরকারের আর্থিক সাহায্য পাওয়া না যায় তাহলে কিছুই করা সম্ভব নয়। ভাঙ্গন এলাকায় বর্ষাকালে যে পাথর ফেলা হয় সেটা জলের তোড়ে উড়ে চলে যায়। কাজেই খরার সময় কাজটা করতে হবে। এক্ষেত্রে স্পার করবার আমরা বিরোধী, কারণ স্পার করলে একদিকে জল ঘুরবে এবং আর একদিকে জলের প্রেসার গিয়ে পড়বে। সুতরাং প্রিচিং ওয়ার্ক করতে হবে এবং তাহলে ভাঙ্গন রোধ করা যাবে। কিন্তু এক জায়গায় যদি প্রিচিং ওয়ার্ক করার পর যদি কিছুদূরে আর এক জায়গায় প্রিচিং ওয়ার্ক করা হয় তাহলে দুটিই ভেঙ্গে যাবে। তারজন্য ভারতের সীমান্ত এলাকা থেকে সীমান্ত এলাকা পর্যন্ত, যেখানে পদ্মা বাংলাদেশে ঢুকে গেছে, সে পর্যন্ত পরিকল্পনা নিয়ে কেন্দ্রীয় সরকারের আর্থিক সাহায্যে যদি কাজটা করানো যায় তাহলে ভাঙ্গন প্রতিরোধ করা যাবে না। জয়নাল সাহেব যেটা বলছিলেন যে, ভাঙ্গন এলাকাতে সি. পি. এম.-এর লোকেরা লুটতরাজ করছে, এটা সম্পূর্ণ অসত্য এবং উদ্দেশ্যপ্রণোদিত। আমি......**(সময় শেষ হয়ে যাওয়া মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)।**

**শ্রী শক্তিপ্রসাদ বল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পদ্মার ভাঙন সম্পর্কে যে প্রস্তাব এসেছে তার সমর্থনে দু-চারটি কথা বলতে চাই। আজকে এই প্রস্তাব সর্বদলীয় প্রস্তাব। যখন পদ্মার ভয়ঙ্কর ভাঙ্গনে শহর ও গ্রাম-গ্রামান্তরের জনপদ, স্কুল-কলেজ সমস্ত কিছু ভেঙে নিয়ে চলে যাচ্ছে, যারজন্য শুধুমাত্র সেখানকার মানুষই আতঙ্কগ্রস্ত নন, আমরাও আতঙ্কগ্রস্ত হয়ে সরকার এবং বিরোধীপক্ষ মিলে একসঙ্গে যে প্রস্তাবটা এনেছি, বিরোধী দলনেতা সেটা মুভ করতে উঠে এভাবে যে কেন সেটাকে মুভ করলেন, আশ্চর্য লাগলো। তিনি রাজনীতির কথা বলছিলেন। অতীশবাবু এখানে প্রিতম সিং কমিটির রিপোর্ট রেফার করেছেন। তিনি যে রেফারেন্স দিলেন তারপর পশ্চিমবঙ্গ থেকে সর্বদলীয় কমিটি ইন্দিরা গান্ধীর সময় থেকে রাজীব গান্ধীর এবং এখন নরসীমা রাওয়ের সময় পর্যন্ত বিষয়টা নিয়ে কয়েকবার দিল্লিতে গিয়েছি, কিন্তু কোনও টাকা দিয়েছেন তাঁরা? এই ফেডারেল দেশে পশ্চিমবঙ্গও একটি রাজ্য এবং তারাও জল-কর, রাজস্ব ইত্যাদি দেন কেন্দ্রীয় সরকারকে।

এই যে ভাঙন, এর শুরুটা হয়েছিল ফারাক্কা ব্যারেজের শুরু থেকে। আমি একটু পিছনের দিকে যাচ্ছি। মাননীয় সদস্য ডাঃ জয়নাল আবেদিন দীর্ঘদিন মন্ত্রী ছিলেন, মাননীয় অতীশবাবু এম.পি. ছিলেন, তাদের আমি একটু ভাবতে বলব, একটু পিছিয়ে যেতে বলব। ফারাক্কা ব্যারেজ যখন তৈরি হল, তার যে বৈজ্ঞানিক রিপোর্ট, তার যে কারিগরি রিপোর্ট মেঘনাদ সাহার আমল থেকে বা সেই সময়কার কারিগরি যে রিপোর্ট, সেই রিপোর্টে কনডেম করা হয়েছিল এবং বলা হয়েছিল যে ভুলভাবে এই কারিগর তৈরি হয়েছে, এতে সর্বনাশ

হবে। ফারাক্কা ব্যারেজের শুরু থেকে দেখুন তাহলে বুঝতে পারবেন। বাংলাদেশ পর্যন্ত যে নদী চলে গেছে, সেই নদী কবে না ভেঙেছে। সেই ভাঙন রোধের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে এই রাজ্য সরকার যতবার প্রস্তাব দিয়েছেন, কেন্দ্রীয় সরকার কি করেছেন? রাজ্যের মধ্যে ভাঙছে, রাজ্য সরকারের সীমিত ক্ষমতার মধ্যে যেটুকু টাকা আছে সেই টাকা নিয়ে তারা হাজির হন। সেই টাকা খরচ করতে গিয়ে কোথায় কনট্রাকটরের দুই বস্তা সিমেন্টের জায়গায় এক বস্তা বেড়ে গেল, সেটা আজকে এই প্রস্তাবের আলোচ্য বিষয় বস্তু নয়। আলোচ্য বিষয় বস্তু হচ্ছে যে ভাঙন, যে ভাঙনে আমাদের গোটা গ্রাম-গঞ্জ শহরে, সভ্য জগতে যারা বসবাস করছে, আমরা যারা পশ্চিমবঙ্গের মানুষ, যারা ভারতীয় নাগরিক হিসাবে এই দেশে বাস করছে, আমরা এই দেশের একাংশ, এই রাজ্যের একাংশ মানুষ, আমরা জলের তলায় চলে যাব, আমাদের বসতবাড়ি জলের তলায় চলে যাবে, এটা হতে পারে না। এটা নিয়ে আমাদের ভাবতে হবে। এই দৃষ্টিভঙ্গি থেকে এই প্রস্তাব আনা হয়েছে। সেই প্রস্তাবের এইভাবে আলোচনা করা হল। এখানে যে ক্ষোভ দেখানো হল, সেই ক্ষোভের জবাব দেবার জন্য আমি উঠিনি। আমি উঠেছি যে প্রিতম সিং কমিটি থেকে আরম্ভ করে, ইন্দিরা গান্ধী থেকে আরম্ভ করে যত প্রধানমন্ত্রী এখানে ছিলেন, প্রতিটি প্রধানমন্ত্রীর দরজায় গিয়ে আমরা হাজির হয়েছি, তাদের কাছে বারবার গিয়ে দরবার করেছি। এখন সেই গুরুত্ব যদি তারা উপলব্ধি করেন না বা উপলব্ধি করেও যদি তারা রাজনীতি করার জন্য পশ্চিমবঙ্গকে টাকা না দেন তাহলে পশ্চিমবঙ্গ সরকারের যে রাজস্ব আছে তা দিয়ে কি করা সম্ভব? মাননীয় সদস্য ডাঃ জয়নাল আবেদিন, তিনি একজন বিজ্ঞ পার্লামেন্টারিয়ান, তিনি মন্ত্রীও ছিলেন। আপনার কাছে আমি জিজ্ঞাসা করছি, আপনি বলুন যে ভাবে ভাঙন হচ্ছে, সেই ভাঙন রোধ করার জন্য যে টাকার প্রয়োজন সেই ফাণ্ড কি পশ্চিমবঙ্গ সরকারের আছে? তারা কি এটা বৃহত পরিকল্পনা নিয়ে পদ্মার এই রাক্ষুসি ভাঙ্গনকে রোধ করতে পারে, এই জনগণকে রক্ষা করতে পারে? আজকে শহর, গ্রাম-গঞ্জ থানা, বি.ডি.ও অফিস, ব্যবসায়ি প্রতিষ্ঠান সমস্ত কিছু বিপন্ন হয়ে পড়েছে। মানুষ আজকে আতঙ্কগ্রস্ত হয়ে ক্যাম্পে এসে বসবাস করছে। তাদের রক্ষা করার জন্য যে টাকা প্রয়োজন সেই টাকা কি পশ্চিমবঙ্গ সরকারের আছে? সেই টাকা পশ্চিমবঙ্গ সরকারের নেই। এটা আপনারাও জানেন, আমরাও জানি। আপনি একজন বিজ্ঞ পার্লামেন্টারিয়ান হিসাবে নিশ্চয়ই জানেন বলে আমার বিশ্বাস। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেজন্য আমি শুধু একথা বলতে চাই, আজকে সর্বদলীয় প্রস্তাব নিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে চলুন। বিদ্যাচরণ শুক্লা কখন আসবে সেটা আমাদের জানার দরকার নেই। আপনি ফ্যাক্স পাঠাবেন, কি পাঠাবেন না, সেটাও আমাদের জানার দরকার নেই। আপনাদের দাবি, আমাদের দাবি, পশ্চিমবঙ্গের সমস্ত মানুষের এই দাবি যে, আজকে জনপথকে রক্ষা করতে হবে। এই দায়িত্ব গ্রহণ করে আজকে কেন্দ্রীয় সরকারের কাছে একথা বলতে হবে, তাকে বুঝিয়ে দিতে হবে যে আর বিলম্ব নয়, ২৪ ঘণ্টার মধ্যে প্রয়োজনীয় টাকা পশ্চিমবঙ্গ সরকারের হাতে দিতে হবে। এই বলে এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডাঃ জয়নাল আবেদিন সহ এই সভার সদস্যরা পদ্মা ভাঙন রোধের জন্য যে প্রস্তাব এনেছেন, আমি সেই প্রস্তাবকে সমর্থন করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এটা ভাবা যায়না যে মুর্শিদাবাদ বাস্তবিক কীর্তিনাশা

পদ্মার আগ্রাসী আক্রমণে আজকে ভূগোলের মানচিত্রে আগামীদিনে জলঙ্গি থাকবে, কি থাকবে না, জনপথ মুছে যাবে, কি থাকবে, এটা নিয়ে একটা অস্বস্তি দেখা দিয়েছে। এই রকম একটা সময়ে যখন বিজ্ঞান প্রযুক্তির এত উন্নতি হয়েছে—মধ্যযুগে যখন আমরা প্রকৃতির দাস ছিলাম সাবজেক্ট টু ন্যাচারাল ল তখন বিধ্বংসী বন্যায় নদী তার ধ্বংসকাণ্ডে সভ্যতাকে শেষ করে দিত। কিন্তু আজকে বিজ্ঞানের যুগে, সভ্যতার যুগে এই জিনিস আশা করা যায় না। আজকে পদ্মার এই ভয়াবহ ভাঙন রোধ করার জন্য রাজ্য সরকারের যে সীমিত কোষাগার তা দিয়ে রোধ করা সম্ভব নয়, এর জন্য কেন্দ্রীয় সাহায্য দরকার।

[11-20 — 11-30 a.m.]

কিন্তু আজকের এই বিজ্ঞানের যুগে এই জিনিস আশা করা যায় না। আজকে দুঃখের বিষয় হল আমাদের এই রকম অবস্থায় পড়তে হয়েছে। পদ্মার এই ভয়ঙ্কর ভাঙন রোধ করতে রাজ্য সরকারের যে সীমিত কোষাগার তা দিয়ে সম্ভব নয়, এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সাহায্য দরকার। সেই জন্য সর্বদলীয় কমিটি করে কেন্দ্রীয় সরকারের কাছে যাওয়া প্রয়োজন অর্থের জন্য। এই ব্যাপারে এক্সপার্টদের আসার প্রয়োজন আছে যারা সমস্ত জিনিসটা তদন্ত করে দেখতে পারবে। এই যে প্রস্তাব আনা হয়েছে আমি এই প্রস্তাবকেই সমর্থন করছি। সাথে সাথে আমি এই কথা বলতে চাই পদ্মার এই যে ভাঙন যা জলঙ্গিতে বিধ্বংসী কাণ্ড ঘটে গেল এই ব্যাপারে স্থানীয়ভাবে কিছু কিছু অভিযোগ দেখা দিয়েছে। সংবাদপত্রে এই ব্যাপারে বেরিয়েছে। আমরা সেখান থেকে সংবাদ পাচ্ছি এই ব্যাপারে সেখানকার সাধারণ মানুষের মধ্যে ক্ষোভ বিক্ষোভ দেখা দিয়েছে। তারা বলছে ১০ দিন আগে সরকার যদি ব্যবস্থা নিত তাহলে এই ধ্বংসলীলা হত না। সেখানে রিহ্যাবিলিটেশন এবং নানা জিনিস নিয়ে প্রশ্ন দেখা দিয়েছে, নানা রকম আশঙ্কা এই অংশের জনগণের মধ্যে দেখা দিয়েছে। এই বিধানসভা থেকে স্থানীয় জনগণের কাছে গিয়ে তাদের আশ্বস্ত করা দরকার, তাদের বলা দরকার তাদের পাশে গোটা রাজ্যের মানুষ আছে। সেই ভরসা তাদের দেওয়া দরকার। যদি কোনও বিভ্রান্তি থাকে তাহলে সেটা দূর করা দরকার। যদি কোনও ত্রুটি-বিচ্যুতি থাকে তাহলে সেটা সরজমিনে তদন্ত করে সেটা নিরশন করা দরকার। ইতিপূর্বে হাউসে বলেছিলাম দিল্লিতে যেমন টাকার জন্য যাওয়া দরকার সেই রকম এই অ্যাসেম্বলিতে থেকে একটা অল পার্টি ডেলিগেশন অন দি স্পট এনকুয়ারি করার জন্য যাওয়া দরকার। সেখানে স্টেট গভর্নমেন্টের কি পারফরমেন্স সো ফার রিলিফ, রিহ্যাবিলিটেশন মেজার সেটা দেখা দরকার। স্টেট গভর্নমেন্ট তার সীমিত ক্ষমতার মধ্যে যেটা করা দরকার সেটা করেছে কিনা, প্রকৃত অবস্থা কি, সমস্ত বিষয়টা সরজমিনে দেখা দরকার। এই ব্যাপারে সেখানে একটা অল পার্টি ডেলিগেশন যাওয়ার দরকার ছিল। প্রত্যক্ষ অভিজ্ঞতার ভিত্তিতে যদি দিল্লিতে ডেলিগেশনে যাওয়া হত তাহলে বিষয়টা আরও কার্যকর হত। এই প্রস্তাবকে আরও শক্তিশালি করার জন্য আমি একটা অ্যামেন্ডমেন্ট দেব, আমার দাবি সেটা গ্রহণ করা হোক। আমার এই অ্যামেন্ডমন্ট গ্রহণ করলে সব দিক থেকে কার্যকর হবে। যে সমস্ত ডেলিগেটসরা দিল্লিতে যাবেন তারা বাস্তব অভিজ্ঞতার উপর দাঁড়িয়ে প্রকৃত পরিস্থিতির উপর দাঁড়িয়ে কেন্দ্রীয় সরকারের কাছে বিষয়টা রাখতে পারবে। এই কথা বলে এই প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পিকার ঃ** এই মোশনটি যে সময়ে শেষ হবার কথা ছিল, দেখতে পাচ্ছি সেই সময়ে শেষ করতে পারা যাবে না। আমি আরও আধ ঘন্টা সময় বাড়িয়ে দিতে চাইছি। আশা করছি এই বিষয়ে কারও আপত্তি নেই।

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জলঙ্গী ভাঙনের পরিস্থিতির উপর বিরোধী দলের নেতা ডাঃ জয়নাল আবেদিন সহ অতীশচন্দ্র সিন্‌হা, ক্ষিতি গোস্বামী প্রমুখ সদস্যরা যে মোশান এনেছেন তাকে আমি সর্বান্তকরণে সমর্থন করছি।

আমি খুব মন দিয়ে শোনবার চেষ্টা করলাম, বিরোধী দলের নেতা জয়নাল আবেদিন সাহেব এবং পন্ডিত মানুষ শ্রী অতীশ সিন্‌হা মহাশয় যা বললেন সেগুলো অনুধাবন করবার চেষ্টা করেছি। তারা কয়েকটি মূল্যবাদন প্রশ্ন করেছেন। সব জিনিসটা বুঝিয়ে বলার ক্ষেত্রে তারা বিস্তৃতির অন্ধকারে চলে গেছেন এবং যথাযথভাবে সেটা ঠিক রাখতে পারেননি। যাই হোক আমি চেষ্টা করব যতগুলো কুইরিস বিরোধীদলের নেতা চিন্তাভাবনা করে প্রশ্ন করেছেন, সেইসব মূল্যবান প্রশ্নের উত্তর যথোচিতভাবে দেওয়ার। গঙ্গা-পদ্মা ভাঙ্গন শুধু নয়, আজকে প্রায় ভাগিরথী-হুগলিরও ভাঙ্গন চলছে এবং এই ভাঙ্গন প্রায় ১৯৮২-৮৩ সালে শুরু হয়েছে, ব্যাপক হারে চলছে। আজকে বিরোধীদলের নেতা একটা বড় প্রশ্ন করেছেন এই গঙ্গা-ভাঙ্গনের প্রশ্নে, সেখানে ফরাক্কা ব্যারেজের যে অবস্থা, ফরাক্কা ব্যারেজ যে জায়গায় হয়েছে, তাতে এমনভাবে তৈরি হয়েছে যাকে ইংরাজি পরিভাষায় শোল বা চর বলে, সেই চরের যে পাড় ভেঙ্গে যাওয়ার ফলে পদ্মার যে ফ্লো তার ডিপ চ্যানেলে, ইউনিফর্ম থাকছে কিনা এবং ইউনিফর্ম না থাকলে ডান দিকের পাড় ধাক্কা খাচ্ছে কিনা এবং ধাক্কা খেলে তাতে বিশেষ কোনও কারণ আছে কিনা—এইসব নানাবিধ প্রশ্ন করেছেন। এই ফরাক্কা ব্যারেজে কমিশন যখন তৈরি হয় তখনই ষাটের দশকে এই নিয়ে একটা বিতর্ক সৃষ্টি হয়েছিল। ৬০ এর দশকে এই ফরাক্কা ব্যারেজ কমিশন তৈরি হয়, ঠিক তার পূর্বে ষাটের দশকের প্রথম দিকে এটা নিয়ে বির্তক শুরু হয়েছিল। সেই তর্কের একদিকে ফরাক্কা ব্যারেজ যেখানে শুরু হয় সেখানেই হওয়ার পক্ষে রায় দিয়ে ছিলেন আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন ইঞ্জিনিয়ার ডঃ কে. এল. রাও এবং পশ্চিমবঙ্গের প্রথিতযশা ফরাক্কা ব্যারেজের চিফ ইঞ্জিনিয়ার দেবেশ মুখার্জি মহাশয়। তারা তাতে সহমত পোষণ করেছিলেন। এবং ওদেরই সমকক্ষ সমমেধা সম্পন্ন ইঞ্জিনিয়ার ডঃ প্রাণবল্লভ চক্রবর্তী ছিলেন, তার মত ছিল যে এই জায়গায় ফরাক্কা ব্যারেজ হলে পরে অজস্র জায়গায় ভাঙ্গন দেখা দেবে। আখড়িগঞ্জে যখন দু দুবার ভাঙ্গনের ফলে মালদহ বাঁচানো মুশকিল হয়ে পড়ল তখন একটা উচ্চ পদস্থ এনকোয়ারি কমিটিকে দিয়ে এটা তদন্ত করতে চাইলাম এবং তাতে চেয়ারম্যান হিসাবে ডঃ প্রাণবল্লভ চক্রবর্তীকে করতে চাইলাম। কিন্তু তিনি চেয়ারম্যান হতে রাজি হলেন না, কারণ এর যে অবজারভেশন তা ষাটের দশকেই করা হয়েছে এবং আজকে যে ঘটছে তা এরই ফলশ্রুতি। সুতরাং এইসব তর্কের মধ্যে যাওয়া খুবই মুশকিল। তবে ডাঃ জয়নাল সাহেব যে অনুসন্ধানের ব্যাপারে বলেছেন, আমি সেই প্রসঙ্গে তাকে জানাই যে, ওনার শুনলে উপকার হবে, এই ব্যাপারে আমি প্রধানমন্ত্রীর কাছে কয়েকবার গেছি এবং ১৯৮৯ সালে আমি মন্ত্রী থাকা অবস্থায় কেন্দ্রীয় মন্ত্রীর কাছে গেছিলাম, আপনিও তখন ছিলেন, আপনার নিশ্চয় মনে আছে।

**(ডাঃ জয়নাল আবেদিন ঃ আমি সেই সময়ে এম. এল. এ. ছিলাম না)**

সেই সময়ে আমি কেন্দ্রীয় মন্ত্রীর কাছে তুলেছিলাম যে ফরাক্কা হওয়ার জন্য কি কি হয়েছে সেটা জানান।

[11-30 — 11-40 a.m.]

সেই ব্যাপারে '৮৯ সালে বলা হয়েছিল, এখানে যে ব্যাপারটি আপনাদের জানা দরকার সেটা হচ্ছে এই ভাঙনের ব্যাপারে আপনারা সকলেই জানেন কেন্দ্রীয় ওয়াটার কমিশনের দক্ষ ইঞ্জিনিয়ার মিঃ প্রিতম সিং-এর নেতৃত্বে একটি কমিটি হয় '৭৯ সালে তদানিন্তন পশ্চিমবাংলার সেচমন্ত্রী প্রভাস রায় যখন ছিলেন তখন তিনি যা আলোচনা করেন তার ভিত্তিতে একটা কমিশন হয়—প্রিতম সিং এর নেতৃত্বে। সেই প্রিতম সিং-এর রিপোর্ট দেখলে দেখা যাবে তারা পদ্মার ভাঙনের জন্য, তার প্রতিরোধ প্রতিকারের জন্য একটা স্কীম তৈরি করেন, তার এস্টিমেটেড কস্ট হয় ১৯৮ কোটি টাকা--সেই দিনকার মার্কেট প্রাইস অনুযায়ী। আমরা সেইদিন থেকে শুরু করে—প্রভাস রায়ের আমল থেকে--'৭৯ সালে, ইন্দিরা গান্ধীর আমলে '৮৩ সালে, '৮৯ সালে, '৯২ সালে এবং সর্বশেষ '৯৩ সালে মোট ৫ বার এই বিষয়টি নিয়ে সর্বদলীয় কমিটি মিট করি। প্রতিবারই একটা জিনিস থাকে, আমরা আমাদের দায়িত্ব পরিহার করছি না, যেহেতু এটা ইন্টারন্যাশনাল রিভার এই পদ্মা নদী, গঙ্গা নদী এবং ক্ষয় যেহেতু পদ্মাজাত ফারাক্কা থেকে সমস্যা উদ্ভূত হচ্ছে, সুতরাং কেন্দ্রীয় সরকারকে এগিয়ে আসতে হবে। এই দাবি-দাওয়া আমরা বারে বারে করে এসেছি। কিন্তু এখন পর্যন্ত পজিটিভ রিপ্লাই না পেলেও একেবারে শেষের দিকে কিছু তথ্য গিয়েছে, যেটা অনেকের জানা নেই। সেটা আমি খানিকটা বলব। আপনারা সকলেই জানেন এই ব্যাপারে আমরা যে রিপ্রেজেনটেশনগুলি দিয়েছি তাতে পরিষ্কারভাবে বলা হয়েছে এই যে ভাঙন বিভিন্ন জায়গায় হচ্ছে এটা আমাদের একার পক্ষে—পশ্চিমবাংলার সরকারের পক্ষ থেকে—ঐ ১৯৮ কোটি টাকা, যেটার এখন ভ্যালুয়েশন ৪৫০/৫০০ কোটি টাকা দাঁড়িয়েছে সেটা বহন করার সম্ভব নয়। অতীশ সিন্‌হা মহাশয় নিশ্চয় জানবেন, এর চেয়ে বড় ভাঙন হয়েছিল বিধানচন্দ্র রায়ের আমলে, তখন সেচমন্ত্রী ছিলেন সর্বজন শ্রদ্ধেয় ভূপতি মহাশয়, সেই সময় ব্যারেজ কন্সট্রাকশন বা কমিশন্ড হয়নি। ৫২-৫৪ সালে সবচেয়ে বড় গঞ্জ ধুলিয়ান সেটা পদ্মার গর্ভে বিলীন হয়ে গিয়েছিল। তারপরে যখন ফারাক্কা ব্যারেজ কমিশন্ড হয়নি, যখন এর প্রকোপ আরও বেড়ে যায়নি, সেই সময় প্রফুল্ল চন্দ্র সেন যখন মুখ্যমন্ত্রী ছিলেন এবং অজয় মুখার্জি মহাশয় যখন সেচমন্ত্রী ছিলেন সেই সময় জলঙ্গির গঞ্জ, শহরের ৩/৪ ভাগ নদী গর্ভে বিলীন হয়ে গিয়েছিল। ৬২/৬৩ সালে, আজ থেকে ৩২/৩৩ বছর আগে। সুতরাং পদ্মার ভাঙন অনেকদিন ধরেই চলছে, তবে এখন সেটা অ্যাকসেনচুয়েটেড হয়েছে। আমাদের অভিমত হল যে এই ফারাক্কা ব্যারেজ হওয়ার পর থেকে এটা বেড়েছে, কিন্তু কেন্দ্রীয় সরকারের অফিসাররা এবং বিদ্যাচরণ শুক্লা এই ব্যাপারটায় সহমত পোষণ করেননি। আমরা সেইজন্য এটা নিয়ে বারবার বলার চেষ্টা করছি শুধু পদ্মা বা গঙ্গার ভাঙন নয়, আমরা যখন '৯২ সালে একটা সর্বদলীয় কমিটি করে দিল্লিতে যাই তখন গঙ্গা, পদ্মার ভাঙনসহ পশ্চিমবাংলার ভৈরবি, হুগলি, ভাগিরথী সিস্টেমের যে ৮২/৮৫টি জায়গায় ভাঙন হচ্ছে, তার সামগ্রিক একটা স্কীম আমরা রেখেছি

সেন্ট্রাল গভর্নমেন্টের সামনে।

তাতে করে আমরা ৩৫৫ কোটি টাকা চেয়েছিলাম। আমরা মনে করি এটা খুবই কম বলা হয়েছিল। বন্যা প্রতিরোধের জন্য আরেকটা স্কীম আমরা দিয়েছিলাম এবং বহু তর্ক-বিতর্কের পরে—এটা আপনাদের বলে রাখি—একটা টাকা সেন্ট্রাল গভর্নমেন্ট সম্প্রতিকালে দিয়েছেন, আমরা একটা প্রোজেক্ট হাতে নিয়েছি, সেটার ফলে গঙ্গা-পদ্মার ভাঙ্গন কিছুটা প্রতিরোধ করা সম্ভব, যদিও যৎসামান্য প্রতিরোধ করা সম্ভব। টাকাটা তারা স্যাংশন করেছে, কিন্তু আমরা টাকাটা হাতে পাইনি। আরও দুটো প্রোগ্রাম হচ্ছে, একটা হচ্ছে বর্ডার ডেভেলপমেন্ট প্রোগ্রাম এবং আরেকটি হচ্ছে ইন্দো-বাংলাদেশ রোড প্রোগ্রাম। ইন্দো বাংলাদেশ রোড প্রোগ্রাম এই স্কীমটাতে সি. পি. ডবলু. ডি.-র সঙ্গে বর্ডার সিকিউরিটি ফোর্স থাকছে। এখনও তারা ঠিক করতে পারেনি পশ্চিমবাংলার সেচ দপ্তরকে তারা এই প্রোগ্রামের সঙ্গে যুক্ত করবে কিনা। আমাদের চিফ সেক্রেটারি এই ব্যাপারে চেষ্টা করে যাচ্ছে। বর্ডার এরিয়া রোড প্রোগ্রাম, যেটার জন্য আবুহেনো মহাশয় খুবই উদ্বিগ্ন—এখানে ২১ কোটি টাকার একটি পরিকল্পনা নেওয়া হয়েছে, সি. পি. ডবলু. ডি.-র সহযোগিতায় এই কাজটা হচ্ছে এই প্রোগ্রামটা সেচ ও রাস্তার খানিকটা কাজ করবে। তবে আখেরিগঞ্জকে আমরা রক্ষা করতে পারিনি। সেন্ট্রাল গভর্নমেন্ট অতি সম্প্রতিকালে তিস্তা ব্যারেজের ক্ষেত্রে খানিকটা সহযোগিতার হাত প্রসারিত করেছে। আর এই ব্যাপারে যৎ সামান্য হলেও তারা অগ্রসর হবার চেষ্টা করছে। বর্ডার এরিয়া রোড প্রোগ্রামের নামে পাঁচ কোটি টাকার একটা পরিকল্পনা তারা হাতে নিয়েছেন এবং টাকাটা চিফ সেক্রেটারির মাধ্যমে সেচ দপ্তরের হাতে তুলে দিয়েছেন। দু মাস, আড়াই মাস টাকা আমরা পেয়েছিলাম এবং জুলাই আগস্ট মাসে কাজ করা উচিত হবে না বলে আমরা মনে করেছিলাম। এই ব্যাপারে টেকনিকাল এক্সপার্ট যারা, যারা আমাদের বাংলার গর্ব, সেই রিভার রিসার্চ ইনস্টিটিউট তারা সকলেই একমত পোষণ করেছে। আমরা ঠিক করেছিলাম যে টাকাটা পাওয়া যাচ্ছে, সেই পাঁচ কোটি টাকার মধ্যে তিন কোটি টাকা আমরা নভেম্বর, ডিসেম্বর থেকে জলঙ্গির ভাঙ্গন প্রতিরোধের জন্য আমরা খরচ করব। আমরা যদি বর্ষাকালে টাকাটা খরচ করতাম, তাহলে আপনারাই আবার সমালোচনা করতেন, যে বৃষ্টির মধ্যে কাজ শুরু করে দিলেন। মাননীয় বিরোধী দলের নেতা জয়নাল আবেদিন সাহেব কি বিরোধিতা করার জন্যই বিরোধিতা করেন। পরিষ্কারভাবে আপনাদের বলতে হবে, পশ্চিমবাংলার সেচ দপ্তরের সঙ্গে আপনাদেরও দায়িত্ব নিতে হবে, ডু নট ট্রাই টু স্পিক উইথ টাঙ্গ ইন দি চিফ। আমতা আমতা করে কোনও কথা বলবেন না, যা বলার তা পরিষ্কারভাবে বলবেন। হ্যাঁ, আপনাদেরও সহযোগিতা করা দরকার। ১৯৭৯-৮০ সাল থেকে ১৯৯৩ সাল পর্যন্ত আমরা বারবার কেন্দ্রের কাছে গিয়েছিলাম, বার বার বলেছিলাম তখন কেন্দ্রীয় সরকারের কি কোনও ভূমিকা ছিল না।

[11-40 — 11-50 a.m.]

আপনারা কি অনুগ্রহ করে সেই কথাটা অনুধাবন করবেন না? তা সত্ত্বেও এই কথাটা বলতে চাইছি, এর মধ্যে সব ব্যাপারে আমরা সফল হয়েছি, শুধুমাত্র আখেরিগঞ্জে সফল হইনি। কিন্তু আমি প্রথমেই বলি, আমি খুবই কৃতজ্ঞ হচ্ছি, বয়সে ছোট হলেও যে সত্যটা

তিনি স্বীকার করছেন, 'একটা অসাধ্য-সাধন করেছেন'। সাত্তার সাহেব চেষ্টা করেছিলেন, তবে আড়াই তিন কোটি টাকা খরচ করে। সকল রাজনৈতিক দল সমবেত ভাবে এই কাজের অসাধারণ প্রশংসা করেছেন। এবং এটা হয়েছে বলেই আজকে লালগোলা শহর ভাঙনের করল থেকে এবং বিস্তীর্ণ এলাকা ভাঙনের হাত থেকে বেঁচে গিয়েছে। এ কথা স্বীকার করেছেন বলে আমি তার কাছে কৃতজ্ঞ, ঋণি। যে ধূলিয়ান শহর বিধানচন্দ্র রায়ের আমলে, ভূপতিবাবুর আমলে ধূলিস্যাৎ হয়ে গিয়েছিল, যে বিস্তীর্ণ ধূলিস্যাৎ হয়ে গিয়েছিল ; আমার আগে যিনি মন্ত্রী ছিলেন—শ্রদ্ধেয় ননী ভট্টাচার্যের আমলে, আজকে যে শেখ আলিপুর, ধূলিয়ান বেঁচে আছে, সেটা আমাদেরই চেষ্টায় হয়েছিল। ৮০-র দশকের মাঝামাঝি আমি মন্ত্রিসভায় যোগদান করেছিলাম। শ্রী শীশ মহম্মদের বাড়ি ঐ ঔরঙ্গাবাদে, ঐ কাজ না হলে সেটাও তলিয়ে যেত। সেটাও সেচ দপ্তর করেছে। সাত্তার সাহেব আজ বেঁচে নেই, তার পুত্র নিশ্চয়ই জানেন, সেই জায়গা রাজারামপুর যে জায়গার লোকেরা বারবার বেঁচে গিয়েছিলেন, সেই কাজটা সাত্তার সাহেবের অনুরোধে আমাদের দপ্তর করেছিল। সেই জন্য লালগোলা, উরঙ্গাবাদ, ধূলিয়ান বেঁচে গিয়েছিল, পারিনি শুধু আখেরিগঞ্জে। পারিনি বলেও মরা হাতি লাখ টাকা, যে কনস্ট্রাকশনটা ছিল, সেই কনস্ট্রাকশনটাই বাঁচিয়ে দিয়েছে অনেকাংশে। জলঙ্গির কাজে টাকাটা অতি সম্প্রতি স্যাংশন হয়েছে। সেটা আমরা স্বীকার করছি। ডি. এ. ডি. পি. স্কীমে আমরা সেটা ঠিক করেছিলাম ডিসেম্বরে করব। তার আগেই এখানে জয়নাল সাহেব জানতে চেয়েছেন কোন কারণে নদীটা তার গতি পরিবর্তন করল? একজন নন টেকনিক্যাল ম্যান হিসাবে আমার পক্ষে বলা সম্ভব নয়। একটা উচ্চক্ষমতাসম্পন্ন টিম পাঠিয়েছিলাম, চিফ ইঞ্জিনিয়ারদের নিয়ে, তারা যে রিপোর্ট দিয়েছে, প্রাথমিক তদন্তের জানা গেছে একটা চর উঠেছিল, সেই কারণে নদীটা ডিফ্লেটেড হয়েছে। কিন্তু এটা আরও তদন্ত সাপেক্ষ। আমি সেই কারণে মনে করি, আসুন সকলে মিলে ভাঙনের কাজ যে ভাবে করতে পারছি না, সেই অসম্পূর্ণ কাজকে ঠিক করার জন্য সকলে মিলে কেন্দ্রের কাছে যাই ; যেমন সকলে মিলে তিস্তার ব্যাপারে গিয়েছিলাম ফল পেয়েছি, সুবর্ণরেখা ব্যারেজ প্রোজেক্টের ব্যাপারে ফল পেয়েছি। গতকাল কমলনাথ মন্ত্রী মহাশয়ের চিঠি পেয়েছি। সেই তিস্তা প্রকল্পের ফরমালি ক্লিয়ারেন্সের জন্য আমি যাচ্ছি, সকলে মিলে আমাদের যাওয়ার দরকার এবং যাওয়ার আগে যে প্রস্তাবটা করছি, আমরা যেমন একটা টেকনিক্যাল টিম পাঠিয়েছি, কেন্দ্র থেকেও একটা কেন্দ্রীয় টিম আসছে শুনেছি। অত্যন্ত ভাল কথা। সেই টেকনিক্যাল টিম আসুক, যৌথভাবে দুই টেকনিক্যাল টিম অবজারভেশন করবে। যাই করুক, টাকা লাগবে এবং আমাদের মুখ্যমন্ত্রী দরাজ ভাবে বলে দিয়েছিলেন তার ৫০% পর্যন্ত রাজ্য সরকার দেবে। অর্থাৎ যত টাকা লাগবে, বরাদ্দ করবে, আমাদের সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে রাজ্য সরকারের বাজেট থেকে সেই টাকা দেবে, মুখ্যমন্ত্রী হিসেবে তিনি এটা ঘোষণা করেছিলেন। প্রধানমন্ত্রী শ্রী নরসিমহা রাওয়ের কাছে গত বছর সেই কথা বলে এসেছি এই বিষয়ে। কেন্দ্রের সর্বদলীয় টিম যাবে বর্ডার ডেভেলপমেন্ট প্রোগ্রাম দেখতে। সেই যে সহযোগিতার হাতটা, কৃপণ হাতটা অকৃপণ হয়ে টাকাটা আসবে এই আশা করছি। আমরা এই ভাবে যদি কাজ না করতে পারি, তাহলে আজ জলঙ্গি যাবে। মায়াপুরের কথাও উল্লেখ করেছি, মন্ত্রী মহাশয় সেটার জন্য বরাদ্দ করে গিয়েছেন।

তবুও এসব জায়গায় ভাঙন রোধ করা বড় কঠিন। আমি আশা করি আমার বক্তব্য

পুরোপুরি শোনার পর আমাদের সর্বদলীয় যে প্রস্তাব এসেছে সেটা আমরা করতে পারব। সি. পি. টির চেয়ারম্যানের সঙ্গে কথা হয়েছে টেকনিক্যাল টিম যেটা পাঠানো হয়েছে কেন্দ্রীয় সরকারের কাছে। আমরা চাইছি যে কেন্দ্র থেকে একটা অভিজ্ঞ নদী বিশেষজ্ঞ আসুক। যৌথ ভাবে দেখে যত তাড়াতাড়ি তারা এর ভিত্তিতে রিপোর্ট দেবেন তত তাড়াতাড়ি দিল্লিতে গিয়ে আমরা কিছু টাকা নিয়ে আসতে পারব। তারা যাতে সেই দায়িত্ব পালন করে সেই আবেদন করে আমি আমার বক্তব্য এখানে শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয় সকলেই সমর্থন করেছেন এটা ভাল এবং শুভ। শুধু ফরাক্কার ওই মাননীয় সদস্য হাসনাত সাহেব বলেছেন জয়নাল সাহেবের দরদ এত কেন বাড়ল? লেখাপড়া আপনারা কত করেছেন যে জানবেন? বঙ্কিমচন্দ্রের কপালকুন্ডলা যারা পড়েছেন তারা জানেন যে নবকুমারদের কাঠ সংগ্রহ করতে হয় নতুবা হাসনাত সাহেবরা ভাত খেতে পারেন না। সুতরাং কংগ্রেস মানেই সেবা, মানুষের বিপদ হলেই কংগ্রেস এগিয়ে আসে। সি. পি. এম. লুঠতরাজে অভ্যস্ত। সি. পি. এম চুরি, ডাকাতি এগুলিকে প্রশ্রয় দেয়। আর আমরা হিত সাধন করি, মানুষের সেবা করি, মানুষের কল্যাণ করতেই আমরা অভ্যস্ত। আপনারা জানেন যে আমাদের দেশে মহাত্মা গান্ধী থেকে আরম্ভ করে কোনও মহান নেতাই ক্ষমতার কথাই বলেননি, নিষেধ করেছেন এখন এই সমস্ত অর্বাচীনরা এখানে এম. এল. এ. হয়ে এসেছেন। নবকুমাররা যাতে জানতে পারেন তারজন্যই এটা বলা দরকার। আমি মাননীয় মন্ত্রী মহোদয়কে বলব মালদায় কিছু বিপত্তি হয়েছে এবং এই প্রসঙ্গে মালদার কথা কিছু বলার আছে। মাননীয় সেচ মন্ত্রী মালদায় বাঁধ ভেঙে যাচ্ছে কিছু জায়গা বিধ্বস্ত। বীরেনবাবু বললেন মালদায় আপনি অ্যাসেস করে নেবেন। মালদায় গঙ্গার ভাঙনে কৃষিতে অসুবিধা বারবার দেখা যাচ্ছে। নদী সরে যাচ্ছে। মালদায় অ্যাসেসমেন্ট করে প্রোগ্রাম ঠিক করুন। আমরা চাইছি রাজনীতির উর্ধ্বে ওই হাসনাতে সাহেবদের বর্জন করে আমরা যাতে কাজ করতে পারি সেটাই আমরা চাইব। ধন্যবাদ স্যার।

**Mr. Speaker :** There is an amendment on this motion by Shri Deba Prasad Sarkar. Mr. Sarkar may now move your motion.

**Shri Deba Prasad Sarkar :** Sir, I beg to move that in para-6, in the last line after the word "warfooting", the following be inserted :—

"and it also urges that an All party delegation from this Assembly be sent to the affected area of Jalangi to have an on the spot enquiry regarding the performance of the State Government as to the relief and rehabilitation measures and measures for prevention of the present erosion of Padma so far taken."

The motion of Shri Deba Prasad Sarkar was then put and lost.

The motion of Dr. Zainal Abedin that—

Whereas the Angry Padma River has been causing wide spread erosion of its bank in the Jalangi Area of Murshidabad district stretch-

*ing about 10 kms.* and swallowing more than 14 villages including dwelling houses, Schools, and Police Stations rendering thousands of people absolutely destitute depriving them of their homes, hearts and belongings during the last few weeks ;

Whereas no measures have been possible so far to stop and check this alarming erosion of the Padma river known as Kirti-Nasha for her destructive potential ;

Whereas the problem of erosion of Padma at various location of her courses in the district of Malda and Murshdabad is a continuing and persistent threat to the localities of its bank for being washed away in course of time ;

Whereas no effective and useful measures of construction of spurs and other structures to counter the potential and possibilities of erosion of the bank of Padma in the Districts of Malda and Murshidabad, are possible at all without the generous consideration and contribution of the Central Government ; and

Whereas appeals and appraisals about these national and natural calamities of the state have not become useful in persuading the Central Government for its sympathetic appreciation of the problem so far.

This Assembly, therefore, urges upon the State Government to consider prevention of the present erosion of Padma in right earnest and render relief and rehabilitation measures to the affected people on warfooting and ;

In-view of the Gravity of the situation as arising out of this severe and extraordinary erosion of the mighty river Ganga/Padma along the international border, the Members of the West Bengal Legislative Assembly strongly urges that a special technical team immediately be sent by the Union Government to assess the situation and further decides to send a delegation headed by the Hon'ble Chief Minister along with the Departmental Minister and Leader of the Opposition to the Central Government, —was then put and agreed to.

## MOTIONS UNDER RULE 185

**Dr. Manas Bhunia :** Sir, I beg to move that—

Whereas the last election of the 3-tier Panchayat Bodies of the State was held amidst wide intimidation and violence by cadres of a major Ruling Party aided by a section of the administration ;

Whereas people of the State braved to elect some of the Gram Panchayat Samities and Zilla Parishad of Members of Congress (I) resulting in the installation of Congress (I) Leadership in Gram Panchayats and Panchayat Samities ;

Whereas there are innumerable instances of discrimination and deprivation of the Congress led Panchayat Body of the State by the State Administration and Zilla Parishads ;

Whereas the Congres (I) Member of the 3-tier Panchayt Bodies in Ruling Party led Panchayat Institutions have been ignored in matters of allotment of resources and implementation of development work ; and

Whereas there are records of rampant discrimination and deprivation of the people of the areas electing Congress (I) Candidates in Panchayat Bodies in the matter of distribution and allocation of the resources under Poverty Eradication Programme of Government of India with the specific guide lines, on political consideration and partisan ground by the Ruling Party.

Therefore, this Assembly urges upon the State Government to put an end to the practices of discrimination conforming to the principle of equality and equitability and democratic norms serving the rural people of the State alike.

[11-50 — 12-00 Noon.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রস্তাবটা অত্যন্ত গুরুত্বপূর্ণ একটা সন্ধিক্ষণে এখানে আনা হয়েছে—পশ্চিমবাংলা সমেত ভারতবর্ষের প্রতিটি রাজ্যে ক্ষমতার বিকেন্দ্রীকরণ, পরিকল্পনার বিকেন্দ্রীকরণ, মানুষের হাতে অধিক ক্ষমতা দেয়ার জন্য রাজীব গান্ধী পঞ্চায়েতি রাজের স্বপ্ন দেখেছিলেন। তার সেই স্বপ্নকে বাস্তবায়িত করার জন্য বর্তমান প্রধান মন্ত্রী শ্রী নরসিমা রাও'র নেতৃত্বে সংবিধান সংশোধন করে ক্ষমতা মানুষের হাতে দেবার রূপরেখা রচিত হয়েছে। অথচ সেই পরিপ্রেক্ষিতে ভারতবর্ষের একটি অঙ্গ রাজ্য পশ্চিমবঙ্গে সাধারণ মানুষ এবং গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচিত বিভিন্ন বিরোধী রাজনৈতিক দলের পঞ্চায়েত প্রতিনিধিরা কি ভাবে শাসক দলের নেতৃত্বের দ্বারা ডিপ্রাইভড হচ্ছে, তারই একটা রূপরেখা আমরা এখানে তুলে ধরার চেষ্টা করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, জবাবি ভাষণে দেবার সময় আমি বিতর্কে অংশ গ্রহণ করব। এখন আমি ডিবেট শুরু করার জন্য আপনাকে অনুরোধ করছি।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, রুল ১৮৫-তে যে মোশন আনা হয়েছে ডাঃ মানস ভুঁইয়া এবং অন্যান্য কয়েক জন সদস্যের দ্বারা, সেটা রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত। কারণ মানসবাবু প্রথমেই বললেন যে, পঞ্চায়েতরাজ নাকি রাজীব গান্ধীর স্বপ্ন ছিল। পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকারের ঘোষিত কর্মসূচি গুলির অন্যতম কর্মসূচি হিসাবে বামফ্রন্ট সরকার ১৯৭৮

সালে ত্রি-স্তর পঞ্চায়েতের নির্বাচন করেছেন। আর রাজীব গান্ধী কেন্দ্রে কখন ক্ষমতায় এসেছিলেন এমন কি তিনি কখন রাজনীতিতে এসেছিলেন? এই প্রশ্নটা আমি মানসবাবুর কাছে রাখছি। এই সামান্য কথাটাও একান্তভাবে না বুঝে উনি ঐসব কথা বললেন। হোয়েন রাজীব গান্ধী কেম টু পাওয়ার? রাজীব গান্ধী এসেছিলেন মাচ লেটার দ্যান ১৯৭৮। ১৯৭৮ সালে বামফ্রন্ট সরকার পঞ্চায়েতের নির্বাচন করেছেন পশ্চিম বাংলায়। তার আগে ২০/২৫ বছর যাবৎ পঞ্চায়েতকে এখানে কারা কুক্ষিগত করে রেখেছিল? জোতদার, জমিদারদের বাগান-বাড়িতে পঞ্চায়েতকে তুলে নিয়ে গিয়ে রাখা হয়েছিল।

তারা আজকে বলছেন পঞ্চায়েতি রাজ নাকি তাদের স্বপ্ন ছিল? আমি কি এই প্রসঙ্গ ক্রমে বলতে পারি না যে তাকান, একবার ত্রিপুরার দিকে। ত্রিপুরায় নির্বাচন হল। আপনারা ক্ষমতায় এসে সেখানকার পঞ্চায়েতের যে সমস্ত বডিস ছিল সেগুলিকে ভেঙ্গে দিলেন। এইসব নিয়ে পরীক্ষা-নিরীক্ষা করা হয়েছিল যে হ্যাঁ, অগণতান্ত্রিক পদ্ধতিতে পঞ্চায়েত বডিসগুলিকে ভেঙ্গে দিতে হবে? নির্বাচনে জেতবার পর পঞ্চায়েতি ব্যবস্থা ভেঙে দিতে হবে? আপনারা কি বলেছিলেন? আপনারা বলেছিলেন পঞ্চায়েতি রাজ। সেই পঞ্চায়েতি রাজ নির্বাচনের মধ্যে দিয়ে পঞ্চায়েতি ব্যবস্থা কায়েম করার জন্য আমরাই একমাত্র পশ্চিমবাংলায় বলতে পারি সারা ভারতবর্ষের সামনে আদর্শ স্থাপন করতে পেরেছি। সেটাই পরবর্তীকালে আপনাদের কৃতিত্ব হিসাবে কেন্দ্রীয় সরকারের থ্রু দিয়ে চালাবার চেষ্টা করছেন। ১৮ বছর পর্যন্ত ভোটাধিকার কারা দিয়েছে? এই জিনিস কোথায় হয়েছে? এই পশ্চিমবাংলায় প্রথম পঞ্চায়েত ব্যবস্থায় আমরা ১৮ বছর পর্যন্ত ভোটাধিকারের ব্যবস্থা করলাম। এখন আপনারা যদি বলেন সেই নির্বাচনগুলি করা সঠিক হয়নি, উচিত হয়নি তাহলে কিছু বলা যায় না। আপনারা এখানে যে প্রসঙ্গগুলি তুলেছেন একটার পর একটা, তারমধ্যে কি উদ্দেশ্য আছে? আপনারা বলেছেন, Whereas the congress (I) Members of the 3-tier panchayat bodies in Ruling Party Led Panchayat Institutions have been ignored in matters of allotment of resources. এর অর্থটা কি? আমরা পঞ্চায়েত ব্যবস্থায় বলেছি, পঞ্চায়েত রাজে নামে কোনও টাকা অ্যালটমেন্ট হবে না, হতে পারে না, এটা অগণতান্ত্রিক। গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতিতে যে কাজগুলির হবে সেই কাজে গ্রাম পঞ্চায়েত সদস্যদের নামের ভিত্তিতে অ্যালটমেন্ট হবে না। হবে, সেই এলাকার মধ্যে কোন কোন বিষয়গুলি সবচেয়ে বেশি প্রাওরিটি পাবে, সেখানকার কোন কোন বিষয়গুলি সর্বাধিক অগ্রাধিকার পাবে তার ভিত্তিতে হবে। সেখানে সবাই বসে ঠিক করবে। আমি যদি বলি, ধরুন, পভার্টি এরাডিকশন প্রোগ্রাম সেটা করছেন। আই. আর. ডি. পি., ডি. আর. ডি. এ., জে. আর ওয়াই, এফ. এফ. ডি. এ. কারা করছেন? স্পেশ্যাল কম্পোনেন্ট প্রোগ্রাম কারা করছেন? জেনে শুনেই তারা কাজ করছেন। সুতরাং এইভাবে পলিটিক্যাল রেজোলিউশন আনার চেষ্টা করছেন কেন? আপনারা জানেন এই এই স্কীমগুলি করার জন্য অলরেডি সার্ভে লিস্ট তৈরি করা হয়েছে। এই সার্ভে লিস্টের বেসিসে দাঁড়িয়ে নাম সিলেকশন করা হয়। এর একটা পিরিওড থাকে। এই সার্ভে লিস্ট অনুযায়ী আই. আর. ডি. পি., এফ. এফ. ডি. এ. চলছে। আজকেই এই পঞ্চায়েতি ব্যবস্থায় ৩০ পারসেন্ট মেয়েদের প্রতিনিধিত্ব এই পশ্চিমবঙ্গ সরকার করেছেন। আজকে এস. সি. অ্যান্ড এস. টি.-র রিপ্রেজেন্টেশন কোথায়? এই পশ্চিমবাংলায়। কেন্দ্রীয় সরকারের যা আইন করা হয়েছে তাতে এবারে চেয়ারম্যান, সভাপতি, প্রধান, উপ-

প্রধান কর্মাধ্যক্ষ এই সমস্ত ক্ষেত্রে পিছিয়ে পড়া সেকশন থেকে আসবেন। এটা নিশ্চয়ই গ্রহণ করা হয়েছে। সুতরাং আমাদের অপরাধ কোথায় তা আমরা বুঝতে পারলাম না। কিন্তু মেম্বারদের হাতে টাকা দিতে হবে এটা কস্মিনকালেও করা যাবে না। আমরা কোনও মেম্বারদের হাতে টাকা দেব না, এটা কখনওই সম্ভব নয়, হাজার চেষ্টা করলেও সম্ভব নয়। আজকে পঞ্চায়েতি ব্যবস্থার মাধ্যমে ল্যান্ড রিফর্মস হয়েছে, যা আগে করা সম্ভব হয়নি, সেই কাজগুলি করেছেন।

[12-00 — 12-10 p.m.]

ইরিগেশন ডিপার্টমেন্ট সম্পর্কে অনেক কথা আছে, অনেক আলোচনা হচ্ছে, ফারাক্কার প্রসঙ্গ নিয়ে আলোচনা হচ্ছে, ঐ ফারাক্কা থেকে আরম্ভ করে সমুদ্র পর্যন্ত গঙ্গার যে রিভার ফোর্স সেই রিভার ফোর্স নিয়ে বিভিন্ন জায়গায় ভাঙ্গনের সৃষ্টি হয়েছে গঙ্গা, ভাগিরথীর শেষ পর্যন্ত ভাঙ্গন চলছে। সেই বিষয়গুলি নিয়ে পঞ্চায়েত আলোচনা চলছে, পঞ্চায়েত থেকে স্কীম তৈরি করছে, নিচের তলা থেকে স্কীম তৈরি হচ্ছে। ইরিগেশন ডিপার্টমেন্ট যেখানে আমাদের টাকা দিতে পারছে না পঞ্চায়েতে জে. আর. ওয়াই. অন্যান্য যে সমস্ত টাকা বা ফান্ড আছে সেখান থেকে টাকা নিয়ে তৈরি করছে, মানুষকে বাঁচাবার চেষ্টা করছে। আজকে গ্রামাঞ্চলের যে মূল বুনিয়াদ যেটা গ্রামের নিচে থেকে যে বুনিয়াদ তৈরি হচ্ছে, তাতে গ্রামের মানুষ বুঝতে শিখেছে যে তাদের অধিকার আছে এবং তারা গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করছে। শুনে খুশি হবেন গ্রামে ছোট ছোট যেসব গ্রাম সভা আছে যেখান থেকে নির্বাচিত হয়েছে সেখানে এক একটি ওয়ার্ড ভিত্তিতে গ্রামের অঞ্চল ভিত্তিতে বুথ ভিত্তিতে সেখানে যে সব মেম্বার তারা কংগ্রেস, সি. পি. এম. আর. এস. পি. ফরওয়ার্ড ব্লক যাই হোক না কেন সেখানে বেশিরভাগ লোককে সাক্ষর করে দিয়ে যেতে হবে এবং যদি তা না হয় তার অন্য ব্যবস্থার জন্য আইন গ্রহণ করা হয়েছে, আপনারা যদি বলেন যে কিছু হচ্ছে না সেটা গায়ের জোরে বলছেন, কিন্তু হচ্ছে, এটা হচ্ছে, বাস্তবে ঘটছে। কংগ্রেস দল যখন ছিল তখন পঞ্চায়েত ব্যবস্থা কি ছিল সেটা কাউকে বলে দিতে হবে না। কংগ্রেসি পঞ্চায়েত ব্যবস্থা, এখন পর্যন্ত যে সমস্ত পঞ্চায়েতগুলি আছে দু-একটি মাননীয় মন্ত্রী মহাশয় আছেন—আমি উল্লেখ করতে চাই, ধরুন যেমন পাথর প্রতিমা পি. এস. কংগ্রেস. পরিচালিত পঞ্চায়েত গরিব মানুষের ঘর করে দেওয়ার জন্য ৮০ হাজার টাকার গন্ডোগোল হয়েছে, জেলা পরিষদে রিপোর্ট করা হয়েছে, ৩ বার এনকোয়ারি হয়েছে, তারপর নামখানা পঞ্চায়েত সমিতি, আমরা সেখানে চাপ সৃষ্টি করেছি, নামখানায় ল্যান্ড ডিস্ট্রিবিউশনের ক্ষেত্রে খতিয়ান নম্বর উল্লেখ করতে পারি ভূমিহীন মানুষের জন্য ভেস্টেড ল্যান্ডকে রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে সেই পাট্টাদারদের পাট্টাগুলিকে অ্যানুর করার জন্য এস. ডি. ও.-র কাছে প্রস্তাব পাঠানো হয়েছে। এই জায়গায় দাঁড়িয়ে উনি বলছেন যে যে ইন্ডস্ক্রিমিনেশন নেই, সেজন্য আমি সমস্ত প্রস্তাবের বিরোধিতা করছি। পশ্চিমবঙ্গের গ্রামে পঞ্চায়েত যে দৃষ্টান্ত স্থাপন করেছেন, গ্রামের মানুষের গণতান্ত্রিক মূল্যবোধ বাড়িয়েছে, বিচার করার সুযোগ করে দিয়েছে, মানুষ সচেতন হয়েছে। আগামী দিনে গণতান্ত্রিক বিকাশ, ক্ষমতা বিকেন্দ্রীকরণের যে প্রসেস সেই প্রসেস পঞ্চায়েত ব্যবস্থার একটা বাস্তব ভূমিকা পালন করছে এবং মাননীয় মানসবাবুর রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত যে প্রস্তাব সেই প্রস্তাবের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ডাঃ মানস ভুঁইয়া এবং অন্যান্যরা যে মোশন এনেছেন পঞ্চায়েত সম্পর্কে, আমি সেই মোশনকে সর্বান্তকরণে সমর্থন করছি। দুঃখের সঙ্গে বলতে হচ্ছে, যদিও বামফ্রন্ট সরকার পঞ্চায়েত নির্বাচন পাঁচ বছর অন্তর অন্তর করছেন, তবুও আমরা দেখছি যে, যে সমস্ত জায়গায় যে সমস্ত গ্রাম পঞ্চায়েত এবং পঞ্চায়েত সমিতিতে কংগ্রেস ক্ষমতায় নেই সেখানে নির্বাচিত কংগ্রেস সদস্যদের কাজ করবার কোনও অধিকার দেওয়া হচ্ছে না। সেই এলাকায় যে কোনও কাজই হোক—ইন্দিরা আবাস যোজনা হোক, জওহর রোজগার যোজনা হোক বা রিলিফ বিতরণের কাজই হোক—কোনও কাজের দায়িত্ব দেওয়া হচ্ছে না। বিষয়টা আমরা বহুবার পঞ্চায়েত বিভাগের নজরে এনেছি, কিন্তু দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে, নির্বাচিত কংগ্রেস সদস্যদের কাজ করবার অধিকার সেখানে দেওয়া হচ্ছে না। তারই জন্য আজকে দুঃখের সঙ্গে এই রেজলিউশন আমাদের আনতে হয়েছে। পঞ্চায়েত মন্ত্রীর কাছে অনুরোধ, যাতে নির্বাচিত কংগ্রেসি সদস্য যারা বিরোধী পক্ষে রয়েছেন তারা যাতে দায়িত্বটা পালন করতে পারেন সেটা দেখবেন। এই প্রসঙ্গে আমি আরও কয়েকটি কথা মাননীয় মন্ত্রী এবং মন্ত্রিসভার নজরে আনতে চাই। আপনি জানেন, এবারে আইনের পরিবর্তন করে পঞ্চায়েত সমিতির পদাধিকারিদের গ্রাম-প্রধান এবং উপ-প্রধান নির্বাচনে ভোট থেকে বঞ্চিত করা হয়েছে। এর ফলে একটা অস্বাভাবিক অবস্থা বিভিন্ন জায়গায় সৃষ্টি হয়েছে। যেসব পঞ্চায়েত এক বা দুই এর তফাৎ, এর ফলে সেখানে ভীষণ সমস্যা সৃষ্টি হয়েছে। তার ফলে আগামী দিনে হাইকোর্টে বহু কেস হবে এ-বিষয়ে সন্দেহ নেই। ৭৩ তম সংবিধান দেখবেন, এটা পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদের ক্ষেত্রে করা হয়েছে, কিন্তু নিচের স্তরে নয়। পঞ্চায়েত দপ্তর জানিয়েছেন, যারা পঞ্চায়েত সমিতির সভাপতির ইলেকশনে ভোট দিতে পারবেন তাদের যেহেতু জেলা পরিষদ থেকে ভোট দেওয়া বাদ দেওয়া হয়েছে, সেজন্য গ্রাম পঞ্চায়েত এবং পঞ্চায়েত সমিতির ভোটাধিকার থেকে বঞ্চিত করা হয়েছে। এক বছর আগে ১৯৯৩ সালের মে মাসে যে নির্বাচন হল, সে নির্বাচনে পঞ্চায়েত সমিতির সদস্যরা অংশগ্রহণ করে পঞ্চায়েত প্রধান এবং উপ-প্রধান নির্বাচনে ভোট দিলেন, সেই টেনিওরের মধ্যে প্রধান এবং উপ-প্রধানের বিরুদ্ধে যদি অনাস্থা আসে সেক্ষেত্রে তাদের ভোটাধিকার থেকে বঞ্চিত করছেন। কিন্তু ৭৩ তম সংবিধান সংশোধনের নির্দেশ, গ্রাম পঞ্চায়েত সমিতি ভোট দিতে পারবে না। কাজেই সেখানে এক বা দুই এর তফাৎ হলে খুবই অসুবিধা সৃষ্টি হবে। কাজেই ১৮ই জুন যেভাবে আইনটা পরিবর্তন করেছেন সেটা আবার সংশোধন করা দরকার।

[12-10 — 12-20 p.m.]

অন্তত এই পঞ্চায়েতে সেই আইন যাতে কার্যকর না হয় সেজন্য আপনার পদক্ষেপ গ্রহণ করা দরকার। আগামী দিনে পঞ্চায়েতে এটা ব্যবহার করুন তাতে আমাদের আপত্তি নেই। আর একটা জিনিস আমাদের কাছে ইমপর্টেন্ট লেগেছে। আমরা দল বিরোধী আইন কার্যকর করার জন্য বারবার মন্ত্রী সভার কাছে, এখানে বিধানসভার দাবি করেছি। সেই মোতাবেক এই দল বিরোধী আইন ৫১ ধারায় সন্নিবেশিত করেছেন। এটাতে আমাদের বলার কিছু নেই। আমরা শুনেছি যে এই দল বিরোধী আইন কার্যকর করতে গেলে ভোটের যে গোপনীয়তা, সেটা থাকছে না। অর্থাৎ একজন প্রধান বা উপ-প্রধানের বিরুদ্ধে যদি অনাস্থা

আসে এবং যদি ভোট হয় তাহলে সকলকে হাত তুলে ভোট দিতে হবে। কাজেই এক্ষেত্রে ভোটের যে গোপনীয়তা সেটা থাকছে না, সেটা নষ্ট হয়ে যাচ্ছে। কাজেই এই জিনিসটা বিচার করে দেখতে হবে।

(এই সময়ে স্পিকার অন্য বক্তাকে ডাকায় মাইক অফ হয়ে যায়)

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই মোশনটা যারা এনেছেন, ডাঃ মানস ভূঁইয়া, অতীশ সিনহা, এদের আমি রেসপনসিবল মানুষ বলে মনে করতাম। কিন্তু তারা যে বস্তাপচা রেজলিউশন এনেছেন, এই ব্যাপারে নো-কনফিডেন্স মোশনের উপরে যে আলোচনা হয়েছে তাতে উত্তর দেওয়া হয়েছে। কাজেই আবার এই রেজলিউশন এনে বিধানসভার সময় নষ্ট করলেন সেটা আমি বুঝতে পারছি না। তারা বলেছেন যে আমাদের ডিসক্রিমিনেশন ইত্যাদি হয়েছে। আমি একথা বলতে চাই যে ভারতবর্ষের কোথায় বিরোধী দলের নেতাকে ডিস্ট্রিক্ট কাউন্সিলের চেয়ারম্যান করা হয়েছে? আমরা আপনাদের বিশ্বাস করেছি সেজন্য এটা করা হয়েছে। দলত্যাগ বিরোধী আইন পাস করা হয়েছে। আপনারাও চেয়েছেন, আমরাও চেয়েছি। আজকে গ্রাম সভার প্রত্যেক জায়গায় কি করা হয়েছে? আজকে বাই ল নিজেরা করতে পারবে সেই অধিকার দেওয়া হয়েছে। এটা ভারতবর্ষের আর কোথায় আছে? আপনারা ডিসক্রিমিনেশনের কথা বললেন, কিন্তু কোথায় কোথায় হয়েছে সেটা বলুন? আমি বলছি যে এটা ঠিক হয়েছে। আমার এলাকায় একটা কংগ্রেসের গ্রাম পঞ্চায়েতে যে টাকা এসেছে তার ৭৫ ভাগ টাকা চুরি হয়েছে।

আমি পঞ্চায়েত মন্ত্রীকে বলব যে সেখানে অন্য কোন লোক পাচ্ছে না।

(এই সময় লালবাতি জ্বলে ওঠে)

স্যার, আমার তো ৫ মিনিট সময়, এখনও তো হয়নি। আই আর ডি পি লিস্টের ক্ষেত্রে সমস্ত কংগ্রেসের লোকেরা ছাড়া কারো নাম নেই। ট্রিপল দেওয়ার ক্ষেত্রে কংগ্রেসের লোকের ছাড়া নাম নেই কারো। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব পঞ্চায়েত প্রধান তার মনোমতো লোককে দিচ্ছে। সেই ক্ষেত্রে আপনি যদি পঞ্চায়েত প্রধান হন এ মিটিং করে দেন, অর্থাৎ প্রধান মিটিং করে ছাড়া কাউকে দিতে পারবে না এই বাধ্য-বাধকতা করে দেন তাহলে ভাল হয়। পঞ্চায়েত প্রধান যদি কোন অন্যায় করেন তার অ্যাপিল করার কোনও ব্যবস্থা নেই। অ্যাপিল করার একটা ব্যবস্থা থাকলে ভালো হয়।

**মিঃ ডেপুটি স্পিকার :** Mr. Deoki Nandan Poddar, what is your point of information ?

## POINT OF INFORMATION

**শ্রী দেওকীনন্দন পোদ্দার :** স্যার, আমার একটা পয়েন্ট অফ ইনফরমেশন আছে। স্যার, এই হাউসে একটা গুরুত্বপূর্ণ বিষয় বলেছিলাম ১৯৯১ সালে। আপনার দপ্তর থেকে সেই বিষয়ে চিঠি পাঠিয়েছি ১৯৯২ সালে। আমার বিষয় ছিল বড় বাজারে রাস্তা সারানোর ব্যাপার নিয়ে। আমাকে জানানো হলো—স্যার আপনার দপ্তর জানিয়েছে—রাস্তা রিপেয়ার হচ্ছে। সরকার

তো ধাপ্পাবাজি দিয়ে চলে কিন্তু জানতাম অগস্ট হাউসের একটা মর্যাদা আছে। মেম্বারকে যে ইনফরমেশন দেওয়া হয়েছে সেটা অসত্য ইনফরমেশন। বলা হয়েছে রাস্তা রিপেয়ার হচ্ছে। কিন্তু রাস্তা রিপেয়ার কোনওদিন হয় নি। রাস্তার অবস্থা দিনের পর দিন খারাপ হচ্ছে। আপনার কাছে অনুরোধ আপনার দপ্তরের চিঠি....

**(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)**

**শ্রী নর্মদা রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ডাঃ মানস ভুঁইয়া সহ বিরোধী দলের কয়েক জন সদস্য মিলে তৃস্তর পঞ্চায়েত ব্যবস্থা সম্পর্কে যে প্রস্তাব এখানে এনেছেন আমি সেই প্রস্তাবের বিরোধিতা করছি। ওনারা ভাল করে জানেন ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার এখানে আসবার পর ১৯৭৮ সালে তৃস্তর পঞ্চায়েত ব্যবস্থা এখানে চালু হয়েছে। এই তৃস্তর পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে দিয়ে গ্রামাঞ্চলে উন্নয়ন সম্ভব হয়েছে, গ্রামীণ অর্থনীতির উন্নতি হয়েছে। গ্রামীণ অর্থনীতি নির্ভর করে কৃষির উপর। কৃষির উন্নতির সাথে সাথে গ্রামীণ অর্থনীতির উন্নতি ঘটেছে। এই তৃস্তর পঞ্চায়েতের মাধ্যমে গ্রামের মানুষ পরিকল্পনা গ্রহণ করেছে। তারা সমস্ত কিছু খরচ করছে এবং বছরে ৬ মাস অন্তর অন্তর হিসাব দিচ্ছে। গণতান্ত্রিকভাবে ত্রিস্তর পঞ্চায়েতের মাধ্যমে গ্রামীণ অর্থনীতির উন্নতি ঘটেছে, রাস্তা-ঘাটের উন্নতি ঘটেছে এবং সমস্ত কিছু উন্নতি ঘটেছে। এটা কংগ্রেস সহ্য করতে পারছে না। কেননা ওঁরা কোনও দিন পঞ্চায়েত নির্বাচন করেন নি। ওনারা চাইছেন আগে যেভাবে চলত সেইভাবেই চলুক। সেই জন্যই আমরা লক্ষ্য করছি যেখানে ওনারা সংখ্যা গরিষ্ঠতার জোরে গ্রাম পঞ্চায়েত দখল করেছে সেখানেই তাঁরা অগণতান্ত্রিকভাবে পরিকল্পনা গ্রহণ করছেন। আমাদের জেলায় জয়নাল আবেদিন সাহেব আছেন, তিনি একজন দক্ষ পারলামেন্টারিয়ান, তিনি আমাদের জেলার কোনও মিটিং-এ যান না, অথচ তিনি একজন এক্স-অফিসিও মেম্বার। ওনাদের যাঁরা নির্বাচিত সদস্য তাঁরা পরিকল্পনা কমিটির মিটিং-এ যান না। আমি দক্ষিণ দিনাজপুরে দেখেছি জেলার পরিকল্পনা কমিটিতে ওনাদের নির্বাচিত সদস্যরা তাঁদের এলাকার কথা তুলে ধরতে সেই মিটিং-এ যান না, তাঁরা সেই এলাকার মানুষের কথা তুলে ধরেন না। ওনারা ওঁদের আমলে ১৮-১৯ বছর ধরে পঞ্চায়েত নির্বাচন করেন নি, নিজেদের মতো করে চালিয়েছেন সেই অবস্থায় তাঁরা ফিরে যেতে চাইছেন। বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসে ১৯৭৮ সালে তৃস্তর পঞ্চায়েত নির্বাচন করেছে এবং এখন গণতান্ত্রিক পদ্ধতিতে গ্রামাঞ্চলের উন্নয়নের স্বার্থে কাজ হচ্ছে। এটা একটা সঠিক ব্যবস্থা। এই ব্যবস্থাকে পশ্চিমবাংলার গ্রামাঞ্চলের মানুষ আশির্বাদ করছে। এই কথা বলে প্রস্তাবের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[12-20 — 12-30 p.m.]

**শ্রীমতী সাবিত্রী মিত্রঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় সদস্য এবং মুখ্য সচেতক যে মোশন পঞ্চায়েত সম্বন্ধে এনেছেন তাকে আমি সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। বর্তমানে পঞ্চায়েত ব্যবস্থা যেভাবে চলছে তাতে বামফ্রন্ট সরকার ইলেকশনে জেতাবার একটা হাতিয়ার হিসাবে এই পঞ্চায়েত ব্যবস্থাকে তৈরি করেছে। এখানে পঞ্চায়েত সম্বন্ধে অনেক অনেক কথা বললেন। আমার মালদহ জেলাতে জেলা পরিষদকে ৫ বছরে ৩৫ কোটি টাকা কেন্দ্রীয় সরকার জে আর ওয়াই হিসাবে দিয়েছিলেন, কিন্তু সেই টাকা আজ

পর্যন্ত সঠিক কোন্ কাজে খরচ করেছে জানা গেল না। এতে কোনও কাজ হয়েছে কিনা আজ অবধি জানলাম না। তাছাড়া পঞ্চায়েত সমিতির যে সমস্ত স্কিম আছে জেলা পরিষদ সেই সমস্ত স্কিম কতটা পালন করেছে তাতে আমাদের সন্দেহ আছে। আপনাকে আরো জানাই যে, এই কথাও বলা হচ্ছে জেলা পরিষদ থেকে যে, তোমাদের পঞ্চায়েত সমিতিতে কাজ দিতে পারি যদি আমাদের পার্টির লোককে দিয়ে কন্ট্রাক্ট দেওয়া হয়, আদারওয়াইজ কাজ দেওয়া হবে না। আমার জেলাতে, আমার ব্লকে সি.পি.এমের এই রূপ। আজকে পঞ্চায়েত যেভাবে চলছে সেটা সঠিক পথ নয়। আপনারা বলে বেড়ান যে কংগ্রেস গ্রাম-পঞ্চায়েতের কোনও কাজ করে না এবং হিসাব নিকাশ দিচ্ছে না। আপনারা তো জে আর ওয়াই এর টাকা নিয়ে দলবাজি করছেন। তারপরে পঞ্চায়েতের জন্য যে টাকা আসছে সেই টাকা আপনাদের সরকারি কর্মচারী কো-অর্ডিনেশন কমিটির লোকেরা আত্মসাৎ করছে। যাদের নাম 'ক' তালিকায় লেখা আছে। তারা এই ডি আর ডি এ টাকা এবং আই. আর. ডি. এর টাকা নিয়ে ভোগ করছে। যেখানে এই আই আর ডি-এর টাকা কেবল দরিদ্রসীমার নিচে যারা বাস করে তাদের জন্য আসে। কিন্তু সেই টাকার উপরে এই সরকারি কর্মচারিরা লোন নিচ্ছে আর গরিব মানুষেরা বঞ্চিত হচ্ছে। পঞ্চায়েত মন্ত্রীর বিষয়টা দেখা উচিত। তারপরে আমার এলাকাতে জেলা পরিষদ কোন্ টাকা দিয়ে যে কলেজ করার জায়গা কিনলেন বুঝতে পারলাম না। সুতরাং এইসব হিসাব-নিকাশ আমাদের জানানো দরকার। কিভাবে জায়গা কিনছেন, কোথায় থেকে কলেজ কেনার জায়গা হল এর কোন কিছুই আমাদের জানান হয় না। পঞ্চায়েতকে হাতিয়ার করে সি. পি. এম যা খুশি তাই করে বেড়াচ্ছে। সেই কারণে আমাদের মুখ্য সচেতক যে মোশন এনেছেন তাকে সমর্থন করছি এবং যে পরিমাণ দুর্নীতি এখানে চলছে সেই সম্পর্কে আমি ডাটা এবং ডকুমেন্টস পঞ্চায়েত মন্ত্রীকে দিতে পারি এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মানস ভূঁইয়া এবং অন্যান্য সদস্যরা যে মোশন এখানে এনেছেন তার বিরোধিতা করছি। এখানে যে বলা হয়েছে এই মোশন রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিতভাবে আনা হয়েছে এটা সঠিকভাবেই বলা হয়েছে। কিছুদিন আগে ওদের পঞ্চায়েত সম্মেলন হল, সেখানে যে যে কথা বলেছে সেগুলো তো আবার বলতে হবে সেই কারণে এই মোশন এনেছেন। আসলে কংগ্রেসের মুশকিল হচ্ছে যে, ভারতবর্ষের আর কোথাও তো পঞ্চায়েত নেই, সুতরাং সম্মেলনটা করবে কোথায়? সুতরাং এখানে পঞ্চায়েত ব্যবস্থা ভাল এবং এখানেই সম্মেলন করা যাক। এই সম্মেলনে অনেক বড় বড় ব্যক্তি ওদের এসেছিলেন। গ্রামীণ উন্নয়ন দপ্তরের মন্ত্রী প্রধানমন্ত্রী নিজেই, তাঁর রাজ্যে পঞ্চায়েত নেই। তিনি অন্ধ্রপ্রদেশের, তার রাজ্যে পঞ্চায়েত নেই। অনেকদিন আগেই সেখানেই মেয়াদ শেষ হয়ে গেছে, যে রাষ্ট্রমন্ত্রী পঞ্চায়েত দেখেন তাঁর রাজ্যেও পঞ্চায়েত নেই। তারা কোথায় গিয়ে সম্মেলন করবে, দিল্লির থেকে কয়েকজন বিশিষ্ট মন্ত্রী এবং ব্যক্তি এসেছিলেন তাদের কারুর রাজ্যে পঞ্চায়েতি ব্যবস্থা নেই, সুতরাং এটাই তাদের উপযুক্ত জায়গা। কয়েকটি রাজ্যে পঞ্চায়েত আছে সেখানে আবার নির্দল প্রার্থী, সুতরাং পঞ্চায়েত থেকেও সেখানে নেই। সেখানে আপনাদের অর্থাৎ কংগ্রেসিদের গর্ব করা উচিত যে এখানে এইরকম ব্যবস্থা রয়েছে বলে আজকে আপনারা সম্মেলন করতে পারলেন। সেক্ষেত্রে আপনাদের আমাদের কাছে কৃতজ্ঞ থাকা উচিত

যে সারা ভারতবর্ষের মধ্যে যদি কোথাও পঞ্চায়েত বলে কিছু থাকে তাহলে পশ্চিমবঙ্গে একমাত্র আছে এবং যার উপরে আপনারা দাঁড়িয়ে সম্মেলন করতে পারলেন।

এটাকে এখান থেকে তুলে দিতে হবে। এর জন্য বিশৃঙ্খলা ডেপুটেশন দাও, অমুক করো, তমুক করো, আর এখানে যা পারো করো, আর বাইরে করো এইসব। এটা ওরা করছেন। আর যেটা আছে, চিরকাল ওরা বলছেন দলবাজি, এমন চূড়ান্ত দলবাজি হচ্ছে যে সরকারি দলে যারা আছেন, তারা নিজেদের দলের লোকদের সব সুযোগ-সুবিধা না দিয়ে এমন কিছু কিছু সুযোগ-সুবিধা বিরোধী দলের লোকদের দিচ্ছেন যে বিরোধী দলকে আজকাল কমিশন করতে হচ্ছে। ব্যাপারটা বুঝুন। দলবাজি কোথায় গিয়ে পৌঁছেছে। আর ঐ কথা বলছেন, পুরনো কথা, জওহর রোজগার যোজনায় রিসোর্সেস এইসব ঠিকমতো ভাগ করা হচ্ছে না, সেখানে বঞ্চিত করা হচ্ছে কাউকে। এই যে গাইড লাইন আছে, এটা খুব পরিষ্কার— আমি বারবার বলেছি, আবার বলছি, জওহর রোজগার যোজনায় শতকরা ৮০ ভাগ টাকা গ্রাম পঞ্চায়েতকে বরাদ্দ করা হবে। আর বাকি যেটা থাকে ২০ ভাগ, সেটা জেলাস্তরে বন্টন করা হবে। সেটা হচ্ছে গ্রাম-সংখ্যা, জনসংখ্যা, গ্রাম পঞ্চায়েতের জনসংখ্যা আর তফসিলি জাতি-উপজাতির জনসংখ্যার অনুপাতের হিসাব—এটা হচ্ছে পরিষ্কার অঙ্কের ব্যাপার। যদি আপনারা একটাও দৃষ্টান্ত দেখাতে পারেন যে সারা পশ্চিমবাংলায় ৩ হাজারের বেশি গ্রাম পঞ্চায়েত, একটা কোন গ্রাম পঞ্চায়েত নিয়ে যে নিয়মনীতি আছে, গাইড লাইন আছে, একে ভেঙে কোথায় কাকে কি বঞ্চিত করা হয়েছে, আমি এটা সুনির্দিষ্টভাবে বলতে পারি তার ব্যবস্থা নেওয়া যাবে। আর যদি ওরা বলেন সাধারণভাবে, আমি অনেক দৃষ্টান্ত দিতে পারি, দেন না কেন, দৃষ্টান্ত দেন। আমরা তো চাচ্ছি, কোথায় কি অভিযোগ আছে। কয়েকটি অভিযোগ আমরা পেয়েছি। যখন আমি পাই তখন সব সময় সঙ্গে সঙ্গে ওঁদের চিঠির জবাব দিই। নিশ্চয় আমাদের বিরোধী দলের কেউ বলতে পারবেন না যে চিঠি দিয়েছেন আমাকে অথচ জবাব পাননি। আমরা কাকে দিচ্ছি, কি ব্যবস্থা করছি, সঙ্গে সঙ্গে আমরা জানিয়ে দিই। সুতরাং যদি দেন কিছু, তা নিশ্চয় আমরা দেখবো। আর বিরোধী দলের লোক তাদের কোনও ভূমিকা নেই? এটা ওরা বলছেন, যারা আছেন আর কি পঞ্চায়েতে। মানে ওদের দলের যারা আছেন পঞ্চায়েতে, তাদের নাকি ভূমিকা নেই। আপনারা শুনলেন, এত বড় ভূমিকা কোথাও আছে নাকি, বিরোধী দলের নেতা যিনি জেলা পরিষদের হবেন, তিনি ডিস্ট্রিক্ট কাউন্সিলের চেয়ারম্যান হবেন। আমাদের এখানে যেরকম পি. এ. কমিটি আছে, তার চেয়ারম্যান এর সমান ক্ষমতা, প্রায় এক রকম, সেই স্তরে দেওয়া হয়েছে। জেলাশুদ্ধ যেখানে অভিযোগ থাকবে ওরা দেখতে পাবেন। এখানে বলছেন কেন, মালদাতে কি হচ্ছে? আপনাদের বিরোধী দলের যিনি নেতা আছেন, আপনাদের দলের, তাকে নিয়ে একটা আলোচনা করুন না। এই যেমন সম্মেলন হল, তেমনি তাদের একটু বুঝিয়ে দিন না কি কাজ করতে হবে। অভিযোগ এলে কি দেখতে হবে। এইসব দেখার অধিকার তো আমরা দিচ্ছি। অধিকার আমরা দিচ্ছিঁ কেন, এইজন্য যাতে গণতন্ত্র শক্তিশালি হয়। যাতে আপনারা এই সমস্ত জিনিসগুলি দেখেন। আপনারা বলতে পারেন। আপনারা সেখানে হস্তক্ষেপ করতে পারেন। এখানে বললেন কেন, এখানে বললেন যাতে হয় এটা, সেইজন্য আমরা এটা করেছি। তারপরে দেখুন, আমরা ডেলিগেশনের পাওয়ার দিচ্ছি, এটা ছিল না, কোনদিন আইনে।

আমরা এটা দিচ্ছি, গ্রাম পঞ্চায়েতের সদস্যদের। দপ্তর ভিত্তিক যাতে বন্টন করা যায়। আমি নিজে সব জেলায় মিটিং করেছি, প্রত্যেকটি জেলায় এই মাসে এবং গত মাসে। তিন মাস আগেও করেছিলাম ডি.এম., সভাধিপতিদের নিয়ে, আবার আমি তিন মাস পরে মিটিং করেছি। সেটা করে আমি এটা পর্যালোচনা করছি, কতটা গ্রাম পঞ্চায়েতে দেওয়া হয়েছে, আর কতটা দেওয়া হয়নি। কতটা কার্যকর হচ্ছে আর হচ্ছে না। এটা আমরা গুরুত্ব দিয়ে দেখতে চাই। আমি আপনাদের বলছি, এইসব ব্যাপারে আপনাদের সহযোগিতা দরকার। খালি বিরোধিতার জন্য বিরোধিতা করবেন না। একটা ব্যবস্থা তো আমরা করেছি। আমরা সবাই মিলে এটাকে কত শক্তিশালি করতে পারি, এটা তো আমাদের গর্ব। বাইরের লোকরা এসেছেন, দেখেছেন, তারা বলছেন, কত লেখা বেরিয়েছে। এইসব বিভিন্ন যারা লোকেরা এসেছেন তারাও বলছেন, এটাকে আমরা কি করে শক্তিশালি করতে পারি। কাজেই সেই ভূমিকা আপনাদেরও আছে। এখানে যারা সদস্য আছেন, তাদেরও যোগ্যতার সঙ্গে পালন করতে হবে। আমরা একটা প্রশিক্ষণের ব্যবস্থা করেছি শিক্ষা দেওয়ার জন্য, কিন্তু মুশকিল হচ্ছে, আমরা এক রকম শেখাব, আর ওরা এক রকম শেখাবেন, তাহলে কি করে কি হবে? তাদের কি করে ঠিক রাস্তায় পরিচালিত করা হবে? সেইজন্য তাদেরও আপনারা বোঝান, তারা যাতে ঠিকমতো ভূমিকা পালন করে, এটা আপনারা দেখবেন। আমি একটা জিনিস বুঝতে পারি না, পঞ্চায়েত আইনটা নিয়ে এতবার উনি বললেন, আর এতবার আমি বলি আর ওরা বলেন, এটা আর বলে বলা যায় না। এই যে পঞ্চায়েত সমিতির সদস্য, তাদের ভোটাধিকার দেওয়া হল না, কেড়ে নেওয়া হল—অতীশ বাবু বলেছেন, আমি আপনাদেরকে বলছি, কেন ভোটাধিকার দেওয়া হল না, ভোটাধিকার তো আমরা দিয়েছিলাম আইন সংশোধন করে, এই বিধানসভাতে, এখানেই আমরা দিয়েছিলাম, তার পরে তো কেড়ে নিল ওখানে। পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদ তো কেড়ে নিয়েছে, সেটা অশ্বত্থামা হতঃ ইতি গজর মতন চেপে যাচ্ছেন কেন?

[12-30 — 12-40 p.m.]

আবার পঞ্চায়েত সমিতির সভাপতি জেলা পরিষদে ভোট দিতে পারবেন না, গ্রাম পঞ্চায়েতের প্রধান পঞ্চায়েত সমিতিতে ভোট দিতে পারবেন না। কনসটিটিউশনে যেটা বলা আছে, সেটা হচ্ছে কেবলমাত্র সরাসরিভাবে নির্বাচিত, ডাইরেক্টলি ইলেকটেড মেম্বার, অর্থাৎ যারা প্রত্যক্ষভাবে নির্বাচিত সদস্য তারাই কেবলমাত্র এই চেয়ার পার্সনদের নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন। আমরা এটার বিরোধিতা করেছিলাম। আমি আপনাদের বার বার খেয়াল করিয়ে দিচ্ছি, আমরা বলেছিলাম, তাদের ভোটাধিকারের অধিকার দিলেন না, অথচ বাজেট পাসের সময় তাদের ভোটাধিকার দিচ্ছেন, একটা প্রস্তাব পাসের সময় তাদের ভোটাধিকার দিচ্ছেন, তাহলে যেটা হবে, সভাপতি যারা ছিলেন বা প্রধান যারা ছিলেন তারা রিমুভ হয়ে গেলেন, পরিবর্তিত হয়ে গেলেন, নতুন যারা এলেন তারা সংখ্যাগরিষ্ঠ সমর্থন নেই। যারা ইনডাইরেক্টলি ইলেকটেড মেম্বার, পরোক্ষভাবে যারা নির্বাচিত সদস্য তাদের সমর্থন নিয়ে প্রধান থাকলেন, কি সভাপতি থাকলেন, কিন্তু বাজেট পাস করতে পারবেন না, প্রস্তাব পাস করতে পারবেন না। এই অচলাবস্থা কারা সৃষ্টি করেছে? এই অচলাবস্থার সৃষ্টি করেছে তিয়াত্তরতম সংবিধান সংশোধন। কাজেই ওখানে তারা বললেন না, এখানে বলবেন, এখানে

গোলমাল বাঁধাবেন। আপনারা আইন বোঝেন তো, এটা করা যায় না। আপনাদের দলের যারা আইনজ্ঞ আছেন তাদের কাছ থেকে পরামর্শ নিন। আপনারা বলছেন মামলা হবে, মামলা তো হয়েছে। মামলা হলে আমি বলেছি, আমাদের যারা আইনজ্ঞ তাদের বলতে হবে, কি করার আছে, সংবিধান মেনেই আমরা এটা করেছি। যদি মামলা করতেই হয় তাহলে ওদের কাছে যান, কনস্টিটিউশন বেঞ্চ আছে, সুপ্রীমকোর্ট আছে সেখানে গিয়ে এইসব বলুন, তবেই কিছু হতে পারে। আর দলত্যাগ বিরোধী আইন, এটা তো উদ্ভট কথা, এই রকম উদ্ভট কথা আমি কখনো শুনিনি। কিন্তু দলত্যাগ বিরোধী আইন আছে, আর দলের নির্দেশমতো আপনার সদস্যরা কাজ করছেন কিনা সেটা আপনি জানতে পারবেন না, আপনাকে গোপন রেখে করবে। গণতান্ত্রিক অধিকার হচ্ছে গোপন ভোটের অধিকার। মানস বাবু আপনি তো চিফ হুইপ আপনি এসব মেনে নেবেন। বোঝান এটা অতীশবাবুকে, এটা উনি চাইছেন, এটা নাকি গণতন্ত্র। জনগণ দেখতে চায় নির্বাচিত প্রতিনিধিরা ওখানে গিয়ে কি ভূমিকা পালন করছে। জনগণের কাছে তারা যে প্রতিশ্রুতি দিয়ে এসেছেন, সেই প্রতিশ্রুতির ভিত্তি সংসদের মধ্যে, বিধানসভার মধ্যে বা পঞ্চায়েতের মধ্যে দাঁড়াচ্ছে কিনা এটা হচ্ছে দলত্যাগ বিরোধী আইনের মূল বিষয়। আর আমার বলার কি আছে, বলার মতো আর ম্যাটিরিয়া নেই। হ্যাঁ, ওরা বলছেন বি. ডি. ও.-রা পক্ষপাতিত্ব করছেন। এখানে আমি এটা বলেই শেষ করব। বি. ডি. ও.-রা পক্ষপাতিত্ব করছেন এটা ওরা অনেকবার বলেছেন। বি. ডি. ও.-রা নাকি আমাদের হাতের পুতুল, সুতরাং এখানে নিরপেক্ষভাবে চলতে গেলে বি. ডি. ও.-দের বাদ দিতে হবে ; সরকারি কর্মচারিরা আমাদের হাতের পুতুল, নিরপেক্ষভাবে চলতে গেলে তাদের বাদ দিতে হবে ; পুলিশ আমাদের হাতের পুতুল, নিরপেক্ষভাবে চলতে গেলে তাদেরও বাদ দিতে হবে। আর শেষে আপনারা বলবেন পশ্চিমবাংলার জনগণ আমাদের হাতের পুতুল তাদেরও বাদ দিতে হবে। আমি আপনাদেরকে বলে দিতে চাই তাদেরকে আমরা বাদ দিতে পারব না। তাদের নিয়েই আমরা আছি এবং তাদের নিয়েই আমরা চলব। আপনাদের তারা বর্জন করেছেন এবং বর্জন করবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি খুব আশা করেছিলাম যে, মাননীয় মন্ত্রী আমার এই প্রস্তাবের প্রক্ষাপটে, উনি তো গণতন্ত্রের স্বপ্ন দেখেন, উনি তো গণতন্ত্রের পূজারি হিসেবে দাবি করেন, সেই সম্বন্ধে দু-চারটে কথা অন্তত বলবেন এবং নির্ভিক একটা দৃষ্টিভঙ্গি নিয়ে তিনি তার কথা এখানে উপস্থাপিত করবেন। হ্যাঁ, আমরা পশ্চিমবাংলার প্রদেশ কংগ্রেসের পক্ষ থেকে ৯-ই ও ১০-ই আগস্ট নেতাজি ইন্ডোর স্টেডিয়ামের যে পঞ্চায়েতি রাজ সম্মেলন করেছিলাম, তাতে ওদের একটা গাত্রজ্বালা হয়েছে। ওদের একজন নেতা বললেন কংগ্রেস আবার পঞ্চায়েতের কথা কবে থেকে ভাবতে শুরু করল? ওদের মন্ত্রী আজকে হাউসে বললেন, পশ্চিমবঙ্গ ওরাই পঞ্চায়েত শুরু করেছেন। মাননীয় মন্ত্রী, আপনি ভালভাবেই জানেন, গ্রাম স্বরাজ এবং গ্রাম পঞ্চায়েত, এইগুলো ওদের দলের পূর্বপুরুষ মার্কস, লেনিন এবং মাও সে তুং, ওরা ওদের অটোক্রাট, ওদের ডিক্টেটর এবং ওরা একদলীয় শাসন.ব্যবস্থায় বিশ্বাসী এবং সংসদীয় গণতন্ত্রে এতটুকু আস্থা এবং বিশ্বাস ওদের নেই। এরা গণতান্ত্রিক প্রক্রিয়ার মধ্যে ঢুকে গণতন্ত্রকে হত্যা করে এবং পদ্ধতিকে হত্যা করে, এটাই ওদের চরিত্র এবং উদ্দেশ্য। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মহাত্মা গান্ধীর গ্রামীণ স্বরাজের স্বপ্ন,

ইন্দিরা গান্ধীর ২০ দফা কর্মসূচি, রাজীব গান্ধীর পঞ্চায়েতি রাজ এবং নগরপালিকার স্বপ্ন', এই ডাঃ সূর্যকান্ত মিশ্রের দল, মার্কসবাদী কমিউনিস্ট পার্টি, ভারতীয় জনতা পার্টি এবং জনতা পার্টির সঙ্গে হাত মিলিয়ে রাজ্যসভা এবং লোকসভাতে একসঙ্গে নগরপালিকা এবং পঞ্চায়েতি রাজ যে বিল, তার বিরোধিতা ক'রে বিপক্ষে ভোট দিয়েছিল। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনি জানেন, রাজ্যে আমরা স্বপ্ন দেখেছিলাম মহিলাদের সংরক্ষণের আওতায় নিয়ে আসব। সমাজের পিছিয়ে পড়া মানুষ, আদিবাসী, তফসিলি জাতিকে সংরক্ষণের আওতায় নিয়ে আসব। মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দল, তাদের রাজ্যসভার সদস্য, লোকসভার সদস্যরাও মেনে নিতে পারেনি, এটা কি কথা, রাজীব গান্ধী এটা পাস করিয়ে নেবে? এই জন্য লোকসভায় পাস হলেও রাজ্যসভাতে এক ভোটে পরাস্ত হ'ল। এটা কেন ভুলে গিয়েছেন? সূর্যবাবু তো ইন্টেলিজেন্ট ডক্টর, ওর তো স্মৃতিবিভ্রম হওয়া উচিত নয়? ১০ বছরের সভাধিপতি এবং ৫ বছরের পঞ্চায়েত মন্ত্রী, এত দুর্নীতির পাহাড়ের উপর, আগ্নেয়গিরির উপর বসে আছেন। পেছন থেকে এত দুর্নীতির উত্তাপ গ্রহণ করছেন ফলে ভুলে যাওয়াটা স্বাভাবিক।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উনি বললেন ভারতবর্ষে পশ্চিমবঙ্গ সমেত ১২টি রাজ্য আছে যেখানে পঞ্চায়েত সঠিকভাবে, সমবেত ভাবে কাজ করলেও কর্ণাটক, গুজরাট, মহারাষ্ট্র....

(তুমুল হট্টগোল)

**ডাঃ মানস ভূঁইয়া ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, [* * ] আমি কি বন্ধ ক'রে দেব?

**(তুমুল হট্টগোল ; এই সময় শ্রীতপন হোড় মাননীয় উপাধ্যক্ষের কাছে চলে যান)**

**উপাধ্যক্ষ মহাশয় ঃ** ওনাকে বলতে দিন, ওনাকে বলতে দিন। মিঃ তপন হোড়, আপনি আপনার সিটে গিয়ে বসুন, প্লিজ টেক ইয়োর সিট। উনি যে ইন্ডিসেন্ট কথাটা বলেছেন, সেটা উইথড্র হবে।

**ডাঃ মানস ভূঁইয়া ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মহাত্মা গান্ধীর গ্রামীণ রাজ কংগ্রেসই প্রতিষ্ঠিত করেছে, মার্কসবাদী কমিউনিস্ট পার্টি নয়।

(গোলমাল)

আপনি এই বাঁদরগুলোকে সামলান। কাউকে বলতে দেব না। আপনি এই হাউস সামলান। মিঃ ডেপুটি স্পিকার আমার অধিকারকে প্রোটেক্ট করুন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় এই যে আলিবাবা বসে আছে, ডাঃ সূর্যকান্ত মিশ্র। এই আলিবাবা ৪০ চোর নিয়ে সরকারে রয়েছেন, পঞ্চায়েতকে শোষণ করছে, উন্নয়নের টাকা চুরি করছে, দুর্নীতির পাহাড় জমা করেছে। যে পঞ্চায়েতগুলি আজকে মানুষের মুক্তি মানুষের উন্নয়ন, মানুষের গির্জা, মন্দির, মসজিদ হতে পারত। এই মার্কসবাদী কমিউনিস্ট নেতা সূর্যকান্ত মিশ্রের নেতৃত্বে সেগুলি কসাইখানায় পরিণত হয়েছে, অত্যাচার হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমার কাছে আরও তথ্য আছে। আমি ১৭ বছরের ইতিহাস ভুলে গেলাম। আমাদের মাননীয়া সদস্যা সাবিত্রী

Note *Expunged as ordered by the Chair

মিত্রর কথায় উনি গোঁসা করেছিলেন। জওহর রোজগার যোজনার লেটেস্ট পারফরমেন্স রিপোর্ট অফ ইন্ডিয়া গভর্নমেন্ট-রে লিস্ট আছে ৩১শে জুলাই ১৯৯৪ পর্যন্ত। তাতে পশ্চিমবঙ্গের ইউটিলাইজেশন অফ রিসোর্স এর কথা ছিল। এতে একশ উনষাট কোটি একাত্তর হাজার টাকা ছিল। কিন্তু খরচ হয়েছে আট কোটি দুই লক্ষ বার হাজার টাকা, মাত্র ৫.০২ পারসেন্ট। কাজের মন্ত্রী, কর্মবীর পঞ্চায়েত মন্ত্রী বসে আছেন। তিনি বলছেন পশ্চিমবঙ্গ-এ নাকি জনমজুর পাওয়া যাচ্ছে না। এখানে এপ্রিল থেকে জুলাই এই সময় শুকনো সময়, এই সময় কাজ হয়। আগষ্টে বৃষ্টি হয়, সেপ্টেম্বরেও বৃষ্টি চলছে। জওহর রোজগার যোজনায় এই কর্মবীর মন্ত্রীর নেতৃত্বে মাত্র ৫.০২ পার্সেন্ট কাজ হয়েছে। এরা কাজ চায় না। একটা ডিসক্রিমিনেন্ট ডিপ্রাইভ করছে। আমার রেজলিউশনে কি বলা আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমাদের নির্বাচিত সদস্যদের কাজ করতে দেওয়া হচ্ছে না। এখানে একটা উদাহরণ দিচ্ছি। একটা গ্রাম পঞ্চায়েত মার্কসবাদী কমিউনিস্ট পার্টির সদস্য আছে ৭ জন এবং আমাদের ৬ জন সদস্য আছে। মোট ১৩ জন সদস্য।

পঞ্চায়েত মিটিং ডাকা হচ্ছে। আমরা যাচ্ছি। আমাদের সদস্যদের এলাকা ভিত্তিক পঞ্চায়েত কাজের আই. আর. ডি. পি.-এর স্পেশ্যাল কম্পোনেটের তালিকা করতে দিতে হবে। আজকে পঞ্চায়েতে যতগুলি কর্মধারা আছে তার সঙ্গে যুক্ত ভাবে আমাদের কাজ করতে দিতে হবে। একটা জায়গায় আমাদের নির্বাচিত পঞ্চায়েত সদস্যদের কাজ করতে দেওয়া হচ্ছে না। মাননীয় মন্ত্রী এটা শুনে রাখুন আপনি সেখানে ওয়ার্কশপ করছেন। মুখ্যমন্ত্রী আজকে তিনি পর্যালোচনা করছেন। আমাদের জেলা মেদিনীপুরের হলদিয়ায় তিনি গিয়েছিলেন, মিটিং করেছিলেন, ডাঃ সূর্যকান্ত মিশ্রও ছিলেন। আমাদের বক্তব্য রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত নয়। আমরা গণতন্ত্রের বিকাশ চাই। ইভলিউশন অফ পাওয়ার পঞ্চায়েতে কনসেপ্ট হোক। ডিসেন্ট্রালাইজেশন অফ প্ল্যানিং যদি পঞ্চায়েতে কনসেপ্ট হয় তাহলে ৬ জন নির্বাচিত সদস্য ন্যূনতম কাজের অধিকার পাবে। কেন একটা ভোটে জেতা ১৩ জন গ্রাম পঞ্চায়েত সদস্যদের মধ্যে কংগ্রেসের ৬ জন সদস্যকে কাজ করতে দেবেন না? আমি বলেছি যে মানুষের কথা আপনারা বলেন আমরাও সেই মানুষেরই প্রতিনিধিত্ব করি। সেই মানুষের জায়গিরদার করবার ঠিকেদারি করবার দায়িত্ব ওই সূর্যকান্ত মিশ্রের হাতে সমর্পিত নয়। আমরা ১ কোটি ৮ লক্ষ মানুষের প্রতিনিধিত্ব করি। বামফ্রন্ট ১কোটি ১৪ লক্ষ মানুষের প্রতিনিধিত্ব করে, আমাদের চেয়ে মাত্র ৬ লক্ষ বেশি মানুষের প্রতিনিধিত্ব করে। কেন আমাদের গণতান্ত্রিক অধিকার কেড়ে নেওয়া হবে? কেন আমাদের স্বাভাবিক গণতান্ত্রিক পদ্ধতিতে কাজ করতে দেওয়া হবে না? নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে পঞ্চায়েতের সম্মেলন করেছিলাম আমরা। এখানে মহিলা, আদিবাসী, তফসিলি সম্প্রদায়ের মানুষ, পিছিয়ে পড়া হরিজন মানুষ, পঞ্চায়েতের নির্বাচিত সদস্যরা এসেছিলেন। তারা বলেছিলেন আমরা মানুষের ভোটে নির্বাচিত। আমরা কাজ করব। মুখ্যমন্ত্রীর বক্তব্য শুনেছি। সংবাদপত্রে সূর্যকান্ত মিশ্রের নির্দেশ দেখেছি যে পঞ্চায়েতে সবাইকে কাজ করতে দেওয়া হবে, গোলাপ ফুলের মতো গণতন্ত্রকে বিকশিত করা হবে। কিন্তু বাস্তবে আমাদের একটা কাজও করতে দেওয়া হচ্ছে না। এই জায়গায় দাঁড়িয়ে আমরা এর প্রতিবাদ করছি। এই জায়গায় দাঁড়িয়ে আজকে মানুষের সঞ্চিত অভিজ্ঞতাকে মূলধন করে এখানে এই প্রস্তাব নিয়ে এসেছি এবং আমরা দাবি করছি, মানুষকে কাজ করতে দেয়া হোক।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার কাছে সূর্যবাবুর তৈরি করা কমিটির রিপোর্ট আছে। রা বলনে ওরা ভূমি সংস্কারে চ্যাম্পিয়ন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটা সত্য কথা নয়, টা আলবাৎ অসত্য কথা। পশ্চিমবঙ্গে ভূমি সংস্কার শুরু হয়েছে ১৯৫২ সালে বিমলচন্দ্র ংহর সময়। '৭২ থেকে '৭৭ সাল পর্যন্ত আমরা কৃষকদের পাট্টা দিয়েছি। ১৯৭২ সাল থকে ১৯৭৭ সাল পর্যন্ত আমরা সর্বদলীয় ব্লক অ্যাডভাইসারি কমিটি করে মানুষকে জমি য়েছি। সে কাজ করতে আমাদের সূর্যবাবুর কৃষক সভার দরকার হয়নি, কৃষক সভার াধ্যমে সংগঠিত গুণ্ডাদের দিয়ে মানুষের ফসল লুঠ করার দরকার হয়নি। আমরা ব্লক ্যাডভাইসারি কমিটি তৈরি করে জমি বন্টন করেছি, পাট্টা দিয়েছি, বর্গা রেকর্ড করেছি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন '৭৭ সাল পর্যন্ত আমরা ৩ লক্ষ ১০ হাজার র্গা রেকর্ড করেছিলাম। তারপর ১৭ বছরে ৭ লক্ষ ৯০ হাজার বর্গা রেকর্ড হয়েছে। আজ র্যন্ত পশ্চিম বাংলায় মোট ১১ লক্ষ বর্গা রেকর্ড হয়েছে। আমরা দেখছি কংগ্রেস এই াজের প্রতিকৃতি। অর্থাৎ কংগ্রেসই প্রথম পশ্চিমবঙ্গে বর্গা রেকর্ডিং শুরু করেছিল।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ পর্যন্ত পশ্চিমবঙ্গে ৯ লক্ষ ৫০ হাজার একর জমি ডিস্ট্রিবিউট করা হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে একটা হিসাব দেখছি, এই হিসাবে লা হচ্ছে, বিগত ১১ বছরে—১৯৮১ সাল থেকে ১৯৯২ সাল পর্যন্ত ৯৪.৩১ হাজার একর মি সূর্যবাবুর নেতৃত্বে বন্টন করা হয়েছে। তাহলে পার ডে সারা রাজ্যে ৩০ একর করে মি বিলি করা হয়েছে এবং পার ডে জেলা পর্যায়ে ১.৮ একর করে জমি বিলি করা য়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওর দল যেমন ক্ষুধার্ত কৃষকের মুখের সামনে বর্গা রেকর্ড ুলিয়ে রেখে রাজনীতি করে তেমনি এক খন্ড করে জমি ঝুলিয়ে রেখেও রাজনীতি করছে ঞ্চায়েতে এক দলীয় শাসন ব্যবস্থা প্রতিষ্ঠা করা জন্য। সেই উদ্দেশ্যে ভূমি বন্টন না করে মিকে রাজনৈতিক হাতিয়ার হিসাবে ব্যবহার করছে। গত ১১ বছরে মাত্র ৯৪ হাজার জমি বলি করেছে। ভূমি সংস্কারের নামে ভূমি সংহার করছে। সাধারণ দরিদ্র মানুষকে আরও রিদ্র মানুষ দিয়ে খুন করাচ্ছে। গ্রামে গ্রামে অত্যাচারের দাবানল জ্বলছে। পঞ্চায়েত অফিসগুলো দের ক্যাডারদের নেতৃত্বে কষাইখানায় পরিণত হয়েছে। গ্রামে কোনও উন্নয়ন কাজ নেই। াধারণ মানুষের উন্নয়ন কার্য সাধারণ মানুষের মধ্যে সামঞ্জস্য নেই, ওদের গুণ্ডা, বদমাস, ুনিদের হাতে চলে গেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গান্ধীজির স্বপ্ন, রাজীব গান্ধীর চিন্তা-ারা, নরসিমা রাও-এর সংবিধান সংশোধন আজকে ওদের হাতে পশ্চিম বাংলায় খুন হয়ে গছে। এখানে পঞ্চায়েতের অফিসগুলো উন্নয়নের মন্দির হয়নি, মসজিদ হয়নি, গির্জা হয়নি। েখানে সেগুলো সি. পি. এম.-এর কষাইখানায় পরিণত হয়েছে। তাই আজকে তার বিরুদ্ধেই আমি এখানে এই রুল ১৮৫ অনুযায়ী মোশন উত্থাপন করেছি। যদি লজ্জা থাকে তাহলে আমি আশা করব পঞ্চায়েত মন্ত্রী এই মোশনের বিরোধিতা করবেন না। আজকে সত্যিই যদি গ্রামীণ বিকাশ চান, সত্যিই যদি মানুষের স্বার্থে ক্ষমতার বিকেন্দ্রীকরণ চান তাহলে এই মোশনের বিরোধিতা করবেন না। আমরা কি দেখেছি? সূর্যবাবু বাইরে থেকে কিছু লোককে নিয়ে এসে গোটা রাজ্যকে অন্ধকারে রেখে তাদের সামনে অতি সংক্ষিপ্ত একটা রূপরেখা, চিত্র ুলে ধরার চেষ্টা করেন। প্রকৃতপক্ষে গোটা রাজ্যকে বঞ্চনার শিকারে পরিণত করেছেন। যে ভাবে পঞ্চায়েত ব্যবস্থা চলছে তার আমরা তীব্র প্রতিবাদ করি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার মোশনটি সভা গ্রহণ করবে, এই আন্তরিক দাবি সভার কাছে আপনার মাধ্যমে জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[12-50 — 1-30 p.m.] (including adjournment)

The motion of Dr. Manas Bhunia that—

Whereas the last election of the 3-tier Panchayat Bodies of the State was held amidst wide intimidation and violence by cadres of a major Ruling Party aided by a section of the administration;

Whereas people of the State braved to elect some of the Gram Panchayat and Panchayat Samities and Zilla Parishad of Member of Congress (I) resulting in the installation of Congress (I) Leadership in Gram Panchayats and Panchayat Samities ;

Whereas there are innumerable instances of discrimination and deprivation of the Congress led Panchayat Body of the State by the State Administration and Zilla Parishads ;

Whereas the Congress (I) Members of the 3-tier Panchayat Bodies in Ruling Party led Panchayat Institutions have been ignored in matters of allotment of resources and implementation of development work ; and

Whereas there are records of rampant discrimination and deprivation of the people of the areas electing Congress (I) Candidates in Panchayat Bodies in the matter of distribution and allocation of the resources under Poverty Eradication Programme of Government of India with the specific guide lines, on political consideration and partisan ground by the Ruling Party.

Therefore, this Assembly urges upon the State Government to put an end to the practices of discrimination conforming to the principle of equality and equitability and democratic norms serving the rural people of the State alike. —was then put and lost.

**শ্রী তপন হোড় :** আমার একটি পয়েন্ট অফ অর্ডার আছে। মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমাদের কংগ্রেস দলের চিফ হুইপ ডাঃ মানস ভুঁইয়া তার বক্তৃতার সময়ে ডেপুটি স্পিকারের চেয়ারকে লক্ষ্য করে উনি বলেছেন, লোকটা কালা, শুনতে পায় না—এই ধরনের কথাবার্তা বলেছেন। এই হচ্ছে ওনার রুচির পরিচয়। এটা স্বাধিকার ভঙ্গের বিষয় দাঁড়াচ্ছে কিনা আপনি বিবেচনা করবেন।

**মিঃ ডেপুটি স্পিকার :** ওসব কথা বাদ যাবে। এখন বিরতি, আবার আমরা মিলিত হব ১-৩০ মিনিটে।

(At this stage the House was then adjourned till 1-30 p.m.)

.[1-30 — 1-40 p.m.] (After Adjournment)

**শ্রী সুব্রত মুখার্জি :** অন এ পয়েন্ট অফ ইনফরমেশন স্যার, আমরা প্রত্যেক সেশনে দেখেছি প্রত্যেক বার হাউস বেলা ১০ টার সময় যেদিন আরম্ভ হয়, সেদিন দীর্ঘক্ষণ আমাদের অভুক্ত থাকতে হয়, সেজন্য ভুক্ত করার ব্যবস্থা করা হয়। এতে কংগ্রেস, সি. পি. এমের কোনও ব্যাপার নেই, আমরা কেউ সকাল ৯টায়, কেউ ৮ টায় বেরিয়েছি, অভুক্ত অবস্থায় হাউস করছি। ইট ইজ এ গ্রেস ইনজাসিটিস টু আস। আপনি কতকগুলি অভুক্ত মানুষের উপর অত্যাচার করছেন, আমি তাই আপনার কাছে দাবি করছি অন্ততপক্ষে যদি খাবার নাও দিতে পারেন অ্যাট লিস্ট কিছু মূল্য ধরে দিন।

**মিঃ ডেপুটি স্পিকার :** সুব্রতবাবু রিসেসটা তো ঐ জন্যই দেওয়া হয়েছে, খাওয়া দাওয়া করে আসবেন।

**শ্রী সুব্রত মুখার্জি :** স্যার, ধার করে খেয়ে এসেছি, যাবার সময়ে শোধ করে যেতে হবে।

**শ্রী দীপক সেনগুপ্ত :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উনি মূল্য ধরে দেবার কথা বলেছেন, আপনি বামুন মানুষ, আপনি কথাটার মূল্য বুঝবেন।

## MOTION UNDER RULE 185

**মিঃ ডেপুটি স্পিকার :** নাউ, Shri Rabin Deb please move your motion.

**শ্রীমতী আরতি দাশগুপ্ত :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অনুমতি নিয়ে মাননীয় সদস্য শ্রী রবীন দেব, শ্রী লক্ষ্মণ শেঠ যে প্রস্তাব হাউসে এনেছেন আমি সেটা প্রথমে পড়ে দিচ্ছি, পড়ে দেবার পর আমি আশা করব যে পরে আমি আমার বক্তব্য বলতে পারব।

'যেহেতু ভারত সরকারের উদারিকরণ, বেসরকারিকরণ ও আন্তর্জাতিকীকরণের নীতি দেশের সার্বভৌমত্ব ও স্বনির্ভরতাকে আঘাত করছে ;

যেহেতু এই নিঃশর্ত আত্মসমর্পনের সর্বনাশা নীতি দেশকে আত্মঘাতী পর্যায়ে নিয়ে গেছে;

যেহেতু বেকারি দূর করার মূল্যবৃদ্ধি রোধ করার এবং দেশের সুষম বিকাশের যে প্রতিশ্রুতি ১৯৯১ এ কংগ্রেস সরকার দিয়েছিল, তা পালিত হয়নি ;

যেহেতু মুক্ত বাজার নীতি, নয়া অর্থনীতি তথা আর্থিক সংস্কারের নামে দেশের স্বনির্ভরতা নষ্ট করে নয়া ভেষজ নীতি, গ্যাট চুক্তি ও নয়া শিল্পনীতি অনুসরণের ফলে লক্ষ লক্ষ কলকারখানা বন্ধ হওয়ায় মুখে ; এবং

যেহেতু রাষ্ট্রায়ত্ত শিল্পে পুঁজির বিনিয়োগ বন্ধ হওয়ায় কৃষি, গ্রামীণ উন্নয়ন ও জনকল্যাণ খাতে কেন্দ্রের বরাদ্দ হ্রাস পাওয়ায় এবং সার, সেচ, বিদ্যুৎ ইত্যাদিতে ভরতুকি কমানোর

ফলে গ্রামীণ মানুষ আজ গভীর সংকটের সম্মুখীন ;

সেই হেতু এই সভা কেন্দ্রীয় সরকারের এই ভ্রান্ত নীতির তীব্র নিন্দা করছে এবং একই সাথে রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে এই নীতি পরিহারের দাবি জানাচ্ছে।'

আমি উপসংহারে আমার বক্তব্য রাখব।

**শ্রী সুব্রত মুখার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এরকম একটা রেজলিউশন, আমার মনে হয়, মুখ্যমন্ত্রীর সঙ্গে পরামর্শ না করে, মুখ্যমন্ত্রী গতকাল একটা এ ধরনের জিনিস এখানে প্লেস করবেন সেটা না জানাতেই বোধ হয় এটা করে ফেলেছেন। আমার মনে হয়, এটা উইথড্র করলে আপনাদের মান-সম্মান বাঁচবে। রবীনবাবু, লক্ষ্মণবাবুরা কি জানেন না, এই ইস্যুগুলির উপর সমস্ত ট্রেড ইউনিয়নগুলি আন্দোলন করেছে? ইস্কো থেকে আরম্ভ করে বহু শিল্পে কি তারা আন্দোলন করেননি? রাজ্য সরকার গতকাল যা ঘোষণা করেছেন তাতে ভাবুন তো আগামী দিনে ট্রেড ইউনিয়নগুলির কি অবস্থা হবে। আজকে রাজ্য সরকারের নীতি এবং কেন্দ্রীয় সরকারের, এই দুই এর মধ্যে কিভাবে বিভাজন করবেন? গতকাল মুখ্যমন্ত্রী যে সমস্ত ঘোষণা করেছেন এবং আজকে ওরা যেসব জিনিস নিয়ে এসেছেন এত স্ববিরোধী। মুখ্যমন্ত্রী রাজ্যের শিল্পনীতি ঘোষণা করেছেন। দেশের শিল্পনীতি বিবেচনা করে রাজ্য সরকারের নীতি ঘোষণা কারা—সেটা সম্পূর্ণ আলাদা ব্যাপার, কিন্তু সার্বিক শিল্পনীতি রাজ্য সরকারের হতে পারে না। কেন্দ্রীয় সরকার তাদের ঘোষণায় বলেছেন যে, আগে যে প্ল্যান্ড ইকোনোমি ছিল সেটা থেকে সরে গিয়ে তারা ওপেন মার্কেট ইকোনোমিতে চলে গেছেন। আমাদের রাজ্যটা একটা আলাদা রাষ্ট্র নয়, স্বভাবতই কেন্দ্রীয় সরকারের এই সুনির্দিষ্ট ঘোষণার পরে—হয়ত এই নীতি নিয়ে অনেক বিতর্ক রয়েছে, হয়ত এই নীতির অনেক জায়গায় ঐক্যমত রয়েছে—কোনও রাজ্যের আলাদা কোনও নীতি হতে পারে না। দেশের কিছু মানুষ বোকা হতে পারেন, কিন্তু সমস্ত মানুষ বোকা—এটা হতে পারে না। কাজেই রাজ্যের শিল্পনীতি—এটা সমস্তটাই ভ্রান্ত। আপনি লজ্জা পাবেন আরতি দেবি, সংবাদপত্রে পড়ছিলাম, সাধারণত যে কাগজ আপনারা সবচেয়ে আগে পড়ে থাকেন সেই গণশক্তির দ্বিতীয় সংস্করণ আজকাল পত্রিকা। সেখানে বলেছে—বিদেশি বিনিয়োগের প্রচেষ্টা নেওয়া হবে, কিন্তু আপনারা এখানে আপত্তি করেছেন বিদেশি বিনিয়োগের। আপনি বলেছেন যে, বিদ্যুৎ ইত্যাদিতে ভরতুকি কমানোর ফলে গ্রামীণ অর্থনীতিতে সাংঘাতিক অসুবিধা হবে, কিন্তু মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন যে, বিদ্যুৎ, শিল্প, স্বাস্থ্য প্রভৃতিতে বেসরকারি সংস্থাগুলিকে স্বাগত জানানো হবে। আপনি কি জানেন না, বেসরকারি সংস্থার বিরুদ্ধেই আমাদের সংগ্রাম? আপনি কি জানেন না, ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন বেসরকারিকরণের ফলে কতগুণ বেশি ইলেক্ট্রিকের ডোমোস্টিক কনজামশনের রেট বেড়ে গেছে এবং আরও বাড়বে যা ঘোষণা করা হয়েছে তাতে? এরপর কি করে বলছেন যে, ইঞ্জিনিয়ারিং শিল্প, বস্ত্রশিল্প—এগুলোকে বিদেশিদের হাতে দেওয়া হবে? অবাক লাগছে—যে মুখ্যমন্ত্রী বলতেন যে, বার্ণ, ব্রেথওয়েট, জেশপ, টেকস্ম্যাকো, এসব কারখানাগুলিতে যদি কেন্দ্রীয় সরকারের নীতি অনুযায়ী যদি ২৫,০০০ ওয়াগনের অর্ডার না দেওয়া হয় তাহলে এগুলোর অস্তিত্ব থাকবে না, আজকে যেখানে দুই তিন মাস অন্তর শ্রমিকদের সেখানে মাইনে হচ্ছে, ইরেগুলারিটিজ হয়ে যাচ্ছে সবকিছুতে এবং যা নিয়ে আমাদের লড়াই চলছে,

তখন মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন যে, এগুলোকে বেসরকারিকরণ করা হোক। আজকে মাত্র ছয় হাজার ওয়াগনের অর্ডার পাওয়া গেছে, ফলে যে কোনও সময়ে সেগুলো বন্ধ হয়ে যেত পারে।

আপনার বক্তব্য কি হবে? আজকে কি তাহলে যৌথ আন্দোলনে সকলেই এই কথা বলবেন? কেন্দ্রীয় সরকারের এই নীতির বিরুদ্ধে আপনারা ধর্মঘট করছেন ২৯ তারিখে, আমরা করছি না। এই একই কারণে ৩ তারিখে আমরা রাজ্য সরকারের বিরুদ্ধে স্ট্রাইক করছি। তখন কি আপনারা আমাদের সঙ্গে সামিল হবেন এবং স্ট্রাইক করবেন? আজকে এমন একটা বিপদজনক জায়গায় এটাকে নিয়ে যাচ্ছেন। আমরা যারা সেন্ট্রাল ট্রেড ইউনিয়ন করি—আমি জানিনা কে কে ছিলেন? কালিবাবু ছিলেন, চিত্তবাবু ছিলেন—সেখানে ঠিক হয়েছিল যে চিফ মিনিস্টারকে চিঠি দেওয়া হবে। তারপরে আমরা সকলে মিলে আলোচনা করব। ওরা চিঠির উত্তর দিলেন যে, আমরা বিবেচনা করছি, আপনাদের সঙ্গে আলোচনা করব। কিন্তু কারও সঙ্গে আলোচনা করা হয়নি। কেন্দ্রীয় সরকারের ক্ষেত্রে আগে যদি এই জিনিস হত তাহলে আপনারা কি বলতেন? তারপরের লাইনটা দেখুন। সেখানে বলা হয়েছে ফ্রন্ট নয়, জ্যোতি বসুর শিল্প নীতি। এটা আমার কথা নয়। এরা কি করে এই প্রস্তাবের উপরে ভোট দেবে। এরা মানুষ নয়। এরা মুখে এক কথা বলে আর কাজে অন্য রকম করে। সৌগত রায় কি যেন একটা কথা বলে—এরা না নর, না নারী, ড্যাস—সেই রকম। সংবাদপত্র বিদ্রুপ করে বলেছে যে, ফ্রন্ট নয়, এটা জ্যোতি বসুর শিল্প নীতি। এই রকম আদি ভৌতিক জিনিস হতে পারে যে ফ্রন্ট আলাদা, আর জ্যোতি বসু আলাদা? বামফ্রন্ট আলাদা, আর মুখ্যমন্ত্রী আলাদা। আপনাদের শিল্প নীতি আলাদা, আর জ্যোতি বসুর শিল্পনীতি আলাদা? এই অদ্ভুত, অরাজনৈতিক জিনিস, ইম্প্র্যাকটিক্যাল জিনিস নিয়ে এই রিজলিউশন আনা হয়েছে। আপনারা রেজলিউশনটা ভাল করে পড়ে দেখুন। আর তার সঙ্গে যা ঘোষণা করেছেন সেটা আমি সংক্ষেপে পড়ে দিচ্ছি। আপনারা আগে বলেছেন যে, কেন্দ্রের নূতন আর্থিক নীতির সুবিধাজনক দিকগুলি কাজে লাগাতে হবে। আরতি দেবি, আপনি বাংলা নিশ্চয়ই ভাল বোঝেন। আপনি দেখুন, এক জায়গায় বলা হচ্ছে যে, কেন্দ্রীয় সরকারের ঘোষিত শিল্পনীতির সুবিধাজনক দিকগুলি কাজে লাগাতে হবে। তাহলে সুবিধাজনক দিক আছে এবং সেই সুবিধাজনক দিকগুলি নিশ্চয়ই ভাল এবং সেগুলি গ্রহণ করতে হবে। আবার আপনি রেজলিউশনে বলেছেন যে, এটা সর্বনাশা নীতি, এটাকে বাতিল করতে হবে এবং সেই কারণে ২৯ তারিখে ধর্মঘট করতে হবে। আপনারা কি করে ট্রেড ইউনিয়ন করেন আমি জানি না। বাইরে গিয়ে কি বলবেন? আপনারা একবার বলছেন যে, কেন্দ্রের শিল্পনীতির সুবিধাজনক দিকগুলি কাজে লাগাতে হবে, আবার রেজলিউশন নিয়ে এসে বলছেন যে, সাংঘাতিক খারাপ নীতি, এটাকে বর্জন করতে হবে। এই হচ্ছে অবস্থা। আপনি নিজেও গ্যাটটা ভাল করে বুঝলেন না। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর থেকে গ্যাট আছে। গ্যাটের সঙ্গে ডাঙ্কেল, তার সঙ্গে সোশ্যাল ক্লজ যুক্ত হলে, তাকে নিয়ে যদি সমালোচনা করতেন তাহলে তার একটা মানে বুঝতাম। সোশ্যাল ক্লজের বিরুদ্ধে তো খোদ ভারত সরকার। এবারে আই. টি. ও.-তে ১৮৫টা ভোট পড়েছে বিরুদ্ধে। আমরাও সেই লড়াই করছি। আপনারা কি লড়াই করছেন? আমি নিজে রেজলিউশন কমিটির সদস্য ছিলাম। আমি ভোট দিয়েছি কেন্দ্রীয় সরকারের পক্ষে।

আর গ্যাটের জন্ম তো ৩ বছর আগে হয়নি। গ্যাট দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরে হয়েছে। ৩টি প্রতিষ্ঠানের জন্ম হয়েছিল এক সঙ্গে—আই. টি. আই. টি. ও, যেটা পরবর্তীকালে গ্যাট হয়েছে এবং যেটাতে আমেরিকা পরবর্তীকালে তার সদস্য হয়নি। তার কারণ যুদ্ধের কারণে তাদের অর্থনৈতিক বাজার তখন খুব খারাপ ছিল। তারপরে যখন ওরা ডিষ্ট্রেস হল তখন গ্যাট নিয়ে এল। তাতেও যখন সন্তুষ্ট হল না তখন ডাঙ্কেল নিয়ে এল, তাতেও যখন সন্তুষ্ট হল না তখন সোশ্যাল ক্লজ নিয়ে এসেছে, সোশাল রাইটস নিয়ে এসেছে। এই সব না বুঝেই গ্যাটের বিরোধিতা করছেন। ৩০/৪০ বছর ধরে কিছু করলেন না, এই হালে ৩ মাস ধরে গ্যাটের বিরোধিতা করছেন। এটা হচ্ছে একটা দিক। দ্বিতীয় কথা হচ্ছে, বিদেশি বিনিয়োগ এবং প্রযুক্তি এই রাজ্য নেবে বলে কাল জ্যোতি বসু ঘোষণা করেছিলেন। আর আপনি বিদেশি বিনিয়োগকে বলছেন যে, বিদেশি বিনিয়োগ হলে আমাদের সর্বনাশ হবে, আমাদের সার্বভৌমত্ব নষ্ট হবে। আরতী দেবী, আপনি ভাল করে জিনিসটা বুঝুন। জ্যোতিবাবু বলছেন, বিদেশি বিনিয়োগ চাই। মৎস্য মন্ত্রী মীন দ্বীপ যেটা উঠেছে, তাকে দিয়ে দিচ্ছেন জাপানকে। [****] একটা লাভজনক প্রতিষ্ঠান, গ্রেট ইস্টার্ন হোটেল, তাকে দিয়ে দিচ্ছেন একটা ফরাসী সংস্থাকে।

জাপান, জার্মান, ফান্সকে এখানে আনলে সার্বভৌমত্ব নষ্ট হয়ে যাবে না, জ্যোতিবাবু যে শিল্প নীতি ঘোষণা করলেন তাতে সার্বভৌমত্ব নষ্ট হচ্ছে না, কেন্দ্রীয় সরকারও ওদের ডাকছে বলে ২৯ তারিখে আপনারা বন্ধ ডেকেছেন ভারতবর্ষের সার্বভৌমত্ব নষ্ট হয়ে যাচ্ছে বলে।

**মিঃ ডেপুটি স্পিকার :** সুভাষ চক্রবর্তী সিঁধে চোর বলা হয়েছে, এটা বাদ যাবে।

**শ্রী সুব্রত মুখার্জি :** তারপর কালকে ঘোষণা করেছেন "প্রতিযোগিতার বাজারে দেশি প্রযুক্তি বা দেশি জিনিসপত্র লাভ জনক নাও হতে পারে। সেই ক্ষেত্রে নূতন বিনিয়োগ প্রযুক্তিকে স্বাগত জানানো হবে।" আমরা এক সঙ্গে লড়াই করেছি জয়েন্ট সেক্টর যাতে না হয় যতই লোকসান হোক, ওদের প্রোডাকশন যতই লোকসান হোক। আমাদের লাক্স সোপ উঠে যাবে? তার জায়গায় ক্যামি আসবে? আমরা তার প্রতিবাদ করেছি। আপনারা বাইরে কোকো-কোলার জন্য প্রতিবাদ করছেন, তুলসি গাছ নিয়ে চলে যাবে, নিম গাছ নিয়ে চলে যাবে বলে ব ইরে চিৎকার করছেন আর এখানে মুখ্যমন্ত্রী ঘোষণা করছেন লোকসান হলে সেই ক্ষেত্রে—বিদেশি পুঁজি আসুক। তারপর বলছেন "অনেক বহু জাতিক সংস্থা ও অনাবাসী ভারতীয় এই রাজ্যে বিনিয়োগে উৎসাহ দেখাচ্ছে।" তারপর বলছেন "বিদ্যুৎ সড়ক যোগাযোগ গ্রোথ সেন্ট্রার ছাড়া স্বাস্থ্য ক্ষেত্রেও বেসরকারি সংস্থাকে স্বাগত জানানো হবে"। রাস্তার গর্ত বোজানোর জন্য এন. আর. আই.-কে ডাকবার চেষ্টা করছেন। হাসপাতাল চালাতে পারছেন না, এটাও বিদেশিদের দেবেন? এটা কি আপনাদের ট্রেড ইউনিয়নের কথা, শ্রমিকদের কথা? আপনাদের যদি বিবেক থাকে তাহলে বুকে হাত দিয়ে বলুন—দীর্ঘ দিন আপনাদের সঙ্গে ট্রেড ইউনিয়ন করেছি—এই কথার সাথে তাদের কথার সামঞ্জস্য আছে কিনা। সততা থাকে, বিবেক থাকে তাহলে বলুন কার স্বার্থে আপনারা এত দিন লড়াই করেছেন? [****] এই যে শিল্প নীতি ঘোষণা করেছেন এটা প্লেগের থেকেও মারাত্মক জিনিস। আমি চাই এটা

* Expanged as ordered by the Chair.

উইথড্র করা হোক। আপনারা এই নিয়ে বিতর্ক করুন, আলোচনা করুন। আমি বলছি না এর প্রতিবাদ আপনারা করবেন না। কিন্তু আজকে এটা স্থগিত থাক। আপনারা সর্বভারতীয় স্তরে আলোচনা করুন, সেন্ট্রাল ট্রেড ইউনিয়ন স্তরে আলোচনা করুন। আলোচনাটা আমাদের মধ্যে হবে। তা না করে [****] এবং ঐ যে কোনও মন্ত্রীর আড়কাটি, [***] এই দুজনে মিলে আলোচনা করে শিল্প নীতি ঠিক করে দেবেন?

**মিঃ ডেপুটি স্পিকার :** নাম বাদ যাবে।

**শ্রী সুব্রত মুখার্জি :** একটা বড় বিপদ নেমে আসবে। বিপদ শুধু আমাদের নয়, বিপদ আপনাদেরও। 'ইস্কো' নিয়ে আমরা লড়াই করেছি। ভাবুন সেই লড়াই-এর কথা। লক্ষ্মণ শেঠ মহাশয় বহু জায়গায় লড়াই করেছেন, আই. এস. আই. নিয়ে লড়াই করেছেন, পোর্ট নিয়ে লড়াই করেছেন।

[1-50 — 2-00 p.m.]

এখন কি বলবেন তাদের। স্বাভাবিকভাবেই বলতে চাই এই ব্যাপারে সর্ব স্তরে আলোচনা করুন। এই সব করে সর্বনাশ ডেকে আনবেন না। যা এখানে ঘোষণা করা হয়েছে আমি তার তীব্র প্রতিবাদ করছি।

**শ্রী ক্ষিতি গোস্বামী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটা সময়োপোযোগী প্রস্তাব এখানে আনা হয়েছে। তার উপর আমি আলোচনা করার সুযোগ পেয়েছি, এটা অত্যন্ত আনন্দের কথা। স্যার, আপনি জানেন ইতিমধ্যে সারা দেশে একটা তোলপাড় চলছে। বিভিন্ন রকম প্রশ্ন দেখা দিয়েছে। ভারত সরকার যে অর্থনীতি গ্রহণ করছেন এবং আন্তর্জাতিক অর্থ ভান্ডারের চাপে যেটা করতে হচ্ছে সেটা আমাদের দেশের পক্ষে কতটা ভাল হবে, কতটা খারাপ হবে এই সমস্ত নিয়ে বিতর্ক চলছে সারা দেশে।

আমাদের দেশকে বাঁচানোর জন্য, নতুন অর্থনীতিকে বাঁচানোর জন্য, আমরা আত্মসর্মপণের দিকে যাচ্ছি না। কেউ বলতে পারবে না আমরা কম্পালশন করে জোর করে ক্ষমতার আছি, কম্পালসন করে কিছু চাপিয়ে দেওয়া এটা আমাদের নীতি বিরোধী, সেই জায়গায় যদি হার মানতেই হয় তাহলে হার মানব। কারণ হার মানা আর আত্মসমর্পণ করা এক নয়। এই কয়েকটি কথা বলে এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সৌগত রায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সি. পি. এমের সদস্যা আরতি দাশগুপ্তা যে প্রস্তাব এনেছেন আমি সর্বাঙ্গীনভাবে তার বিরোধিতা করছি। এই প্রস্তাবের মধ্যে অনেক অসত্য কথা আছে সেইগুলি আপনাদের দেখা দরকার। উনি বলেছেন, কেন্দ্রের নয়া শিল্পনীতির ফলে লক্ষ লক্ষ কারখানা বন্ধ হওয়ার মুখে। আমি জানতে চাই কোন লক্ষ কারখানা বন্ধ হওয়ার মুখে, লক্ষ সংখ্যাটা ওর বোধহয় ধারণা নেই। দ্বিতীয়ত উনি বলছেন, কেন্দ্রীয় সরকারের কৃষি গ্রামীণ উন্নয়ন ও জনকল্যাণ খাতে কেন্দ্রের বরাদ্দ হ্রাস পাওয়ায় নাকি ক্ষতি হচ্ছে, এতবড় মিথ্যা কথা উনি কি করে বললেন। আমি এই ব্যাপারে মনমোহন সিং এর যে বাজেট স্পিচ আছে সেটা থেকে পড়ছি 'The outlay for the department of rural

---

* Expanged as ordered by the Chair.

development has been increased from about Rs. 5,000 crores in 1993-94 to about Rs. 7,000 crores in 1994-95—around forty per cent increase. Jawhar Rojgar Yojana increased from Rs. 3,306 crores to Rs. 3,855 crores." এটা কি উনি বলছেন হ্রাস পেয়েছে আউট লেজ ফর এগ্রিকালচার উইল বি রুপিজ ২,০০৫ ক্রোরস। তারপর প্লান আউটলেতে উনি বলছেন, বিদ্যুৎ এর ক্ষেত্রে প্লান আউটলে ফর পাওয়ার সেক্টর হ্যাজ বিন রেইজড ফ্রম Rs. 7,461 crores to Rs. 8,464 crores in 1994-95. উনি ঘুমাচ্ছিলেন, না ঝিমুচ্ছিলেন আমি জানিনা, এইসব প্রস্তাবের মধ্যে মূর্খের মতো কি করে লিখলেন আমি জানি না। দ্বিতীয়ত ওনারা বলছেন, ভারত সরকারের উদারিকরণ, বেসরকারিকরণ ও আন্তর্জাতিক করণের নীতি দেশের সার্বভৌমত্ব ও স্বনির্ভরতাকে আঘাত করছে, আমি বলছি প্রাইভেটাইজেশনের নীতি কেন্দ্রীয় সরকারের কোথাও নেই। ওরা ৩ বছর ধরে এই হাউসে মিথ্যা চিৎকার করছে, আমি এখানে দাঁড়িয়ে বলতে পারি ভারতবর্ষে একটাও সেন্ট্রাল পাবলিক সেক্টার আন্ডারটেকিংকে বন্ধ করে দেওয়া হয়নি, আপনারা বলতে পারবেন একটা পাবলিক সেক্টারকে প্রাইভেট সেক্টারের হাতে তুলে দেওয়া হয়েছে কিনা, কোনও পাবলিক সেক্টার আন্ডারটেকিং থেকে ডাইরেক্ট ছাঁটাই হয়েছে কিনা? শিল্পোন্নয়নের সুযোগ নিয়ে যদি সরাসরি কোনও জায়গায় শ্রমিক ছাঁটাই হত বা ডাইরেক্ট শ্রমিক এর প্রস্তাব উঠলে তার বিরোধিতা করতেই হবে। কিন্তু শুধু অসত্যর উপর দাঁড়িয়ে কতকগুলি প্রস্তাব নিয়ে এলেন, সেখানে তথ্যর কোনও ব্যাখ্যা নেই, আমি তার কোনও কারণ বুঝতে পারি না। আসলে এই প্রস্তাব হচ্ছে সিটুর সঙ্গে মুখ্যমন্ত্রীর নয়া শিল্প নীতি নিয়ে যে দ্বন্দ্ব চলছে, এই প্রস্তাব হচ্ছে তার প্রতিফলন। আপনারা জানেন শ্রীমতী আরতি দাশগুপ্ত হচ্ছেন সিটুর সেক্রেটারিয়েটের মেম্বার তার জন্য ওনাকে সেখানে জবাবদিহি করতে হয় একদিকে জ্যোতি বসুর শিল্পনীতি, অন্যদিকে তার বিরোধী সিটুর বিভিন্ন নীতি। এই ২ এর মধ্যেখানে পিস্ট হয়ে উনি এমন একটা প্রস্তাব আনলেন যেটা নাইদার ফিস নর ফাউল না নর না নারী। এমন একটা শিল্পনীতির প্রস্তাব করেছেন যেটা পশ্চিমবাংলার কোনও উন্নয়ন আনবে না। আপনি একদিকে রাজ্য সরকারকে বাঁচিয়ে কথা বলছেন, অথচ সেই আপনারাই কি করছেন গ্রেট ইস্টার্ন এর ব্যাপারে, সুভাষ চক্রবর্তী মহাশয় একটা প্রস্তাব দিয়েছেন দেড় শত কোটি টাকার সম্পত্তিকে ২৭ কোটি টাকায় প্যাসিফিক একারদের হাতে তুলে দেওয়া হবে। কিন্তু দেড় শত লোক যাদের বয়স ৫০ বছরের উপর তাদেরকে ছাঁটাই করা হবে, আরও ২ শত লোক ট্রান্সফার করা হবে ট্যুরিস্ট লজে। আপনারা এখানে বলছেন বেসরকারিকরণের বিরুদ্ধে সাহস থাকলে বলুন সুভাষ চক্রবর্তীর বিরুদ্ধে প্রস্তাবের বিরুদ্ধে, এটা বলার সাহস হল না কেন?

[2-00 — 2-10 p.m.]

আমি জিজ্ঞাসা করতে চাই একদিকে আপনারা বলছেন বক্রেশ্বরের চার নম্বর ইউনিট এবং পাঁচ নম্বর ইউনিট তৈরি করবে আমেরিকান একটি কোম্পানি, তারা সি. এস. সি. জেনারেশন করবে এবং লোক নিয়োগের পূর্ণ ক্ষমতা তাদের থাকবে। মাননীয় মুখ্যমন্ত্রী তাতে সায় দিয়েছেন। একটা বিদেশি কোম্পানি তারা তাদের ইচ্ছামতো লোক নিয়োগ করবে, আর আপনারা সেটা মেনে নিয়েছেন। আপনারা মানছেন কি মানছেন না সেটা আপনারাই বলুন।

আপনারা বলছেন কেন্দ্রীয় সরকার এখানে বিদেশি পুঁজি নিয়ে আসছে। আর আপনাদের শিল্পমন্ত্রী বিদ্যুৎবাবু সিঙ্গাপুরে গিয়েছেন বিদেশি পুঁজি ধরে আনার জন্য। আপনারা পেট্রোকেমিকেল করার জন্য জর্জ সোরসকে নিয়ে আসছেন। সোরস ক্যাপিটালকে আপনারা হলদিয়ার ক্ষেত্রে নিয়ে আসার চেষ্টা করছেন। একদিকে আপনারা কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে নিন্দা করছেন, আর এদিকে আপনারা জর্জ সোরসের পিছনে গিয়ে দাঁড়াচ্ছেন। আপনারা আবার সিমেন্সের কাছে রাজ্য সরকারের ওয়েবেল টেলিম্যাটের যে শেয়ার ছিল সেটা বিক্রি করে দিচ্ছেন। ওয়েবেল টেলিম্যাটের সঙ্গে রাজ্য সরকার যৌথ উদ্যোগে কাজ করছিলেন, সেখানে সমস্ত শেয়ার আপনারা সিমেন্সের কাছে বিক্রি করে দিচ্ছেন। সিমেন্স সেখানে ডাইরেক্ট ফারদার ইনভেস্টমেন্ট করবে। আজকে কোনটা আপনাদের আসল চেহারা সেটা বোঝা যাচ্ছে না, সি. পি. এমের বক্তব্য না সিটুর বক্তব্য। কয়েকদিন আগে সি. পি. এমের সেক্রেটারিয়েট মিটিঙে জ্যোতিবাবু বললেন, বিদেশি লগ্নিকারিরা তো এখানে দান করতে আসবেন না। আজকে আপনাদের পার্টির মধ্যে এমন অবস্থা যে হরকিষেণ সিং সুরজিৎকে দিয়ে আপনাদের এই শিল্পনীতির পক্ষে তাকে বক্তব্য রাখতে হচ্ছে। গত ১৪ই সেপ্টেম্বর রাজ্যের নতুন শিল্পনীতি চূড়ান্ত করে ঠিক হয় যে বিদেশি পুঁজি এখানে আসতে পারে। গতকাল যখন আমরা এই হাউসে নেই, সেই সুযোগে মাননীয় মুখ্যমন্ত্রী এই হাউসে তার শিল্পনীতি ঘোষণা করলেন। একদিকে আপনারা গ্যাট চুক্তির বিরোধিতা করছেন, কেন্দ্রের আর্থিক নীতির বিরোধিতা করছেন, আবার অপরদিকে বলছেন বিদেশি রাজ্যে লগ্নি করুন। ফরেন ডাইরেক্ট ইনভেস্টমেন্ট ১৯৯৩-৯৪ সালে সারা দেশে হয়েছিল ৬,৪৪৫ কোটি টাকা, সেখানে পশ্চিমবাংলায় হয়েছে মাত্র .৭৩ পারসেন্ট। মহারাষ্ট্র যেখানে ১,৪৫০ কোটি টাকা, গুজরাটে যেখানে ৩০০ কোটি টাকা, আর পশ্চিমবাংলায় সেখানে হয়েছে মাত্র ৫০ কোটি টাকা। আপনারা এখানে বলেন, আমাদের এখানে বিদ্যুতের অবস্থা খুব ভাল। এখানে পার হেড ইলেক্ট্রিকসিটি কন্সাম্পশন হচ্ছে ১৬৫ মেগাওয়াট, যেখানে গুজরাটের মতো ছোট্ট রাজ্যে হচ্ছে ১৬৩ মেগাওয়াট। এখানে ৮৮০ জন লোক পিছু একটি টেলিফোন, আর গুজরাটের মতো ছোট্ট রাজ্যে ৭৬ জন লোক পিছু একটি টেলিফোন আছে। আজকে আপনারা নিজেরা কনফিউশনের মধ্যে পড়েছেন। আজকে সিটু এবং মুখ্যমন্ত্রীর মধ্যে শিল্পনীতি নিয়ে টানাপোড়েন চলছে। আজকে এই রাজ্যে বিনিয়োগ হচ্ছে না। আমি গত দিনও এই ফিগারটা এখানে বলেছিলাম। ফরেন ইনভেস্টমেন্টে আমাদের রাজ্যের স্থান ১৩তম স্থানে। যেখানে মহারাষ্ট্রে ফরেন ইনভেস্টমেন্ট প্রোপোজাল ফাইনালাইজড হয়েছে ১৬,৪৪০ কোটি টাকা, উত্তরপ্রদেশে ৯,২৩৭ কোটি টাকা, তামিলনাড়ুতে ২,৯৬২ কোটি টাকা, আর সেখানে পশ্চিমবাংলায় হয়েছে মাত্র ৭৫৬ কোটি টাকা এবং কেরালায় হয়েছে ৭৯৫ কোটি টাকা। গত নির্বাচনের আগে জ্যোতিবাবু বক্তৃতা দিয়েছিলেন, যে পশ্চিমবাংলাকে আমরা মরুভূমি হতে দিতে পারি না। কিন্তু পশ্চিমবাংলাকে তো আপনারা মরুভূমিই করেছেন। আমরা দেখতে পাচ্ছি জ্যোতিবাবুর কথা কেউ মানছে না। সিটু তো মানছেই না। আপনাদের জন্য শ্রমিকরা আজকে স্যাক্রিফাইস করছে। খড়দার ইলেকট্রো স্টিল, সেটি সিটুর আন্দোলনের ফলে বন্ধ হয়ে গেছে। সেখানে তড়িৎ তোপদার আন্দোলন করে কারখানাটি বন্ধ করে দিয়েছে। মেটাল বক্স সাত বছর ধরে বন্ধ আছে। ৯১ জন শ্রমিক সেখানে মারা গেছে। যাতে ওটা মীমাংসা করে খোলা যায় তার জন্য ইউনিয়নের সঙ্গে ম্যানেজমেন্টের একটা চুক্তি হল। সেখানে সিটুর সাপোর্টার হচ্ছে দশ পারসেন্ট। কিন্তু সিটু

সেখানে গেট আটকে রেখেছে। শান্তিরঞ্জন ঘটক মহাশয় নিজেও বলছেন সিটুর এইভাবে গেট আটকে রাখা উচিত নয়।

সিটুর ৮০ জন লোক গিয়ে মেটাল বক্সের গেট আটকে দিল। আমরা বারবার বলেছি, কিন্তু সিটুর নেতারা শুনছেন না। কোনওটা আপনাদের শিল্পনীতি, একদিকে গ্যাট একদিকে সিটু? হান্টিং উইথ দ্য হাউন্ড অ্যান্ড রানিং উইথ দ্য হেয়ার। আপনারা খরগোশের সঙ্গে দৌড়চ্ছেন আবার কুকুরের সঙ্গে শিকার করছেন। এটাই হচ্ছে আপনাদের নীতি। আসলে, আন্তর্জাতিক ক্ষেত্রে কমিউনিজম যে সঙ্কটের মধ্যে পড়েছে, আপনারা ভেবেছেন সেই সংকট থেকে পশ্চিমবঙ্গকে উটপাখির মতো বাঁচাবেন? তাদের কন্ট্রোলড ইকনমি। আজকে চীন পুরোপুরি দরজা খুলে দিয়েছে। ইস্টার্ন ব্লকের কতগুলি দেশ, চায়না ইত্যাদি, তাদের ফরেন ইনভেস্টমেন্ট ১.৫ বিলিয়ন ডলার। ৪.৫০০ কোটি টাকার বিদেশি বিনিয়োগ পেয়েছিল গত বছরের আগের বছর। চীন পেয়েছিল ৩০ হাজার কোটি টাকা ; ৯০,০০০ কোটি টাকা বিদেশি বিনিয়োগ। চীন আজকে আগ্রহী গ্যাটের মেম্বার হতে। তারা ভারতবর্ষকে ধরেছে, তদ্বির করছে যাতে গ্যাটের মেম্বার হতে পারে। আপনারা ভারতবর্ষকে গ্যাট থেকে নাম উইথড্র করার প্রস্তাব দিচ্ছেন ; যান না, চীনকে বলুন না মহাচিনের কাছে বলতে, আমরা পশ্চিমবঙ্গের কমিউনিস্টরা আবেদন করেছি, যাতে গ্যাটে না যায়, আমরা মুখ দেখাতে পারছি না। কিউবার কাছে আবেদন করুন না, আপনারা ফিদেল কাস্ত্রোর দেশ, আমরা পশ্চিমবঙ্গের পুঁচকে কমিউনিস্ট, আমরা তোমাদের হলদিয়া থেকে গম পাঠিয়েছিলাম, আপনারা বেরিয়ে আসুন, বলতে পারবেন না? একদিকে জ্যোতি বসু তার আত্মীয়-স্বজনকে, তার পরিবারের লোকদের ইন্ডাস্ট্রিয়ালিস্ট তৈরি করছেন ; দেশ-বিদেশ ঘুরে ইন্ডাস্ট্রি করছেন ; না এগোচ্ছেন, না পেছোচ্ছেন। পশ্চিমবঙ্গকে মরুভূমিতে পরিণত করেছেন। আমরা চাই ক্লারিফাই করে বলুন, পরিষ্কার করে বলুন আপনাদের শিল্পনীতি কি? মেটাল বক্সের ক্ষেত্রে কি অবস্থা, আমরা তার মুখে শুনতে চাই।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** হোয়াট ইজ ইয়োর পয়েন্ট অফ অর্ডার?

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, এই মাত্র মাননীয় সদস্য সৌগত রায় মহাশয় তার বক্তব্যের মধ্যে উল্লেখ করেছেন, ১৪ সেপ্টেম্বর হরকিষণ সিং সুরজিৎ, তিনি পলিটব্যুরোর সভ্য ; তিনি ও জ্যোতিবাবু শিল্পনীতি নিয়ে কথা বলেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি জানাতে চাইছি যে, ১৪ সেপ্টেম্বরের এটা কে সাবস্টেন্সিয়েট করতে হবে। আর না হলে হরকিষণ সিং সুরজিতের নাম তার বক্তব্য থেকে বাদ দিতে হবে।

**শ্রী সৌগত রায় ঃ** আমাকে একটু বলতে দিন স্যার, আমাদের রুল ৩২৮ এতে আছে মেম্বারদের কি কি নিয়ম মানতে হবে। তার মধ্যে একটা নিয়ম হচ্ছে, আমরা হাউসের মেম্বারদের নিয়ে এমন কোনও অ্যালিগেশন, এমন কোনও অ্যাসপারশন করতে পারব না। আমি হরকিষণ সিং সুরজিৎ সম্বন্ধে কোনও অ্যাসপিরেশন করিনি। মাঝে মাঝে শিল্পনীতি নিয়ে রবীনবাবুকে বলতে দিয়েছেন। আমি জানতে চাই, এই বিধানসভার মধ্যে জ্যোতিবাবু আর বিনয় চৌধুরি বলতে পারেন পলিটব্যুরোতে কি আলোচনা হয়েছে, তারা পলিটব্যুরোর মেম্বার। রবীনবাবু পলিটব্যুরোতে কি আলোচনা হয়েছে তা বলবেন, এটা আমার জানা ছিল না।

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, ভারত সরকারের নয়া অর্থনীতি এবং আন্তর্জাতিকীকরণে যে প্রস্তাব উত্থাপিত হয়েছে, সেই প্রস্তাবের সমর্থনে আমি দু-একটি কথা বলতে চাই। স্যার, আমাদের নয়া অর্থনীতির গভীর সংকট কোথায় গিয়ে দাঁড়িয়েছে। আমাদের দেশে পন্ডিত জওহরলাল নেহরু যখন ভারতবর্ষের প্রধানমন্ত্রী ছিলেন, তখন দেশে বিদেশে তিনি যেতেন, সমস্ত বিদেশি রাষ্ট্রনায়কদের কাছে যেতেন, গিয়ে বিদেশি সাম্রাজ্যবাদী আগ্রাসনের বিরুদ্ধে তার বক্তব্য রাখতেন। তিনি দেশ-বিদেশ ঘুরে সমস্ত রাষ্ট্রের নেতাদের সঙ্গে আলাপ-আলোচনা করে দেশে এসে নানান ধরনের চুক্তি করতেন। আমি শুধু একটা কথা উল্লেখ করতে চাই, তৎকালীন সময়ে চিনের প্রধানমন্ত্রী চৌ. এন. লাই. এবং সোভিয়েতের ব্রেজনেভ, ক্রুশ্চেভের যে ঐতিহাসিক চুক্তি হয়েছিল, বান্দুনে যে শান্তি চুক্তি হয়েছিল, তখনকার সময়ে এই আন্তর্জাতিক স্তরে সাম্রাজ্যবাদী দুনিয়ার আগ্রাশন থেকে দেশকে শান্তির স্তরে নিয়ে যাওয়ার জন্য চুক্তি হয়েছিল।

[2-10 — 2-20 p.m.]

দেশকে শান্তি স্তরে নিয়ে যাওয়ার জন্য আগে চুক্তি হত। আর এখন আমাদের বর্তমান প্রধানমন্ত্রী কি করছেন? তিনি এখন ফেরিওয়ালা মতো সারা পৃথিবীতে ঘুরে বেড়াচ্ছেন। দেশকে বেচে দেওয়ার জন্য কথা বলছেন, ঘুরে বেড়াচ্ছেন। বিদেশে তিনি যাচ্ছেন দেশের উন্নয়নের জন্য নয়, আজকে তিনি যাচ্ছেন দেশের অর্থনীতিকে কি করে বিক্রি করে দেওয়া যায়, দেশের শিল্পকে কি করে বেসরকারিকরণ করা যায় এবং সেখানে গিয়ে তিনি আহ্বান করছেন সমস্ত বিদেশি পুঁজিপতিদের কাছে যে এস মা লক্ষ্মী বস মা ঘরে। আমার এখানে যা নেবে তাই সাড়ে ৬ আনা বলে একটা কথা আছে। তিনি এইভাবে সেখানে পুঁজিপতিদের আহ্বান করছেন। আগে যিনি প্রধানমন্ত্রী ছিলেন জওহরলাল নেহেরু তার সফর সঙ্গী ছিলেন বড় বড় কুটনীতিবিদ, তিনি যখনই বিদেশে যেতেন তখনই তার সঙ্গে এই বড় বড় কুটনীতিবিদরা যেতেন। আর আজকে প্রধানমন্ত্রীর সঙ্গে কারা যাচ্ছেন, আজকে প্রধানমন্ত্রীর সঙ্গে পুঁজিপতি গোষ্ঠীর লোকেরা, শিল্পপতিরা তারা আজকে উপদেষ্টা হয়েছেন বা তার সফর সঙ্গী হয়েছেন। এই হচ্ছে আমাদের বর্তমান দেশের, আজকে কেন্দ্রীয় সরকারের শিল্পনীতি, নয়া অর্থনীতি। যারা আজকে সাফাই গাইলেন, দুজন বিশিষ্ট ট্রেড ইউনিয়ন নেতা বিরোধী দলের, তাদের কথা শুনলে অবাক হতে হয়। দেশ আজকে কোথায় গেছে নয়া অর্থনীতির সাফল্যে তা আমরা বুঝতে পারছি। আমার সময় থাকলে পরিসংখ্যান দিয়ে বলতে পারতাম এবং সমস্ত কিছু ক্যাটাগোরিক্যালি বলতে পারতাম। কিন্তু আমার সময় নেই। আমি শুধু একটা কথাই সংক্ষেপে উল্লেখ করতে চাই যে নয়া অর্থনীতির সাফল্য আমরা বুঝতে পারছি না। নয়া অর্থনীতিতে যে মূল্যবৃদ্ধি ঘটছে তা কি আমরা বুঝতে পারি না, জিনিসপত্রের দাম আজকে আকাশছোঁয়া তা কি আমরা বুঝতে পারি না। নয়া অর্থনীতিতে কথা ছিল যে জিনিসপত্রের দাম আজকে কমবে কিন্তু আজকে সেখানে কি হচ্ছে না জিনিসপত্রের দাম বাড়ছে, বেকারি বাড়ছে। রেলের ভাড়া বাড়ছে, তেলের দাম বাড়ছে, পেট্রোলের দাম বাড়ছে, ডিজেলের দাম বাড়ছে, শেয়ার কেলেঙ্কারি হচ্ছে, এরই নাম অর্থনীতি। রাষ্ট্রায়ত্ত শিল্পগুলি কি বেসরকারিকরণ হচ্ছে না? আজ ইন্ডিয়ান ব্যাঙ্ক উঠে গেল, সেখানে কি বেসরকারিকরণ ছিল না? রেলের আজকে খড়গপুর স্টেশনকে কি ভাড়া দেওয়া হয়নি? নয়া অর্থনীতি আমরা কিছুই বুঝতে পারছি না।

মূল্যবৃদ্ধি হ্ল, বেকারি হ্ল, কলকারখানা বন্ধ হ্ল, শ্রমিক ছাঁটাই হ্ল, তারপর লে-অফ হ্ল, ক্লোজার হ্ল, এসব কি আর শ্রমিকরা বুঝতে পারে না? এসবই হচ্ছে নয়া অর্থনীতির কুফল। আমার হাতে সময় নেই। আমি নয়া অর্থনীতির আর একটি সাংঘাতিক ব্যাপার সম্বন্ধে বলব। এবং এই ব্যাপারটা আমাদের সামনে এসে হাজির হয়েছে। আজকে বিদেশি সংবাদ সংস্থার মাধ্যমে সংবাদ জগতকে আজকে বিদেশিদের হাতে তুলে দেওয়ার গভীর চক্রান্ত চলছে। বিদেশি সংবাদ মাধ্যমে নিয়ে আজকে পার্লামেন্টে জোর বির্তক চলছে এবং ইতোমধ্যে আমরা সমস্ত খবর পাচ্ছি এবং দিল্লি থেকেও আমরা খবর পাচ্ছি এম. পি.-দের কাছ থেকে যে এই মাসের নাকি ২৫ তারিখের মধ্যে আমাদের সমস্ত সংবাদ মাধ্যমকে বিদেশি সংবাদ সংস্থার মাধ্যমে অবৈধভাবে তাদের হাতে ছেড়ে দেওয়ার কথা হচ্ছে। আজকে সমস্ত সংবাদ জগতের অনেক বিশিষ্ট প্রতিনিধিরা এখানে আছেন, তাদের উদ্দেশ্যে বলব যে আজকে কি হচ্ছে? আজকে যদি বিদেশিদের হাতে এই রকম ভাবে সমস্ত সংবাদ মাধ্যম চলে যায়, যেমন রেডিও, টেলিভিশন, সমস্ত খবরের কাগজ, সমস্ত সংবাদ সংস্থাগুলির কি হাল হবে? এই হচ্ছে আপনাদের গ্লোবালাইজেশন। এটা বোঝার জন্য পন্ডিত হওয়ার দরকার নেই, কোনও অর্থনীতিবিদেরও দরকার নেই। সুতরাং আমি স্বাভাবিকভাবে বলতে চাই যে আপনারা যে নয়া অর্থনীতি গ্রহণ করেছেন তা কি আমাদের দেশের মানুষের দুঃখ দারিদ্র ঘুচিয়ে দেবে? আপনারা কি সোনার ভারত গড়ে দেবেন?

**(এই সময় মাইক অফ হয়ে যায় এবং উপাধ্যক্ষ মহাশয় পরবর্তী বক্তার নাম ঘোষণা করেন)**

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে শ্রীমতী আরতি দাশগুপ্তা এবং অন্যান্যরা যে প্রস্তাব এনেছেন তার উপর আমার বক্তব্য হচ্ছে—কেন্দ্রীয় সরকারের নয়া অর্থনীতির, শিল্প নীতির, উদার নীতির এবং গ্লোবালাইজেশনের আমাদের দল মনে প্রাণে বিরোধী। কারণ এর ফলে আমাদের দেশের শ্রমিক, কৃষক এবং সাধারণ মানুষের জীবনে সর্বনাশ নেমে আসবে। কিন্তু আমার প্রশ্ন আজকে এই প্রস্তাবের যারা উত্থাপক তাদের দল এবং তাদের দলের পরিচালিত যে সরকার, তারা আজকে যে নীতি অনুসরণ করে চলছেন তা কি এই প্রস্তাবের সঙ্গে সঙ্গতিপূর্ণ? আমার প্রশ্ন গতকাল রাজ্যের মুখ্যমন্ত্রী বিরোধীদের অনুপস্থিতিতে চুপিসারে যে শিল্প নীতি এই বিধানসভায় ঘোষণা করেছেন সেই শিল্প নীতি কি এই প্রস্তাবের সঙ্গে সঙ্গতিপূর্ণ? আপনারা বলছেন, আপনারা গ্লোবালাইজেশনের বিরোধী, অথচ অতি কৌশলে আপনাদের মুখ্যমন্ত্রী গতকাল এখানে বলে গেলেন তার বক্তব্যের পেজ থ্রি-তে "The State's considered views in respect of this economic package of reforms are well-known and an alternative proposal based on self-reliance has been suggested by the State Government whilst not isolating India from the golobal economy." এর ফলে গ্লোবালাইজেশন অব দি ইকনমিকেই সমর্থন করা হ'ল, বিদেশি পুঁজির বিরোধিতা করা হল না। পেজ ফোর-এ বলা হল, "The State Government welcomes foreign technology and investment, as may be appropriate, or mutually advantageous." এর মধ্যে দিয়ে আপনাদের স্ববিরোধিতাই প্রকাশিত হচ্ছে। আপনারা এই প্রস্তাবে বেসরকারিকরণের বিরোধিতা

করছেন, অথচ বাস্তবে 'ওয়েবল' থেকে শুরু করে 'গ্রেট ইস্টার্ন' হোটেল পর্যন্ত—যেটা লাভজনক সংস্থা, সেটাকেও ফরাসি সংস্থার হাতে তুলে দিচ্ছেন অ্যাট দি কস্ট অব দি লেবার। সেখানে শ্রমিক ছাঁটাই হবে। আপনাদের নেতা বালানন্দ বলেছেন, আজকের কাগজেই দেখলাম, "হোটেল তো পরিষেবা' সেখানে এই জিনিস হতে পারে।" এর ফলে কংগ্রেস নেতারা যে পথ খুঁজছিলেন, সেই পথ তারা পেয়ে গেলেন এবং তারা খুশি হলেন। ব্যাঙ্ক, বিমা, স্বাস্থ্য, পরিবহন, এগুলো সব পরিষেবা—বালানন্দন যখন বলেছেন তখন এগুলোও বেসরকারিকরণ করা যাবে। এটা মিথ্যাচারের রাজনীতি, চালাকির রাজনীতি। এটা দিয়ে দেশটাকে কোথায় নিয়ে যাচ্ছেন? এতকাল পর্যন্ত, হলদিয়া পেট্রো-কেমিক্যালস পর্যন্ত যৌথ পুঁজির কথা বলেছেন। এখন সরাসরি বিদেশি পুঁজিকে ওয়েলকাম করছেন। সিঙ্গাপুরের 'এলবিরু' কোম্পানিকে এখানে ডেকে আনছেন। তাদের কমপিউটার হার্ড-ওয়ার কোম্পানি এখানে হবে তার জন্য ১০০ কোটি টাকার পুরোপুরি বিদেশি পুঁজি বিনিয়োগ হবে। চুক্তি সই করবার জন্য দেবব্রত ব্যানার্জির নেতৃত্বে টিম পাঠিয়েছেন। এ জিনিস আমরা দেখতে পাচ্ছি, অথচ কালকেই গ্যাট চুক্তির বিরুদ্ধে এখান থেকে প্রস্তাব গ্রহণ করা হল। এখানে যে ইন্ডাস্ট্রিয়াল পলিসি, যে শিল্প নীতি ঘোষণা করেছেন তা কেন্দ্রীয় সরকারের নিউ ইন্ডাস্ট্রিয়াল পলিসির একদম কার্বন কপি। মুখে এক কথা বলে কার্য ক্ষেত্রে অন্য পথ গ্রহণ করে এই স্ববিরোধিতার দ্বারা দেশটাকে কোথায় নিয়ে যাচ্ছেন। আমরা দেখলাম বিদ্যুতের ক্ষেত্রে কটি হয়েছে—ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিল হয়েছে বিদ্যুতের ক্ষেত্রে, শরদ পাওয়ার তার চেয়ারম্যান। সেখানে পশ্চিম বাংলার প্রতিনিধিত্ব করছেন পশ্চিম বাংলার বিদ্যুৎ মন্ত্রী এবং তিনিই সেখানে সব চেয়ে বড় প্রবক্তা রাজ্য বিদ্যুৎ পর্যদগুলোকে বাণিজ্যিক ভিত্তিতে পরিচালনা করার। তিনি সেখানে বলেছেন, 'সরকারি নিয়ন্ত্রণ তুলে দিতে হবে, বেসরকারিকরণ করতে হবে।' একদিকে আপনারা গ্লোবালাইজেশনের বিরোধী, আন্তর্জাতিকীকরণের বিরোধী প্রস্তাব আনবেন অপরদিকে এই সমস্ত কাজ করবেন। এই মিথ্যাচারের কি জবাব দেবেন পশ্চিমবাংলার জনগণের কাছে? আমরা তো আপনাদের কথা এবং কাজের কোনও অর্থই খুঁজে পাচ্ছি না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমরা সর্বক্ষেত্রে এই জিনিস দেখছি। 'ওয়েবল'-এর ক্ষেত্রে এই জিনিস হয়েছে। অথচ এখানে রুগ্ন রাষ্ট্রায়ত্ত শিল্পের বেসরকারিকরণের বিরোধিতা করা হচ্ছে। হ্যাঁ, আমরাও বিরোধিতা করছি। অথচ রাজ্যের ক্ষেত্রে আমরা কি দেখছি? রাজ্যের ক্ষেত্রে আপনারা বলছেন, 'রুগ্ন রাষ্ট্রায়ত্ত শিল্প বেসরকারি সংস্থার কাছে বিক্রি করে দেয়া যাবে।' কারণ রাজ্য সরকারের টাকা নেই, কেন্দ্রীয় সরকারের টাকা আছে—এইসব যুক্তি মানা হবে? এইসব যুক্তি করে আপনারা কেন্দ্রীয় সরকারের যে সর্বনাশা নয়া অর্থনীতি, শিল্পনীতি এবং যেভাবে বহুজাতিক সংস্থাকে প্লি করে, ওয়েলকাম করে অবাধে লুণ্ঠন করার সুযোগ করে দিচ্ছেন কার্যত সেইসব চুক্তি, গ্যাট চুক্তি রূপায়িত করার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের হাতকে আপনারা শক্তিশালী করেছেন। সুতরাং এইভাবে প্রস্তাব গ্রহণ করে ভাবের ঘরে চুরি করে কোনও লাভ নেই।

**ডাঃ মানস ভূঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রীমতী আরতি দাশগুপ্তা, মাননীয়া সদস্যা যে প্রস্তাব এখানে আজকে উত্থাপন করেছেন সেই সম্পর্কে আমাদের মাননীয় ডেপুটি লিডার, শ্রী সুব্রত মুখার্জি এবং মাননীয় সদস্য, শ্রী সৌগত রায় সঠিক কথাই বলেছেন। যদি

জ্যোতিবাবুর গতকালের ঘোষিত শিল্প নীতিকে বিশ্লেষণ করে এবং তার সঙ্গে কথা বলে এই প্রস্তাব আনার কথা চিন্তা করতেন তাহলে এই প্রস্তাব নিশ্চিতভাবে এই সভায় আলোচিত হত না। একটা সরকার কতবড় স্ব-বিরোধী বক্তব্য রাখতে পারেন তা ভাবা যায় না। মুখ্য শাসকদলের রাজনৈতিক চিন্তা-ধারা এবং অর্থনৈতিক চিন্তাধারার মধ্যে কতটা ফারাক তা গতকালের ঘোষিত শিল্পনীতি সঙ্গে আজকের প্রস্তাবের মধ্যে তা পরিষ্কার করে ফুটে উঠেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা অত্যন্ত চিন্তার বিষয়, যে এদের মধ্যে গৃহ যুদ্ধ শুরু হয়ে গেছে নাকি? কারণ একদিকে আর. এস. পি.র সদস্যরা বলছেন, জ্যোতিবাবুর ঘোষিত শিল্পনীতি ওনার শিল্প নীতি, ফ্রন্টের শিল্পনীতি নয় আর শ্রীমতী দাশগুপ্তা বলছেন, বেসরকারিকরণ চলবে না, আন্তর্জাতিককরণ চলবে না, ফরেন ইনভেস্টমেন্ট চলবে না, মাল্টি-ন্যাশনাল কোম্পানিকে ডাকা চলবে না, কিন্তু জ্যোতিবাবু ওদের কান মুলে দিয়ে বলছেন সবটাই চলবে, আই ওয়েলকাম all investment from foreign sector and from the multi-national. শুধু তাই নয়, গতকাল যে তথ্য পেশ করেছেন শিল্পনীতি ঘোষণা করতে গিয়ে, সেখানে উনি বলেছেন, "Apart from the presence of large Indian Industrial Houses functioning in the State, a number of Multi-National Corporations (MNCs) have long been successfully operating in the State and, to name a few, they are Philips, GEC, Hindusthan Lever, ICI, Siemens, Bata, etc. A welcome development is that a good number of Non-Resident Indians (NRIs), MNCs directly or through foreign Governments and Indian Industrial Houses have in the recent past shown special interest in coming to West Bengal either for setting up new industries or expension of existing industrial units." তাই, শ্রীমতী দাশগুপ্তাকে আমি বিনীতভাবে আবেদন করব, আমরা জ্যোতিবাবুর দুটি স্বরূপ জানি—তাই বলছি, অতি নগ্নভাবে ৮০ বছরের মুখ্যমন্ত্রীকে নির্লজ্জ পরিহাসের কলঙ্কিত নায়ক হিসাবে চিহ্নিত করবেন না। আমি তাই বলছি, এই প্রস্তাব তুলে নিন, তা না হলে স্ব-বিরোধিতায় পড়বে আপনাদের ঐ রাজনৈতিক দল এবং সেটা পরিষ্কার হয়ে গেছে দ্বি-মুখি তথ্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি বলেছেন, গ্রামীণ অর্থনীতি, ভেষজ নীতি, গ্যাট চুক্তি প্রভৃতি কেন্দ্রীয় নীতিগুলি দেশের বিরুদ্ধে গেছে এবং টাকা নাকি কমিয়ে দেওয়া হয়েছে। মাননীয় সদস্য শ্রী সৌগত রায় গত বছর এবং এ বছর তার মানদন্ড পরিষ্কার করে বুঝিয়ে দিয়েছেন। সেভেন্থ প্ল্যানে ৭ হাজার কোটি টাকা গ্রামীণ উন্নয়নের জন্য ছিল। অষ্টম প্ল্যানে ৩০ হাজার কোটি টাকা ভারত সরকার নিয়োগ করেছেন। আপনি অঙ্ক ভুলে গেলেন? কোনওটা বেশি? একটা সরকার সপ্তম পঞ্চবার্ষিকি পরিকল্পনাতে গ্রামীণ উন্নয়নের জন্য দিলেন ৭ হাজার কোটি টাকা আর সেই সরকার অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় গ্রামীণ উন্নয়নের জন্য দিলেন ৩০ হাজার কোটি টাকা। তাহলে এটা কম, না বেশি হল? তারপর পাবলিক সেক্টর আন্ডারটেকিংস-এ ভারত সরকারের অর্থের বিনিয়োগের পরিমাণ হচ্ছে ১ লক্ষ হাজার কোটি টাকা।

ফিনান্সিয়াল ইনস্টিটিউট থেকে শুরু করে, কর্পোরেট সেক্টর থেকে শুরু করে আজকে তাদের ইনভেস্টমেন্ট ১ লক্ষ ২০ হাজার কোটি টাকা। এরপর শ্রীমতী আরতি দাশগুপ্তা কোন জায়গায় দাঁড়িয়ে কোন তথ্য থেকে প্রস্তাব নিয়ে এসেছেন, উনি স্ববিরোধিতায় ভুগছেন, এতে

খুবই দীনতা প্রকাশ পেয়েছে আপনার প্রস্তাব ট্রেড ইউনিয়নিস্ট আপনার তথ্যের ভিতর লেখার ভিতরে এত দীনতা দেখে বিস্মিত হয়েছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্যাট চুক্তির বিষয়ে ওরা গভীর উদ্বেগ প্রকাশ করেছেন। দুজন শ্রদ্ধেয় নেতা তাদের প্রস্তাবনায় বলেছেন বাইরেও প্রকাশ করেছেন গ্যাটের জন্য নাকি কৃষি ব্যবস্থা ভেঙ্গে পড়বে, ভরতুকি তুলে নেওয়া হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন কৃষির উপর ১৯৯৩-৯৪ সালে ৭ হাজার কোটি টাকা ভরতুকি দেওয়া হয়েছে, ১৯৯৪-৯৫ সালের আর্থিক বছরে ১ টাকা ৫০ পয়সাও কমানো হয়নি, ১ হাজার কোটি টাকা বাড়িয়ে দেওয়া হয়েছে, ৮ হাজার কোটি টাকা হয়েছে, অর্থাৎ ১ হাজার কোটি টাকা আরও বৃদ্ধি করা হয়েছে ১৯৯৪-৯৫ বছরে এক হাজার কোটি টাকা বাড়িয়ে দেওয়া হয়েছে। গতকাল মাননীয় মুখ্যমন্ত্রী সঠিকভাবে বাইরে ইনভেস্টমেন্টের কথা উদার চিত্তে পশ্চিমবঙ্গের ভবিষ্যতের কথা ভাবছেন বললেন, তিনি আহ্বান করেছেন, সিটু এবং মাননীয় মুখ্যমন্ত্রীর মধ্যে দ্বন্দ্ব চলছে পরস্পর বিরোধিতা করছে যে তাত্ত্বিক বিরোধিতা চলছে তার যে বিপদজনক বহিঃপ্রকাশ হাউসে প্রকাশিত হয়েছে এক কথায় বলা যায় সেটা শ্রীমতী দাশগুপ্তার আনীত অনাস্থা প্রস্তাব হল পশ্চিমবঙ্গের মাননীয় মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে আনীত অনাস্থা প্রস্তাব। আজকে যা হাউসে পাস হয়েছে, তাতে আগামী দিনে মাননীয় জ্যোতি বসুর মুখ্যমন্ত্রী থাকার কোনও অধিকার থাকবে না। অপর কাউকে নির্বাচন করে শ্রীমতী দাশগুপ্তার মনোনীত নেতাকে মুখ্যমন্ত্রী করুন। আপনারা সংখ্যাধিক্যের জোরে এটাকে পাস করাবেন কিন্তু নীতিগতভাবে এই প্রস্তাব উইথড্র করুন। এটা আপনাদের দলীয় নেতার বিরুদ্ধে প্রকাশ পাচ্ছে, এই প্রস্তাব উইথড্র করুন, নতুবা মাননীয় মুখ্যমন্ত্রীর পদত্যাগ দাবি করে প্রস্তাব নিয়ে আসুন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পিকার ঃ** এই বক্তৃতাটা ২টো ১২ মিনিটে শেষ হওয়ার কথা, সকলের মত নিয়ে আধ ঘন্টা সময় বাড়ালাম। আশা করি সকলের মতামত আছে, গৃহীত হল।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে প্রস্তাব মাননীয়া আরতি দাশগুপ্তা সহ মাননীয় সদস্যরা এনেছেন তাকে আবার সমর্থন করে কয়েকটি কথা উল্লেখ করতে চাই। মাননীয় সুব্রতবাবুর বক্তৃতা শুনলাম, উনি শ্রমিক ইউনিয়নের নেতা, দুর্ভাগ্যের বিষয় উনি ভন্ডামি করেন, কংগ্রেস দলটাই ভন্ড দলে পরিণত হয়েছে। গ্যাট চুক্তির ফলে আমাদের কৃষি, শিল্প বিদেশি পুঁজি এবং বহুজাতিক সংস্থার হাতে তুলে দেবার চেষ্টা করা হচ্ছে। উনি শ্রমিকদের রক্ষা করার পরিবর্তে শ্রমিকদের বিরোধিতা করছেন। এটা আলোচনা হচ্ছে। পশ্চিমবঙ্গে কতকগুলি যে শিল্পনীতি উপস্থিত করা হয়েছে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা কিন্তু কেন্দ্রীয় সরকারের সেই অর্থনীতি এবং শিল্পনীতির বিরোধিতা করছি। বহুজাতিক সংস্থা আগেও ছিল, সেটা এমন কিছু ব্যাপার নয়, কিন্তু এখন কেন্দ্রীয় সরকার যে পথ গ্রহণ করেছেন তাতে নিঃশর্তভাবে আমাদের দেশে বিদেশি পুঁজির বাজারের সিদ্ধান্ত করে দেওয়া হয়েছে। এই কৃষি এবং শিল্পনীতি যদি করেন তাতে আমাদের দেশের কৃষকের তাদের উৎপাদিত পণ্যের একটা অংশ রপ্তানির জন্য দিতে হবে, এবং কৃষিকাজে তাদের নির্মিত যন্ত্রাংশের ব্যবহার করতে বাধ্য থাকবে। মাননীয় প্রধানমন্ত্রী বলেছেন যে বহুজাতিক সংস্থাগুলি আমাদের দেশে বিনিয়োগ করবেন তাদের যদি লোকশন হয়, ১৯ শতাংশ লাভ না থাকে তাহলে কেন্দ্রীয় সরকার প্রতিশ্রুতি দিয়েছেন লাভ পুষিয়ে দেওয়া হবে। এর ফলে দেশের সার্বভৌমত্বের উপর চরম

আঘাত হানবে। স্বাভাবিকভাবেই একটা কথা মনে হয় পশ্চিমবঙ্গকে কোনও পরিস্থিতির উপর দাঁড়িয়ে চলতে হচ্ছে?

[2-30 — 2-40 p.m.]

পশ্চিমবাংলার প্রতি চরম অবেহলা করা হচ্ছে, একে মরুভূমিতে পরিণত করা হচ্ছে। মাসুল সমীকরণের ফলে আমাদের রাজ্যের ক্ষতি হয়েছে। আমাদের রাজ্যের কয়লা, লোহা অন্য রাজ্যে গিয়ে কম দামে বিক্রি হয়েছে। তারফলে চা বাগানের শিল্পপতিরা এই রাজ্যের মূলধন নিয়ে গিয়ে পশ্চিমাঞ্চলে শিল্প স্থাপন করেছেন। কেন্দ্রীয় সরকার আমাদের কিভাবে বঞ্চিত করেছেন তার আরও দৃষ্টান্ত দিচ্ছি। তারা চাইছেন, পশ্চিমবঙ্গ শিল্পহীন হোক এবং তাহলে তাদের প্রতিবাদের কণ্ঠ রোধ হয়ে যাবে। মহারাষ্ট্রে ১৯৯৩-৯৪ সালে যেখানে মূলধন বিনিয়োগ হয়েছে ৩৭ পারসেন্ট, সেখানে পশ্চিমবঙ্গে মূলধন বিনিয়োগের পরিমাণ মাত্র ২.৫ শতাংশ, অথচ সারা দেশের একটা বিরাট সংখ্যক মানুষ এই রাজ্যে বসবাস করেন। স্বাভাবিকভাবেই আমাদের আজকে বিষয়টা নিয়ে ভাবতে হচ্ছে। আজকে কেন্দ্রীয় সরকার তাদের নীতির মাধ্যমে আমাদের হাত-পা বেঁধে জলে ফেলে দিতে চাইছেন। আমরা তার থেকে বাঁচার চেষ্টা করছি। সেজন্য কেন্দ্রীয় সরকারের শিল্পনীতির পরিপ্রেক্ষিতে আমাদের আদর্শ এবং আস্থা সম্পর্কে এই নীতি আমাদের গ্রহণ করতে হয়েছে, কারণ তা না হলে আমরা পঞ্চাশ বছর পিছিয়ে যাব। ওরা কংগ্রেসি নেতা, ওরা কুলাঙ্গার। রাজ্যের উন্নতি ওরা চান না। স্বাভাবিকভাবেই কেন্দ্রীয় নীতির বিরোধিতা করতে এই প্রস্তাব আনা হয়েছে এবং একে আমি পূর্ণ সমর্থন করছি।

**মিঃ স্পিকার ঃ** মিঃ শেঠ, এখানে একবার বলা হল—মুখ্যমন্ত্রী থাকবেন, কিন্তু তাকে স্বরাষ্ট্র দপ্তর ছেড়ে দিতে হবে ; আজকে বলা হল—সি. পি. এম. থাকবে, কিন্তু মুখ্যমন্ত্রী অন্য কাউকে করতে হবে। ওদের বক্তব্য হচ্ছে এটা।

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** মিঃ স্পিকার স্যার, শ্রীমতী আরতি দাশগুপ্তা এবং আরও কয়েকজন যে প্রস্তাবটা এনেছেন তাকে আমি সমর্থন করছি। এটা কোনও পলিসি নয়, প্রস্তাব। যে বিষয়গুলি গ্যাট চুক্তির ফলে এসেছে সেটা আজকের বিষয় নয়, কয়েক বছর ধরেই চলছে। আমরা এর মাধ্যমে সেই পলিসিরই বিরোধিতা করছি। মাননীয় সদস্য সুব্রতবাবু, তিনি যখন ট্রেড ইউনিয়ন নেতা হিসাবে বলেন, আমি জানি, তখন তিনি ওদের এই শিল্পনীতি, বিদায় নীতির বিরোধিতা করেন অন্য ট্রেড ইউনিয়নগুলির সঙ্গে গলা মিলিয়ে। এবং সেখানে একটিই মাত্র তফাৎ, সেটা আন্দোলনের ধারার তফাৎ, ডিগ্রির তফাৎ। সৌগতবাবুকে বুঝি। তিনি জিনিসটা চমৎকার হয়েছে বলেন। মানসবাবুর কথা ছেড়েই দিলাম। এখন সেখানে এই এফেক্টগুলি হয়েছে। এই যে এফেক্টগুলি হয়েছে, এটা অত্যন্ত মারাত্মক জিনিস। যে ঘটনাগুলি ঘটছে, এই ঘটনাগুলি আরও মারাত্মক আকার ধারণ করবে এবং এফেক্টগুলিও মারাত্মক হবে। প্রতিদিন খবরের কাগজ দেখলে আপনারা বুঝতে পারবেন যে একটার পর একটা কি ভাবে মারাত্মক আকার নিচ্ছে। গতকাল এখানে কৃষির উপরে প্রভাব নিয়ে গ্যাট চুক্তি আলোচনা হয়েছিল, ওরা ছিলেন না, তাতে অনেক সদস্য যারা অভিজ্ঞ তারা সেকথা বলেছেন। যেমন ধরুন, গত কয়েক বছর মিনিকিট বলে একটা চাল পাওয়া গেছিল। শোনা

যাচ্ছে যে সেই বীজটা আমাদের দেশে নাকি ব্যবহার করতে পারবে না। সেটা নকি দুটোর সংমিশ্রণে চলে যাচ্ছে অন্য কোথায়। এই রকম আরও বিভিন্ন রকম জিনিস আছে। আজকে কিম্বা কালকের কাগজে দেখবেন যে ইন্দো-ওম্যান যে গ্যাস চুক্তি তাতে কেন্দ্রীয় সরকারের দুটো দপ্তরের মধ্যে বিরোধ হচ্ছে। একটা ডিপার্টমেন্ট বলছে যে এটা খুব ভাল। আর একটা দপ্তর বলছে যে এর ফলে গ্যাস সাপ্লাই আমাদের ফার্টিলাইজার ইন্ডাস্ট্রিতে বেড়ে যাবে এবং তার ফলে সারের দাম বেড়ে যাবে। এর ফলে চাষীদের উপরে চাপ পড়বে এবং খাদ্য-শস্যের দাম বাড়বে। এই রকম আরও অনেক আছে। যেমন—একটা ডিপার্টমেন্ট সিন্থেটিক আনতে চাচ্ছেন। তা নিয়ে ঐ দপ্তরের সঙ্গে টেক্সটাইল ডিপার্টমেন্টের মধ্যে ঝগড়া চলছে। একটা ডিপার্টমেন্ট বলছে সিন্থেটিক আনতে হবে না, আর Textile ডিপার্টমেন্ট বলছে আনতে হবে। কাজেই এর এফেক্টগুলি হচ্ছে মারাত্মক। এটা নিয়েই আলোচনা এবং এটা ভারতবর্ষের বেশির ভাগ মানুষ বুঝেছেন এবং প্রতিবাদও করেছেন। এটাই হচ্ছে এই প্রস্তাবে যে দিকটা আছে। আমি গতকাল বলেছিলাম যে, এর প্রতিবাদ করার জন্য মানুষকে আরও বেশি করে বোঝাতে হবে। সমস্ত শ্রেণীর মানুষকে বোঝাতে হবে—কৃষক, শ্রমিক, মধ্যবিত্ত, বুদ্ধিজীবী এবং শিল্পপতি পর্যন্ত। মানুষ যাতে সমস্ত জিনিসটা বোঝে সেই চেষ্টা করতে হবে। কিন্তু আজকে ওরা যে কথা বলবার চেষ্টা করছেন, সুব্রতবাবু কিছুটা করেছেন, সৌগতবাবুও করেছেন, মানসবাবু তো আরও অনেক জিনিস বলেছেন, এগুলি ঠিক নয়। রাজ্য সরকারের পক্ষ থেকে গতকাল মুখ্যমন্ত্রী যে শিল্পনীতি ঘোষণা করেছেন, তার কপি ওরা পেয়েছেন। সেই শিল্পনীতির সঙ্গে এই প্রস্তাবের কোনও বিরোধ নেই। আমাদের রাজ্য সিটু এবং কেন্দ্রীয় যে সিটু আছে তাদের সঙ্গে কোনও বিরোধ নেই। সুব্রতবাবু একটা কথা উল্লেখ করেছেন। এটা ঠিকই যে পশ্চিমবঙ্গে বা অন্যান্য স্টেট গভর্নমেন্ট যেগুলি আছে, আমরা ভারতবর্ষের মধ্যে বাস করছি। এখানে যে শিল্পনীতি বা আর্থিক নীতি বা ফিসক্যাল পলিসি ইত্যাদি হয় সেটা কেন্দ্রীয় ভাবে ঠিক হয়, কেন্দ্রীয় সরকার ঠিক করেন। পশ্চিমবঙ্গ যদি একটা ওয়েস্ট বেঙ্গল রিপাবলিক হত, একটা স্বাধীন স্টেট হত তাহলে স্বাধীন ভাবে করা যেত যেটা আমরা পছন্দ করি। কিন্তু কোনও স্টেটের এটা করার উপায় নেই। কেন্দ্রীয় সরকার যে শিল্পনীতি, নয়া আর্থিক নীতি বা অন্যান্য নীতি নিয়েছেন, তার মধ্যে যেটা গ্যাটের মাধ্যমে চুক্তিবদ্ধ হয়েছেন, খাতায় উঠে গেছে, আমরা নীতিগত ভাবে তার বিরোধিতা করেছি এবং এখনও করব। কিন্তু আমাদের বিরোধিতা সত্ত্বেও আমাদের এই রাজ্যে থাকতে হবে, শিল্প ইত্যাদি গঠন করতে হবে। আর একথা কখনও বলা হয়নি যে বিদেশি পুঁজিকে বর্জন করতে হবে। একথা বলা হয়েছে যে, বিদেশি পুঁজি কি শর্তে নেওয়া হচ্ছে সেটা দেখতে হবে। এমন কোনও শর্তে আমরা নেব না, যে শর্তে নিলে আমাদের দেশের সার্বভৌমত্ব খর্ব হবে। এ ধরনের কথা জানেন...

[2-40 — 2-50 p.m.]

(গোলমাল)

এধরনের সঙ্গে চুক্তি হয়েছে মহারাষ্ট্রে গভর্নমেন্টের যে, যে বিদ্যুৎ সাপ্লাই হচ্ছে তার ১৬ পারসেন্ট প্রফিট গ্যারান্টি, তারপর কাউন্টার গ্যারান্টি, সোভারিন গ্যারান্টি এবং নানা গ্যারান্টি আছে। দ্বিতীয়ত কথা হচ্ছে টেকনোলজি। টেকনোলজির কথা আমরা বলেছি যে

অ্যাপ্রোপিয়েট টেকনোলজি হওয়া দরকার, যে টেকনোলজি আমাদের পক্ষে কাজে লাগবে, আমাদের রাজ্যের পক্ষে কাজে লাগবে, আমাদের দেশের পক্ষে কাজে লাগবে। তারপর সমস্ত কন্ডিশন এমন হওয়া উচিত নয় যাতে আমাদের বাধায় পড়তে হয়। পুঁজি কোথায় আসবে সেটা একটা স্পেসিফিক এরিয়া নির্দ্দিষ্ট থাকবে। যারা এখানে পুঁজি ঢালবে সব তাদের উপর নির্ভর করবে তা নয়, তারা যা বলবে তা হবে না। সেই ব্যাপারে বসে আলোচনার মাধ্যমে মিউচুয়ালি এগ্রিয়েবল টার্মস অ্যান্ড কন্ডিশন যেটা হবে তার উপর নির্ভর করবে। কাল মাননীয় মুখ্যমন্ত্রী যে শিল্প নীতি ঘোষণা করেছেন তাতে সেই কথাগুলি আছে। সৌগতবাবু, একটা কথা বলি। এই কথা ঠিক যে সমস্ত রাষ্ট্রায়ত্ত শিল্প কারখানা আছে সাইন বোর্ড বদলে কোনও প্রাইভেট কোম্পানি হয় না, সেটা সম্ভব নয়। হয় না এই কারণে সেটা সম্ভব নয় বলে। অন্য ভাবে হচ্ছে, ইক্যুইটি শেয়ার বিক্রি করে দেওয়া হচ্ছে। ইক্যুইটি শেয়ার শুধু পাবলিককে নয়, শুধু সাধারণ পাবলিককে নয়, বড় বড় লোককে বিক্রি করা হচ্ছে। তাই নিয়ে অনেক কেচ্ছা বেরিয়েছে, অনেক কিছু বেরিয়েছে। আমাদের রাষ্ট্রায়ত্ত শিল্প একেবারে অকেজো নয়। কালকে আপনি দেখবেন সেল নিয়ে বিদেশি বিশেষজ্ঞরা বলেছেন সেলের পোটেন্সিয়ালিটি অনেকে বেশি, বাইরের বড় বড় শিল্প আছে, ইস্পাত শিল্প আছে তার চেয়েও বেশি। সেখানে এই সমস্ত কথাবার্তা উঠছে। এটা হচ্ছে ওদের পলিসির ব্যাপার। রাজ্যের যে নীতি তাতে পাবলিক সেক্টর আমরা রাখবার চেষ্টা করছি, আমরা রাখছি এবং তার গুরুত্ব দিই। এ ছাড়া হচ্ছে জয়েন্ট সেক্টর। এই কথা ঠিক যে আজকে প্রাইভেট সেক্টর যা আছে সেটা বর্জনীয় নয়। মানসবাবু অনেক কথা বলেছেন। ফিলিপস ইত্যাদি তো বহু বছর ধরে আছে, তারা ইন্ডিয়ানাইজ হয়ে গেছে। বর্জন করা হয়নি। যারা এখানে আছে তাদের কি ফেলে দিতে হবে? নাকি আপনাদের কথা অনুযায়ী তাদের বলে দিতে হবে যে আপনারা গুজরাটে চলে যান, মহারাষ্ট্রে চলে যান। আপনারা বলতে পারেন। আপনার সাহস থাকে বলুন না যে বাটা, হিন্দুস্থান লিভার ইত্যাদি যে সমস্ত পশ্চিমবাংলায় আছে সেইগুলি আর থাকবে না, আপনারা তুলে মহারাষ্ট্র, গুজরাটে পাঠিয়ে দেবেন। সাহস করে গিয়ে বলুন না দেখি। বাটাকে গিয়ে বলুন না যে তোমরা কেন আছ এখানে, মহারাষ্ট্র চলে যাও। সুতরাং সেটা কথা নয় এবং তার মধ্যে কোনও স্ববিরোধ নেই।

আমি জানি কার ইউনিয়ন কি ভাবে আছে, সুব্রতবাবুও সেটা জানেন, সৌগতবাবু কিছুটা জানেন। দ্বিতীয় কথা হচ্ছে, আমাদের যে শিল্প নীতি মাননীয় মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন তার মধ্যে শ্রমিক মালিক সম্পর্ক, শ্রমিকদের কারেক্টিভ বারগেনিং, সেখানে শ্রমিক কর্মচারিদের জেনুইন ইন্টারস্টে ইত্যাদি সেই গুলি রক্ষিত হবে সেই কথাগুলি সেখানে পরিষ্কার ভাবে আছে। আমাদের কথা হচ্ছে সিলেক্টিভ এরিয়া আলোচনা করে ঠিক হবে। টেকনোলজি, অ্যাপ্রোপ্রিয়েট টেকনোলজি হবে। মিউচুয়ালি এগ্রিয়েবল টার্মস অ্যান্ড কন্ডিশন হবে এবং পাবলিক সেক্টার হতে জয়েন্ট সেক্টার হতে পারে প্রাইভেট সেক্টার হতে পারে। আজকে কেন্দ্রীয় সরকার যে নীতি নিয়েছেন তার সঙ্গে এর তফাৎ আছে। তার অনেক উদাহরণ আছে সুব্রতবাবু জানেন। কেন্দ্রীয় সরকারের যে পলিসি সেই পলিসিতে এমনকি তাদের নিজস্ব কিছু বলার এক্তিয়ার নেই, যদি ইচ্ছাও করেন তাহলেও বলতে পারবেন না, মানতে হবে। অন্য দিকে হচ্ছে তারা যে ডিস্ক্রিমিনেশন করছেন, এটা সত্যি কথা, এখনও তারা করছেন। যে

সমস্ত বিদেশি পুঁজি আছে তাতে পশ্চিমবাংলা বিহার সহ সমস্ত ইস্টার্ন রিজিওনে অত্যন্ত সামান্য।

পশ্চিমবঙ্গে বা ইস্টার্ন রিজিয়নে এত সামান্য কেন হচ্ছে, এত কম কেন দিল্লির কাছে জিজ্ঞাসা করুন। মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন যে পশ্চিমবঙ্গের ক্ষেত্রে এই যে শিল্পনীতি সেইদিক থেকে বিশেষভাবে দেখা উচিত ছিল।" পশ্চিমবঙ্গে ভারতবর্ষের অন্যান্য বিভিন্ন রাজ্যের মানুষ কাজ করছে। এই পশ্চিমবঙ্গে অরগানাইজড ফ্যাক্টরে ৫৪ পারসেন্টের উপরে বাংলার বাইরের লোক আসছে, রোজগার করছে। ভারতবর্ষের সমস্ত ধর্মের মানুষ ভাষাভাষীর মানুষ, কৃষ্টির মানুষ বাস করে, তাদের উপরে ডিস্ক্রিমিনেশন করা হচ্ছে। কিন্তু তা সত্ত্বেও সুব্রতবাবু যে বিশেষত্বের পরিচয় দিয়েছে এবং তিনি যে বুঝেছেন আজকে এই কেন্দ্রীয় শিল্পনীতির ফলে শ্রমিক কর্মচারিরা মার খাবে এরজন্য তাকে ধন্যবাদ। আপনারা সমস্ত ব্যাপারটা বিবেচনা করে এই আরতি দাশগুপ্ত আনীত প্রস্তাবের বিরোধিতা করবেন না।

(গোলমাল)

**মিঃ স্পিকার ঃ** আপনারা বসুন, বসুন, কোনও রেকর্ড হবে না। এইভাবে চলতে পারে না।

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** মেটাল বক্সের শ্রমিকরা যদি চুক্তি মানতে না চায় তারজন্য আমরা কি করব? আপনারা তো গ্যাট চুক্তির ক্ষেত্রে গোপনে চুক্তিপত্রে সই করেছিলেন, তারপরে আলোচনা করেছিলেন। সুতরাং এইসব কথা বলে কোনও লাভ নেই। আপনারা লোকসভাতে আগে ইকোনমিক পলিসি, ফিসক্যাল পলিসি নিয়ে কোনও আলোচনা করেননি। আপনাদের শর্তগুলো লোকসভাতে কেনও জানাননি। সুতরাং আজকে লেফট ফ্রন্ট সরকারের শিল্পনীতি ঘোষণা করার ব্যাপারে কথা বলছেন, আপনাদের মুখে এইকথা মানায় না। যাইহোক আমি এই প্রস্তাবকে সমর্থন করে আবার বলছি যে, মুখ্যমন্ত্রী যে শিল্পনীতি ঘোষণা করেছেন সেটা এর স্ববিরোধী নয় এবং তারসঙ্গে এই প্রস্তাবের কোনও বিরোধিতা নেই সুতরাং মানসবাবু যে আকাশ কুসুম দেখছেন তাতে কোনও উপায় হবে না, তিনি কোনওদিন ফানুস হয়ে যাবেন।

[2-50 — 3-00 p.m.]

**শ্রীমতী আরতি দাশগুপ্তা ঃ** মাননীয় স্পিকার মহোদয়, এতক্ষণ ধরে বিরোধীপক্ষের নেতারা আমাদের জ্যোতিবাবুর সঙ্গে সিটুর কত ধরনের কলহ আছে, কত ধরনের বিরোধ আছে সেটা তারা বলাবর চেষ্টা করলেন। স্যার, আপনি জানেন একটা কথা চালু আছে আত্মবৎ মনোমতো জগৎ। ৪০ জনের মধ্যে যদি ৬টি দল থাকে, একজন যদি দলের প্রধান হন, আরও যদি ১৬ জন বলেন আমরা ঐ নেতাকে মানি না, এর চেয়ে বড় চিন্তা ওনারা করবেন কি? আমার দ্বিতীয় কথা সুব্রতবাবু যদি অনুগ্রহ করে পরের মুখে ঝাল না খেয়ে জ্যোতিবাবু যে নীতির কথা বলেছেন এবং আমরা যা বলেছি সেটা যদি দেখতেন তাহলে উনি দেখতে পেতেন স্ববিরোধিতা নেই। আমি যে প্রস্তাব দিয়েছি, সেই প্রস্তাবে আমি বলেছি এই নিঃশর্ত আত্মসর্মপণ আমরা বলিনি, আপনারা আন্তর্জাতিক ক্ষেত্রে কোনও ঋণ গ্রহণ করবেন

না আমি বলিনি, আপনারা এমন কিছু কাজ করবেন না যাতে সাধারণ লোক আপনাদেরকে নিন্দা করতে পারে। আমি এখানে বলেছি, নিঃশর্ত আত্মসর্মপণ করছেন আমাদের সরকার। আপনারা দেখুন জ্যোতিবাবু যে শিল্পনীতি নিয়েছেন সেটা একটু যদি পড়তেন তাহলে সেখানেও দেখতে পাবেন, এখানে তিনি বলছেন, আপনরা 'কি' নোটটা দেখুন, মিউচ্যুয়াল ইন্টারেস্টে যদি কোনও টেকনোলজি, কোনও ইনভেস্টমেন্ট, কোনও রকমের কোনও ঋণ পশ্চিমবাংলায় আসে তাহলে সেটা তারা মেনে নেবেন, কারণ পশ্চিমবঙ্গ ভারতবর্ষে বাইরে নয়, মিউচ্যুয়াল ইন্টারেস্টের কথাটা মনে রাখবেন। তিনি বলছেন অ্যাপ্রোপ্রিয়েট এবং মিউচুয়ালি অ্যাডভান্টেজিয়াস এই দুটো যদি হয় তাহলে আমরা তো তাতে আপত্তি করি না। আপনারা জানেন পশ্চিমবাংলায় দীর্ঘদিন ধরে মাল্টিন্যাশনালরা আছে এবং থাকবে, কিন্তু যে ভাবে আপনারা মাল্টিন্যাশনালকে ডেকে আনছেন এই ব্যাপারে শান্তিবাবু বললেন, সঙ্গে সঙ্গে সৌগতবাবু তার পুরনো নোট থেকে কতকগুলি ডাটা বার করে গরুর রচনার মতো শুনিয়ে দিলেন, আমি বলি এই প্রসঙ্গে আরান ইলেক্ট্রিক্যাল কোম্পানি দাভালে শুরু হচ্ছে মাল্টিন্যাশনাল কোম্পানি, সেখানে তো বললেন না ইন্ডিয়া গভর্নমেন্ট তারা বলেছেন যদি তারা লাভ করতে না পারে ১৬ শতাংশ থেকে ১৮ শতাংশ, সেই লাভের ক্ষেত্রে তারা গ্যারান্টি করবেন। কিন্তু গ্যারান্টি মানে তো আপনি জানেন পশ্চিমবাংলার বিদ্যুৎমন্ত্রী যখন কথা বলতে গেলেন সেখানে তারা বললেন এস. ই. বি.-র জন্য ৩ শতাংশ, আর এন. টি. পি.-কে ১০ শতাংশর বেশি লভ্যাংশ দেওয়ার কথা মনে করছেন না। আমার বক্তব্য হচ্ছে নিঃশর্ত আত্মসর্মপণ ছাড়া আর কি? এই প্রসঙ্গে আমার একটা লাইন মনে পড়ে যাচ্ছে—আমার সোনার ধানে গিয়েছে ভরে, এবার আমারে নাও অনুগ্রহ করে। সৌগতবাবু এই প্রসঙ্গে বলতে গিয়ে চায়নার ইনভেস্টমেন্টের কথা বললেন, তিনি কি জানেন, ৯৬ সালে তারা যে বড় বড় মোটর কোম্পানির সঙ্গে ফ্রান্সের রেনো, পিজো, সুইডেনের ভলভো, ইটালির ফিয়েট, আমেরিকার ক্রাইসলার, জেনারেল মোটর, জার্মানির ভক্সওয়াগান এদের সঙ্গে যে অ্যাগ্রিমেন্ট করেছেন তারা বলেছেন, তারা বলেছে ২ বছরের মধ্যে সেই এগ্রিমেন্ট বন্ধ হয়ে যাবে। এবং ৪০ শতাংশ যন্ত্রাংশ চায়নার নিজস্ব যন্ত্রপাতি থেকে নিতে হবে। এই ধরনের অ্যাগ্রিমেন্ট যদি আমাদের কেন্দ্রীয় সরকার করেন তাতে আমাদের আপত্তি নেই। কিন্তু তারা কি বলছেন, তারা বলছেন, কলকাতার রাস্তায় যদি টয়টো চলে তাহলে তারা খুশি হবেন এবং স্বাথর্ক হবেন বলে মনে করেন। আমরা যে শিল্পনীতির কথা বলেছি, সেই শিল্পনীতির কথা সুব্রতবাবু মর্মে মর্মে উপলব্ধি করেন, তাই তো ওরা ইস্কোর সময় আমাদের সঙ্গে হেঁটেছেন, তার জন্য ওরা বি. আই. আর. এ আমাদের সঙ্গে চলেছেন। গ্রেট ইস্টার্ন এর কথা বলছেন বলুন।

কিন্তু গ্রেট ইস্টার্ন হোটেলে আমরা ইস্কোর মতো এক তরফা এগ্রিমেন্ট করতে চাই না। আমরা গ্রেট ইস্টার্নের ব্যাপারে সমস্ত কর্মচারীকে সঙ্গে রেখে, তাদের সঙ্গে আলোচনা করে সিদ্ধান্ত নেব কি হবে, কি হবে না। আর গ্রেট ইস্টার্নের কথা ভবিষ্যতে আলোচনা করা যাবে। আপনি বললেন আমাকে বুকে হাত দিয়ে বলতে, সৌগতবাবু আপনি নিজের বুকে হাত দিয়ে বলুন তো এই শিল্পনীতির জন্য আজকে শ্রমিকদের অবস্থা কি। আজকে মালিকরা চার্টার অফ ডিমান্ড মানছে না। মালিকরা প্রভিডেন্ট ফান্ডের টাকা জমা দিচ্ছে না, ই. এস. আইয়ের টাকা জমা দিচ্ছে না। কিভাবে আজকে তাদের আটকাবেন সেটা বলুন। সৌগতবাবু

বক্তব্য রাখার সময়ে সেই পুরনো সুরেই সুর মিলিয়ে আজও অনেক কথা বললেন। আপনারা জেনে রাখবেন, আমরা শুধু এই হাউসের মধ্যেই আমাদের বক্তব্য রাখছি না, আমরা পশ্চিমবাংলা ও গোটা ভারতবর্ষে এই শিল্পনীতি ও অর্থনীতি ও কেন্দ্রের সমস্ত নীতির বিরুদ্ধে আমাদের বক্তব্য আমরা রাখছি এবং আগামী ২৯শে সেপ্টেম্বর আমরা বাংলা বন্ধ এবং ভারত বন্ধ ডেকেছি। গোটা ভারতবর্ষের লোক সেদিন ধিক্কার জানাবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shrimati Arati Dasgupta that—

"যেহেতু ভারত সরকারের উদারীকরণ, বেসরকারিকরণ ও আন্তর্জাতিকীকরণের নীতি দেশের সার্বভৌমত্ব ও স্বনির্ভরতাকে আঘাত করছে ;

যেহেতু এই নিঃশর্ত আত্মসমর্পনের সর্বনাশা নীতি দেশকে আত্মঘাতী পর্যায়ে নিয়ে গেছে;

যেহেতু বেকারি দূর করার, মূল্যবৃদ্ধির রোধ করার এবং দেশের সুষম বিকাশের যে প্রতিশ্রুতি ১৯৯১-এ কংগ্রেস সরকার দিয়েছিল, তা পালিত হয়নি ;

যেহেতু যুক্ত বাজার নীতি, নয়া অর্থনীতি তথা আর্থিক সংস্কারের নামে দেশের স্বনির্ভরতা নষ্ট করে নয়া ভেষজ নীতি, গ্যাট চুক্তি ও নয়া শিল্পনীতি অনুসরণের ফলে লক্ষ লক্ষ কল-কারখানা বন্ধ হওয়ার মুখে ; এবং

যেহেতু রাষ্ট্রায়ত্ত শিল্পে পুঁজির বিনিয়োগ বন্ধ হওয়ায় কৃষি, গ্রামীণ উন্নয়ন ও জনকল্যাণ খাতে কেন্দ্রের বরাদ্দ হ্রাস পাওয়ায় এবং সার, সেচ, বিদ্যুৎ ইত্যাদিতে ভরতুকি কমানোর ফলে গ্রামীণ মানুষ আজ গভীর সঙ্কটের সম্মুখীন ;

সেই হেতু এই সভা কেন্দ্রীয় সরকারের এই ভ্রান্ত নীতির তীব্র নিন্দা করছে এবং একই সাথে রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে এই নীতি পরিহারের দাবি জানাচ্ছে।"
was then put and a division taken with the following Results :—

**AYES**

Abdul Haque, Shri

Abul Hasnat Khan, Shri

Adhikari, Shri Nityananda

Bal, Shri Saktiprasad

Bose, Shri Shyamaprasad

Barman, Shri Jogesh Chandra

Bhakat, Shri Buddhadeb

Biswas, Shri Kanti

Bouri, Shri Haradhan

Chakrabarty, Shri Deb Narayan

Chakraborty, Shri Umapati

Chatterjee, Shri Anil

Chatterjee, Shrimati Santi

Das, Shri Ananda Gopal

Das, Shri Bidyut Kumar

Das Gupta, Shrimati Arati

Deb, Shri Rabin

Dey, Shri Lakshmi Kanta

Dhar, Shri Padmanidhi

Duley, Shri Krishnaprasad

Ganguly, Shri Shanti

Ghatak, Shri Santi Ranjan

Ghosh, Shri Biren

Ghosh, Shri Susanta

Goswami, Shri Kshiti

Hazra, Shri Haran

Hazra, Shri Sundar

Hore, Shri Tapan

Jam-Adar, Shri Badal

Jana, Shri Manindra Nath

Mahata, Shri Kamala Kanta

Maji, Shri Surendra Nath

Mondal, Shri Bhadreswar

Mondal, Shri Kshiti Ranjan

Mondal, Shri Raj Kumar

Mondal, Shri Manik Chandra

Misra, Dr. Surya Kanta

Mistry, Shri Bimal

Mitra, Shrimati Sabitri

Moitra, Shri Birendra Kumar

Mukherjee, Shri Anil

Mukherjee, Shri Nirmal

Murmu, Shri Maheswar

Murmu, Shri Sarkar

Nanda, Shri Brahmamoy

Neogy, Shri Brajo Gopal

Oraon, Shri Jagannath

Pathak, Shri Patit Paban

Roy, Shri Mrinal Kanti

Roy, Shri Narmada

Sanyal, Shri Kamalendu

Saren, Shri Subhas Chandra

Sarkar, Shri Deba Prasad

Sarkar, Shri Nayan

Sarkar, Shri Sisir

Sahis, Shrimati Bilasibala

Sen, Shri Dhirendra Nath

Seth, Shri Lakshman Chandra

Shaw, Shri Prabin Kumar

Shish Mohammad, Shri

Singh, Shri Lagan Deo

Sinha, Shri Prabodh Chandra

Tirkey, Shri Monohar

**NOES**

Banerjee, Shri Ambica

Banerjee, Shri Prabir

Basu, Dr. Hoimi

Bhowmik, Shri Manik

Bhunia, Dr. Manas

Das, Shri Sanjib Kumar

MD. Abul Karim Choudhury, Shri

Mukherjee, Shri Subrata

Roy, Shri Saugata

The Ayes being 63 and Noes 9 the Motion was carried.

**Mr. Speaker :** Now Shri Subrata Mukherjee please move your motion.

## MOTION UNDER RULE 185

**Shir Subrata Mukherjee :** Sir, I beg to move that—

Whereas there are innumerable glaring instances of various types of practices of discrimination and deprivation of the people living in as many as 570 Wards of various Municipalities and Municipal Corporations of the State electing Congress Councillors and Corporators; of various Municipalities and Municipal Corporations ;

And whereas minimum civic amenities like drinking water, drainage and roads are not being provided to the people of the Wards electing Congress Councillors and Corporators ; and

Whereas even the poverty eradication programmes of the Central Government are not being applied and implemented in the Wards of the Municipalities and Municipal Corporations electing Congress Councillors and Corporators in the State, depriving the people of the benefits of the Central Government.

Therefore, this Assembly urges upon the State Government to put an end to the practice of discrimination and deprivation of the people only on partisan consideration and render equal and equitable assistance and resources for improvement of the living conditions of all the people of all the urban areas of the State.

[3-00 — 3-10 p.m.]

**শ্রী বিশ্বনাথ মিত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সুব্রতবাবুর এবং আরও দুজন কংগ্রেস সদস্যের আনীত যে মোশন, তার বিরোধিতা করছি এই কারণে যে, খুব কৌশলে বৈষম্যের কথা বললেন। ঐ ৭৫০টা ওয়ার্ড, সেখানে বৈষম্য করা হয়েছে, এই কথা বলে ওরা

মূল বিষয়টাকে এড়িয়ে গেছে। দীর্ঘদিন ধরে ওরা পৌরসভা চালাতেন, ওদের যে ব্যর্থতা সেটা ঢাকবার জন্য জনসাধারণের যে অধিকার, সেই অধিকার ওরা কেড়ে নিয়েছিলেন। নির্বাচিত পৌরসভাগুলিতে ওরা অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করতেন, সময় মতো পৌরসভার ভোট করতেন না। ১৮ বছরের ভোটাধিকার যখন বামফ্রন্ট সরকার এসে কায়েম করার চেষ্টা করল, তখন ওরা বিরোধিতা করেছিল। ওরা নিশ্চয়ই ভুলে যাননি ১৯৭৬ সালের শ্রমিক কর্মচারিদের বেতন বৃদ্ধি স্থগিত রাখবার জন্য সুপারিশ করেছিল। বোনাস দেওয়ার যে ব্যবস্থা, সেটাও বন্ধ করার সুপারিশ করেছিল। নিশ্চয়ই সেই কথা ওরা ভাবতে পারেনি। ওরা এই ব্যর্থতাগুলো ঢাকবার জন্য বামফ্রন্ট সরকার ১৯৭৭ সালের পরে এবং ১৯৮৭ সালের বাজেট হবার পর যে সমস্ত কর্মসূচি, বিশেষ করে পৌরসভায় পাশ, গণতন্ত্রীকরণ করা হল, তখন ভোটাধিকারের সময় ছিল প্রতি ৪ বছর অন্তর, এখন ৫ বছর অন্তর ভোটাধিকার হয়েছে। প্রতি ৪ বছর অন্তর ছিল আগে, কিন্তু এখন ৫ বছর অন্তর ভোটাধিকার। সময় মতো ভোট করে কোনও পৌরসভাকে কারণ না দেখিয়ে বাতিল করা যাবে না। সেই ব্যবস্থা কায়েম করে পৌরসভাগুলিকে ১৯৭৭ সালের আগে মাথাপিছু ব্যয় করতে হত মাত্র ৫০-৫৫ পয়সা। আজকে সেটা বাড়িয়ে ৪২ টাকা করা হয়েছে। যা কংগ্রেস আমলে ওরা কল্পানাও করতে পারেনি। ওরা বৈষম্যের কথা বলেছেন। কি বৈষম্য? বিভিন্ন পৌরসভাকে যে অর্থ বরাদ্দ করা হয়, কর্পোরেশনকে যে অর্থ বরাদ্দ করা হয়, পারক্যাপিটা জনসংখ্যার ভিত্তিতে মাথাপিছু যে টাকা বরাদ্দ করা হয়, এমন একটা নজিরও ওরা দেখাতে পারবেন না যে পশ্চিমবাংলা যে কোনও পৌরসভাকে সরকারি যে বিভিন্ন খাতে যে অর্থ বরাদ্দ করা হয় সেখানে কোনওরকম বৈষম্য করা হয়েছে? এই রকম কোনও তথ্য ওরা দেখাতে পারবেন না। কাজেই নির্দিষ্ট কিছু ওয়ার্ডের কথা, সেই ওয়ার্ডও কোনও শহরে, কোনও পৌরসভায় এই কথা ওরা বলেন নি। আসলে সামনে পৌর নির্বাচন তাই তার আগে জনসাধারণকে বিভ্রান্ত করবার জন্য এই বিধানসভাকে ওরা ব্যবহার করার চেষ্টা করছেন। পশ্চিমবাংলার মানুষকে বিভ্রান্ত করবার জন্য ওরা এটা করছেন। আমি কয়েকটা উদাহরণ দেব। অবশ্য বেশি বলার প্রয়োজন নেই। যেখানে ওরা নগর পালিকার সম্মেলন করলেন কৃষ্ণনগর শহরে, সেই শহরের কথা একটু বলা হয়ে যাক। জনগণকে সেখানে তো আপনারাই তো বঞ্চিত করেছেন। কর্মচারিদের তো আপনারাই তো বঞ্চিত করেছেন। কর্মচারিদের বেতন ২-৩-৪ মাস ধরে দেন না। শুধু তাই নয় কর্মচারিদের প্রভিডেন্ট ফাণ্ড দেন নি। সুব্রতবাবু কি বলবেন? কর্মচারিদের ৩০ লাখ টাকার উপর প্রভিডেন্ট ফান্ডের টাকা জমা দেওয়া হয় নি। তাহলে কি ওই পৌরসভার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে? কি বলবেন সুব্রতবাবু? তিনি একজন ট্রেড ইউনিয়ন লিডার। সুতরাং ওই পৌরসভার ১ কোটি ৪ লাখ টাকা রাজ্য বিদ্যুৎ পর্ষদ টাকা দেয় নি। গরিব মানুষদের জন্য ওই হাডকো হাউসিং ডেভেলপমেন্ট কর্পোরেশন থেকে যে অর্থ দেওয়া হয়েছিল ৩০ লাখ টাকার উপর কৃষ্ণনগর পৌরসভাকে, অন্যত্র তারা কি করেছেন? মেরে দিয়েছেন, কি অন্যত্র ব্যয় করেছেন তার হিসাব আজও পর্যন্ত দিতে পারেন নি। এই বিষয়গুলি ভেবে দেখা দরকার। বলা দরকার। আর আজকে পৌরসভাগুলির ক্ষেত্রে যে সারা রাজ্যে যে গণতান্ত্রিক ব্যবস্থা করা হয়েছে। কর্পোরেশনের ক্ষেত্রে যে গণতান্ত্রিক ব্যবস্থা কায়েম করা হয়েছে—আজকে নগর পালিকার সম্মেলন করে এই কনসেপশন কোথা থেকে আসল? পশ্চিমবাংলায় আজকে মেয়রিং কাউন্সিল কর্পোরেশনগুলি তৈরি হয়েছে। আজকে পশ্চিমবাংলায় আজকে চেয়ারম্যানিং কাউন্সিল তৈরি

হয়েছে। সেখানে ক্যাবিনেট পর্যায়ে পৌরসভাকে পরিচালনা করবার ব্যবস্থা করা হয়েছে। ক্ষমতার বিকেন্দ্রীকরণ করে বিভিন্ন খাতে টাকা বরাদ্দ করা হয়েছে। এমন একটা খাত আপনারা দেখাতে পারবেন না সেখানে ডি এ সাবমিশন থেকে শুরু করে, অ্যামিউজমেন্ট ট্যাক্স থেকে শুরু করে, ডেভেলপমেন্ট গ্র্যান্ট থেকে শুরু করে, অকট্রয় গ্র্যান্ট থেকে শুরু করে, কোনও ক্ষেত্রে কোনওরকম বৈষম্য হয়েছে? পশ্চিমবাংলার কোন পৌরসভার ক্ষেত্রে এটা দেখাতে পারবেন না। এখানে আপনাদের বলতে পারি যে, আই ডি এস এমটির টাকা কৃষ্ণনগরে আপনারা ভেঙ্গেছেন। সরকারি টাকা ঠিক ঠিক খাতে ব্যয় না করে অন্য খাতে ব্যয় করেছেন। আপনারা কি ভুলে গেছেন যে, বহরমপুর পৌরসভায় ওই গঙ্গা অ্যাকশন প্ল্যানের জন্য যে অর্থ বরাদ্দ করা হয়েছিল সেটা নির্দিষ্ট খাতে ব্যয় না করে অন্য খাতে ব্যয় করেছেন। আপনারা কি ভুলে গেছেন যে, বহরমপুর পৌরসভায় ওই গঙ্গা অ্যাকশন প্ল্যানের জন্য যে অর্থ বরাদ্দ করা হয়েছিল সেটা নির্দিষ্ট খাতে ব্যয় না করে অন্য খাতে ব্যয় করা হয়েছে? যা নিয়ে বহুবার আলোচনা হয়েছে। এই ভাবে আপনারা সরকারি অর্থ নির্দিষ্ট খাতে ব্যয় না করে অন্য খাতে ব্যয় করেন। যেখানে রাস্তার জন্য টাকা দেওয়া হয়েছে সেখানে সেই টাকা ব্যবহার করা হয়নি। যেখানে জল সরবরাহের জন্য টাকা দেওয়া হয়েছে, সেখানে সেই টাকা ব্যয় না করে অন্য কাজে ব্যয় করা হয়েছে। গরিব মানুষের বাড়িঘর করার জন্য যেখানে টাকা দেওয়া হয়েছে সেখানে সেই টাকা অন্য খাতে আপনারা ব্যয় করেছেন এবং আপনাদের যা অন্যায় তার দায়ভার সরকারের ওপর চাপাবার চেষ্টা করছেন। আমি আশা করব আপনারা আজকে যে বিষয়টি এখানে তুলেছেন উনি সেটা প্রত্যাহার করে নেবেন। উনি নিশ্চয়ই স্বীকার করে নেবেন যে, এখানে এই মোশনটা তোলা ঠিক হয় নি। নগর উন্নয়নের ক্ষেত্রে আপনারা বলুন তো দেশ স্বাধীন হওয়ার আগে কটা পৌরসভা ছিল? মাত্র ৭৫টি। আর আজকে ১২১টি। আপনারা যখন ছিলেন ৩০ বছরের মধ্যে, ৩ বছর যুক্তফ্রন্ট সরকার ছিল। এর ভিতরে আপনারা কটা পৌরসভা করলেন? মাত্র ১৬টি পৌরসভা করলেন। আর আজকে বামফ্রন্ট সরকার আসার পরে কতগুলি হল? ৩০-৩১টা পৌরসভা গঠন করা হয়েছে। নগর উন্নয়ন করার জন্য কোন পরিকল্পনা আপনাদের ছিল? সারা রাজ্যে কি করে নগর উন্নয়ন করা যাবে তার কোনও পরিকল্পনা আপনাদের ছিল? ওপার বাংলা থেকে লক্ষ লক্ষ উদ্বাস্তু যারা এসেছিল ৪৭ সালের আগে, কংগ্রেস সরকারে আজকে যারা নেতৃত্বে আসবেন, পরবর্তীকালে তাঁরা কি বলেছিলেন যে, ওপার ভায়েরা-বোনেরা কখনও ভাববেন না যে, আপনারা বিদেশে আছেন। আপনারা আমাদেরই ভাই এবং বোন। আপনারাদের সম্পূর্ণ দায়িত্ব আমরা গ্রহণ করব। প্রথম প্রথম আপনারা বললেন যে, পাঞ্জাবের ক্ষেত্রে উদ্বাস্তুদের জন্য যে টাকা বরাদ্দ করা হল এখানেও করা হবে। কিন্তু পশ্চিমবাংলার ক্ষেত্রে আপনারা করলেন না। শুধু তাই নয় আপনারা তো দিল্লিতে গিয়েছিলেন। সেখানে বঞ্চিত করা হয় নি? বঞ্চনা করা হয়নি? পূর্ব বাংলার উদ্বাস্তুদের আজকে কি অবস্থায় রাখা হয়েছে। এখানে যদি অর্থ বরাদ্দ করা যেত, উদ্বাস্তুদের অর্থনৈতিক পুনর্বাসন এবং ব্যাসস্থানের ব্যবস্থা করা হত তাহলে গোটা রাজ্য উপকৃত হত।

[3-10 — 3-20 p.m.]

আমরা যখন দিল্লিতে ডেপুটেশন দিয়েছিলাম তখন আমাদের সঙ্গে সুব্রতবাবু এবং

মানসবাবু ছিলেন। তখন হঠাৎ ফতোয়া জারি হয়ে গেছিল উদ্বাস্তু ত্রাণ দপ্তর তুলে দেওয়া হয়েছে। কে তুলে দিল? মন্ত্রিসভা জানে না, বিভাগীয় মন্ত্রী জানেন না, অর্থমন্ত্রী জানেন না, প্রধান মন্ত্রী জানেন না, যোজনা কমিশন জানে না দপ্তর তুলে দেওয়া হ'ল! আমাদের রাজ্যে পূর্ব বাংলা থেকে যাঁরা এসেছিলেন তারা আমাদের সম্পদ। তাদেরও জন্য পরিকল্পিত নগরায়ণ দরকার ছিল। আপনারা তা করেন নি। বামফ্রন্ট সরকার নির্দিষ্টভাবে নতুন নতুন পৌর এলাকা এবং নোটিফায়েড এরিয়া তৈরি করেছেন। সেগুলোয় নির্দিষ্ট পাঁচ বছর অন্তর অন্তর নির্বাচনও নিশ্চিত করা হয়েছে। কেন পৌরসভাগুলোর জন্য খরচ করা হবে না? নিশ্চয়ই খরচ করা হচ্ছে এবং হবে। আপনারা আজকে আপনাদের দায়-দায়িত্ব বাম-পন্থীদের ওপর চাপিয়ে দেবার চেষ্টা করছেন। আশা করব এটা না করে, এই প্রস্তাব প্রত্যাহার করে নেবেন এবং পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় নগরায়ণের কাজ যা বামফ্রন্ট সরকার করছে তাকে সমর্থন করবেন। এই কথা বলে আমি এই মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সৌগত রায়ঃ** স্যার আমাদের কংগ্রেস দলের পক্ষ থেকে সুব্রত মুখার্জী পৌরসভাগুলির প্রতি বামফ্রন্ট সরকারের বৈষম্যমূলক আচরণ নিয়ে যে প্রস্তাব এনেছেন আমি তাকে সমর্থন জানাচ্ছি। প্রকৃতপক্ষে বামফ্রন্টের যে নগরায়ণ, সেটা হাস্যকর ব্যাপার। সম্পূর্ণ রাজনৈতিক কিছু এলাকাকে ওঁরা হঠাৎ পৌরসভা হিসাবে ঘোষণা করেছেন। গ্রামীণ এলাকাকে শহরে রূপান্তরিত না করেই শুধু পৌরসভার নামে মানুষের ওপর ট্যাক্সের বোঝা চাপিয়ে দিয়ে জমির স্পেকুলেটরদের সুবিধা করে দেবার জন্যই এ জিনিস করেছেন। বামফ্রন্ট সরকার গত কয়েক বছর ধরে এই নীতি গ্রহণ করেছেন। অথচ সি. পি. এম সদস্য, যিনি একটু আগে এই মোশনের ওপর বক্তব্য রাখলেন, তিনি এ বিষয়ে একেবারে নীরব। স্যার, আমি আবার আপনাকে স্মরণ করিয়ে দিয়ে বলি—কলকাতা কর্পোরেশনের ১০০টা ওয়ার্ডে ওঁরা হেরে যাবেন বলে যাদবপুরের গ্রামাঞ্চল, বানতলা—যেখানে এখনো শিয়াল ডাকে, এখনো বাঁশ ঝাড় আছে, সেখানে পাশেই ধাপা, সে সমস্ত জায়গাকে কলকাতা কর্পোরেশনের মধ্যে ঢুকিয়ে দিলেন। যাদবপুরের ১৪টা ওয়ার্ডকে কলকাতা কর্পোরেশনের মধ্যে ঢুকিয়ে দিলেন। যেখানে ন্যূনতম নগরায়ণ হয় নি, নগরায়ণের কোনও ব্যবস্থা হয় নি সেখানকে নগর কলকাতার মধ্যে ঢুকিয়ে দিলেন। শিলিগুড়ি কর্পোরেশনের ইলেকশন করার নামে জলপাইগুড়ির রাজগঞ্জের গ্রাম্য এলাকাগুলোকে শিলিগুড়ি কর্পোরেশনের মধ্যে ঢুকিয়ে দেওয়া হলো। এই করে আপনারা আর্বানাইজেশন সম্বন্ধে বড় বড় কথা বলছেন! সম্প্রতি যে পৌর নির্বাচন হল তাতে আমরা দেখলাম মহেশতলা বলে একটা পুরো এলাকাকে, আকরা-ফটক থেকে শুরু করে বজবজ বর্ডার পর্যন্ত একটা নতুন পৌরসভা ঘোষণা করে দিলেন। অর্ধেক এলাকা খোলা নর্দমা এবং বাঁশ ঝাড়ে ভর্তি। সেখানে এখনও শিয়াল ডাকে, এঁদো পুকুর রয়েছে, গ্রামের সব কোয়ালিটিই সেখানে রয়েছে। পৌর এলাকার বা আর্বানাইজেশনের ন্যূনতম প্রয়োজনীয় জিনিস হচ্ছে—পাকা রাস্তা, পাকা ড্রেন, বাড়িতে বাড়িতে ড্রিংকিং ওয়াটার, রাস্তায় বিদ্যুতের আলো। এই ন্যূনতম ব্যবস্থা না করেই পঞ্চায়েত এলাকাকে পৌরসভা করে দিলেন। রাজপুর নামে ১০০ বছরের একটা পুরোনো পৌরসভা আছে। তার সঙ্গে সোনারপুরের পঞ্চায়েত এলাকাকে যোগ করে সোনারপুর-রাজপুর পৌরসভা করে দিলেন। সেই সোনারপুরের পঞ্চায়েত এলাকাগুলোয় সব

রকমের ব্যাকোয়ার্ডনেস থাকা সত্ত্বেও তাকে পৌর এলাকাভুক্ত বলে ডিক্লেয়ার করে দিলেন। কেবল ডিক্লেয়ার করলেই কি নগরায়ণ হয়? যে প্রসেসে আপনারা এই কাজ করেছেন একে কখনোই আর্বানাইজেশন বলে না। নগর বা শহর জীবন হচ্ছে মানুষ যেখানে নিজের ওপর কম নির্ভরশীল, সামাজিক পরিকাঠামোর উপর বেশি নির্ভরশীল। তার মানে সোসাল ইনফ্রাস্ট্রাকচার সেখানে গড়ে দিতে হবে। বামফ্রন্ট সরকার সেই সোসাল ইনফ্রাস্ট্রাকচার গড়ে দেয়ার ক্ষেত্রে টোটাল ব্যর্থ। সেইজন্য আজকে আমরা পৌরসভার ব্যাপারে এই প্রস্তাব নিয়ে এসেছি। আজকে ওরা কি করেছেন? ওরা যেটা করেছেন সেটা আমরা এখানে উল্লেখ করেছি। ওদের একটাও প্রোগ্রাম নেই, পৌরসভার উন্নয়নের জন্য কোনও প্রোগ্রাম নেই। যেমন, পঞ্চায়েতে বামফ্রন্ট সরকারের নিজস্ব কর্মসূচি কি? জে. আর. ওয়াই কেন্দ্রীয় সরকারের প্রকল্প। সেখানে জহর রোজগার যোজনায় কেন্দ্রীয় সরকারের ১০ পারসেন্ট টাকা পঞ্চায়েতে ব্যয় হয়। পৌরসভাগুলির জন্য বামফ্রন্ট সরকার নিজস্ব কোনও সেপারেট প্রোগ্রাম নিয়েছেন কি? আমাদের একটা বই সাপ্লাই করা হয়েছে, বইটির নাম হচ্ছে আরবান ওয়েস্টবেঙ্গল, ১৯৯৪-৯৫, এই বইটি এম. এল. এ.-দের সাপ্লাই করা হয়েছে। এই বইটি খুলে দেখবেন, পৌরসভাগুলির জন্য কি প্রোগ্রাম নিয়েছেন? আই. ডি. এস. এম. টি—ইনটিগ্রেটেড ডেভেলপমেন্ট অফ স্মল অ্যাণ্ড মিডিয়াম টাউন, সেখানে কেন্দ্র অর্ধেক টাকা দেবে, রাজ্য সরকার অর্ধেক টাকা দেবে এবং এখন পর্যন্ত ৩৬টি পৌরসভা এর অধীনে এসেছে। সেই আই. ডি. এস. এম.-টিতে কাদের ইনক্লুড করা হবে রাজ্য সরকার তার লিস্ট পাঠিয়ে দিয়েছে।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** চেয়ারম্যান স্যার, হাউসের কোরাম নেই, আপনি গুণে দেখুন?

(এই সময়ে বেল বাজানো হয়)

**মিঃ স্পিকার ঃ** মিঃ সৌগত রায়, এবার আপনি বলুন, হাউসের কোরাম হয়ে গেছে।

**শ্রী সৌগত রায় ঃ** আমি যে কথাটা বলছিলাম, নগর উন্নয়ন পরিকল্পনায় কেন্দ্রীয় সরকার যখন টাকা দিচ্ছেন তখন সেখানে এই সরকার ডিসক্রিমিনেশন করে আই. ডি. এস. এম.-টি প্রকল্পে ৩৬টি মিউনিসিপ্যালিটি ঢুকিয়েছে। তার মধ্যে কংগ্রেসের যে ৪।৫টি মিউনিসিপ্যালিটি আছে সেগুলি নেই। এটা কেন্দ্রীয় সরকারের প্রোগ্রাম অথচ ওরা নিজেদের স্বার্থে বামফ্রন্ট সরকারের পরিচালিত পৌরসভাগুলিতে ব্যয় করছেন। তারপর লিবারেশন অফ স্কাভেনজার্স-এতে কেন্দ্রীয় সরকারের সাবসিডি হচ্ছে ৪৫ পারসেন্ট, আর হাডকোর লোন হচ্ছে ৫০ পারসেন্ট আর ৫ পারসেন্ট বেনিফিসিয়ারিদের দিতে হবে। এক্ষেত্রেও কংগ্রেস পরিচালিত পৌরসভাগুলিকে সেই সুযোগ দেওয়া হচ্ছে না। নেহেরু রোজগার যোজনা শহর এলাকায় কাজের সংস্থান করার জন্য কেন্দ্রীয় সরকারের প্রকল্প। এই নেহেরু রোজগার যোজনায় সেখানে শেয়ারিং হচ্ছে, কেন্দ্রীয় সরকারের ৬০ পারসেন্ট আর রাজ্য সরকারের ৪০ পারসেন্ট। এর ৩টি পার্ট, (1) Scheme for Urban Micro-Enterprises (2) Scheme for Urban Wage Employment (3) Scheme for Housing and Shelter Upgradation. কংগ্রেসের পরিচালিত পৌরসভাগুলি যেমন, গোবরডাঙা পৌরসভা নেহেরু রোজগার যোজনার টাকা চেয়েছে, কিন্তু পায়ের চটি খুইয়ে ফেলেছে, এই সরকার-এর কাছ থেকে হাউসিং শেল্টার ফর আপ-গ্রেডেশন প্রোগ্রামের জন্য টাকার সংস্থান করতে পারেনি, যে

প্রকল্পে ৬০ ভাগ টাকা কেন্দ্রীয় সরকার দেবে সেই প্রকল্পে কংগ্রেসের পৌরসভাগুলিকে টাকা দিতে ওদের এত কুণ্ঠা কেন? তারপর ইউ. বি. এস. পি-আরবান বেসিক সার্ভিস ফর দি পুওর, এদের উন্নতির জন্য যে স্কীম আছে সেখানে দেখুন কারা কারা সিলেকটেড? ক্যালকাটা মিউনিসিপ্যাল কর্পোরেশন, কোচবিহার, বসিরহাট, বনগাঁ, হাবড়া, অশোকনগর গোবরডাঙা, কৃষ্ণনগর, নবদ্বীপ, চাকদা, তারকেশ্বর, পুরুলিয়া, আসানসোল, মেদিনীপুর, খড়্গপুর, হলদিয়া, দার্জিলিং, শিলিগুড়ি, কালিম্পং, কার্শিয়ং, মিরিক, বালুরঘাট, রায়গঞ্জ, জলপাইগুড়ি প্রভৃতি।

[3-20 — 3-30 p.m.]

২০টির মধ্যে ৪টি কংগ্রেসের, সেটাও আবার কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা, তার ফলে যে কথাটা আমরা বার বার বলার চেষ্টা করছি, রাজ্য সরকার একদিকে টাকা দেবেন না, উন্নয়নের জন্য নিজেরা কোনও স্কিম করবেন না, তাই আমরা অভিযোগ এনেছি। আমি শেষ কথা বলতে চাই, আপনার মনে আছে বহরমপুর পৌরসভাকে মাননীয় বুদ্ধদেব বাবু ভেঙে দিয়েছিলেন অন্যায়ভাবে, সেজন্য হাইকোর্ট যেতে হয়েছিল, আমরা হাইকোর্টে জিতেছিলাম, প্রমাণ হয়েছিল যে মাননীয় বুদ্ধদেববাবু অন্যায় করেছিলেন। কৃষ্ণনগর পৌরসভাকে এই সরকার অর্থনৈতিক অবরোধ ঘোষণা করেছেন এবং কৃষ্ণনগরকেও ভেঙে দেবার ষড়যন্ত্র করছেন। জিয়াগঞ্জ, আজিমগঞ্জ টাকা দেয়নি বলে কংগ্রেসের ইলেকটেড বোর্ড রিজাইন করা হয়েছে। আজকে কেন্দ্রীয় সরকার আইন নিয়ে এসেছেন যাতে করে পৌরসভাগুলিকে রাজ্য সরকারের উপর নির্ভর করতে না হয়, রাজ্য সরকারের মিউনিসিপ্যাল ফিনান্স কমিশন তৈরি হবে, রাজ্য সরকারের ক্ষমতায় হবে না এইগুলিকে ভেঙে দেবার। আজ পর্যন্ত আইনটি রূপায়িত হয়নি, কংগ্রেসের পৌরসভাগুলি এবং বামফ্রন্ট পরিচালিত যে পৌরসভাতে কংগ্রেসের কাউন্সিলার আছেন সেই ওয়ার্ডগুলিকে প্রতিদিন বৈষম্য করা হচ্ছে সেই এলাকার গরিব মানুষরা কেন্দ্রীয় পরিকল্পনার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ মানস ভূঁইয়্যা ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, অত্যন্ত দুর্ভাগ্যের বিষয় আজকে হাউসের শেষ দিন, এবং একটা গুরুত্বপূর্ণ প্রস্তাব এখানে উত্থাপন করা হয়েছে। এখন নগরপালিকার উপর যে প্রস্তাব আলোচনা হচ্ছে আমরা দেখছি এখানে নগরোন্নয়ন মন্ত্রী কিংবা পৌরমন্ত্রী মহাশয় নেই। সুখের কথা পঞ্চায়েত দপ্তরের মন্ত্রী আমাদের বক্তব্যের জবাব দিয়েছেন। এতে আমাদের অপমান এবং হাউসকে অবমাননা করা হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয়রা রাইটার্স বিল্ডিংসে বসে আছেন তাঁদের আপনি ডাকুন।

(গোলমাল)

**মিঃ চেয়ারম্যান ঃ** আপনারা বসুন, বসুন।

(গোলমাল চলতে থাকে এবং বিরোধী ও সরকার পক্ষের অনেক মাননীয় সদস্য চেয়ারম্যানের চারপাশে ঘিরে দাঁড়িয়ে থাকেন।)

.... নয়েজ অ্যান্ড ইন্টারাপশন ....

**মিঃ চেয়ারম্যান ঃ** আপনারা বসে পড়ুন।

.... নয়েজ অ্যান্ড ইন্টারাপাশন ....

(এই সময় মিঃ স্পিকার চেয়ারে পুনরায় আসীন হন)

**মিঃ স্পিকার ঃ** আপনারা সবাই আসনে বসুন। টেক ইওর সিটস।

... গোলমাল ...

(এই সময় কংগ্রেস দলের সদস্যগণ সভাকক্ষ ত্যাগ করেন)

**श्री मनोहर तिरकी :-** माननीय स्पीकर सर, विरोधी सदस्य सुव्रत मुखार्जी और दो-चार सदस्यो ने जो नगरपालिका के समबन्ध मे मोशन लाए है और वामफ्रन्ट सरकार के विरोध मे जो कांग्रेस के सदस्यो ने वक्तव्य दिए है कि काम नही होता हैं। इस प्रतिसूचि से जो मोशन लाए है मै उसका विरोध करता हूं। चूंकि वामफ्रन्ट सरकार जनतंत्र मे विशवास करती है। इसलिए यह जलतंत्र का आदर करती है, कांग्रेस के सदस्यों ने नगरपालिका के संम्वन्ध मे जो वक्तव्य दिए है वामफ्रन्ट सरकार हर म्युनिसिपलिटी मे नगरपालिका मेंभोट होती है। कन्डीडेट खड़ा होते है और निरपेक्ष ढ़ंग से भोट द्वारा चुने जाते है। इसतरह कांग्रेस द्वारा विरोध करने का कोई वात नही है। हां, वामफ्रन्ट सरकार का काम करने का एक स्कीम है, एक तरीका है।

कांग्रेस सदस्यों का आरोप हैं कि उनको रुपया नही दिया जाता है। लेकिन एसी वात नही है। सरकार की जो स्कीम होती है, वहां भी कार्यान्वित किया जाता है। यहां म्युनिसिपलीटी की जो जो सुविधा हैं, सरकार सवों को समान रुप मे देना चाहती है। कांग्रेस शासित म्युनिसिपलिटी मे वो नही दे रही है एसी वात नही है। किसी तरह का भेद-भाव नही होता रुपयों का एलाटमेन्ट समान रुप से होता है। फिर भी वो विरोध करते हैं। सरकार जो रुपया-पैसा देती है खर्च करती है। जिस काम मे खर्च करना चाहिए वहां खर्च न कर दुसरी तरफ खर्च करती है। खर्च करने मे मनमानी करते हैं और कहते हैकि वामफ्रन्ट सरकार उल्टा-पुल्टा करती है। जवकि कांग्रेस शासित नगरपालिका का संचालन किस तरह हो रहा है किसी से छुपानही हैं। बहरमपुर कृष्णनगर मे उनलोगों की घटना देख ही रहे हैं। कांग्रेस के सदस्य भी अच्छी तरह जानते है कि पशिचम बंगाल में वामफ्रन्ट सरकार के पहले नगरपालिका की स्थिति क्या थी! उनकी संख्या वढ़ी हैं। नोटिफाइड एरिया वढे है। वार्ड की संख्या वढे है। सरकार की जो प्रतिसूचि हैं, सरकार की जो प्रतिसूचि हैं, सरकार की जो आर्थिक सुविधा योजना है उन्हे कार्यान्वित करे। सही ख्याल से। यह सरकार द्वारा

जो सुविधा दी जा रही हैं, इस वक्त बिल्कुल उचित हैं। यह मात्र मनगढ़ंत आरोप हैं। कि कांग्रेस शासित ५७० वार्ड हैं उन्हे ठीक ढ़ंग से रुपया पैसा नही दिया जाता है। ठीक ढ़ंग से काम नही होता हैं। लेकिन वामफ्रन्ट सरकार दलगत भावना से काम नही करती है। पैसा दिया जाता हैं लेकिन मिम युज आंफ मनी उन्हे अपने दिखाने, अपने व्यकतित्व चलाने के लिए करती हैं। इसलिए इसका जो आरोप है उचित नही हैं, निराधार हैं। उनलोगों मे खुद लड़ाई-झगड़ा होते रहता हैं और उनके आपसी लड़ाई-झगड़ा के कारण भी काम प्रभावित होता हैं।

वामफ्रन्ट सरकार समान रुप से हर दल, हर पार्टी को देखती है, वामफ्रन्ट सरकार विकेन्द्रीकरण मे विशवास करती है। उनका जो आरोप है और मुल स्थिति मे कोई तारतम्य नही हैं। इसलिए कांग्रेस ने जो मोशन लाए है उसका विरोध करता हूं, वामफ्रन्ट सरकार जिस नीति से काम कर रही है इसमें विरोध करने लायक कोई वात नही है। अतः सरकार की नीति का समर्थन करते हुए अपना वक्तव्य समाप्त कर रहा हूं। अभी पूजा आने वाला है प्राक पूजा के अवसर पर अभिनन्दन करता हूं सभी सदस्यों का।

[3-30 — 3-40 p.m.]

**শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের দলের পক্ষ থেকে ১৮৫ মোশনের যে প্রস্তাব এসেছে, তাকে সমর্থন করে সংক্ষেপে কয়েকটি কথা বলতে চাই। ১৯৯১ সালের ২৩শে ডিসেম্বর সংসদে নগর পালিকা বিলের ৭৪তম সংশোধন হিসাবে সংবিধানের অন্তর্ভুক্তি হল। এই বিল কেন হল? ভারতবর্ষের গণতান্ত্রিক পরিকাঠামোকে দৃঢ় করতে এবং তৃণমূলে পৌঁছে দেবার জন্য এই বিলটা উল্লেখযোগ্য। ভারতীয় সভ্যতা, সংস্কৃতি, ভারতীয় ঐতিহ্য অনুযায়ী গণতান্ত্রিক যে ক্ষমতা, তাকে বিকেন্দ্রীকরণ করা এবং এর পাশাপশি স্বায়ত্ত শাসনের চিন্তাটাও এসেছিল রাজীব গান্ধীর মাথায়। রাজীব গান্ধীর যে স্বপ্ন ছিল, আমাদের বর্তমান প্রধানমন্ত্রী নরসিমা রাও সেই স্বপ্নকে বাস্তবায়িত করার দায়িত্ব দৃঢ়তার সঙ্গে পালন করেছেন। ৭৪তম সংবিধান সংশোধনে পরিষ্কার ভাবে বলা আছে যে ১৯৯৩ সালের জুন মাসে যখন এই আইন বলবৎ করা হল তখন থেকে এক বছর পর্যন্ত আগের প্রৌর আইন বলবৎ থাকবে এবং এই সময়ের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা নিয়ে, প্রয়োজনীয় পরিকাঠামো তৈরি করে ৭৪তম সংবিধান সংশোধনীকে বলবৎ করতে হবে। কিন্তু আমরা কি দেখছি? আমরা দেখছি যে, এই বছর ১৫ই মে ১৭টি পৌরসভার আপনারা নির্বাচন করলেন। তার কারণ হচ্ছে, এই সরকার এই বিলকে এড়িয়ে মহিলা সমাজের যে সমস্ত পিছিয়ে পড়া মানুষ আছে, তফসিলি জাতি, উপতফসিলি জাতির ভাইদের সংরক্ষিত অধিকার থেকে বঞ্চিত করার জন্য একটা ঘৃণ্য চক্রান্ত করেছেন। এই যে নির্বাচন অনুষ্ঠিত হয়েছে, সেটা রাজ্য প্রশাসনকে কাজে লাগিয়ে করেছেন, নির্বাচন কমিশনের মাধ্যমে করেননি। আমরা দেখেছি যে পিছিয়ে পড়া মানুষের জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে বিপুল টাকা তাদের উন্নয়নের জন্য

আসছে, কেন্দ্রীয় সরকারের যে সব কর্মসূচি আসছে, সেই সমস্তকে বাইরে রেখে পশ্চিমবঙ্গের পিছিয়ে পড়া মানুষের সঙ্গে বঞ্চনা করেছেন এবং সেই সরকারি পয়সা জমে উঠেছে মার্কসবাদী পার্টির নেতৃত্বাধীন বামফ্রন্টের কর্মীদের ব্যক্তিগত তোসাখানায়। আমি দায়িত্ব নিয়ে বলতে পারি যে এই ১৭ বছরে পশ্চিমবঙ্গে সি. পি. এম.-এর নেতৃত্বাধীন বামফ্রন্ট ব্যাপক দুর্নীতি করে চলেছেন। এরা টাকা দেবার ক্ষেত্রে দলীয় রাজনীতিকে প্রাধান্য দিয়ে পশ্চিমবঙ্গের মানুষকে বঞ্চিত করেছেন। এরা এলাকাভিত্তিক বিভাগ সৃষ্টি করেছে। এই রাজ্যে যে সমস্ত কংগ্রেসি পৌরসভাগুলি আছে তাদের দলীয় স্বার্থে, সংকীর্ণ স্বার্থে টাকা পয়সা না দিয়ে বঞ্চিত করেছেন। স্থানীয় মানুষের উন্নয়নমূলক কাজকে ব্যহত করার চেষ্টা করে চলেছেন। এই সরকার আদালতের নির্দেশ অমান্য করছেন। এরা সংবিধানকে ভুলুণ্ঠিত করে, রাষ্ট্রীয় আদর্শকে গুরুত্ব না দিয়ে একটা অদ্ভুত দৃষ্টিভঙ্গি তৈরি করেছেন। এই রকম ঘৃণ্যতম দৃষ্টিভঙ্গি ভারতবর্ষের আর কোনও রাজ্যে নেই। স্যার, আমার জেলায় ৪টি পৌরসভা আছে—টাকি পৌরসভা, বনগাঁ পৌরসভা, গোবরডাঙ্গা পৌরসভা এবং নৈহাটি পৌরসভা। সেখানে আজকে কোনও কাজ হচ্ছে না।

সেখানে আমরা দেখতে পাচ্ছি কোনও কাজ হচ্ছে না, একতরফা ভাবে গোবরডাঙ্গাকে বঞ্চিত করা হচ্ছে। আমার দাবি আয়-ব্যায়ের হিসাব সি. এ. জি.-র মাধ্যমে করতে হবে। সংসদে গৃহীত নগর পালিকা বিলে যে কথা বলে দেওয়া আছে তা অক্ষরে অক্ষরে পালন করতে হবে। সি. পি. এম.-এর নেতৃত্বে কংগ্রেস পৌরসভাগুলিকে যে ভাবে বঞ্চিত করা হচ্ছে, যে ভাবে সেখানে সন্ত্রাস সৃষ্টি করা হচ্ছে, সার্বিক যে অরাজকতা হচ্ছে তার তীব্র বিরোধিতা করছি। এই যে মোশন আনা হয়েছে তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মল মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কয়েকজন বিরোধী দলের সদস্য সহ মাননীয় সুব্রত মুখার্জি মহাশয় আজকে যে মোশন এনেছেন সেই মোশনটা আনার পর তাদের কিছু প্রস্তুতির প্রয়োজন ছিল। সেই প্রস্তুতি ওনারা নিয়ে উঠতে পারেননি। সৌগতবাবু ভাল বলেন, মাঝে মাঝে শুনি। যদিও তার বক্তব্যে সার বস্তু কিছু থাকে না, তার বক্তব্যের কায়দা থাকে, বাঁধুনি থাকে। আজকে দেখলাম সেটাও নেই। তিনি ঠিক প্রস্তুতি নিতে পারেননি। আমি প্রথমে যে কথাটা বলতে চাই তা হল সুব্রত মুখার্জি মহাশয়ের মনের মধ্যে দীর্ঘ দিন ধরে একটা ক্ষোভ এবং বেদনা কাজ করে চলেছে এবং কখনও কখনও তার বহিঃপ্রকাশ ঘটছে। আমার মনে হয় বৈষম্য বর্তমান বামফ্রন্ট পশ্চিমবাংলার পৌরসভা এবং পৌরসভার অধীন জনগণের প্রতি করেনি, বৈষম্য যদি কিছু হয়ে থাকে সেটা হচ্ছে কংগ্রেস পরিচালিত যে পৌরসভাগুলি আছে সেই পৌরসভাগুলির সেই নির্দিষ্ট পৌরসভার অধীন জনগণের প্রতি কংগ্রেস করেছে। এটা অবিচার করেছেন বলা যেতে পারে। রাজ্য সরকার যে টাকা পৌরসভাগুলিকে বরাদ্দ করে থাকেন সেটা বৈজ্ঞানিক ভিত্তিতে নিয়ম এবং নির্দিষ্ট পদ্ধতির মাধ্যমে করেন। সেখানকার জনসংখ্যার ভিত্তিতে টাকা বরাদ্দ হয় এবং সেই টাকা সেই মিউনিসিপ্যাল বোর্ড অগ্রাধিকারের ভিত্তিতে এবং বোর্ড অফ কমিশনারস মিটিং-এ অ্যাপ্রুভালের ভিত্তিতে কাজ করে। সেই যে টাকা বরাদ্দ হয় সেটা বিভিন্ন ওয়ার্ডে অগ্রাধিকারের ভিত্তিতে কোনও ওয়ার্ডে কি কাজ হবে, রাস্তা হবে না ড্রেন হবে, নাকি পানীয় জলের ব্যবস্থা কারা হবে এবং সেটা কত টাকার প্রকল্প হবে এই সমস্ত কিছু কিন্তু বোর্ড অফ কমিশনারস মিটিং-

এ গণতান্ত্রিক পদ্ধতিতে ভোটাভুটির মাধ্যমে বা সর্বসম্মত প্রস্তাব পাস হওয়ার পর সেটা কার্যকার হয়। এই হচ্ছে পশ্চিমবাংলার নিয়ম। মিউনিসিপ্যালিটি বা কর্পোরেশন বলতে আমরা যেটা বুঝি সেটা সুব্রতবাবুরা ভুলিয়ে দিয়েছিলেন পশ্চিমবাংলায় এবং গোটা ভারতবর্ষে। সুব্রতবাবুর সঙ্গে চরম অবিচার করা হয়েছিল। ১৯৭২ সালে তিনি পুলিশমন্ত্রী ছিলেন এবং তার সঙ্গে অন্যান্য দপ্তরও ছিল। পরবর্তীকালে ডিমোশন হল। ডিমোশন এই কারণে বলছি, ওনাকে ধাপার জঙ্গলে নিক্ষেপ করেছিলেন সিদ্ধার্থবাবু। কারণ হচ্ছে তখন তাকে দায়িত্ব দেওয়া হয়েছিল কলকাতা কর্পোরেশনের। তখন এই কলকাতা কর্পোরেশন ধাপায় পরিণত হয়েছিল। সেখান থেকে মুক্ত করতে যতটা সম্ভব আমরা পেরেছি, এখনও কিছু ময়লা আছে। সেই যে তাকে ধাপার জঙ্গলে নিক্ষেপ করা হয়েছিল সেই ক্ষোভ আজও কাজ করে চলেছে। একটা বৈষম্য কিন্তু একটা নির্দিষ্ট দৃষ্টিভঙ্গি থাকার ফলে এই সভায় উপস্থিত করতে পারেননি। আমি বলব কংগ্রেস পরিচালিত বোর্ডগুলিতে বরং সেখানকার জনগণের প্রতি অবিচার করা হয়েছে। তারা উন্নয়নের নামে টাকা গ্রহণ করেছে, সেটা নির্দিষ্ট খাতে ব্যয় না করে আনপ্রোডাক্টিভ এমপ্লয়মেন্ট দিয়েছে। স্যার, সেখানে একটা মিউনিসিপ্যালিটির নির্দিষ্ট সংখ্যক স্যাংশন এবং ক্রিয়েটেড পোস্ট আছে সেখানে সেই পোস্টের বাইরে আনস্যাংশন্ড আনঅ্যাপ্রুভ অ্যাপয়েন্টমেন্ট দিচ্ছে অ্যাডহক অ্যাপয়েন্টমেন্ট দিচ্ছে।

[3-40 — 3-50 p.m.]

তাদের ডিএ ইত্যাদি কোনও কিছুই প্রাপ্য নয়। তাদের ক্যাডার বসিয়ে দিয়ে এইভাবে পৌরসভাগুলোতে অ্যাপয়েন্টমেন্ট দিচ্ছেন। এইভাবে উন্নয়নের টাকা দিয়ে তাদের অন্যায়ভাবে মাইনে যোগাতে হচ্ছে। যার ফলে এক একটা মিউনিসিপ্যালিটিতে যে ২০ টা করে ওয়ার্ড থাকে সেই ২০টা ওয়ার্ডের প্রত্যাশা মিউনিসিপ্যাল বোর্ডগুলো পালন করতে পারছে না। তাদের রাস্তা তৈরি করতে পারছে না, ড্রেন, পানীয় জল ইত্যাদি দেওয়ার ক্ষেত্রে অপারগ হয়ে পড়ছে, তাদের দিতে পারছে না। এইভাবে তারা অন্যায়ভাবে উন্নয়ন খাতের টাকা অন্য খাতে বেআইনিভাবে ব্যয় করছেন। সেই কারণে রাজ্য সরকার যখনই সুনির্দিষ্ট কোনও ব্যবস্থার কথা বলছেন তখন কংগ্রেস তাকে অগণতান্ত্রিক বলে ব্যাখ্যা করছেন পশ্চিমবঙ্গ সরকার তার গণতান্ত্রিক ব্যবস্থার মধ্যে দিয়ে উন্নতি কায়েম করেছেন। ওরা উন্নয়নের নাম করে টাকা নিয়ে সেই টাকা অন্যখাতে ব্যয় করছেন। এরফলে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে সেইসব পৌরসভাগুলো, যে পৌরসভাগুলো কংগ্রেস পরিচালিত। তাদের অধীনে অর্থাৎ সেই সমস্ত পৌরসভার অধীনে যেসব জনগণ রয়েছে তারা ভুক্তভোগী। সুব্রতবাবু বললেন যে এই কংগ্রেস চালিত পৌরসভাগুলোর উপরে অবিচার হচ্ছে। আমাদের এখানে ৫৭০ জন কাউন্সিলার আছে, আপনাদের মতে যদি এদের উপরে অবিচার করা হচ্ছে বলেন তাহলে মিউনিসিপ্যালিটি ইত্যাদি করার প্রস্তাবে পৌরমন্ত্রীর কাছে আপনাদেরই বহু কংগ্রেস বিধায়ক কেন বলেন যে আমার কনস্টিটিউয়েন্সির অধীনে এই অঞ্চলটা খালি একটু মিউনিসিপ্যালিটি করা হোক। যদি মিউনিসিপ্যালিটির দ্বারা কোনও কাজ না হয়, জনগণ কোনও পরিষেবা না পায় তাহলে কেন মিউনিসিপ্যাল কর্পোরেশন করার জন্য এত ব্যস্ততা। আমাদের বামফ্রন্ট সরকার তার ১৭-১৮ বছরের রাজত্বকালে বহু পঞ্চায়েত এলাকাকে পৌরসভার মধ্যে এনে তাকে আরও জনমুখী করার জন্যে। তার উন্নয়নের সীমাবদ্ধতার মধ্যে দিয়েও সম্প্রসারণের চেষ্টা করেছে। যে

উন্নয়নের দৃষ্টিভঙ্গি আজকে আমরা দেখাতে পেরেছি তাতে কংগ্রেস বিধায়করা যতই অস্বীকার করুক না কেন তার দ্বারা পশ্চিমবঙ্গের মানুষ উপকৃত হয়েছে এবং তাদের প্রত্যাশা জাগ্রত হয়েছে। এইভাবে মিউনিসিপ্যাল কর্পোরেশন মধ্যে পঞ্চায়েতগুলোকে অন্তর্ভুক্ত করার মধ্যে দিয়ে নগরায়ণ করার পরিকল্পনা হাতে নেওয়া হয়েছে। এইভাবে পৌরসভাগুলোর মধ্যে অনেক পঞ্চায়েতকে আনা হয়েছে। আবার কয়েকটি পৌরসভাকে মিউনিসিপ্যাল কর্পোরেশনের আওতায় আনার জন্যে বলা হয়েছে। আপনাদের পক্ষ থেকেও এই আবেদন করা হয়েছে। কাজেই পশ্চিমবঙ্গের মানুষ যেখানে দেশের নগরায়নের দিকে ছুটছে তখন আপনারা ঠিক তার বিপরীত দিকটা চিন্তা করছেন। জনগণকে অন্যপথে প্ররোচিত করার জন্য চেষ্টা করে যাচ্ছেন। যেখানে বামফ্রন্ট সরকার পশ্চিমবঙ্গের উন্নয়নকে ঢেলে সাজাতে চাইছে সেখানে আপনারা নানা ছুতোতে তাকে বাধা দিতে চাইছেন। পশ্চিমবঙ্গ সরকার পরিপূর্ণভাবে গণতান্ত্রিক ব্যবস্থার মধ্যে দিয়ে পৌরব্যবস্থা প্রতিষ্ঠা করেছে। আপনি যখন পৌরমন্ত্রী ছিলেন তখন পৌর পরিষেবার নামে কি করেছিলেন সেটা নিশ্চয় আপনাদের ধ্যান ধারণাতে আছে। আপনারা পশ্চিমবঙ্গের সার্বিক উন্নতির ক্ষেত্রে পৌর দপ্তরকে সঠিকভাবে রূপায়ণের ক্ষেত্রে তাকে সাহায্য করুন, সহযোগিতা করুন এবং গঠনমূলক সমালোচনা সেক্ষেত্রে করতে হয় করুন কিন্তু অযথা একটা ভাল কাজকে ব্যহত করবেন না। আজকে পৌর দপ্তরকে আরও কিভাবে উন্নত করা যায়, তার আনপ্রোডাক্টিভ এমপ্লয়মেন্ট কিভাবে বন্ধ করা যায় সেটা দেখতে হবে। সেখানে যদি পৌরসভার পরিচালনার ক্ষেত্রে কোনওভাবে অন্যায় দেখা যায় তার শাস্তি হওয়া দরকার। সেক্ষেত্রে বামফ্রন্ট সরকার দ্বারা পরিচালিতই হোক বা কংগ্রেস পরিচালিতই হোক যারাই আনঅ্যাপ্রুভড অ্যাপয়েন্টমেন্ট দেবেন বা যেখানে অন্যায় দেখা যাবে তার বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে। পৌরখাতের খরচ যদি অন্যায়ভাবে অন্য খাতে খরচ হয় তারজন্য ব্যবস্থা নিতে হবে।

এই গঠনমূলক প্রস্তাব যদি আপনারা রাখেন তাহলে সীমাবদ্ধতার মধ্যে দিয়েও পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার পৌর পরিষেবা যেটুকু পৌঁছে দিতে চাইছেন সেটাকে আরও সুসংহতভাবে পৌঁছে দিতে পারবে। তার সঙ্গে সঙ্গে কেন্দ্রীয় সরকারের টাকার কথা বলছেন, অবশ্যই আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা চাই, এটা আরও বেশি বেশি করে চাই, এটা দয়ার দান নয়, গণতান্ত্রিক অধিকার। পশ্চিমবঙ্গ থেকে প্রতি বছর কেন্দ্রীয় সরকার তার কোষাগারে যে হাজার হাজার কোটি টাকা সেখানে নিয়ে যান, পশ্চিমবাংলার যে খাতে যা প্রাপ্য সেই টাকা আমরা চাই এবং যা পাই তার চেয়ে অনেক বেশি বেশি প্রাপ্য আমাদের আছে। সেই টাকা যদি আমরা পেতে পারতাম তার সঙ্গে পশ্চিমবঙ্গ সরকার যে টাকা আমাদের দেন তাতে আমাদের যে ১২১টি মিউনিসিপ্যালিটি বা কর্পোরেশন আছে সেই জায়গাতে আমরা আরও উন্নত পরিকল্পিত কর্মসূচি পৌছে দিতে পারতাম। কিন্তু সেটা সম্ভব হচ্ছে না। তাই আমি আবেদন জানাব বিরোধী সদস্য যারা আছেন তারা একত্রিতভাবে একটা সর্বসম্মত প্রস্তাব গ্রহণ করুন পশ্চিমবাংলার পৌরাঞ্চলে পরিকল্পিতভাবে পৌরষেবা পৌঁছে দিতে গেলে কেন্দ্রীয় সরকারকে আরও টাকা দিতে হবে। দীর্ঘদিন ধরে পশ্চিমবাংলার নির্বাচন আপনারা বন্ধ করে রেখেছিলেন, সেই ব্যবস্থাকে আমরা চালু করেছি। সেই কারণে যে ব্যাক লগ কাজ হয়নি আপনাদের জামানায়, ১৬/১৭ বছর যে উন্নয়নমুখি কাজ আটকে পড়েছিল,

যার ফলে কিছুটা পশ্চাৎমুখি হয়েছিল, সেটাকে আমরা সম্মুখ দিকে আনার চেষ্টা করছি। সেই ব্যাক লগ পরিষ্কার করে। তার জন্য কেন্দ্রীয় সরকারকে আরও টাকা দিতে হবে ; এই দাবি যদি আমরা করতাম তাহলে পশ্চিমবাংলার জনগণের প্রতি দরদ দেখাতে পারতাম। পশ্চিমবাংলায় যে পৌর পরিষেবা আমরা তৈরি করেছি তাকে আরও নূতন করে আমরা তৈরি করতে চাইছি তাকে আরও উন্নত জায়গায় নিয়ে যাওয়ার কথা আমরা ভাবছি। এই ব্যাপারে আপনারা যদি একটা গঠনমূলক দৃষ্টিভঙ্গি নিয়ে পশ্চিমবঙ্গ সরকারকে সাহায্য করতেন তাহলে ভাল হত। এই কথা বলে, ওরা যে প্রস্তাব এনেছেন তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মিঃ স্পিকার স্যার, আমরা যে প্রস্তাব এনেছি সেটা বাস্তব প্রস্তাব তাকে সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। আমার পূর্ববর্তী বক্তা বিশেষ করে যিনি বলছিলেন যে তারা নাকি কোনও পৌরসভার বিরুদ্ধে কোনও রকম অবিচার করেননি, এর আগে আমাদের এক বক্তা বলেছেন, বহরমপুর মিউনিসিপ্যালিটি যে ভাবে নক্করজনকভাবে বেআইনি ভাবে তুলে দেওয়া হয় পরবর্তীকালে তারা আবার প্রথমত আইনে এবং পরবর্তীকালে সাধারণ মানুষের ম্যান্ডেটে সেখানে ফিরে এসে দেখিয়ে দিয়েছিলেন তারা সেখানে ঠিকভাবে চলছিলেন। যে কারণে বহরমপুর মিউনিসিপ্যালিটিকে বরখাস্ত করা হয়, সেই কারণে কলকাতা কর্পোরেশনকে বরখাস্ত করার কথা, সেই একই কারণে আরও অনেক মিউনিসিপ্যালিটিকে বরখাস্ত করার কথা হাওড়া মিউনিসিপ্যালিটিকেও বরখাস্ত করার কথা। মাননীয় বিধায়ক আপনি বলুন কলকাতা কর্পোরেশনে আপনারা কত হাজার ক্যাডার অ্যাপয়েন্টমেন্ট করেছেন, হাওড়া কর্পোরেশন হয়ে যাওয়ার পর কয়েক হাজার লোককে সেখানে অ্যাপয়েন্টমেন্ট করেছেন, সেখানে আপনাদের রেভিনিউ আসে না। এই কথা কিন্তু আপনারা বললেন না। আপনারা রেভিনিউ ক্যালেক্ট করতে পারছেন না, ট্যাক্স আদায় করতে পারছেন না, বিরাট বিরাট মাল্টিস্টোরেড বিল্ডিংগুলির কাছে যেতে পারছেন না, ট্যাক্স আদায়ের জন্য। অথচ সাধারণ মানুষ যারা ট্যাক্স পেমেন্ট করতে চায় তারা সেটা করতে পারছে না, কারণ ট্যাক্স রিসিভ করার ক্ষমতা আপনাদের নেই।

হাওড়া কর্পোরেশনে এখন সন্ত্রাসের রাজত্ব চলছে। হাওড়া কর্পোরেশনে ১৮ জন কংগ্রেসি কাউন্সিলার তাদের সঙ্গেও কোনও কথা বলা হয়নি। গত ৪ বছরে নূতন রাস্তা রিপেয়ার হয়নি, গত ৪/৫ বছর ধরে কন্ট্রাক্টাররা টাকা পাচ্ছে না, ৭ কোটি টাকা বাকি। আমরা যারা বিরোধী পক্ষে আছি বারবার অনুরোধ করেছি, মাননীয় মুখ্যমন্ত্রীকে আবেদন নিবেদন করেছি, কিছু টাকা দিন হাওড়া কর্পোরেশনের রাস্তাঘাটগুলিতে অন্তত কিছু খোয়া পড়ুক।

[3-50 — 4-00 p.m.]

আমি নিজে গেছি মাননীয় অর্থমন্ত্রীর কাছে। আমি বলেছি আপনি হাওড়ায় গিয়ে দেখে আসুন, সেখানে জলের কোনও ব্যবস্থা নেই, যে জলটুকু আসছে সেটা পান করার উপযোগী নয়। তিনি নিজে গিয়ে সেটা দেখে এসেছেন। সেখানে এক কোটি টাকা তাকে দিতে হয়েছে। আমাদের আবেদন-নিবেদন অনুযায়ী তাকে টাকা দিতে হয়েছে। আমরা যখন তাকে বললাম নতুন রাস্তাঘাট হওয়া দূরের কথা, আপনি রিপেয়ার করার জন্য কিছু টাকা দিন। তখন তার

কাছে আমরা শুনলাম হাওড়ার মেয়র রাস্তাঘাট রিপেয়ার করার জন্য কোনও কথা বলেননি। সেখানে কন্ট্রাক্টার যারা কাজ করছেন তারা চার বছর ধরে পেমেন্ট পাচ্ছে না এবং সাত কোটি টাকা তারা হাওড়া কর্পোরেশনের কাছে পায়। আজকে পুজোর আগে একটাও গর্ত বোজানোর ক্ষমতা তাদের নেই। প্রোমোটাররা সেখানে একের পর এক বে-আইনিভাবে বাড়ি তুলছে। তাদের সেখানে মাল্টিস্টোরিড বিল্ডিং করতে সুবিধা করে দেওয়া হচ্ছে। মাননীয় মন্ত্রী বুদ্ধদেববাবু আগে যখন এই দপ্তরের দায়িত্বে ছিলেন, তখন তিনি বিধানসভার ভেতরে বলেছিলেন আমরা বে-আইনি বাড়ি ভেঙ্গে দেব। কিন্তু আমরা দেখতে পাচ্ছি বে-আইনি বিল্ডিং হয়েই যাচ্ছে। দেখা যাচ্ছে একটা বাড়ি বে-আইনিভাবে পাঁচ-ছয় তলা হওয়ার পর, কর্পোরেশন থেকে সেখানে গিয়ে উপরের তলার ছাদটা এক জায়গায় ফুটো করে দেওয়া হল, বলা হল বাড়িটি ডিমোলিস করা হয়েছে। সেখানে ট্যাক্স কালেকশন করবার জন্য একটা ডিপার্টমেন্ট আছে, সেখানে আপনারা আপনাদের ক্যাডারদের বসিয়ে দিয়েছেন, তারা কাজ করতে পারছেন না। এখন আবার কর্পোরেশন বলছে যে রাস্তা রিপেয়ার নাকি ডিপার্টমেন্টালি হবে। ডিপার্টমেন্টে আজকে বহু মানুষ আছে তাদের কোনও কাজ নেই। আজকে কিছু কাজ ডিপার্টমেন্টলি হওয়া দরকার। আজকে কর্পোরেশন বা মিউনিসিপ্যালিটিগুলোর ডিপার্টমেন্টালি কাজ করার কনোও ইনফ্রাস্ট্রাকচার নেই। যদি সেই মানুষগুলোকে আপনারা ব্যবহার করতে পারতেন, তাহলে খানিকটা রাস্তা নতুন হতে পারত। অনেক বেশি রাস্তা রিপেয়ার হতে পারত। আমাদের অনেক কিছু বলার ছিল, কিন্তু কার কাছে বলব, কে শুনবে, কে জবাব দেবে। মন্ত্রী মহাশয় তো এখানে নেই, হাওড়ায় যে সমস্ত রাস্তা আছে সেগুলো ইমিডিয়েটলি মেরামত করা হোক। মানুষ যাতে জল পায় তার ব্যবস্থা করা হোক। আজকে কর্পোরেশন এলাকায় বা মিউনিসিপ্যালিটি এলাকায় যেখানে যেখানে কংগ্রেসি কাউন্সিলাররা আছে, সেখানে অগ্রগতির সমস্ত কাজ বন্ধ করে দেওয়া হয়েছে। এর বিরুদ্ধেই আজকে আমাদের প্রতিবাদ, এই অগণতান্ত্রিক ব্যবস্থার পরিবর্তন করা হোক। এই বক্তব্য রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী পক্ষের মাননীয় সদস্য সুব্রত মুখার্জি, সৌগত রায় এবং অজয় দে আজকে যে পৌরসভা সংক্রান্ত বিষয়ে প্রস্তাব উত্থাপন করেছেন এবং তাদের যে বক্তব্য এখানে তারা পেশ করলেন সেটা আমি শুনলাম। এই প্রস্তাবের সাথে বক্তৃতার কোনও যোগ নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসাব পর পরিকল্পিতভাবে নগরোন্নয়নের জন্য মিউনিসিপ্যালিটি এবং কর্পোরেশনগুলোতে কতগুলো নির্দিষ্ট ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। প্রথম পদক্ষেপ হচ্ছে আইনের গণতন্ত্রীকরণ। দীর্ঘদিন আগে ১৯৩২ সালের আইন অনুযায়ী এই পৌরসভাগুলো পরিচালিত হত। সেই আইনকে পরিবর্তন করে পরিবর্ধন করে এইগুলো গণতন্ত্রীকরণ করা হয়েছে। মেয়র-ইন-কাউন্সিল, চেয়ারম্যান-ইন-কাউন্সিল ঠিকমতো করে যাতে পৌরসভা পরিচালনা করতে পারে সেই পরিকাঠামো আইনের মধ্যে করা হয়েছে।

এরপর হচ্ছে কি না, বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পরে যে সমস্ত শহরগুলো ধীরে ধীরে নগরোন্নয়নের দিকে যাচ্ছিল, সেইগুলোকে পৌরসভা হিসেবে তারা ঘোষণা করেছেন এবং এখনে সৌগতবাবু একটা কথা বললেন, আজ পৌরসভাগুলোকে ভাগ কারা হয়েছে

অনেক ক্ষেত্রে ভোটের সুবিধার জন্য, কোথাও এরকম দৃষ্টান্ত তারা তুলে ধরতে পারবেন না। যদি বলেন তাহলে ধরুন, বর্ধমান, জামুরিয়া, কুলটি, এখানে যে পৌরসভা হয়েছে। একথা সকলেই জানে বর্ধমান জেলাতে বামফ্রন্টের এমন ভিত্তি রয়েছে, সেখানে কি এই যুক্তি ঠিকমতো যুতসই হিসাবে গ্রহণ করা যেতে পারে? কলকাতা কর্পোরেশনের মধ্যে আশেপাশের অঞ্চলের উন্নয়নের জন্য সুসংঘবদ্ধ করার জন্য সেই এলাকাগুলোকে যুক্ত করা হয়েছে। যেমন আমরা দেখছি, কলকাতা, হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশনকে সহ পাশাপাশি যে সমস্ত মিউনিসিপ্যালিটি রয়েছে, এইগুলোকে নিয়ে একটা সুসংবদ্ধ পরিকল্পনা বাস্তাবায়িত না করা যায়, তাহলে এই যে বিস্তীর্ণ এলাকা যাকে মহানগরী নামে খ্যাত করা হয়েছে, তাকে মহানগরী আখ্যায় আখ্যাত করা যাবে না। তাই মেগাসিটি করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ক্যালকাটা সি. এম. ডি. এ. এসব পরিকল্পনা ক'রে তাকে বাস্তবায়িত করা হচ্ছে। আর একটা কথা, যেটা আমরা শুনলাম, রাজ্য সরকার নাকি পৌরসভাগুলির কোনও উন্নয়নমূলক কাজে কোনও অর্থ বরাদ্দ করে না। এটা ঠিক নয়। কেননা, রাজ্য সরকার তার নিজস্ব ভান্ডার থেকে প্রৌরসভাগুলিকে যে টাকা দিয়ে থাকে, পৌরসভাগুলো অক্ট্রয় ট্যাক্স, শেয়ার, এন্টারটেনমেন্ট, মোটর ভেহিক্যালস ট্যাক্স, এই যে অর্থগুলো পৌরসভাকে দিয়ে থাকে, এই অর্থগুলো মূলত পৌরসভাগুলো তাদের চিন্তা-ভাবনা অনুযায়ী পৌর এলাকাগুলির মধ্যে উন্নয়নমূলক কাজে ব্যয় করবেন। কোথাও রাস্তা করবেন, এই ভাবে উন্নয়নের দিকে নিয়ে যাবেন পৌরসভাগুলোকে। বাকি কিছু জায়গা আছে, কেন্দ্রীয় সরকারের কিছু আর্থিক সাহায্য আছে এবং রাজ্য সরকার কিছু আর্থিক সাহায্য দেয়। একা কেন্দ্র দেবে, রাজ্য সরকারের কোনও ভূমিকা নেই, সেটা তা নয়। তাছাড়া আমাদের ভাবতে হবে, আমরা একটা যুক্তরাষ্ট্রীয় কাঠামোর মধ্যে বাস করছি, সেখানে কেন্দ্রীয় সরকারের দায়-দায়িত্ব আছে, রাজ্য সরকারেরও দায়িত্ব আছে। সমস্ত দেশের উন্নয়নমূলক কাজের মধ্যে যে পঞ্চবার্ষিক পরিকল্পনা সেটা কেন্দ্রীয় সরকার পরিচালনা ক'রে থাকেন। সুতরাং একটা অঙ্গ রাজ্য হিসাবে আমাদের সেই পরিকল্পনার সুযোগ গ্রহণ করতে হবে। সেই ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে টাকা উন্নয়নের খাতে আশা করে থাকি, তার সবটা পাইনা। আই. ডি. এস. এম. টি. সেটা লোন অ্যাসিস্ট্যান্সের ৫০ নেহেরু রোজগার যোজনার, সেইগুলোকে ফিরিয়ে, দিতে হবে বেশিরভাগ। সুতরাং এই যে অবস্থা রয়েছে, কিছু কিছু কেন্দ্রীয় সরকারের অনুদান আছে, রাজ্য সরকারের শেয়ার আছে, কিছু কিছু ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের শেয়ার থেকে লোন নিতে হয় এবং ফেরৎ দিতে হয়। শুধু পৌরসভা কেন, পঞ্চায়েত কেন, গোটা পশ্চিমবাংলার জনজীবনে যে সমস্যা রয়েছে, যদি সেই সমস্যার কথা চিন্তা করতে হবে। এবং পরিকল্পনার আয়তন বাড়াতে হলে আজকে পশ্চিমবঙ্গ যে বিশেষ অবস্থায় রয়েছে, সেই অবস্থার কথা বিবেচনা করতে হবে। দেশ বিভাগের ফলে যে বিশাল সংখ্যক জনগণ পশ্চিমবঙ্গে এসেছে, সেই সমস্যার কথা চিন্তা করতে হবে। আজ কলকাতা কর্পোরেশন এলাকার বিরাট সমস্যা রয়েছে, সেই উদ্বাস্তু পুনর্বাসনের সমস্যাকে মন্ত্রী মহাশয় যদি সঠিকভাবে সমাধান করে দিতে পারেন তাহলে একদিকে নগরজীবন নিয়ে সমস্যা অনুভব করতে হত না এবং মুখোমুখি হতে হত না। তাই কলকাতার উন্নয়নের জন্য ১৭৮০ কোটি টাকা দাবি করছি। গত বছর সুব্রতবাবু এবং আমরা সবাই গিয়েছিলাম সর্বদলীয় প্রতিনিধি হিসেবে এবং পরিকল্পনা। পরিষদের ডেপুটি চেয়ারম্যানের সঙ্গে দেখা করেছিলাম কলকাতার পানীয় জলের জন্য। তিনি বলেছিলেন পরিকল্পনা রচনা করুন এবং

কার্যকর করুন এবং জলের উপর থেকে ট্যাক্স নেওয়ার ব্যবস্থা করতে হবে, না হলে এই পরিকল্পনা রূপায়িত করা যাবে না। সুতরাং আসল ত্রুটিটা কোথায়, অসুবিধাটা কোথায়। সেটা বুঝতে হবে, কিন্তু আমরা একটা কথা দৃঢ়তার সাথে বলতে চাই, বামফ্রন্ট সরকার এখানে পৌর এলাকায় যে নতুন নতুন পৌরসভা গঠন করছে ট্যাক্স আদায়ের উদ্দেশ্যে, সুব্রতবাবু যা বললেন, তা নয়।

[4-00 —'4-10 p.m.]

নতুন যে সব পৌরসভাগুলো তৈরি হয়েছে, যে সব পৌরসভাগুলো আছে সেখানে যে বিষয়টা আমরা দেখেছি সেটা হচ্ছে বামফ্রন্ট সরকার পৌরসভাগুলিতে যে কর কাঠামো নীতি অনুসবণ করেছেন, চালু করেছেন তাতে যারা দরিদ্রতম মানুষ, যাদের দেওয়া সাধ্য নেই, তাদের সেই করকাঠামোর আওতা থেকে বাদ দেওয়া আছে। যারা শহরাঞ্চলে বাস করবেন, শহরের সুযোগসুবিধা, নগরজীবনের সুযোগসুবিধা ভোগ করবেন এবং বিত্তশালী মানুষ হিসেবে যাদের ট্যাক্সের বোঝা বহন করার ক্ষমতা আছে নিশ্চয়ই তাদের সেই ট্যাক্সের বোঝা বহন করতে হবে, তাদের ট্যাক্স দিতে হবে, এ বিষয়ে কোনও সন্দেহ নেই। আর আরেকটা কথা ল্যান্ড রেগুলেশনের ব্যাপারে আমি বলতে চাই না। কারণ এগুলোর নানারকম ফ্যাক্টরস এখানে কাজ করে। এর পিছনে বামফ্রন্ট সরকারের কোনও চিন্তা-ভাবনা বা কোনও ভূমিকা নেই। কিন্তু একটা কথা যেটা বলছি যে ৫৭০টি ওয়ার্ডে যেখানে ওরা বলেছেন যে কংগ্রেস কাউন্সিলারদের ওয়ার্ডে কোনওরকম উন্নয়নমূলক কাজকর্ম পৌরসভাগুলি করছে না, সেখানে রাস্তাঘাট নির্মাণ করছে না, জল সরবরাহ ব্যবস্থা করছে না, বিদ্যুৎ সংযোগের ব্যবস্থা করছে না—এই যে অভিযোগ রয়েছে, এই অভিযোগ সম্পর্কে রাজ্য সরকারের পক্ষ থেকে কোনও বক্তব্য থাকার বিষয় নয়। কারণ আপনারা সকলেই জানেন যে পঞ্চায়েত এবং পৌরসভা এগুলো হচ্ছে স্বয়ংশাসিত সংস্থা। সরকার পৌরসভা এবং পঞ্চায়েতগুলিকে আর্থিক অনুদান বা আর্থিক বরাদ্দ করে থাকে। পঞ্চায়েত কিংবা পৌরসভাগুলি তারা কি ধরনের উন্নয়নমূলক কাজ করবেন কোথায় উন্নয়নমূলক কাজকর্ম হবে—সেখানে তারা সিদ্ধান্ত গ্রহণ করে সেই সিদ্ধান্ত নিয়ে তারা কাজ করবে। যদি কোনও সুনির্দিষ্ট অভিযোগ থেকে থাকে যে—কোনও ওয়ার্ডে এই কাজ হয়নি বা অমুক হয়নি, সেটা যদি পৌর দপ্তরে আপনারা দেন, তাহলে নিশ্চয় পৌর মন্ত্রীকে দিয়ে অনুমোদন করে তথ্য অনুমোদন করে রাখা যাবে। কিন্তু মূলত যে অভিযোগটা কথা প্রসঙ্গে আলোচনার মাধ্যমে এসে গেছে সেটা হচ্ছে—নতুন কিছু কিছু পৌরসভা আছে যেগুলিতে রাজ্য সরকার কর্তৃক প্রদত্ত উন্নয়নমূলক কাজকর্মের জন্য যে টাকা, সেই টাকা তারা খরচ করেছেন কর্মচারিদের বেতন দিয়ে। কত অর্থ ডাইভারশন্যাল ফান্ড হচ্ছে এবং কর্মচারিদের বেতন দিতে গিয়ে টাকা খরচ করতে গিয়ে উন্নয়নমূলক কাজ ব্যাহত হচ্ছে সেখানে সংকট দেখা দিয়েছে এবং এই যে কর্মচারিদের বেতন দেওয়ার ক্ষেত্রে এই যে অর্থ বরাদ্দ করা হয়েছে, এক্ষেত্রে কিছু বেআইনি বা অবৈধ কার্যকলাপ যুক্ত হয়েছ। কারণ নতুন কর্মচারিদের নিয়োগ করার ক্ষেত্রে নির্দিষ্ট প্রক্রিয়া রয়েছে। কারণ সরকারের কাছ থেকে অনুমোদন নিয়ে পোস্ট অ্যাপ্রুভ করিয়ে কর্মচারিদের নিয়োগ করতে হবে। কিছু কিছু পৌরসভা সেই নিয়ম মানে নি এবং দুঃখের বিষয় হলেও এটা বাস্তব সত্য। এরকম ঘটনা কংগ্রেস শাসিত পৌরসভাগুলিতে বেশ কিছু ঘটেছে। ফলে এই অসুবিধার জন্য সেখানে উন্নয়নমূলক

কাজকর্ম ব্যাহত হচ্ছে। যার ফলে অনেক অসুবিধার সৃষ্টি হয়েছে। এছাড়া রাজ্য সরকার কিন্তু কোনও পক্ষপাতিত্ব করেননি। কারণ সৌগতবাবু যে ৩৬টি মিউনিসিপ্যালিটির কথা বললেন সেগুলোর ক্ষেত্রে এবং ছোট ছোট নগরায়ণ পরিকল্পনার মাধ্যমে অন্তর্ভুক্ত হয়েছে ; তাতে সেন্ট্রাল গভর্নমেন্টের নিয়ম অনুযায়ী যে টাকা আসছে, ম্যাচিং গ্র্যান্টে রাজ্য সরকারের যে টাকা মিউনিসিপ্যালিটি ওয়াইড টাকা অ্যালোটমেন্ট হচ্ছে সেই টাকা মিউনিসিপ্যালিটিকে পৌঁছে দেওয়া হচ্ছে। আর রাজ্য সরকার-এর পক্ষ থেকে ডি. এ. সাব মেনশন কিংবা অক্ট্রয় কিংবা অ্যামিউজমেন্ট ট্যাক্স কিংবা এন্টারটেইনমেন্ট ট্যাক্স এর টাকাটা দেওয়া হয়, যেগুলো জনসংখ্যার ভিত্তিতে দেওয়া হয়। সুতরাং কোনও পৌরসভাকে কোনও ভাবে পক্ষপাতিত্ব বা বঞ্চিত করার কোনও প্রশ্ন আসছে না। আমি এই কয়েকটি কথা বলে তারা এই যে প্রস্তাবটি এনেছেন এই প্রস্তাবের এক জায়গায় তারা বলেছেন কন্সিডারেশন, আমি কিন্তু মনে করছি না তাই নয়, ওরা বরং রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিতভাবে দৃষ্টিভঙ্গির এই প্রস্তাবটি এনেছেন, সামনে পুরসভা ইত্যাদি নির্বাচন আছে। সুতরাং এই প্রস্তাবের যে বিষয়বস্তু তাকে আমি সরকার পক্ষ হিসেবে সমর্থন করতে পারছি না। এই প্রস্তাবের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে জানাই যে আজকে শেষ দিন, আমাদের পক্ষ থেকে আপনাকে কোনওরকম ভাবে বিব্রত করতে চাই না। আমি স্যার বহুবার বলেছি যে প্রশ্ন-উত্তরের দায়িত্ব যে কোনও মিনিস্টার নিতে পারেন কিন্তু আপনি আমার কথা উড়িয়ে দিয়েছেন এবং বলছেন সংশ্লিষ্ট মন্ত্রী আসতে পারেননি। অন্য কোনও মন্ত্রীকে আপনি অ্যালাও করেন না। আমরা পার্লামেন্টের দৃষ্টান্ত এখানে উল্লেখ করা সত্ত্বেও আপনি এখানে তা মঞ্জুর করেন নি। অথচ এই মোশনের উপর মন্ত্রীসভার পক্ষ থেকে বিভাগীয় মন্ত্রী উত্তর দিলেন না, অন্য মন্ত্রী উত্তর দিলেন এবং আপনি তাকে অনুমতি দিলেন। আমরা জানি আপনি সব সময় নিউট্রাল হতে পারেন না, কিন্তু আমরা দেখেছি আপনি মাঝে মাছে একটু নিউট্রাল হন। আমরা আশা করেছিলাম এ ক্ষেত্রে আপনি নিউট্রাল হবেন এবং বিভাগীয় মন্ত্রীকেই উত্তর দিতে বলবেন। তা হল না। প্রবোধবাবুকে আপনি অনুমতি দিলেন এবং তিনি একটা এক্সটেম্পোর বক্তৃতা করলেন, কোনও স্পেসিফিক বক্তব্য রাখলেন না। আমরা যখন স্পেসিফিক প্রস্তাব উত্থাপন করব তখন নিশ্চয়ই স্পেসিফিক উত্তর আশা করব। প্রবোধবাবু এসব বিষয়ে কি উত্তর দেবেন, উনি কি জানেন? ওর এখানে লিস্ট করা ছাড়া আর কোনও কাজ নেই। আপনি ওকে একটা লাল আলোর গাড়ি দিয়েছেন—উনি লিস্ট করেন আর সেটা চড়েন। এছাড়া আর ওর কোনও কাজ নেই। ওর কাজ হচ্ছে, 'রিসিভড ইয়োর লেটার ডেটেড সাচ অ্যান্ড সাচ'-এ ছাড়া আর কোনও কাজ নেই। এই হচ্ছে ওর পরিচয়। আর সরকার পক্ষের প্রধান বক্তা নির্মলবাবুর কি পরিচয়? উনি একটা কর্পোরেশনের জঞ্জালের দায়িত্বে আছেন। এদের কাছ থেকে ১০৬-টা পৌরসভা এবং চারটে নোটিফায়েড অথরিটির কি জবাব পাব। স্যার, কোনও রাজনৈতিক মতলব নিয়ে আজকে আমরা এই রিজলিউশন নিয়ে আসিনি। স্যার, এবারে আমরা পর পর দুটো কনফারেন্স করেছি—একটা কলকাতায় আমাদের সমস্ত পঞ্চায়েত সদস্যদের নিয়ে, আর একটা কৃষ্ণনগরে নগরপালিকা বা পৌরসভার সদস্যদের নিয়ে। দুটো কনফারেন্সেই আমরা দুটো বিষয়ে বিস্তারিত আলোচনা করেছি। কৃষ্ণনগরের কনফারেন্সে আমাদের দলের ৬৭০ জন মিউনিসিপ্যাল সদস্যর সাধারণ

মন্তব্যগুলোকে বিচার বিবেচনা করে সেই পটভূমিকায় আমরা আজকে এখানে এই রেজিলিউশন নিয়ে এসেছি। তাদের বক্তব্যের মধ্যে দিয়ে আমরা উপলব্ধি করেছি যে, তারা কি ভাবে ডিপ্রাইভড হচ্ছেন। পরিকল্পনামাফিক তাদের ডিপ্রাইভড করা হচ্ছে এবং আমি তা আপনাকে দু' একটা দৃষ্টান্ত দিয়ে বোঝাবার চেষ্টা করছি। স্যার, আজকে যদি প্রবোধবাবু তৈরি হয়ে এসে বক্তব্য রাখতেন তাহলে আমরা নিশ্চয়ই তার বক্তব্য মেনে নিতাম। দপ্তরের সেক্রেটারি যদি মেটিরিয়া দিয়ে তাকে সাহায্য সহযোগিতা করতেন এবং সে ভাবে যদি তিনি তার বক্তব্য উপস্থিত করতেন তাহলেই হয়ত কিছু গ্রহণযোগ্য জিনিস তার বক্তব্যের মধ্যে থাকত। উনি যেভাবে বক্তব্য রাখলেন তাতে আমার পক্ষে আর কিছু বলা নিরর্থক এবং অরণ্যে রোদন করা ছাড়া আর কিছু হবে না। অ্যাট লিস্ট ডিপার্টমেন্টাল সেক্রেটারি যদি গ্যালারিতে উপস্থিত থেকে ওকে সাহায্য সহযোগিতা করতেন তাহলেও আমরা বুঝতাম যে, সরকার বিষয়টিকে গুরুত্ব দিচ্ছেন।

স্যার, সৌগতবাবু ইতিপূর্বে নির্বাচিত বলছেন যে, বাঁকুড়া জেলায় ইকনমিক ব্লকেড করার জন্য কংগ্রেস পরিচালিত নির্বাচিত নগরপালিকাকে রিজাইন করতে হয়েছে। রিজাইন না করলে আর্থিক অনটনের জন্য ওখানে যে জঞ্জাল নগরীর সৃষ্টি হয়েছিল তাতে তাদের মার খেতে হ'ত। এসব বিষয়ে আমরা কার কাছে উত্তর পাব? আজিমগঞ্জ—জিয়াগঞ্জ মিউনিসিপ্যালিটিকে উত্তর দেবে? আমরা জানি বেশিরভাগ মিউনিসিপ্যাল এলাকার মানুযরা সাধারণভাবে আপনাদের সমর্থক নন। এটা সাধারণ সত্য। কলকাতা বলুন, হাওড়া বলুন, অন্য মিউনিসিপ্যাল এরিয়া বলুন, এটা সত্য কি রাজ্যে, কি রাজ্যের বাইরে ভারতবর্ষের রাজনীতি সম্পর্কে যারা পরিচিত, তাদের বক্তব্য হচ্ছে, 'পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলে সি. পি. এম.-এর সাধারণভাবে প্রভাব বেশি। কিন্তু শহরে বা মিউনিসিপ্যাল এরিয়ায় কংগ্রেসের আধিপত্য বেশি।" এই পলিটিক্যাল কন্সিডারেশনেই আপনারা আমাদের পৌরসভার মানুষগুলোকে ডিপ্রাইভড করছেন। কি ভাবে করছেন তার একটার পর একটা আমি নমুনা দিচ্ছি। কিন্তু দিয়ে কি হবে, উত্তর তো হবে না। প্রবোধবাবু আজিমগঞ্জের নাম শুনেছেন কিনা জানি না। এখানে আমি আর্বান ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টের তৈরি করা তথ্য উল্লেখ করছি এবং নির্মলবাবুকে এটুকু শুনতে অনুরোধ করছি

[4-10 — 4-20 p.m.]

ওয়েস্ট দিনাজপুরে ২টি মিউনিসিপ্যালিটি। একটা রায়গঞ্জ আর একটা বালুরঘাট। সবাই জানেন, রায়গঞ্জের লোক সংখ্যা হচ্ছে ১ লক্ষ ৫১ হাজার ৪৫ জন, আর বালুরঘাটের লোকসংখ্যা ১ লক্ষ ১৯ হাজার ৭৭৬ জন। রায়গঞ্জ হচ্ছে কংগ্রেসের মিউনিসিপ্যালিটির আর বালুরঘাট হচ্ছে নন-কংগ্রেস মিউনিসিপ্যালিটি অর্থাৎ আর. এস. পি.-র। টাকা অ্যালটমেন্ট কিভাবে হচ্ছে দেখুন? লোকসংখ্যা বেশি কংগ্রেসের রায়গঞ্জ মিউনিসিপ্যালিটিতে। সেখানে টাকা দেওয়া হয়েছে ২৫ লক্ষ ৭২ হাজার টাকা আর বালুরঘাটে তার চেয়ে কম লোকসংখ্যা, কংগ্রেসের নয় বলে সেখানে দেওয়া হচ্ছে ৩৯ লক্ষ ৬০ হাজার টাকা। আপনি বলুন, কোন যুক্তিতে বৈষম্য হবে? আমি নিজে দপ্তর চালিয়েছি, আমি জানি যদি লোকসংখ্যা গোনা হয় তাহলেও বালুরঘাট পায় না।

**মিঃ স্পিকার ঃ** কোন সালের পরিসংখ্যান দিচ্ছেন?

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** আরবান ওয়েস্টবেঙ্গল, ১৯৯৪-৯৫, গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গল।

**মিঃ স্পিকার ঃ** এই টাকাটা কোন সালের টাকা?

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** সব মিলিয়ে। আমি আপনাকে দেখিয়ে দিচ্ছি, share. of Entry Tax, share of M. V. Tax, share of entertainment Tax, share of Profession trade and Callings....

**মিঃ স্পিকার ঃ** কোন স'লের?

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** ১৯৯২-৯৩ সালের।

**মিঃ স্পিকার ঃ** তার মানে বালুরঘাট তখন জেলা হেডকোয়ার্টার, জেলা বিভাজন হয়নি। রায়গঞ্জ মূলত তখন বালুরঘাটে, অতএব লোকসংখ্যার হিসাবে অনেক বেশি।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** কোনও খাতেই টাকা পেল না। রায়গঞ্জ যেমন, Raiganj is always more important than Balurghat অথচ রায়গঞ্জের চেয়ে বেশি টাকা ওরা পেল। আপনি কি করে প্রোটেকশন দেবেন?

**মিঃ স্পিকার ঃ** আপনি বলুন, বলুন। আমি ক্লারিফিকেশন চাচ্ছিলাম।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** আমি ব্রেক-আপ দিয়ে দিলাম, বালুরঘাট কেন সুযোগে বেশি পাবে এবং পেতে পারে কিনা প্রবোধবাবু বলবেন? আমরা বহু জায়গায় ডিপ্রাইভ হয়েছি। বজবজ মিউনিসিপ্যালিটির কথা বলতে পারি। বুদ্ধদেববাবু যখন মন্ত্রী ছিলেন তখন বহরমপুর মিউনিসিপ্যালিটিতে উদ্বৃত্ত লোক নেওয়া হয়েছে বলে বাতিল করে দিলেন। যা হোক, আমরা হাইকোর্টে জিতলাম, আবার জিতেছি, মানুষ প্রমাণ করে দিয়েছে, আইন প্রমাণ করে দিয়েছে। বজবজ মিউনিসিপ্যালিটি সি. পি. এমেরে মিউনিসিপ্যালিটি। সেখানে কেন ১৮০ জন লোক নিয়োগ করা হয়? এক্ষেত্রে কোনও অনুমতি নেওয়া হল না। আজ পর্যন্ত বজবজ মিউনিসিপ্যালিটিকে ভাঙা হয়নি কেন? কেন বলা হয়নি যে, তোমরা গঙ্গা অ্যাকশন প্ল্যানের টাকা নিয়ে চাকরি দিয়েছ? কে একজন কৃষ্ণনগর মিউনিসিপ্যালিটির কথা বললেন। আমি বলছি, ওরা ৫ কোটি টাকা পায় সরকারের কাছ থেকে। দিয়ে দিন, তারপর যদি কমপ্লেন থাকে, আমরা মাথা পেতে নেব। নানা খাতে ৫ কোটি টাকা পাবে। এই রকমভাবে আপনারা ইকনমিক ব্লকেড করছেন। এই জিনিস আমাদের সময় হয়। স্বাধীনতার আগে থেকে স্বায়ত্ত-শাসনের দাবি আমরা করেছিলাম। সেই সময় থেকে আজ পর্যন্ত এই লড়াই আমাদের চলছে। এই যে ক্যালকাটা কর্পোরেশনে নির্মলবাবু বসে আছেন, ওনার আমাদের চলছে। এই যে ক্যালকাটা কর্পোরেশনে নির্মলবাবু বসে আছেন, ওনার ওখানে থাকবার কথা নয়। আমি যখন মন্ত্রী ছিলাম তখন এই আইন তৈরি করেছিলাম। বোরো কমিটি তৈরি করেছিলাম। এই বোরো কমিটি তৈরি করে ক্ষমতার বিকেন্দ্রীকরণ করে একটা সরকারের মতোন একটা ব্যবস্থা করেছিলাম চিফ মিনিস্টার, কাউন্সিল অফ মিনিস্টারস, তার স্টাফ—এই রকম ব্যবস্থা আমরা করেছিলাম।

মাননীয় নির্মলবাবু একটু সততা নিশ্চয়ই রাখবেন। উনি ওখানে বসেছেন, উনি নির্বাচিত হয়ে এসেছেন, কি করে নির্বাচন হয়েছে সেটা মাননীয় সৌগতবাবু বলেছেন। একবার নির্বাচন করবেন কলকাতা প্রপারে, কলকাতা মহানগরীতে, ১৪১টি করে তবে এসেছেন। লজ্জা করে না? মহেশতলার মতো একটা জায়গাকে নোটিফায়েড এরিয়া করলেন নিজের দলের লোককে ঢুকিয়ে দিয়ে। আমি মহেশতলা এলাকার মানুষ, সেখানে রাস্তার উপর কয়েকটা পাকা বাড়ি আছে, বাকি জায়গাটা এঁদো পুকুরে ভর্তি। কয়েকশো কোটি টাকা সেখানে ঢাললে তবে সিভিক অ্যামিনিটিজ হবে। মহেশতলার মতো জায়গা এখনও যেখানে প্রতি বছর বন্যা ত্রাণে খরচ করতে হয়। বানতলা সম্বন্ধে আজকে নির্মলবাবুর বক্তব্য রাখা উচিত ছিল। আমিও কর্পোরেশন চালিয়েছি, আপনার চেয়ে অনেক বেশি ক্ষমতা নিয়ে। প্রথমে আমি মিনিস্টার অফ স্টেটস ছিলাম, পরে মিনিস্টার ইন চার্জ হয়েছিলাম রাজনৈতিক দিক থেকে গুরুত্বটা অনেক বেশি ছিল। আপনাদের দু হাজার মেট্রিক টন গার্বেজ রোজ ডিসপোজ অফ করতে পারছেন, আমার নিজের কনস্টিটিউয়েন্সি বড়বাজার, যেখানে সব চেয়ে বেশি ট্যাক্স দেয়, আর সবচেয়ে কম সিভিক অ্যামিনিটিজ। যেহেতু সেখানে এম. এল. এ. এবং কাউন্সিলাররা কংগ্রেসি, দেওকিনন্দন পোদ্দার, সুব্রত মুখার্জি এবং রাজেশ খৈতান। আমি একথা চিফ মিনিস্টারকেও বলেছিলাম, যে আমাদের পদত্যাগ নিন কিন্তু জল দিন। একতলায় জলের জন্য এক টাকা দোতলায় দু'টাকা এবং তিন তলার জন্য তিন টাকা দিতে হয় এভাবে মানুষ জল নিতে পারে? তারপর স্যুয়ারেজের কথাও বার বার বলেছি। চিৎপুরে মাছ চাষ করা যায়। কাজেই এসব বক্তৃতার অপেক্ষা রাখে না, চোখে দেখে, হাতে ছুঁয়ে মানুষ বুঝতে পারে। মানুষ ডিপ্রাইভ করছে, একে ধামাচাপা দেবার ক্ষমতা কোনও বামফ্রন্ট সরকারের আছে বলে বিশ্বাস করি না। আমাদের এই মোশন অতি বাস্তবসম্মত, বিজ্ঞানসম্মত, প্রকৃত চিত্র, একে এস্টাবলিস করুন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Subrata Mukherjee that—

Whereas there are innumerable glaring instances of various types of practices of discrimination and deprivation of the people living in as many as 570 Wards of various Municipalities and Municipal Corporations of the State electing Congress Councillors and Corporators, of various Municipalities and Municipal Corporations ;

And, whereas minimum civic amenities like drinking water, drainage and roads are not being provided to the people of the Wards electing Congress Councillors and Corporators ; and

Whereas even the poverty eradication programmes of the Central Government are not being applied and implemented in the Wards of the Municipal Corporations electing Congress Councillors and Corporators in the State, depriving the people of the benefits of the Central Government.

Therefore, this Assembly urges upon the State Government to put

an end to the practice of discrimination and deprivation of the people only on partisan consideration and render equal and equitable assistance and resources for improvement of the living conditions of all the people of all the urban areas of, the State ; was then put and lost.

**Mr. Speaker :** Mr. Prabodh Sinha, the convention is that when the debate on a non-official motion is going on, the concerned Minister should be present in the House so that he can reply to the points raised by the mover through discussion.

Today the Minister is not present in the House but it is the responsibility of the Whip and the Parliamentary Affairs Minister to see that the concerned Minister is available in the House to reply the points raised in the debate.

In future it should be noted and during the discussion of all non-official business due respect should be given to the sentiments of the Member concerned because these issues are of urgent public importance and hence the Minister should give recognition to these things.

Now, we shall take the motion of Shri Deba Prasad Sarkar. Shri Deba Prasad Sarkar may please move his motion.

## MOTION UNDER RULE-185

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি রাজ্যের একটা খুব মানবিক দিক থেকে একটা স্পর্শকাতর ইস্যু যেটা বিধানসভায় অনেকবার উত্থাপন করেছি, সেই সমস্যা সমাধান করার জন্য এই প্রস্তাবটি এনে উত্থাপন করছি।

'এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে, ১৯৮১ সাল থেকে এই রাজ্যে স্কুল শিক্ষকদের পুরোদস্তুর পেনশন দানের বিধি চালু হয়েছে, কিন্তু এখনও অবসর প্রাপ্ত স্কুল শিক্ষক ও অ-শিক্ষক কর্মীদের পেনশন পেতে অস্বাভাবিক বিলম্ব হচ্ছে ; বছরের পর বছর পেনশনের প্রতীক্ষায় থেকে, পেনশন না পেয়ে যারা গেছেন—এমন মর্মান্তিক ঘটনাও ঘটে চলেছে ; দ্রুত পেনশন না পাওয়ার ফলে রাজ্যের অবসর প্রাপ্ত মৃত্যু স্কুল শিক্ষকদের পরিবারগুলি নিদারুণভাবে দুর্দশাগ্রস্ত।

অতএব, এই সভা রাজ্য সরকারের কাছে দাবি জানাচ্ছে যে, পেনশন মঞ্জুরি প্রথার সরলীকরণ করে, অবসরপ্রাপ্ত অথবা মৃত স্কুল শিক্ষক ও অশিক্ষক কর্মীদের পেনশন প্রদান ত্বরান্বিত করা হোক।'

[4-20 — 4-30 p.m.]

স্যার, আমি সামান্য কিছু কথা এখন বলছি, পরে বিষদভাবে বলব। আজকে সমস্যাটা অত্যন্ত প্রকট। ১৯৮১ সাল থেকে পুরদস্তুর ব্যবস্থাটা চালু হয়েছে। আমাদের রাজ্যে প্রাথমিক

এবং মাধ্যমিক শিক্ষক এবং অশিক্ষক কর্মচারীর মোট সংখ্যা তিন লক্ষের মতো। এই তিন লক্ষ শিক্ষক এবং অশিক্ষক কর্মচারিদের মধ্যে বছরে আড়াই থেকে তিন পারসেন্টের মতো অবসর গ্রহণ করেন, অর্থাৎ ৯,০০০ এর মতো অবসর গ্রহণ করেন। কাজেই ১৯৮১ সাল থেকে এ বছর পর্যন্ত এই সংখ্যাটা ১.৩০ লক্ষের মতো। এর মধ্যে মাত্র ২৫,০০০ জন পেনশন পেয়েছেন এবং অনেক মারাও গেছেন যারা পেনশন পাননি। অবস্থাটা এরকম মর্মান্তিক। তারজন্য পেনশন দেবার ব্যাপারটা কি করে ত্বরান্বিত করা যায় সেটা দেখতে হবে। আশা করি সবাই আমার এই প্রস্তাবকে সমর্থন করবেন। পরে সবার বক্তব্যক শুনে আমি আমার জবাবি ভাষণ রাখব।

**শ্রী পদ্মনিধি ধর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দেবপ্রসাদ সরকার মহাশয়, যে প্রস্তাব এখানে উত্থাপন করেছেন, আমি মনে করি, এটা একটা রাজনৈতিক উদ্দেশ্যে প্রনোদিত প্রস্তাব, সুতরাং মানবিক স্পর্শকাতর এই প্রস্তাবের বিভিন্ন দিক সম্পর্কে আমার যতটুকু অভিজ্ঞতা সেটা আমি রাখব, কিন্তু তার এই রাজনৈতিক উদ্দেশ্য-প্রণোদিত প্রস্তাবকে আমি সমর্থন করতে পারছি না।

·স্যার, আপনি জানেন, আমি একটি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অবসর শিক্ষক। আমি আমার শিক্ষকতার জীবনে ৩৬ বছর ১ মাস বাদে গত ১৯৯৩ সালের এপ্রিল অবসর গ্রহণ করেছি। আমার অভিজ্ঞতা থেকে বলতে পারি যে, যে পদ্ধতিতে বামফ্রন্ট সরকার পেনশন দিতে চেষ্টা করছেন সেই পদ্ধতি যদি সঠিকভাবে পরিচালিত হয় তাহলে পেনশন পেতে শিক্ষকদের অসুবিধা হবার কথা নয়। আমি আশ্চর্য হয়ে যাচ্ছি, দেবপ্রসাদবাবু কোথায় পেলেন যে, ১.৩০ লক্ষ শিক্ষক, শিক্ষিকা এবং শিক্ষাকর্মী এবং মাধ্যমিক বিদ্যালয় থেকে অবসর গ্রহণ করেছেন? আমি শিক্ষা ও সংস্কৃতি বিষয়ে কমিটির সদস্য। সেখানে কয়েক দিন আগে ডাইরেক্টর (পেনশন)-কে ডেকেছিলাম। তার কাছ থেকে যে তথ্য পেয়েছি তার থেকে বলতে পারি, ৪০,০০০-এর বেশি সংখ্যাটা নয়। যারা অবসর গ্রহণ করেছেন। তারমধ্যে ২৯.৫ হাজার জন পেনশন পেয়েও গেছেন, ২.৫ হাজার দরখাস্ত—যেগুলোতে ত্রুটি ছিল—সেগুলো ডাইরেক্টর (পেনশন) বিভিন্ন জেলার ডি. আইদের কাছে ফেরৎ পাঠিয়েছেন। এক্ষেত্রে কোথায় কোথায় অসুবিধা সেটা দেখতে কিছুদিন আগে আমরা কমিটি থেকে উত্তরবঙ্গের কয়েকটি জেলা ঘুরে এলাম। সেখানে বিভিন্ন প্রাথমিক এবং মাধ্যমিক স্কুলে গিয়েছি। আমাদের সঙ্গে সাবজেক্ট কমিটির বিভিন্ন দলের সদস্যারা ছিলেন।

তিনি জানেন যে সেখানে আমরা খোঁজ নিয়ে দেখেছি যে সার্ভিস বুক আপ-টু-ডেট নেই, তার ফলে শিক্ষকদের পেনশন পেতে দেরি হয়েছে। দ্বিতীয় সমস্যা হচ্ছে, একজন শিক্ষক তিনি একাধিক স্কুলে শিক্ষকতা করবেন। তার জন্য যে পোস্ট ফ্যাক্টো অ্যাপ্রুভাল, সেটা যথা সময়ে না পাবার ফলে পেনশন পেতে দেরি হয়। তৃতীয়ত অনেক সময়ে শিক্ষকরা ওভার ড্রয়াল করে থাকেন। সেই সমস্ত ওভার ড্রয়ালের টাকা যদি যথা সময়ে ট্রেজারিতে চালানের মাধ্যমে সরকারকে ফেরৎ না দেওয়া হয়, সেই ট্রেজারি চালানের কপি পেনশনের দরখাস্তের সঙ্গে পেনশন ডাইরেক্টোরেটে না জমা দেওয়া হয় তাহলে পেনশন পেতে দেরি হয়। আমরা এটাও খোঁজ নিয়ে দেখেছি যে পে ফিকসেশনের ক্ষেত্রে অনেক সময়ে ত্রুটি থেকে যায়

এবং সেক্ষেত্রে ওভার ড্রয়ালের, সম্ভাবনা থেকে যায়। সেটা যদি সময় মতো ধরা পড়ে, যদি স্কুল অথরিটি ডি. আই.-এর সঙ্গে যোগাযোগ করেন এবং এই ওভার ড্রয়ালের ব্যাপারে, পে ফিকসেশনের ব্যাপার যেগুলি হবে সেটা যদি আগে থেকে ঠিক করে নেন তাহলে পেনশন পেতে দেরি হয় না। আমরা দেখেছি যে একজন শিক্ষক তার শিক্ষাকর্ম থেকে রিটায়ার করার সঙ্গে সঙ্গে যদি তার কাগজপত্র ডি. আই. অফিসে পাঠিয়ে দেন এবং স্কুল সেক্রেটারি বা হেড মাস্টার মহাশয় যদি লাস্ট পে সার্টিফিকেট ডি. আই.-এর কাছে পাঠান তাহলে ডি. আই.-এর অথরিটি আছে যে বেসিক পে'র ৫০ পারসেন্ট প্রভিশনাল পেনশন এবং তার যত বছর সার্ভিস হলে পূর্ণ ১৬।। বছরের গ্র্যাচ্যুইটি পাবার কথা, এক হাজার টাকা কেটে রেখে বাকি টাকা প্রভিসনাল গ্র্যাচ্যুইটি হিসাবে শিক্ষকদের যথা শীঘ্র দেওয়া সম্ভব হয়। কোথাও কোথাও এক মাসের মধ্যে, কোথাও কোথাও তার চেয়েও কম সময়ের মধ্যে প্রভিসনাল পেনশন এবং গ্র্যাচ্যুইটি পেয়েছেন, এই রকম উদাহরণ আছে। তারপরে আমরা দেখছি যে এর ৩টি স্তর আছে। একটা হচ্ছে স্কুল, দ্বিতীয়টি হচ্ছে ডি. আই. অফিস এবং তৃতীয়টি হচ্ছে ডাইরেক্টোরেট। আমরা আগে দেখেছি যে অনেক স্কুলে সিগারেটের প্যাকেটে অ্যাপয়েন্টমেন্ট হত। সেখানে তাদের ফার্স্ট অ্যাপয়েন্টমেন্ট লেটার থাকত না এবং তার ফলে গ্রান্ট-ইন-এড-এর মেমো না থাকায় তার কপিও থাকেনি। আবার ১৯৭২ থেকে ৭৭ সালে নকশাল আমলে বহু স্কুলে কাগজ-পত্র পুড়িয়ে দেওয়া হয়েছে। সেই সব কারণে অনেক জায়গায় অসুবিধা হয়েছে। সেই সব ক্ষেত্রে বামফ্রন্ট সরকার নুতন যে কথা বলেছেন সেটা হচ্ছে কনটেম্পর‍্যারি এভিডেন্সের সাহায্যে যদি কোনও শিক্ষক এত বছর সার্ভিস করেছেন, এটা যদি প্রমাণিত হয় তাহলে তার পেনশন দেবার ব্যবস্থা করা। আগে অনেক কাগজ-পত্র লাগত। একটা বুকলেট রাখা হত। সেটা ঠিকমতো ফিল্ড আপ করে যথাযোগ্য জায়গায় জমা দেওয়া হত। যদি স্কুল অথরিটি ঠিক সময়ে, অল্প সময়ের মধ্যে জমা দেন এবং যদি ডি. আই. প্রত্যেকটির উপরে কাউন্টার সাইন করেন তাহলে প্রভিসনাল পেনশন বা গ্র্যাচ্যুইটি স্যাংশন হয়ে গেল। ২, ৪ মাসের মধ্যে তার পূর্ণ পেনশন এবং তার ১ হাজার টাকা গ্র্যাচ্যুইটি, আর কমিউটেশন আমাদের পেনশনের টাকা যা আমরা কমিট করতে পারি, প্রতি টাকায় ১২৫ টাকা পাওয়া যায়, সেই কমিউটেশনের টাকাও দিয়ে দেওয়া হয়।

[4-30 — 4-40 p.m.]

আপনারা নিশ্চয়ই জানেন যে এই ব্যাপারে আমাদের অভিজ্ঞতা আছে, এই ব্যাপারে নিয়ে আমরা জেলায় জেলায় ঘুরেছি। আমি মালদার কথা বলছি। আমরা কয়েক দিন আগে মালদায় গিয়েছিলাম। সেখানকার ডি. আই. সম্পর্কে কমিটি মিটিং-এ আমরা অভিযোগ করেছি। আমরা জয়েন্ট সেক্রেটারি এবং শিক্ষা দপ্তরের আধিকারিকদের কাছে বলেছি এই ভদ্রলোক অসুবিধার সৃষ্টি করছে। এখন প্রতিটি জেলায় একজন করে অ্যাসিস্টেন্ট ডাইরেক্টর, পেনশন আছেন এবং একজন অ্যাসিস্টেন্ট ডাইরেক্টর, অ্যাকাউন্টস আছেন। প্রতিটি জেলায় এই রকম দুটি পোস্ট ক্রিয়েট করা হয়েছে। ডি. আই.-দের সঙ্গে অনেক জায়গায় তাদের মনমালিন্য ঘটছে। মালদায় শুনলাম অ্যাসিস্টেন্ট ডাইরেক্টর, অ্যাকাউন্ট বিভিন্ন স্কুল ঘুরে ঘুরে তাদের সমস্ত সার্ভিস বুক ঠিক করে দিচ্ছিলেন। একটা নোটিশ জারি করে তাদের সেই কাজ থেকে বিরত করা হয়েছে। সেখানে ডি. এম. ছিলেন, এটা যে নিন্দনীয় কাজ সেটা তার কাছে বলেছি।

ডিপার্টমেন্টকে বলেছি এই ধরনের ডি. আই. কাজে বাধার সৃষ্টি করছে, তার বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য বলেছি। এই রকম রিপোর্ট আমাদের কাছে কিছু কিছু আছে। এই রকম দু-দশটা কেস হচ্ছে। এই জিনিস নিয়ে কাগজ ফুলিয়ে-ফাঁপিয়ে তুলছে। বর্ধমান জেলায় একজন প্রাইমারি টিচার ১৯৮১ সালে রিটেয়ার করেছেন, তিনি কোনও পেনশন পাননি। এনার যে সার্ভিস বুক সেটা ডি. আই. প্রাইমারি কাছে ছিল। তিনি যথাযথ ভাবে ডাইরেক্টর পেনশনের কাছে রিপোর্ট দিতে পারেননি। তার যথাযোগ্য কাগজ-পত্র ডাইরেক্টর পেনশনের কাছে পাঠান নি। আমি বলতে চাই বিধানসভায় একটা সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন যে, সেই অফিসার কোথায় থেকে টাকা কেটে নেওয়া হোক। ১৯৮১ সালে সেই শিক্ষক যে পেনশন পাননি, তার জন্য যে ডি. আই. দায়ী তাকে শাস্তি দেওয়া হোক। ১৯৮২ সালে হুগলি একজন প্রাইমারি শিক্ষিকা রিটেয়ার করেছেন, তার কোনও ডকুমেন্টস নেই, তাই তিনি পেনশন পান নি। এর জন্য দায়ী রেসপেক্টিভ ডি. আই।

**(এই সময় লালবাতি জ্বলে ওঠে)**

আমি ১৯৫৭ সালে শিক্ষকতা শুরু করি, তখন আমার মাইনে ছিল ৭০ টাকা, আমি যখন রিটেয়ার করি তখন আমাদের মাইনে দাঁড়ায় সাড়ে পাঁচ হাজার টাকা। তখন কন্ট্রিবিউটারি প্রভিডেন্ট ফান্ড ছিল, আমরা দিতাম ৪-২০ পয়সা এবং গভর্নমেন্ট দিত ৪-২০ পয়সা। আমাদের মোট সঞ্চয় ছিল ৮-৪০ পয়সা। এই ছিল কংগ্রেস আমলের বৈষম্য। আজকে যে টিচার রিটেয়ার করছেন তিনি পেনশন পাবেন, তার যা বেসিক সেই বেসিকের ৫০ পারসেন্ট এবং তার সঙ্গে ৯২ পারসেন্ট রিলিফ। তার সঙ্গে গ্রাচ্যুইটি সাড়ে ষোল মাসের পাবেন। এখন শিক্ষকদের মর্যদা বেড়েছে, সার্ভিস গ্যারান্টি বেড়েছে বামফ্রন্ট সরকারের দৌলতে। আমার দাবি যে সমস্ত লোক কাজে বাধার সৃষ্টি করছে তাদের শাস্তির ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। এই কথা ঠিক যে পেনশন পাওয়ার ক্ষেত্রে এখন অনেক সরলীকরণ নীতি নেওয়া হয়েছে। এই কথা বলে প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সঞ্জীব কুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই হাউসের মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার একটা প্রস্তাব এনেছেন। আমি আপনার মাধ্যমে হাউসের সকল সদস্যকে অনুরোধ করব যে, কে প্রস্তাব এনেছেন এটা বিবেচনা করবেন না, কি ব্যাপারে এনেছেন সেটা বিবেচনা করবেন। পদ্মনিধিবাবু একটু আগে তার বক্তব্য রাখলেন। আমার মনে হয় উনি শিক্ষক ছিলেন ঠিকই, উনি রিটেয়ার করেছেন এবং পেনশনও পেয়ে গেছেন। তিনি যত না শিক্ষকদের ইন্টারেস্টের কথা ভাবছেন তার চেয়ে তিনি যে পার্টি করেন সেই পার্টির কথা ভাবতে হচ্ছে বলে তিনি এই কথাগুলি বলতে পারলেন।

আমি এই হাউসে একটি কথা বলতে চাই যে, গত ৫ই সেপ্টেম্বর শিক্ষক দিবসের পবিত্র অনুষ্ঠানে অনেক শিক্ষককে সম্মান দেওয়ার যে অনুষ্ঠান তাতে আমাদের শিক্ষামন্ত্রী বললেন যে শিক্ষকদের রিটায়ার করার ৪ দিনের মধ্যে পেনশন দেওয়ার ব্যবস্থা করে দেবেন। কতখানি স্পর্ধা, এতোবড় প্রহসন আর কখনো কেউ করতে পেরেছে বলে আমার জানা নেই। যাদের সভায় ডেকেছিলেন তারাও পেনশন পান নি, সেখানে বলা হল যে ৪ দিনের মধ্যে পেনশন পেয়ে যাবেন। পরিসংখ্যান ভিত্তিক বিজ্ঞানে একটা স্যাম্পেল সার্ভের ব্যাপার আছে।

আমার মনে হয় মাননীয় মন্ত্রী নিজেও স্যাম্পেল সার্ভে করছেন। উনি নিজে এবং মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী দুজন রিটায়ার করার সঙ্গে সঙ্গেই এত তাড়াতাড়ি পেনশন পেয়ে গেছেন বলে কি সর্বক্ষেত্রেই তার প্রতিফলন হবে আশা করেন ; আমি এইকথা হাউসকে বলতে চাই, মাননীয় পদ্মনিধি ধর শেষ পর্যন্ত শিক্ষকদের ব্যাপারে স্বীকার করেছেন যে, ১৯৮১ সালের রিটায়ার করার পরে এখনও পেনশন পান নি এমন শিক্ষকও পশ্চিমবঙ্গে বেঁচে আছেন। তারা যদি এই শিক্ষামন্ত্রীর উক্তি শোনেন তাহলে কি মনে করবেন—উনি কি সুস্থ আছেন? উনি সেই সময় সুস্থ ছিলেন তো যে এতোবড় অসত্য উক্তি করতে পারলেন? আমার জানা নেই উনি কি করে করলেন। মাননীয় শিক্ষামন্ত্রী যদি সুস্থ থাকেন তবে একটা প্রশ্ন নিবেদন করতে চাই, অপনি বলেছেন যে এই পেনশন ব্যবস্থা কংগ্রেস আমলে হয় নি, আপনাদের আমলে হয়েছে। হ্যাঁ, এটা সত্যি কথা আপনারাই এই পেনশন ব্যবস্থা চালু করেছেন। কিন্তু এই জায়গাতেই থেমে গেলে হবে না, সমস্যা আরো গভীরে। ১৯৮১ সালের পর থেকে আজ পর্যন্ত কতজন শিক্ষক রিটায়ার করেছেন এবং তাদের কতজনকে পেনশন দিতে পেরেছেন, আমি দেবব্রতবাবুর সঙ্গে একমত যে ৩০ হাজার টিচার রিটায়ার করেছেন আর পেনশন পেয়েছেন মাত্র ২৫ হাজার মত। পদ্মনিধি ধর মহাশয় বললেন যে ৪০ হাজার, এই ফিগারটা ঠিক, কিন্তু আপনার বোঝার ভুল হয়েছে, এই ৪০ হাজার দরখাস্ত ডি আই অফিস থেকে ডাইরেকটরেট অফ পেনশনে পৌঁছেছে। এইরকম অনেক অসহায় শিক্ষক, শিক্ষাকর্মিদের পেনশনের দরখাস্ত ডি আই অফিস থেকে বেরিয়ে ডাইরেক্টরেট অফ পেনশন গিয়ে পড়ে আছে এবং আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী এই ব্যাপারে কিছুই জানেন না। আপনারা কতজনকে পেনশন দিচ্ছেন এবং কতজনকে দিতে পারছেন না এটা সুনির্দিষ্টভাবে আপনার জানা নেই। আপনি যদি সত্যিসত্যি শিক্ষকদের স্বার্থের ব্যাপারে ভেবে থাকেন তাহলে শিক্ষকদের পেনশন দেওয়ার ব্যাপারে জিজ্ঞাসা করতে পারি যে, ১৯৮৯ সালের পর থেকে কতজন শিক্ষক রিটায়ার করেছেন এবং ডাইরেক্টরেট অফ পেনশন কতজনের দরখাস্ত পড়ে আছে, তারা এখনো সমস্ত ক্লিয়ার করতে পেরেছে কিনা—এর উত্তর দিতে পারবেন কি? আমি আপনাকে বিনীতভাবে বলব যে, আপনাদের বাজেটের যে প্রভিসন থাকে তাতে কতজন শিক্ষক রিটায়ার করছে এবং কতজন শিক্ষক পেনশন পাবে তার কোন প্রভিসন বাজেটে থাকে না। সেখানে প্রত্যেক বছরই একটা গ্যাপ থেকে যাচ্ছে এবং পরপর এইভাবে সংখ্যা ক্রমশ বেড়েই চলেছে। আমাদের মাননীয় অর্থমন্ত্রী আবার পেনশন দেওয়ার জন্য কোথাও কোথাও ক্যাম্প করে একটা স্ট্যান্ট দেখাতে চাইলেন। যেন মনে হল টিচারদের প্রতি কত মায়া, টিচাররা মাসে মাসে পেনশন পাবে কিনা সেই ব্যাপারে বারাসাতে একটা ক্যাম্প করে দিলেন এবং ইট ইজ এ পলিটিক্যাল স্ট্যান্ট। তবুও বর্তমানে যিনি প্রাথমিক শিক্ষামন্ত্রী তাঁকে ধন্যবাদকরণ তিনি হুইপ দিয়েছেন যে টিচারদের পেনশন ক্লিয়ার করতেই হবে। আগের শিক্ষামন্ত্রী উপস্থিত নেই, থাকলে আমি কিছু প্রশ্ন করতাম। সুতরাং দিজ গভর্নমেন্ট ইজ এ গভর্নমেন্ট অফ কোয়ান্টিটি নট অফ কোয়ালিটি। দে ডু নট ওয়াস্ট টু ইমপ্লিমেন্ট ইন হোয়াট দে সে। আমি এই কথা পরিষ্কারভাবে বলতে চাই যে, আমি মাননীয় পদ্মনিধি ধর মহাশয়ের সঙ্গে একমত যে ডাইরেক্টরেট অফ পেনশন থেকে আড়াই হাজারের মতো দরখাস্ত ফিরে গেছে। এই ব্যাপারে মাননীয় মন্ত্রী কি ব্যবস্থা নেবেন এবং ডি আই অফিস থেকে ডাইরেক্টরেট অফ পেনশনে দরখাস্ত গেলে যাতে তাড়াতাড়ি তার ব্যবস্থা হয় তারজন্য কোনও ব্যবস্থা নিচ্ছেন কিনা

আমাদের পরিস্কারভাবে জানাবেন।

[4-40 — 4-50 p.m.]

ডাইরেক্টার অফ পেনশন তিনি কি করবেন, উনি তো পেমেন্ট করবেন। আমি যদি পদ্মনিধিবাবুর কথাটাকে সত্য বলে ধরে নিই আড়াই হাজার শিক্ষকের দরখাস্ত ফেরৎ গিয়েছে এর জন্য কি একজনও ডি. আই. এর শাস্তির ব্যবস্থা হয়েছে, এর জন্য দায়ি কে খুঁজে বার করুন, আপনি নিশ্চিতভাবে পারবেন না। পদ্মনিধি বাবু উনি একে সি.পি.এম.-এর শিক্ষক, আবার সি.পি.এম.এর এম.এল.এ., স্বাভাবিকভাবে উনি তো পেনশন পাবেন। কিন্তু পশ্চিমবাংলার বহু শিক্ষক হাহাকার করে মরে যাচ্ছে শুধু প্রাইমারি মাধ্যমিক শিক্ষক, শিক্ষাকর্মী নয়, কলেজ শিক্ষকদেরও একই অবস্থা। আজকে যেহেতু এখানে মেনশান উঠেছে মাধ্যমিক শিক্ষক ও শিক্ষা কর্মীদের পেনশন দেবার জন্য ডি.আই. এবং অ্যাকাউন্টস অফিসার রেখেছেন প্রত্যেক জেলায়, এই ব্যাপারে আমি বলব মাননীয় মন্ত্রী মহাশয় আপনি কি জানেন না এদের একটা ইগোর লড়াই চলছে, এ বলছে আমি বড়, সে বলছে আমি বড়। আমি এই ব্যাপারে একটা উদাহরণ দিচ্ছি, আমার কেন্দ্রে একটা স্কুল আছে, সেই স্কুলের নাম হচ্ছে রাধাপুর হাইস্কুল, সেই স্কুলের শিক্ষক তাঁর নাম হচ্ছে প্রদ্যুৎ পাত্র। তিনি ৩৬ বছর শিক্ষকতা করার পর রিটায়ার্ড করেছেন, রিটায়ার্ড করার পর '৯৪ সালের ফেব্রুয়ারিতে তিনি ডাইরেক্টার অফ পেনশন অফিস থেকে একটা চিঠি পান, তাকে যে চিঠিটা পাঠানো হয়েছে, সেখানে বলা হয়েছে তিনি ৩৬ বছর যে চাকরি করেছেন তার একটা অ্যাকাউন্টেস ভেরিফিকেশান করে ডাইরেক্টার অফ পেনশন এর কাছে, ঐসব পেনশন পেপারগুলি ডি.আই.কে দিয়ে কাউন্টার সাইন করাতে হবে, এই হচ্ছে অবস্থা। ৩৬ বছর ধরে যিনি স্কুলে চাকরি করলেন, ঠিক রিটায়ার্ড করার পর তার সেই অ্যাকাউন্টেস নিয়ে ডাইরেক্টর অফ পেনশন থেকে এই রকম একটা নির্দেশ দেওয়া হল। এই শিক্ষক ডি.আই. অফিসে ঘোরাঘুরি করে পেনশনের আশা শেষে ছেড়েই দিয়েছেন, এই হচ্ছে বাস্তব চিত্র। সি.পি.এম.-এর বন্ধুদের বলব, আপনারা সরকারের পক্ষে থেকে অনেক কিছু বলতে পারেন, কিন্তু বাস্তব অবস্থাটা বুঝে দেখুন, শিক্ষকরা পেনশন পাচ্ছেন না। কার জন্য পাচ্ছেন না, আপনারা দয়া করে এই ব্যাপারটা চিন্তা-ভাবনা করে দেখুন। আপনি এই ব্যাপারে কি কি ব্যবস্থা নিয়েছেন সেটা বলবেন। আপনি এটা বলবেন, আজকে কি পারেন না একজন টিচারের সার্ভিস বুকটা দেখে লাস্ট পে ড্রন যা করল সেটা সার্ভিস বুকে দেখে তাকে ফিফটি পারসেন্ট পেনশন দিয়ে দিলেন, এতে তো অনেকটাই সহজ হয় একটা মানুষ পেনশন পেতে পারে। আপনি এমন করেছেন ৩৫।৩৬ এর প্রোফর্মা করতে করতে কোথাও একটা জায়গায় ক্রটি হলে আপনি পেনশন পেপার ফেরৎ দিয়ে দিলেন, ডি.আই. কাউন্টার করল না, সেক্ষেত্রে শত শত পেনশন পেপার পড়ে থাকে ডি.আই. অফিসে কাউন্টার সাইন করেনি বলে। আপনি একটা দৃষ্টান্ত দেখাতে পারবেন ডি.আই. অফিস থেকে পাঠানো হয়েছে অথচ শিক্ষক পেনশন পাননি, এমন একজন ডি.আই.কে পানিশমেন্ট দিতে পেরেছেন? আপনি তো কয়েক মাস এই দপ্তরের ভার নিয়েছেন, তার আগে অন্য একটা দপ্তরে ছিলেন সেখান থেকে ঘুরে এলেন এই দপ্তরে। এই অবস্থার মধ্যে আপনি একটা দৃষ্টান্ত স্থাপন করতে পারেননি। এই ব্যাপারটা শুধু রাজনৈতিক দৃষ্টিভঙ্গিতে দেখবেন না, এর গভীরতার কথাও ভাবুন। আপনি যে স্টেটমেন্ট করলেন নিশ্চিতরূপে সেটা

দেবার চেষ্টা করবেন নাহলে এই শিক্ষক সমাজ আপনাকে ক্ষমা করবে না, আপনাদের ক্ষমা করবে না। আজকে পশ্চিমবাংলার সর্বস্তরের শিক্ষকদের মধ্যে একটা হাহাকার চলছে, যারা রিটায়ার্ড করেছে তাদের মধ্যে যেমন হাহাকার, আগামী দিনে ২ বছর পরে যারা রিটায়ার্ড করবেন, এই রাজত্বে তারা পেনশন পাবেন কিনা সেটাও চিন্তার ব্যাপার। সমগ্র শিক্ষক সমাজকে, শিক্ষাকর্মীদের চিন্তার মধ্যে রেখে আপনি নিশ্চিন্তে জীবনযাপন করতে পারবেন না। আপনি এই সমস্যার গভীরে ঢুকুন এবং প্রকৃতপক্ষে যাতে শিক্ষকরা তাড়াতাড়ি পেনশান পেতে পারেন তার জন্য পেনশন ব্যবস্থাটা যাতে সহজভাবে করা যায় সেটা দেখবেন, সার্ভিস বুক থেকে লাস্ট পে ড্রন দেখে পেনশন ব্যবস্থাটা করলে ভাল হয়, এটা চেষ্টা করবেন, এই বলে, এই অনুরোধ রেখে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শীশ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য কয়েকজন শিক্ষক, অশিক্ষক কর্মীদের পেনশন সংক্রান্ত বিষয়ে একটা রেজিলিউশন নিয়ে এসেছেন। সেই রেজিলিউশনে অংশগ্রহণ করতে গিয়ে আমি আপনার মাধ্যমে কয়েকটি কথা বলতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৬০ সালে আমার অ্যাপয়েন্টমেন্ট হয়েছিল নিমতিতা জি.ডি. ইন্সটিটিউশনে। তখন ছাত্রদের কাছ থেকে যা বেতন হিসাবে পাওয়া যেত তা শিক্ষকদের মধ্যে ভাগ করে দেওয়া হত। একদিন বৃষ্টি হচ্ছে, হাটের বার, আমরা কোনও টাকা-পয়সা পাইনি। হেডমাস্টার মহাশয় আমাকে বললেন, মাইনে যখন হল না, চলুন আমার বাড়ি থেকে চা খেয়ে যাবেন। বৃষ্টির জন্য কাদা হয়ে গেছে, তার জন্য তিনি চটি জোড়া খবরের কাগজের মধ্যে মুড়িয়ে বাড়িতে নিয়ে গেছেন। ওনার স্ত্রী ভাবলেন হয়ত কিছু টাকা-পয়সা পাওয়া গেছে তাই মাছ নিয়ে এসেছে। তিনি সেটা খুলে দেখেন, সেটা মাছ নয় চটি। তখনকার দিনে শিক্ষকদের ছিল এই অবস্থা। তখন আমরা চাকরি করতাম কিন্তু মাইনে পেতাম না। কিন্তু পশ্চিমবাংলায় জনপ্রিয় বামফ্রন্ট সরকার আসার পর শিক্ষকদের মর্যাদা বৃদ্ধি পেয়েছে, এটা অস্বীকার করবার কোনও উপায় নেই। আজকে শিক্ষকদের মর্যাদা বৃদ্ধি পাওয়ার সঙ্গে সঙ্গে তাদের চাকরির নিরাপত্তাও সুনিশ্চিত হয়েছে। কি মাস মাইনে, কি পেনশন ব্যবস্থা, কি গ্র্যাচুইটি, কি প্রভিডেন্ট ফাণ্ডের টাকা সব তারা আজকে পাচ্ছে। আজকে বামফ্রন্ট সরকার শিক্ষকদের পেনশনের ব্যবস্থা করেছে। আজকে অনেক জায়গায় শিক্ষকদের পেনশন পেতে দেরি হচ্ছে, কিন্তু এই দেরির জন্য সরকার কতটা দায়ি সেটা আমি সদস্যদের ভাববার জন্য অনুরোধ করব। হয়তো তিনি এক স্কুল থেকে অন্য স্কুলে গেছেন, ফলে সেখান থেকে সার্টিফিকেট নিতে বা বিভিন্ন বায়োডাটা নিতে তিনি ভুলে গেছেন। আগে তো মাস্টারমশায়রা এইসব ব্যাপারে অভ্যস্ত ছিল না। যে সমস্ত কাগজপত্র প্রয়োজন, সঠিকভাবে যেগুলো ডি. আই. অফিসে পাঠানো প্রয়োজন, সেগুলো সঠিকভাবে পাঠানো হচ্ছে না। তবে আমি মাননীয় মন্ত্রী মহাশকে বলব যে আমলাতান্ত্রিক শাসনব্যবস্থা এখনও পরিবর্তন হয়নি। আমি আমার সমস্ত কাগজপত্র ডি. আই. অফিসে নিয়ে গিয়েছিলাম যাতে আমার রিটায়ারমেন্টের সঙ্গে সঙ্গে আমার টাকা পেয়ে যাই। তবে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, ওখানে কিছু কর্মচারী আছে তারা পেনশনের ব্যাপারে লোককে অযথা হয়রানি করে। আর আমি অনুরোধ করব প্রভিসনাল পেনশন ২৪ মাসের দেওয়ার ব্যবস্থা করতে। অনেক মাস্টারমশায় আছে যারা পেনশন না পেলে খেতে পাবেন না। যারা সমাজে শিক্ষিত মানুষকে উৎপাদন করছে, তাদের অ্যাড-হক

বেসিসে পেনশনের ব্যবস্থা চালু করুন। যতদিন পর্যন্ত না পেনশন ফাইনালাইজেশন হচ্ছে ততদিন অ্যাড-হক বেসিসে টাকা দেওয়ার ব্যবস্থা করুন।

[4-50 — 5-00 p.m.]

অথবা যেটা খেয়ে অন্তত বাঁচবেন শুধু এই এড-হক বেসিসে চালু করতে পারেন। এরকম লং টার্মে এটা হবে। অল্পদিনের মধ্যে করলে মরে যাবে। এদিকটা একটু চিন্তা করুন। তার কাগজপত্র চেক করার জন্য ব্লকে এই কথা বলেছিলাম। ব্লক যদি ঐরকম শিক্ষা-সংক্রান্ত লোককে পাঠান যিনি ঐ কনসার্ন্ড এরিয়ার কাগজপত্র ভেরিফাই ক'রে পাঠাবেন, তাহলে আমাদের সুবিধা হবে, শিক্ষকদের সুবিধা হবে। সুতরাং, এই কারণে আমাদের সরকারের কোনও দোষ নেই। দোষ হচ্ছে কর্তৃপক্ষের, যারা সঠিকভাবে কাগজপত্র পাঠানোর জন্য উপযোগি মানুষ, কর্মঠ মানুষ পাচ্ছেন না। সেই কারণে আমি এই বিলের সমর্থন করলেও এই প্রস্তাব সমর্থন করতে পারলাম না।

**ডাঃ মানস ভূঁইয়্যা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় দেবপ্রসাদ বাবু যে প্রস্তাব এনেছেন, সেই প্রস্তাবের বিতর্কে অংশগ্রহণ করে আমি আমার বক্তব্য রাখছি। আমি শীশ মহম্মদ সাহেবের বক্তব্য শুনলাম এবং তিনি মাননীয় মন্ত্রীকে উদ্দেশ্য করে তার কাছে আহ্বান জানালেন তাকে যেন ডাকা হয়, গোপনে কিছু কথা—জেলার ডি. আই. অফিস কিভাবে কথাবার্তা বলে, গ্রামাঞ্চলের শিক্ষকরা গেলে, তিনি তাদের জানাবেন। শীশ মহম্মদবাবু সরকারি দলের একজন বিধায়ক, তিনি বলতে পারছেন না, কেননা, তার চাকুরি যাবে, আমি সেই কথাগুলো বলতে পারি। আপনি একজন শিক্ষক ছিলেন। ব্যক্তিগত স্তরে আপনার বিরুদ্ধে আমার কিছু বলবার নেই, বলবোও না, উচিতও নয়। আপনি আগে পেনশন পেলে ও ১ লক্ষ ৫ হাজার শিক্ষক পেনশান না পেলেও বলব না। কিন্তু যে জিনিসটা আমাদের কাছে দেখা দিয়েছে, সেই জিনিসটা হচ্ছে এই, বাস্তবে এটা সংবাদপত্রকে গালাগাল করুন আর যাই করুন, প্রতিদিন সংবাদপত্রের খবরে বার হচ্ছে—শিক্ষকরা পেনশন না পেয়ে কষ্টে দিন কাটাচ্ছে, অনেকে মারা গেছে, অনেকে অভুক্ত অবস্থায় দিন কাটাচ্ছে। এটা অবর্ণনীয় বিষয়। যে রাজ্য মাথা উঁচু করে দাবি করে সারা ভারতবর্ষের মধ্যে, ১০০ টাকার মধ্যে ২৬ টাকা খরচ করে শিক্ষা খাতে, দিল্লীর পর সেকেন্ড হাইয়েস্ট বাজেটারি প্রভিশন ইন ইণ্ডিয়া, সেই রাজ্যে শিক্ষকরা পেনশন না পেয়ে মৃত্যু পথযাত্রী হবেন, তাদের বাড়ির ছেলে-মেয়েরাও খেতে পাবে না এটা মর্মন্তুদ ঘটনা। আমরা দেখছি, মাননীয় শিক্ষামন্ত্রী, তিনি আগেও দায়িত্বে ছিলেন, আবার ফিরে এসেছেন এবং যিনি নিশ্চিত জানেন, যে কথা আমাদের সঞ্জীববাবু বলেছিলেন এবং আপনি কিছুদিন আগেও বলেছেন, আমরা সেক্ষেত্রে কিছুদিনের মধ্যে শিক্ষকদের পেনশন করে দেব এবং ক্যাম্প করে জেলায় জেলায় করব। কিন্তু বারাসাতের পর একটাও ক্যাম্প হয়নি, একটাই ক্যাম্প হয়েছে। কিন্তু এই ধরনের কথা বলার কি আছে, এই ধরনের প্রবঞ্চনার কি আছে, এই ধরনের তঞ্চকতার কি আছে? শিক্ষকরাই তো জাতির মেরুদণ্ড তৈরি করে, সেই শিক্ষকদের প্রতিনিধি হয়ে যদি চুরি করে, অসত্য করে, প্রবঞ্চনা করে, তাহলে এর চাইতে মহাপাপ আর কিছু থাকতে পারে না। দিনের পর দিন ছবি বেরিয়েছে, এক বৃদ্ধ শিক্ষক জীর্ণ-শীর্ণ অবস্থায় গোয়াল ঘরের সামনে দাঁড়িয়ে এনামেলের বাটিতে মুড়ি চাইছে। সেই শিক্ষক মারা গেছে, কোন প্রতিকার হয়নি। এবং সম্প্রতি ডি. আই. অফিস থেকে

পেনশানের সমস্ত ফাইলগুলো জেলার ডি. আই অফিসে ফেরত পাঠিয়েছে, এটা ঘুরে আসতে অনেকদিন লাগবে। আসল কথা, আপনাদের হাতে এখন টাকা নেই এবং সেই টাকা না থাকার ফলে কৌশল করে বিভিন্ন অজুহাত দেখিয়ে এটা বিলম্বিত করছেন, যাতে শিক্ষকরা অনেক দেরি করে এটা পাবেন। শিক্ষকরা মর্যাদা পেয়েছেন ; শিক্ষকরা চিরকালই মর্যাদা পান এবং শিক্ষকদের মর্যাদা কংগ্রেসই দেয়। প্রাথমিক শিক্ষা এবং বুনিয়াদি শিক্ষাকে কংগ্রেসই বিস্তার করেছিল। মহাত্মা গান্ধীর স্বপ্ন কংগ্রেসই বিস্তার করেছে। আজকে সর্বপরী রাধাকৃষ্ণণের জন্মদিন আমরা শিক্ষক দিবস হিসাবে পালন করি, আপনারাও পালন করেন। কিন্তু সেদিন. শিক্ষামন্ত্রী আপনাদের পুরস্কার দিতে ডেকে এনেছিলেন, তাদের মধ্যে ক'জন পেনশন পেয়েছিলেন আমাদের বলবেন?

মালা দিলেন পেটে ক্ষিধে পুরস্কার দিলেন পেনশন দেননি। এই হল আজকের শিক্ষাব্যবস্থা। মাননীয় শিক্ষামন্ত্রী সেই শিক্ষা নিয়ে আপনি বড়াই করেন। ৬০ বছরের পরে বা ৬০ বছরের নিচে আপনি রিটায়ার করে যদি শিক্ষামন্ত্রী হয়ে বিধানসভায় মন্ত্রিত্ব চালাতে পারেন তবে ৬০ বছরে জোর করে শিক্ষকদের রিটায়ার করিয়ে কলঙ্কিত নায়ক হিসাবে তাদেরকে চিহ্নিত করে অপমান করছেন কেন? শিক্ষকরা ৬৫ বছরের দাবিতে আন্দোলন করছেন। স্যার, বাংলাদেশের শিক্ষক সমাজ যে আন্দোলন করছেন তাতে জেলায় জেলায় আপনাদের এ.বি.টি.এ. ভেঙে চৌচির। স্কুল বোর্ড-এর প্রতিনিধি নির্বাচনে এ.বি.টি.এ-এর প্রাচীর ভেঙে পড়েছে। এখন এ.বি.টি.-এর বাইরের শিক্ষকরা একের পর এক জিতছেন জেলায়, জেলায়। আপনারা শিক্ষকদের অপমান করছেন, প্রতি পদে পদে ইনসাল্ট করছেন। শিক্ষায় আগে কেরালার পরেই পশ্চিমবঙ্গের স্থান ছিল। আপনারা বড়াই করেন যে শিক্ষাকে বাংলাদেশে এক নম্বর জায়গায় পৌঁছে দিয়েছেন, কিন্তু বর্তমানে শিক্ষায় পশ্চিমবঙ্গের স্থান সতের নম্বরে। এটা কি শিক্ষার অগ্রগতি? আজকে আপনারা প্রাথমিক শিক্ষার এত বড়াই করেন সেখানে প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত ৬৪.৮ সারসেন্ট ছেলেমেয়ে পালিয়ে যাচ্ছে স্কুল থেকে। যদি ধরে নিই শিক্ষকরা অনেক এগিয়ে গেছেন, আপনারা শিক্ষকদের সসম্মানে প্রতিষ্ঠিত করছেন তাহলে হতভাগ্য বাংলার ৩৮ হাজার গ্রামের ছেলে-মেয়েদের স্কুলে রাখতে পারছেন না কেন? কেন ভারতবর্ষের বুকে পশ্চিমবাংলার নাম এত নিচে লজ্জায় মাথা নিচু করে থাকে? এই যে শতকরা ৬৪.৮ জন ছেলেমেয়ে প্রতি বছর স্কুল থেকে পালিয়ে যাচ্ছে এটা অত্যন্ত লজ্জার। এর থেকে মর্মন্তুদ ঘটনা আর কি থাকতে পারে মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীকে বলতে চাই, এ বিষয়ে অবহেলা করবেন না। শিক্ষকদের পেটে লাথি মেরে তাদের অপমান করে আজকে তাদের চাকরি থেকে বঞ্চিত করে যে সমস্ত যুবকরা চাকরির পিছনে ছুটে মরছেন তাদের সামনে শিক্ষকদের কলঙ্কিত নায়ক হিসাবে প্রতিষ্ঠিত করে তাদের ৬৫ বছরের অধিকার কেড়ে নিয়ে তাদের পেনশন না দিয়ে তাদের এভাবে অপমান করছেন তার বিরুদ্ধে তীব্র প্রতিবাদ থাকল, যে প্রস্তাব নিয়ে এসেছেন আমি তাকে সর্বান্তকরণে সমর্থন করছি দেবপ্রসাদ সরকারের মুখের দিকে তাকিয়ে নয় আমি মনে করি বাংলার যে কলংকের ইতিহাস রচিত হয়েছে তার খলনায়ক হিসাবে আপনারা তার জবাব দেবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-00 — 5-10 p.m.]

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় সদস্য দেবপ্রসাদবাবু যে প্রস্তাব এনেছেন সে প্রস্তাবের মর্মার্থর সঙ্গে আমি একমত হতে পারতাম, কিন্তু যেভাবে উনি প্রস্তাবটি এনেছেন তাতে আমি প্রস্তাবটিকে সমর্থন করতে পারছি না। কারণ দেবপ্রসাদবাবু রাজনৈতিক সুযোগ নেওয়ার জন্যই এটা এইভাবে এনেছেন। তিনি যদি শিক্ষকদের স্বার্থের জন্য, শিক্ষকদের উপকারের জন্য সব দলের সঙ্গে আলোচনা করে একটা সর্বদলীয় প্রস্তাব উত্থাপন করতেন তাহলে নিশ্চয়ই ভাল হত। কিন্তু তিনি তা না করে কেবলমাত্র রাজনৈতিক ফায়দা লুঠবার জন্য এইভাবে এটাকে এখানে এনেছেন।

কংগ্রেসের আমলে শিক্ষকদের কি অবস্থা ছিল তা তো আমরা দেখেছি। মাত্র ৬২ টাকা বেতন ছিল। যেসব মাস্টার মশায়রা সে সময়ে ৬২ টাকা বেতনে চাকরিতে ঢুকে ছিলেন আজকে তাঁরাই অবসর গ্রহণের পর ৭০০/৮০০ টাকা পেনসন পাচ্ছেন। সে সময়ে শুধু অর্থের অভাবই নয়, মানসিকতারও অভাব ছিল। মাস্টার মশায়রা যখন ৬২ টাকায় চাকরিতে ঢুকেছিলেন তখন তাঁরা চিন্তাই করেন নি যে, তাঁরা কোনও দিন পেনশন পাবেন। বামফ্রন্ট সরকারই রাজ্যে প্রথম পেনশন স্কিম চালু করেছেন। সুতরাং তাদের উচিত বামফ্রন্ট সরকারকে এর জন্য ধন্যবাদ দেওয়া।

এখানে দুর্নীতির কথা উঠেছে। হ্যাঁ, দুর্নীতি আছে এবং আমরা এটা অস্বীকার করছি না। ডি. আই. অফিসে দুর্নীতি আছে। আমাদের মালদা জেলায় এরকম একটা দুর্নীতি ধরাও পড়েছে, একজন সাসপেণ্ড হয়েছে এবং দুঃখের বিষয় সে কংগ্রেসের লোক। সে ঘুস নিয়ে সাসপেন্ড হয়েছে।

আমি এই প্রসঙ্গে আমাদের শিক্ষা মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে, পেনশনের নিয়ম-কানুন একটু সরল করা যায় কিনা তা তিনি ভেবে দেখুন। এক সময়ে যে সমস্ত শিক্ষকরা চাকুরিতে ঢুকেছিলেন তাঁরা সে সময়ে কোনওদিন ভাবেন নি যে, তাঁরা কখনও পেনশন পাবেন। ফলে তাঁরা সেভাবে তাঁদের কাগজপত্র রাখেন নি। এমনকি স্কুলগুলোতেও ঠিকভাবে কাগজপত্র রাখার কোন ব্যবস্থা ছিল না। অতএব আপনার কাছে আমার অনুরোধ এঁদের কেসগুলোর প্রতি একটু সদয় হয়ে আপনি বিবেচনা করুন।

আজকে এখানে বামফ্রন্টের ইচ্ছার প্রশ্ন তোলা হয়েছে—বলা হচ্ছে, শিক্ষকদের পেনশন দেওয়ার ইচ্ছে নেই। অথচ গতকালের সংবাদপত্রগুলোয় একটা বিজ্ঞাপন প্রচারিত হয়েছে, 'যাঁরা পেনশন পাবেন তাঁরা এই এইভাবে আবেদন করুন।' এই বিজ্ঞাপনই প্রমাণ করে যে বামফ্রন্টের সদিচ্ছা আছে।

এ বিষয়ে আমি মন্ত্রী মহাশয়কে আবার অনুরোধ করছি যে, এমন অনেক অবসরপ্রাপ্ত শিক্ষক আছেন যাঁরা যেসব স্কুলে পড়াতেন সেসব স্কুলে ইতিমধ্যে উঠে গেছে, ফলে তাঁদের কাগজপত্র খুঁজে পাওয়া যাচ্ছে না বা কাগজপত্র পুড়ে গেছে, হারিয়ে গেছে—এদের কথা বিবেচনা করে পেনশনের নিয়ম পদ্ধতি একটু সরল করুন এবং যাতে এঁরা পেনশন পেতে পারেন তার ব্যবস্থা করুন।

পরিশেষে আমি অত্যন্ত দুঃখিত, আমি দেবপ্রসাদবাবুর প্রস্তাব সমর্থন করতে পারছি না।

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার যে প্রস্তাব এনেছেন সে প্রস্তাবের বিরোধিতা করে আমি কয়েকটি কথা উল্লেখ করতে চাই। এ সম্পর্কে কোনও বিতর্ক নেই যে, পশ্চিমবাংলায় একটা উল্লেখযোগ্য সংখ্যক শিক্ষক এবং শিক্ষাকর্মী স্কুল কলেজ থেকে অবসর নিয়েছেন, কিন্তু এখনও পেনশন পাননি। তাঁদের পেনশন দেবার দায়িত্ব আমাদের, এ বিষয়েও কোনও সন্দেহ নেই। কিন্তু যেটা এখানে বলা দরকার তা হচ্ছে, মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার এবং সঞ্জিব দাস বললেন, '১ লক্ষ ৩০ হাজার শিক্ষক পশ্চিমবঙ্গে অবসর নিয়েছেন।' আমি তাঁদের অবগতির জন্য দুটি তথ্য এখানে হাজির করতে চাইছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার নিশ্চয়ই মনে আছে গোটা ভারতবর্ষে চতুর্থ শিক্ষা সমীক্ষা হয়েছিল ১৯৭৯ সালে। সে সময়ে পশ্চিমবাংলায় শিক্ষকের সংখ্যা ছিল—প্রাথমিক ও মাধ্যমিক মিলিয়ে—২ লক্ষর কিছু বেশি, ২ লক্ষ ৩০ হাজার। '৭৯ সালে যেখানে মোট শিক্ষকের সংখ্যা ছিল ২ লক্ষ ২৩ হাজার সেখানে তাদের মধ্যে ১ লক্ষ ৩০ হাজারই অবসর নিয়েছেন! গল্পের গরু গাছে ওঠাবেন! আমি তাই বলবো, চতুর্থ শিক্ষা সমীক্ষা অনুযায়ী, ১৯৭৯ সালে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষক ও অশিক্ষক কর্মীর সংখ্যা ২ লক্ষ ২৩ হাজার ছিল। সুতরাং এই কয়েক বছরে ১ লক্ষ ৩০ হাজার অবসর নিতে পারেন না। এটা অবাস্তব কথা। ১৯৯১ সালের লোক গণনায় বলছে, পশ্চিমবাংলায় ১ হাজার মানুষের মধ্যে ৬০-এর বেশি যাদের বয়স তাদের সংখ্যা ৩.৫ জন। হিসাব করে যদি দেখা যায় তাহলে পশ্চিমবাংলায় ৬০-এর বেশি যাদের বয়স তাদের সংখ্যা আদমসুমারী অনুসারে ২ লক্ষ ৩০ হাজার। যদি আদমসুমারী মানতে হয় তাহলে ৬০-এর বেশি যাদের বয়স তার সংখ্যা ১ হাজারে ৩.৫ জন। তাই যদি হয় তাহলে পশ্চিমবাংলায় ৬০-এর বেশি যত মানুষ আছে তার অর্ধেকের বেশি শিক্ষক—এটা অবাস্তব কথা। দ্বিতীয় যে কথাটা মাননীয় সদস্য শ্রী সঞ্জীব দাস মহাশয় উল্লেখ করেছেন সেটা হচেছ, শিক্ষক দিবসে আমি নাকি বলেছি, ৩ দিনের মধ্যে রিটায়র করার পর পেনশন দেব। আপনি একটু অনুগ্রহ করে পড়ে দেখবেন। অনুমানভিত্তিক যদি বলেন তাহলে আমি বিভ্রান্ত হয়ে যাবো। আমি কখনও বলিনি ৩ দিনের মধ্যে পেনশন দেব। আমি বলেছিলাম যে, কলকাতা জেলা কমিটিতে যারা ৩ দিন আগে অবসর নিয়েছেন কলকাতা জেলা প্রাথমিক শিক্ষা সংসদ তাদের পেনশন দেবার ব্যবস্থা করেছেন। এই দৃষ্টান্ত গোটা ভারতবর্ষের শিক্ষা সংস্থা বা পশ্চিমবাংলার বাকি জেলাগুলির শিক্ষা সংস্থা অনুসরণ করবেন এই কথা বলেছি। কলকাতা জেলা অবসর গ্রহণ করার ৩ দিনের মধ্যে পেনশন দেবার ব্যবস্থা করেছেন—এইরকম দৃষ্টান্ত বিরল নয়, অন্যান্য জেলাতেও এইরকম উদাহরণ কিছু কিছু আছে। কিন্তু আপনি বলেছেন আমি নাকি বলেছি অবসর গ্রহণের পর ৩ দিনের মধ্যে পেনশন দেব—এটা অসত্য কথা। তারপর আপনি জানতে চেয়েছেন যে কতজন অবসরপ্রাপ্ত পেনশন পেয়েছেন? পশ্চিমবাংলায় অবসরপ্রাপ্ত পেনশন পেয়েছেন ৩১ আগস্ট অবধি, ৩০ হাজার ৬২০ জন। আমার কাছে ৩ হাজার ১৪৫ জনের পেনশন কেস আছে। আর কংগ্রেসের বন্ধুরা ১৯৪৭ সালের স্বাধীনতা পেয়েছিলাম বলে যে কথা বললেন তার উত্তরে আমি জানাই, ১৯৬৭ সালের ২০ সেপ্টেম্বর, পেনশনের সিদ্ধান্ত ঘোষণা করা হয়েছিল যখন শ্রী জ্যোতি বসু অর্থমন্ত্রী ছিলেন এবং শ্রী জ্যোতি ভট্টাচার্য মহাশয় শিক্ষা মন্ত্রী ছিলেন।

১৯৪৭ সাল থেকে ১৯৬৭ সাল এই ২০ বছরের মধ্যে আপনারা কোনও পেনশন দেননি। আপনারা পেনশনের কোনও রুলও তৈরি করেননি। আর আজকে আপনারা শিক্ষকদের প্রতি দরদ দেখাচ্ছেন? আমরা ১৯৮১ সালে পেনশন দেবার কথা ঘোষণা করলাম। ১৯৬৭ সালে ডেমোক্রোটিক সরকার এল, রুল তৈরি হল না। ১৯৬৯ সালে আমরা আসলাম এবং তখন রুল তৈরি করলাম। কিন্তু আবার সরকার চলে গেল। তারপর আপনারা এলেন, কিন্তু একটা পেনশনও দেননি। তারপর আমরা আবার এলাম। ১৯৮১ সালে আমাদের তৈরি করা আইনে ৬ হাজার পেনশন দিলাম এবং সেটা চালু করলাম। কিন্তু আপনারা পেনশন দেননি। এই হচ্ছে শিক্ষকদের প্রতি আপনাদের সরকারের দরদ। আমরা ১৯৮১ সাল থেকে এ পর্যন্ত পেনশন দিয়েছি প্রাইমারি এবং সেকেণ্ডারি টিচার মিলিয়ে ৩০ হাজার ৬২০ জনকে। ভারতবর্ষের মধ্যে একটা রাজ্যও এই দৃষ্টান্ত রেখেছে? ১৯৮১ সাল থেকে ১৯৯৪ সাল পর্যন্ত এই সময়ের মধ্যে ৩০ হাজার ৬২০ জন প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষককে পেনশন দিয়েছি। দ্বিতীয় কোনও রাজ্য এই জিনিস দেখাতে পারবেন না। কিন্তু তার মানে এই নয় যে আমরা আমাদের দায়িত্ব সম্পর্কে সচেতন থাকব না।

[5-10 — 5-20 p.m.]

মাননীয় সদস্য শ্রী শীশ মহম্মদ যে কথা বলেছেন, আমাদের দায়িত্ব আছে, আমাদের যতই অসুবিধা থাকুক না কেন....

(গোলমাল) (এই সময়ে মাননীয় সদস্য সৌগত রায় বক্তব্য রাখার জন্য উঠে দাঁড়ান)

**মিঃ স্পিকার ঃ** এভাবে ডিবেট হয় না, ডোন্ট ডিসটার্ব।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, দেয়ার ইজ নো অফিসার অফ দি ডিপার্টমেন্ট।

**মিঃ স্পিকার ঃ** দ্যাট ইজ হিজ বিজনেস, টু সী, প্লিজ সিট ডাউন, ডোন্ট ডিস্টার্ব।

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** যাঁরা অবসর নিয়েছেন—মাননীয় সৌগতবাবু আপনার কাছ থেকে একটু অন্য রকম ব্যবহার আশা করেছিলাম—কারা অবসর নিয়েছেন এই তথ্য কারোও কাছে নেই। যতক্ষণ এই তথ্য না আসবে কেউ কিছুই জানতে পারবে না। আমরা গতকাল আনন্দবাজার এবং টেলিগ্রাফ এই দুটি কাগজে বিজ্ঞাপন দিয়েছি, যাঁরা অবসর নিয়েছেন তাঁরা সরাসরি আবেদন করবেন। তথ্য চেয়েছি কত শিক্ষক অবসর নিয়েছেন। আমাদের দায়িত্ব আছে, কোনও কারণে অবসরপ্রাপ্ত শিক্ষকদের পেনশন আটকায় সেটা দেখে আমরা সেই দায়িত্ব পালন করতে চাই। সেজন্য মাননীয় শীশ মহম্মদ, শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র এবং শ্রী পদ্মনিধি ধর মহাশয় যে প্রস্তাব দিয়েছেন, শিক্ষকদের কাগজপত্র, তাঁদের কতদিনের অভিজ্ঞতা আছে, অভিজ্ঞতার প্রমাণ দিতে পারছেন না, তাদের প্রভিশিন্যাল পেনশন দেবার চেষ্টা করা হচ্ছে। দু-বছর এই এ্যাড-হক দেওয়া হয়, এই প্রভিশিন্যাল পেনশনের সময়টাকে এবং পরিমাণটা যাতে বাড়াতে পারি তারজন্য দেখছি। যাতে যতদিন কাগজপত্র না পাওয়া যাচ্ছে ততদিন যাতে এই প্রভিশনাল পেনশনটাকে চালু রাখতে পারি তার চেষ্টা করা হচ্ছে। এর তুলনা ভারতবর্ষের কোথাও নেই, এজন্য কাজটা করতে চাই। আমাদের সরকার শিক্ষকদের প্রতি শ্রদ্ধাশীল, তাদের প্রতি আমাদের শ্রদ্ধা আছে, যার জন্য এই প্রভিশনাল পেনশন করা

হচ্ছে, কাগজপত্র দেখাতে না পারেন যত দিন, ততদিন এই চলবে যাতে তারা অসুবিধায় না পড়েন। সেজন্য মাননীয় দেবপ্রসাদবাবু যে প্রস্তাব এনেছেন আমি সেই প্রস্তাবের বিরোধিতা করছি, এজন্য যে কথাগুলি এখানে বলেছেন যে, 'অস্বাভাবিক বিলম্ব হচ্ছে, অস্বাভাবিক বিলম্ব বলতে তিনি কি বোঝাতে চাইছেন? এক সপ্তাহের মধ্যে বা এক মাসের মধ্যে পেনশন পাবেন, ন্যূনতম কাগজপত্র যত দিন না জমা দেবেন আমরা কি করে দিতে পারি, এ. জি. অডিট করবে, কাগজপত্র দেখবে সেগুলি না হলে আমরা কোনও পেনশন দিতে পারি না, এই সব অসুবিধা আছে, এই অসুবিধা থাকা সত্ত্বেও যাতে প্রভিশনাল পেনশন ফ্যামিলি পেনশন পেতে পারেন সে বিষয়ে আমরা ভাবনা চিন্তা করছি। এখানে সরলীকরণের বিষয়ে এই কথা বলেছেন পুরোদস্তুর পেনশন, পুরোদস্তুর পেনশন বলতে কি বোঝাতে চেয়েছেন? ১৯৬৯ সালে যুক্তফ্রন্ট সরকার ছিল, তারা পেনশনের কথা বলেন, তারপর মাননীয় অজয় মুখার্জি পদত্যাগ করে চলে গেলেন, যুক্তফ্রন্ট ভেঙ্গে গেল, তারপর মাননীয় সিদ্ধার্থবাবু মন্ত্রিত্ব করেন, ওরা পেনশন দেননি, পুরোদস্তুর পেনশন যুক্তফ্রন্ট সরকার চালু করেছিলেন, তখন শিক্ষামন্ত্রী ছিলেন মাননীয় সত্যপ্রিয় রায়, ওটা আমরা চালু করিনি, যুক্ত ফ্রন্ট সরকার করেছিলেন, তাকে আমরা বিধিবদ্ধ করেছি। আমি যে কথা বলতে চাই তা হল আমরা শিক্ষকদের পেনশনের ব্যাপারে আমরা অত্যন্ত আন্তরিক এবং নিষ্ঠাবান, আমাদের যতই বাধা বিঘ্ন থাকুক না কেন অন্য রাজ্যের তুলনায় আমরা শিক্ষকদের পেনশন দিয়েছি। যে বিজ্ঞাপন দিয়েছি তার উপর ভিত্তি করে আমরা যদি একটা তথ্য পেতে পারি, যে কোনও শিক্ষক অবসর নিয়েছেন, কোনও বিদ্যালয়ের কাগজপত্র আসেনি, অথবা বিদ্যালয়ের কর্তৃপক্ষ কাগজপত্র আটকে দিয়েছেন, যে সব শিক্ষক কাগজপত্র জমা দিতে পারছেন না, তার উপর ভিত্তি করে যাতে একটা উল্লেখযোগ্য ভূমিকা নিতে পারি, এই কথা বলে আর একবার প্রস্তাবের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পিকার ঃ** এটা ৫.২০ মিনিটে শেষ হবার কথা ছিল, আমার মনে হয় শেষ হবে না, উনি উত্তর দেবেন।

১৫ মিনিট সময় বাড়ানো হল, আশা করি সকলের মতামত আছে?

(হ্যাঁ)

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় শিক্ষামন্ত্রী এবং অন্যান্যরা যা বললেন তার পরিপ্রেক্ষিতে আমার বক্তব্য রাখতে গিয়ে প্রথমে আমি মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ জানাই, কারণ ১৭ বছর পরে উনি জানিয়েছেন যে, কত শিক্ষক অবসর নিয়েছেন। এ-বিষয়ে হিসেব দেওয়াটা কঠিন ব্যাপার নয়, কারণ এখানে শিক্ষক এবং শিক্ষাকর্মীদের মোট সংখ্যা তিন লক্ষের মতো এবং তাদের মধ্যে আড়াই থেকে তিন পারসেন্ট বছরে অবসর নেন। সে হিসাবে ১৯৮১ থেকে এখন পর্যন্ত অবসর গ্রহণ সংক্রান্ত যে স্ট্যাটিস্টিকস দিয়েছি, এই সময়ের মধ্যে ঐ তিন লক্ষের পারসেন্টেজ কষলে ১ লক্ষ ২৫-৩০ হাজারের মতোই অবসর নেন। কমপুটারে ফেলে হিসেবটা কষে দেখবেন, ঐ পারসেন্টেজই আসবে। যে ১ লক্ষ ৩০ হাজার শিক্ষক ও শিক্ষাকর্মী অবসর নিলেন তাদের মধ্যে ৫,০০০ এর দরখাস্ত ডি. আইদের কাছে ফেরৎ গেছে এবং এখন পর্যন্ত ২৫,০০০ জন পেনশন

পেয়েছেন। সুতরাং ১ লক্ষের মতো, তারা পেনশন পাননি এবং তাদের মধ্যে ৩০,০০০ জনের মতো পেনশন না পেয়েই মারা গেছেন। এ-ব্যাপারে আপনার নিজের স্বীকারোক্তি রয়েছে। মোশন উঠবে বলে আপনি আনন্দবাজারে অ্যাডভার্টাইজ করেছেন এই বলে যে, কবে অবসর গ্রহণ করেছেন সেটা শিক্ষকদের জানাতে হবে এবং এটাই হচ্ছে অ্যাডমিশন অফ ফ্যাক্টস। আমার বক্তব্য হল, শিক্ষক ও শিক্ষাকর্মী, যারা সারা জীবন ধরে ভাবি সমাজকে গড়ে তুলবার জন্য আত্মত্যাগ করলেন তারা জীবন-সায়াহ্নে দাঁড়িয়ে শেষ অবলম্বন পেনশন না পেয়ে মৃত্যুবরণ করছেন। এমনকি, তাদের স্ত্রীরা পর্যন্ত জীবদ্দশায় ফ্যামিলি পেনশন পাচ্ছেন না। আজকে এরকম একটা মর্মান্তিক অবস্থা। তারই জন্য আজকে পেনশন-ব্যবস্থাটাকে যাতে ত্বরান্বিত করা হয় সেজন্য প্রস্তাবটা এনেছি এবং তারই জন্য অন দি বেসিস অফ মেরিট অফ দি রেজলিউশন, এটাকে সমর্থন করা উচিত। রাজনীতি আমি করছি, না কি আপনারা করছেন? এক্ষেত্রে রহস্যটা কি? যদি এই এক লক্ষ শিক্ষক ও শিক্ষাকর্মীকে পেনশন দিতে হয় তাহলে সরকারি কোষাগারের ফান্ড সেটা পারমিট করবে না, কারণ পেনশনের টাকা অন্য খাতে খরচ হয়ে গেছে। আজকে সবাইকে পেনশন দিতে হলে যে কোটি কোটি টাকা লাগবে সেটা গভর্নমেন্ট প্রভাইড করতে পারছেন না এটাই বাস্তব ঘটন। এই সত্যটাকে ধামাচাপা দেবার জন্য ডি. আই., সার্ভিস বুক ইত্যাদির কথা বলে, কোষাগারে টাকা নেই বলে সীমিতভাবে পেনশন ছাড়ছেন। তবে এক সপ্তাহ বা ১০ দিনের মধ্যে কি পেনশন দেওয়া হয় না? এরকম কয়েকটি কেসও হয়েছে যারা সি. পি. এম. দলে রয়েছেন। যেমন উনি নিজে একজন, আর একজন হচ্ছেন সত্যসাধনবাবু ওদেরটা হয়েছে। কাজেই ইন্সিডেন্স যে নেই তা নয়। আসলে এটা করা যায়, কিন্তু প্রশ্নটা ঐ জায়গায় নয়। আসল কথা হল, পসিটি অফ ফান্ডের কারণে জেনারেল শিক্ষকদের ডিপ্রাইভড করা হচ্ছে। বিষয়টা মর্মান্তিক, কারণ যাদের এভাবে বঞ্চনা করছেন তাদের মধ্যে এমন শিক্ষকরাও রয়েছেন যাদের কাছ থেকে আপনারাও পাঠ নিয়েছেন।

[5-20 — 5-30 p.m.]

তারা হয়ত ভোট ব্যাঙ্কের দিক থেকে ইউসফুল হবে না ঠিকই, কিন্তু সামাজিক ন্যায়-নীতিবোধ, মানবিকতার দৃষ্টিভঙ্গি থেকে তাদের প্রতি দায়বদ্ধতা আছে কি? কাজেই সেদিক থেকে এর মধ্যে রাজনীতির বিষয় না রেখে, মেরিট দেখে শিক্ষকদের দুরবস্থার কথা চিন্তা করে, তাদের পরিবারের কথা চিন্তা করে, আপনারা এই প্রস্তাবে সমর্থন জানাবেন, এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি!

**Mr. Speaker :** There is no amendment to this motion.

The motion of Shri Deba Prasad Sarkar that এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে, ১৯৮১ সাল থেকে এই রাজ্যে স্কুল শিক্ষকদের পুরোদস্তুর পেনশন দানের বিধি চালু হয়েছে, কিন্তু এখনও অবসরপ্রাপ্ত স্কুল শিক্ষক ও অ-শিক্ষক কর্মীদের পেনশন পেতে অস্বাভাবিক বিলম্ব হচ্ছে ; বছরের পর বছর পেনশনের প্রতীক্ষায় থেকে, পেনশন না পেয়ে মারা গেছেন—এমন মর্মান্তিক ঘটনাও ঘটে চলেছে ; দ্রুত পেনশন না পাওয়ার ফলে রাজ্যের অবসরপ্রাপ্ত অথবা মৃত স্কুল শিক্ষকদের পরিবারগুলি নিদারুণভাবে

দুর্দশাগ্রস্ত।

অতএব, এই সভা রাজ্য সরকারের কাছে দাবি জানাচ্ছেন যে, পেনশন মঞ্জুরি প্রথার সরলীকরণ করে, অবসরপ্রাপ্ত অথবা মৃত স্কুল শিক্ষক ও অ-শিক্ষক কর্মীদের পেনশন প্রদান ত্বরান্বিত করা হোক, was then put and a division was taken with the following results :

**NOES**

Abdul Haque, Shri

Bal, Shri Saktiprasad

Bose, Shri Shyamaprasad

Biswas, Shri Kanti

Bouri, Shri Haradhan

Chakrabarty, Shri Deb Narayan

Chatterjee, Shri Anil

Chatterjee, Shrimati Santi

Das, Shri Ananda Gopal

Das Gupta, Shrimati Arati

Deb, Shri Rabin

Dey, Shri Lakshmi Kanta

Dhar, Shri Padmanidhi

Duley, Shri Krishnaprasad

Hazra, Shri Haran

Jana, Shri Manindra Nath

Mahata, Shri Kamala Kanta

Maji, Shri Surendra Nath

Mondal, Shri Bhadreswar

Mondal, Shri Kshiti Ranjan

Mondal, Shri Raj Kumar

Mistry, Shri Bimal

Moitra, Shri Birendra Kumar

Mukherjee, Shri Nirmal

Nanda, Shri Brahmamoy

Roy, Shri Narmada

Sanyal, Shri Kamalendu

Saren, Shri Subhas Chandra

Sahis, Shrimati Bilasibala

Sen Gupta, Shri Dipak

Shish Mohammad, Shri

Sinha, Shri Prabodh Chandra

Tirkey, Shri Monohar

**AYES**

Sarkar, Shri Deba Prasad

The Ayes being—1 and Noes—33

The motions was lost.

## ALL PARTY DELEGATION

**Mr. Speaker :** Now, All Party Delegation going to Delhi in relation to the resolution in connection with the Jalangi..... (noise) .....

**Dr. Zainal Abedin :** Sir, I don't agree. No, Sir, All party delegation will not go.

**Mr. Speaker :** আপনাদের রেজলিউশনটা দেখুন তাতে কি বলেছে। "In view of the gravity of the situation as arising out of this severe and extraordinary erosion of the mighty river Ganga-Padma along the international border, the Members of the West Bengal Legislative Assembly strongly urges that a special technical team immediately be sent by the Union Government to assess the situation and further decided to send a deligation headed by the Hon'ble Chief Minister along with the Departmental Ministers and Leader of the Opposition to the Central Government."

**Dr. Zainal Abedin :** The delegation would be headed by Hon'ble Chief Minister along with the Departmental Ministers and Leader of the Opposition.

**Mr. Speaker :** The Delegation comprises following people—

1) Shri Jyoti Basu, Hon'ble Chief Minister, West Bengal.

2) Shri Debarata Bandyopadhyay, Hon'ble Minister-in-Charge, Irrigation & Waterways Dept.

3) Shri Prabodh Chandra Sinha, Hon'ble Minister-In-Charge, Parliamentary Affairs Dept.

4) Shri Anisur Rahaman, Hon'ble Minister of State-in-Charge, Education (Primary, Secondary & Madrasha) Dept.

5) Smt. Chhayya Ghosh, Hon'ble Minister, Relief & Welfare.

6) Dr. Zainal Abedin, Hon'ble Leader of Opposition...

...(noise and interruptions)....

**Dr. Zainal Abedin :** Sir, you are in the Chair, you can't destroy...

**শ্রী দীপককুমার সেনগুপ্ত ঃ** এই যে রেজলিউশন এখানে আনা হয়েছে জলঙ্গি সম্পর্কে সেখানে সকলে মিলে একটা কথা বলা হয়েছে যে অল পার্টি ডেলিগেশনে ইন অল ম্যাটার দিল্লি যাবে। এই হাউসে থেকে যখনই ডেলিগেশন দিল্লিতে গিয়েছেন সব সময় অল পার্টি ডেলিগেশন গিয়েছে। অল পার্টি ডেলিগেশন না হলে এর কোনও বিয়ারিং থাকে না, এর কোনও ইমপ্যাক্ট থাকে না। রেজলিউশনের দ্বারা এই জিনিস না হলে আমার পার্টি থেকে বলতে হচ্ছে আই অ্যাম নো পার্টি টু দিস রেজলিউশন।

এটা আমার ভাবতে অদ্ভূত লাগছে, জলঙ্গির মতো একটা সিরিয়াস ম্যাটার নিয়ে এত সব আমরা ভাল ভাল কথা বললাম। অতীতে প্রতিটি ইস্যুতে একটা শব্দই ব্যবহার করা হয় অল পার্টি ডেলিগেশন যাবে।

**Mr. Speaker :** 7) Shri Lakshmi Kanta Dey, Chief Govt. Whip.

8) Dr. Manas Bhunia, MLA.

10) Shri Abul Hasnat Khan, MLA.

11) Shri Yunus Sarkar, MLA.

12) Shri Kripa Sindhu Saha, MLA.

13) Shri Kshiti Goswami, MLA.

14) Shri Kamakshyanandan Das Mahapatra, MLA.

15) Smt. Santi Chatterjee, MLA.

16) Shri Deba Prasad Sarkar, MLA.

17) Shri Shish Mohammad, MLA, i.e.,—total seventeen honourable members. They are to make appointments with the Central

Ministers at the earliest possible.

... (noise) ...

**Dr. Zainal Abedin :** Sir, I don't agree. It is against the letter and spirit of the motion. We dissociate.

**Mr. Speaker :** I don't agree with you, Dr. Zainal Abedin. (noise) Please, Please, Dr. Zainal Abedin, have some patience. The wording is —"to send a delegation headed by the Hon'ble Chief Minister along with the Departmental Ministers and Leader of the Opposition to the Central Government." The Delegation is going. How can you have objection? There is no question of 'all party'. The Delegation of the Legislative Assembly means from the members of the West Bengal Legislative Assembly. I hope you understand the language. The Delegation means the Delegation of West Bengal Legislative Assembly. The wording was "to send a Delegation headed by the Hon'ble Chief Minister".

... (noise) ...

**Dr. Zainal Abedin :** Sir, you expunge our delegates. Congress will not co-operate. You are violating the spirit of the Resolution.

... (noise) ...

**Mr. Speaker :** I am not violating anything. The Delegation comprises the members of the Assembly.

...(noise and interruptions)....

[5-30 — 5-40 p.m.]

**শ্রী দীপক সেনগুপ্ত ঃ** আমাদের এই অল পার্টি ডেলিগেশনের যে ব্যাপার তার স্পিরিটটা কি—সেখানে ডেলিগেটসদের হাউসের মেম্বার হতে হবে। এবং তারাই এই বিষয়ে পার্টিশিপেট করতে পারবেন। এই জলঙ্গির ব্যাপারে হাউসের বাইরে অনেক জানেন শোনেন লোক আছে, অনেক বেশি কিছু বলতে পারেন, কিন্তু যেহেতু তারা মেম্বার নয়, তারা বাইরে থাকবেন। তারা ডেলিগেটস হিসাবে যেতে পারবেন না কারণ তারা হাউসের মেম্বার নয়। সুতরাং পার্টিশিপেটও করতে পারবেন না। তবে এটা যদি অল পার্টি ডেলিগেশন না হয় এবং ইফ ইট ইজ নট অল পার্টি ডেলিগেশন মাই পার্টি উইল নট পার্টিশিপেট ইন ইট। সুতরাং বিরোধী নেতা যে সুযোগ নিতে চাইছেন তা হতে দেব না এবং এটা অল পার্টি ডেলিগেশন না হলে আমরা যাব না।

**Mr. Speaker :** The warding is very clear and the language is very simple. The question is that a delegation headed by the Chief Minister along with other departmental and Leader of the Opposition

will go to Delhi.

**Dr. Zainal Abedin :** No. I will not go.

## BRIEF RESUME OF BUSINESS

**Mr. Speaker :** Then I am sorry. I have nothing to do. It is upto Dr. Abedin to associate himself with the Delegation or not.

Now I would like to give you in brief about the business transacted during this short session—

To-day the 24th September, 1994 is the last day of the Eighth Session of the Eleventh Assembly. Before adjourning the House sine-die, I would like to make an announcement regarding Questions. Starred Questions to which replies have been received in the Secretariat but not answered in the House would be treated as Un-starred ones and replies thereto would be circulated to the Members.

Now I shall narrate in brief about the business transacted during the Eighth Session of the Eleventh Assembly which commenced 11.00 a.m. on the 15th September, 1994 by an order of the Governor of West Bengal summoning the House.

(Positions as on the 24th September, 1994)

| | | |
|---|---|---|
| 1) Total No. of Notices of question received | : | 449 |
| a) Starred | : | 331 |
| b) Unstarred | : | 118 |
| c) Short Notices | : | NIL |
| 2) Total No. of Notices of Half-an-hour discussion received | : | NIL |
| 3) Total No. of questions admitted | : | 234 |
| a) Starred | : | 169 |
| b) Unstarred | : | 65 |
| Total number of questions replied | : | 60 |
| Number of questions pending with the Department | : | 139 |
| Number of questions disallowed | : | NIL |

**GOVERNMENT BILLS :**

| | | |
|---|---|---|
| No. of Bills introduced | .. .. | 10 |

| | | |
|---|---|---|
| No. of Bills passed | .. .. | 10 |

**RULES :**

| | | |
|---|---|---|
| Notices received for laying of Rules | .. .. | 1 |
| Rules laid | .. .. | 1 |

**ORDINANCE :**

| | | |
|---|---|---|
| Notices received for laying of Ordinances | .. .. | 1 |
| Ordinance laid | .. .. | 1 |

**ADJOURNMENT MOTION :**

| | | |
|---|---|---|
| Notices received | .. .. | 8 |
| Consent withheld | .. .. | 7 |
| Notices out of order | .. .. | 1 |

**CALLING ATTENION NOTICE :**

| | | |
|---|---|---|
| Notices received | .. .. | 44 |
| Notices admitted | .. .. | 7 |
| Statement made | .. .. | 6 |
| Admitted and reply to be sent to the members concerned | | 1 |
| Notice out of order | .. .. | NIL |

**MOTION UNDE RULE-185 :**

| | | |
|---|---|---|
| Notices received | .. .. | 11 |
| Admitted | .. .. | 11 |
| Disallowed | .. .. | NIL |
| Discussed and adopted | .. .. | 3 |
| Discussed and lost | .. .. | 3 |
| Admitted but not discussed | .. .. | 5 |

**MOTION UNDER RULE 199 :**

| | | |
|---|---|---|
| Notices received | .. .. | 1 |
| Admitted | .. .. | 1 |

| | | |
|---|---|---|
| Disallowed | .. .. | NIL |
| Discussed and lost | .. .. | 1 |
| **RESOLUTION UNDER RULE 169 :** | | |
| Notices received | .. .. | 1 |
| Admitted | .. .. | 1 |
| Discussed and adopted | .. .. | 1 |
| STATEMENT UNDER RULE 346 | .. .. | 2 |

**Laying of Annual Reports and Accounts of Government Companies and undertakings**

| | | |
|---|---|---|
| Reports laid | .. .. | 9 |

**Privilege Issues**

| | | |
|---|---|---|
| Notices received | .. .. | 2 |
| Disallowed | .. .. | 1 |
| MENTION CASES | .. .. | 153 |
| ZERO HOUR MENTION | .. .. | 48 |
| NUMBER OF SITTING | .. .. | 8 |
| TOTAL HOUR OF SITTINGS | 36 hours 18 minutes (Upto 5.30 p.m.) | |

## FELICITATION

I am grateful to Deputy Speaker, Parliamentary Affairs Minister, Chief Whip of the ruling party, whips of all other parties, Leader of the Opposition for the co-operation they have extended to me in carrying out the business of the House, smoothly. Though it is a very short session, yet many important business have been transacted. The new Government Industrial Policy has been announced. Many important resolutions have also been passed during this short session.

I am proceeding to Canada on the 4th October to attend the Executive Committee meeting of C.P.A., Dr. Zainal Abedin will meet me at Albrta, Canada on the 7th during the 40th Conference of Commonwealth Parliamentary Conference. I wish that all of you will enjoy a very happy Puja vacation and hope to meet you after my return.

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভায় স্বল্পকালীন অধিবেশনের আজকে শেষ দিন। এই অধিবেশন স্বল্পদিনের জন্য অনুষ্ঠিত হলেও আপনি একটু আগে বলেছেন যে এই অধিবেশন নানা দিক থেকে খুবই গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে এবং এই কথা নিঃসংশয়ে বলা যায় এবারের অধিবেশনে আমরা বিরোধী দলের সহযোগিতা পেয়েছি এবং এই অধিবেশন সুষ্ঠুভাবে এবং সুচারুভাবে পরিচালন করা সম্ভব হয়েছে। এই অধিবেশন পরিচালনা করার জন্য আপনার দক্ষতার কথা বলে আমি আপনাকে এ করতে চাই না, কিন্তু আমরা সকলেই জানি যে সংসদীয় গণতন্ত্রের প্রতি যে নিপুণতা এবং দক্ষতা আছে সেটা সর্বজন স্বীকৃত। ভারতবর্ষে যতগুলি বিধানসভা আছে, আমি কারুর সাথে তুলনা না করে বলতে চাই অধ্যক্ষ হিসাবে ভারতবর্ষে আপনার একটা বিশিষ্ট স্থান আছে। শুধু ভারতবর্ষে কেন, আন্তর্জাতিক ক্ষেত্রে, কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাশোসিয়েশনের ক্ষেত্রেও আপনি আপনার নিজস্ব বক্তৃতায়, আপনি আপনার দক্ষতা ও মেধার ছাপ রাখতে সক্ষম হয়েছেন, আপনি আমাদের গর্বের বিষয়, পশ্চিমবাংলার নিঃসন্দেহে মুখ উজ্জ্বল করেছেন। এই স্বল্পকালীন অধিবেশন যে ভাবে পরিচালিত হল এবং আপনি যে ভাবে পরিচালন করলেন তাতে ব্যক্তিগতভাবে এবং সরকারের পক্ষ থেকে আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। ধন্যবাদ জানাচ্ছি ডেপুটি স্পিকার এবং সভার যারা চেয়ারম্যান তাদেরও সভার কাজ পরিচালনা করার জন্য। ধন্যবাদ জানাচ্ছি বিরোধী দলকে এবং মাননীয় সদস্যদেরকে যাদের সহযোগিতা নিয়ে এই বিধানসভাকে আমরা সাফল্যতার সঙ্গে চালাতে সক্ষম হয়েছি। ধন্যবাদ জানাচ্ছি রেডিও, টিভিকে যারা প্রতিনিয়ত বিধানসভার কার্য পরিচালনাকে তুলে ধরে জনগণের সাথে যোগাযোগ রাখতে সহযোগিতা করেছেন। ধন্যবাদ জানাচ্ছি বিধানসভার কর্মচারিবৃন্দকে, যারা দিনরাত সুষ্ঠুভাবে বিধানসভার কার্য পরিচালনা করার ক্ষেত্রে সহযোগিতা করেছেন। আপনি বিদেশে যাচ্ছেন, বিরোধী দল নেতাও বিদেশে যাচ্ছেন, আপনার যাত্রার শুভ কামনা করছি, আশা করছি আমরা শারদোৎসব ভালভাবে কাটিয়ে পুনরায় মিলিত হতে পারব।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে ধন্যবাদ। আজকে সভার শেষ দিন। আমার মনে হয়েছে, যদিও এবারকার শর্ট অধিবেশনে অপেক্ষাকৃত লাইভলি এবং অ্যাটেন্ডেন্স হয়েছে, তবুও আজকের শেষ দিনে অ্যাটেন্ডেন্স খুব কম। আগের অধিবেশনে আপনার কাছে নিবেদন করেছিলাম হাউসের অ্যাটেন্ডেন্স অ্যাসিওর করার যে বিধি আছে, যাতে উৎসাহ দেওয়া যায় সেটা গ্রহণ করতে হবে। কালকে একটা ওয়ার্কশপে দেখলাম পার্লামেন্টারি ডেমক্রেসি যেন ক্ষয়ে যাচ্ছে, কেউ কেউ অবক্ষয় কথাটাও বলেত শুরু করেছেন। আই ডু নট এগ্রি উইথ এনি ওয়ান অফ দেম। আমার নিজের মনে হয়েছে, আমরা যদি অ্যাটেন্ডেন্সকে আরও অ্যাসিওর করতে পারি তাহলে এই অভিযোগ করার কারণ নেই। গভর্নমেন্ট সাইডের কাছে আমার আবেদন সব সময় নর্মাল কোর্সকে কন্ট্রাক্ট করার কারণ নেই, এই অধিবেশন যদি ৫ দিনের না হয়ে ১০ দিনের হত তাতে কোনও ক্ষতি হত না, আমরা এখন ১০/১১টায় আসি এটা বাঞ্ছনীয় নয়।

[5-40 — 5-50 p.m.]

এই হাউসে আমি ১৯৬২ সাল থেকে আসছি। আগে চার, পাঁচ ঘন্টা হাউস বসত।

এখন আপনি সাত, আট ঘন্টা কাজ চালিয়ে যাচ্ছেন। গভর্নমেন্ট যেন এর সুযোগ না নেন। যতক্ষণ হওয়া উচিত, প্রপার্লি বিজনেস সেটা যেন হয়, আর প্রোপরশনেট টু দি বিজনেস সেটাও যেন হয়। একদিনের ওভার ট্যাকসেশন করে, আমাদের পেসেন্ট আমাদের আইন প্রণয়নের ক্ষেত্রে পরীক্ষার সম্মুখীন যেন না হতে হয় সেটা আপনার কাছে আমাদের নিবেদন। আমাদের তো ক্ষমতা নেই, আপনার মেধা, আপনার ইন্টেলিজেন্স, আপনার উইসডম আমরা অ্যাপ্রিসিয়েট করি। আমাদের এখানে রিপাবলিক ডেতে, ন্যাশনাল ডেতে সাকসেসফুল পার্লামেন্টিরিয়ানদের স্বীকৃতির ব্যবস্থা আছে। লোকসভায় অনেকে পেয়েছে। আমাদের এখানে কেন সেটা নেই বুঝলাম না। আজকে মন্ত্রীদের এখানে থাকা দরকার আছে, এটা একটা সেরিমনিয়াল অকেশন, আজকে তাদের থাকার দরকার ছিল। আমরা চাইছি, আমরা আগেও বলেছি, আমরা যখন বিরোধী পক্ষ হিসাবে কো-অপারেট করতে পারব, উই উইল ডু, আবার যখন পারব না উই উইল অপোস। তবে জাতীয় স্বার্থে আমরা সবাই মিলে কাজ করব। তবে আমাদের যেন বঞ্চনা না করা হয়। হাউস চালানোর কাজে সবাই সহযোগিতা করেছে, ডেপুটি স্পিকার মহাশয়ও হাউস চালিয়েছেন, কিন্তু আরও কিছু দক্ষতা তার প্রয়োজন আছে। তাছাড়া আর যারা হাউস পরিচালনা করতে সাহায্য করেছে তাদের ধন্যবাদ জানাচ্ছি। অফিসার এবং রিপোর্টার যারা এখানে কাজ করছে—সরকারি এবং বে-সরকারি—তাদের ধন্যবাদ জানাচ্ছি। লোকসভায়, যেদিনকার প্রসিডিংস সেদিনকেই দিয়ে দেওয়া হয়, তাহলে আমরা আন-রিভাইসড প্রসিডিংস পাব না কেন? আজকে পাঁচটি প্রেস আপনার কাজ করছে, বসুমতি কাজ করছে শিলিগুড়িতে, যার তিনি হাজার থেকে চার হাজারের বেশি কাগজ বিক্রি হয় না। বি. জি. প্রেস তারা বসে আছে, তাহলে কেন আমরা আইডিয়াল ক্লাসিকাল পার্লামেন্টারি প্রসেস দিতে পারব না। যা সব জায়গায় হয় আমাদের এখানে হবে না কেন? হোয়াট ইজ দি বার? ফিনান্সিয়াল ইমপ্লিকেশনের জন্য কি? আপনি অনেক কিছু করেছেন, কিন্তু এখানে কেন এটা করতে পারছেন না। আমরা এর আগেও বলেছি প্রসিডিংস অফ দি হাউস স্যুড বি ডিস্ট্রিবিউটেড ইন টাইম, আপনি পাঁচটা প্রেসকে কাজে লাগিয়ে দিন। আপনি দিনের দিন না হয় পরের দিন সকালে পাঠিয়ে দিন। আমাদের ইমপ্রুভমেন্টের অনেকগুলো স্কেল আছে। এবারে যদিও সংক্ষিপ্ত অধিবেশন হয়েছে, কিন্তু এবারে আমাদের আরও ইমপ্রুভমেন্ট হয়েছে। কিন্তু শেষ দিন অ্যাটেন্ডেন্স এত কম কেন বুঝতে পারলাম না।

আমরা বহু দূর থেকে আসি, 'তারপরে রাস্তাঘাট নিরাপদ নয়', সড়ক ব্যবস্থা, রেল ব্যবস্থাও নিরাপদ নয়, নিশ্চিতও নয়,' সেই জন্য দূরের অনেকেই চলে গিয়েছেন। ৩৪টা হল সরকারি, এস. ইউ. সি. আই. এর একজন, আর আমরা নট ইভেন ৫০, এটা খুব উল্লেখযোগ্য, এটা অবশ্যই গৌরবের কথা নয়। আপনার আছে অনুরোধ করব ভবিষ্যতে এটার দিকে দৃষ্টি দেবেন। আমাদের একাধিক মিটিং করতে হয়। আপনি বাইরে যাচ্ছেন, আমাকেও নিয়ে যাচ্ছেন, আমরা দেশের প্রতিনিধি হয়ে যাচ্ছি। তাতে যদি মিটিং ৫ই সেপ্টেম্বর হয় তাতে একটা আইটেম বোধ হয় ওখানে আছে পিপলের সঙ্গে পার্লামেন্ট এর রিলেশনটা যাতে ব্যাপক করা যায়, গভীর কর যায় ; সেজন্য এখান থেকে একদিন ব্রডকাস্ট করার ব্যবস্থা করেছেন। আমার তো মনে হয় এটা একটা বড় কারণ যাতে পিপলের কাছে পৌঁছুতে পারে আমাদের পারফরমেন্স, এটা গভীর ভাবে ভাববার কথা। এদিকটা ভাল ভাবে দেখবার

জন্য সরকার এদিকে দৃষ্টি দেবেন। এই সর্ট সেশনের আজকে শেষ দিন, আমরা আশা করেছিলাম ফিনান্স মিনিস্টার আজকে থাকবেন এবং কিছু বলবেন, কিন্তু তিনি নেই এবং কিছু বললেন না। কিন্তু ৪৭ জন মন্ত্রীর তিনজন থাকবেন কেন? এটা একটা উল্লেখযোগ্য ঘটনা। আমি আজকে সবাইকে কৃতজ্ঞতা এবং ধন্যবাদ জানাচ্ছি যারা পরস্পর সহযোগিতা করেছে। আমরা হাউসের বিতর্কে জড়িয়ে পড়ি, কিন্তু হাউসের বাইরে আমাদের পরস্পর যে সম্পর্ক আছে। আমাদের মধ্যে যেন তিক্ততা না থাকে, আমরা সবাই সবাইয়ের প্রতিবেশী বন্ধু হিসেবে কাজ করতে চাই। কেননা, সবাই তো চায় দেশের মানুষের সেবা করতে, পথ আলাদা হতে পারে। স্যার, আপনি যে সুযোগ দিয়েছেন, সেজন্য আপনাকে ধন্যবাদ, ডেপুটি স্পিকার এবং সেক্রেটারিকে ধন্যবাদ জানাই। সাংবাদিকদের ধন্যবাদ, তারাও অংশগ্রহণ করেছেন, তারাও তো গণতন্ত্রের অংশ, দে আর দ্য ফোরথ অ্যাস্টেট এটা নতুন কন্সেপশন। সেদিক থেকে তারা আমাদের বন্ধু। যারা সহযোগিতা করেছে সবাইকে ধন্যবাদ জানিয়ে শেষ করব। আপনার প্রজ্ঞা আর প্রতুৎপন্নমতিত্ব, যে রেডিমেড সেন্স, উইসডম, সর্বোপরি যে জুডিসিয়াল ক্যাপাসিটি আপনার, এটা নির্ভিকতার সাথে প্রয়োগ করবেন, এই আশা করে আমার কথা শেষ করলাম। থ্যাঙ্ক ইউ।

**শ্রী দীপক সেনগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অধিবেশনের শেষ দিনে শেষ মুহূর্তটুকু একটু জটিল হয়ে উঠেছিল, কিন্তু সব ভাল যার শেষ ভাল, বিধানসভার এই স্বল্পকালীন অধিবেশন, এটা যথেষ্ট প্রাণবন্ত হয়েছে, জটিলতাকে সরল করতে আপনার ভূমিকা শুধু যে ভেতরেই আমরা অনুভব করেছি তা নয়, যারা এখানে এসেছেন তারা প্রত্যেকেই অনুভব করেছেন। তাই আপনাকে ধন্যবাদ জানাচ্ছি এই জন্য নয় যে ধন্যবাদ আপনার প্রাপ্য, কিন্তু আমাদের নিজেদের দিক থেকেও একটা কৃতজ্ঞতাবোধকে প্রকাশ করতে চাই। আপনার অবর্তমানে ডেপুটি স্পিকার মহাশয় ছিলেন, তাকে ধন্যবাদ জানাই, বিধানসভার পরিচালকমন্ডলী, বিধানসভার কর্মচারী, সাংবাদিক এবং প্রত্যেকের কাছে আমি খুব আন্তরিকভাবে কৃতজ্ঞ যে তারা এই স্বল্পকালীন অধিবেশন চালাবার ক্ষেত্রে সহযোগিতা করেছেন। আবার আপনাকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-50 — 6-08 p.m.]

**শ্রী শীশ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবারের অধিবেশন খুব স্বল্পকালীন। এই স্বল্পকালীন অধিবেশনের মধ্যে বিশেষ গুরুত্বপূর্ণ কতকগুলি জিনিস এই পশ্চিমবঙ্গের স্বার্থ রক্ষার্থে পাস হয়েছে। আজকে অধিবেশনের শেষ দিন। আপনি এই বিধানসভার অধিবেশন চালাতে গিয়ে আপনার যে উপস্থিত বুদ্ধি প্রয়োগ করেছেন, সেটা আমাদের অবশ্য বিশ্বের সব জায়গায় যাওয়ার অধিকার নেই, আমরা যেতেও পারি না, বিভিন্ন স্টেটে গিয়ে আমরা আপনার কথা যখন স্মরণ করি তখন অত্যন্ত গর্ববোধ করি। শুধু আমাদের ভারতবর্ষের ক্ষেত্রেই নয় ভারতবর্ষের বাইরেও আপনি আমাদের ভারতবর্ষের মুখ উজ্জ্বল করবার চেষ্টা করেছেন। আপনি শুধু জ্ঞানীও নন, গুণিও বটে। আপনি বাইরে যাচ্ছেন সঙ্গে আমাদের অপোজিশন পার্টির লিডার জয়নাল আবেদিন সাহেবও যাচ্ছেন। আপনাদের যাত্রা শুভ হোক এবং সাক্সেসফুলি ফিরে আসুন। এবং আমাদের মধ্যে আবার আসুন। এই বিধানসভা পরিচালনা করতে গিয়ে আপনি যে কৃতিত্বের পরিচয় দিয়েছেন, তার জন্য আপনাকে ব্যক্তিগতভাবে

আমি অভিনন্দন জানাচ্ছি, ডেপুটি স্পিকার স্যারকেও আমি অভিনন্দন জানাচ্ছি। সেক্রেটারি, জয়েন্ট সেক্রেটারি, ডেপুটি সেক্রেটারি এবং বিধানসভার সর্বস্তরের কর্মচারী এবং সংবাদপত্রের রিপোর্টারদের এবং মার্সালকে আমার অভিনন্দন জানাচ্ছি। এবং সর্বোপরি বিধানসভার সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে, আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শক্তি বল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই স্বল্পকালীন বিধানসভার অধিবেশনে আপনার দক্ষ পরিচালনা এবং সুদক্ষ পরিচালক হিসাবে আপনার নাম সারা ভারতবর্ষের বললে খুব ছোট বলা হবে, আন্তর্জাতিক ক্ষেত্রে আপনার খ্যাতি আজকে সকলের কাছে সুবিদিত। বিশেষ করে এবারে অধিবেশনে আপনার সুযোগ পরিচালনা আমাকে অভিভূত করেছে। যোগ্যতার সঙ্গে ২২ তারিখে একদিকে অনাস্থা প্রস্তাব এবং রাজ্যের একটি উত্তেজনাপূর্ণ ঘটনায় যে ভাবে আপনার যোগ্য পরিচালনায় বিরোধীদলের সঙ্গে যে ভাবে সভা পরিচালিত হয়েছে তাকে আমি ব্যক্তিগত ভাবে আমি কৃতজ্ঞতা জানাচ্ছি। আজকে সভার সকলকে অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

এর জন্য অন্য রাজ্য গিয়ে পশ্চিমবঙ্গ বিধানসভার সদস্য হিসাবে আমরা গর্ব অনুভব করি। আপনি বিদেশে যাচ্ছেন, আমি আশা করি আপনার দ্বারা আমাদের দেশের মুখ বিদেশেও উজ্জ্বল হবে। দেশের বিরোধী রাজনৈতিক দলের সদস্য হিসাবে আপনি বিদেশে দেশের প্রতিনিধিত্ব করতে যাচ্ছেন, এটা একটা নজির। আপনি বিদেশে গিয়ে আমাদের দেশের সম্মানকে আরও উজ্জ্বল করে আসুন, এই কামনাই আমি করি। এই স্বল্পকালীন অধিবেশন যোগ্যতার সঙ্গে পরিচালনা করার জন্য আমি আমাদের দলের পক্ষ থেকে আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। আমি ধন্যবাদ জানাচ্ছি আমাদের উপাধ্যক্ষ মহাশয়কে, তিনি আপনার অনুপস্থিতিতে যোগ্যতার সঙ্গে এই সভা পরিচালনা করেছেন। আমি ধন্যবাদ জানাচ্ছি বিধানসভার সেক্রেটারিকে, ডেপুটি সেক্রাটারিদের এবং সমস্ত স্তরের কর্মচারিদের। বিশেষ করে গ্রুপ 'ডি' কর্মচারিদের আমি ধন্যবাদ জানাচ্ছি। আমি ধন্যবাদ জানাচ্ছি সংবাদপত্রের টি. ভি. এবং রেডিও'র প্রতিনিধিদের। তারা এই স্বল্পকালীন অধিবেশনের প্রতিটি দিন সব সময় এখানে উপস্থিত থেকে এখানকার আলোচনার বিষয়-বস্তু জনগণের সামনে উপস্থিত করতে আমাদের সাহায্য করেছেন। সাথে সাথে আমি সব দলের মাননীয় বিধায়কদের ধন্যবাদ জানাচ্ছি। বিরোধী দলের সদস্যরা এই সভা পরিচালনায় আপনার সঙ্গে এবং আমাদের সঙ্গে সহযোগিতা করেছেন, তার জন্য আমি তাদেরও ধন্যবাদ জানাচ্ছি। আপনি সুস্থ শরীর নিয়ে বিদেশ থেকে ফিরে আসুন, এই কামনা আমি করি। এই ক'টি কথা বলে আমি আমার কথা এখানেই শেষ করছি।

**শ্রীমতী শান্তি চ্যাটার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবারের এই স্বল্পকালীন অধিবেশনের আজকেই শেষ দিন। আমাদের এই হাউস এই ক'দিন যেভাবে চলেছে তাতে মাঝে মাঝেই সভা উত্তপ্ত হয়ে উঠেছে, উত্তাল হয়ে উঠেছে, কিন্তু আপনি নিমেষের মধ্যেই সভাকে শান্ত করেছেন। আপনি অত্যন্ত যোগ্যতা-সহকারে হাউস চালিয়েছেন, তার জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। আপনার অনুপস্থিতিতে মাননীয় ডেপুটি স্পিকারও অত্যন্ত দক্ষতার সঙ্গে হাউস পরিচালনা করেছেন, তার জন্য আমি তাকেও ধন্যবাদ জানাচ্ছি। আমি ধন্যবাদ জানাচ্ছি

বিরোধী দলের নেতাকে। আমি ধন্যবাদ জানাচ্ছি চিফ হুইপ এবং পরিষদীয় মন্ত্রী মহাশয়কে। আমি ধন্যবাদ জানাচ্ছি বিধানসভার সমস্ত অফিসারদের এবং কর্মীদের। আমি ধন্যবাদ জানাচ্ছি দূরদর্শন এবং আকাশবাণী সহ সমস্ত সংবাদপত্রে সাংবাদিকদের। আপনি এবং বিরোধী দলের নেতা বিদেশে যাচ্ছে—কামনা করি আপনাদের যাত্রা শুভ হোক, সুস্থ স্বাস্থ্য নিয়ে আপনারা ফিরে আসুন। সামনেই শারদীয় পূজা, এই কামনা করি সকলেই সুন্দরভাবে পূজা কাটান। আমি আমাদের দলের পক্ষ থেকে আর একবার সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শারদ উৎসবের প্রাক্কালে আমাদের এই স্বল্পকালীন অধিবেশনের আজই সমাপ্তি দিবস। আপনি এই ক'দিন অত্যন্ত দৃঢ়তার সঙ্গে এই সভা পরিচালনা করেছেন। শরতের আকাশ মেঘ মুক্ত নির্মল, তবুও সে আকাশে মাঝে মাঝেই মেঘের সঞ্চার হয়েছে এবং এই হাউসের মধ্যেও সামান্য কিছু কিছু দুর্যোগ দেখা গিয়েছে, কিন্তু তাকে আপনি দৃঢ়তার সঙ্গে নির্বাপিত করেছেন, সরিয়ে দিয়েছেন। এই স্বল্পকালীন অধিবেশনের অনেকগুলি গুরুত্বপূর্ণ বিল এসেছে এবং সেই নিয়ে যে বিতর্ক সেই বিতর্ক আপনি যোগ্যতার সঙ্গে তা পরিচালনা করেছেন। পদ্মা-জলঙ্গির ব্যাপারে আমাদের সবার মন যখন ভারাক্রান্ত এবং শিয়ালদহ স্টেশনের মর্মান্তিক ঘটনায় যখন আমরা সবাই দুঃখিত তার মাঝখানে ২২ েবিখে যখন একটা অনাস্থা প্রস্তাব আসে, সেদিন আপনি আপনার যোগ্যতার যথেষ্ট পরিচয় দিয়েছেন সভাকে শান্ত রেখে। এই স্বল্পকালীন অধিবেশনে আমরা আপনার সুষ্ঠু পরিচালনার নিদর্শন আবার পেলাম। এইজন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি, ধন্যবাদ জানাচ্ছি, মাননীয় পরিষদীয় মন্ত্রী, সমস্ত মন্ত্রীমন্ডলী, বিরোধীদলের নেতাকে, চিফ হুইপকে এবং বিরোধী ও সরকারপক্ষের সমস্ত সদস্যবৃন্দকে। আপনি বিদেশে যাচ্ছেন, আমরা সবাই আপনার সুস্থ্য দেশ কামনা করি। শারদ উৎসবের পর ফিরে আসুন, আবার আমরা মিলিত হব। ধন্যবাদ জানাচ্ছি বিধানসভার অফিসারবর্গ এবং সমস্ত কর্মচারিবৃন্দকে। সবার মঙ্গল হোক, সবাই শান্তিতে বিরাজ করুন এই প্রার্থনা করি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই স্বল্পকালীন অধিবেশনের আজকে শেষ দিন। অধিবেশন স্বল্পকালীন হলেও ঘটনাবহুল এবং তাৎপর্যপূর্ণ এই সভা পরিচালনার ক্ষেত্রে আপনার দক্ষতা সম্পর্কে উল্লেখ করা বাহুল্য। তবে একথা অবশ্যই স্বীকার করব সংসদীয় ব্যবস্থায়, সংসদীয় রাজনীতিতে যে অবক্ষয় সেটা সারা ভারতবর্ষব্যাপী তথা সারা বিশ্বে, সেক্ষেত্রে পশ্চিমবাংলা তার ব্যতিক্রম হতে পারে না। এইরকম অবস্থায় সংসদীয় ব্যবস্থা যদি গুরুত্বহীন হয়ে যায় সেক্ষেত্রে খানিকটা তার মানের যদি উন্নতি করা যায় অন্তত আলাপ-আলোচনা চর্চার একটা পরিবেশ সৃষ্টি করা যায়—কতটা ফলপ্রসু হবে সেটা আলাদা প্রশ্ন—কিন্তু এক্ষেত্রে আপনার ব্যক্তিগত উদোগ প্রশংসনীয় এবং আশা করি আগামী দিনে এই প্রচেষ্টার মাধ্যমে খানিকটা এই অবস্থা থেকে মুক্ত হতে সাহায্য করবে। এই কথা বলে, আপনাকে, মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়কে এবং অন্যান্য যারা সভার পরিচালক, অধিবেশনের কর্মকান্ডের সঙ্গে যারা সংশ্লিষ্ট তাদের, মিডিয়ার সঙ্গে সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী লক্ষ্মীকান্ত দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই স্বল্পকালীন অধিবেশনের আজকে শেষ দিন। স্বল্পকালীন অধিবেশন হলেও—আপনি জানেন—এই অধিবেশনে অনেকগুলি ঘটনা ঘটেছে। আপনি সুচারুভাবে সব সমস্যা বিধানসভার মধ্যে আলোচনা স্তরে রেখে বিধানসভা যেভাবে চালিয়ে গেছেন তারজন্য আপনাকে ধন্যবাদ।

এর জন্য আপনাকে ধন্যবাদ। আমি এর সঙ্গে ধন্যবাদ জানাতে চাই বিভিন্ন দলের যারা হুইপ আছেন, বিরোধীদলের মাননীয় নেতা, সংসদীয় দপ্তরের মাননীয় মন্ত্রী যিনি সারাক্ষণ থাকেন, উপাধ্যক্ষ মহাশয়, প্যানেল অফ চেয়ারম্যান হিসাবে যারা কাজ করেছেন প্রত্যেককে আমার তরফ থেকে ধন্যবাদ জানাচ্ছি। যারা সাংবাদিক আছেন, এখানকার কর্মচারিরা, যারা বিধানসভা চালানোর জন্য সাহায্য করেছেন, মাননীয় সদস্য যারা আছেন, এবারে অ্যাসেম্বলির অ্যাটেন্ডেন্স ভালই হয়েছে, এবারে শনিবার দিন হঠাৎ এই রকম হবে আমরা ভাবিনি, প্রশ্নের সংখ্যা- অন্যবারের চেয়ে ভালই ছিল, না হলে, এম. এল. এ.-দের ধন্যবাদ জানাচ্ছি, আমরা অর্থাৎ হুইপ যারা আছেন তাদের পড়তে হয়। সে তুলনায় এবারে অ্যাটেন্ডেন্স ভাল। সেজন্য প্রত্যেক এম. এল. এ.-কে ধন্যবাদ জানাচ্ছি। আপনার কাছে বলার কিছু নেই, আপনি যে শুধু সুষ্ঠুভাবে চালান তাই নয়, বিভিন্ন ভাবে ডিসিসন নিয়ে, বক্তব্য রেখে সুষ্ঠুভাবে সবটা পরিচালনা করেন। আমি আগের বারও উল্লেখ করেছি, স্পিকার হিসাবে যত দিন যাচ্ছে, যত দিন যাবে ততদিন আপনার রেকর্ড কেউ ভাঙ্গতে পারবে না, আপনি বাইরে যাচ্ছেন, মাননীয় বিরোধীদলের নেতাও যাচ্ছেন, আমি আশা করি সেখানে গিয়ে ভারতবর্ষের প্রতিনিধি হিসাবে নিশ্চয়ই দৃষ্টান্ত স্থাপন করে আসবেন। এই কথা বলে আপনাকে আমার ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** Hon'ble Member, once again I thank everybody specially my colleagues on the panel of Chairmen, Secretary and the staff of the Assembly, the media, without whose help it would not have been possible to run the House smoothly. I wish you all the best for the festive season. With these words I adjourn the House sine die.

## Adjournment

(The House was accordingly adjourned at 6-08 sine die.)

---

The Assembly was subsequently Prorogued with effect from the 26th September, 1994, under Notification No. 3648 P.A. dated the 5th October 1994 of the House (P.A) Department, Government of West Bengal.

# INDEX TO THE

## West Bengal Legislative Assembly Proceedings

## (Official Report)

**Vol : 105 (Hundred and fifth Session) (September, 1994)**

(The 15th, 16th, 19th, 20th, 21st, 22nd, 23rd & 24th September, 1994)

**All Party Delegation** PP-584-587

**Bill**

The West Bengal Additional Tax and One time Tax on Motor Vehicles (Amendment) Bill, 1994 PP-204-220

The West Bengal Building (Regulation of Promotion of Construction & Transfer by Promoters) (Amendment) Bill, 1994 PP-46-66

(i) The West Bengal Prohibition of Unlawful Possession of property of Electrical undertakings Bill, 1994

(ii) The Indian Electricity (West Bengal Amendment) Bill, 1994

(iii) The Electricity (Supply) (West Bengal Amendment) Bill, 1994 PP-124-161

(i) The West Bengal Municipal (Second Amendment) Bill, 1994

(ii) The West Bengal Municipal Elections (Amendment) Bill, 1994 PP-238-262

The West Bengal Central Valuation Board (Second Amendment) Bill, 1994 PP-221-237

The West Bengal Government Premises (Tenency Regulation) (Amendment) Bill, 1994 PP-303-319

The West Bengal State Election Commission (Amendment) Bill, 1994 PP-319-332

**Brief resume of Business** PP-587-589

**Consideration of Report**

Consideration of the Second Report of the Committee of privileges 1994-95 P-448

**Discussion on (i) the West Bengal Municipal Elections (Amendment) Bill, 1994 (ii) The West Bengal Municipal Elections (Amendment) Bill, 1994**

by—Shri Amiya Patra PP-251-52

by—Shri Ashoke Bhattacharya PP-261-262, PP-256-258, PP-239-240

by—Shri Bhupendra Nath Seth PP-246-247

by—Shri Biswanath Mitra PP-244-246

by—Dr. Manas Bhunia PP-259-260, P-239, PP-261-262

by—Shri Md. Yaqub PP-247-248

by—Shri Prabir Banerjee PP-248-249

by—Shri Prabodh Purkait PP-250-251

by—Shri Sailaja Kumar Das PP-254-256

by—Shri Saugata Roy PP-240-244

by—Shri Tapan Hore PP-249-250

by—Shri Tulsi Bhattarai PP-252-254

**Discussion on the West Bengal Additional Tax and one time Tax on Motor Vehicles (Amendment) Bill, 1994**

by—Shri Atish Chandra Sinha PP-210-212

by—Shri Birendra Kumar Moitra PP-212-213

by—Shri Dipak Mukherjee PP-208-210

by—Dr. Manas Bhunia P-220, PP-205-208

by—Shri Saugata Roy PP-213-215

by—Shri Shyamal Chakraborty PP-216-220, PP-204-205

by—Shri Tapan Hore PP-215-216

**(i) Discussion on the West Bengal Prohibition of Unlawful passession of Property of Electrical undertakings Bill, 1994**

**(ii) The Indian Electricity, (West Bengal Amendment) Bill, 1994**

**(iii) The Electricity (Supply) (West Bengal Amendment) Bill, 1994**

by—Shri Ambica Banerjee P-145

by—Dr. Deba Prasad Sarkar PP-140-143

by—Shri Dipak Mukherjee PP-133-135

by—Dr. Hoimi Basu PP-135-136

by—Shri Kalipada Biswas PP-143-145

by—Shri Kshiti Goswami PP-138-140

by—Dr. Manas Bhunia PP-149-152

by—Shri Mozammel Haque PP-147-149

by—Shri Sailaja Kumar Das PP-137-138

by—Dr. Sankar Kumar Sen PP-124-126, PP-152-158

by—Shri Saugata Roy PP-126-133

**Discussion on the West Bengal Government Premises (Tenancy Regulation) (Amendment) Bill 1994**

by—Shri Goutam Deb PP-313-317, PP-318-319

by—Shri Kshiti Goswami PP-312-313

by—Dr. Manas Bhunia PP-310-312

by—Shri Md. Yaqub PP-309-310

by—Shri Saugata Roy PP-306-309

by—Shri Subrata Mukherjee PP-303-304, PP-316-317

by—Smt. Tania Chakraborty PP-304-306

**Discussion on the West Bengal Central Valuation Board (Second Amendment) Bill, 1994**

by—Shri Ashoke Bhattacharya PP-230-233

by—Shri Jatu Lahiri PP-221-224

by—Shri Lagandeo Singh PP-224-227

by—Dr. Manas Bhunia P-233, PP-234-235

by—Shri Nirmal Das PP-227-229

by—Shri Prabodh Chandra Purkait P-227

by—Shri Sailaja Kumar Das PP-229-230

by—Shri Saugata Roy P-233

**Discussion on the West Bengal (Regulation of Promotion of Construction & Transfer by promoters) (Amendment) Bill, 1994**

by—Shri Birendra Kumar Moitra PP-54-55

by—Shri Deba Prasad Sarkar PP-55-56

by—Shri Goutam Deb PP-61-66, PP-46-47

by—Shri Nirmal Mukherjee PP-52-54

by—Shri Saugata Roy PP-57-61

by—Shri Sudip Bandyopadhyay PP-47-52

**Discussion on the West Bengal State Election Commission (Amendment) Bill, 1994**

by—Shri Abdul Mannan PP-319-322, PP-330-331

by—Shri Ashoke Bhattachariyya PP-328-330, PP-331-332

by—Shri Birendra Kumar Moitra PP-326-327

by—Dr. Manas Bhunia PP-324-326

by—Shri Nirmal Das PP-327-328

by—Shri Rabindranath Mondal PP-322-324

**Discussion on Motion Under Rule 185 Regarding the Ill-effects of GATT Agreement on Agriculture in India**

by—Shri Benoy Krishna Choudhury PP-469-474

by—Dr. Gauripada Dutta PP-453-457

by—Shri Kamakshyanandan Das Mahapatra PP-479-483

by—Shri Nirmal Das PP-476-479

by—Shri Sachindra Nath Hazra PP-474-476

by—Shri Samar Baora PP-486-487, PP-448-453

by—Shri Santi Ranjan Ghatak PP-483-488

by—Shri Soumendra Chandra Das PP-468-469

**Discussion on Motion under Rule-185 Regarding the widespreed erosion of the bank of Padma River in the Jalangi Area of Murshidabad district**

by—Shri Abdul Hasanat Khan PP-499-500

by—Shri Abu Hena PP-503-505

by—Shri Atish Chandra Sinha PP-500-502

by—Shri Birendra Kumar Moitra PP-502-503

by—Shri Debabrata Bandyopadhyay PP-509-513

by—Shri Deba Prasad Sarkar PP-507-508

by—Shri Shakti Prasad Bal PP-506-507

by—Shri Shish Mohammed PP-505-506

by—Dr. Zainal Abedin P-513, PP-495-499

**Motion under Rule-185 regarding wide intimidation and violence by cadres of a major Ruling party during the last election of the 3-tire. Panchayat Bodies**

by—Shri Atish Chandra Sinha PP-518-519

by—Shri Birendra Kumar Moitra P-519

by—Shri Prabhanjan Mondal PP-515-517

by—Dr. Manas Bhunia PP-524-529, PP-514-515

by—Shri Narmada Roy P-520

by—Smt. Sabitri Mitra P-520-521

by—Dr. Surya Kanta Misra P-521-524

**Discussion on Motion under Rule 185 regarding New Economic steps taken by the Central Government**

by—Smt. Arati Dasgupta PP-545-547, PP-529-530

by—Shri Deba Prasad Sarkar PP-538-539

by—Shri Lakshman Chandra Seth PP-541-542

by—Dr. Manas Bhunia PP-539-541

by—Shri Sakti Prasad Bal PP-537-538

by—Shri Santi Ranjan Ghatak PP-542-545

by—Shri Saugata Roy PP-533-536

by—Shri Subrata Mukherjee PP-530-533

**Motion under Rule-185 regarding practices of discrimination and deprivation of the people living in as many as 570 wards of various Municipalities & Municipal Corporations of the Congress Councillors**

by—Shri Ambika Banerjee PP-561-562

by—Shri Prabir Banerjee PP-557-558

by—Shri Biswanath Mitra PP-550-553

by—Shri Manohar Tirkey PP-556-557

by—Shri Nirmal Mukherjee PP-558-561

by—Shri Prabodh Chandra Sinha PP-562-565

by—Shri Saugata Roy PP-553-555

by—Shri Subrata Mukherjee P-550, PP-565-569

**Motion under Rule-185 regarding the non-payment of pension to retired School teachers and retired non-teaching employees in different schools of West Bengal**

by—Shri Birendra Kumar Moitra PP-581-582, PP-569-570, PP-578-579

by—Shri Deba Prasad Sarkar PP-581-582, PP-569-570

by—Shri Kanti Biswas PP-579-581

by—Dr. Manas Bhunia PP-576-577

by—Shri Padmanidhi Dhar PP-570-572

by—Shri Sanjib Kumar Das PP-572-575

by—Shri Shish Mohammed PP-575-576

**Discussion on Government Resolution on Anti-Tobaco Consumption**

by—Shri Birendra Kumar Moitra PP-76-77

by—Smt. Chhaya Bera PP-80-84 PP-67-68

by—Shri Kshiti Goswami PP-78-80

by—Shri Prabir Banerjee PP-77-78

by—Shri Samar Baora PP-72-74

by—Dr. Tarun Adhikary PP-74-76

by—Dr. Zainal Abedin PP-68-72

**Discussion on Motion of No-confidance in the Council of Ministers**

by—Shri Md. Abdul Karim Choudhury PP-430-431

by—Shri Anil Modi PP-429-430

by—Shri Debabrata Bandyopadhyay PP-431-434

by—Shri Dipak Sengupta PP-392-397

by—Smt. Gillian Rosemary Hart PP-400-401

by—Dr. Hoimi Basu PP-403-406

by—Shri Jyoti Basu PP-417-423

by—Shri Khiti Goswami PP-398-400

by—Shri Manabendra Mukherjee PP-407-412

by—Dr. Manas Bhunia PP-423-425

by—Shri Manik Bhowmick PP-427-428

by—Shri Partha Dey PP-375-382

by—Shri Ranjit Patra PP-402-403

by—Smt. Sabitri Mitra PP-397-398

by—Shri Sadhan Pande PP-412-414

by—Shri Sailaja Kumar Das PP-406-407

by—Shri Satya Ranjan Bapuli PP-382-386

by—Shri Saugata Roy PP-386-390

by—Shri Shanti Chatterjee PP-426-427

by—Shri Sobhandeb Chattopadhyay PP-428-429

by—Shri Subrata Mukherjee PP-414-417

by—Shri Sunirmal Paik PP-425-426

by—Dr. Zainal Adedin PP-366-375

**Felicitation**

PP-589-595

**Laying of Rules Accounts and Reports**

The 1st, 2nd & 3rd Reports and Accounts of the West Bengal Chemical Industries Ltd. for the years 1988-89, 1989-90 & 1990-91 respectively P-495

Audited Annual Reports of the Webel Telematies Ltd. for the years 1987-89 (22.12.87 to 31.3.89), 1989-90, 1990-91, 1991-92 & 1992-93 PP-184-185

The Amendments of the Howrah Municipal Corporation Buildings Rules, 1991 P-20

The West Bengal Additional Tax and One-Time Tax on Motor Vehicles (Amendment) Ordinance, 1994 PP-19-20

Annual Statement of Accounts and Audit Report thereon of the West Bengal Power Development Corporation Limited for the Year 1992-93 P-20

Tenth Annual Report along with the Audit Report of the West Bengal Film Development Corporation limited for the year 1989-90 P-20

Annual Reports of the West Bengal Agro-Textile Corporation Limited for the years 1987-88, 1988-89, 1989-90, 1990-91, 1991-92 & 1992-93 P-20

Annual Report along with the Audit Report of the Basumati Corporation Limited for the year 1987-88 P-20

Laying of the 69th Annual Report and Accounts of the Westinghouse Saxby farmer Ltd. for the year 1990-91 P-365

Laying of the 30th Annual Report and Audited Accounts of the Durgapur Chemical Ltd. for the year 1992-93 P-365

Laying of the 9th Annual Report and Accounts of the Shalimar Works (1980) Ltd. for the year 1989-90 P-365

**Mention Cases**

PP-286-299

PP-24-26

PP-188-200

PP-106-119

PP-490-495

**Obituary References**

of—Smt. Abha Maity PP-1-2

of—Shri Goalbadan Tribadi P-489

of—Shri Haraprasad Chatterjee PP-2-3

of—Shri Jagadish Chandra Sinha P-2

of North Korean President Kim Il Sung.

P-3-4

of—Shri Nishith Ranjan Roy P-5

of—Smt. Reba Sen PP-333-334

of—Shri Sukumar Mitra P-6

of—Mr. Surendranath PP-3-4

of—Shri Tushar Kanti Ghosh PP-4-5

**Point of Information**

PP-185-188

P-152

PP-334-339

PP-519-529

**Point of Order**

PP-237-238

PP-20-22

**Presentation of Report**

Presentation of the Ninth Report of the Subject Committee Health & Family Welfare, 1994-95 P-286

Presentation of the 2nd Report of the Committee of Privileges 1994-95

P-565

Presentation of the Ninth Report of the Subject Committee on Power and Commerce & Industries, 1994-95 P-364

Presentation of B.A. Committee Report P-366

68th Report of the Business Advisory Commitee PP-7-8

69the Report of the Business Advisory Committee

P-66-67

70th Report of the Business Advisory Committee

PP-434-435

**Privilege Motion**

PP-494-495

**Question**

Death in Jails in West Bengal

by—Gyan Singh Sohanpal PP-172 176

Tada Detenues

by--Shri Gyan Singh Sohanpal P-353

Upward Revision of Power Tariff

by--Shri Gyan Singh Sohanpal P-102

অযোধ্যায় পর্যটন কেন্দ্র গড়া

—শ্রী সুরেন্দ্রনাথ মাঝি PP-102-103

অসংগঠিত শ্রমিকদের 'ন্যূনতম মজুরি'

—শ্রী তপন হোড় PP-12-15

উগ্রপন্থীদের বিরুদ্ধে এরাজ্যে ভিন্ন রাজ্যের পুলিশী অভিযান

—শ্রী ফজলে আজিম মোল্লা ও শ্রী আব্দুল মান্নান P-351

এক্সপ্রেস হাইওয়ে

—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ P-17

ও বি সি-র তালিকা

—শ্রী ফজলে আজিম মোল্লা ও শ্রী আব্দুল মান্নান PP-275-281

কলকাতা শহরে প্রয়াতা প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর মূর্তি প্রতিষ্ঠা

—শ্রী আব্দুস সালাম মুন্সি ও শ্রী আব্দুল মান্নান PP-8-12

কলকাতার ট্রাফিক নিয়ন্ত্রণের নতুন পদক্ষেপ

—শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় PP-180-181

কলকাতার পরিবেশ দূষণ রোধে মাস্টার প্ল্যান

—শ্রী তপন হোড় P-350

কোনা এক্সপ্রেস ওয়ে

—শ্রী অম্বিকা ব্যানার্জি ও শ্রী আব্দুল মান্নান PP-270-273

কৃষি বিদ্যুতের দাম বৃদ্ধি

—শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় P-104

খাটাল উচ্ছেদ

—শ্রী তপন হোড় PP-163-167

গয়েশপুরে বারোমাস বাঁধ

—শ্রী অজয় দে PP-352-353

গ্রেট ইস্টার্ন হোটেল আধুনিকীকরণ

—শ্রী তপন হোড় PP-103-104

গ্রেট ইস্টার্ন হোটেল আধুনিকীকরণ

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-104-105

গ্রেট ইস্টার্ন হোটেলে লাভ লোকসান

—শ্রী আব্দুস সালাম মুন্সি ও শ্রী আব্দুল মান্নান P-101

জওহর রোজগার যোজনা

—শ্রী আব্দুল মান্নান P-354

জেলা কেন্দ্রগুলির ইলিশ মাছ বিক্রি

—শ্রী বুদ্ধদেব ভকত PP-89-92

ট্যুরিস্ট লজ বেসরকারিকরণ

—শ্রী অম্বিকা ব্যানার্জি ও শ্রী আব্দুল মান্নান PP-92-96

টোটোপাড়ায় সৌরবিদ্যুৎ

—শ্রী তপন হোড় P-101

দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদের ক্ষমতা

—শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় PP-178-179

নতুন মাধ্যমিক বিদ্যালয়ের অনুমোদন

—শ্রী বুদ্ধদেব ভকত PP-273-275

পতিত জমিতে বনাঞ্চল

—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ P-351

'পশ্চিমবঙ্গ' পত্রিকার বিশেষ সংখ্যা

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-171-172

পার্বত্য অঞ্চলে পঞ্চায়েত নির্বাচন

—শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় P-356

পারিবারিক আদালত

—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ PP-96-100

পুরুলিয়ার গ্রামীণ জল সরবরাহ প্রকল্প

—শ্রী সুরেন্দ্রনাথ মাঝি P-352

পুলিশ কর্তৃক গুলি চালনা

—শ্রী আব্দুল মান্নান PP-339-357

ফায়ার ব্রিগেড কেন্দ্র স্থাপন

—শ্রী বুদ্ধদেব ভকত P-178

বাংলা চলচ্চিত্র শিল্পের উন্নয়ন

—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ PP-182-183

বাংলাদেশে 'নীল কেরোসিন' তৈল পাচার

—ডাঃ মোতাহার হোসেন PP-15-16

বিদ্যাসাগর সেতু থেকে টোল ট্যাক্স

—শ্রী অম্বিকা ব্যানার্জি এবং শ্রী আব্দুল মান্নান P-178

বিদ্যুতের দাম বৃদ্ধি

—শ্রী দেবপ্রসাদ সরকার P-103

বিশ্বকাপ ফুটবল দেখার জন্য রাজ্যের খরচ

—শ্রী অজয় দে P-105

বেসরকারি উদ্যোগে রাস্তা নির্মাণ

—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ PP-16-17

মন্ত্রী বিধায়কদের বার্ষিক আয়/সম্পত্তির হিসাব

—শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় P-352

মহাকরণের প্রেসকর্ণার

—শ্রী আব্দুল মান্নান PP-179-180

'মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ দন্ডাজ্ঞা প্রাপ্ত কয়েদি

—শ্রী তপন হোড় P-180

মুরারই বাইপাস রাস্তা নির্মাণ

—ডাঃ মোতাহার হোসেন P-17

যাত্রাশিল্পের উন্নয়নের সরকারি পদক্ষেপ

—ডাঃ মানস ভুঁইয়া P-179

রঘুনাথপুরে জল সরবরাহ প্রকল্প

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-353-354

রাজ্য পরিকল্পনা খাতে ব্যয়

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-281-284

রাজ্য পরিচালিত মৎস্য প্রকল্প

—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ P-104

রাজ্যে রিভার অ্যাকশন প্ল্যান

—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ PP-355-356

লেকচারারের শূন্য পদ

—শ্রী আব্দুল মান্নান PP-263-270

শব্দদূষণ

—শ্রী অজয় দে PP-356-357

শান্তিপুর পৌর স্টেডিয়াম

—শ্রী অজয় দে PP-100-101

সার্কুলার রেলের সম্প্রসারণ

—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ PP-176-178

সাট্টার আড্ডায় পুলিশি অভিযান

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-355-356

সি ই এস সি ফুয়েল চার্জ বৃদ্ধি

—শ্রী আব্দুল মান্নান PP-85-89

সি টি সি-এর বাসক্রয়ে ব্যয়

—শ্রী আব্দুস সালাম মুন্সি এবং শ্রী আব্দুল মান্নান PP-168-171

সুসংহত শিশু-বিকাশ প্রকল্প

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-181-182

হাইকোর্টে বিচারপতির শূন্যপদ পূরণ

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-101-102

**Ruling from Chair**

PP-22-24

**Statement on Industrial Policy regarding the policy on Industrial Development**

by—Shri Jyoti Basu PP-457-468

**Statement on Calling Attention**

Regarding Kanoria Jute and Industries Ltd.

by—Shri Santi Ranjan Ghatak PP-445-447

Regarding the reported death of one person and serious injury to two others from fire at Brindaban Basak Lane

by—Shri Jyoti Basu PP-359-360

Regarding the reported assault on Hon'ble Judge of the Family Court by same lowyers

by—Shri Jyoti Basu PP-360-362

Regarding the massive erosion in the embankment of the river Padma in Jalangi Block of Murshidabad district.

by—Shri Debabrata Bandyopadhyay PP-363-364

Regarding the subject of urge for construction of a bypass from Panchapota to Petrapol at Bangaon in North 24 Pgs. district

by—Shri Motish Ray P-445

**Statement under Rule-346**

On the subject of setting up of a new University for Animal Resource Development and Fisheries Science

by—Dr. Asim Kumar Dasgupta PP-299-300

**Zero Hour**

PP-300-303

PP-200-203

PP-119-124

Printed by : Image Graphics
62/1 Bidhan Sarani Calcutta - 700 006